51. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 20.

৫১। কমিস্যনরদিগের অনুমতিব্যতীত যে কবরে কোন শব প্রোথিত হইয়াছে তাহা অন্য শব প্রোথিত করণার্থ পুনঃখোলা যাইবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

52. Every person who shall bring or convey, or cause to be brought or conveyed, any corpse, or any part thereof, to any burning ground, shall burn, or cause the same to be burnt, within two (2) hours after its arrival at the said burning ground.

Penalty for infringement, Rupees 20.

৫২। যে ব্যক্তি কোন শব কি তাহার কোন অংশ দাহ স্থানে লইয়া যায় কি পঁহুছায় কি অন্যের দ্বারা নেওয়ায় কি পঁহুছায় সে উহা দাহ স্থানে আনীত হইবার পরে ২ ঘন্টার মধ্যে দাহ করিবেক কি করাইবেক।

এই নিয়ম লংঘনের দণ্ড ২০৲ টাকা।

53. No person, when burning or causing to be burnt, any corpse, or any part of a corpse, in any burning ground, shall permit the same, or any part thereof, to remain without being completely reduced to ashes; or shall permit the clothes, or other articles connected with the burning of such corpse, to remain at or near such buring ground, unless the same be completely reduced to ashes.

Penalty for infringement, Rupees 20.

৫৩। কোন ব্যক্তি দাহ স্থানে কোন শব কি তাহার অংশ দাহ করাতে কি করাণেতে ঐ শব কি তাহার অংশ সংপূর্ণরূপে ভস্ম না করিয়া ছাড়িবেক না, কিম্বা কোন কাপড় কি ঐ শব দাহ সম্বন্ধীয় অন্য কোন বস্তু সম্পূর্ণরূপে ভস্মসাত না করিয়া দাহ স্থান কি তাহার নিকটে ছাড়িবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

54. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rupees 10.

৫৪। কোন ব্যক্তি কোন শব কি তাহার কোন অংশ ভালরূপে আচ্ছাদিত ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে গোপিত না করিয়া কোন সরকারী সরণ দিয়া লইয়া যাইবেক না।

এই নিয়ম লংঘনের দণ্ড ১০ টাকা।

55. No person, while carrying any corpse, or part of a corpse, through the precincts falling within municipal limits, shall deposit it on or near any public highway for any purpose whatever.

Penalty for infringement, Rupees 10.

৫৫। কোন ব্যক্তি মিউনিসিপেল সীমার মধ্য দিয়া শব কি তাহার কোন অংশ লইয়া যাওয়া কালে কোন কারণে তাহা সরকারী রাস্তার কি রাস্তার কিনারে স্থাপিত করিবেক না।

এই নিয়ম লংঘনের দণ্ড ১০৲ টাকা।

56. Every corpse, or part of a corpse, that has been kept or used for purposes of dissection, must be removed in a closed vehicle.

Penalty for infringment, Rupees 20.

৫৬। প্রত্যেক শব কি তাহার অংশ যাহা ব্যবচ্ছেদের জন্য রাখা গিয়াছে কি ব্যবহৃত হইয়াছে তাহা আচ্ছাদিত যানের দ্বারা স্থানান্তরিত করিতে হইবেক।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ২০৲ টাকা।

57. No person shall picket aminals, or collect carts, or form any encampment upon any public ground, without the permission of the Commissioners.

Penalty for infringement, Rupees 10.

৫৭। কোন ব্যক্তি কমিস্যনরদিগের অনুমতি বিনা কোন সরকারি ভূমিতে কাঠগড়া দ্বারা জন্তু আবদ্ধ কি গাড়ি সংগ্রহ অথবা তাম্বু খাড়া করিবেক না।

এই নিয়ম উল্লংঘনের দণ্ড ১০৲ টাকা।

Miscellaneous.

বিবিধ বিষয়ক নিয়ম।

58. The Commissioners may cause to be put up, or painted in a conspicuous part of any house, building, wall, or place in any highway, the name by which such highway is to be known. Any person pulling down, destroying or defacing such name, shall be liable to a penalty of Rupees 5.

৫৮। কমিস্যনরেরা কোন ঘর, ইমারত কি দেওয়ালের কোন প্রকাশ্য ভাগে কি কোন সরণে ঐ সরণের নাম অঙ্কিত কি স্থাপিত করাইতে পারেন। যে ব্যক্তি ঐ নাম দূরীকৃত, নষ্ট কি মার্জ্জিত করে তাহার ৫৲ টাকা দণ্ড হইতে পারিবেক।

[*Government Gazette*, *25th June* 1867.]

59. The Commissioners may fix a number in a conspicuous place on the outside of any house or building, or at the entrance of the enclosure thereof, fronting any highway. Any person destroying pulling down, or defacing, any such number shall be liable to a fine of Rupees 5.

60. It shall be lawful for the Commissioners to levy fees for any licenses granted by them under the Act or Bye-laws, and the fees to be so charged shall be, from time to time, adjusted by the Commissioners with the sanction of Government.

61. Any person required by the Act, or by any Bye-law under it, to take out a license, shall produce and show his license when required to do so by any Commissioner, or any person duly empowered by the Commissioners, in writing, to make such requisition.

Penalty for infringement, Rupees 20.

62. The owner of any vehicle registered under Sections 49, 51 of the District Municipal Improvement Act shall affix, or cause to be affixed the registration number on some conspicuous part of such vehicle.

Penalty for infringement, Rupees 5.

J. SHERER,
Depy. Commr., Chairman.

৫৯। কমিস্যনরেরা কোন ঘরের কি ইমারতের বহির্ভাগের কোন প্রকাশ্য স্থানে কি উহার চতুঃপার্শ্বের বেড়ার কোন সড়কের সম্মুখিন দুয়ারেতে এক নম্বর স্থাপন করিতে পারেন। যে ব্যক্তি ঐ নম্বর নষ্ট দূরীকৃত, কি মার্জ্জিত করে যে ৫ মুদ্রা দণ্ডের যোগ্য হইবেক।

৬০। পূর্ব্বোক্ত আইন কি নিয়মাবলী অনুসারে কমিস্যনরগণ যে অনুমতিপত্র দেন তাহার বাবত তাঁহারা ফি (শুল্ক) আদায় করিতে পারিবেন। এই প্রকারে গ্রহণীয় কি গবর্ণমেণ্টের মঞ্জুরীমত সময়েং কমিস্যনরেরা নির্দ্ধারিত করিবেন।

৬১। উপযুক্ত আইন কি তদনুযায়ী নিয়মাবলী অনুসারে যে ব্যক্তির কোন অনুমতিপত্র লওয়া উচিত, সে কমিস্যনরেরা স্বয়ং কিম্বা তাঁহারদিগের নিকট ঐ কার্য্যের নিমিত্তে লিখিত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি দেখিতে চাহিলে তাহা দেখাইবেক।

এই নিয়ম লংঘনের দণ্ড ২০৲ টাকা।

৬২। জিলার উৎকর্ষতা সাধক আইনের ৪৯ ও ৫১ ধারা অনুসারে যে কোন যান রেজিষ্টরী করা হয় ঐ যানের মালিক কথিত যানের কোন প্রকাশ্যভাগে রেজিষ্টরী হওয়া নম্বর স্থাপিত করিবেক কি করাইবেক।

এই নিয়ম লংঘনের দণ্ড ৫৲ মুদ্রা।

জে সেয়ারার,
ডেপুটী কমিস্যনর ও সভাপতি।

বিজ্ঞাপন।

আমার নিম্নলিখিত নম্বরের ৬০০৲ ছয়শত টাকার ৭ সাত কেতা গবর্ণমেণ্ট করেন্সী নোট আমার নিকট ও অধিকার হইতে হারান গিয়াছে বিধায় সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ঐ নোট প্রাপ্ত মাত্র আমাকে সংবাদ দেন যিনি ঐ নোটের অনুসন্ধান করিয়া দিতে পারেন তাঁহাকে ৫০৲ টাকা পারিতোষিক দিব ইতি।

শ্রীজগদ্বন্ধু বাগচি।
মোং রামপুর।
জেলা রাজশাহি।

সন ১৮৬৭ সাল। }
তাং ৩১ মে। }

তপশীল নোট।
গবর্ণমেণ্ট।

এ/৩০ ৬৫০০২ নং ১ কেতা ১০০৲
এ/১৩ নং ৬৮৮৬৪ নং ১ কেতা ১০০৲
এ/১৩ নং ৬০৯৮৫ নং ১ কেতা ১০০৲
এ/১৩ ৬৯৭২৪ নং ১ কেতা ১০০৲
এ/১৩ ৭৫৮৭২ নং ১ কেতা ১০০৲
এ/১১ ৫৪২৬৯ নং ১ কেতা ৫০৲
এ/১১ ৪৯৫৭৩ নং ১ কেতা ৫০৲

৭ ৬০০৲
মং সাত- মং ছয়শত টাকা
কেতা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৫ জুন।]

TO BE PEREMPTORILY SOLD, pursuant to a Decree of the High Court of Judicature at Fort William in Bengal, in its Ordinary Original Civil Jurisdiction, made in a certain suit wherein Aunundendirnarain Roy, Soondernarain Roy, Rajah Goluckindernarain Roy, and Ranee Aunodamoney Dossee, are the plaintiffs, and Rajah Pertab Chunder Singh Bahadoor is defendant, on and bearing date the 6th day of June 1865, by the Registrar of the said Court at the Town Hall, on Saturday, the 29th day of June 1867, at the hour of 12 o'clock noon, the following properties, *viz*:—

এই বিজ্ঞাপন পত্রদ্বারা সর্ব্বসাধারণকে সমাচার দেওয়া যাইতেছে যে মোকদ্দমার আনন্দ ইন্দ্রনারায়ণ রায় সুন্দরনারায়ণ রায় রাজা গোলোক ইন্দ্রনারায়ণ রায় এবং রাণী অন্নদাময়ী দাসী বাদী এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ বাহাদুর প্রতিবাদী সেই মোকদ্দমা বিষয়ে সুবে বাঙ্গালার অন্তঃপাতি ফোর্ট উলিয়ম দুর্গের অধীনস্থ হাই কোর্ট আদালতের অডিনারি অরিজিনেল সিবিল জুরিশডিকশন অর্থাৎ দেওয়ানি মোকদ্দমার প্রথম বিচার স্থলে ১৮৬৫ সালের ৬ জুন তারিখে যে ডিক্রী হইয়াছে সেই ডিক্রী অনুসারে উল্লিখিত হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেব সন ১৮৬৭ সালের ২৯ জুন তারিখে শনিবার বেলা দুই প্রহরের সময় টাউন হাল নামক বাটীতে নিম্নলিখিত সম্পত্তি বিক্রয় করিবেন যথা।

LOT No. 1.—All that Talook called Gourango Chuck, situate in Pergunnah Soojamootee, in the Zillah of Midnapore, and numbered 2058 in the Touzee of the Collectorate of the said Zillah of Midnapore, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 1,062-2-4 gundahs, and which said Talook consists of three Mouzahs and Villages, *viz.*, Puschim Chuck, &c.

১ নং লাট জেলা মেদিনীপুর অন্তঃপাতি শুজামটী পরগনাস্থিত তালুক গৌরাঙ্গচক উক্ত জেলা মেদিনী-পুরের কালেক্টরির তৌজিভুক্ত ২০৫৮ নং যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ১০৬২৵৪ গণ্ডা এই তালুকে তিনটি মৌজা ও গ্রাম আছে যথা পশ্চিম চক ইত্যাদি।

LOT No. 1 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

১ নং A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত ক্রয করা ব্রহ্মোত্তর দেবোত্তর পিরোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

LOT No. 2.—All that Talook called Doorga Chuck, situate in Pergunnah Soojamootte aforesaid, and No. 2098 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 1,037-12-1 gundahs and 2 cowries, and which said Talook consists of four Mouzahs and Villages, *viz.*, Kheerish Baree, &c.

২। নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উক্ত কালেক্টরির তৌজিভুক্ত যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ১০৩৭৸১॥ কড়া এই তালুকে ৪ টী মৌজা ও গ্রাম আছে যথা খিরিস বাড়ি দিং।

LOT No. 2 (A.)—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

২। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত ক্রয়করা ব্রহ্মোত্তর দেবোত্তর পিরোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

LOT No. 3.—All that Talook called Basoobe Chuck, situate in Pergunnah Soojamootteе aforesaid, and No. 2090 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 654-12-8, and which Talook consists of five Mouzahs and Villages, *viz.*, Kheerish Baree, &c.

৩ নং লাট শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২০৯০ নং তালুক বাশলীচক যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৬৫৪৸৮ গণ্ডা এই তালুক ৫ টী মৌজা ও গ্রাম আছে যথা খিরিস বাড়ি দিং।

LOT No. 3 (A).—All Purchased, Burmutter, Debutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৩। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

LOT No. 4.—All that Talook called Shama Chuck, situated in Pergunnah Soojamootee aforesaid, and No. 2091 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 608-13-8 gundahs, and which Talook contains four Mouzahs and Villages, *viz.*, Gurbarree, &c.

৪ নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্টরির তৌজিভুক্ত ২০৯১ নং তালুক শামাচক যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেণ্টের খাজানা হয় তঙ্কা ৬০৮৸৶৩ গণ্ডা এই তালুকে চারটী মৌজা গ্রাম আছে যথা গড়বাড়ি দিং।

LOT No. 4 (A).—All Purchased, Burmutter, Debutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৪। A লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

Lot No. 5.—All that Talook called Radapore, situate in Pergunnah Soojamootee aforesaid, and numbered 2,620 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupee 607-0-9 gundahs and 2 cowries, which Talook contains ten Mouzahs and Villages, *viz.*, Beebesunpore, &c.

৫ নং। লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্‌টরির তৌজিভুক্ত ২৬২০ নং তালুক রাধাপুর যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেন্টের খাজানা হয় তঙ্কা ৬০৭৯৵।। কড়া এই তালুকে ১০ টী মৌজা ও গ্রাম আছে যথা বিভীষণপুর দিং।

Lot No. 5 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৫। A নং। লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহত্রাণ জমী।

Lot No. 6 (A).—All that Talook called Kismut Rajcool, situate in Pergunnah Soojamootee aforesaid, and No. 1710 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 3,361-6-8 gundahs, and which Talook consists of eight Mouzahs and Villages, *viz.*, Gurbarree, &c.

৬ নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত উপরোক্ত কালেক্‌টরির তৌজিভুক্ত ১৭১০ নং তালুক কিসমত রাজকুল যাহার বার্ষিক সদর জমা অর্থাৎ গবর্ণমেন্টের খাজানা হয় তঙ্কা ৩৩৬১।৵৮ গণ্ডা এই তালুকে ৮ টী মৌজা ও গ্রাম আছে যথা গড়বাড়ি দিং।

Lot No. 6 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৬। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর ফকীরোত্তর আয়মা ও মহত্রাণ জমী।

Lot No. 7.—All that Talook called Mehal Rajcool, Chacklah, Hidgellee, situate in Pergunnah Soojamootee aforesaid, and No. 1709 in the Touzee of the said Collectorate, the annual Sudder Jumma or Government Revenue of which is Rupees 37,150-15-8 gundahs, and which Talook contains sixty-eight Mouzahs and Villages, *viz.*, Beebesunpore, &c.

৭। নং লাট উক্ত শুজামুটী পরগনাস্থিত কালেক্‌টরীর তৌজিভুক্ত ১৭০৯ নং তালুক মহাল রাজকুল চাকলা হিজিলা যাহার বার্ষিক সদর জমা হয় তঙ্কা ৩৭১৫০৸৶৮ গণ্ডা এই তালুকে ৬৮ টী মৌজা ও গ্রাম আছে যথা বিভিশনপুর দিং।

Lot No. 7 (A).—All Purchased, Burmutter, Debutter, Peerutter, Fuckeerutter, Aymah, and Mohottran lands belonging to the above lot.

৭। A নং লাট উপরোক্ত লাটের অন্তর্গত খরিদা ব্রহ্মোত্তর দেবোত্তর ফকীরোত্তর আয়মা এবং মহাত্রাণ জমী।

Lot No. 8.—All that upper-roomed brick-built house and several thatched houses, together with the land thereunto belonging, and on part whereof the same is erected and built, containing by estimation 100 biggahs or thereabouts, situate at Kajooleegur Soojamootee, in Pergunnah Soojamootee aforesaid, and which land is surrounded by a Ghur Canal.

৮ নং। লাট উক্ত শুজামুটী পরগনার অন্তঃপাতি কাজুলীগড় শুজামুটীস্থিত যে ইষ্টক নির্ম্মিত দোতলাবাটী এবং অনেক খুজরা ঘর এবং তৎসম্বলিত ১ খণ্ড জমি যাহার পরিমাণ প্রায় ১০০৲ বিঘা এবং গড় অর্থাৎ খালদ্বারায় এই জমী পরিবেষ্টিত আছে।

Lot No. 9.—All that lower-roomed brick-built house called Kachareebatty, with the piece of land thereunto belonging, and on part whereof the same is built, having several flower trees growing thereon, and having also tank with pucca ghaut called Montoolsee Pooskurnee, contain by estimation about 8 biggahs, situate at Kajooleegur Soojamootee aforesaid, and which land is surrounded by a mud wall.

৯ নং। লাট উক্ত কাজুলীগড় শুজামুটীস্থিত কাছারীবাটী নামক যে ইষ্টক নির্ম্মিত একতলা বাটী মায় পুষ্পবৃক্ষ ও পুষ্করিণী ও পাকাঘাট এবং তৎসম্বলিত এক খণ্ড জমী যাহার পরিমাণ প্রায় ৮৲ বিঘা এবং এই চতুর্দ্দিকে এক মাটার দেওয়াল আছে।

Lot No. 10.—All that piece or parcel of garden ground having several trees growing thereon, and which has several thatched houses erected thereon, and in which there is a tank called Deghee Pooskurnee, containing by estimation about 32 biggahs,

১০ নং। লাট উক্ত কাজুলীগড় শুজামুটীস্থিত রায়তী জমী মায় বৃক্ষ ও খড়ুয়া ঘর এবং দীঘি পুষ্করিণী নামক এক পুষ্করিণী এবং তৎসম্বলিত ১ খণ্ড জমী যাহার পরিমাণ প্রায় ৩২৲ বিঘা এবং বাগান শুজামুটী নামক এক স্থানস্থিত বৈঠকখানা নামক ইষ্টক নির্ম্মিত এক-

situate at Kajooleegur Soojamootee aforesaid, and also all that lower-roomed brick-built house called Bytuckhaunah house, together with the piece of land thereunto belonging, and on part whereof the same is built, containing by estimation 9 cottahs or thereabouts, situate at a place called Bagaun Soojamootee aforesaid.

For further particulars apply at the Office of Messrs. Watkins, Stokoe and Co., Plaintiff's Solicitors, or of Messrs. Swinhoe, Law and Co., Attorneys for the Defendant.

R. BELCHAMBERS,
Registrar.

N. B.—The entire property will, in the first instance, be put up for sale in one lot, and failing a purchaser will then be sold in separate lots as above.

জলাবাটী এবং তৎসম্বলিত ভুমি একুনেও যাহার পরিমাণ প্রায় ।৪ নয় কাঠা।

আর বেলচেম্বার্স।
রেজিষ্ট্রার।

পুঃ।—প্রথমে সমুদয় সম্পত্তি এক লাটে বিক্রয়ার্থ ধরা যাইবেক এবং খরিদার অভাবে তখন উপরোল্লিখিত ভিন্ন২ লাটে বিক্রয় হইবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণ জনগণ সন্নিধানে নিবেদন। আমার বাটীর দক্ষিণ হকসফার মধ্যে ৺ রমানাথ ঘোষের বনিতা শ্রীমত্যা বিলাসমঞ্জুরীর দখলী নিষ্কর কালা ভুমি ৬১ কাঠা আমি কোবালার দ্বারায় খরিদ করিয়া তাহাতে ১ পুষ্করিণী খাইদ করিয়া বাগান প্রস্তুত করাইতেছি উক্ত পুষ্করিণী কুসুমসায়ের নাম প্রকাশ করিয়া লিখিতেছি উক্ত বস্তু আমার সোপার্জ্জিত ধনে খরিদ আমার কোন শরিকানের সহিত এলাকা নাই ইতি।

শ্রী মহেশচন্দ্র বসু।
পুত্র ৺ ত্রিপুরাপ্রসাদ বসু।
জেলা মেদিনীপুর পগরনে সবঙ্গ।
মৌজে পীঙ্গলা।

[*Government Gazette*, 25*th June* 1867.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এফ জে বার্স্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 2, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২ জুলাই।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 19th June 1867, and is hereby promulgated for general information:—

Act No. XXX of 1867.

An Act to amend Act XIX of 1861 (to provide for a Government Paper Currency).

[Preamble.]

Whereas under Section 8 of Act XIX of 1861 *(to provide for a Government Paper Currency)* the Promissory Notes of the Government of India issued under that Act are payable only at the Office, or Offices, or Agencies of Issue of the city or town from which they are severally issued, and at the Presidency town of the Presidency within which such city or town is situated And whereas it is expedient to empower the Governor General of India in Council to declare that for the purposes of the said Act any such city or town, other than a Presidency town, shall be deemed to be situated within such Presidency as he shall from time to time declare by Notification

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইনেতে উক্ত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের জুন মাসের ১৯ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ৩০ আইন।

গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

গবর্ণমেণ্টের নোট চালাইবার বিধান করণার্থ ১৮৬১ সালের ১৯ আইনের ৮ ধারার এই বিধি "ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে সকল প্রমিসরী নোট ঐ আইনমতে প্রচারিত হয় তাহা যে শহর কি নগরহইতে বাহির হইয়া প্রচলিত হয় সেই শহরের কি নগরের ইস্যুর আফিসে কি এজেণ্টিতে ও সেই শহর কি নগর যে দেশের অন্তঃপাতি সেই দেশের রাজধানীতে ঐ নোটের টাকা পাওয়া যাইতে পারিবে, অন্য স্থানে নয়। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণদ্বারা রাজধানীভিন্ন পূর্ব্বোক্ত কোন শহর কি নগর যে প্রেসিডেন্সীর অন্তঃপাতি বলিয়া সময়ে২ প্রকাশ করেন, উক্ত আইনের কার্য্য সকল করণার্থে উক্ত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে সেই শহর কি নগর

in the *Gazette of India;* It is hereby enacted as follows :—

[Power to transfer for purposes of Currency Act any town from one Presidency to another.]

I. It shall be lawful for the Governor General of India in Council from time to time to declare by Notification in the *Gazette of India* that any city or town (other than a Presidency town) from which Promissory Notes of the Government of India are or shall be issued under the said Act, shall, for the purposes of such Act, be deemed to be situated within such Presidency as shall be specified in that behalf in the said Notification; and thereupon such city or town shall, for the purposes of the same Act, be deemed to be situate within the Presidency so specified.

[This Act to be read with Act XIX of 1861.]

II. This Act shall be read with and taken as part of the said Act No. XIX of 1861.

WHITLEY STOKES,

Asstt. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

সেই প্রসিডেন্সীর অন্তঃপাতি প্রকাশ করিবার ক্ষমতা প্রদান করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[নোটের আইন সফল করিবার জন্যে কোন নগর এক প্রসিডেন্সীহইতে উঠাইয়া অন্য প্রসিডেন্সীর অন্তর্গত করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রমিসরী নোট রাজধানীভিন্ন যে কোন শহর কি নগরহইতে উক্ত আইন অনুসারে প্রচলন করা যায়, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ আইনের কার্য্য সফল করণার্থে ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করণপূর্ব্বক প্রসিডেন্সী নির্দ্দিষ্ট করিয়া উক্ত কোন শহর কি নগর সেই প্রসিডেন্সীর অন্তঃপাতি জ্ঞান হইবে ইহা সময়েং প্রকাশ করিতে পারিবেন। তাহা হইলে ঐ আইনের অভিপ্রায়ার্থে ঐ শহর কি নগর তদ্রূপ নির্দ্দিষ্ট প্রসিডেন্সীর অন্তর্গত জ্ঞান হইবে ইতি।

[১৮৬১ সালের ১৯ আইনের সহিত এই আইন পাঠ করিবার কথা।]

২ ধারা। এই আইন ১৮৬১ সালের উক্ত ১৯ আইনের একাংশমতে পাঠ করিতে হইবে ইতি।

উইটলি ষ্টোকস।
দেশীয় ডিপার্টমেণ্টে,
ভারতবর্ষের গবর্ণমেন্টের ব্যবস্থাপন সভার,
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 30th May 1867, and having been assented to by His Excellency the Governor General on the 17th June 1867, is hereby promulgated for general information :—

ACT No. VII OF 1867.

An Act to amend Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council.

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act III of 1864 passed by the Lieutenant-Governor of Bengal in Council in the manner hereinafter expressed; It is enacted as follows :—

[Interpretation.]

1. The following words and expressions in this Act and in the said Act III of 1864, shall have

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ৩০ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ১৮৬৭ সালের জুন মাসের ১৭ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৭ সালের ৭ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রচলিত ১৮৬৪ সালের ৩ আইন নিম্নলিখিত প্রকারে সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্ন লিখিত বিধান করা গেল।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই আইন এবং ১৮৬৪ সালের উক্ত ৩ আইনগত কথার ও শব্দের যে অর্থ এই ধারাতে করা

the several meanings hereby assigned to them, except where a different intention shall appear from the context, that is to say :—

["Owner."]

The word "Owner" shall mean the person for the time being receiving, either on his own account or as Agent or Trustee for another, the rent of land from the tenant in actual occupation thereof, or who would so receive the same, if such land where actually occupied by a tenant. Provided that no owner receiving rent as an Agent or Trustee shall be liable to pay any assessment under the said Act or this Act, unless he have sufficient funds of his principal or belonging to the Trust in his hand.

["Inhabitant."]

The word "Inhabitant" shall include any owner of property in any place, although he may not be resident therein.

[Service of notices. Proviso.]

II. Every bill, notice, schedule, summons, or notice of demand regarding any assessment, rate, or tax, or any money due in respect of the same, may be served personally upon the person to whom the same is addressed, or be left at his usual place of abode with some adult male member or servant of his family, or if it cannot be so served, may be put up on some conspicuous part o such place of abode, and shall thereby be deemed to be duly served. Provided that, if the place of abode of the owner of any house, building, or land in respect of which a rate is assessed be unknown, or if the owner of any such house, building, or land be not resident within the limits of the place, every such bill, notice, summons, or notice of demand shall be deemed to have been duly served, if put up on some conspicuous part of the house, building, or land in respect of which the rate is assessed.

[Power to assess upon a house consolidated rate for house and ground on which it stands.]

III. Whenever any house or building belongs to one owner, and the ground on which the same stands, and which is usually occupied therewith belongs to another, it shall be lawful for the Municipal Commissioners to assess such house or building and ground together at one consolidated rate, which shall be payable by the owner of the house or building. After so paying the consolidated rate, the owner of the house or building shall be entitled to deduct from the rent which he pays for the ground, such proportion of the rate so paid by him as is equal to the proportion which his rent bears to the annual value on which the rate has been assessed.

[*Government Gazette, 2nd July* 1867.]

গেল, যদি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হয়, তবে সেই কথার ও শব্দের সেই অর্থ ধরিতে হইবে।

"স্বামী।"

ভূমিতে যে প্রজা থাকেন তাঁহার স্থানে যে ব্যক্তি আপনার নিমিত্তে কিম্বা অন্য ব্যক্তির এজেন্ট কি ট্রুষ্টীস্বরূপে ঐ ভূমির কর প্রাপ্ত হন, কিম্বা প্রজার অধিকারে থাকিলে যে ব্যক্তি কর পাইতেন "স্বামী" শব্দে তাঁহাকে বুঝাইবে। কিন্তু যে স্বামী এজেন্ট কি ট্রুষ্টীস্বরূপে কর প্রাপ্ত হইয়া থাকেন তাঁহার হস্তে যদি মুখ্য ব্যক্তির উপযুক্ত টাকা, কিম্বা তাঁহার হাতে যে সম্পত্তি ন্যস্ত হইয়াছে তৎসংক্রান্ত উপযুক্ত টাকা না থাকে, তবে তিনি উক্ত আইন কি এই আইনমতে কোন টাকুসের টাকার দায়ী হইবেন না।

"নিবাসী।"

কোন স্থানে কোন সম্পত্তির স্বামী আপনি সেই সম্পত্তিতে বাস না করিলেও "নিবাসী" শব্দে তাঁহাকে বুঝাইবে ইতি।

[জ্ঞাপনপত্র দিবার কথা ও উপবিধি।]

২ ধারা। কোন টাকুস কি রেট কি কর ধার্য্য করণ বিষয়ের কিম্বা তজ্জন্যে যে টাকার দাওয়া হয় তদ্বিষয়ের যে বিল ও জ্ঞাপনপত্র ও তফসীল ও আহ্বানপত্র ও দাওয়ার জ্ঞাপনপত্র যে ব্যক্তির নামে লেখা যায় নিজ তাঁহাকেই দেওয়া যাইতে পারিবে, অথবা তাঁহার নিয়ত বাস স্থানে তদীয় পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তির কি চাকরের হাতে দেওয়া যাইতে পারিবে। যদি তদ্রূপে না দেওয়া যাইতে পারে, তবে তাঁহার সেই বাসস্থানের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে। তাহা হইলে ঐ জ্ঞাপনপত্র তাঁহাকে উপযুক্তমতে দেওয়া গেল জ্ঞান হইবে। কিন্তু যে ঘরের কি কোটার কি ভূমির উপলক্ষে টাকুস ধার্য্য হইল যদি সেই গৃহাদির স্বামির বাসস্থান জানা না থাকে কিম্বা যদি ঐ ঘরের কি কোটার কি ভূমির স্বামী ঐ স্থানের সীমার মধ্যে বাস না করেন, তবে যে ঘরের কি কোটার কি ভূমির উপলক্ষে সেই টাকুস ধার্য্য হইল, তাহার কোন প্রকাশ স্থানে ঐ জ্ঞাপনপত্রাদি লটকান গেলে, স্বামিকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে জ্ঞান হইবে ইতি।

[যে ভূমিতে ঘর থাকে সেই ভূমির ও ঘরের সংযুক্ত টাকুস ধার্য্য করিবার কথা।]

৩ ধারা। ঘরের কি কোটার স্বামী ও তাহা যে ভূমিতে থাকে কি ব্যাপ্ত হয় তাহার স্বামী যদি ভিন্ন২ ব্যক্তি হন, তবে মুনিসিপল কমিসনরেরা সেই ঘরের কি কোটার এবং ভূমির টাকুস একত্র ধরিতে পারিবেন এবং ঘরের কি কোটার স্বামির সেই টাকুস দিতে হইবে। সেই সংযুক্ত টাকুস দিলে পর ঐ ঘরের কি কোটার স্বামী ভূমির খাজনাহইতে ঐ টাকুস কাটিয়া লইতে পারিবেন অর্থাৎ বার্ষিক যত মূল্য ধরিয়া টাকুস ধার্য্য হইয়াছে ভূমির খাজনা তাহার যে অংশ হয় সেই অংশানুসারে কাটিয়া লইবেন ইতি।

[Rate due from non-resident owner may be recovered from occupier, and deducted by him from his rent.]

IV. If the sum due on account of any rate from the owner of any house, building, or land remains unpaid after the notice of demand has been duly served, and such owner be not resident within the place, or the place of abode of such owner be unknown, the Municipal Commissioners may demand the amount from the occupier for the time being of such house, building, or land, and, on non-payment thereof, may recover the same by distress and sale of any goods and chattels found on the premises; and whenever such rate shall be paid by or recoverd from such occupier, he may deduct, from the next and following payments of his rent, the amount which may be so paid by, or recovered from him. Provided that no arrear of rate, which has remained due from the owner of any house, building, or land for more than one year, shall be so recovered from the occupier thereof. Provided also that, if the rate so deducted is a consolidated rate payable by the owner of a house or building under Section III of this Act, the same shall, after such deduction, be deemed to have been paid by such owner within the meaning of the last mentioned Section.

[Assessment not to be impeached, if the directions of the Act are in substance complied with.]

V. No assessment, and no charge or demand of a rate or tax made under the authority of the said Act III of 1864, or of this Act, shall be impeached or affected by reason of any mistake in the name of any person liable to pay the rate or tax, or in the description of any property or thing liable to the rate or tax, or any mistake in the amount of assessment, provided the directions of the said Act III of 1864, and of this Act, be in substance and effect complied with; and no proceedings under this Act shall, for want of form, be quashed or set aside in any Court of Justice.

[Distress not unlawful for want of form.]

VI. No distress levied by virtue of the said Act III of 1864 or of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the notice, schedule, summons, notice of demand, warrant of distress, inventory, or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser *ab initio*, on account of any irregularity afterwards committed by him; but all persons aggrieved by such irregularity may recover full satisfaction

[স্বামী স্বগৃহে বাস না করিলে পাওনা টাকুস ঐ গৃহবাসির স্থানে আদায় হইবার ও তাড়াহইতে কাহা কাটিয়া লইবার কথা।]

৪ ধারা। কোন ঘরের কি কোটার কি ভূমির উপর টাকুসের টাকা পাওনা থাকিলে ও স্বামিকে দাওয়ার জ্ঞাপনপত্র উপযুক্তমতে দেওয়া গেলে পর যদি সেই টাকা অদত্ত থাকে, এবং সেই স্বামী যদি ঐ স্থানের সীমার মধ্যবাসি না হন, কিম্বা যদি তাঁহার বাসস্থান জানা না থাকে, তবে তৎকালে যে ব্যক্তি ঐ ঘরে কি কোটায় কি ভূমিতে বাস করেন, মুনিসিপল কমিস্যনরেরা তাঁহার স্থানে ঐ টাকা দাওয়া করিতে পারিবেন। যদি টাকা না দেন, তবে বাটীর মধ্যে যে কোন দ্রব্য ও সামগ্রী পাওয়া যায় তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। ঐ টাকুস গৃহবাসির স্থানে পাওয়া গেলে কি আদায় করা গেলে তিনি তদ্রূপে যত টাকা দিয়াছেন কিম্বা তাঁহার স্থানে তদ্রূপে যত টাকা আদায় করা গিয়াছে, তাহা তিনি ঐ গৃহাদির সম্মুখ মাসের কি আগামি অন্য মাসের ভাড়াহইতে কাটিয়া রাখিতে পারিবেন। কিন্তু কোন ঘরের কি কোটার কি ভূমির নিমিত্তে স্বামির এক বৎসরের অধিককালের টাকুসের যে টাকা বাকী থাকে তাহা ঐ গৃহবাসির স্থানে আদায় হইতে পারিবে না। আরো যে টাকুস উক্ত প্রকারে কাটিয়া লওয়া যায় তাহা যদি এই আইনের ৩ ধারানুসারে ঘরের কি কোটার স্বামির দাতব্য সংযুক্ত টাকুস হয়, তবে ঐ টাকা কাটিয়া লইলে পর অব্যবহিত পূর্ব্ব ধারার অর্থমতে ঐ টাকুস স্বামিকর্তৃক দেওয়া গিয়াছে বোধ হইবে ইতি।

[আইনের আদেশানুসারে বস্তুতঃ কার্য্যসম্পাদন হইলে টাকুস দূষিত না হইবার কথা।]

৫ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের কিম্বা এই আইনের বলে যে রেট কি টাকুস ধার্য্য হয় তাহা দিবার যোগ্য ব্যক্তির নাম লিখিতে কিম্বা যে সম্পত্তি কি দ্রব্য ঐ রেটের কি টাকুসের যোগ্য হয় তাহার বর্ণনা লিখিতে কোন চুক হইলে কিম্বা যত টাকা টাকুস ধার্য্য করিতে হয় তদ্বিষয়ের কোন চুক হইলেও যদি বাস্তবে ও ফলিতার্থে ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের এবং এই আইনের আদেশানুসারে কার্য্য নিষ্পাদন হইয়া থাকে, তবে তদ্রূপে অবধারিত কোন টাকুস ও তৎসম্পার্কীয় কোন দাওয়া দূষিত হইবে না এবং এই আইন অনুসারে যে কোন কার্য্য করা যায় ধারাবাহিক না হওয়া প্রযুক্ত তাহা কোন বিচারালয়ে অসিদ্ধ কি অগ্রাহ্য হইবে না ইতি।

[ক্রোক ধারাবাহিক না হওয়াপ্রযুক্ত অসিদ্ধ না হইবার কথা।]

৬ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের কি এই আইনের বলে দ্রব্য ক্রোক হইলে তৎসম্পার্কীয় কোন জ্ঞাপনপত্রে কি তফসীলে কি আহ্বানপত্রে কি দাওয়ার জ্ঞাপনপত্রে কি ক্রোকী পরওয়ানাতে কি নির্ঘণ্টে কি অন্য কার্য্যে কোন চুক থাকিলে কি তাহা ধারাবাহিক রূপে না করা গেলেও সেই কার্য্য বে-আইনী জ্ঞান হইবে না এবং যে ব্যক্তি ঐ ক্রোক করেন তিনি তৎপ্রযুক্ত অতিক্রামক জ্ঞান হইবেন না, এবং পশ্চাৎ তাঁহার দ্বারা নিয়মাতীত কোন কার্য্য হইলেও তাঁহাকে তৎপ্রযুক্ত প্রথমাবধি অতিক্রামক জ্ঞান হইবে না, কিন্তু যে ব্যক্তি সেই নিয়মাতীত কার্য্য

for any special damage sustained by them, in any Court of Competent jurisdiction.

[District Superintendent of Police to be ex-officio Municipal Commissioner.]

VII. In addition to the Municipal Commissioners mentioned in the said Act III of 1864, the person for the time being filling the office of District Superintendent of Police in any District within which any place may be situated shall be ex-officio a Municipal Commissioner for such place.

[Commissioners may expend a certain monthly sum for Hospitals or Dispensaries.]

VIII. It shall be lawful for the Municipal Commissioners, of any place, with the sanction of the Lieutenant-Governor of Bengal, from time to time to apply out of the Municipal Fund of such place such monthly sum, not exceeding two hundred and fifty Rupees, as to them shall seem fit, in or towards the maintenance and support of an Hospital or Dispensary in such place for the benefit of the poor inhabitants.

[Commissioners may provide expense of Vaccination.]

IX. It shall be lawful for the Municipal Commissioners of any place, out of the Municipal Fund thereof, from time to time, to make such provision as to them shall seem fit, for the Vaccination of all persons resident in such place.

[Commissioners indemnified as to monies heretofore expended on account of Vaccination, Hospitals, or Dispensaries.]

X. All moneis which may have been heretofore expended out of the Municipal Fund of any place by the Municipal Commissioners thereof, in making provision for the Vaccination of persons resident therein, or in or towards the maintenance or support of an Hospital or Dispensary for the benefit of the poor inhabitants of such place, shall be deemed to have been properly applied out of the said Municipal Fund.

[Power to contract for lighting streets.]

XI. With the sanction of the Lieutenant-Governor of Bengal, the Municipal Commissioners of any place may, if they shall so resolve at any meeting, contract with any person for the lighting of the streets of such place by such person on such terms as to yearly or other payment as may be agreed on, and may provide for such payment out of the rate levied under the said Act III of 1864 and this Act.

দ্বারা আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করেন তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে কোন বিশেষ হানির সম্পূর্ণ পূরণ পাইতে পারিবেন ইতি।

[পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পদোপলক্ষে তাঁহার মুনিসিপল কমিস্যনর হইবার কথা।]

৭ ধারা। কোন স্থান যে জিলার মধ্যে থাকে সেই জিলায় ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের লিখিত মুনিসিপল কমিস্যনর ব্যতীত যিনি যে সময়ে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের পদে থাকেন তিনিও স্বীয় পদোপলক্ষে ঐ স্থানের মুনিসিপল কমিস্যনর হইবেন ইতি।

[হাসপাতালের কি ঔষধালয়ের নিমিত্তে কমিস্যনরেরদের মাসেং কতক টাকা ব্যয় করিবার ক্ষমতার কথা।]

৮ ধারা। কোন স্থানের মুনিসিপল কমিস্যনরেরা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ স্থানের দরিদ্র লোকদের হিতার্থে চিকিৎসালয় কি ঔষধালয় রাখিবার ও তাহার ব্যয় পোষণের জন্যে, ঐ স্থানের মুনিসিপল ফণ্ডহইতে মাসেং আড়াই শত টাকার অনধিক যত টাকা বিহিত বোধ করেন সময়েং প্রয়োগ করিতে পারিবেন ইতি।

[কমিস্যনরেরদের দ্বারা টীকা দেওনের খরচ দিবার কথা।]

৯ ধারা। কোন স্থানের মুনিসিপল কমিস্যনরেরা মুনিসিপল ফণ্ডহইতে ঐ স্থানবাসি সকল লোকের টীকা দিবার যে বিধান সময়েং বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

[টীকা দেওনের ও চিকিৎসালয়ের কি ঔষধালয়ের জন্যে ইতি পূর্ব্বে যে টাকা ব্যয় করিয়াছেন তৎপ্রযুক্ত কমিস্যনরেরদের ক্ষতি না হইবার কথা।]

১০ ধারা। কোন স্থান নিবাসি লোকদিগের টীকা দিবার বিধান করণার্থে কিম্বা ঐ স্থান নিবাসি দরিদ্র ব্যক্তিদের উপকারার্থে ঔষধালয় কি চিকিৎসালয় রাখিবার কি তাহার ব্যয় পোষণের জন্যে ঐ স্থানের মুনিসিপল কমিস্যনরেরা ইতিপূর্ব্বে ঐ স্থানের মুনিসিপল ফণ্ডহইতে যে সকল টাকা খরচ করিয়াছেন তাহা উক্ত মুনিসিপল ফণ্ডহইতে উপযুক্তমতে প্রয়োগ হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[পথের আলো চুক্তি করিয়া দেওয়াইবার কথা।]

১১ ধারা। যদি কোন সভাতে কোন স্থানের মুনিসিপল কমিস্যনরেরা চুক্তি করিয়া ঐ স্থানের আলো দেওয়াইতে স্থির করেন, তবে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোন ব্যক্তির সঙ্গে যত টাকা করার করেন বৎসরেং কি অন্যং সময়ে তত টাকা দিয়া সেই ব্যক্তিদ্বারা ঐ স্থানের পথে আলো দিবার চুক্তি করিতে পারিবেন, এবং ১৮৬৪ সালের উক্ত ৩ আইন ও এই আইনঅনুসারে রেটের যে টাকা আদায় করা যায় তাহাহইতে ঐ চুক্তির টাকা দিবার বিধান করিতে পারিবেন ইতি।

[Construction.]

XII. This Act shall be construed with and as part of the said Act III of 1864.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
(Legislative Department.)

THE following Report of the Select Committee on the Bill to amend Act III of 1863 and Act VI of 1865, passed by the Lieutenant-Governor of Bengal in Council with the Bill as revised by the Committee, is, by order of the President, published for general information :—

WE, the Members of the Select Committee appointed to consider the Bill "to amend Act III of 1863 and Act VI of 1865, passed by the Lieutenant-Governor of Bengal in Council," have the honor to submit the following Report.

2. We have received and considered the papers noted below.

---

* From Government of India, dated 15th April 1865.

From ditto, dated 1st September 1865, with Secretary of State's Despatch.

To Government of India, dated 3rd December 1866, and enclosures.

From Commissioner of Dacca, dated 8th August 1866, and enclosures.

From ditto, dated 5th December 1866, and enclosures.

Opinion of the Advocate-General, dated 10th December 1866.

From Commissioner of Chota Nagpore, dated 27th January 1867, and enclosures.

From Government of India, dated 28th February 1867.

From Commissioner of Dacca, dated 21st November 1866.

Report of Committee appointed to enquire into the causes of mortality amongst laborers proceeding to the Tea Districts, dated 4th March 1867, and enclosures.

From the Superintendent of Labour Transport, dated 20th March 1867, and enclosures.

From Commissioner of Assam, dated 21st March 1867.

[অর্থের ধারা ।]

১২ ধারা। ১৮৬৪ সালের উক্ত ৩ আইনের সহিত এই আইনের অর্থ করিতে হইবে ও এই আইন তাহার একাংশ জ্ঞান হইবে ইতি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৩ সালের যে ৩ আইন ও ১৮৬৫ সালের যে ৬ আইন প্রচলিত করেন তৎসংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটির প্রতি অর্পিত হইয়াছে। সভাপতি সাহেবের আদেশমতে তাঁহাদের নিম্নলিখিত রিপোর্ট এবং ঐ কমিটীকর্ত্তৃক সংশোধিত পাণ্ডুলিপি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৩ সালের যে ৩ আইন ও ১৮৬৫ সালের যে ৬ আইন প্রচলিত করেন, তৎসংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি বিবেচনা করিবার জন্যে মনোনীত কমিটী আমরা সম্মানপূর্ব্বক নিম্নলিখিত রিপোর্ট অর্পণ করিলাম।

২। আমরা নিম্নলিখিত পত্র প্রাপ্ত হইয়া তাহার বিবেচনা করিয়াছি। *

---

* ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের আপ্রিল মাসের ১৫ তারিখের পত্র।

ষ্টেট সেক্রেটারী সাহেবের পত্র সহিত উক্ত গবর্ণমেণ্টের ১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখের পত্র।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৩ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

ঢাকার কমিসানর সাহেবের ১৮৬৬ সালের আগষ্ট মাসের ৮ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

উক্ত সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ৫ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

আডবোকেট জেনরল সাহেবের ১৮৬৬ সালের ডিসেম্বর মাসের ১০ তারিখের প্রকাশিত মত।

ছোট নাগপুরের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৭ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ২৮ তারিখের পত্র।

ঢাকার কমিসানর সাহেবের ১৮৬৬ সালের নবেম্বর মাসের ২১ তারিখের পত্র।

চাপ্রদেশে গমনশীল মজুরদিগের মধ্যে যে মড়ক উপস্থিত হইয়াছিল তাহার হেতুর অনুসন্ধান করিবার জন্যে যে কমিটী নিযুক্ত হন তাঁহাদের ১৮৬৭ সালের মার্চ মাসের ৪ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

মজুর প্রেরণ কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২০ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্র।

আসামের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২১ তারিখের পত্র।

3. Many verbal alterations have been introduced into the Bill, especially in those Sections which have been retained from the existing Acts; and the language of the Bill has been revised throughout with reference to the interpretation Section, in which we have introduced definitions of "Recruiter," "Employer," and "Laborer."

4. The first substantial alteration which we have made in the Bill will be found in the present Section 7, which empowers the Lieutenant-Governor of Bengal to establish a Central Depôt. It is intended that this Central Depôt may be used by Contractors for the collection and temporary accommodation of intending laborers in the same way as the private depôts are used, and all the provisions of the Bill with regard to the existing establishments, will apply to the Central Depôt, which will also be maintained and superintended under the instructions of the Local Government.

5. In Section 12 we have provided that every Recruiter shall, in addition to the badge required by Act III of 1863, be provided with a written pass signed by his Contractor.

6. We have omitted Section 13 of the Bill, which constituted every building occupied by natives of India engaged by a Recruiter, a local depôt. The Section, as it appears to us, would have had no practical effect, and the desired object

৩। এই পাণ্ডুলিপির মধ্যে বিশেষতঃ বর্ত্তমান আইনহইতে যেং ধারা গৃহীত হইয়াছে সেইং ধারার অনেক স্থলে শব্দের পরিবর্ত্তন হইয়াছে। অর্থ করণের ধারার মধ্যে মজুরসংগ্রাহক ও মুনিব ও মজুর এইং শব্দের অর্থ করিয়াছি, এবং এই ধারা লক্ষ করিয়াপাণ্ডুলিপির অন্য অংশের ভাষা সংশোধন করিয়াছি।

৪। গুরুতর যেং অংশের পরিবর্ত্তন হইয়াছে তম্মধ্যে প্রথম কথা ৭ ধারাতে পাওয়া যাইবে। তদ্ক্রমে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সদর আডডা স্থাপন করিতে পারিবেন। ঐ সদর আডডা করিবার অভিপ্রায় এই। যাহারা মজুরী করিতে যাইবে কন্ট্রাক্টরেরা তাহারদিগকে সংগ্রহ করাইয়া এইক্ষণে সাধারণ ব্যক্তিদের আডডায় যেমন কিঞ্চিৎকাল রাখিয়া থাকেন, তেমনি তাহারদিগকে ঐ সদর আডডাতে রাখিবেন। পাণ্ডুলিপির যে সমস্ত বিধান উক্ত সকল আডডার প্রতি বর্ত্তে, ঐ সদর আডডার প্রতিও তাহাই বর্ত্তিবে। স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে ঐ আডডার রক্ষা ও তত্ত্বাবধারণ হইবে।

৫। ১২ ধারাতে এই বিধান করিয়াছি। ১৮৬৩ সালের ৩ আইনঅনুসারে মজুর সংগ্রাহকের যে চাপরাশ পরিতে হয়, তদ্ভিন্ন তাহার নিকট এক খান লিখিত পাস থাকিবে। মজুর যে কন্ট্রাক্টরের নিমিত্তে কর্ম্ম করে ঐ পাসে তাহারই স্বাক্ষর থাকিবে।

৬। পূর্ব্ব পাণ্ডুলিপির ১৩ ধারা ত্যাগ করিয়াছি। ঐ ধারামতে মজুরসংগ্রাহক ভারতবর্ষীয় যে ব্যক্তিদিগকে গ্রহণ করিতেন, তাহারা যে ঘরে থাকিত সেই ঘরখানি স্থানীয় আডডা জ্ঞান হইত। এইক্ষণে আমরা বোধ করিলাম যে কার্য্যপক্ষে ঐ ধারার কোন

From Commisisioner of Assam, dated 28th March 1867.

From Solicitor to Government, dated 10th April 1867, and enclosure.

Petition and letter of Messrs. Andrews and Henry, Emigrant Contractors, without date.

From Sub-Manager, Labor Transport Company, dated 9th May 1867.

Petition of Callychurn Coondoo, Emigrant Contractor, without date.

From Baboo Govind Chunder Dutt, Emigrant Contractor, dated 11th May 1867.

From Government of India, dated 6th February 1867, and enclosure.

Extract of a letter from the Commissioner of Assam, dated 26th April 1867.

From ditto, dated 26th March 1867, with Report of Inspection by the Protector of Laborers, Upper Assam.

From Secretary, Landholders' Association, dated 6th May 1867.

From Commissioner of Assam, dated 9th April 1867, and enclosures.

From British Indian Association, dated 31st May 1867, and enclosures.

[*Government Gazette, 2nd July* 1867.]

উক্ত সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২৮ তারিখের পত্র।

গবর্ণমেণ্টের পক্ষ উকীল সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১০ তারিখের পত্র ও তৎসম্বলিতপত্র।

বিদেশগামি মজুরদিগের কন্ট্রাক্টর আন্‌ড্রুস ও হেনরি সাহেবের দরখাস্ত ও পত্র। তারিখ নাই।

মজুর প্রেরণার্থ কোম্পানির ছোট কর্ম্মকারক সাহেবের ১৮৬৭ সালের মে মাসের ৯ তারিখের পত্র।

ভিন্নদেশগামি মজুরদিগের কন্ট্রাক্টর শ্রী কালীচরণ কুণ্ডুর দরখাস্ত। তারিখ নাই।

ভিন্নদেশগামি মজুরদিগের কন্ট্রাক্টর বাবু গোবিন্দচন্দ্র দত্তের ১৮৬৭ সালের মে মাসের ১১ তারিখের পত্র।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ৬ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

আসামের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ২৬ তারিখের পত্রহইতে গৃহীত কথা।

উক্ত সাহেবের ১৮৬৭ সালের মার্চ মাসের ২৬ তারিখের পত্র ও উত্তর আসামস্থিত মজুররক্ষকের পরিদর্শনের রিপোর্ট।

ভূম্যধিকারিদের সমাজের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের মে মাসের ৬ তারিখের পত্র।

আসামের কমিসানর সাহেবের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ৯ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

ব্রিটিস ইণ্ডিয়ান আসোসিয়েসনের ১৮৬৭ সালের মে মাসের ৩১ তারিখের পত্র ও তৎসম্বলিত পত্রাদি।

is gained by Section 15 of the Bill, which we have now made Section 14.

7. In Section 16 of the Bill (one of the most important) we have introduced a more specific enumeration of the matters on which the native laborer on his first engagement by the Recruiter is to be examined by the Magistrate. Under the existing Acts the only thing which the Magistrate can do, in case of his finding that the native has been recruited by means of fraud or misrepresentation, is to refuse to register the name. We have therefore introduced a new Section (17) empowering the Magistrate to impose a fine in any such cases; and as the procuring a native to proceed to a District where he is not resident, with the view of prevailing on him to enter into an engagement there, would be a fraud, we have omitted Section 17 of the Bill as unnecessary.

8. Under Section 23 of the original Bill, in the case of any recruited native being pronounced by the Medical Inspector in an unfit state of health to proceed to the District of Assam, &c., the Contractor might be ordered to cause such native to be reconveyed to the place at which he was registered. It would be so very difficult, if not impossible, to ascertain whether and to what extent such an order had been carried out, that we have thought it better to confine the Section to requiring the Contractor to pay the native a sufficient sum to enable him to return.

9. We have made certain alterations as regards the arrangement of the Sections of the Bill relating to the proceedings from the time the native inhabitant is brought before the Superintendent with the view of his entering into a contract, to the time when he becomes a laborer. The provisions regarding this part of the subject are now all brought together in consecutive order in what are now Sections 25 to 29 of the Bill as amended. Among these we have dealt with the cases of recruited natives refusing, without reasonable cause, to sign the contract, and of Contractors neglecting to tender contracts for execution. And we have provided by one Section (29) for the enforcement in all cases of orders on Contractors to pay money.

10. The Bill as it originally stood provided (Sections 26 to 29) for the appointment by the Local Government of Committees to determine the daily tasks which laborers were to perform within the several Districts, and to frame Schedules of the tasks to be determined: which Schedules were to be part of the laborers' contracts. We have had a good deal of discussion on this part of the subject, and considering the importance of not interfering unnecessarily with freedom of labor, and how much the determination of the proper nature and

কলোদয় হইত না, অথচ ১৫ ধারা দ্বারা উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে। ঐ ১৫ ধারা এক্ষণে ১৪ ধারা হইল।

৭। পাণ্ডুলিপির ১৬ ধারা অতিগুরুতর বিধানের মধ্যে। মজুর সংগ্রাহক কোন ব্যক্তিকে প্রথমে গ্রহণ করিলে মাজিষ্ট্রেট সাহেব যেং বিষয়ে ঐ ব্যক্তির পরীক্ষা লইবেন, ইহা সবিশেষে নির্দ্দিষ্ট করা গিয়াছে। কোন ব্যক্তি প্রতারণাক্রমে কি ভ্রান্ত হইয়া কর্ম্ম স্বীকার করিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব ইহা জানিলে, বর্ত্তমান আইনমতে তাহার নাম রেজিষ্টর করেন না কিন্তু তদ্ভিন্ন আর কিছু করিতে পারেন না। এইপ্রযুক্ত আমরা (১৭) নূতন ধারা করিয়া তদ্রূপ স্থলে মাজিষ্ট্রেট সাহেবকে অর্থদণ্ড করিবার ক্ষমতা প্রদান করিয়াছি। কোন ব্যক্তি যে জিলাতে বাস না করে তাহাকে করার করাইবার জন্যে সেই জিলাতে ফুসলাইয়া আনিলে তাহা প্রতারণা, অতএব পূর্ব্ব পাণ্ডুলিপির ১৭ ধারা অনাবশ্যক বলিয়া ত্যাগ করিয়াছি।

৮। এদেশীয় কোন ব্যক্তি মজুরী করিতে স্বীকার করিলে, যদি চিকিৎসক তাহার শারীরিক ভাব বিবেচনায় তাহাকে আসামপ্রভৃতি প্রদেশে যাইবার অনুপযুক্ত জ্ঞান করেন, তবে যে স্থানে তাহাকে রেজিষ্টর করা গেল পূর্ব্ব পাণ্ডুলিপির ২৩ ধারামতে কন্‌ট্রাক্টরের প্রতি আজ্ঞা হইতে পারিবে যে তাহাকে সেই স্থানে পঁহুছাইয়া দেন। কিন্তু সেই আজ্ঞামতে কত দূর কর্ম্ম করা যায় কি না যায় ইহা জানা কঠিন বরং অসাধ্য। এই হেতুক সেই ব্যক্তির ফিরিয়া যাইবার জন্যে যত টাকা লাগিতে পারে তাহাকে কন্‌ট্রাক্টরের তত টাকা দিবার আজ্ঞা হইতে পারিবে আমরা এইমাত্র বিধান করিয়াছি।

৯। এদেশীয় লোক চুক্তি করিবার জন্যে যে সময়ে সুপরিন্টেণ্ডেণ্টের নিকটে উপস্থিত হয়, সেই সময়াবধি যত কাল মজুর না হয়, তত কাল আইনসংক্রান্ত যে সকল কার্য্য হইতে পারে, পাণ্ডুলিপিতে তদ্বিষয়ের যেং ধারা আছে আমারা তাহার স্থান পরিবর্ত্তন করিয়াছি। সংশোধিত পাণ্ডুলিপির ২৫ অবধি ২৯ পর্য্যন্ত সমস্ত ধারাতে উক্ত বিষয়ের সমুদয় বিধান একাদিক্রমে শ্রেণীবদ্ধ করিয়াছি। এদেশীয় লোকেরা মজুরী করিবার জন্যে আইলে পর উপযুক্ত হেতু না থাকিতেও যদি চুক্তিপত্রে স্বাক্ষর করিতে স্বীকার না করে এবং কন্‌ট্রাক্টরেরা যদি স্বাক্ষর করিবার জন্যে চুক্তিপত্র না দেখান, উক্ত কএক ধারার মধ্যে এই বিষয়েরও বিধান করিয়াছি। কন্‌ট্রাক্টরদিগকে টাকা দিবার আজ্ঞা হইলে ২৯ ধারাতে সেই আজ্ঞা বলবৎ করিবার বিধান করিয়াছি।

১০। ভিন্নং প্রদেশে মজুরেরদের প্রতিদিন কত কর্ম্ম করিতে হইবে, ইহা নির্ণয় করিবার এবং সেই কর্ম্মের তফসীল প্রস্তুত করিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্ব পাণ্ডুলিপিক্রমে (২৬ অবধি ২৯ পর্য্যন্ত ধারায়) কমিটী নিযুক্ত করিতে পারিতেন। উক্ত তফসীল মজুরদিগের চুক্তির অংশ। এই বিষয়ে আমারদের অনেক তর্ক হইয়াছে; লোকদের স্বাধীনমতে কর্ম্ম করিবার যে অধিকার তাহা অনাবশ্যক মতে খর্ব্ব না করাই গুরুতর বিষয়, এবং যাহারা প্রতিদিন যে প্রকারের যত কর্ম্ম করিতে পারে তাহা স্থানবিশেষের গতিক অনুসারে নির্ণয় হইতে

amount of the daily tasks must be dependent on and affected by local circumstances, to say nothing of differences as regards the strength and ability of the individual laborers, we have thought it preferable to substitute a different system. According to this (Sections 30 to 32 of the amended Bill) the daily tasks will be fixed by the employer, subject, on the complaint of the laborer, to revision by a Committee consisting of the Inspector, an employer nominated by him, and a nominee of the laborer's employers. We have not interfered with the provision as to the maximum contract term being three years, and the weekly days and daily hours of labor.

11. Under Section 39 of the original Bill, (Section 41 of the Bill as amended), laborers are not to be allowed finally to leave the steamer or boat, except at the place of destination mentioned in their pass. It has been represented to us that the operation of this Clause, which has been taken from the Act of 1863, (Section 27) has been in many cases to necessitate the landing of laborers at places inconveniently distant from the estates for which they are bound. We have therefore introduced a new Section (48 of the amended Bill), empowering the Magistrate at the place of destination named in the pass of any laborers, to allow such laborers to proceed to and land at some point intermediate between that place and the next authorized place of destination.

৬২ ধারা। মজুরেরা যে মুনীবের নিকটে কর্ম্ম করে তিনি বৎসরেং মজুরদের ইনস্পেকুটরকে ঐ মজুরেরদের রোগের ও মৃত্যুর রিটর্ণ দেন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে প্রকাশ করিয়া এই আজ্ঞা করিতে পারিবেন। উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে পাঠ ও যে সময় নিরূপণ করেন ঐ রিটর্ণ সেই পাঠে ও সেই সময়ে লিখিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২ জুলাই।]

[Penalty for refusing or omitting to send in Return, or sending in incorrect Return.]

LXIII. If any employer shall refuse, or wilfully omit, duly to send in any such Return as mentioned in Section LXI or in Section LXII of this Act, or shall knowingly send in an incorrect Return, such employer shall, on conviction thereof before the Magistrate of the District, be liable to fine, and a Certificate under the hand of the Inspector to whom such Return ought to have been sent, stating that such Return has not been sent or is incorrect as aforesaid, shall be received as *primâ facie* evidence of the truth of the fact stated in such Certificate.

[রিটর্ণ পাঠাইতে অস্বীকার কি ত্রুটি করিবার কি অশুদ্ধ রিটর্ণ পাঠাইবার দণ্ডের কথা।]

৬৩ ধারা। পূর্ব্বোক্ত মুনীব যদি এই আইনের ৬১ ও ৬২ ধারার নির্দ্দিষ্ট কোন রিটর্ণ নিয়মমতে পাঠাইতে অস্বীকার করেন কি ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন, কিম্বা জানিয়া অশুদ্ধ রিটর্ণ পাঠান, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে সেই মুনীবের অর্থদণ্ড হইতে পারিবে, এবং যে ইনস্পেক্‌টরের নিকটে সেই রিটর্ণ প্রেরণ করা কর্ত্তব্য ছিল তাহা পূর্ব্বোক্ত মতে প্রেরিত হয় নাই কি অশুদ্ধ আছে তিনি এই মর্ম্মের সর্টিফিকটে স্বাক্ষর করিলে, তাহাই আপাততঃ ঐ সর্টিফিকটের লিখিত কথার সত্যতার প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

[Yearly rate payable to provide for expenses of Act.]

LXIV. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal from time to time, by order published as aforesaid, to fix a yearly sum, not exceeding two Rupees per laborer, as a rate for the purpose of providing for the salaries and emoluments of the officers to be appointed under this Act, and of defraying the expense of carrying out the purposes of this Act, and the sum or rate so fixed shall be paid half-yearly by each employer on the last day of July and last day of January in each year according to the Return next before such payment shall be due.

[আইনের খরচের নিমিত্তে বৎসরে যত টাকা দিতে হইবে তাহার কথা।]

৬৪ ধারা। এই আইনমতে যে কার্য্যকারকেরা নিযুক্ত হইবেন তাঁহারদিগের বেতন ও প্রাপ্তির বিধান করণার্থে এবং এই আইনের উদ্দেশ্য সাধন করিবার খরচ শোধ করিবার জন্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং পূর্ব্বোক্তমতে আজ্ঞা প্রকাশ করণদ্বারা মজুরপ্রতি বৎসর দুই টাকার অনধিক হার ধার্য্য করিতে পারিবেন। ছয়ং মাস অন্তর অর্থাৎ প্রতিবৎসর জুলাই মাসের শেষ দিবসে ও জানুআরি মাসের শেষ দিবসে মুনীবের ঐ অবধারিত টাকা কি ঐ অবধারিত হারে টাকা দিতে হইবে। তৎপূর্ব্ব রিটর্ণমতে যত জন মজুর ছিল তদনুসারে ঐ টাকা আদায় হইবে ইতি।

[Employer failing to send in the rate in due time how to be dealt with.]

LXV. If any employer shall fail to comply with the provisions of the last preceding Section, it shall be the duty of the Collector to notify such default to him; and if, within one month from the receipt of such notification, or such longer period as may, under special circumstances, appear to the Collector reasonable, such employer shall not so comply, the Collector shall, by distress and sale of any moveable property which may be found in the possession or under the charge of such employer, levy the sums so payable.

[মুনীব উপযুক্ত সময়ের মধ্যে ঐ হারের টাকা না পাঠাইলে, তাঁহার প্রতি যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৬৫ ধারা। যদি কোন মুনীব ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কর্ম্ম না করেন, তবে তাঁহাকে সেই ত্রুটি জ্ঞাত করা কালেক্‌টর সাহেবের কর্ত্তব্য। সেই বিজ্ঞাপন প্রাপ্ত্যবধি এক মাসের মধ্যে, কিম্বা বিশেষ স্থলে অধিক যত কাল কালেক্‌টর সাহেবের যুক্তিযুক্ত বোধ হয় তত কালের মধ্যে যদি পূর্ব্বোক্ত মুনীব তদ্রূপ আজ্ঞানুযায়ি কর্ম্ম না করেন, তবে ঐ মুনীবের অধিকারে কি তাঁহার জিম্মায় যে অস্থাবর সম্পত্তি পাওয়া যায় কালেক্‌টর সাহেব তাহা ক্রোক করিয়া বিক্রয় করণ দ্বারা সেই প্রাপ্য টাকা আদায় করিবেন।

[Power to sue for rate.]

LXVI. If there shall be no such moveable property or insufficient moveable property so found, the Collector may, by a civil regular suit, recover the sum which shall be so payable from the person for whose benefit the laborers in respect of whom such sum may be payable shall have been employed, and in every such suit the cause of action shall be taken to have arisen within the limits of the jurisdiction of any Court having jurisdiction at any place where any such laborers may have been employed by such employer.

[ঐ টাকা পাইবার জন্যে নালিশ করিবার ক্ষমতার কথা।]

৬৬ ধারা। যদি তদ্রূপ কোন অস্থাবর দ্রব্য পাওয়া না যায় কিম্বা যাহা পাওয়া গেল তাহাতে যদি অকুলান হয়, তবে যে মজুরদের উপলক্ষে ঐ টাকা প্রাপ্য হয়, তাহারা যাঁহার হিতার্থে কর্ম্ম করিয়াছে কালেক্‌টর সাহেব তাঁহার নামে রীতিমত দেওয়ানী মোকদ্দমা করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। এবং ঐ মুনীব ঐ মজুরদিগকে যে স্থানে কর্ম্ম করাইয়াছেন সেই স্থানে যে আদালতের বিচারাধিপত্য থাকে নালিশের কারণ সেই আদালতের সীমার মধ্যে উত্থাপন হইয়াছে জ্ঞান হইবে ইতি।

[*Government Gazette*, 2nd July 1867.]

[Books to be kept, and periodical visits and Reports made, by Inspector.]

LXVII. Every Inspector of Laborers shall, once within each of such periods as may be fixed for such purpose by the Lieutenant-Governor of Bengal visit all lands, within the limits of his authority, on which there shall be employed any laborers, and inspect every hospital, tent, camp, or building in any way used by any such laborer, and investigate the condition of the laborers employed, and for such purpose the Inspector may require that any laborer shall be produced before him with his contract, and may make such enquiries as may to him seem proper. Every such Inspector shall keep books, in which, from time to time, shall be entered the number of laborers then under contract with each employer, the number who shall then be sick or missing, or who shall have complained of ill-treatment, the particulars of such complaints, and such other particulars regarding the laborers as the Lieutenant-Governor of Bengal shall from time to time direct. Each Inspector shall annually make a written Report to the Lieutenant-Governor of Bengal, through the Commissioner of the Division, of the aforesaid particulars; and every such Report, as regards the laborers under any particular employer, shall, at all reasonable times, be open to the inspection of such employer or any person by him appointed in writing in that behalf, and the person so inspecting shall be entitled to take a copy of the Report so far as it relates to such laborers.

[Magistrate, or person authorized by him, may Inspect any estate at any time.]

LXVIII. It shall be lawful for the Magistrate of the District, or any person authorized by him in writing in that behalf, at any time, to enter and inspect any hospital, camp, tent, or building wholly or partially used by or for laborers, and to require that any laborer shall be brought before him, and to make any enquiries which he may think proper touching the condition or treatment of any laborer.

[Penalty or person obstructing inspection, &c.]

LXIX. If any employer, or other person acting for or under such employer, shall wilfully obstruct or impede any entry, inspection, or enquiry made under either of the two preceding Sections, such employer or other person as aforesaid shall be liable to a fine.

[Inspector may suspend contract of any laborer temporarily unfitted for labor.]

LXX. It shall be lawful for the Inspector of Laborers within the local limits of whose authority

[ইনস্পেকুটরের বহী রাখিবার ও সময়ে২ পরিভ্রমণ ও রিপোর্ট করিবার কথা।]

৬৭ ধারা। বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে২ কাল নিরূপণ করিবেন মজুরদের প্রত্যেক ইনস্পেকুটরের ক্ষমতার সীমার অন্তর্গত যে সকল ভূমিতে মজুরেরা থাকে তিনি তাহা সেইং কালের মধ্যে একবার দেখিতে যাইবেন, এবং মজুর যে হাসপাতালের কি তাম্বুর কি শিবিরের কি ঘরের কোনমতে ব্যবহার করে তাহা নিরীক্ষণ করিবেন, এবং ঐ বাড়ীর কোন মজুরকে আপনং চুক্তিপত্রসহিত তাঁহার সম্মুখে উপস্থিত করা যায় এমত আদেশ করিতে পারিবেন। পরে যে প্রকার অনুসন্ধান তাঁহার উপযুক্ত বোধ হয় তাহা লইতে পারিবেন। তদ্রূপ প্রত্যেক ইনস্পেকুটর বিশেষং বহী রাখিবেন। প্রত্যেক মুনীবের নিকট তৎকালে যত জন মজুর চুক্তিদ্বারা বদ্ধ আছে ও যত মজুর পীড়িত কি অনুদ্দেশ্য ও যত জন অত্যাচারের নালিশ করিল ও সেই নালিশের বৃত্তান্ত এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ মজুরগণ বিষয়ক অন্য যেং কথা নির্দ্দিষ্ট করিবেন ঐ বহীতে সেই সকল কথা লিখিবেন। প্রত্যেক ইনস্পেকুটর বৎসরং উক্ত বিবরণের রিপোর্ট লিখিয়া খণ্ডের কমিস্যনর সাহেবের দ্বারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের নিকটে পাঠাইবেন, এবং বিশেষ যে মুনীবের মজুরগণের বিষয়ে তদ্রূপ যে রিপোর্ট হয় সেই মুনীব কি তদর্থে তাঁহার লিপিদ্বারা নিযুক্ত কোন ব্যক্তি উপযুক্ত কোন কালে ঐ রিপোর্ট দৃষ্টি করিতে পারিবেন, ও যে ব্যক্তি তাহা দেখেন তিনি ঐ মজুর বিষয়ক সেই রিপোর্টের অংশের প্রতিলিপি করিয়া লইতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট কি তৎকর্ত্তৃক নিযুক্ত ব্যক্তির কোন সময়ে কোন বাড়ীর পরিদর্শন করিতে পারিবার কথা।]

৬৮ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তদর্থে তাঁহার লিপিদ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যে কোন সময়ে হউক, যাহার সমুদয় কি কোন অংশ মজুরদের দ্বারা কি মজুরদের জন্যে ব্যবহার হয় এমত কোন হাসপাতালে কি শিবিরে কি তাম্বুতে কি ঘরে প্রবেশ করিয়া নিরীক্ষণ করিতে, ও বিশেষ কোন মজুরকে আপনার সম্মুখে আনাইবার আজ্ঞা দিতে ও সেই মজুরের অবস্থা ও তাহার প্রতি যদ্রূপ আচরণ হয় তদ্বিষয়ক যে কোন অনুসন্ধান উপযুক্ত জ্ঞান করেন তাহা করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[যে ব্যক্তি পরিদর্শনের বাধা ইত্যাদি জন্মায় তাহার দণ্ডের কথা।]

৬৯ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারামতে যে প্রবেশ কি পরিদর্শন কি অনুসন্ধান করা যায় যদি কোন মুনীব কি সেই মুনীবের পরিবর্ত্তে কি অধীনে কর্ম্মকারি অন্য কোন ব্যক্তি তাহা ইচ্ছাপূর্ব্বক প্রতিরোধ কি বাধা করেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে সেই মনীব কি অন্য ব্যক্তি অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[যে মজুর কিয়ৎকালার্থে শ্রম করিবার অযোগ্য, তাহার চুক্তি ইনিস্পেকুটরের স্থগিত রাখিতে পারিবার কথা]

৭০ ধারা। মজুরদের কোন ইনিস্পেকুটরের ক্ষমতা যে সীমা ব্যাপ্ত হয় সেই সীমাবর্ত্তি কোন মজুর যদি

any laborer may be employed, to suspend, for such period as he shall consider advisable, the contract of such laborer, or any particul[illegible]m thereof, if such laborer shall be, in the judgment of such Inspector, temporarily unfitted for the performance thereof by reason of sickness, pregnancy, or other sufficient cause. Provided that every such suspension shall be endorsed by the Inspector on the contract. Provided, also, that every such laborer shall, during such incapacity, receive such subsistence money from his employer as shall be considered sufficient by the Inspector, and that the time during which the suspension continues shall not be reckoned as part of the term for which the laborer is bound to serve.

সেই ইনিস্পেকটরের বিচারানুসারে পীড়িত কি অন্তঃরাপত্য প্রযুক্ত কি অন্য পর্য্যাপ্ত কারণে চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম করণে কিয়ৎ কাল অসমর্থ হয়, তবে ইনস্পেকটর যত কাল উপযুক্ত জ্ঞান করেন তত কাল পর্য্যন্ত সেই চুক্তি কি তাহার বিশেষ কোন নিয়ম স্থগিত রাখিতে পারিবেন। পরন্তু কোন চুক্তি যত বার তদ্রূপে স্থগিত করেন ততবার ঐ স্থগিত রাখিবার কথা চুক্তিপত্রের পৃষ্ঠে লিখিবেন। আর তদ্রূপ কোন মজুর যত কাল উক্তমতে অসমর্থ থাকে তত কাল ইনিস্পেকটর তাহা যে খোরাকী প্রচুর জ্ঞান করেন তাহাই পাইবে, এবং মজুর সম্পূর্ণ যত কাল কর্ম্ম করিতে বদ্ধ আছে, তাহার ঐ চুক্তির স্থগিত থাকন কাল সেই মিয়াদের মধ্যে ধরা যাইবে না ইতি।

[Penalty for compelling laborer to perform work for which he is unfit.]

LXXI. If it shall be found that any laborer has been compelled to perform any species of labor for which he was at the time unfit, the employer by whom he was so employed shall be liable to fine.

[মজুর যে কর্ম্মের অনুপযুক্ত তাহাকে বলপূর্ব্বক সেই কর্ম্ম করাইবার দণ্ডের কথা।]

৭১ ধারা। যদি দৃষ্ট হয় যে মজুর বিশেষ প্রকারের কর্ম্ম করিতে অনুপযুক্ত হইলেও তাহার দ্বারা বলপূর্ব্বক সেই কর্ম্ম করান যায়, তবে যে মুনিব তাহাকে সেই কর্ম্ম করিতে দিলেন তিনি অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[Power to discharge laborers permanently unfitted for labor.]

LXXII. If, in the opinion of the Inspector of Laborers, any laborer shall be permanently unfitted for the performance of his contract or any material part thereof, the Inspector shall certify to that effect in writing, and deliver such Certificate to the employer of such laborer or some one on his behalf, and from the date of such Certificate the contract of such laborer shall wholly cease and determine. The Inspector shall make a Return of all such cases of determination of contract in his Report under Section LXVII of this Act. Every laborer, whose contract shall have been determined as aforesaid, shall be entitled to receive from his employer such sum, not exceeding three months' wages, as the Inspector may award, and such sum shall be recoverable before a Magistrate in the manner hereinafter provided for the recovery of wages.

[যে মজুর শ্রম করণে চিরকাল অসমর্থ তাহাকে ছাড়িয়া দিবার ক্ষমতার কথা।]

৭২ ধারা। যদি কোন মজুর ইনস্পেকটরের বিচারানুসারে চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য কি তাহার কোন গুরুতর অংশ সাধনে চিরকালের নিমিত্তে অসমর্থ হয়, তবে ইনস্পেকটর সেই মর্ম্মের সার্টিফিকট লিখিয়া মজুরের মালিককে কি তাহার পক্ষ কোন ব্যক্তিকে দিবেন, ও সেই সর্টিফিকটের তারিখঅবধি সেই মজুরের ঐ চুক্তি সর্ব্বতোভাবে শেষ হইয়া রহিত হইবে। এই আইনের ৬৭ ধারামতে ইনস্পেকটরের যে রিপোর্ট করিতে হয় তন্মধ্যে তিনি উক্ত সকল রহিত চুক্তির রিটর্ণ লিখিবেন। যে কোন মজুরের চুক্তি পূর্ব্বোক্তমতে রহিত হয় ইনস্পেকটর তিন মাসের বেতনের অনধিক যত টাকা আজ্ঞা করেন সে আপন মুনীবের স্থানে তত টাকা পাইতে স্বত্ববান হইবে, ও বেতনের বাকী টাকা আদায় করিবার যে বিধি পশ্চাৎ নির্দ্দিষ্ট করা গেল সেই বিধিমতে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সেই টাকা আদায় হইতে পারিবে ইতি।

[Laborer who has completed his contract, to be permitted to have such completion registered.]

LXXIII. Every laborer who shall have completed the term of his contract, shall be forthwith permitted by his employer to appear before the Inspector, to have the completion of his contract registered. If such employer shall fail to give notice of such completion to the Inspector, within one month after the date of such completion, such employer shall be liable to fine.

[মজুরের চুক্তি সমাপ্ত হইলে সেই কথা রেজিষ্টরী করাইতে পারিবার কথা।]

৭৩ ধারা। চুক্তিমতে কোন মজুরের মজুরী করিবার কাল শেষ হইলে, মুনিব তাহাকে তৎক্ষণাৎ ইনস্পেকটরের সম্মুখে উপস্থিত হইয়া আপনার চুক্তির কাল সমাপ্ত হওনের কথা রেজিষ্টর করাইতে অনুমতি দিবেন। মজুরের চুক্তির সময় অতীত হইলেও যদি ঐ মুনিব সেই চুক্তির কাল সমাপ্ত হইবার পর এক মাসের মধ্যে ইনস্পেকটরকে সম্বাদ না দেন, তবে সেই মুনিবের অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Power to redeem contract.]

LXXIV. If any laborer shall be able and desirous to redeem the unexpired term of his contract of service by payment of a sum equivalent to the value thereof according to the

[চুক্তিহইতে মুক্তি ক্রয় করিবার কথা।]

৭৪ ধারা। এই আইনের C চিহ্নিত তফসীলে যত টাকা নিরূপণ হইয়াছে যদি কোন মজুর তত টাকা দিয়া চুক্তিমতে আপনার কর্ম্ম করিবার অবশিষ্ট কাল হইতে আপনাকে মুক্ত করিতে পারে ও ইচ্ছুক হয়, তবে সেই

prices in the Schedule (C) hereto set forth, such laborer may demand to be taken or allowed to go before the Inspector of Laborers within the local limits of whose authority he may be employed, and on his depositing such sum in the hands of such Inspector, such Inspector shall give notice to the employer that such laborer requires him within one week to show cause why the contract of such laborer should not be released, and in case no sufficient cause shall be shown, such Inspector shall require the production of the contract of such laborer and endorse thereon a Certificate of release by purchase, and shall hold the sum in deposit on account of the employer of such laborer. If any employer or other person authorizrd to act for the employer, shall neglect to comply with such demand as aforesaid, such employer, or other person as aforesaid, shall be liable to fine.

মজুর এই দাওয়া করিতে পারিবে যে আপনি যে ইন্‌স্পেকুটরের ক্ষমতার সীমার মধ্যে কর্ম্ম করে, মুনিব তাহাকে তাঁহার সম্মুখে লইয়া যান কি যাইবার অনুমতি দেন। সেই ইনস্পেকুটরের হস্তে উক্ত টাকা সমর্পণ করিলে পর যদি মুনিব তাহাকে মুক্ত করিতে না চাহেন, তবে সপ্তাহের মধ্যে তাহার কারণ দর্শাইতে ইন্‌স্পেকুটর মুনীবকে মজুরের এই প্রার্থনা জ্ঞাত করিবেন। যদি উপযুক্ত কারণ দর্শান না যায়, তবে ইনস্পেকুটর সেই মজুরের চুক্তিপত্র আনাইয়া তাহার পৃষ্ঠে মূল্যদানক্রমে তাহার মুক্ত হইবার সর্টিফিকট লিখিবেন, ও উক্ত টাকা ন্যস্তস্বরূপ সেই মজুরের মুনিবের নামে জমা রাখিবেন। যদি কোন মুনিব কি তৎপক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি পূর্ব্বোক্ত দাওয়ামতে না কর্ম্ম করেন, তবে সেই মুনিবের কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[A Certificate to be given to laborer whose contract has determined or been completed, or who has purchased released therefrom.]

LXXV. Every laborer whose contract shall have been completed, determined, released by purchase as aforesaid, or rescinded by the mutual assent of the parties thereto, shall be entitled to receive forthwith from the Inspector, a Certificate of Release in such form as may from time to time be prescribed by the Lieutenant-Governor of Bengal by an order to be published in the *Calcutta Gazette*.

[মজুরের চুক্তির শেষ কি সমাপ্তি হইলে কি তাহা-হইতে মুক্ত করা গেলে তাহাকে সর্টিফিকুট দিবার কথা।]

৭৫ ধারা। যে কোন মজুরের চুক্তির শেষ কি সমাপ্তি হইয়াছে, কি পূর্ব্বোক্তমতে মূল্যদ্বারা যাহার চুক্তিহইতে মুক্তি হইয়াছে, কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে যাহার চুক্তি রহিত করা যায়, এমত প্রত্যেক মজুর ইন্‌স্পেকুটরের স্থানে অবিলম্বে মুক্তির সর্টিফিকুট পাইতে স্বত্ববান হইবে। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং কলিকাতা গেজেটে আজ্ঞা করণদ্বারা যে পাঠ নির্দ্দিষ্ট করিবেন, ঐ সর্টিফিকুট সেই পাঠে প্রস্তুত করিতে হইবে ইতি।

[Laborer who has completed his contract or been released therefrom, may enter into a fresh contract.]

LXXVI. Every laborer, the completion of whose contract or whose release therefrom shall have been certified as aforesaid, shall be entitled to enter into a fresh contract before the District Magistrate, in the manner hereinbefore prescribed for contracts entered into before the Superintendent of Labor Transport, and in case of his so entering into such fresh contract, all the provisions of this Act respecting contracts shall apply to such contract. Provided always that nothing hereinbefore contained shall prevent any such laborer entering into any contract or agreement to labor in any different or other form or manner, nor shall make the provisions of this Act applicable to any contract into which such laborer may have entered in such other or different form or manner.

[মজুরের চুক্তি সমাপ্ত হইলে কি মুক্তি হইলে তাহার চুক্তি করিতে পারিবার কথা।]

৭৬ ধারা। যে মজুরের চুক্তি সমাপনের কিম্বা চুক্তি-হইতে মুক্তি প্রাপণের সর্টিফিকুট পূর্ব্বোক্তমতে দেওয়া গিয়াছে, সেই মজুর জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে নূতন চুক্তি করিতে পারিবে। পূর্ব্বোক্তমতে মজুরদিগকে চালান কার্য্যের সুপরিন্টেণ্ডেন্টের সম্মুখে যেরূপে করিতে হয়, সেইরূপে করিবে। যদি তদ্রূপে নূতন করার করে, তবে এই আইনের চুক্তি বিষয়ক বিধান সেই চুক্তির প্রতিও বর্ত্তিবে। কিন্তু যদি তদ্রূপ কোন মজুর পরিশ্রম করিবার অন্য কি ভিন্নরূপ কোন চুক্তি কি করার করিতে চাহে, তবে এই আইনের কোন কথাতে তাহার তাহা করিতে বাধা হইবে না। এবং ঐ মজুর সেই অন্য কি ভিন্ন প্রকারের যে চুক্তি করিয়া থাকে এই আইনের কোন কথাক্রমে এই আইনের বিধান সেই চুক্তির প্রতি বর্ত্তিবে না ইতি।

[If laborer desire to complain, employer to give notice to Inspector.]

LXXVII. If any laborer shall state to his employer, or to any person acting for such employer, that he desires to make a complaint to the Inspector

[মজুর যদি নালিশ করিতে চায়, তবে ইনস্পেকুটরকে মনিবের সংবাদ দিবার কথা।]

৭৭ ধারা। কোন মজুর যদি আপন মুনিবকে কি সেই মুনিবের পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তিকে কহে যে আমার প্রতি আপনকার অত্যাচার কি

of Laborers of personal ill-usage or breach of any provision of this Act on the part of such employer or other person, the person to whom such statement shall have been made shall, within forty-eight hours, send notice thereof in writing to the Inspector, and in default of so doing, such person shall be liable to fine.

[Inspector how to proceed on receipt of notice of complaint.]

LXXVIII. Whenever any Inspector of Laborers shall receive such notice in writing as aforesaid, or whenever any complaint of personal ill-usage or breach of any provision of this Act as aforesaid, shall be made to him by any laborer against his employer or any person acting for such employer, or whenever the Inspector shall have other reasonable grounds for believing that any such personal ill-usage or breach of any provision of this Act as aforesaid has been suffered by a laborer, such Inspector shall forthwith, if the place in which such offence has been committed is not situate within the limits of his own authority, give notice thereof in writing to the Inspector within the limits of whose authority such place is situated: and if such place be situated within the limits of his own authority, then such Inspector shall, so soon as conveniently may be, proceed to some place not more than ten miles in a direct line from the principal place of business of such employer, and make full enquiry into the matter complained of.

[Inspector may summon the complainant and his witnesses. Penalty for obstructing service of, or obedience to, summons.]

LXXIX. For the purposes of such enquiry, it shall be lawful for any Inspector, if he think fit, to summon such laborer as aforesaid, as well as any witnesses; and if any employer shall in any way obstruct the service of, or obedience to, such summons, or if any witness summoned shall neglect to attend, such employer or witness shall be liable to fine.

[Inspector how to proceed if the complaint be untrue or frivolous.]

LXXX. If, upon such enquiry made on the complaint of a laborer, the Inspector shall be of opinion that the complaint is untrue or frivolous, he shall enter in his book the particulars of such complaint, and a short statement of the grounds of his opinion respecting it, and shall dismiss the complaint and in such case shall endorse on the contract of such complaint the number of days during which such complainant has been absent from work in consequence of such enquiry, and such number of

[*Government Gazette*, 2nd July 1867.]

আইনের কোন বিধান লঙ্ঘন প্রযুক্ত মজুরদের ইনস্পেকুটরের নিকটে নালিশ করিতে চাহি, তবে যে ব্যক্তিকে সেই কথা কহা যায় তিনি আট-চল্লিশ ঘণ্টার মধ্যে ইনস্পেকুটরের নিকটে সেই বিষয়ের লিখিত সংবাদ পাঠাইবেন, না পাঠাইলে সেই ব্যক্তি অর্থদণ্ডের যোগ্য হইবে ইতি।

[নালিশের সংবাদ পাইলে ইনস্পেকুটরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৭৮ ধারা। মজুরদের কোন ইনস্পেকটর যখন পূর্ব্বোক্ত প্রকারের লিখিত সংবাদ পান, কিম্বা কোন মজুর যখন তাঁহার নিকটে আপন মুনিবের নামে কি সেই মুনিবের পক্ষে কর্ম্মকারি কোন ব্যক্তির নামে পূর্ব্বোক্ত প্রকারের অত্যাচারের কি এই আইনের কোন বিধানলঙ্ঘনের নালিশ করে, অথবা কোন মজুরের প্রতি পূর্ব্বোক্ত প্রকারের অত্যাচার কি তাহার বিপক্ষে এই আইনের কোন বিধানলঙ্ঘন হইয়াছে, যখন সেই ইনস্পেকুটর এমত প্রত্যয় করিবার যুক্তিযুক্ত অন্য কারণ জানেন, তখন যে স্থানে ঐ অপরাধ হইয়াছে, তাহা যদি তাঁহার নিজ ক্ষমতার সীমার অন্তর্গত না থাকিলে অন্য যে ইনস্পেটরের সীমার অন্তর্গত থাকে তাঁহাকে তিনি ঐ বিষয়ের লিখিত সংবাদ দিবেন। যদি ঐ স্থান তাঁহার নিজ ক্ষমতার সীমার অন্তর্গত থাকে, তবে তিনি সুবিধামতে যত শীঘ্র যাইতে পারেন, ঐ মুনিবের কর্ম্মের প্রধান স্থানহইতে সোজাপথে দশ মাইলের অনধিক কোন স্থানে গিয়া সেই অভিযোগের সম্পূর্ণ অনুসন্ধান করিবেন ইতি।

[বাদিকে ও তাহার সাক্ষিদিগকে ইনস্পেকুটরের আহ্বান করিতে পারিবার কথা, এবং আহ্বানপত্র দিবার কি তদনুসারে কর্ম্ম হইবার বাধা জন্মাইবার দণ্ডের কথা।]

৭৯ ধারা। কোন ইনস্পেকুটর উপযুক্ত জ্ঞান করিলে, তদ্রূপ অনুসন্ধানের উপলক্ষে পূর্ব্বোক্ত মজুরকে ও সাক্ষিদিগকে আহ্বান করিতে ক্ষমতাপন্ন হইবেন, এবং যদি কোন মুনিব তদ্রূপ আহ্বানপত্র দিবার কি তদনুযায়ি কর্ম্ম হইবার কোন বাধা জন্মান, কিম্বা সাক্ষী আহ্বান করা গেলেও যদি উপস্থিত হইতে শৈথিল্য করে, তবে সেই মুনিবের কি সাক্ষির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[নালিশ অসত্য কি তুচ্ছ হইলে ইনস্পেকুটরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৮০ ধারা। মজুরের নালিশক্রমে উক্ত অনুসন্ধান হইলে যদি ইনস্পেকুটরের বিবেচনায় ঐ অভিযোগ অসত্য কি তুচ্ছ হয়, তবে তিনি আপন বহীতে সেই নালিশের বৃত্তান্ত ও তদ্বিষয়ক আপনার সেই মতের হেতু সংক্ষেপে লিখিয়া বিবাদ ডিসমিস করিবেন। তদ্রূপ স্থলে সেই অনুসন্ধান প্রযুক্ত বাদী যত দিন কর্ম্মে যায় নাই, তাহার সংখ্যা তিনি ঐ বাদির চুক্তিপত্রের পৃষ্ঠে লিখিবেন, ও বাদী যত কাল শ্রম করিতে চুক্তি করিয়াছে, তাহা তত দিন পর্য্যন্ত বৃদ্ধি হইবে, ও পৃষ্ঠে যত দিন লেখা হইয়াছে মজুর উপযুক্ত কারণ ভিন্ন তত

days shall be added to the period for which such complainant had contracted to serve, and every such endorsement shall be conclusive evidence that such laborer has absented himself from his labor without sufficient cause during the number of days which shall be so endorsed.

[Inspector how to proceed if the complaint be well founded.]

LXXXI. If, upon such enquiry as aforesaid, any Inspector not being a Magistrate shall be of opinion that the complaint is well founded but not within his own cognizance under the powers conferred upon him under this Act, he shall without delay send the complainant and his witnesses to the nearest Magistrate, and such Magistrate shall thereupon deal with the case in due course of law.

[Compensation to be given if wages for more than two months are due.]

LXXXII. If, upon the complaint of any laborer, it shall be proved to the satisfaction of the Magistrate that the wagse of such laborer have not been paid to him for a period of more than two months after they have become due, it shall be lawful for such Magistrate to award to such laborer the amount which shall appear to be then due to him; and also, by way of compensation, such further sum, not exceeding that amount, as shall appear to the Magistrate to be just; and, in case of default, the Collector shall, upon the requisition of the Magistrate, levy the entire sum in the manner prescribed in Section LXV.

[Contract to be cancelled if employer be convicted by the Court of Session, or be twice convicted by a Magistrate, of an offence against the laborer, or if wages be not paid for more than four months, or if laborer have been grossly ill-used.]

LXXXIII. If any employer, or any person placed in authority over any laborer by such employer, shall be convicted of any offence causing injury to the person or property of such laborer triable under the Code of Criminal Procedure by the Court of Session; or if any such employer, or other person as aforesaid, shall be twice convicted of any such offence against such laborer triable, under the said Code, by a Magistrate; or if it shall be proved before a Magistrate that the wages of such laborer have not been paid for a period of more than four months after they shall have become due, or if the Magistrate of the District shall, on the report of the Inspector, and after due enquiry, upon oath, in the presence of the parties, be satisfied that any laborer has been compelled to perform any labor while he was unfit for it, or

দিন আপন কর্ম্মে যায় নাই, ঐ পৃষ্ঠলিপি ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

[অভিযোগ সত্য হইলে ইনস্পেক্‌টরের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৮১ ধারা। যদি মাজিষ্ট্রেটভিন্ন কোন ইনস্পেক্‌টর পূর্ব্বোক্ত প্রকারের অনুসন্ধানক্রমে সেই নালিশ সত্য জ্ঞান করেন, কিন্তু এই আইনক্রমে তাঁহার যে ক্ষমতা থাকে তদনুসারে ঐ অভিযোগ তাঁহার বিচার্য্য নয়, তবে তিনি নালিশকারি মজুরকে ও তাহার সাক্ষিদিগকে অবিলম্বে অতি নিকটবর্ত্তি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, এবং উক্ত মাজিষ্ট্রেট আইনের নির্দ্ধারিতমতে সেই বিষয়ের বিচার করিবেন ইতি।

[দুই মাসের অধিক কালের বেতন বাকী থাকিলে ক্ষতিপূরণের কথা।]

৮২ ধারা। কোন মজুরের অভিযোগক্রমে যদি মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হয় যে ঐ মজুরের বেতন যে দিনে পাওনা ছিল সেই দিন অবধি দুই মাসের অধিক কাল গত হইলেও তাহাকে বেতন দেওয়া যায় নাই, তবে সেই সময়ে ঐ মজুরের যত টাকা পাওনা দৃষ্ট হয়, উক্ত মাজিষ্ট্রেট তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং ঐ টাকার অনধিক যত টাকা মাজিষ্ট্রেট সাহেবের ন্যায্য বোধ হয় ক্ষতিপূরণস্বরূপে তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহা দেওয়া না গেলে মাজিষ্ট্রেট সাহেবের প্রার্থনাক্রমে কালেক্‌টর সাহেব এই আইনের ৬৫ ধারার নির্দ্দিষ্টমতে ঐ সমুদয় টাকা আদায় করিবেন ইতি।

[মজুরের বিপক্ষে মুনিবের অপরাধ সেশন আদালতে প্রমাণ হইলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দুই বার প্রমাণ হইলে, কিম্বা চারিমাসের অধিক কাল বেতন না দেওয়া গেলে, কিম্বা মজুরের প্রতি অত্যন্ত কটুব্যবহার হইলে চুক্তি রহিত হইবার কথা।]

৮৩ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে মজুরের অঙ্গ কি সম্পত্তি হানি করণের যে অপরাধ সেশন আদালতের বিচার্য্য হয়, যদি মজুরের প্রতি মুনিবের কিম্বা তাঁহার আজ্ঞাক্রমে ঐ মজুরের উপর কর্ত্তৃত্ব করিবার ক্ষমতা অন্য যে ব্যক্তিকে দেওয়া গেল সেই ব্যক্তির তদ্রূপ অপরাধ সপ্রমাণ হয়, কিম্বা উক্ত আইনক্রমে মাজিষ্ট্রেটের দ্বারা তদ্রূপ যে অপরাধ বিচার্য্য হয় যদি ঐ মজুরের প্রতি ঐ মুনিবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তির সেই অপরাধ দুইবার সপ্রমাণ হয়, কিম্বা ঐ মজুরের বেতন যে দিনে পাওনা ছিল সেই দিন অবধি চারি মাসের অধিক কাল গত হইলেও তাহাকে দেওয়া যায় নাই ইহা যদি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ করা যায়, কিম্বা কোন মজুর যখন বিশেষ কোন কর্ম্ম করিতে অসমর্থ ছিল তখন বলক্রমে তাহার দ্বারা সেই কর্ম্ম করাণ গিয়াছে, কিম্বা উক্ত মুনিব কি সেই মজুরের উপরে কর্ত্তৃত্ব করণার্থে ঐ মুনিবের নিযুক্ত অন্য ব্যক্তি মজুরের প্রতি অত্যন্ত কটুব্যবহার করিয়াছে, জিলার মাজিষ্ট্রেট যদি

has been subjected to gross ill-usage by such employer or any other person placed in authority over the laborer by such employer—it shall be lawful for the Magistrate, on the application of the laborer, in each of such cases, to cancel the contract of such laborer, and to award to him such compensation, not exceeding thirty Rupees, as the Magistrate shall think fit, and every such cancelment shall be certified by the Magistrate on the back of such contract, and such laborer shall then be at liberty either to enter into a fresh contract with any other employer, or to return to the District from which he was recruited.

[Penalty on laborer for absenting himself without sufficient cause.]

LXXXIV. Any laborer, who shall absent himself from his labor without sufficient cause, may, on conviction, be sentenced to lose all claim to wages or allowances during the period of such absence, and also to forfeit to his employer a sum not exceeding four annas for each day during which such absence shall have continued; and in case such absence shall have exceeded seven days, or in case such laborer shall have been already convicted of the same offence within a period of three months, such laborer shall be furthermore sentenced to rigorous imprisonment for fourteen days.

[Laborer deserting may be apprehended without a warrant. Proviso. Further Proviso.]

LXXXV. If any laborer shall desert or attempt to desert from his employer's service, such employer or any other person acting in his behalf may, without first procuring a warrant and without the assistance of any Police Officer (who, nevertheless, shall be bound to give such assistance if called upon to do so), apprehend such laborer wherever he may be found. Provided, nevertheless, that if such laborer be found in the service of another employer, he shall not be arrested without a warrant. Provided, also, that if such employer or other person shall not, within a reasonable time from the time of such apprehension, give the said laborer in charge at the nearest Police station, and there enter the charge upon which he shall have apprehended such laborer, the person so apprehending shall be liable to fine.

[Laborer, when made over to the Police, to be taken before the nearest Magistrate.]

LXXXVI. Any laborer so given in charge shall be made over to a Police Officer, who shall convey him, without delay, to the nearest Magistrate; and if the place from which such laborer is charged with having deserted be within the jurisdiction

ইন্সিপেক্টরের রিপোর্টক্রমে ও উভয় পক্ষের সাক্ষাতে শপথ সম্বলিত উচিত অনুসন্ধান করিয়া ইহা অবোধমতে জানিতে পান, তবে ঐ প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট সাহেব মজুরের প্রার্থনাক্রমে তাহার চুক্তি রহিত করিতে পারিবেন, এবং ত্রিশ টাকার অনধিক যত উপযুক্ত জ্ঞান করেন, ক্ষতিপূরণস্বরূপে তাহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। চুক্তিপত্র তদ্রূপে রহিত করা গেলে মাজিষ্ট্রেট সাহেব পত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন তখন ঐ মজুর অন্য কোন মুনিবের সহিত নূতন চুক্তি করিতে পারিবে, অথবা যে জিলাতে গৃহীত হইয়াছিল তথায় ফিরিয়া যাইতে পারিবে ইতি।

[যে মজুর উপযুক্ত কারণ বিনা অনুপস্থিত থাকে তাহার দণ্ডের কথা।।

৮৪ ধারা। যদি কোন মজুর উপযুক্ত কারণ না থাকিলেও কর্ম্মে না যায়, তবে তাহার ঐ দোষ সপ্রমাণ হইলে যত কাল অনুপস্থিত ছিল তাহার তত কালের বেতন ও উপরি পাইবার সমুদয় দাওয়া রহিত হইবে, এবং যত দিন অনুপস্থিত ছিল তাহার দিন প্রতি চারি আনার অনধিক অর্থদণ্ড মুনিবকে দিতে হইবে, যদি সে সাত দিনের অধিক কাল অনুপস্থিত থাকে, কি পূর্ব্ব তিন মাসের মধ্যে যদি অন্যবার তাহার নামে সেই অপরাধের প্রমাণ হইয়া থাকে, তবে ঐ দণ্ডের অধিক তাহার চৌদ্দ দিনপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইবে ইতি।

[পলাতক মজুরকে ওয়ারণ্ট বিনা ধরিতে পারিবার কথা ও দুই উপবিধি।]

৮৫ ধারা। কোন মজুর যদি আপন মুনিবের কর্ম্ম-হইতে পলায়ন করে কি পলাইবার উদ্যোগ করে, তবে সেই মুনিব কি তাঁহার পক্ষে কর্ম্মকারি অন্য ব্যক্তি অগ্রে ওয়ারণ্ট না পাইলেও এবং পোলীসের কোন কর্ম্মচারির সাহায্য ব্যতিরেকেও মজুরকে যে খানে পাওয়া যায় সেখানে ধরিতে পারিবে। পোলীসের কর্ম্মচারির সাহায্য চাহিলে তাহার সাহায্য করিতে হইবে। যদি সেই মজুরকে অন্য মুনিবের নিকটে কর্ম্ম করিতে দেখা যায়, তবে ওয়ারণ্ট বিনা তাহাকে ধরিতে হইবে না। যদি ঐ মুনিব কি পূর্ব্বোক্ত অন্য ব্যক্তি তাহাকে ধরিলে পর উপযুক্ত সময়ের মধ্যে পোলীসের নিকট থানায় সমর্পণ করিয়া তাহাকে যে অভিযোগে ধরা গেল তাহা লেখাইয়া না দেন, তবে সেই ধৃতকারি ব্যক্তির অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[মজুর পোলীসের হস্তে সমর্পিত হইলে তাহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকটে লইয়া যাইবার কথা।]

৮৬ ধারা। কোন মজুরকে উক্ত প্রকারে ধরিয়া দেওয়া গেলে, তাহাকে পোলীসের কোন কর্ম্মকারকের হস্তে সমর্পণ করিতে হইবে। সেই কর্ম্মকারক তাহাকে অবিলম্বে নিকটস্থ মাজিষ্ট্রেটের সম্মুখে লইয়া যাইবে। সেই মজুরের নামে যে স্থানহইতে পলাইবার

of such Magistrate, he shall himself adjudicate upon the charge; but if not, he shall forward the said laborer, under custody, to the Magistrate within whose jurisdiction such place may be situated, who shall adjudicate upon such charge.

[Enquires to be made on trial of charge of desertion.]

LXXXVII. In adjudicating on the charge, the Magistrate shall enquire into the cause of the alleged desertion, and for that purpose shall summon such witnesses as he may think necessary. If on such enquiry it shall appear to the Magistrate that the laborer deserted under a reasonable apprehension that his continuing to work in the place from which he deserted would be attended with risk to his life or health, the Magistrate shall (if satisfied that the ground for such apprehension has ceased to exist, or that the laborer may safely work elsewhere under his contract than at the place from which he deserted) make over such laborer to his employer. If on the enquiry the Magistrate shall be satisfied that the laborer could not continue to labor under his contract, whether at the place from which he deserted or elsewhere, without risk to his life or health, the Magistrate shall declare the contract of such laborer at an end, and the contract shall thenceforth absolutely cease and determine, save as regards the laborer's right to recover any arrears of wages due to him at the time of his desertion.

[Penalties for desertion and wrongful apprehension.]

LXXXVIII. If it be proved to the satisfaction of the Magistrate that such laborer has deserted from his employer's service without such reasonable apprehension as aforesaid, he shall be convicted and sentenced to rigorous imprisonment for a period not exceeding three months. If it be proved that the laborer deserted under such resonable apprehension as aforesaid, or was otherwise wrongfully charged with desertion, the employer by whom or on whose charge or by whose order he shall have been apprehended, shall be liable to a fine, any portion of which may be awarded to such laborer.

[Provisions regarding desertion and unlawful absence to apply to desertion in transit.]

LXXXIX. All the provisions of this Act regarding the desertion or unlawful absence of laborers, shall be held applicable to laborers who shall desert while in transit to the District in which they have contracted to labor for hire; and such laborers may be tried either in the District in which they may be apprehended, or in the District in

নালিশ হয়, তাহা যেই মাজিষ্ট্রেটের বিচারাধিকারের অন্তর্গত থাকিলে, তিনি আপনি সেই নালিশের বিচার করিতে প্রবৃত্ত হইবেন, অতুবা ঐ স্থান যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের অন্তর্গত, তাঁহার নিকটে প্রহরিদ্বারা সেই মজুরকে পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেট তাহার বিচার করিবেন ইতি।

[পলায়ন করিবার নালিশের বিচারকালে যে বিষয়ের অনুসন্ধান লইতে হইবে তাহার কথা।]

৮৭ ধারা। ঐ অভিযোগের বিচার কালে, মাজিষ্ট্রেট সাহেব কথিত পলায়নের কারণের সন্ধান লইবেন। তৎপ্রযুক্ত যে সাক্ষিদিগকে আবশ্যক বোধ করেন তাহাদিগকে আহ্বান করিবেন। পরে মজুর যে স্থানহইতে পলায়ন করিল, সেই স্থানে কর্ম্ম করিতে থাকিলে তাহার প্রাণের কি স্বাস্থ্যের হানির সম্ভাবনা এমত যুক্তিসিদ্ধ আশঙ্কা থাকাতে মজুর পলায়ন করিল, মাজিষ্ট্রেট সাহেব যদি পূর্ব্বোক্ত অনুসন্ধান করিয়া ইহা জানিতে পান, এবং ঐ আশঙ্কার যে কারণ ছিল তাহা এক্ষণে নাই, কিম্বা মজুর যে স্থানহইতে পলায়ন করিয়াছে তদ্ভিন্ন কোন স্থানে ঐ চুক্তিক্রমে নিরাশঙ্কায় কর্ম্ম করিতে পারে, ইহা যদি হৃদ্বোধমতে জানেন, তবে মুনীবের হস্তে মজুরকে সমর্পণ করিবেন। মজুর যে স্থানহইতে পলাইল সেই কি অন্য স্থানেও আপনার চুক্তিক্রমে কর্ম্ম করিতে থাকিলে অবশ্য তাহার প্রাণের কি স্বাস্থ্যের আশঙ্কা হইত, মাজিষ্ট্রেট সাহেব সন্ধানক্রমে যদি ইহা হৃদ্বোধমতে জানিতে পান, তবে তিনি সেই মজুরের চুক্তি রহিত হইল প্রকাশ করিবেন। ও তৎকালাবধি ঐ চুক্তি নিরপেক্ষরূপে রহিত ও শেষ হইবে। কিন্তু পলায়ন সময়ে তাহার যে বেতন বাকী ছিল তাহা পাইবার স্বত্বপক্ষে ঐ চুক্তি বলবৎ থাকিবে ইতি।

[পলাইবার ও অন্যায়পূর্ব্বক ধৃত করিবার দণ্ডের কথা।]

৮৮ ধারা। পূর্ব্বোক্ত যুক্তিসিদ্ধ আশঙ্কা না থাকিলেও সেই মজুর আপন মুনীবের কর্ম্মহইতে পলাইয়াছে ইহা যদি মাজিষ্ট্রেটের হৃদ্বোধমতে প্রমাণ করা যায়, তবে তিনি তাহাকে দোষী নির্ণয় করিয়া তিন মাসের অনধিক কালপর্য্যন্ত তাহার কঠিনপরিশ্রমসহিত কারাদণ্ডের আজ্ঞা করিবেন। সেই মজুর পূর্ব্বোক্ত যুক্তিসিদ্ধ আশঙ্কা হেতুক পলায়ন করিয়াছে, কিম্বা তাহার নামে অন্যায়মতে পলায়ন করিবার অভিযোগ হইয়াছে, যদি এমত প্রমাণ হয়, তবে যে মুনীব তাহাকে ধরিয়াছেন কিম্বা যাঁহার নালিশ কি আজ্ঞাক্রমে তাহাকে ধরা গিয়াছে সেই ব্যক্তির অর্থদণ্ড হইবে। ঐ টাকার কোন অংশ মজুরকে দিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

[পলায়ন ও অবৈধমতে অনুপস্থান বিষয়ক যে বিধান হইয়াছে তাহা পথে গমনকালীন পলায়নের প্রতি বর্ত্তিবার কথা।]

৮৯ ধারা। এই আইনে মজুরদের পলায়ন কি ব্যবস্থাবিরুদ্ধ অনুপস্থান বিষয়ক যত বিধান আছে মজুরেরা বেতন পাইবার আশাতে যে জিলাতে কর্ম্ম করিবার চুক্তি করিয়াছে, তথায় গমনকালে পলায়ন করিলে তাহাদের প্রতি সেই সকল বিধান খাটিবে, এবং ঐ মজুরেরা যে জিলাতে ধরা পড়ে সেই জিলাতে, অথবা চুক্তিক্রমে বেতনের আশাতে যে জিলাতে শ্রম

which under their contracts they are bound to labor for hire.

[Penalty for enticing away, harboring, or employing, laborers under contract to another person.]

XC. Any person who shall knowingly and wilfully entice away, harbour, or employ any laborer, before such laborer shall have been lawfully released from his contract, shall be liable to a fine the whole or any portion of which may be awarded to the employer of such laborer.

[Expense of restoring a deserting laborer to be borne by his employer.]

XCI. Every employer who shall obtain a warrant for the arrest and return, or an order for the forwarding, of any laborer who may have deserted, shall pay the expense of the arrest and return of such laborer, aud shall, before the said warrant is executed, deposit with the Magistrate who may issue such warrant or make such order, such sum as such Magistrate may in his discretion deem to be sufficient for defraying the expense of such arrest and return or forwarding.

[Portion of sentence may be cancelled if employer apply for return or laborer.]

XCII. It shall be lawful for the employer, or any person authorised to act for the employer of any laborer imprisoned for any offence under this Act, to apply to the Magistrate, at any time previous to the expiry of such sentence, that such laborer be made over to him for the purpose of completing his contract, and the Magistrate shall, in such case, make over such laborer, and shall cancel the remainder of the sentence passed on him, and shall endorse on the contract of such laborer a memorandum signed by him of such cancellation.

[Conviction not to operate as a release, but on expiry of sentence laborer to be made over to employer.]

XCIII. On the expiry of any sentence of imprisonment for any offence under this Act, it shall be the duty of the Magistrate to make over such laborer to any person appointed on the part of his employer to receive charge of him; and no conviction under this Act, or imprisonment under such conviction, shall be held to operate as a release to any laborer from the terms of his contract. Provided, nevertheless, that the period of imprisonment shall in no case be prolonged by reason of there being no person present on the part of the employer to take charge of the laborer at the expiry of his sentence, but such

করিতে বদ্ধ আছে সেই জিলাতে তাহাদের বিচার হইতে পারিবে ইতি।

[অন্যের কর্ম্মহইতে মজুরদিগকে ফুসলাইয়া লইবার কি আশ্রয় কি কর্ম্ম দিবার দণ্ডের কথা।]

৯০ ধারা। মজুর আইনমতে চুক্তিহইতে মুক্ত না হইলেও, যদি কেহ জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক তাহাকে ফুসলাইয়া লইয়া যায় কি আশ্রয় দেয় কি কর্ম্ম দেয়, তবে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ দণ্ডের সমুদয় টাকা কি তাহার কোন অংশ ঐ মজুরের মুনিবকে দিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

[পলাতক মজুরকে মুনীবের নিকটে ফিরিয়া পাঠাইবার খরচ মুনীবের দিতে হইবার কথা।]

৯১ ধারা। মজুর পলাতক হইলে তাহার যে মুনীব তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা কি চালান করিবার আজ্ঞাপত্র পান, তিনি ঐ ধরিয়া আনিবার খরচ দিবেন। এবং যে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানা দেন কি ঐ আজ্ঞা করেন তাঁহার বিবেচনায় ঐ ব্যক্তির ধরিয়া আনাইবার কি চালান করিবার যত খরচ কুলাইবে, ঐ মুনীব ঐ পরওয়ানা সাধন করিবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ খরচ জমা করিবেন ইতি।

[মুনীব যদি মজুরের প্রত্যাগমনের প্রার্থনা করেন, তবে দণ্ডের একাংশ রহিত হইতে পারিবার কথা।]

৯২ ধারা। এই আইনের বিরুদ্ধে কোন অপরাধপ্রযুক্ত যে কোন মজুর করাবদ্ধ হয়, তাহার কারাদণ্ডের কাল অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে তাহার মুনীব কি সেই মুনীবের পক্ষে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের কাছে ঐ মজুরের চুক্তিমতে কর্ম্ম করিবার জন্যে তাহাকে আপন হাতে সমর্পণ করিবার প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে মাজিষ্ট্রেট সেই মজুরকে সমর্পণ করিয়া তাহার নামে প্রচারিত দণ্ডের অবশিষ্টাংশ রহিত করিবেন। এবং সেই মজুরের চুক্তির পৃষ্ঠে সেই রহিত হইবার কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[দণ্ড নির্ণয় হেতুক মুক্ত না হইবার কিন্তু দণ্ডের কাল গত হইলে মজুরকে মুনীবের প্রতি সমর্পণ করিতে হইবার কথা।]

৯৩ ধারা। এই আইনের বিরুদ্ধ কোন অপরাধপ্রযুক্ত যে কারাদণ্ডের আজ্ঞা হয়, তাহার শেষ হইলে পর মুনীব তাহাকে আনিবার নিমিত্তে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার হস্তে মাজিষ্ট্রেট সাহেবের সেই মজুরকে সমর্পণ করা কর্ত্তব্য। এবং এই আইনক্রমে দোষ নির্ণয় হইলে কি দোষ নির্ণয়প্রযুক্ত কারাবদ্ধ হইলেও চুক্তির নিয়মহইতে মজুরের নিস্তার নাই। পরন্তু দণ্ডের কাল গত হইলে পর যদিও মুনীবের পক্ষে কোন ব্যক্তি মজুরকে লইয়া যাইবার জন্যে উপস্থিত না থাকে, তথাপি কোনক্রমে কারাদণ্ডের কাল বাড়াইতে হইবে না, কিন্তু তদ্রূপ স্থলে মুনীবের প্রধান কর্ম্মস্থানে মজুরকে পাঠান যাইবে ও পাঠাইতে যে খরচ লাগে তাহা এই আইনমতের অর্থদণ্ড আদায় করিবার

laborer shall, in that case, be sent to the principal place of business of such employer, and the expense of such conveyance shall be levied from the employer in the manner provided under this Act for the recovery of the rates imposed under this Act.

[Sentence to be endorsed on contract. Periods of imprisonment and unlawful absence to be added to term of service.]

XCIV. The term of every unlawful absence from labor for which a sentence shall be imposed, and of every sentence of imprisonment for any offence under this Act, shall be endorsed on the contract, at the time of such sentence being passed, by the Officer passing it; and no such period of imprisonment or unlawful absence, so endorsed, shall be reckoned as part of the term for which the laborer is bound to serve: but such term shall extend to such further period as shall be equivalent to the aggregate amount of the imprisonments and unlawful absences so endorsed.

[If the Inspector believe any estate or part thereof to be unfit for habitation, a Committee shall be summoned.]

XCV. If an Inspector of Laborers shall at any time have reason to believe that any estate or portion of an estate situated within the limits of his jurisdiction, is by reason of climate or situation unfit for human habitation, such Inspector shall give notice in writing of his opinion to the Magistrate of the District, and such Magistrate shall forthwith summon a Committee to enquire into the fitness of such estate or portion thereof for human habitation. Such Committee shall consist of the Magistrate, the Inspector of Laborers, the Medical Officer of the District, and at least one Employer of Laborers resident in the District. Such Committee shall proceed, with as little delay as possible, to inquire into the healthiness of the estate or portion thereof to which the Inspector's Report has reference, and shall hear such evidence on the subject as the owner of such estate or portion of the estate as aforesaid, or the Employer or Inspector, may desire to place before it, and, if such Committee shall be of opinion that such estate or any portion thereof is unfit for human habitation, it shall record a finding to that effect; and the contract of every laborer who shall have contracted to serve on such estate shall thereupon be null and void as regards such estate or such portion thereof. Provided, however, that every such contract shall continue valid with regard to any other portion of such estate, or to any other estate of the same Employer.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২ জুলাই।]

বিধানানুসারে মুনীবের স্থানে আদায় করা যাইবে ইতি।

[চুক্তির পৃষ্ঠে দণ্ডাজ্ঞা লিখিবার কথা, এবং কারাবাসের ও ব্যবস্থাবিরুদ্ধ অনুপস্থানের কাল চুক্তিমত শ্রমকালে যোগ করিবার কথা।]

৯৪ ধারা। কর্ম্মে অনুপযুক্ত কারণে উপস্থিত না থাকাতে দণ্ডের আজ্ঞা হইলে মজুর যত কাল কর্ম্মে অনুপস্থিত ছিল, এবং এই আইনবিরুদ্ধ অপরাধ হেতুক কারাদণ্ড হইলে যত কাল কারাবদ্ধ হইয়াছে, যে কার্য্যকারক দণ্ডের আজ্ঞা করেন তিনি ঐ আজ্ঞা করণ সময়ে চুক্তির পৃষ্ঠে ঐ কালের কথা লিখিবেন। এবং কারাবদ্ধ হইবার ও অবৈধমতে অনুপস্থিত হইবার যত কাল সেই চুক্তির পৃষ্ঠে লেখা থাকে তাহা ঐ মজুরের মজুরী করিবার কালের মধ্যে ধরা যাইবে না। ঐ২ কাল মোটে ধরিয়া যত দিন হয় মজুরী করিবার সময় তত দিন বৃদ্ধি হইবে ইতি।

[কোন বাড়ী কি তাহার কোন অংশ বাসের অনুপযুক্ত ইন্‌স্পেক্‌টরের এমত বিশ্বাস হইলে কমিটী আহ্বান করিবার কথা।]

৯৫ ধারা। মজুরদের কোন ইন্‌স্পেকুটরের ক্ষমতা যে পর্য্যন্ত ব্যাপে সেই সীমার মধ্যগত কোন বাড়ীর জলবায়ুর কি চতুর্দ্দিগের স্থানের দোষপ্রযুক্ত সেই বাড়ী মনুষ্যবাসের উপযুক্ত নয়, যদি কোন সময়ে তাঁহার এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকে, তবে তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনার মত লিখিয়া জানাইবেন। তৎপ্রযুক্ত ঐ বাড়ী কি তাহার ঐ অংশ মনুষ্যবাসের উপযুক্ত কি না মাজিষ্ট্রেট সাহেব ইহার অনুসন্ধান লইবার জন্যে তৎক্ষণাৎ কমিটী আহ্বান করিবেন। মাজিষ্ট্রেট সাহেবকে এবং মজুরদের ইন্‌স্পেকুটরকে ও জিলার ডাক্তর সাহেবকে এবং মজুরদের যে মুনীবেরা ঐ প্রদেশে বাস করেন তাঁহারদের মধ্যে ন্যূনকল্পে এক জনকে লইয়া ঐ কমিটী হইবে। ইন্‌স্পেক্‌টরের রিপোর্টে ঐ বাড়ীর কি তাহার যে অংশের উল্লেখ হইয়াছে তাহার পীড়াজনকতা বিষয়ে ঐ কমিটী সাধ্যমতে অবিলম্বে অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন। এবং ঐ বাড়ীর কি তাহার উক্ত অংশের স্বামী ও মুনীব ও ইন্‌স্পেকুটর কমিটীর সম্মুখে যে সাক্ষ্য উপস্থিত করেন তাহা শুনিবেন। তাহাতে সেই বাড়ীর কি তাহার সেই অংশ মনুষ্যবাসের উপযুক্ত নহে ঐ কমিটীর যদি এইরূপ মত হয়, তবে তাঁহারা আপনারদের সেই মর্ম্মের বিচার লিখিবেন। তাহা হইলে যে প্রত্যেক মজুর ঐ বাড়ীতে কর্ম্ম করিবার চুক্তি করিয়াছে, সেই বাড়ীর কি সেই অংশের সম্পর্কে তাহারদের সেই চুক্তি ব্যর্থ ও রহিত হইবে। কিন্তু সেই বাড়ীর অন্য কোন ভাগের সম্পর্কে কিম্বা সেই মুনীবের অন্য কোন বাড়ীর সম্পর্কে সেই চুক্তি দৃঢ় থাকিবে ইতি।

[Act not to apply to domestic servants or to laborers proceeding alone.]

XCVI. None of the provisions of this Act shall apply to domestic servants, nor to any laborer proceeding alone, or accompanied by his family only, to the said Districts, nor to any number, less than twenty, of persons intending to serve for hire in the said Districts, proceeding together to the said Districts without the intervention, direct or indirect, of a Recruiter, or of a Contractor.

[ঘরের চাকরেরদের কিম্বা একলা গমনকারি মজুরের প্রতি এই আইন না খাটিবার কথা।]

৯৬ ধারা। ঘরের চাকরেরা কিম্বা কোন মজুর একলা কি কেবল সপরিবারে উক্ত প্রদেশে গমন করিলে, কিম্বা বিশ জনের ন্যূন মজুর, সাক্ষাৎরূপে কি চক্রান্তে সংগ্রাহকের কি কন্‌ট্রাক্টরের কোন সহায়তা বিনা উক্ত জিলাতে বেতনের নিমিত্তে মজুরী করিবার উদ্দেশে গমন করিলে, এই আইনের বিধান তাহাদের প্রতি খাটিবে না ইতি।

[Penalty for any offence not specially provided for.]

XCVII. For every offence against the provisions of this Act for which no special amount of fine is hereinbefore appointed, the offender shall be liable to a fine not exceeding two hundred Rupees. Wherever in this Act no special term of imprisonment is appointed in default of payment of the fine, the offender shall be liable to imprisonment for a term not exceeding one month.

[যে অপরাধের স্পষ্টবিধান না হইয়াছে তাহার দণ্ডের কথা।]

৯৭ ধারা। এই আইনের বিধান লঙ্ঘনহেতুক অর্থদণ্ডের আজ্ঞা হইলেও যত টাকা দণ্ড হইবে এই কথা ইহার পূর্ব্ব কোন ধারাতে নির্দ্দিষ্ট না থাকিলে অপরাধির দুই শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবে। এই আইনের যে স্থলে দণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত কারাদণ্ডের বিধান হইয়া দণ্ডের সময় নির্দ্দিষ্ট না থাকে সেই স্থলে অপরাধির এক মাসের অনধিক কারাদণ্ড হইবে ইতি।

[Procedure.]

XCVIII. All offences against this Act committed without the town of Calcutta, shall be heard and determined according to the provisons of the Code of Criminal Procedure, and all offences against this Act committed within the said town shall be heard and determined by a Police Magistrate of the said Town according to the provisions of the Law regulating the hearing and determination of offences within the said Town, which shall for the time being be in force.

[কার্য্য প্রণালীর কথা।]

৯৮ ধারা। কলিকাতা নগরের বাহিরে এই আইনের বিপরীত কোন অপরাধ করা গেলে সেই অপরাধের অভিযোগ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে শ্রবণ ও নির্ণয় করা যাইবে। এবং কোন অপরাধ ঐ নগরের মধ্যে করা গেলে, উক্ত নগরের মধ্যে অপরাধ শুনিবার ও নির্ণয় করিবার যে আইন যে সময়ে চলন হয় সেই আইনের বিধানানুসারে উক্ত নগরের পোলীসের কোন মাজিষ্ট্রেট ঐ অপরাধ শুনিয়া নির্ণয় করিবেন ইতি।

[Levy of penalties.]

XCIX. The provisions of Sections 64, 67, 68, and 69 of the Indian Penal Code, and of Section 61 of the Code of Criminal Procedure, shall apply to all fines for the imposition of which authority is given by this Act, and this Act shall be read as if the same Sections had been re-enacted herein.

[দণ্ডের টাকা আদায় করিবার বিধি।]

If the copies of books tendered for delivery shall not be tendered bound sewed, or stitched together, and upon the best paper as prescribed by Section 9 of the Act, the Officer to whom delivery is tendered shall be at liberty to refuse to take delivery.

RULE III.

[Certificate to accompany delivery.]

The person who tenders copies of book for delivery shall at the same time give in a certificate in the following Form, *viz.* :—

"I, A. B., hereby do certify that the accompanying book was first delivered out of the Press on the of A. D. 18 .

A. B.,
Printer."

RULE IV.

[Prosecution for non-delivery of any book.]

If the Registrar-General shall have reason to believe that any book has been printed in Calcutta, and that no copies of such book have been delivered as required by Rule I. above or the proviso annexed to it, within the time of one calendar month after the day on which such book was first delivered out of the Press as prescribed by the Act; or if any Sub-Registrar shall have reason to believe that any book has been printed within his Sub-District, and that no copies of it have been delivered as aforesaid; or if any officer to whom delivery of a book is tendered shall have reason to believe that the book tendered was not so tendered within one calendar month after the day on which such book was first delivered out of the Press; and if the said Registrar-General or any Sub-Registrar as aforesaid shall be of opinion that a Prosecution for non-delivery is requisite, he shall institute or cause to be instituted a prosecution under the Provision of Section 16 of the Act.

RULE V.

[Receipt for books on delivery.]

On receipt of copies of the book tendered for delivery under the above Rules, the Officer receiv-

কলিকাতা নগরভিন্ন কোন স্থানে যে পুস্তক মুদ্রিত কি প্রকাশিত হয়, নিদর্শনপত্রের যে সব-রেজিষ্ট্রারের এলাকার মধ্যে ঐ পুস্তক ছাপা হয় তাঁহার রেজিষ্টরী আফিসে দিতে হইবে।

উপবিধি।—পুস্তক যে স্থানে মুদ্রিত কি প্রকাশিত হউক, পূর্ব্বোক্ত কোন এক স্থানে কোন এক কার্য্যকারককে দেওয়া গেলে, এই আইনমতে উপযুক্তরূপে দেওয়া গেল জ্ঞান হইবে।

২ ধারা।

[পুস্তক দিবার প্রস্তাব হইলেও কার্য্যকারকের অসম্মত হইতে পারিবার স্থলের কথা।]

যে পুস্তক দিবার প্রস্তাব হয় তাহা এই আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে বাঁধা ও সেলাই কি ষ্টিচ করা ও উত্তম কাগজে মুদ্রিত হওয়া প্রয়োজন। না হইলে যে কার্য্যকারককে, দিবার জন্যে আনা যায়, তিনি তাহা লইতে অসম্মত হইতে পারেন।

৩ ধারা।

[পুস্তকের সঙ্গে যে সর্টিফিকট দিতে হইবে তাহার কথা।]

যে ব্যক্তি পুস্তক দিবার জন্যে আনেন, তিনি ঐ পুস্তক দেওন সময়ে নিম্ন লিখিত পাঠের এক খান সর্টিফিকট দিবেন। যথা,

এই পুস্তক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রেসহইতে বাহির হইয়াছে এই কথা শ্রীঅমুক আমি নিশ্চিতরূপে জানাইতেছি।

শ্রী অমুক
প্রিন্টর।

৪ ধারা।

[পুস্তক না দিলে নালিশ হইবার কথা।]

কোন পুস্তক কলিকাতায় ছাপা হইয়াছে অথচ প্রেসহইতে বাহির হইবার দিনাবধি আইনের নির্দ্দিষ্ট এক মাস পর্য্যন্ত উপরোক্ত ১ ধারামতে কি তাহার উপবিধিমতে ঐ পুস্তকের কোন প্রস্থ দেওয়া যায় নাই, রেজিষ্ট্রার জেনরল সাহেবের এমত বিশ্বাস করিবার উপযুক্ত কারণ থাকিলে, অথবা কোন সব-রেজিষ্ট্রারের সব-ডিষ্ট্রিক্টের মধ্যে কোন পুস্তক ছাপা হইয়াছে কিন্তু তাঁহাকে পূর্ব্বোক্তমতে তাহার কোন প্রস্থ দেওয়া যায় নাই, তাঁহার যদি ইহা জানিবার উপযুক্ত কারণ থাকে, অথবা পুস্তক দিবার জন্যে আনা গেলেও তাহা প্রেসহইতে বাহির হইবার তারিখঅবধি এক মাসের মধ্যে আনা যায় নাই, যে কার্য্যকারকের নিকটে উপস্থিত করা যায় তাঁহার যদি ইহা জানিবার উপযুক্ত কারণ থাকে, এবং যদি উক্ত রেজিষ্ট্রার জেনরল কি সব-রেজিষ্ট্রার বোধ করেন যে, পুস্তক না দেওয়াপ্রযুক্ত আদালতে নালিশ করা উচিত, তবে তিনি এই আইনের ১৬ ধারার বিধানমতে নালিশ উপস্থিত করিবেন কি করাইবেন।

৫ ধারা।

[পুস্তক পাইলে তাহার রসীদের কথা।]

কোন ব্যক্তি পূর্ব্ববিধিমতে পুস্তক দিবার জন্যে আ-

[*Government Gazette, 9th July* 1867.]

ing the same, shall give to the person tendering delivery a receipt in the following Form:—

"I, A. B., do hereby acknowledge to have received from C. D., the Printer, three copies of the following book, (here enter such particulars of the memoranda annexed to Section 18 of the Act as are applicable,) and I do hereby certify that the same is stated to have been first delivered out of the Press on the   of   18 .

A. B.,
Registrar-General, &c.,
(as the case may be)."

RULE VI.

[Payment for copies of books delivered.]

On the publication of the book, the Publisher may present a receipt in writing to the Officer to whom delivery of the same book has been made for the price of the three copies of the same at the rate at which the book is *bonâ fide* sold for cash to the public; and if the said Officer shall be satisfied that the price demanded is the *bonâ fide* cash price, and that the three copies have been delivered, he shall pay the price to the publisher.

RULE VII.

[Registration of copyright in any books delivered.]

If the proprietor of the copyright or of any portion of the copyright of any book delivered under these rules shall desire to register his proprietorship, he shall pay the sum of Rupees 2 to the Officer to whom delivery of the Book shall have been made, and such Officer shall grant a receipt for the money paid, and shall transmit the money to the Officer appointed to keep the catalogue of books under Section 18 of the Act. Tender of payment for such registration shall be made by an application in writing praying for registration under Act XX. 1847.

RULE VIII.

[Transmission of copies of books after delivery.]

All Officers who receive delivery of copies of book under these Rules shall transmit the same with all convenient speed to the Office of the Secretary to the Government of Bengal.

RULE IX.

[Place of deposit of the third copy of any book.]

The Office of the Secretary to the Government of Bengal shall, until further notice, be the place in which the third copy of every book shall, under the provisions of Section 11 of the Act, be for the time being deposited.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ জুলাই।

দিলে যে কার্য্যকারক তাহা গ্রহণ করেন তিনি নিম্নলিখিত পাঠে রসীদ দিবেন।

শ্রীঅমুক আমি অমুক নামক প্রিন্টরের স্থানে নিম্নলিখিত পুস্তকের তিন গ্রন্থ পাইয়াছি। (আইনের ১৮ ধারার পরিচয় লিপির নির্দ্দিষ্ট যত কথা খাটে তাহা এই স্থানে লিখিতে হইবে) আর ঐ পুস্তক অমুক সালের অমুক মাসের অমুক তারিখে প্রেসহইতে বাহির হইল ইহা কথিত হইয়াছে।

শ্রী অমুক,
রেজিষ্ট্রার জেনরল প্রভৃতি।

৬ ধারা।

[পুস্তক দেওয়া গেলে তাহার মূল্য দানের কথা।]

পুস্তক প্রকাশ হইলে পর যে কার্য্যকারককে দেওয়া যায়, পুস্তক প্রকাশক সেই কার্য্যকারককে ঐ পুস্তকের তিন গ্রন্থের মূল্যের রসীদ দিতে পারিবেন। সাধারণ ব্যক্তিরা নগদ যে মূল্যে ঐ পুস্তক ক্রয় করিতে পান, প্রকৃত প্রস্তাবে সেই মূল্যের রসীদ দিতে হইবে। আর নগদ দিলে পুস্তকের প্রকৃত যত মূল্য হয় তত টাকার রসীদ দেওয়া গেল ও তাহার তিন গ্রন্থ দেওয়া গিয়াছে ঐ কার্য্যকারক যদি ইহা হৃদ্বোধমতে জানেন, তবে তিনি প্রকাশককে ঐ মূল্য দিবেন।

৭ ধারা।

[যে পুস্তক দেওয়া যায় তাহার মধ্যে কোন পুস্তকের গ্রন্থস্বত্ব রেজিষ্টর করিবার কথা।]

এই বিধিমতে যে পুস্তক দেওয়া গেল তাহাতে যদি গ্রন্থস্বত্বের কি ঐ স্বত্বের কোন অংশের অধিকারী আপনার ঐ অধিকারিত্ব রেজিষ্টর করিতে ইচ্ছুক হন, তবে যে কার্য্যকারককে পুস্তক দিলেন তাঁহাকে ২৲ টাকা দিবেন, সেই কার্য্যকারক ঐ টাকার রসীদ দিয়া যে কার্য্যকারক আইনের ১৮ ধারামতে পুস্তকের নির্ঘণ্ট রাখিতে নিযুক্ত হইয়াছেন তাঁহার নিকটে টাকা পাঠাইবেন। তদ্রূপ রেজিষ্টর করিবার জন্যে টাকা দিবার যে প্রস্তাব করা যায় তাহার সহিত,১৮৪৭ সালের ২০ আইনমতে রেজিষ্টর করিবার এক প্রার্থনাপত্র লিখিয়া দিতে হইবে।

৮ ধারা।

পুস্তক দেওয়া গেলে পর তাহা চালান করিবার কথা।]

এই বিধিমতে যে সকল কার্য্যকারককে পুস্তক দেওয়া যায় তাঁহারা সুবিধামতে ত্বরা করিয়া বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের আফিসে ঐ পুস্তক পাঠাইবেন।

৯ ধারা।

[পুস্তকের তৃতীয় গ্রন্থ যে স্থানে রাখিতে হইবে তাহার কথা।]

আইনের ১১ ধারার বিধানমতে প্রত্যেক পুস্তকের তৃতীয় গ্রন্থ এইক্ষণকার জন্যে ও অন্য আজ্ঞা না হওয়া পর্য্যন্ত বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের আফিসে রাখিতে হইবে।

RULE X.

[Place at which a person by whom the Catalogue Book is to be kept.]

The Office of the Secretary to the Government of Bengal shall for the time being be the place at which the Catalogue Book prescribed by Section 18 of the Act shall be kept for the Provinces subject to the control of the Lieutenant-Governor of Bengal, and the catalogue shall be kept by an officer whose appointment shall be notified in the *Gazette*.

RULE XI.

[Separate Library of Books catalogued.]

Books catalogued under Section 18 of the Act shall be placed in a separate library to be called "The Bengal Library," and such Library shall be open to the public under special Rules to be hereafter notified.

RULE XII.

[Where copyright is registered particulars to be sent to the Home Office.]

In the case of books of which the copyright is registered, the catalogue-keeper shall send to the Office of the Secretary to the Government of India, Home Department, extracts of the catalogue containing the particulars required by the Schedule annexed to Act XX. 1847, for entry in the Book of Registry kept at the said Office.

The 5th June 1867.

The following Order received from the Government of India, Financial Department, is published for general information:—

No. 197.

GOVERNMENT OF INDIA,

FINANCIAL DEPARTMENT.

PENSIONS AND GRATUITIES.

TO THE ACCOUNTANT-GENERAL, BENGAL.

Simla, the 23rd May 1867.

SIR,—IN reply to your letter dated 10th April 1867, No. 67, I am directed to state that when an Uncovenanted Servant pensioned on reduction of establishment is subsequently re-employed on a permanent establishment, there can be no objection to his former service being allowed to count towards a higher pension, and that a refund of the pension drawn by him in the interval between the two periods of service is not necessary. This of course does not affect the present rule requiring the refund of gratuity in a similar case.

I have, &c.

E. H. LUSHINGTON,

Secy. to the Govt. of India.

১০ ধারা।

[পুস্তকের নির্ঘণ্ট যিনি যে স্থানে রাখিবেন তাহার কথা।]

আইনের ১৮ ধারাতে পুস্তকের যে নির্ঘণ্টপত্রের কথা আছে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের উপলক্ষে সেই নির্ঘণ্টপত্র এইক্ষণকার নিমিত্তে বঙ্গদেশের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের আফিসে রাখিতে হইবে। যে কার্য্যকারকের তাহা রাখিতে হইবে, তাঁহার নিযুক্ত হওয়ার কথা গেজেটে প্রকাশ করা যাইবে।

১১ ধারা।

[যে পুস্তকের নির্ঘণ্টপত্র করা যায় তাহার স্বতন্ত্র আলয় করিবার কথা।]

আইনের ১৮ ধারামতে যে পুস্তকের নির্ঘণ্টপত্র করা যায়, তাহা স্বতন্ত্র পুস্তকালয়ে রাখিতে হইবে। পুস্তকালয়ের নাম "বাঙ্গাল লাইব্রেরি"। সাধারণ ব্যক্তিরা ঐ পুস্তকালয়ে যে বিধিমতে যাতায়াত করিতে পাইবেন, সেই বিশেষ বিধি পরে প্রকাশ করা যাইবে।

১২ ধারা।

[গ্রন্থস্বত্ব রেজিষ্টর হইলে, হোম আফিসে তাহার বিবরণ পাঠাইবার কথা।]

যদি কোন পুস্তকের গ্রন্থস্বত্ব রেজিষ্টর করা যায়, তবে হোম আফিসে যে রেজিষ্টরী বহী আছে তাহাতে ১৮৪৭ সালের ২০ আইনের সংলগ্ন তফসীল অনুসারে যে বিবরণ লিখিবার আজ্ঞা হইয়াছে, যিনি নির্ঘণ্টপত্র রাখেন তিনি নির্ঘণ্টপত্রহইতে সেই বিবরণ সংগ্রহ করিয়া হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের আফীসে পাঠাইবেন ইতি।

১৮৬৭ সাল ৫ জুন।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের স্থানে নিম্নলিখিত যে আজ্ঞা পাওয়া গিয়াছে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৯৭ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেন্ট।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।

পেন্স্যন ও পুরস্কার বিষয়ক।

বঙ্গদেশের শ্রীযুত আকৌন্টেন্ট জেনরল সাহেব সমীপেষু।

সিমলা ১৮৬৭ সাল ২৩ মে।

আপনকার ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১০ তারিখের ৬৭ নং পত্রের উত্তরে আমি আজ্ঞাক্রমে জানাইতেছি যে অচিহ্নিত-কোন কার্য্যকারক যদি কার্য্যালয়ের ব্যয় ন্যূন করণ প্রযুক্ত কর্ম্মচ্যুত হইয়া পেনস্যন পান, ও পরে স্থায়ি কোন কার্য্যালয়ে পুনর্ব্বার নিযুক্ত হন, তবে তাঁহার পূর্ব্বকৃত কর্ম্মের কাল উচ্চতর পেনস্যনের কালের মধ্যে ধরা যাইবে এবং উক্ত দুই কর্ম্ম করণ কালের মধ্যে যে পেনস্যন পাইয়াছেন তাহা ফিরিয়া দিবার আবশ্যক নাই। অতএব তদ্রূপ স্থলে বর্ত্তমান যে বিধিমতে টাকা ফিরিয়া দিতে হয় তাহার কোন হানি হইবে না।

ই এচ লশিংটন,

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ORDERED, that the foregoing letter be communicated to—

The Military and Public Works Departments;

The various Local Governments and Administrations;

The Comptroller-General of Accounts;

and

The Local Officers of Account in the Civil Department.

H. L. DAMPIER,
Offg. Secy. to the Govt. of Bengal.

আজ্ঞা হইল যে উপরোক্ত পত্র—

মিলিটারী ও পবলিক ওর্কস ডিপার্টমেন্টকে,

স্থানীয় নানা গবর্ণমেণ্ট ও কর্ত্তৃপক্ষকে,

হিসাবের কম্‌ট্রোলর জেনরল সাহেবকে, ও

সিবিল ডিপার্টমেণ্টে হিসাবের স্থানীয় কার্য্যকারকদিগকে জ্ঞাত করা যায়।

এচ এল ডাম্পিয়র।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

PUBLIC WORKS DEPARTMENT.

No. 225.

LOCAL—COMMUNICATIONS.

The 2nd July 1867.

Draft of Declaration under Section 2, Act VI. of 1857.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense and for a public purpose, *viz.*, for a Feeder Road from Nobabgunge to the Barrackpore Feeder, about a mile below the Ichapore Station, it is hereby declared that, for the above purpose, land extending above a mile from West to East, measuring twelve beegahs thirteen cottahs, more or less, situated in Mouzah Nobabgunge, Pergunnah Calcutta, District 24-Pergunnahs, is required.

It is bounded on the North partly by the property of Government and partly by the properties of Issur Chunder Chatterjee, Madhub Chunder Banerjee, Radhakant Deb, Punchanun Paul, &c., Khetter Mohun Kassopee, Bhowbun Mohun Attah, Kala Chand Ghose, Khettro Chunder Soor, Gogun Moyra, Grish Chunder Attah, &c., Mottee Lall Ghose, Sreenath Joogee, Bhoyrub Joogee, Buddo Nauth Joogee, Gobindo Joogee, Modhoo Joogee, Luckhun Joogee, Bhoyrobee Bewah, Kamoo Jemadar, Shaik Golam Kadair, Joomoo Shaik, Sepauth Shaik, Bacha Shaik, &c.; on the South by the properties belonging to Bacha Shaik, Radhakant Deb, Joomoo Shaik, Kamoo Jemadar, Kalla Chand Ghose, Buddo Nauth Joogee, Gobind Joogee, Udhur Joogee, Mohesh Joogee, Shama Bewah, Chittra Bewah, Jodoo Nauth Ghose, Bhim Ghose, Mottee Lall Ghose, Ramdhone Soor, Rye Churn Paul, &c., Khettro Kassopee, Godadhur Mouree, Hurish Chunder Mouree, Bhoggobutty Churn Sircar, Probode Chunder Newgee, Bhogobutty Churn Sircar, Khettro Newgee, Beedhoo Bewah, Gobindo Nye, Mohesh Chye, Kristo Mohun Paul, Gobindo Poramanick and Haroo Poramanick; on the East by the Barrackpore Feeder, and on the West by the Nobabgunge Road.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

২২৫ নম্বর।

স্থানীয় গমনাগমন বিষয়ক।

১৮৬৭ সাল ২ জুলাই।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইছাপুরের প্রায় এক মাইল দক্ষিণে নবাবগঞ্জ অবধি বারাকপুর পর্য্যন্ত পোষক পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার নবাবগঞ্জ মৌজায় ন্যূনাধিক ১২৷৷৩ কাঠা পরিমিত ভূমি অর্থাৎ পূর্ব্ব পশ্চিম এক মাইলের অধিক ভূমির প্রয়োজন।

ইহার উত্তর সীমা অংশতঃ গবর্ণমেণ্টের সম্পত্তি ও অংশতঃ ঈশ্বরচন্দ্র চট্টোপাধ্যায়, মাধবচন্দ্র বন্দ্যোপাধ্যায়, রাধাকান্ত দেব, পঞ্চানন পাল প্রভৃতির, ও ক্ষেত্রমোহন কাশ্যপি, ভুবনমোহন আঢ্য, কালাচাঁদ ঘোষ, ক্ষেত্রচন্দ্র শূর, গগণ ময়রা, গিরিশচন্দ্র আঢ্য, প্রভৃতির ও মতিলাল ঘোষ, শ্রীনাথ যুগি, ভৈরব যুগি, বৈদ্যনাথ যুগি, গোবিন্দ যুগি, মধু যুগি, লক্ষ্মণ যুগি, ভৈরবী বেওয়া, কামু জমাদার, সেখ গোলাম কাদির, জুমু সেখ, সেপথ সেখ, ও বেচা সেখ প্রভৃতির সম্পত্তি। দক্ষিণ সীমা বেচা সেখ, রাধাকান্ত দেব, জুমু সেখ, কামু জমাদার, কালাচাঁদ ঘোষ বৈদ্যনাথ যুগি, গোবিন্দ যুগি, অধর যুগি, মহেশ যুগি, শ্যামা বেওয়া, চিত্রা বেওয়া, যদুনাথ ঘোষ, ভীম ঘোষ, মতিলাল ঘোষ, রামধন শূর, রাইচরণ পাল প্রভৃতির ও ক্ষেত্র কাশ্যপি, ও গদাধর মৌরী, হরিশ্চন্দ্র মৌরী, ভগবতীচরণ সরকার, প্রবোধচন্দ্র নেউগী ভগবতীচরণ সরকার, ক্ষেত্র নেউগী, বিধু বেওয়া গোবিন্দ নাই, মহেশ চাঁই কৃষ্ণমোহন পাল, গোবিন্দ পরামাণিক, ও হারু পরামাণিকের সম্পত্তি। পূর্ব্ব সীমা বারাকপুরের পোষক পথ, পশ্চিম সীমা নবাবগঞ্জের পথ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৯ জুলাই।]

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of Bengal,
P. W. D.

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই টি নিকলস্‌, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে, বঙ্গদেশের
গবর্ণমেন্টের সেক্রেটারী।

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT, BENGAL.

Fort William, the 1st July 1867.

NOTIFICATIONS.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for a canal to join the Kaligunga and the Gorai Rivers, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring, more or less, 127 biggahs, situated within the village of Saota, in Pergunnah Mohamad Sahi, Zillah Nuddea, is required.

The land is bounded on the North and South by land in the village of Saota; on the West by the River Kaligunga, and on the East by the River Gorai.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for widening the public roads, named Salt Golah Lane, Dobson's Lane, and Ross's Road, in the Town and District of Howrah, it is hereby declared that, for the above purpose, three plots of land are required.

The first plot measuring 14 cottahs, 3 chittacks, more or less, and bounded as follows:—

On the North by the land belonging to Mr. Hawh and Baboo Sooruthnath Mullick; on the East, South and West by the public road.

The second plot measuring 8 cottahs, 7 chittacks, more or less, and bounded as follows:—

On the North, South and West by the public road, and on the East by the lands of Mrs. Isack, Mrs. Marquard, and Mrs. Wade.

The third plot measuring 3 cottahs, 3 chittacks, more or less, and bounded as follows:—

On the North by the public road; on the South and West by the land of Baboo Khettro Mohun Santra, and on the East by the house of Mr. Mackintosh.

[*Government Gazette, 9th July* 1867.]

বঙ্গদেশের রেলওয়েল সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ১ জুলাই।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কালীগঙ্গা ও গড়ুই নদী সংযোগ করণার্থ খালের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নদীয়া জিলার অন্তর্গত মহাম্মদ শাহী পরগনার সেওটা গ্রামে ন্যূনাধিক ১২৭/. বিঘা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর ও দক্ষিণ সীমা সেওটা গ্রামের ভূমি, পশ্চিম সীমা কালীগঙ্গানদী, পূর্ব্বসীমা গড়ুই নদী।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হাবড়া নগর ও জিলার অন্তর্গত নুন গোলার পথ ও ডবসন্স লেন ও রসেস পথ পরিশর করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে নিম্নলিখিত তিনখণ্ড ভূমিরপ্রয়োজন।

প্রথম খণ্ড ন্যূনাধিক ।।৪৶০ ছটাক পরিমিত তাহার সীমা এই২

উত্তর সীমা হাব সাহেবের ও বাবু সুরথনাথ মল্লিকের ভূমি, পূর্ব্ব, দক্ষিণ ও পশ্চিম সীমা রাজপথ।

দ্বিতীয় খণ্ড ন্যূনাধিক ।৩।৶ ছটাক পরিমিত তাহার সীমা এই২।

উত্তরদক্ষিণ ও পশ্চিম সীমা রাজপথ, পূর্ব্বসীমা বিবি আইজাক ও বিবি মাকুওয়ার্ড ও বিবি ওয়েডের ভূমি।

তৃতীয় খণ্ড ন্যূনাধিক /৩৶ ছটাক পরিমিত তাহার সীমা এই২—

উত্তর সীমা রাজপথ, দক্ষিণ ও পশ্চিম সীমা বাবু ক্ষেত্রমোহন সাঁতরার ভূমি, পূর্ব্ব সীমা মাকিণ্টস সাহেবের সম্পত্তি।

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

F. S. Talor, *Captain, R. E.,*
Joint-Secy. to the Govt. of Bengal, P. W. D.,
Railway Branch.

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

এফ, এস, টেলর, কাপ্তান, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের
জাইণ্ট সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 2nd July 1867.

Mr. W. Cardozo, Officiating Moonsiff of Madargunge, Zillah Mymensingh, to be Officiating Moonsiff of Seetakoond, Zillah Chittagong, until further orders.

The 4th July 1867.

The Serishtadar of the Moonsiff of Culna, Zillah East Burdwan, to take charge of the current duties of the Moonsiffs Office, until he is relieved by the new incumbent.

C. D. Field,
Offg. Registrar.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৭ সাল ২ জুলাই।

ময়মুনসিংহ জিলার মাদারীগঞ্জের একটিং মুনসেফ শ্রীযুত ডবলিউ কার্ডোজো সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত চট্টগ্রাম জিলার সীতাকুণ্ডের একটিং মুনসেফ হইবেন।

১৮৬৭ সাল ৪ জুলাই।

পূর্ব্ব বর্দ্ধমান জিলার কাল্নার মুনসেফের সিরিস্তাদার নূতন চিরস্থায়ি পদধারকের দ্বারা অবকাশপ্রাপ্ত না হওন পর্য্যন্ত মুনসেফের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

সি ডি ফিল্ড,
একটিং রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

The Office of the Commissioner of Revenue and Circuit Presidency Division has been removed to No. 2, Theatre Road.

R. B. Chapman,
Offg. Commissioner.

Commrs. Office, Presidency Divn.
Dated Calcutta, the 13th June 1867.

বিজ্ঞাপন।

রাজধানীখণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর সাহেবের কার্য্যালয় ২ নং থিয়েটর রোডে উঠিয়া গিয়াছে।

আর বি চ্যাপমান,
একটিং কমিস্যনর।

রাজধানীখণ্ডের কমিস্যনর সাহেবের কার্য্যালয়।
কলিকাতা, ১৮৬৭ সাল ১৩ জুন।

বিজ্ঞাপন।

আমার এ ১১ ৯৫৪৪১ নম্বরের মং ৫০৲ টাকার এককেতা, গবর্ণমেণ্ট করেন্সী নোটের অর্দ্ধেক, আমার নিকট ও অধিকারহইতে, হারাণ গিয়াছে বিধায় সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ঐ নোট প্রাপ্তমাত্র আমাকে সংবাদ দেন যিনি ঐ নোটের অনুসন্ধান করিয়া দিতে পারেন, তাঁহাকে ৫৲ টাকা পারিতোষিক দিব ইতি।

শ্রীচন্দ্রশেখর দাস।
মোং রাঙ্গনিয়া মুনসেফী আদালত
জিলে চট্টগ্রাম।

সন ১৮৬৭ ইং }
তাং ২৬ জুন। }

বিজ্ঞাপন।

আমার নিম্নের লিখিত নম্বরের ১৬০৲ একশত ষাইট টাকার বাত ৮ কেতা গবর্ণমেণ্ট করেন্সী নোট আমার নিকট ও অধিকার হইতে হারাণ গিয়াছে বিধায় সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে ঐ নোট প্রাপ্ত মাত্র আমাকে সংবাদ দেন যিনি ঐ নোটের অনুসন্ধান করিয়া দিতে পারেন তাঁহাকে ২০৲ বিশ টাকা পারিতোষিক দিব ইতি।

শ্রীমহেশচন্দ্র মুখোপাধ্যায়।
মোং কাছারী কুথণ্ডী।
জেলা রাজশাহি।

সন ১৮৬৭ সাল। }
তারিখ ৩ জুলাই। }

তপশীল নোট।

এ ২৫।
৫৮৯৯২ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৩৩৫০৫ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৪৫৪৯২ নং ১ কেতা ২০৲
এ ২৫।
৬১৪৭৯ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৬৭৯৪২ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৫৩২৬১ নং ১ কেতা ২০৲
এ ২৬।
৩৯৬৩১ নং ১ কেতা ২০৲
এ ২৭।
৩২৫৭৫ নং ১ কেতা ২০৲

১৬০৲
মং একশত ষাইট
টাকা মাত্র।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে, গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্ণো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 16, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১৬ জুলাই।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 3rd July 1867, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a week:—

No. 17 of 1867.

A Bill to amend Act No. XXXI of 1861.

[Preamble.]

WHEREAS it is expedient to amend Act No. XXXI of 1861 *(to regulate the manufacture of Saltpetre and the sale of Salt educed in the refinement thereof)* ; It is hereby enacted as follows:—

[Amendment of Act XXXI of 1861, Section 6.]

I. Section 6 of the said Act shall be read as if for the words "fine of Rupees five hundred," the following were substituted (that is to say), "fine not exceeding Rupees five hundred."

STATEMENT OF OBJECTS AND REASONS.

Under the Saltpetre Act, No. XXXI of 1861, Section 6, the fine to be imposed on offenders

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৬৭ সালের জুলাই মাসের ৩ তারিখে আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভাতে উপস্থিত করা গেলে তাহা মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল, ও তাঁহাদিগকে সপ্তাহের মধ্যে সেই বিষয়ের রিপোর্ট করিবার আজ্ঞা হইয়াছে।

১৮৬৭ সালের ১৭ নম্বর।

১৮৬১ সালের ৩১ আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

১৮৬১ সালের ৩১ আইন (অর্থাৎ সোরা প্রস্তুত করিবার ও তাহা নির্ম্মলকরণ কার্য্যেতে যে লবণ উৎপন্ন হয় তাহা বিক্রয় করিবার বিধানের আইন) সংশোধন করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[১৮৬১ সালের ৩১ আইনের ৬ ধারা সংশোধনের কথা।]

১ ধারা। উক্ত আইনের ৬ ধারাতে "পাঁচ শত টাকা জরীমানা হইতে পারিবে" এই যে কথা আছে তৎপরিবর্ত্তে "পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে" এই কথা দিয়া উক্ত ধারা পাঠ করিতে হইবে ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

সোরাবিষয়ক ১৮৬১ সালের ৩১ আইনের ৬ ধারামতে আইনবিরুদ্ধ কর্ম্মকারি অপরাধিদের পাঁচ শত

against the Act is fixed at Rupees five hundred, and the convicting Magistrate cannot therefore, according to a recent ruling of the High Court of Judicature at Agra, impose a less penalty under that section. This being obviously inexpedient, the present Bill, which has been prepared at the instance of the Lieutenant-Governor of the North-Western Provinces, simply proposes to substitute the words "fine not exceeding Rupees five hundred," "for fine of Rupees five hundred."

SIMLA, The 24th June 1867. } W. N. MASSEY.

WHITLEY STOKES,
Asstt. Secy. to the Govt. of India, Home Dept. (*Legislative.*)

টাকা দণ্ড ধার্য্য হইয়াছে, অতএব আগরা রাজধানীর হাইকোর্ট সম্প্রতি যে নিষ্পত্তি করিয়াছেন তদনুসারে ঐ অপরাধ নির্ণায়ক মাজিষ্ট্রেট উক্ত ধারামতে ন্যূন দণ্ড করিতে সক্ষম নহেন। ইহা স্পষ্টই অবিহিত হওয়াতে উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের যত্নে এই পাণ্ডুলিপি প্রণীত হইল। ইহাতে "পাঁচ শত টাকা জরীমানা" এই কথার পরিবর্ত্তে "পাঁচ শত টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে" এই মাত্র প্রস্তাব হইয়াছে।

ডবলিউ এন মাসি,

সিমলা ১৮৬৭ সাল ২৪ জুন। }

উইটলি ষ্টোক্স।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 13th June 1867, and having been assented to by His Excellency the Governor General on the 27th idem, is hereby promulgated for general information:—

ACT No. VIII OF 1867.

An Act to provide for the recovery of rates for water supplied by the East India Irrigation and Canal Company.

[Preamble.]

WHEREAS by a certain Indenture bearing date the 16th day of June 1862 and made between the Secretary of State for India in Council of the one part, and the East India Irrigation and Canal Company (hereinafter called The Company) of the other part, it was amongst other things agreed that the Company should construct certain works for irrigation, navigation, and the supply of water in the Districts and Deltas of the rivers Mahanuddy, Byturny, and Brahmany, and their affluents, and that when and so soon as any part of the said works should be certified as completed, so as to be available for the purposes of supplying water for the irrigation of land, the Company should sell to the said Secretary of State alone, and the Secretary of State should purchase, the water which, according to the Company's store or flow of water and consistently with their other arrangements, should be capable of being supplied for the irrigation of land, but to the extent only to which the cultivators of such land might be

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের পশ্চাৎ লিখিত আইনে উক্ত মান্যবর ১৮৬৭ সালের ১৩ জুন তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবও ঐ মাসের ২৭ তারিখে তদ্বিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৬৭ সালের ৮ আইন।

ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানি যে জল যোগান্, তজ্জন্যে রেট আদায় করিবার বিধান করণার্থ আইন।

[হেতুবাদ।]

১৮৬২ সালের জুন মাসের ১৬ দিবসে ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের এবং ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির মধ্যে নিয়মপত্র করা গিয়াছিল। (এই আইনেতে কোম্পানি শব্দ ব্যবহার হইলে সেই কোম্পানি বুঝাইবে।) তল্লিখিত অন্যান্য কথার মধ্যে এই২ নিয়ম ব্যক্ত ছিল। মহানদী ও বৈতরণী ও ব্রাহ্মণী নদী ও তাহাতে অন্যান্য যে নদনদী প্রবাহিত হয় তাহার নিকটস্থ প্রদেশে ও দ্বীপে উক্ত কোম্পানি সেঁচনকার্য্যের ও নৌকাদি গমনের পথ করিবার ও জল যোগাইবার কারখানা প্রস্তুত করিবেন, এবং সেঁচন কার্য্যের উপযুক্ত পরিমাণের জল যোগাইবার নিমিত্তে উক্ত কারখানার কোন অংশ প্রস্তুত হইয়াছে এই কথা দৃঢ়রূপে প্রকাশ করিতে পারিলে, কোম্পানির জলের আধার কি প্রবাহ অনুসারে এবং অন্যান্য নিয়মের সঙ্গতমতে সেঁচন কার্য্যের জন্যে যত জল যোগান যাইতে পারে, উক্ত কোম্পানি কেবল উক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে সেই জল বিক্রয় করিবেন, এবং তিনি তাহা ক্রয় করিবেন। কিন্তু ঐ নিয়মপত্রে জলের যে মূল্য অবধারিত হইল, ঐ ভূমির কৃষাণেরা সেই মূল্য দিয়া যত জল গ্রহণ করিতে ইচ্ছুক

willing to take the same at the prices fixed as thereinafter is mentioned, and that the Company should supply such water in such manner and to such person or persons as the Governor General of India should, from time to time, direct; and whereas a portion of the said works have been completed so as to be available for the purpose of supplying water for the irrigation of land. And whereas it is expedient that provision should be made for the speedy recovery of rates or dues for water supplied for irrigation, and of claims connected with such rates and such water so supplied and for the prevention of waste and abstraction of such water: It is hereby enacted as follows:—

[Interpretation.]

I. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context opposed to such construction:—

["Water-rates."]

The expression "water-rates" shall mean sums payable for water taken for purposes of irrigation.

["Arrears of water-rates."]

The expression "arrears of water-rates" shall mean any sum which by any agreement shall be payable to the Secretary of State for India in Council for water-rates and which shall not have been paid on or before the day upon which by such agreement it became payable.

["Channel."]

The word "channel" shall include any water-course through which water may, with the consent of the Company, be conveyed from the Canals of the Company.

[Water shall be supplied from canals.]

II. Water for the purpose of irrigation shall be supplied from the canals of the Company to such persons and in such manner as the Lieutenant-Governor of Bengal shall from time to time direct, and at rates and under rules to be fixed from time to time in accordance with the provisions of the said Indenture of the 16th day of June 1862, and such rules and rates shall from time to time be published in the *Calcutta Gazette*.

[Water-rate to be deemed rent.]

III. All rates which shall be payable under this Act for water supplied for the purposes of irrigation shall be deemed rent payable on a pottah or engagement under Act X of 1859, and the provisions of the last mentioned Act and of every other Act for the time being in force for the recovery of rent shall be applicable to the recovery of such arrears of water-rate. Provided that the claim (if any) for rent due in respect of the land held by the person in arrear shall have priority over any arrears of water-rate.

[*Government Gazette*, 16*th July* 1867.]

হন, তত গ্রহণ করিতে পারিবেন। এবং ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেব সময়েং যে নিয়মমতে যে ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে ঐ জল দিতে আজ্ঞা করেন, উক্ত কোম্পানি সেই নিয়মমতে ঐ ব্যক্তিদিগকে জল যোগাইয়া দিবেন। এইক্ষণে উক্ত কার্য্যের একাংশপ্রস্তুত হইয়াছে, ও তাহাহইতে ক্ষেত্রে সেঁচিবার জল যোগান যাইতে পারে। আরো সেঁচিবার জন্যে যে জল যোগান যায়, তাহার রেট কি প্রাপ্য টাকা, এবং উক্ত রেট ও তদ্রূপ যোগান জল সংক্রান্ত দাওয়ার টাকা ত্বরায় আদায় করিবার এবং সেই জলের অপচয় ও চৌর্য্য নিবারণ করিবার বিধান করা বিহিত, এই হেতুক নিম্নলিখিত আজ্ঞা করা গেল।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। এই আইনগত নিম্নলিখিত কথার ও শব্দের যে অর্থ এই ধারাতে করা গিয়াছে, বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাক্রমে সেই অর্থ অসঙ্গত না হইলে, ঐ২ কথার সেই অর্থ ধরিতে হইবে।

"জল রেট।"

ক্ষেত্রে সেঁচিবার জন্যে যে জল লওয়া যায় সেই জলের নিমিত্তে যাহা দিতে হইবে জল রেট শব্দে তাহা বুঝাইবে।

"জল রেটের বাকী।"

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবকে জল রেটের যত টাকা দিবার করার হয়, সেই করারমতে ঐ টাকা যে দিনে পাওনা হয় সেই দিনে কি তাহার পূর্ব্বে না দেওয়া গেলে, ঐ প্রাপ্য টাকা "জল রেটের বাকী" বলিয়া খ্যাত হইবে।

"জলপথ।"

কোম্পানির সম্মতিক্রমে কোম্পানির খালের জল যে প্রণালী দিয়া প্রবাহিত হয় জলপথ শব্দে তাহা বুঝাইবে ইতি।

[খাল হইতে জল যোগাইবার কথা।]

২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং যে ব্যক্তিদিগকে যে নিয়মমতে জল যোগাইবার আজ্ঞা করেন, কোম্পানির খালহইতে তাঁহাদিগকে সেই নিয়মমতে ক্ষেত্রে সেঁচিবার জল দেওয়া যাইবে। তজ্জন্যে যে বিধিমতে যে রেট দিতে হইবে, তাহা ১৮৬২ সালের জুন মাসের ১৬ দিবসের উক্ত নিয়মপত্রের বিধানানুসারে সময়েং নির্দ্ধারিত হইবে। সেই বিধি ও রেট সময়েং কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

[জলরেট কর জ্ঞান করিবার কথা।]

৩ ধারা। সিঞ্চনের জল যোগাইবার জন্যে এই আইনমতে যে রেট দিতে হয়, তাহা ১৮৫৯ সালের ১০ আইনমত পাট্টা কি করার অনুসারে দাতব্য কর জ্ঞান হইবে। এবং ঐ আইনের বিধান, এবং কর আদায়ের অন্য যে আইন যে সময়ে প্রবল থাকে তাহা ঐ জলরেটের বাকী আদায়ের প্রতিও বর্ত্তিবে। কিন্তু যে ব্যক্তির ঐ কর বাকী পড়ে, যদি তাহার ভূমিরও কর বাকী থাকে, তবে ঐ ভূমির করের দাওয়া জলরেটের দাওয়ার অগ্রগণ্য হইবে ইতি।

[Suits to be heard in Collector's Court.]

IV. The following suits shall be cognizable by the Collector of Land Revenue under the provisions of, and in accordance with the procedure of Act X. of 1859, passed by the Governor General of India in Council, so far as the same may be applicable thereto, and except in the way of appeal as provided by the said Act, shall not be cognizable in any other Court, or in any other manner, that is to say :—

1st.—All suits for damages on account of the illegal exaction of water-rates, or on account of the refusal or receipts for water-rates paid, or on account of the extortion of water-rates by confinement or other duress.

2nd.—All suits for arrears of water-rates due on account of water supplied from the works of the East India Irrigation and Canal Company under this Act.

3rd.—All suits to cancel any agreement under this Act for the supply of water from the said works on account of the non-payment of arrears of water-rates, or on account of a breach of the conditions by which such agreement may be liable to be cancelled.

4th.—All suits arising out of the exercise of the power of distraint under the said Act X. of 1859, which power is by Section IV. of this Act extended to the collection of water-rates, or out of any acts done under color of the exercise of the said power of distraint.

5th.—All suits in respect of any refusal, irregularity, or insufficiency of the supply of water from the works of the aforesaid Company, whether between the farmer or Collector of the water-rates on behalf of Government and the East India Irrigation and Canal Company, or between such farmer or Collector and the consumers of the water supplied from the works of the said Company.

6th.—All suits by persons in receipt of the water-rates, against any agents employed by them in the collection of such water-rates or the sureties of such agents for money received or for accounts kept by such agents in the course of such employment, or for papers in their possession.

[Decrees and orders under this Act to be of the like force and effect as under Act X of 1859.]

V. All decrees and orders under this Act shall be in the like form and shall be enforced in such and the same or the like manner, and by such and the same or the like powers, as if the same were decrees or orders for the same or the like purpose

[কালেক্টরের কাছারীতে মোকদ্দমা হইবার কথা।]

৪ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রচলিত ১৮৫৯ সালের ১০ আইন নিম্নলিখিত মোকদ্দমায় যত দূর বর্ত্তিতে পারে সেই সকল মোকদ্দমা ততদূর সেই আইনের বিধি ও কার্য্যবিধানমতে ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের বিচার্য্য হইবে। এবং উক্ত আইনেতে আপীল করিবার যে বিধান আছে তৎক্রমে ঐ মোকদ্দমা অন্য আদালতে উপস্থিত হইতে পারিবে, নতুবা অন্য আদালতে কি অন্য প্রকারে গ্রাহ্য হইবে না। মোকদ্দমা এইং,

১।—জলের রেট অন্যায়মতে গ্রহণ করা যায়, ও দেওয়া গেলেও তাহার রসীদ পাওয়া যায় না, ও কারাবদ্ধ কি অন্য প্রকারে আসেধ করিয়া ঐ রেট বলপূর্ব্বক লওয়া যায়, এইং হেতুতে ক্ষতিপূরণের সকল মোকদ্দমা।

২।—ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির কারখানাহইতে যে জল দেওয়া যায় তাহার রেট বাকী থাকিলে তাহা আদায় করিবার মোকদ্দমা।

৩।—জলরেটের বাকী টাকা দেওয়া যায় নাই, তদ্ধেতুক, কিম্বা জল যোগাইবার যে নিয়মের লঙ্ঘন প্রযুক্ত ঐ নিয়মপত্র রহিত করা যাইতে পারে তদ্ধেতুক জল যোগাইবার এই আইনঅনুযায়ি নিয়মপত্র রহিত করিবার মোকদ্দমা।

৪।—১৮৫৯ সালের ১০ আইনেতে ক্রোক করিবার যে ক্ষমতা ব্যক্ত আছে, তাহা এই আইনের ৪ ধারাক্রমে, জলরেট আদায় করিবার কার্য্যে বর্ত্তান গিয়াছে। সেই ক্রোক করিবার ক্ষমতাতে কিম্বা ঐ ক্ষমতাক্রমে কার্য্য করিবার ছদ্মে যে ক্রিয়া করা যায়, তদ্ধেতুক মোকদ্দমা।

৫।—উক্ত কোম্পানির কারখানাহইতে জল যোগাইতে অস্বীকার কিম্বা যোগাইবার বিধিভঙ্গ কি জলের অপ্রতুলতা জন্যে জলরেটের ইজারদারের কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে আদায়কারির ও ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কানাল কোম্পানির মধ্যে অথবা ঐ ইজারদারের ও কর আদায়কারির এবং উক্ত কোম্পানির কারখানাহইতে যোগান জলব্যবহারিদের মধ্যে যে বিবাদ হয় তাহার মোকদ্দমা।

৬।—যে ব্যক্তিরা ঐ জলরেট প্রাপ্ত হইবেন, তাঁহারা ঐ রেট সংগ্রহ করিবার জন্যে যে কর্ম্মচারিকে নিযুক্ত করেন, তিনি ঐ কার্য্য সম্পাদনক্রমে যে টাকা পাইয়াছেন কি যে হিসাব রাখিয়াছেন তাহা কিম্বা তাঁহার নিকট যে কাগজপত্র থাকে তাহা পাইবার জন্যে ঐ কর্ম্মচারির নামে মোকদ্দমা ইতি।

[এই আইনমত ডিক্রীর ও আজ্ঞার ১৮৫৯ সালের ১০ আইনমত ডিক্রীর ও আজ্ঞার তুল্য বলবৎ হইবার কথা।]

৫ ধারা। ১৮৫৯ সালের উক্ত ১০ আইনের বিধানমতে যে সকল ডিক্রী ও আজ্ঞা করা যায়, তাহা যে পাঠে লিখিতে হয়, ও যে প্রকারে ও যদ্রূপ ক্ষমতার প্রয়োগে তাহা প্রবল করিতে হয়, এই আইনমতে সেই কি তত্তুল্য অভিপ্রায়ার্থ সকল ডিক্রী ও আজ্ঞা

made in pursuance of [illegible]ovisions of the said Act X of 1859.

[Rates to be payable to Government.]

VI. All water-rates shall be payable to the Secretary of State for India in Council.

[Power to farm out rate.]

VII. It shall be lawful for the Collector of the District in which any water-rate may be payable, either to collect such rate by officers appointed by him, or to let out the same to farm to any person. Every such farmer and his sureties, and his or their effects, shall be subject to such and same and the like remedies, procedure, and authority, as if he were the farmer from the Government of an estate for the purpose of collecting thereout the rent.

[Agreements for payment of water-rate to be in writing.]

VIII. All agreements for payment of water-rate, and receipts for payments made under such agreements, shall be in writing, and such agreements and receipts shall be in such form as from time to time shall be settled by the said Lieutenant-Governor.

[Counterpart to be executed.]

IX. Every person who executes such agreement shall be entitled to receive from the person to whom such agreement is granted, a counterpart engagement in conformity with the terms of the agreement.

[Power to stop water supply.]

X. In case any person who shall have agreed to take water for purposes of irrigation shall have permitted any arrear of water-rates to accrue due, it shall be lawful for the Collector of the District or the officer appointed by him under Section VII, or for the farmer of such water-rates, as the case may be, by notice in writing, to require the said Canal Company to stop the further supply of water to such person, until he shall have paid up all arrears of water-rate then due by him; and the said Company shall not be entitled to receive from such farmer or Collector, nor from the said Secretary of State, any payment in respect of any water which may be supplied to such person after the service upon the said Company of such notice, and during such time as his default continues.

[Penalty for negligently permitting escape of water.]

XI. Every person under whose control any channel or either bank thereof may be who shall negligently permit the escape of water from such channel, shall be liable, on conviction before a Magistrate, to a fine which may extend to fifty Rupees.

সেইরূপে করা যাইবে ও সেই প্রকারে ও সেই ক্ষমতার প্রয়োগে প্রবল করা যাইবে।

[গবর্ণমেণ্টকে রেট দিতে হইবার কথা।]

৬ ধারা। সকল জলরেট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য হইবে ইতি।

[রেট ইজারা দিবার ক্ষমতার কথা।]

৭ ধারা। জিলার কালেক্টর সাহেব আপনার নিযুক্ত কার্য্যকারকদিগের দ্বারা সেই রেট সংগ্রহ করিতে পারিবেন, কিম্বা কোন ব্যক্তিকে ঐ রেট ইজারা দিবেন। যে ব্যক্তি গবর্ণমেণ্টের পক্ষে কোন মহালের কর আদায় করিবার ইজারদার হন, তাঁহার ও তদীয় প্রতিভূগণের ও তাঁহার কি তাঁহাদের সম্পত্তির উপর যে উপায় ও কার্য্যপ্রণালী বর্ত্তে ও তাঁহারা যে ক্ষমতার বশতাপন্ন হন, পূর্ব্বোক্ত প্রত্যেক ইজারদারের ও তদীয় প্রতিভূগণের ও তাঁহার কি তাঁহাদের সম্পত্তির উপর সেই উপায় ও কার্য্যপ্রণালী বর্ত্তিবে ও তাঁহারা সেই ক্ষমতার বশতাপন্ন হইবেন ইতি।

[জলরেট দিবার নিয়ম লিখিত হইবার কথা।]

৮ ধারা। জলরেট দিবার যে সকল নিয়ম করা যায় এবং সেই নিয়মানুসারে টাকার যে রসীদ দেওয়া যায়, তাহা লিখনক্রমে হইবে। উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যে পাঠ নিরূপণ করেন উক্ত নিয়মপত্র ও রসীদ সেই পাঠে লিখিতে হইবে ইতি।

[তাহার কবুলিয়ৎ করিবার কথা।]

৯ ধারা। যে ব্যক্তি ঐ নিয়মপত্র সাধন করেন, তিনি যাঁহাকে ঐ নিয়মপত্র করিয়া দেন তাঁহার স্থানে ঐ নিয়মপত্রের নিয়মানুযায়ি প্রতিজ্ঞাপত্র অর্থাৎ কবুলিয়ৎ পাইতে স্বত্ববান ইতি।

[জল বন্ধ করিবার ক্ষমতার কথা।

১০ ধারা। কোন ব্যক্তি ক্ষেত্রে সেঁচিবার জল গ্রহণের নিয়ম করিলে পর যদি জলরেট বাকী পড়িতে দেন, তবে জিলার কালেক্টর সাহেব কিম্বা ৭ ধারামতে তাহার নিযুক্ত কার্য্যকারক কিম্বা বিষয়বিশেষে ঐ জল রেটের ইজারদার উক্ত কানাল কোম্পানির নামে জ্ঞাপনপত্র লিখিয়া ঐ ব্যক্তির যত জলরেট বাকী আছে তৎসমুদয় যতকাল না দেয় তত কাল তাহার ঐ জল বন্ধ করিতে আদেশ করিতে সক্ষম হইবেন। এবং উক্ত কোম্পানিকে সেই জ্ঞাপনপত্র দেওয়া গেলে পর সেই বাকীদার ঐ বাকী টাকা যতকাল না দেন, তত কাল কোম্পানি তাহাকে কিছু জল দিলেও ঐ ইজারদারের কি কালেক্টর সাহেবের কিম্বা ষ্টেট সেক্রেটারী সাহেবের স্থানে তাহার মূল্য পাইবার যোগ্য হইবেন না ইতি।

[অমনোযোগে জল বাহির হইতে দিবার দণ্ডের কথা।]

১১ ধারা। কোন জলের পথ কি তাহার কোন তট যে ব্যক্তির তত্ত্বাধীনে থাকে তিনি যদি অমনোযোগ দ্বারা তাহাহইতে জল বাহির হইতে দেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Theft of water.]

XII. Whoever shall wilfully abstract water from any of the Company's canals or channels, without payment for, or entering into an agreement for the same, shall be punishable under Section 379 of the Indian Penal Code.

[Power of entry on land through which channel may run, or which may be irrigated by water from Company's Canal.]

XIII. It shall be lawful for any farmer or Collector of water-rates, or for any officer of the Company duly authorized by such Company, with such servants and workmen as may be required, to enter into or upon any land through which any canal or channel of the Company may run or which may be irrigated with water flowing from the canals of the Company, or for the purpose of measuring the extent of land so irrigated, or for the purpose of examining, repairing, and amending the banks of such canal or channel.

[Lands irrigated without agreement to be subject to double rate.]

XIV. If any person shall use water flowing from the canals of the Company for the purpose of irrigating land for the irrigation of which no agreement shall have been made, it shall be lawful for the farmer or Collector of the water-rates within the limits of whose farm or collectorate such lands may be situate, to recover as an arrear of water-rate under this Act, from the person who shall so use such water, double the amount of water-rate which would be payable in respect of such lands in case an agreement for the irrigation of the same for one crop had been duly made.

[Recovery of fines.]

XV. All fines imposed under this Act may be recovered according to the provisions of the Code of Criminal Procedure.

J. PITT KENNEDY,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

[জল চৌর্য্যের কথা।]

১২ ধারা। যদি কোন ব্যক্তি কোম্পানির খালের কি জলপথের জলের মূল্য না দিয়া কিম্বা তাহার নিয়মপত্র না করিয়া উক্ত কোন খালের কি জলপথের জল ইচ্ছাপূর্ব্বক হরণ করে, তবে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৭৯ ধারামতে তাহার দণ্ড হইতে পারিবে ইতি।

[জলপথ যে ভূমি দিয়া যায়, কিম্বা কোম্পানির খালহইতে যে ভূমির জলসিঞ্চন হয়, তাহাতে গমনের ক্ষমতার কথা।]

১৩ ধারা। কোম্পানির কোন খালের কি জলপথের জল যে ভূমি দিয়া যায়, কিম্বা কোম্পানির খালহইতে যে ভূমির জলসিঞ্চন হয়, জল রেটের কোন ইজারদার কি কালেক্টর, কিম্বা কোম্পানিহইতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত ঐ কোম্পানির কোন কার্য্যকারক প্রয়োজনমতে চাকর ও মজুরদিগকে লইয়া ঐ জলসিক্ত ভূমির পরিমাণ লইবার কিম্বা ঐ খাল কি জলপথ দৃষ্টি করণের ও সারাইবার ও তীর শুধরাইবার জন্যে ঐ ভূমিতে গমন করিতে পারিবেন ইতি।

[নিয়মপত্রভিন্ন যে ভূমির জলসিঞ্চন হয় তাহার দ্বিগুণ রেট লইবার কথা।]

১৪ ধারা। যে ভূমিতে জলসিঞ্চনের কোন নিয়ম করা যায় নাই, যদি কোন ব্যক্তি তাহাতে জল সেঁচিবার জন্যে কোম্পানির খালের জল ব্যবহার করেন, তবে ঐ ভূমি যে ইজারদারের কি কালেক্টরের ভূমির সীমার অন্তর্গত থাকে যে ব্যক্তি ঐ জল ব্যবহার করিয়াছে তিনি তাহার স্থানে এই আইনমতে বাকী জল রেটের ন্যায় দ্বিগুণ জল রেট আদায় করিতে পারিবেন অর্থাৎ একি ফসলের জন্যে ঐ ভূমিতে জল সেচনের নিয়মপত্র উপযুক্ত মতে করা গেলে যত টাকা দিতে হইত তাহার দ্বিগুণ আদায় করিতে পারিবেন ইতি।

[অর্থদণ্ডের টাকা আদায় করিবার কথা।]

১৫ ধারা। এই আইনমতে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানক্রমে ঐ দণ্ডের টাকা আদায় করা যাইতে পারিবে ইতি।

জে পিট কেনেডি,
ব্যবস্থাপন কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

JUNE 1867.

No. 6.

THE Board of Revenue, with the sanction of the Government of Bengal, have extended, from 1st July 1867 to 31st March 1868, the period within which applications may be made by grantees of waste lands for the transfer of pay-

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৭ সাল জুন মাস।

৬ নম্বর।

যাঁহারা পতিত ভূমি প্রাপ্ত হইয়াছেন তাঁহারা কোনং খণ্ড ভূমির জন্যে কতক টাকা দিলেও সেই ভূমি ত্যাগ করিয়াছেন। এক্ষণে যে জমি রাখিতে চাহেন সেই জমির হিসাবে সেই টাকা জমা হইবার প্রার্থনা করিবার জন্যে রেবিনিউ বোর্ডের সাহেবেরা বঙ্গদেশের

ments already made on relinquished lots, to those which they may wish to retain.

No. 7.

In modification of Circular Order 2 of January 1867, the District Return No. VIII should, in future, be submitted through the Commissioner, who will furnish the statistics for columes 11 and 14 of Table V, and transmit the Statement to the Board with his remarks. The mark § should accordingly be made against No. VIII in the Appendix, at page 262 of the Board's Rules.

No. 8.

With advertence to Section 21, Act XX of 1865, Commissioners and Collectors are reminded that they should be ready to deal with all applications for renewal of Certificates already granted by the Board of Revenue to Revenue Agents, from the 2nd July, when the year of currency will expire.

No. 9.

The attention of all Officers employed in carrying out the provisions of Act XXI of 1867 is requested to Act XXIX of 1867, published in the *Gazette of India* of the 15th instant.

Spare copies of the Act, and supplies of the form of notice to be issued under Section 3, will be at once issued to each District, and no difficulty should now be experienced in completing the operations for the general issue of Licenses to all persons liable to the Tax.

No. 10.

From the replies received to Circular Order No. 6 of February 1867, it appears that no alteration of Clause 5, Section III, page 57 of the Board's Rules, in reference to the collections from Tari Farmers, and also their payments of revenue to Government, is necessary, except as regards the Patna and Bhaugulpore Divisions.

2. For those two Divisions, therefore, the following addition is made as Clause 5A at Page 57 of the Rules :—

5A. The payments, however, of the revenue from Tari are made on the following scale in the

[*Government Gazette*, 16*th July* 1867.]

গবর্ণমেন্টের অনুমতিক্রমে ১৮৬৭ সালের জুলাই মাসের ১ তারিখ পর্য্যন্ত মিয়াদ না রাখিয়া ১৮৬৮ সালের ৩১ মার্চ পর্য্যন্ত রাখিয়াছেন।

---

৭ নম্বর।

১৮৬৭ সালের জানুআরি মাসের ২ নং সরকুলর অর্ডর মতান্তর করিয়া এই আজ্ঞা হইল। ইহার পর কমিস্যনর সাহেবের দ্বারা জিলার ৮নং রিটর্ণ পাঠাইতে হইবে, তিনি পঞ্চম টেবিলের ১১ ও ১৪ ঘরের স্থিতি-রীতি প্রকরণ লিখিয়া আপনার মন্তব্যের সহিত বোর্ডে বর্ণনাপত্র পাঠাইবেন। বোর্ডের বিধি পুস্তকের ২৬২ পৃষ্ঠার ক্রোড়পত্রের ৮ নং বিধির পার্শ্বে § চিহ্ন দিতে হইবে।

---

৮ নম্বর।

১৮৬৫ সালের ২০ আইনের ২১ ধারার উপলক্ষে কমিস্যনর ও কালেক্টর সাহেবদিগকে স্মরণ করাণ যাইতেছে যে রেবিনিউ বোর্ডের সাহেবেরা রেবিনিউ এজেন্টদিগকে যে সংশিতপত্র দিয়াছেন আগামি ২ জুলাই তারিখ অবধি তাহা নূতনীকরণের আবেদনপত্র লইয়া কার্য্য করণার্থে প্রস্তুত থাকিবেন। সেই তারিখে সংশিতপত্রের বৎসর অতীত হইবে।

---

৯ নম্বর।

১৮৬৭ সালের ২১ আইনের বিধান সফল করণার্থে যে সকল কার্য্যকারকেরা নিযুক্ত হইয়াছেন তাঁহার-দিগকে এই মাসের ২৫ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত ১৮৬৭ সালের ২৯ আইনে মনোযোগ করি-বার আদেশ হইল।

ঐ আইনের কএক প্রস্থ এবং ৩ ধারামতে যে জ্ঞাপনপত্র প্রচার করিতে হইবে তাহার পাঠ প্রত্যেক জিলাতে অবিলম্বে প্রেরণ করা যাইবে। এখন যাঁহারা টাক্স দিবার যোগ্য হন তাঁহাদের সকলকে অনুমতি-পত্র দিবার কার্য্য সম্পাদন করণে কোন কষ্ট হইবার সম্ভাবনা নাই।

---

১০ নম্বর।

১৮৬৭ সালের ফেব্রুআরি মাসের ৬ নম্বরের সরক্যু-লর অডর উপলক্ষে যে উত্তর প্রাপ্ত হওয়া গিয়াছে তদ্দ্বারা দৃষ্ট হইল যে পাটনা ও ভাগলপুর খণ্ড ভিন্ন অন্য খণ্ডে তাড়ীর ইজারদারদের স্থানে টাকা আদায় করণ এবং গবর্ণমেন্টে তাহাদের রাজস্ব দান সম্পর্কে বোর্ডের বিধি পুস্তকের ৫৭ পৃষ্ঠার লিখিত ৩ অধ্যায়ের ৫ প্রকরণের কথার কোন পরিবর্ত্তন করিবার আবশ্যক নাই।

২। অতএব উক্ত দুই খণ্ডের জন্যে বিধি পুস্তকের ৫৭ পৃষ্ঠায়, ৫A ধারা বলিয়া নিম্নলিখিত কথা দিতে হইবে।

৫A। কিন্তু পাটনাখণ্ডের নানা জিলাতে এবং ভাগলপুর খণ্ডের মুঙ্গের জিলাতে তাড়ীহইতে যে

Districts of the Patna Division, and in Monghyr in the Bhaugulpore Division, *viz.:*—

In the 1st Quarter	$\frac{3}{8}$	} of the revenue of the year.	
,, 2nd ,,	$\frac{1}{16}$		
,, 3rd ,,	$\frac{1}{16}$		
,, 4th ,,	$\frac{1}{8}$		

3. In granting Tari Licenses in future, the local Officers of the above Districts should substitute the word "quarterly" for "monthly" in Article I of the Form No. 25, prescribed at page 96 of the Board's Rules.

4. In the Districts of Bhaugulpore and Purneah the Board have sanctioned an exceptional scale of payments, experimentally, for one year.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 2730.

APPOINTMENTS.

The 4th July 1867.

The following gentlemen to be Members of the Municipal Committee at Coomercolly, *viz.:*—

Baboo Kishnadhun Mozoomdar.
,, Shoroop Chunder Khan.
,, Mothoora Nath Koondoo.

The 5th July 1867.

Mr. A. V. Palmer, Officiating Collector of Customs, to officiate also as Ex-officio Shipping Master of Calcutta under Act I. of 1859.

মুরশিদাবাদ ...	কান্তনগর ...	তরফ খয়রামারী ..	কৃষিকার্য্যোপযোগী ৩॥২ কাঠা	১ দাগের, উত্তর সীমা খুদি পাইকের জিরাতী চাকরান ভূমি, পূর্ব্ব সীমা লক্ষ্মণ মণ্ডলের যোত, দক্ষিণ সীমা মাণিক রায়ের যোত, পশ্চিম সীমা রতন ঠাকুরের যোত।	ঈশানচন্দ্র পাল যোতদার।
			৮/২ কাঠা	২ দাগের, উত্তর সীমা কৃষ্ণধন ও দীন মজুমদারের ভূমি, পূর্ব্ব সীমা মনসুরখাঁর যোত, দক্ষিণ সীমা রতন তেয়ারীর যোত ও পশ্চিম সীমা খুদি পাইকের যোত।	ঐ
			২/০ বিঘা	৩ দাগের, উত্তর সীমা রামচন্দ্র ঘোষের যোত, পূর্ব্ব সীমা কৃষ্ণ মণ্ডলের যোত দক্ষিণ সীমা কৃষ্ণধন শাহার যোত, পশ্চিম সীমা রামচন্দ্র ঘোষের যোত।	ঐ
			১/২ কাঠা	৪ দাগের, উত্তর সীমা অমৃতলাল বাগচীর যোত, পূর্ব্ব সীমা মৃন্ময়ী দেবীর যোত, দক্ষিণ পশ্চিম সীমা কৃষ্ণ মণ্ডলের যোত।	

NOTIFICATION.

Fort William, the 23rd August 1867.

IN continuation of the previous Notification of the 8th instant, it is hereby notified that the Lieutenant-Governor will—

Leave Gowalparah on or about the 1st September,
„ Gowhatty „ 4th „
and reach Dibrooghur „ 14th „

Further notice of the Lieutenant-Governor's movements will be given hereafter.

H. L. HARRISON.
Junior Secretary to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৬৭ সাল ২৩ আগষ্ট।

এই মাসের ৮ তারিখের বিজ্ঞাপনাতিরিক্ত ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব—

গোয়ালপাড়া হইতে সেপ্টেম্বর মাসের ১ তারিখ পর্য্যন্ত ও
গৌহাটি হইতে ঐ ঐ ৪ ঐ ঐ যাত্রা করিয়া
ঐ ঐ ১৪ ঐ ঐ ডেব্রুগড়ে পঁহুছিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ভ্রমণ বিষয়ক অন্য বিজ্ঞাপন ইহার পরে দেওয়া যাইবে।

এচ এল হারিসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT, BENGAL.

Fort William, the 14th August 1867.

Notification.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a brickfield for the use of the East Indian Railway Company, it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring about 20*b.* 13*k.* 4*c.*, or 857 feet in average length, and 395 feet in average width, more or less, situated in village Kantatikoree between the 88th and 89th mile posts on the East India Railway Line, in the District of Burdwan, is required.

The land is bounded on the North by lands belonging to Abdool Jabbar, Faloo Sheik, and Abdool Mozeed; East by the Railway Company's land as far as the road, and Faloo Sheik, Shakhi Churn Chowkeedar, and Khoda Newaz's land; South by a tank called Horopal and Abdool Zabbar's land; and on the West by Emamudee Chowdry's land, by tal trees, by Abdool Mozeed's land, tank Bagmara, and by land belonging to Shake Dome.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

F. S. STANTON, *Captain, R. E.,*
Offg. Asst. Secy. to Govt. Bengal, P. W. D.,
Railway Branch.

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ১৪ আগষ্ট।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির ইট প্রস্তুত করিবার নিমিত্তে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বর্দ্ধমান জিলার অন্তর্গত কাঁটাটিকুরী গ্রামে স্থিত ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির রাস্তার ৮৮ ও ৮৯ মাইল নিরূপক স্তম্ভের মধ্যে ন্যূনাধিক ২০৷।৩ কাঠা পরিমিত অর্থাৎ গড়ে ৮৫৭ ফুট দীর্ঘ ও ৩৯৫ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

উক্ত ভূমির উত্তর সীমা আবদুল জব্বর, কালু সেখ, ও আবদুল মজীদের অধিকৃত ভূমি, পূর্ব্ব সীমা পথ-পর্য্যন্ত রেলওয়ে কোম্পানির ভূমি, এবং কালু সেখ, সাক্ষীচরণ চৌকীদার ও খোদা নেওয়াজের ভূমি, দক্ষিণ সীমা হর পাল নামে পুষ্করিণী, ও আবদুল জব্বরের ভূমি, পশ্চিম সীমা এমামদী চৌধুরীর ভূমি, তালগাছ, আবদুল মজীদের ভূমি, বাঘমারা পুষ্করিণী এবং সেখ ডোমের অধিকৃত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এফ, এস, ষ্টান্টন, কাপ্তান, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের রেলওয়ে শাখাতে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টান্ট
সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

…RJEELING MUNICIPALITY.

… following additional Bye-Law No. 64 … been approved of by the Government of …l, is published for general information :—

…ties concerned having objections to offer to …ntroduction, should at once make the same …nown to the undersigned.

B. W. D. MORTON,
Dy. Commissioner of Darjeeling,
Ex-officio Municipal Chairman.

BYE-LAW.

64. Any person residing within the Municipal …mits of Darjeeling, on receiving 15 days' notice, …hall be bound to erect within the private Estate …r Bazar belonging to such person, a Latrine or …atrines of such description and construction as …he Chairman of the Municipality, for the time …eing, may determine, and in event of non-compli…nce with such notice, or repetition of notice, such …erson shall be liable to a fine not exceeding Ru…ees 5 for every such offence; and in such case, it …hall further be in the power of the Chairman of …he Municipality, for the time being, to direct the …onstruction of any such Latrine or Latrines by Municipal laborers, any cost incurred being rea…ised from such person by attachment and sale of …is property, if necessary.

B. W. D. MORTON,
Dy. Commissioner.

দারজিলিঙ্গের মুনিসিপালিটি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টে নিম্নলিখিত ৬৪ নম্বরের উপবিধি বিষয়ে সম্মত হওয়াতে তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

তল্লিখিত বিষয়ে যে ব্যক্তিদের সম্পার্ক থাকে তাঁহারদের মধ্যে কোন ব্যক্তি ঐ উপবিধি প্রচলিত হওন বিষয়ে সম্মত না হইলে নিম্নলিখিত সাহেবকে অগৌণে আপত্তি জানাইবেন।

বি ডবলিউ ডি মর্টন।
দারজিলিঙ্গের ডেপুটী কমিস্যনর ও,
স্বীয় পদোপলক্ষে মুনিসিপল সভাপতি।

উপবিধি।

৬৪। দারজিলিঙ্গের মুনিসিপল বিধি যে সীমার মধ্যে প্রচলিত হয় সেই সীমার মধ্যবাসি কোন ব্যক্তিকে আপনার ভূমির কি বাজারের মধ্যে এক কি অধিক পাইখানা করিবার আদেশ হইলে সেই আদেশপত্র প্রাপ্ত হইয়া পঞ্চদশ দিবসের মধ্যে তদনুসারে কর্ম্ম করিবেন। ঐ পাইখানা যে প্রকারের ও যে রূপ দ্রব্যে নির্ম্মিত হইবে, যিনি যে সময়ে মুনিসিপল কমিস্যনর হন তিনি তাহা নির্ণয় করিবেন। সেই আদেশপত্র কিম্বা দ্বিতীয় আদেশপত্র পাইলে পর যদি সেই ব্যক্তি তদনুসারে কর্ম্ম না করেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার ৫ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে। আরো তদ্রূপ স্থলে যিনি যে সময়ে মুনিসিপালিটীর সভাপতি হন তিনি মুনিসিপল মজুরদের দ্বারা সেই পাইখানা নির্ম্মাণ করিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহাতে যে খরচ হয় প্রয়োজন হইলে উক্ত ব্যক্তির সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচ আদায় হইতে পারিবে।

বি ডবলিউ ডি মর্টন,
ডেপুটী কমিস্যনর।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

اقرارنامه منجانب مهاراجه دهراج راجندر كشور سنگهه بهادر مهاراجه بتيا.

جوكه همكو اكثر اپني طبيعت نا معتدل رهنے كے سبب اور نيز ضرورت مشاغل ديني و تيرتهه جاترا و استقامت كاشي جي كي باعث بنظر رفع هرج كار رياست و حصول سبكدوشي بارديون سے واجب هوا كه كچهه انتظام مستحكم كرين اسلئے هم اپنے لڑكے چرنجيو راج كمار هرندر كشور سنگهه بهادر كو كه بعد همارے هرطرح وارث مستحق هين شرايط مفصله ذيل مالك رياست قرار ديكر عنان اختيار حواله كرتے هين اور خود مطلقا دست بردار هوتے هين فقط

شرط اول

چرنجيو راج كمار ابهي نابالغ هين اسلئے ايک كميٹي ولايت و انتظام رياست مقرر هو اور ممبر اسكے تين رهين اول مهاراجه دهراج سري كاشي نرپس يسوري پرشاد نراين سنگهه بهادر دويم هم بذات خود سوم منيجر وقت اپنے عهده كے حيثيت سے فقط

[*Government Gazette*, *27th August* 1867.]

شرط دویم

بحالت بلوغ بھي چرنجيو راج كمار كے تا حيات همارے كميٹي مذكور بحال و برقرار بني رهيگي اور اگر درحالت نابالغي همارے حيات وفا نكرے اورهم ممبري كميٹي كے لئے كسيكو اپنا قايم مقام نه كرجائيں ممبر اول يعنے مهاراج سري كاشي نريس بهادر موصوف همارے بھي قايم مقام هونگے اور اختيار دوممبروںكا حاصل ركھينگے

شرط سوم

تاريخ تحرير اقرار نامه هذا تك جسقدر دين ذمه رياست واجب الادا ثابت هو محاصل رياست سے اهاليان كميٹي حسب راے اور اپني تجويز كے ادا و بيباق كريں ليكن جهت آينده هم اقرار واثق كرتے هيں كه كوئي قرضه جديد نوعي من الانواع همارے جانب سے نه ليا جائيگا اور اب همكو كسي طرح كا اختيار قرض لينيكا يا اراضي و جايداد متعلقه رياست كسي كو دينے اور منتقل اور مكفول كرنيكا باقي نهيں رهيگا اگر قرض كريں يا اراضي و جايداد متعلقه رياست كسي كو ديويں يا منتقل و مكفول كريں مطلقا ناجايز هوگا اور هرگز وه ذمه رياست نه ٹهريگا خواه وه انتقالات واسطے كار مذهبي و ديني هوں خواه دينوي بلكه بعد همارے همارے ورثا كو بھي تا اداے ديون متذكرهٔ بالا كسي حالت ميں قرض لينے يا اراضي و جايداد متعلقه رياستٔ كسي كو دينے خواه منتقل اور مكفول كرنے كا اختيار نرهيگا فقط

شرط چهارم

اور اسي غرض سے كه اب همكو اس اقرار نامه كے بعد اور كوئي دست اويز مثل تمسك و رسيد قرضه و سند تمليك و تكفيل و غيره لكھنے كا اختيار باقي نه رها همنے اپني مهريں كه جو اسناد و وثايق پر هوتي تھيں مقفل بند كركے سپرد ممبر اول يعنے مهاراجه سري كاشي نريس بهادر موصوف كوديں كه كسي جاے محفوظ ميں ركھيں تاكه كوئي شخص اُنكو كام ميں لاكر كوئي جعلي كاغذ نه بناوے همارے امورات ذاتي و خانگي خواه عدالت كے لئے همارا دستخط كافي هوگا فقط

شرط پنجم

ممبران كميٹي موصوف كي تجويز جمله امورات متعلقه رياست ميں حسب غلبه راے ناطق اور قطعي متصور هوگي بجز معاملات ذاتي متعلقه منيجر كه اُنهيں اگر منيجر اور دوسرے ممبران كميٹي كے در ميان اختلاف واقع هو وه صاحب كمشنر بهادر كے حضور ميں پيش هونگے اور اُنكے نسبت صاحب كمشنر بهادر بطور ثالث جو تجويز اور تصفيه فرماوينگے ناطق و قطعي و مستحكم سمجھا جايگا فقط

شرط ششم

منيجر حسب صلاح و سفارس جناب صاحب كمشنر بهادر بمنظوري ممبر اول يعنے مهاراجه سري كاشي نريس بهادر موصوف مقرر هوتا رهيگا اور بلا اجازت صاحب موصوف موقوف نهوسكے گا بجز اسكے كه جو كچھه بابت هرجه و نقصاني مابين ممبران كميٹي اور منيجر ٹهر گيا هو ممبر اول يعنے مهاراجه سري كاشي نريس بهادر موصوف كو اختيار رهيگا كه محاصل رياست سے دلاكر موقوف كريں اور واضح رهے كه منيجر كو حسب الهدايت و نگهباني كميٹي كام كرنا پڑيگا

شرط هفتم

منجمله محاصل ریاست بعد اداے مالگذاري سرکاري و سود قرضه و مواجب مفصله ذیل جو کچهه بچے مصارف ضروري انتظام ریاست و اداے دیون مین کام آوے اور جب دین باقي نه رہے ترقي اور بہبود ریاست و علاقه داري مین حسب صوابدید وقت صرف کیا جاوے فقط

شرط هشتم

بعد تنقیح تعداد قرضه بنظر حصول سبکدوشي زر قرضه سے کمیٹي کو نسبت قرضه متذکره بالا درباره تخفیف خرچ و تخفیف تزئید سود و اداے قطعي و تبدیل وتجدید وثیقه اختیار کامل حاصل هوگا فقط

شرط نهم

اگرکسي وقت محاصل ریاست اداے مالگذاري سرکاري خواه سود خواه اصل مبالغ قرضه خواه خرچه عدالت کے لئے کافي نهوے اور ضرورت قرض لینے کي پڑے کمیٹي کو اختیار هوگا که جسطرح چاہے لیوے فقط

شرط دهم

ممبران کمیٹي کو سواے منیجر وقت بحیثیت عهده کے یهه بهي اختیار رهیگا که بحالت خاص جب مناسب سمجهین اپنا اختیار خاص خواه عام باوقات معینه خواه غیرمعین اپني ذمه وري اور اپني اعتبار پر جس شخص کو چاهین سپرد کرین اور اسکو اپنا قایم مقام بناوین فقط

شرط یاردهم

اگر همارا کوئي معاهده سابق کسي کے ساتهه کمیٹي کي راے مین از روے مغالطه دهي ثابت هو یا کسي نے حقوق واجب سے تجاوز کر کے استحقاق غیرواجب غصبا حاصل کیا هو کمیٹي کو اختیار هي که جسطرح چاهین اسکا تدارک عمل مین لاکر ریاست کو نقصان نا روا سے بچاوین فقط

شرط دوازدهم

اهالیان کمیٹي کو لازم هی که جهت تعلیم و ترتیب چرنجیو راج کمار جو تدابیر مناسب معلوم هو وقتا فوقتا عمل مین لاتے رهین

شرط سیزدهم

همنے مبلغ دو هزار روپیه سالانه وصولي منافع کا علاقه منجمله علاقجات واقع ضلع گورکهپور جس شخص کو جس طرح پر دینے کا وعده کیا هی اهالیان کمیٹي دخل دهاني و داخل خارج و تحریر و توثیق بخشش نامه کا بزودي ممکنه تکمله کرادین فقط

شرط چهاردهم

يعني شرط اخري يهه كه همكو خواه همارے ورثا كو كبهي كسي حالت مين اهاليان كميتي سے بحيثيت ممبران كميتي كسي بات كا مواخذه نهوگا فقط

تفصيل مواجب متذكرۀ شرط هفتم

همارى ذات خاص کے لئے	راني صاحبه	دولهن صاحبان
لرلک ا ـــ	عــ	لعــ

المرقوم اتهائيسوين ماه جولائي سنه ١٨٦٧ع

العبد مهاراجه راجندر كشورسنگهه بهادر ايشري गवाही गंगा प्रसाद तेवारी

Signed and Sealed in my presence.
SEVAPROSAD.
Sealed and Signed in my presence.
ROY BULDEO BUKSH.

مهر مهاراجه بتيا — مهر مهاراجه بنارس

Both the Maharajahs of Bettiah and Benares sealed this document in my presence and attached their signatures on the second sheet. Their signatures on the first sheet were already attached previous to its being brought to me to attest as a witness.

PATNA,
July 29th, 1867.

R. P. JENKINS,
Officiating Commissioner.

Stamp correct under Schedule A, Sec. 9, Act X of 1862. Admissible under Secs. 21, 22, 32, and 34 of Registration Act of 1866. *Fee Paid.*

Ordinary Fee Rs.	10
Extra Fee ...	... 5
Fee for Visit ...	10

E. DRUMMOND,
Registrar.

29th July 1867.

Presented for registration, on the 29th July 1867, at 11-30 A. M., at the Office of Registrar of Patna, by Maharajah Dhiraj Rajindur Kishwur Sing Bahadur, Maharajah of Bettiah.

العبد مهاراجه راجندر كشور سنگهه بهادر بقلم خاص

Execution was admitted by Maharajah Dhiraj Rajindur Kishwur Sing Bahadur, Maharajah of Bettiah.

Personally known to the Registrar of Patna. A visit was paid for testing the accuracy of this Deed.
SEVAPROSAD.

E. DRUMMOND,
Registrar of Patna.
29th July 1867.

العبد مهاراجه راجندر كشور سنگهه بهادر بقلم خاص

ROY BULDEO BUKSH.

Registered in Book I, Vol. II, pages 92 to 94, being No. 183 for 1867.

E. DRUMMOND,
Registrar of Patna.

29th July 1867.

[*Government Gazette*, 27*th August* 1867.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এফ জে বার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 3, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৩ সেপ্টেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE DEPARTMENT.

Simla, the 22nd August 1867.

THE following Bill and Statement of Objects and Reasons accompanying it, are published for general information, by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the Conduct of Business at meetings of the Council of the Governor General of India for the purposes of making Laws and Regulations :—

A Bill for shortening the language used in Acts of the Governor General of India in Council and for other purposes.

[Preamble.]

WHEREAS it is expedient to shorten the language used in Acts made by the Governor General of India in Council, and to make certain provisions relating to such Acts; It is hereby enacted as follows :—

[Short title.]

I. This Act may be cited as "The General Clauses Act, 1867."

[Interpretation clause.]

II. In this Act and in all Acts made by the Governor General of India in Council after this Act shall have come into operation,—unless there

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্ম বিভাগ।

সিমলা ১৮৬৭ সাল ২২ আগষ্ট।

আইন ও ব্যবস্থা করণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় যে কার্য্য সম্পাদন হয় তাহার বিধির ১৯ ধারামতে অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা সহিত এই আইনের পাণ্ডুলিপি মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইনের কথা সংক্ষেপ করণার্থ ও অন্যং অভিপ্রায়ার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত আইনের কথা সংক্ষেপ করা এবং ঐ২ আইন বিষয়ে কোনং বিধান করা বিহিত। এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

[সংক্ষেপ নামের কথা।]

১ ধারা। এই আইন ১৮৬৭ সালের "সাধারণ ধারাবিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ করিবার ধারা।]

২ ধারা। এই আইনেতে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই আইন প্রচলিত হইবার পর যে সকল আইন প্রণয়ন করেন,

be something repugnant in the subject or context,—

[" Gender."]

(1.) Words importing the masculine gender, shall be taken to include females;

[" Number."]

(2.) Words in the singular shall include the plural, and *vice versâ* ;

[" Person."]

(3.) "Person" shall include any company, or association, or body of individuals whether incorporated or not;

["Year" and "month."]

(4.) "Year" and "month" shall respectively mean a year and month reckoned according to the British calendar;

[" Immoveable property."]

(5.) "Immoveable property" shall include land, benefits to arise out of land, and things attached to the earth, or permanently fastened to anything attached to the earth;

[" Moveable property."]

(6.) "Moveable property" shall mean property of every description, except immoveable property;

[" Her Majesty."]

(7.) "Her Majesty" shall include her heirs and successors to the Crown;

[" British India."]

(8.) "British India" shall mean the territories for the time being vested in Her Majesty by the Statute 21 & 22 Vic., cap. 106 (*An Act for the better government of India*), other than the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca;

[" Government of India."]

(9.) "Government of India" shall denote the Governor General of India in Council, or, during the absence of the Governor General of India from his Council, the President in Council, or the Governor General of India alone as regards the powers which may be lawfully exercised by them or him respectively;

[" Local Government."]

(10.) "Local Government" shall mean the person authorized by law to administer executive Government in the part of British India in which the Act containing such expression shall operate, and shall include a Chief Commissioner;

[" High Court."]

(11.) "High Court" shall mean the highest Civil Court of Appeal in such part;

[" District Judge."]

(12.) "District Judge" shall mean the Judge of a principal Civil Court of original jurisdiction;

সেই সকল আইনেতে, যদি লিখিত বিষয়ের ও পূর্ব্বাপর কথার বিপরীত অর্থ না হয়, তবে

"লিঙ্গ।"

(১) পুংলিঙ্গবোধক শব্দে স্ত্রীগণও গণ্য হইবে।

"বচন।"

(২) এক বচনান্ত শব্দে বহুবচনান্ত ও বহুবচনান্ত শব্দে এক বচনান্ত শব্দ বুঝাইবে।

"ব্যক্তি।"

(৩) ব্যক্তি শব্দেতে কোন কোম্পানি কি সমাজ এবং সমাবায়িত ও অসমাবায়িত লোক সমাজও গণ্য।

"বৎসর" ও "মাস।"

(৪) বৎসর ও মাস শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতে গণিত বৎসর ও মাস বুঝাইবে।

"স্থাবর সম্পত্তি।"

(৫) ভূমি, ও ভূমিহইতে উৎপাদনীয় লভ্য ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্য ও মৃত্তিকা সংলগ্ন দ্রব্যেতে চিরস্থায় রূপে বদ্ধ দ্রব্য "স্থাবর সম্পত্তি" শব্দে গণ্য।

"অস্থাবর সম্পত্তি।"

(৬) "অস্থাবর সম্পত্তি" শব্দে স্থাবরভিন্ন সকল প্রকারের সম্পত্তি বুঝাইবে।

"শ্রীশ্রীমতী মহারাণী।"

(৭) "শ্রীশ্রীমতী মহারাণী" শব্দে তদীয় উত্তরাধিকারিগণ ও উত্তর পদধারিগণকে বুঝাইবে।

"ব্রিটনীয় ভারতবর্ষ।"

(৮) ভারতবর্ষের সুশাসনার্থ আইন নামে মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায়ক্রমে যে দেশ যে সময়ে শ্রীশ্রীমতীর প্রতি অর্পিত হয়, ব্রিটনীয় ভারতবর্ষ শব্দে পুলপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা উপনিবেশ ভিন্ন সেই সকল দেশ বুঝাইবে।

"ভারতবর্ষের গবর্ণমেন্ট।"

(৯) ভারতবর্ষের গবর্ণমেন্ট শব্দে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব, ও মন্ত্রিসভাতে তাঁহার অনুপস্থানকালে মন্ত্রিসভার সভাপতি সাহেব লক্ষিত হন। এবং তিনি অথবা তাঁহারা আইন অনুসারে যে সকল ক্ষমতাক্রমে কার্য্য সম্পাদন করিতে পারেন তৎসম্পার্কে উক্ত শব্দে ভারতবর্ষের কেবল শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে বুঝাইবে।

"স্থানীয় গবর্ণমেন্ট।"

(১০) স্থানীয় গবর্ণমেন্ট এই শব্দ যে আইনেতে থাকে সেই আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে অংশে প্রচলিত হইবে যিনি সেই অংশে আইনমতে কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতাপ্রাপ্ত হন, স্থানীয় গবর্ণমেন্ট শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে। প্রধান কমিসানর সাহেবও সেই শব্দে গণ্য।

"হাই কোর্ট।"

(১১) হাই কোর্ট শব্দে সেই অংশগত আপীলের উচ্চতম দেওয়ানী আদালত বুঝাইবে।

"জিলার জজ।"

(১২) জিলার জজ এই শব্দে মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালতের জজ

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ৩ সেপ্টেম্বর।]

but shall not include a High Court in the exercise of its ordinary original civil jurisdiction;

["Magistrate."]

(13.) "Magistrate" shall include all persons exercising all or any of the powers of a Magistrate under the Code of Criminal Procedure;

["Section."]

(14.) "Section" shall denote a section of the Act in which the word occurs;

["Will."]

(15.) "Will" shall include a codicil and every writing making a voluntary posthumous distribution of property;

["Obligation."]

(16.) "Obligation" shall denote any instrument by which one person binds himself absolutely or conditionally to pay money to another person;

["Oath."]

(17.) "Oath" shall include a solemn affirmation substituted by law for an oath;

["Imprisonment."]

(18.) "Imprisonment" shall mean imprisonment of either description as defined in the Indian Penal Code.

III. In all Acts made by the Governor General of India in Council after this Act shall have come into operation; —

[Revival of repealed enactments.]

(1.) For the purpose of reviving, either wholly or partially, a Statute, Act or Regulation repealed, it shall be necessary expressly to state such purpose:

[Commencement of time.]

(2.) For the purpose of excluding the first in a series of days or any other period of time, it shall be sufficient to use the word "from:"

[Termination of time.]

(3.) For the purpose of including the last in a series of days or any other period of time, it shall be sufficient to use the word "to."

[Official chiefs and subordinates.]

(4.) For the purpose of expressing that a law relative to the chief or superior of an office, shall apply to the deputies or subordinates lawfully executing the duties of such office in the place of their superior, it shall be sufficient to prescribe the duty of the superior:

[Successors.]

(5.) For the purpose of indicating the relation of a law to the successors of any functionaries, or of corporations having perpetual succession, it

সাহেবকে বুঝাইবে। কিন্তু আদৌ মোকদ্দমার বিচার করিবার সাধারণ আধিপত্য প্রাপ্ত হাই কোর্ট সেই শব্দে গণ্য নহে।

"মাজিষ্ট্রেট।"

(১৩) যে ব্যক্তিরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে মাজিষ্ট্রেটের সকল কি কোন শক্তিক্রমে কর্ম্ম করেন মাজিষ্ট্রেট শব্দে সেই সকল ব্যক্তি গণ্য।

"ধারা।"

(১৪) যে আইনেতে "ধারা" শব্দের ব্যবহার হয় সেই শব্দে সেই আইনের ধারা লক্ষিত হয়।

"উইল।"

(১৫) উইলের উত্তরখণ্ড এবং মরণান্তে সম্পত্তি নিরূপণ বিষয়ে অভীষ্টসূচক প্রত্যেক লিপি উইল শব্দে গণ্য।

"নিবন্ধপত্র।"

(১৬) কোন ব্যক্তি সনিয়মে কি নিয়ম ব্যতিরেকে যে লিপিদ্বারা অন্য ব্যক্তিকে টাকা দিতে আপনাকে বদ্ধ করেন নিবন্ধপত্র শব্দে সেই লিপি লক্ষিত হয়।

"শপথ।"

(১৭) আইনমতে শপথের পরিবর্ত্তে যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করা যাইতে পারে শপথ শব্দের মধ্যে তাহাও গণ্য।

"কারাবন্ধন।"

(১৮) কারাবন্ধন শব্দে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারের কারাবন্ধন বুঝাইবে ইতি।

৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব এই আইন প্রচলিত হইবার পরে যে সকল আইন প্রণয়ন করেন তন্মধ্যে

[রহিত বিধানের পুনঃ প্রবল করণের কথা।]

(১) পূর্ব্ব রহিত কোন ব্যবস্থা কি আইন অংশতঃ কিম্বা সম্পূর্ণরূপে পুনশ্চ প্রবল করিবার অভিপ্রায় থাকিলে সেই অভিপ্রায় স্পষ্টরূপে ব্যক্ত করা আবশ্যক।

[সময়ারম্ভের কথা।]

(২) দিনশ্রেণীর কিম্বা নিরূপিত সময়ের আরম্ভ সূচক শব্দের পরে "অবধি" শব্দ থাকিলে তাহার প্রথম দিন না ধরিবার অভিপ্রায় বুঝাইবে।

[সময়শেষের কথা।]

(৩) দিনশ্রেণীর কিম্বা নিরূপিত সময়ের অন্তসূচক শব্দের পরে "পর্য্যন্ত" শব্দ থাকিলে তন্মধ্যে শেষ দিন ধরিবার অভিপ্রায় বুঝাইবে।

[রাজকীয় প্রধান ও অধীন কার্য্যকারকদের কথা।]

(৪) কোন পদের প্রধান ব্যক্তির কি কর্ত্তৃপক্ষের প্রতি যে ব্যবস্থা বর্ত্তে, তৎপ্রতিনিধি কি তদধীন কর্ম্মকারকেরা আপনারদের উপরিস্থ কার্য্যকারকের স্থলে ঐ পদের কর্ম্ম সম্পাদন করিলে ঐ ব্যবস্থা তাঁহারদেরও প্রতি বর্ত্তে, উপরিস্থ কার্য্যকারকের কর্ত্তব্যকর্ম্ম নির্দ্দিষ্ট করিলেই উক্ত অভিপ্রায় জানা যাইবে।

[উত্তরপদধারিদের কথা।]

(৫) কর্ম্মসম্পাদকদিগের কিম্বা নিয়ত পর্য্যায়বিশিষ্ট লোকসমাজের উত্তরপদধারিদের প্রতি আইনের যে সম্পর্ক থাকে ইহা প্রদর্শন করিবার

hall be sufficient to express its relation to the unctionaries or corporations : and

[Substitution of functionaries.]

(6.) For the purpose of indicating the application of a law to every person or number of persons for the time being executing the functions of an office, it shall be sufficient to mention the official title of the officer at present executing such functions, or that of the officer by whom the functions are commonly executed.

[Recovery of fines.]

IV. The provisions of Sections 63 to 70, both inclusive, of the Indian Penal Code, and of Section 61 of the Code of Criminal Procedure, shall apply to all fines imposed under the authority of any Act hereafter to be passed, unless such Act shall contain an express provision to the contrary.

[Matters done under an enactment before its repeal to be unaffected.]

V. The repeal of any Statute, Act or Regulation, shall not affect anything done or any offence committed, or any fine or penalty incurred, or any proceedings commenced before the repealing Act shall have come into operation.

[Judicial notice to be taken of Acts.]

VI. All Courts of Justice, whether exercising civil or any other jurisdiction, and all persons having by law or consent of parties authority to receive evidence, shall take judicial notice of all Acts heretofore made, or hereafter to be made, by the Governor General of India in Council, whether the same be of a public or of a private nature.

[Recital to be *primâ facie* evidence of truth of fact recited.]

VII. Any recital contained in any Act of the Governor General of India in Council heretofore made or hereafter to be made, shall be deemed by all such Courts and persons to be *primâ facie* evidence of the truth of the fact recited.

STATEMENT OF OBJECTS AND REASONS.

A measure resembling the present has long been contemplated in the Legislative Department of the Government of India, but has been delayed from various causes, among which has been the impression that a series of clauses, having the same object as the Bill, might possibly be sent out by the Indian Law Commissioners.

Two Acts of Parliament, the stat. 7 Wm. IV and 1 Vic., cap. 39 and the stat. 13 and 14 Vic., cap. 21, have been passed to shorten the lan-

জন্যে ঐ কর্ম্মকারকদিগের কি লোকসমাজের পক্ষে ঐ সম্পর্ক ব্যক্ত করাই প্রচুর।

[কর্ম্মসম্পাদকদিগের প্রতিনিধির কথা।]

(৬) যিনি কি যাঁহারা যে সময়ে কোন পদের কর্ম্ম সম্পাদন করেন, তাঁহারদের পক্ষে কোন ব্যবস্থার যে রূপ প্রযোগ হইবে, ইহা দর্শাইবার জন্যে, যে কার্য্যকারক তৎকালে ঐ কর্ম্মসম্পাদন করিতেছেন কিম্বা তাহা সামান্যতঃ যে কার্য্যকারকদ্বারা সম্পাদন হইয়া থাকে তাঁহার পদখ্যাতি ব্যক্ত করাই প্রচুর ইতি।

[অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৪ ধারা। এতৎপরে যে সকল আইন প্রচারিত হয় তাহাতে যদি প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকে, তবে সেই আইনের শক্তিক্রমে যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহার প্রতি ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ৬৩ অবধি ৭০ পর্য্যন্ত সমস্ত ধারার এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬১ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[কোন আইন রহিত হইবার পূর্ব্বে তদ্দ্বারা যে ক্রিয়া করা যায় তাহার বৈলক্ষণ্য না হইবার কথা।]

৫ ধারা। যদি কোন ব্যবস্থা কি আইন রহিত করা যায়, তবে যে আইনদ্বারা রহিত করা গেল সেই আইন প্রচারিত হইবার অগ্রে পূর্ব্ব আইনদ্বারা যে কোন ক্রিয়া করা গেল কিম্বা যে অপরাধ হইয়াছে, কিম্বা যে দণ্ডের কি অর্থদণ্ডের যোগ্যতা বর্ত্তিয়াছে কিম্বা যে মোকদ্দমাপ্রভৃতির আরম্ভ হইয়াছে তাহার কোন প্রকারে বৈলক্ষণ্য হইবে না ইতি।

[বিচার কার্য্যে আইন স্বীকার করিবার কথা।]

৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুতগবর্ণর জেনরল সাহেব ইতিপূর্ব্বে যে সকল আইন প্রণয়ন করিয়াছেন কি এতৎপরে করেন, তাহা সাধারণ কি বিশেষভাবাপন্ন হইলেও দেওয়ানী ও অন্য প্রকারের বিচারাধিপত্যক্রমে কর্ম্মকারি সকল আদালত ও যে সকল লোক আইনক্রমে কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে সাক্ষ্য গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন, তাঁহারা বিচার কার্য্যে সেই সকল আইন স্বীকার করিবেন ইতি।

[আইনের উল্লিখিত কথা সেই কথার সত্যতার প্রমাণ হইবার কথা।]

৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইতিপূর্ব্বে যে আইন প্রণয়ন করিয়াছেন কি পশ্চাতে করেন তাহাতে কোন বিষয় ব্যক্ত হইলে সকল আদালত ও সকল ব্যক্তি আদিদৃষ্টে ঐ ব্যক্ত বিষয়ের প্রমাণস্বরূপ আইনের সেই কথা গ্রাহ্য করিবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ব্যবস্থা প্রণেতৃগণ বহুকালাবধি পূর্ব্বোক্তভাবের আইন করিবার মানস করিয়াছেন, কিন্তু নানা কারণে বিলম্ব হইয়াছে। তন্মধ্যে এই এক কারণ, এই পাণ্ডুলিপির তুল্যাভিপ্রায়যুক্ত ধারাশ্রেণী হিণ্ডয়ান লা কমিস্যনরদের দ্বারা প্রেরিত হইবার আশা ছিল।

আইনের লিখিতব্য বিধান সংক্ষেপ করিবার জন্যে চতুর্থ উলিয়ম রাজার ৭ বৎসরের এবং মহারাণী বিক্টোরিয়ার ১ বৎসরের আইনের ৩৯ অধ্যায় ও মহারাণী

guage of statutory enactments. The latter statute has not perhaps been sufficiently attended to in the drafting of subsequent English Acts, but the former, which relates to Scotland, is understood to have materially contributed to the abridgement of measures affecting that country. Similar enactments have recently been passed by the Councils of the Governor of Madras and of the Lieutenant-Governor of Bengal.

It is hoped that if this Bill become law, it will not only produce greater clearness and intelligibility in the Acts hereafter made by the Governor General of India in Council, but will also contribute to the attainment of uniformity in our laws, and save expense by the exclusion of many provisions now necessarily inserted. It provides, first, for the interpretation of some eighteen words and phrases in common use and then for the non-revival of repealed enactments. It then contains rules as to commencement and termination of a period of time mentioned in an enactment. It provides for the cases of official chiefs and subordinates, successors of functionaries or corporations, and persons holding acting appointments. It prescribes an uniform mode of recovering fines. And, lastly, it directs that judicial notice shall be taken of Acts and that a legislative recital shall be *primâ facie* evidence of the truth of the fact recited.

SIMLA,
The 9th August 1867. } H. S. MAINE.

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Dept. (Legislative.)

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(Civil Side.)

No. 24.

To the Civil Authorities, Lower and Extra Regulation Provinces,—(dated Calcutta, the 7th August 1867.)

The Civil Circular Order of the late Sudder Court, No. 20 of 1847, is hereby cancelled, being inconsistent with the existing Stamp Law and the recent ruling of the Court in the case of *Sato Bhama Dosi, plaintiff, versus Jamiradin Khan, defendant,* 21st December 1865, published in IV Weekly Reporter, Small Cause Court References, page 12.

By Order, &c.,
(Sd.) C. D. FIELD,
Registrar.

বিক্টোরিয়ার ১৩ ও ১৪ বৎসরের ২১ অধ্যায়, পারলিমেন্টের এই দুই আইন হইয়াছে। কিন্তু ইঙ্গলণ্ডীয় আইন প্রণয়ন কালে শেষোক্ত আইনের প্রতি তাদৃশ মনোযোগ হয় না। প্রথমোক্ত আইন স্কটলাণ্ডদেশসংক্রান্ত ও তাহা প্রচলিত করণ দ্বারা ঐ দেশসংক্রান্ত ব্যবস্থা সংক্ষেপ করণের অনেক সুযোগ হইয়াছে। সম্প্রতি মান্দ্রাজের গবর্ণর সাহেবের এবং বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভাতে উক্ত প্রকারের আইন হইয়াছে।

এই আইন যদি বিধিবদ্ধ হইয়া প্রচলিত হয়, তবে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক এতৎপরে যে সকল আইন করা যাইবে তাহা পূর্ব্বাপেক্ষা স্পষ্ট ও বোধগম্য হইবার সম্ভাবনা। তদ্ভিন্ন অস্মদাদির সকল আইন একবিধ হওয়া এবং এইক্ষণে যাহা আইনগত করা আবশ্যক এমত অনেক বিধান ত্যাগ হওয়াতে ব্যয় লাঘব হওয়া সম্ভাবনা। সাধারণমতে যে অষ্টাদশ শব্দের নিরত ব্যবহার হইয়া থাকে প্রথমে তাহার অর্থ করিবার বিধান হইয়াছে এবং যে আইন রহিত করা যায় তাহার পুনশ্চ প্রবল না হইবারও বিধান হইল। আইনেতে কোন মিয়াদ ব্যক্ত হইলে তাহার আরম্ভ ও শেষ নির্ণয় করিবারও বিধান হইয়াছে। রাজকীয় প্রধান ও অধীন কর্ম্মকারকদের এবং কর্ম্মসম্পাদকদের কি লোকসমাজের উত্তরপদপ্রাপ্তাদের এবং যাঁহারা একটিংরূপে কর্ম্ম করেন তাঁহারদের বিধান হইয়াছে। অর্থদণ্ড আদায় করিবার একবিধ বিধি করা গিয়াছে। শেষতঃ বিচার কার্য্যেতে আইন স্বীকৃত হইবার ও ব্যবস্থাপকগণের ব্যক্ত কথাই আদিদৃষ্টে সেই কথাসূচক বৃত্তান্তের সত্যতার প্রমাণস্বরূপ গৃহীত হইবার আজ্ঞা হইল।

এচ এস মেন।

সিমলা
১৮৬৭ সাল ৯ আগষ্ট।

উইটলি ষ্টোকস।
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

দেওয়ানী পক্ষ।

২৪ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের দেওয়ানী কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ৭ আগষ্ট।

ভূতপূর্ব্ব সদর আদালতের ১৮৪৭ সালের ২০ নম্বরের সরকুলর অর্ডর বর্ত্তমান ইষ্টাম্প আইনের সঙ্গত নহে। এবং ১৮৬৫ সালের ডিসেম্বর মাসের ২১ তারিখের যে মোকদ্দমায় সত্যভামা দাসী বাদিনী ও জামিরুদ্দীন খাঁ প্রতিবাদী ছিলেন সেই মোকদ্দমায় হাই কোর্ট সম্প্রতি যে নিষ্পত্তি করিয়াছেন তাহা উইকলি রিপোর্টরের ৪ খণ্ডের অর্থাৎ ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রেরিত প্রশ্নের ১২ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে। উক্ত সরকুলর সেই নিষ্পত্তির সহিতও সঙ্গত নহে, এহেতুক তাহা রহিত করা গেল।

আজ্ঞাক্রমে,
সি ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

No. 8.

(Criminal Side.)

To all Sessions Judges and Magistrates,—(dated Calcutta, 7th August 1867.)

The Court having taken into consideration the form of charge for cases of rape given in letter No. 876, from the Officiating Registrar to the Sessions Judge of Moorshedabad, dated 20th September 1864, published in I Weekly Reporter, Criminal letters, page 2, are pleased to cancel the instructions there given, and to direct Committing Officers to draw the charge in the following words :—"That , on or about , at , committed rape upon the person of , and that he has thereby committed an offence punishable under Section 376 of the Indian Penal Code."

By Order, &c.,
(Sd.) C. D. FIELD,
Registrar.

No. 9.

To Officers in Charge of Jails.—(dated Calcutta, the 7th August 1867.)

In consequence of different modes of procedure being followed in different districts, the Court are pleased to lay it down, as a general rule, that petitions of appeal against the sentences or orders of Sessions Judges, presented to Officers in charge of Jails, be forwarded by such Officers direct to the High Court, intimation of the fact being at once given in each instance and in the annexed form to the Judge, whose sentence or order is appealed against.

By Order, &c.,
(Sd.) C. D. FIELD,
Registrar.

To the Sessions Judge of

The undersigned begs to report, for the information of the Sessions Judge, that an appeal by the prisoner
against the Judge's sentence or order, dated
and noted at foot, has this day been presented to the Officer in charge of the
Jail, and has been forwarded to the High Court, as required by Section 418 of the Code of Criminal Procedure.

Officer in charge of the Jail.

ফৌজদারী পক্ষ।

৮ নম্বর।

সকল সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।
কলিকাতা ১৮৬৭ সাল ৭ আগষ্ট।

একটিং রেজিষ্ট্রার সাহেব মুরশিদাবাদের সেশন জজ সাহেবের নামে ১৮৬৪ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখের ৮৭৬ নম্বরের যে পত্র লেখেন তাহা উইকলি রিপোর্টরের প্রথম খণ্ডের অর্থাৎ ফৌজদারী পত্রের ২ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে। বলাৎকারের মোকদ্দমায় অভিযোগপত্র যে পাঠে লিখিতে হইবে তাহা সেই পত্রে লেখা গেল কিন্তু সেই পত্রে যে বিধি আছে হাই কোর্টের সাহেবেরা বিবেচনাপূর্ব্বক তাহা রহিত করিয়া সমর্পণকারি কার্য্যকারকদিগকে নিম্নলিখিত কথা ব্যবহার করিয়া তদ্রূপ অভিযোগ লিখিতে আদেশ করিতেছেন। "অমুক নামা ব্যক্তি অমুক তারিখে কিম্বা তাহার কিঞ্চিৎ পূর্ব্বে কি পরে অমুক স্থানে অমুক নামা স্ত্রীকে বলাৎকার করিয়াছে, ও তদ্দ্বারা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৭৬ ধারামত দণ্ডনীয় অপরাধ করিয়াছে।

আজ্ঞাক্রমে,
সি ডি ফিলড,
রেজিষ্ট্রার।

---

৯ নম্বর।

জেল রক্ষাকারি কার্য্যকারক সমীপেষু।
কলিকাতা ১৮৬৭ সাল ৭ আগষ্ট।

নানা জিলার মধ্যে কার্য্য করিবার নানা নিয়ম থাকাতে হাই কোর্টের সাহেবেরা এই সাধারণ বিধি প্রচলন করিয়াছেন। সেশন জজ সাহেবদিগের দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল করিবার যে দরখাস্ত জেলরক্ষকদিগকে দেওয়া গিয়া থাকে, তাহা ঐ কার্য্যকারকেরা একেবারে হাই কোর্টে পাঠাইবেন। কিন্তু যে জজ সাহেবের দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল হয়, প্রত্যেক স্থলে তাঁহাকে নিম্নলিখিত পাঠে ঐ আপীলের দরখাস্তপ্রেরণ করিবার সম্বাদ দিবেন।

আজ্ঞাক্রমে,
সি ডি ফিলড,
রেজিষ্ট্রার।

অমুক জিলার শ্রীযুত সেশন জজ সাহেব সমীপেষু।

জজ সাহেবের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর অমুক নামা বন্দী অদ্য অমুক স্থানের জেলরক্ষককে নিম্নলিখিত মর্ম্মের আপীল সমর্পণ করিয়াছে। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪১৮ ধারামতে তাহা হাই কোর্টে পাঠান গিয়াছে। এই কথা নিম্নলিখিত কার্য্যকারক সেশন জজ সাহেবের জ্ঞানার্থে রিপোর্ট করিতেছেন।

জেলরক্ষক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATION.

Simla, the 21st August 1867.

No. 3742.

THE following Rules for the submission, receipt, and transmission of memorials and other papers of the same class, addressed to Her Majesty, or to the Secretary of State for India, by private individuals and public officers of all Civil Departments, are published for general information :—

Rules for the submission, receipt and transmission of memorials, &c., addressed to Her Majesty's Government by individuals, public officers, &c., in India.

I.—No memorial will be received or attended to by the Home Government which has not been forwarded through the regular channel of the Governments in India.

II.—Every memorial, &c., addressed to Her Majesty's Secretary of State for India, should be forwarded through the Local Government under which the writer is residing or employed, with the view of affording an opportunity to such Local Government of expressing an opinion, or offering an explanation ; and each memorial should invariably be transmitted by the Local Government with a full statement of facts and expression of opinion, to which the Government of India will add such remarks as may be necessary to enable the Home Government to dispose of the case.

III.—Memorials to the Secretary of State from individuals, &c., in the Madras and Bombay Presidencies, should be forwarded direct by those Governments to the Secretary of State, except such memorials as relate to pensions, salaries, gratuities, and leave of absence, which should be forwarded to the Secretary of State through the Government of India in the Financial Department.

IV.—Memorials to the Secretary of State from individuals, &c., in Bengal, the North-Western Provinces, and the Punjab, should be forwarded by the Lieutenant-Governors, with a Special Narrative or explanatory letter to the Government of India in the proper Department reviewing the facts and circumstances of the case, for transmission to the Secretary of State.*

* Appeals by individuals from the orders of Lieutenant-Governors lie, in the first instance, to the Governor General in Council. An appeal to the Secretary of State will lie only in the event of an appeal to the Governor General in Council, having been rejected.

[*Government Gazette, 3rd September* 1867.]

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা, ১৮৬৭ সাল ২১ আগষ্ট।

৩৭৪২ নম্বর।

সাধারণ ব্যক্তিরা এবং দেওয়ানী সকল কর্ম্মবিভাগের রাজকীয় কার্য্যকারকেরা শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা ভারতবর্ষের নিমিত্ত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নামে প্রার্থনাপত্র কি তদস্বরূপ পত্র প্রেরণ করিতে চাহিলে ঐ২ পত্র অর্পণ ও গ্রহণ ও প্রেরণ করিবার এই২ বিধি সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

ভারতবর্ষস্থ সাধারণ ব্যক্তিরা ও রাজকীয় কার্য্যকারক প্রভৃতি শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেন্টের নামে প্রার্থনাপত্রাদি পাঠাইলে তাহা অর্পণ ও গ্রহণ ও প্রেরণ করিবার বিধি।

১। ইঙ্গলণ্ডস্থ গবর্ণমেন্টের নিকটে প্রার্থনাপত্র প্রেরণ করিতে হইলে ভারতবর্ষস্থ গবর্ণমেন্ট তাহার নিয়মিত প্রণালীস্বরূপ, সেই প্রণালীতে প্রেরিত না হইলে গ্রাহ্য হইবে না ও তৎপ্রতি মনোযোগ হইবে না।

২। ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নামে যে প্রার্থনাপত্রাদি লেখা যায়, স্থানীয় গবর্ণমেন্ট তদ্বিষয়ে আপনার মত জানাইবার কিম্বা বিবরণ লিখিবার সুযোগ পান, এই নিমিত্তে পত্র লেখক যে গবর্ণমেন্টের অধীন স্থানে বাস কি কর্ম্ম করেন সেই স্থানীয় গবর্ণমেন্টের দ্বারা পত্রাদি পাঠাইবেন। স্থানীয় গবর্ণমেণ্ট বৃত্তান্তের সম্পূর্ণ বিবরণ লিখিয়া ও আপনার মত ব্যক্ত করিয়া ঐ প্রত্যেক প্রার্থনাপত্র প্রেরণ করিলে, হোম গবর্ণমেন্ট সেই বিষয় নিষ্পত্তি করিতে সক্ষম হন এই নিমিত্ত ভারতবর্ষের গবর্ণমেন্ট তদ্বিষয়ে আপনার যাহা বক্তব্য তাহা লিখিবেন।

৩। মান্দ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত কোন সাধারণ ব্যক্তি প্রভৃতি যদি ষ্টেট সেক্রেটারী সাহেবের নামে প্রার্থনাপত্রাদি প্রেরণ করেন তবে ঐ২ গবর্ণমেন্ট একেবারে ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে ঐ পত্র পাঠাইবেন। যদি সেই প্রার্থনাপত্র পেনশ্যন কি বেতন কি পারিতোষিক কি ছুটী বিষয়ের হয় তবে তাহা ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের দ্বারা ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে পাঠাইতে হইবে।

৪। বঙ্গ ও উত্তর পশ্চিম ও পঞ্জাব দেশের অন্তর্গত সাধারণ ব্যক্তি প্রভৃতি ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে যে প্রার্থনাপত্র দেন, উক্ত স্থানের লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবেরা বিষয়ের বৃত্তান্ত ও ভাবগতিকের সংক্ষেপ বর্ণনযুক্ত বিশেষ ব্যাখ্যা কি বিবরণযুক্ত পত্র সহিত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে প্রেরিত হইবার জন্যে উপযুক্ত কর্ম্মবিভাগে ভারতবর্ষের গবর্ণমেন্টের নিকটে পাঠাইবেন।*

* লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞার উপর প্রথমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকটে আপীল হইবে। তাঁহার নিকট আপীল যদি অগ্রাহ্য হয় কেবল সেই স্থলে ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে আপীল হইতে পারিবে।

V.—Memorials to the Secretary of State from individuals, &c., in the minor Administrations, such as Oudh, the Central Provinces, British Burmah, Berar, Mysore, and Coorg, &c., should be forwarded by the Chief Commissioner, or other Officer charged with the administration of the Province, with a special report on the case to the Government of India in the proper Department for transmission to the Secretary of State.*

VI.—Memorials addressed directly to Her Majesty should be forwarded through the Local Government or Administration under which the memorialist may be residing, or against whose act he may appeal. The Local Government or Administration will forward such memorials, with the necessary remarks, to the Government of India in the proper Department for submission through Her Majesty's Secretary of State to The Queen.

VII.—Every memorial should be accompanied by a letter requesting its transmission to the Home Government.

VIII.—No limit is fixed as to the time within which an appeal from an act or order of the Governments in India, must be preferred to the Home Government.

IX.—Memorials may be transmitted either in manuscript or in print, but must, with all accompanying documents, be properly authenticated by the signature of the Memorialist on each sheet.

X.—Memorials together with their accompanying documents, should be in English. If the accompanying documents must of necessity be forwarded in the vernacular, an English translation should be appended, which should be certified as genuine by the signature of the memorialist.

N. B.—It will be well for the transmitting office to examine such translations, and if incorrect or faulty to notice the fact in sending on the memorial.

XI.—It is not necessary that memorials should be forwarded in duplicate and triplicate. The originals will invariably be transmitted to England —a copy being made and retained by the Government in India, if necessary, for record.

XII.—As a general rule the transmission to England of a memorial duly forwarded through

---

* In these minor Administrations also appeals by individuals from the orders of the Chief Commissioners, &c., lie, in the first instance, to the Governor General in Council, and thereafter to the Secretary of State.

৫। অযোধ্যা, মধ্য প্রদেশ, ব্রিটিশ ব্রহ্ম, বেরার, মহিশূর, কুর্গ প্রভৃতি ক্ষুদ্রতর প্রদেশের অন্তর্গত সাধারণ ব্যক্তি প্রভৃতি যদি ষ্টেট সেক্রেটারী সাহেবের নামে প্রার্থনা পত্র দেন, তাহা হইলে ঐ২ দেশের প্রধান কমিসনর সাহেব, কিম্বা অন্য যে কার্য্যকারক ঐ প্রদেশের কর্তৃত্ব কার্য্য নিরূপণের ভারপ্রাপ্ত হইয়াছেন তিনি সেই বিষয়ের বিশেষ রিপোর্ট লিখিয়া ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবার জন্যে উপযুক্ত ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের নিকটে প্রেরণ করিবেন।*

৬। শ্রীশ্রীমতী মহারাণীর নামে যদি প্রার্থনাপত্রাদি প্রেরণ করিতে হয় তবে প্রার্থক যে স্থানে বাস করেন কিম্বা যে গবর্ণমেন্টের কার্য্যের উপর আপীল করেন সেই গবর্ণমেন্টের কিম্বা কর্তৃত্ব কার্য্য নিরূপণের ভার প্রাপ্ত কার্য্যকারকদের দ্বারা পাঠাইবেন। তাঁহারা প্রয়োজনীয় মন্তব্য কথা লিখিয়া শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটারী সাহেবের দ্বারা শ্রীশ্রীমতীর নিকট পঁহুছিবার জন্যে উপযুক্ত কর্ম্ম বিভাগে ভারতবর্ষের গবর্ণমেন্টে পাঠাইবেন।

৭। প্রত্যেক প্রার্থনাপত্রের সহিত ইংলণ্ডস্থ গবর্ণমেন্টের নিকটে সেই পত্র পাঠাইবার প্রার্থনা সূচক পত্র দিতে হইবে।

৮। ভারতবর্ষস্থ গবর্ণমেন্টের কোন ক্রিয়ার কি আজ্ঞার উপর ইংলণ্ডস্থ গবর্ণমেন্টে যে সময়ের মধ্যে আপীল করিতে হইবে এমত কোন সময়ের নিরূপণ নাই।

৯। প্রার্থনাপত্র হস্ত লিখিত কি মুদ্রিত হইয়া প্রেরণ করা যাইতে পারিবে। কিন্তু সেই পত্রের প্রত্যেক পৃষ্ঠায় ও তাহার সঙ্গে যে সকল দলীল পাঠান, তাহার প্রত্যেক পৃষ্ঠায় প্রার্থকের স্বাক্ষর করিতে হইবে।

১০। প্রার্থনাপত্র ও তৎসহিত সমস্ত দলীল ইংলণ্ডীয় ভাষায় লিখিতে হইবে। যদি দেশীয় ভাষায় দলীল প্রেরণ করা নিতান্ত আবশ্যক হয়, তবে ইংলণ্ডীয় ভাষায় তাহার অনুবাদও দিতে হইবে, এবং প্রার্থকের স্বাক্ষর দ্বারা ঐ অনুবাদ প্রকৃত বলিয়া নির্ণীত হইবে।

মন্তব্য। যে কার্য্যালয়হইতে উক্ত পত্রাদি প্রেরিত হয় তাহাতে সেই অনুবাদ পরীক্ষা করা উচিত। যদি তাহাতে অশুদ্ধতা কি দোষ থাকে, তবে ঐ প্রার্থনাপত্র প্রেরণ সময়ে সেই কথা জ্ঞাত করিতে হইবে।

১১। প্রার্থনাপত্র দোকর ও তেকর করিয়া পাঠান আবশ্যক নহে। মূল পত্র ইংলণ্ডে পাঠাইতে হইবে এবং আবশ্যক হইলে ভারতবর্ষের গবর্ণমেন্ট কর্তৃক তাহার প্রতিলিপি প্রস্তুত হইয়া রক্ষণীয় কাগজপত্রের মধ্যে রাখা যাইবে।

১২। প্রার্থনাপত্র উচিত প্রণালীমতে উপযুক্তরূপে প্রেরিত হইয়া ভারতবর্ষের গবর্ণমেন্টকর্তৃক প্রাপ্ত হওয়া

---

* এই ক্ষুদ্রতর প্রদেশেতেও সাধারণ ব্যক্তিরা প্রধান কমিসনর প্রভৃতি সাহেবের আজ্ঞার উপর প্রথমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকটে তৎপশ্চাৎ শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে আপীল করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩ সেপ্টেম্বর।]

the proper channel, will not be delayed by the Governments in India beyond a month after its receipt.

XIII.—The Governments and Administrations in India are vested with discretionary power to withhold the transmission of memorials addressed to Her Majesty, or to the Secretary of State, in the following cases:—

1.—When a memorial is couched in disrespectful or improper language.

2.—When a second memorial is presented after a decision has already been given by the authority to which it is addressed on the subject of it, and no new facts or circumstances are adduced which would afford grounds for a re-consideration of the case.

3.—When a memorial is a mere application for pecuniary assistance by a person manifestly possessing no claim.

4.—When a memorial is an application for employment under one of the Governments in India from a person not belonging to the Covenanted Service.

5.—When a memorial is a mere appeal from a judicial decision.

6.—When a memorial is illegible or unintelligible.

7.—When a memorial is addressed by a person still in the public service, and has reference to his prospective claim to pension.

XIV.—A list of memorials, the transmission of which may have been withheld under Rule XIII., will be forwarded quarterly to the Secretary of State.

(Sd.) E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

HOME DEPT.,
SIMLA,
The 15*th Aug.* 1867.

গেলে পর সাধারণমতে এক মাসের অধিক কাল রাখা যাইবে না।

১৩। শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের নামে নিম্নলিখিত বিষয়ের প্রার্থনাপত্র প্রেরণ হইলে ভারতবর্ষের গবর্ণমেন্ট এবং কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহের ভারপ্রাপ্ত রাজকার্য্যকারকেরা আপনাদের বিবেচনামতে তাহা প্রেরণ না করিয়া রাখিতে ক্ষমতাপন্ন হইবেন। অর্থাৎ

(১) যদি প্রার্থনাপত্র অমর্য্যাদাসূচক কি অনুপযুক্ত কথা প্রয়োগে লেখা যায়।

(২) প্রার্থনাপত্র যাঁহার নামে লেখা যায় তিনি তৎপূর্ব্বে সেই বিষয়ের নিষ্পত্তি করিলেও যদি তাহা পুনর্ব্বিবেচনা করিবার হেতুসূচক কোন নূতন বৃত্তান্ত কি ভাবগতিক প্রকাশ না হইয়া এই দ্বিতীয় প্রার্থনাপত্র দেওয়া যায়।

(৩) যাঁহার কোন অধিকার নাই তিনি যদি ঐ প্রার্থনাপত্রে কেবল ধনোপকার প্রার্থনা করেন।

(৪) চিহ্নিত কর্ম্মপ্রাপ্ত না হইয়াও যদি ভারতবর্ষস্থ কোন গবর্ণমেন্টের অধীন কর্ম্ম পাইবার প্রার্থনা করেন।

(৫) যদি প্রার্থনাপত্র আদালতের নিষ্পত্তির উপর কেবল আপীলের মর্ম্মাত্মক হয়।

(৬) যদি প্রার্থনাপত্র সুপাঠ্য কি বোধগম্য না হয়।

(৭) কোন ব্যক্তি রাজকীয় কর্ম্মে থাকিয়া যদি পেনসান পাইবার ভাবি অধিকারের বিষয়ে ঐ প্রার্থনাপত্র লেখেন।

১৪। ১৩ ধারামতে যে সকল প্রার্থনাপত্র প্রেরিত না হইয়া রাখা যায় তিন২ মাসান্তর ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে তাহার নির্ঘণ্ট পাঠান যাইবে।

ই সি বেলী।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

হোম ডিপার্টমেন্ট।
সিমলা ১৮৬৭ সাল
১৫ আগষ্ট।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3294.

APPOINTMENTS.

The 9*th August* 1867.

Ensign T. B. Michell, Assistant Commissioner of Nowgong, is vested with the powers of a Sudder Ameen in all the Districts of the Assam Province.

The 13*th August* 1867.

Moulvie Abdool Luteef, Khan Bahadoor, Deputy Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with powers, under Section 1, Act X. of 1854, to receive and try, without

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৩২৯৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ৯ আগষ্ট।

নৌগাঁয়ের আসিষ্টান্ট কমিসানর এন্‌সাইন্‌ শ্রীযুত টি, বি, মিচেল সাহেব আসাম প্রদেশের সকল জিলাতে সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৩ আগষ্ট।

১৮৫৭ সালের ২১ আইনেতে কলিকাতা শাখানগরের যে সীমা নির্দ্ধারিত হইয়াছে সেই সীমার যে অংশ শিয়ালদহ আদালতের বিচারাধিপত্যের মধ্যে নয়, ২৪ পরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্-

reference by the Magistrate, all cases within his competency in that portion of the Suburbs of Calcutta, as defined by Act XXI. of 1857, which is not included in the jurisdiction of the Sealdah Court.

The 14th August 1867.

Mr. W. D'Silva to be a Special Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Cuttack Division, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in all the Districts of that Division.

The 17th August 1867.

The Joint-Magistrate of Moorshedabad is vested with powers, under Section 20, Act XXII. of 1864, to try breaches of the Rules, passed under Section 19 of the said Act in the Cantonment of Berhampore.

The 21st August 1867.

Mr. W. J. Kilby to officiate, until further orders, as District Superintendent of Police, Gya.

The 24th August 1867.

The following gentlemen to be Members of the Local Committee for the management of the Dispensary at Pooree, *viz.* :—

Mr. J. H. Thompson.
Baboo Mohunt Narain Das.

Mr. A. Anley to officiate, until further orders, as District Superintendent of Police, Tipperah, with effect from the date on which he may receive charge from Captain G. B. Fisher.

Mr. F. J. R. Walker, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Julpigoree, and to exercise the powers of a Magistrate in the Western Dooars, and those of a Deputy Collector in the District of Rungpore, during the absence, on leave, of Mr. J. Stewart, or until further orders.

The appointment of Mr. Walker to Cachar, notified in the *Calcutta Gazette* of the 31st ultimo, is cancelled.

The 26th August 1867.

Mr. J. S. Armstrong, Officiating Joint-Magistrate of Cuttack, is vested with powers, under Section 20, Act XXII. of 1864, to try breaches of the Rules, passed under Section 19 of the said Act, in the Cantonment of Cuttack.

Mr. H. Woodrow, M. A., Inspector of Schools, Central Division, to have charge of the office of Inspector of Schools, South-West Division, in addition to his own duties, during the absence, on leave, of Mr. R. L. Martin, or until further orders.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৩ সেপ্টেম্বর।]

টর শ্রীযুক্ত মৌলবী আবদুল লতীফ খাঁ বাহাদুর সেই অংশে যে সকল মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন মাজিষ্ট্রেট সাহেবকর্ত্তৃক সমর্পিত না হইলেও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে তিনি স্বয়ং সেই সকল মোকদ্দমা গ্রাহ্য ও বিচার করিতে ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৪ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ ডি'সিল্‌বা সাহেব কটক খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন, ও উক্ত খণ্ডের সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৭ আগষ্ট।

বহরমপুর সৈন্যাবাসে ১৮৬৪ সালের ২২ আইনের ১৯ ধারামতে যে বিধি প্রচলিত হইয়াছে মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট উক্ত আইনের ২০ ধারামতে তাহা লঙ্ঘনের বিচার করিতে ক্ষমতাপন্ন হইলেন।

১৮৬৭ সাল ২১ আগষ্ট।

বোম্বাই গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের ১৮৬৭ সালের জানুআরি মাসের ২৩ তারিখের ১৫ নম্বরের টেলিগ্রাম।

the ships of Native States. We have made registration compulsory on all British Ships over fifteen tons burden, following in this the English law. This will so far supersede the provisions of Act XIX of 1838 (for the compulsory registration of all coasting vessels in the Bombay Presidency,) which we therefore propose to repeal, leaving it to the Government of Bombay to re-enact in the period that will elapse before this Bill becomes law any of its provisions that may be considered necessary for the registration of vessels under fifteen tons burden. The terms of Section 96 of our Bill enable all Local Governments to make similar rules. In accordance with a suggestion of the Financial Department, fees for registration will be credited to the general revenue, and not to the Local Government, and the limit hitherto put on the Government of India, in fixing the amount of these fees, has been removed.

In Part III, we have used the designation of Mercantile Marine Office instead of Shipping Office, as done in England. We have provided for the examination of engineers, and have raised the examination fees of masters, mates, and engineers to an equality with the English scale. We have given general power to the Local Government to exempt any ships under two hundred tons, and manned by Natives only, from the necessity of having certificated masters and mates, and in accordance with the strong representation of the Steam Navigation Companies, we have provided (Section 171) for the validity of the engagement of engineers and stewards engaged in England for lengthened periods. We have introduced the provisions of the latest English Acts with reference to the discharge of British seamen abroad, but we have not as yet proposed any specific alteration in the Section on which was based the recent ruling of the Calcutta High Court—that the shipping master was bound to recognize any discharge of seamen if both master and seamen consented, as we prefer to wait and see what action will be taken in England on the representation that has been made by the Government of India. We have adapted to India the Sections that relate to the manner in which enquiries into misconduct are to be conducted and certificates of service or competency cancelled or suspended. We have also introduced and made general the provisions of an Act of the Lieutenant-Governor of Bengal in Council, for enforcing the usage of hoisting signals in ships entering harbours.

We have added a proviso to Section 103 as to fees on engagements and discharges of seamen, to the effect that when seamen are discharged and

রাখিয়াছি। পঞ্চদশ টনের অধিক বোঝাই সকল জাহাজ অবশ্য রেজিষ্টর করিতে হইবে, ইংলণ্ডীয় আইনমতে এই বিধি করিয়াছি। ইহাতে বোম্বাই প্রেসীডেন্সির মধ্যে সমুদ্রকুলগামি সকল জাহাজের রেজিষ্টরী করিতেই হইবার বিষয়ে ১৮৩৮ সালের ১৯ আইনের যে বিধান আছে তাহা অকর্ম্মণ্য হইবে। তাহাও রহিত করিবার প্রস্তাব করিলাম। কিন্তু যদি বোম্বাই গবর্ণমেণ্ট পঞ্চদশ টনের ন্যূন বোঝাইধারি জাহাজ রেজিষ্টর করাইবার জন্যে উক্ত আইনের কোন বিধান আবশ্যক বোধ করেন, তবে এই পাণ্ডুলিপি আইনস্বরূপ প্রচলিত হইতে না হইতে তিনি ঐ আইনের কোন২ বিধান পুনঃ প্রবল করিতে পারিবেন। এই পাণ্ডুলিপির ৯৬ ধারাক্রমে স্থানীয় সকল গবর্ণমেণ্ট তদ্রূপ বিধি করিতে সক্ষম হইবেন। ফিনাঞ্চিয়ল ডিপার্টমেণ্টের পরামর্শমতে রেজিষ্টরী কার্য্যের সকল ফী সাধারণ রাজস্বের হিসাবে জমা হইবে, স্থানীয় গবর্ণমেণ্টের নামে নয়। এবং ঐ ফী গত টাকা হইবে ইহা নির্দ্ধার্য্যকরণ কালে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের পক্ষে যে সীমা অবধারিত হইয়াছিল, তাহা উঠাইয়া দেওয়া গেল।

তৃতীয় খণ্ডে আমরা শিপিং আফিস শব্দ ব্যবহার না করিয়া ইংলণ্ডে মর্কাণ্টাইল মারীন আফিস যে নাম প্রসিদ্ধ আছে তাহাই ব্যবহার করিলাম। ইঞ্জিনিয়রদের পরীক্ষা দিবার বিধান করিলাম। অধ্যক্ষদের ও মালিমদের ও ইঞ্জিনিয়রদের পরীক্ষা দিবার ফী ইংলণ্ডীয় নিয়মের তুল্য করিলাম। এদেশীয় যে জাহাজে দুই শত টনের ন্যূন ধরে ও কেবল এদেশীয় নাবিক থাকে সেই জাহাজের সর্টিফিকটপ্রাপ্ত অধ্যক্ষ ও মালিম থাকার আবশ্যক না হয় স্থানীয় গবর্ণমেণ্টকে এমত নিষ্কৃতি দিবার সাধারণ ক্ষমতা অর্পণ করিলাম। এবং ষ্টীম নাবিগেশন কোম্পানিদের অতি দৃঢ় প্রমাণযুক্ত প্রার্থনানুসারে ১৭১ ধারাতে এই বিধান করিলাম যে ইঞ্জিনিয়রেরা ও ষ্টুয়ার্ডেরা ইংলণ্ডে দীর্ঘ কালের নিমিত্তে নিযুক্ত হইয়া আইলে তাঁহাদের সেই নিয়ম দৃঢ় হইবে। ব্রিটনীয় যে নাবিকেরা ভিন্নদেশে কর্ম্মচ্যুত হন তাঁহাদের পক্ষে এই আইনেতে ইংলণ্ডীয় আধুনিক আইনের বিধান বর্ত্তান গিয়াছে। কিন্তু অধ্যক্ষ ও নাবিক উভয় সম্মত হইলে সেই নাবিকের কর্ম্ম ত্যাগ করণ বিষয়ে শিপিংমাষ্টর সাহেবের অবশ্য স্বীকার করিতে হইবে সম্প্রতি কলিকাতার হাই কোর্টে এই মর্ম্মের নিষ্পত্তি যে ধারামূলক হইল আমরা তাহার কোন বিশেষ পরিবর্ত্তনের চেষ্টা করি নাই। ফলতঃ ভারতবর্ষের গবর্ণমেণ্ট যে আবেদন করিয়াছেন ইংলণ্ডে তাহার যে ফল হইবে আমরা তদপেক্ষায় থাকিলাম। অহিতাচারের অনুসন্ধান যে প্রকারে করিতে হইবে এবং কর্ম্মের ও কর্ম্ম যোগ্যতার সর্টিফিকট যে প্রকারে কিয়ৎকাল কি একবারে রহিত হইবে তদ্বিষয়ের বিধি আমরা ভারতবর্ষের প্রতি বর্ত্তাইয়াছি। এবং কোন জাহাজ বন্দরাগত হইলে নিশান তুলিবে মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এই মর্ম্মের আইন আমরা গ্রহণ করিয়া সাধারণ করিয়াছি।

নাবিকেরা নিযুক্ত ও অপসৃত হইলে যে ফী দিতে হইবে তদ্বিষয়ে ১০৩ ধারাতে এই মর্ম্মের বিধান করা গেল, কোন নাবিক অপসর হইয়া এবং সেই দিনে

re-engaged *for the same vessel for the same day,* only half of the fee otherwise leviable for a discharge on an engagement shall be paid; this will meet the representation of the Peninsular and Oriental, and of the British Indian Steam Navigation Companies, whose vessels make exceptionally numerous voyages.

Part IV is composed of various enactments, some general and some local, and provides for the periodical survey of steamers and otherwise for the prevention of accidents at sea.

We have also added a Section (185) with the object of giving power to the Local Governments to order a survey of any vessel whatever, before it puts to sea from any port in British India, whenever there is reason for doubting its sea-worthiness, and the Officer of Customs will be prohibited from giving such vessel a port-clearance until it is surveyed and certified to be seaworthy. The necessity of this provision has been represented by the Governments of Madras and Bombay, and we recommend that the cost of the survey should be defrayed by the State.

In Part V, we have given power to certain officials at a distance from the seats of the Local Governments to which they are subject, to order an enquiry into wrecks and accidents at sea, and have added a Section (260) to enable the Local Governments to remove wrecks at sea, beyond the limits of harbours. With reference to a question raised by the Government of Bombay, we are of opinion that the finding of the persons appointed to enquire into wrecks should not be final, but subject to the confirmation of the Local Government.

Part VI contains general regulations for the survey and good management of Native Passenger ships. We have consolidated in one chapter the laws relating to Arabian pilgrim ships, and to Bengal Native passenger ships, now contained in Act XXI of 1858, Act XXV of 1859, and Madras Act XI of 1862.

In Part VII, we have adopted the provisions of the English law, adding a Section which takes the place of two Sections of the English Merchant Shipping Act (101 and 203), by which the punishment for forging certain documents that relate to merchant ships was provided. The proposed Section will have the effect of making the forgery of such documents equally punishable, whether the public office from which they profess to emanate be in India or not. We think it needless to make any special provision for punishing the forgery

সেই জাহাজে পুনরায় নিযুক্ত হইলে, নিযুক্ত কি অবমুক্ত হওনের যত কী দিতে হয় উক্ত স্থলে তাহার কেবল অর্দ্ধেক লওয়া যাইতে পারিবে। এই বিধিদ্বারা পিনিনসুলার ও ওরিএন্টল এবং ব্রিটিশ ইণ্ডিয়া ষ্টীম নাবিগেশন কোম্পানির আবেদনানুযায়ি কার্য্য হইল। ঐ২ জাহাজ অন্যান্য কোম্পানির জাহাজ অপেক্ষা অধিকবার যাতায়াত করিয়া থাকে।

৪ খণ্ডে সাধারণ ও স্থানীয় বিবিধ বিধান আছে। নিরূপিত সময়ান্তরে বাষ্পীয় জাহাজের অবস্থানুসন্ধান হইবার এবং সমুদ্রেতে দুর্ঘটনা নিবারণ করিবার বিধি আছে।

কোন জাহাজ সমুদ্রে যাইবার যোগ্য নহে, যদি এমত সন্দেহ করিবার হেতু থাকে, তবে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে সমুদ্রে যাইবার পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট সেই জাহাজের অবস্থানুসন্ধান করাইতে পারিবেন এবং সেই জাহাজের অবস্থা অনুসন্ধান হইয়া তাহা সমুদ্রে গমনের যোগ্য এই মর্ম্মের সর্টিফিকট যত কাল না দেওয়া যায় তত কাল কষ্টমের আফিসর বন্দর হইতে ঐ জাহাজের গমনের অনুমতিপত্র দিবেন না, এই মর্ম্মার্থে এক ধারা করিয়াছি। মান্দ্রেজের ও বোম্বাইয়ের গবর্ণমেণ্টের আবেদনানুসারে উক্ত বিধানের আবশ্যক বোধ হইল। জাহাজের অবস্থানুসন্ধান করিতে হইলে রাজ্য হইতে তাহার খরচ দেওয়া যায় আমাদের এই পরামর্শ।

৫ খণ্ডে স্থানীয় কার্য্যকারকেরা স্থানীয় যে গবর্ণমেণ্টের অধীন আছেন সেই গবর্ণমেণ্টের রাজধানীহইতে দূর স্থানে থাকিলে তাঁহাদিগকে জাহাজ ভগ্ন হওয়ার ও সমুদ্রেতে দুর্ঘটনার অনুসন্ধান করিবার আজ্ঞা করণের ক্ষমতা দেওয়া গেল। এবং জাহাজ বন্দরের সীমার বহির্ভূত স্থানে ভগ্ন হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তাহা স্থানান্তর করিতে সক্ষম হন এই মর্ম্মে ২৬০ ধারা করিয়াছি। বোম্বাই গবর্ণমেণ্ট যে প্রশ্ন করিয়াছেন তদুপলক্ষে আমাদের এই মত, যাঁহারা জাহাজ ভগ্ন হওয়ার অনুসন্ধানে নিযুক্ত হন তাঁহাদের নিষ্পত্তি চূড়ান্ত হইবে না, স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক তাহা দৃঢ় করার অপেক্ষা।

৬ খণ্ডে যে জাহাজ এদেশীয় ব্যক্তিদিগকে লইয়া যায় সেই জাহাজের অবস্থানুসন্ধান ও সুধারা নিরূপণের সাধারণ বিধান হইয়াছে। আরবীয় যাত্রিদের জাহাজ এবং বঙ্গদেশীয় চড়নদারদের জাহাজের বিষয়ে ১৮৫৮ সালের ২১ আইনেতে ও ১৮৫৯ সালের ২৫ আইনেতে এবং মান্দ্রাজের ১৮৬২ সালের ১১ আইনেতে যে২ বিধান আছে তাহা একি অধ্যায়ে সঙ্কলন করিলাম।

৭ খণ্ডে আমরা ইংলণ্ডীয় আইনের বিধান গ্রহণ করিলাম। কিন্তু ইংলণ্ডীয় বাণিজ্য জাহাজের আইনের ১০১ ও ২০৩ ধারাতে যে কথা আছে তৎপরিবর্ত্তে একি ধারা করিলাম। উক্ত দুই ধারাক্রমে বাণিজ্য জাহাজ সংক্রান্ত কোন লেখ্য কূট করিবার দণ্ডের বিধান হইয়াছে। এই বিধানমতে ঐ২ দলীল যে কার্য্যালয়ে প্রস্তুত করা যায় তাহা ভারতবর্ষের অন্তর্গত হইলে কি নাই হইলে ঐ কূট করণের অপরাধ তুল্যরূপে দণ্ডনীয় হইবে। মূল্যবান নিদর্শনপত্র বলিয়া যে লেখ্য বিখ্যাত হয় তাহাই কূট করিবার দণ্ডের কোন বিশেষ বিধান করা অপ্রয়োজন জ্ঞান করিলাম, যেহেতুক

of any documents that come under the designation of valuable securities, as the terms of Section 267 of the Indian Penal Code are ample to meet such cases.

Having proposed so many important alterations, we think it right to submit a first report, with the recommendation that it and the Bill as now amended be published in the *Gazette*, and that copies be sent for careful revision to all persons practically acquainted with the subject. We would also recommend that copies should be sent to the Secretary of State, and that the further consideration of the Bill be postponed for the present.

M. J. Shaw Stewart.
H. S. Maine.
H. B. Riddell.
C. P. Hobhouse.
J. Skinner.
D. Cowie.

The 18th February 1867.

AMENDED BILL.

THE INDIAN SHIPING BILL, 1867.

A Bill to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen and Passengers by Sea.

[Preamble.]

Whereas it is expedient to consolidate and amend the law relating to Merchant Ships, Seamen and Passengers by Sea; It is hereby enacted as follows:—

PART I.

Preliminary.

[Short title. Commencement of Act.]

I. This Act may be called "The Indian Shipping Act, 1867," and shall come into operation on the first day of December 1867.

[Repeal of Acts.]

II. The Acts specified in the sixth Schedule hereto are hereby repealed, except as to the repeal of Acts and parts of Acts effected thereby, and except as to acts done, penalties incurred, and agreements made before the passing of this Act. All things duly done under any of the Acts hereby repealed, shall be considered as having been done under this Act.

ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ২৬৭ ধারার কথা ঐ২ স্থলের জন্যে পর্য্যাপ্ত আছে।

অনেক গুরুতর অংশে আইন পরিবর্ত্তন হওয়ার প্রস্তাব করাতে আমরা এই প্রথম রিপোর্ট অর্পণ করিলাম। সেই রিপোর্ট ও এক্ষণকার সংশোধিত পাণ্ডুলিপি গেজেটে প্রকাশ করা যায় ও যাঁহারা কার্য্যক্রমে উল্লিখিত বিষয় সুবিদিত হন তাঁহাদের মনোযোগপূর্ব্বক পাঠ করণার্থে ইহার প্রতিলিপি পাঠান যায়, আমাদের এই পরামর্শ। আরো ইহার কএক খানি ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকটে পাঠান যায় ও পাণ্ডুলিপির পুনর্ব্বিবেচনা এক্ষণে স্থগিত থাকে, আমাদের এই প্রস্তাব।

এম জে শা ষ্টুয়ার্ট।
এচ এস মেন।
এচ বি রিডল।
সি পি হবহৌস।
জে স্কিনর।
ডি কৌই।

১৮৬৭ সাল ১৮ ফেব্রুআরি।

সংশোধিত পাণ্ডুলিপি।

ভারতবর্ষীয় জাহাজ সংক্রান্ত ১৮৬৭ সালের আইনের পাণ্ডুলিপি।

বাণিজ্য জাহাজ ও নাবিক এবং সমুদ্র পথগামিব্যক্তি বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বাণিজ্য জাহাজ ও নাবিক এবং সমুদ্রপথগামি ব্যক্তি বিষয়ক সকল আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম ও আইন প্রচলিত হইবার সময়ের কথা।]

১ ধারা। এই আইন "ভারতবর্ষীয় জাহাজসংক্রান্ত ১৮৬৭ সালের আইন" নামে খ্যাত হইবে ও ১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ১ দিবসাবধি প্রচলিত হইবে ইতি।

[যে২ আইন রহিত হইবে তাহার কথা।]

২ ধারা। এই আইনের ষষ্ঠ তফসীলে যে২ আইনের উল্লেখ হইয়াছে তাহা এতদ্দারা রহিত করা গেল। কিন্তু সেই২ আইনের যে কথাদ্বারা অন্য আইনের কি আইনের কোন অংশ রহিত করা গেল তাহা বলবৎ থাকিবে, এবং এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কার্য্য করা গিয়াছে ও যে দণ্ড বর্ত্তিয়াছে ও যে নিয়মপত্র করা গিয়াছে তৎসম্পার্কে পূর্ব্বোক্ত আইন রহিত হইবে না। এতৎক্রমে যে২ আইন রহিত হইল তন্মধ্য কোন আইনক্রমে যে সকল নিয়মিত কার্য্য করা যায়, তাহা এই আইনক্রমে করিবার তুল্য জ্ঞান হইবে ইতি।

[Interpretation clause.]

III. In this Act—unless there be something repugnant in the subject or context—

[" British India."]

" British India" means the territories which are or may become vested in Her Majesty or Her Successors by the Statute 21 and 22 Vic. cap. 106, entitled " An Act for the better Government of India.".

[" Local Government "]

" Local Government" means the person or persons for the time being immediately administering the executive Government of that portion of British India where the port or place in question is situate:

[" Magistrate."]

" Magistrate" means any person lawfully exercising the full powers of a Magistrate, and includes a Magistrate of Police appointed under Act No XIII of 1856 *(for regulating the Police of the Towns of Calcutta, Madras and Bombay, and the several Stations of Settlement of Prince of Wales' Island, Singapore and Malacca)*, a Justice of the Peace, and, at the Port of Aden, the Political Resident and his Assistant.

[" Ship "]

" Ship" includes every description of vessel used in navigation not propelled by oars,

[" Home-trade ship "]

" Home-trade ship" includes every ship employed in trading between any ports of the said territories, or between any port of the said territories and any port or place on the Continent of India, or in the Island of Ceylon;

[" Foreign-going ship "]

" Foreign-going ship" includes every ship employed in trading between any port of the said territories and any port or place not in the said territories, nor on the Continent of India, nor in the Island of Ceylon,

[" Master "]

" Master" includes every person (except a pilot) having command or charge of any ship,

[" Seaman "]

" Seaman" means every person (except masters, pilots, and apprentices) employed or engaged in any capacity on board any ship, and includes engineers, stewards, stokers and coal-burners,

[" Section " " Part."]

" Section" and " Part" respectively mean Section and Part of this Act;

[অর্থ করণের ধারা।]

৩ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথাক্রমে অসঙ্গত না হইলে—

" ব্রিটনীয় ভারতবর্ষ।"

শ্রীশ্রীমতী মহারাজ্ঞী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইন অর্থাৎ ভারতবর্ষের সুশাসনার্থ আইনদ্বারা যে সকল দেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তদীয় উত্তরাধিকারিদের প্রতি বর্ত্তে কি বর্ত্তিবে, এই আইনেতে" ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই সকল দেশ বুঝাইবে।

" স্থানীয় গবর্ণমেন্ট।"

লক্ষিত বন্দর কি স্থান ব্রিটনীয় ভারতবর্ষের যে খণ্ডে থাকে সেই খণ্ডে যে ব্যক্তি কি ব্যক্তিরা যৎকালে অব্যবহিতরূপে কর্তৃত্ব কার্য্যের নিরূপণাধিকারী হন " স্থানীয় গবর্ণমেন্ট" শব্দে তাঁহাকে কি তাঁহাদিগকে বুঝাইবে।

" মাজিষ্ট্রেট।"

যে কোন ব্যক্তি আইনমতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কার্য্য করেন, মাজিষ্ট্রেট শব্দে তাঁহাকে বুঝাইবে। এবং " কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাক্কা উপনিবেশের পোলীসের বিধান করণার্থ" ১৮৫৬ সালের ১৩ আইনমতে পোলীসের যে মাজিষ্ট্রেট নিযুক্ত হন তিনি এবং শান্তিরক্ষার্থ জষ্টিস এবং আদেন বন্দরে পলিটিকাল রেসিডেন্ট সাহেব ও তাঁহার আসিষ্টান্ট এই সকল কার্য্যকারকও " মাজিষ্ট্রেট" শব্দের মধ্যে গণ্য।

" জাহাজ।"

যে কোন প্রকারের জলযান দাঁড় দ্বারা বাহিত না হয় জাহাজ শব্দে সেই পোত বুঝাইবে।

" দেশীয় বাণিজ্য জাহাজ।"

যে জাহাজ বাণিজ্য দ্রব্য লইয়া উক্ত দেশের অন্তর্গত নানা বন্দরের মধ্যে কিম্বা উক্ত দেশের এবং ভারতবর্ষ মহাদ্বীপের কিম্বা সিংহলদ্বীপের অন্তর্গত অন্য বন্দরের কি স্থানের মধ্যে গমনাগমন করে " দেশীয় বাণিজ্য জাহাজ" শব্দে তাহা গণ্য।

" ভিন্নদেশগামি জাহাজ।"

যে প্রত্যেক জাহাজ বাণিজ্যদ্রব্য লইয়া উক্ত দেশের অন্তর্গত বন্দরের এবং উক্ত দেশের কিম্বা ভারতবর্ষ মহাদ্বীপের কি সিংহলদ্বীপের বহির্ভূত কোন বন্দরের কি স্থানের মধ্যে গমনাগমন করে " দেশান্তরগামি জাহাজ" শব্দে ঐ জাহাজ বুঝাইবে।

" অধ্যক্ষ।"

আড়কাটিভিন্ন যে ব্যক্তি কোন জাহাজের অধ্যক্ষতা কি তত্ত্বাবধান করেন "অধ্যক্ষ" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

" নাবিক।"

অধ্যক্ষ ও আড়কাটি ও শিক্ষার্থি ভিন্ন যে ব্যক্তি জাহাজের যে কোন কর্ম্মে নিযুক্ত কি প্রবর্ত্ত থাকেন নাবিক শব্দে তাঁহাকে বুঝাইবে। ও তন্মধ্যে ইঞ্জিনর ও ষ্টুয়ার্ড ও ষ্টোকর ও আলই গণ্য হয়।

" ধারা। খণ্ড।"

" ধারা" ও " খণ্ড" শব্দে এই আইনের ধারা ও খণ্ড বুঝাইবে।

[Number. Gender.]

Words importing the singular number include the plural, words importing the plural number include the singular, and words importing the masculine gender include females;

["Person."]

"Person" includes any Company or Association or body of persons whether incorporated or not.

[Nothing in Act to apply to British and foreign Navies.]

IV. Nothing herein contained shall apply to ships belonging to or in the service of Her Majesty or belonging to any foreign Government; and nothing in Parts III, IV and V, except as otherwise hereinafter provided, shall extended to any ship belonging to the subjects of any foreign Government; and notwithstanding anything contained in this Act, goods and passengers may be conveyed from one part of British India to another part thereof, in other than British ships, without any restriction other than is or shall be equally imposed on British ships, for securing payment of duties of Customs or otherwise.

PART II.

BRITISH SHIPS; THEIR OWNERSHIP, MEASUREMENT AND REGISTRY.

CHAPTER I.

Description and ownership of British Ships

[Description and ownership of British ships]

V. No ship shall be deemed to be a british ship unless she belongs wholly to owners of the following description; that is to say—

(1.) Natural-born British subjects·

Provided that no natural-born subject who has taken the oath of allegiance to any foreign Sovereign or State shall be entitled to be such owner as aforesaid, unless he has, subsequently to taking such last-mentioned oath, taken the oath of allegiance to Her Majesty, and is and continues to be, during the whole period of his so being an owner, resident in some place within Her Majesty's dominions, or, if not so resident, a member of a British factory, or partner in a house actually carrying on business in the United Kingdom or in some other place within Her Majesty's dominions:

(2.) Persons made denizens by Letters of Denization, or naturalized by or pursuant to any Act of the Imperial Legislature, or by or pursuant to any Act or Ordinance of the proper legislative authority in any British possession.

বচন ও লিঙ্গ।

একবচনান্ত শব্দের মধ্যে বহুবচনান্ত সেই শব্দ গণ্য ও বহুবচনান্ত শব্দের মধ্যে এক বচনান্ত সেই শব্দ গণ্য। ও পুংলিঙ্গ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও ধর্ত্তব্য।

"ব্যক্তি।"

কোন কোম্পানি কি সমাজ কি ব্যক্তিগণ সমবায়িত হউন কি নাই হউন ব্যক্তি শব্দের মধ্যে তাঁহাদিগকেও বুঝাইবে ইতি।

[এই আইনগত কোন কথা ব্রিটনীয় ও ভিন্নদেশীয় যুদ্ধজাহাজের প্রতি না বর্ত্তিবার কথা।]

৪ ধারা। এই আইনের লিখিত কোন কথা শ্রীশ্রীমতী মহারাণীর কি তদীয় কার্য্যেতে নিযুক্ত কিম্বা ভিন্ন দেশীয় কোন গবর্ণমেণ্টের জাহাজের প্রতি বর্ত্তিবে না, এবং ৩, ৪, ৫, খণ্ডের যেং কথা এই আইনের বিধানক্রমে ভিন্নদেশীয় কোন রাজার প্রজাগণের কোন জাহাজের প্রতি বর্ত্তান যায় তদ্ভিন্ন ঐ২ খণ্ডের কোন কথা ঐ২ জাহাজের প্রতি বর্ত্তিবে না। এবং এই আইনের বিধান বলবৎ থাকিতেও ব্রিটনীয় ভারতবর্ষের একস্থানহইতে অন্য স্থানে ব্রিটনীয় জাহাজভিন্ন অন্য কোন জাহাজে মাল ও চড়নদারদিগকে লইয়া যাইবার বাধা হইবে না। কিন্তু কষ্টমের মাসুল প্রভৃতি নির্ব্বিঘ্নে প্রাপ্ত হওয়ার বিষয়ে ব্রিটনীয় জাহাজের উপর যে বিধি প্রবল আছে সেই বিধি ঐ অন্যান্য জাহাজের প্রতিও বর্ত্তিবে ইতি।

---

২ খণ্ড।

ব্রিটনীয় জাহাজ ও তাহার স্বামিত্বের ও পরিমাণের ও রেজিষ্টরির বিধি।

১ অধ্যায়।

ব্রিটনীয় জাহাজের বর্ণনা ও স্বামিত্বের বিধি।

[ব্রিটনীয় জাহাজের বর্ণনা ও স্বামিত্বের কথা।]

৫ ধারা। যদি কোন জাহাজ নিম্নলিখিত স্বামী ব্যতীত অন্য ব্যক্তিদের হয়, তবে তাহা ব্রিটনীয় জাহাজ জ্ঞান হইবে না।

(১) বিশেষতঃ ব্রিটনদেশজাত প্রজা।

কিন্তু তদ্রূপ জাত কোন প্রজা ভিন্নদেশীয় কোন রাজার কি অধিকারিদের নিকটে যদি রাজভক্তিসূচক শপথ করিয়া থাকেন, তবে তিনি পূর্ব্বোক্ত মতে স্বামী হইবার ক্ষমতাপন্ন নহেন। পরন্তু শেষোক্ত শপথ গ্রহণের পরে যদি শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর নিকটে শপথ করিয়া থাকেন এবং যে সময়ে উক্ত প্রকার স্বামী হন সেই সময়ে ও যত কাল স্বামী থাকেন তত কাল শ্রীশ্রীমতীর অধিকৃত কোন স্থানবাসী হন অথবা তদ্রূপ স্থানবাসী না হইলেও যদি ব্রিটনীয় কোন বাণিজ্য কুঠীর অন্তর্গত লোক হন, কিম্বা গ্রেটব্রিটন কি আয়র্লণ্ড দেশে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত অন্য কোন স্থানে যে সমবায়িত ব্যক্তিরা ব্যবসায় করিতেছেন তাঁহাদের অংশী হন, তবে তাহার স্বামিত্ব স্বীকার্য্য হইবে।

(২) ভিন্ন দেশীয় যে ব্যক্তিরা ব্রিটনীয় অধিকারগত কোন নগরে কি সেই নগরজাত লোকের তুল্য জ্ঞান হইবার পত্রক্রমে নগরজাতের তুল্য হন, অথবা রাজকীয় ব্যবস্থাপকদের কৃত কোন আইন দ্বারা কি তদনুসারে কিম্বা ব্রিটনীয়েরদের অধিকৃত কোন দেশে ব্যবস্থা করণার্থ উপযুক্ত কর্ত্তৃপক্ষের কৃত কোন আইন কি ব্যবস্থা দ্বারা কি তদনুসারে ঐ দেশজাতের ন্যায় হন, সেই ব্যক্তি।

Provided that such persons are and continue to be, during the whole period of their so being owners, resident in some place within Her Majesty's dominions, or, if not so resident, members of a British factory, or partners in a house actually carrying on business in the United Kingdom or in some other place within Her Majesty's dominions, and have taken the oath of allegiance to Her Majesty subsequently to the period of their being so made denizens or naturalized :

(3.) Bodies corporate established under, subject to the laws of, and having their principal place of business in the United Kingdom or some British possession.

[British ships with certain exceptions must be registered.]

VI. Every British ship plying between any British Indian ports, or between any British Indian port and any other port, must be registered in manner hereinafter mentioned, except ships duly registered under Act No. X of 1841, or the Merchant Shipping Act of 1854, before or after this Act comes into operation, and except ships not exceeding fifteen tons burden employed solely in fishing or trading on the rivers or coasts of British India :

And no ship hereby required to be registered shall, unless registered, be recognized as a British ship ; and no officer of Customs shall grant a clearance to any ship hereby required to be registered for the purpose of enabling her to proceed to sea as a British ship unless the master of such ship, upon being required so to do, produces to him such certificate of registry as is hereinafter mentioned ; and if such ship attempts to proceed to sea as a British ship without a clearance, such officer may detain such ship until such certificate is produced to him.

CHAPTER II.

Measurement of Tonnage.

[Tonnage-deck ; feet, decimals.]

VII. Throughout the following Rules, the tonnage-deck shall be taken to the upper deck in ships which have less than three decks, and to be the second deck from below in all other ships ; and in carrying such Rules into effect, all measurements shall be taken in feet, and fractions of feet, and all fractions of feet shall be expressed in decimals.

কিন্তু ইহাতে [illegible] যে সেই ব্যক্তিরা যে সময়ে স্বামী হন সেই সময়ে ও যত কাল স্বামী থাকেন তত কাল শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত কোন স্থানবাসী হন, অথবা তৎস্থানবাসী না হইলেও ব্রিটনীয় বাণিজ্য কুঠীর অন্তর্গত ব্যক্তি হন, অথবা ব্রিটন ও ঐরলণ্ড রাজ্যে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত অন্য কোন স্থানের মধ্যে যে কুঠীর ব্যবসায় চলে তাহার অংশী হন, এবং নগর [illegible] তুল্য [illegible] হইবার ক্ষমতা প্রাপণের পরে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে বাধ্যতাসূচক শপথ গ্রহণ করিয়া থাকেন।

(৩) ব্রিটন ও ঐরলণ্ড রাজ্যের কিম্বা ব্রিটনীয়দের অধিকৃত কোন দেশের আইনমতে সংস্থাপিত ও সেই আইনের অধীন যে সমবায়িত ব্যক্তিদের বাণিজ্যের প্রধান স্থান উক্ত রাজ্যের কি দেশের মধ্যে থাকে, সেই২ ব্যক্তি ব্রিটনীয় জাহাজের স্বামী হইতে পারেন ইতি।

[কোন২ জাহাজ ব্যতীত ব্রিটনীয় সকল জাহাজের রেজিষ্টরী হইতে হইবার কথা।]

৬ ধারা। ব্রিটনীয় যে প্রত্যেক জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের নানা বন্দরের মধ্যে কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত বন্দরহইতে অন্য কোন বন্দরে গমনাগমন করিয়া থাকে সেই জাহাজ নিম্নলিখিতমতে রেজিষ্টর করিতেই হইবে। কিন্তু এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কি পরে যে সকল জাহাজ ১৮৪১ সালের ১০ আইনমতে কিম্বা ১৮৫৪ সালের বাণিজ্য জাহাজ-সংক্রান্ত আইনমতে নিয়মিতরূপে রেজিষ্টর করা গিয়াছে এবং পঞ্চদশ টনের অনধিক বোঝাইধারী যে জাহাজ কেবল ব্রিটনীয় ভারতবর্ষের নদীতে কি সমুদ্র-কূলদেশে মৎস্য ধরিবার কি বাণিজ্য করিবার কার্য্যে নিযুক্ত হয় সেই২ জাহাজ এই আইনমতে রেজিষ্টরী করিবার প্রয়োজন নাই।

আরো এই আইনেতে যে সকল জাহাজ রেজিষ্টর করিবার আজ্ঞা হইল তাহা রেজিষ্টর না হইলে ব্রিটনীয় জাহাজ বলিয়া স্বীকার হইবে না। এবং এই আইনমতে যে জাহাজ রেজিষ্টর করিবার আজ্ঞা হইল সেই জাহাজের স্বামির প্রতি নিম্নলিখিত প্রকারের রেজিষ্টরীর সর্টিফিকট দেখাইবার আদেশ হইলে তিনি যদি তাহা না দেখান, তবে কষ্টমের কোন কার্য্যকারক ঐ জাহাজের ব্রিটনীয় জাহাজস্বরূপ সমুদ্র পথে গমনের ক্ষমতা দানার্থে অনুমতিপত্র দিবেন না, এবং যদি সেই জাহাজ অনুমতিপত্র বিনা ব্রিটনীয় জাহাজস্বরূপ সমুদ্রে যাইতে উদ্যোগ করে, তবে উক্ত কার্য্যকারককে ঐ সর্টিফিকট যত কাল দেখান না যায় তিনি তত কাল ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

---

২ অধ্যায়।

জাহাজের পরিমাণ গ্রহণের বিধি।

[পরিমাপ্য তুতকের ও ফুটের ও দশাংশিকের কথা।]

৭ ধারা। নিম্নলিখিত সকল বিধিতে টনেজ ডেক অর্থাৎ পরিমাপ্য তুতক এই শব্দ ব্যবহার হইলে যে জাহাজের তিন তুতকের ন্যূন থাকে সেই জাহাজের উপরিস্থ তুতক বুঝাইবে। অন্য সকল জাহাজে তল-অবধি যে দ্বিতীয় তুতক তাহাকে বুঝাইবে। এবং উক্ত বিধিমতে কার্য্য করিতে গেলে ফুটে ও ফুটের ভগ্নাংশে পরিমাণ ধরিতে হইবে, এবং ফুটের ভগ্নাংশ সকল দশাংশিকে ধরিতে হইবে ইতি।

[For ships to be registered and other ships of which the hold is clear.]

VIII. The tonnage of every ship to be registered, with the exceptions mentioned in the next succeeding Section, shall previously to her being registered be ascertained by the following Rule, hereinafter called Rule I; and the tonnage of every ship to which such Rule can be applied, whether she is about to be registered or not shall be ascertained by the same Rule.

RULE I.

[Lengths]

(1.) Measure the length of the ship in a straight line along the upper side of the tonnage deck, from the inside of the inner plank (average thickness) at the side of the stem to the inside of the midship stern timber or plank there, as the case may be (average thickness) deducting from this length what is due to the rake of the bow in the thickness of the deck, and what is due to the rake of the stern timber in the thickness of the deck, and also what is due to the rake of the stern timber in one-third of the round of the beam; divide the length so taken into the number of equal parts required by the following Table, according to the class in such Table to which the ship belongs:—

Table

Class 1.—Ships of which the tonage deck is according to the above measurement 50 feet long or under, into four equal parts

Class 2.—Ships of which the tonage deck is according to the above measurement above 50 feet long and not exceeding 120, into six equal parts.

Class 3.—Ships of which the tonnage deck is according to the above measurement above 120 feet long and not exceeding 180, into eight equal parts.

Class 4.—Ships of which the tonnage deck is according to the above measurement above 180 feet long and not exceeding 225, into ten equal parts.

Class 5.—Ships of which the tonnage deck is according to the above measurement above 225 feet long, into twelve equal parts.

[Transverse areas]

(2.) Then, the hold being first sufficiently cleared to admit of the required depths and breadths being properly taken, find the transverse area of such ship at each point of division of the length as follows:—measure the depth at each point of division, from a point at a distance of one-third of the round of the beam below such deck, or, in case of a break, below a line stretched

[যে জাহাজের রেজিষ্টর হইবে ও অন্য যে জাহাজের খোল শূন্য থাকে তাহা রেজিষ্টর করিবার কথা।]

৮ ধারা। যে সকল জাহাজের রেজিষ্টর করিতে হইবে ৯ ধারার লিখিত বর্জ্জনীয় ছলভিন্ন সেইং জাহাজের রেজিষ্টর করিবার পূর্ব্বে তাহার পরিমাণ নিম্নলিখিত বিধিমতে নির্ণীত হইবে। সেই বিধি প্রথম বিধি বলিয়া পশ্চাৎ উল্লিখিত হইয়াছে। এবং উক্ত বিধি যে প্রত্যেক জাহাজের প্রতি বর্ত্তান যাইতে পারে সেই জাহাজ রেজিষ্টরী করিতে হইলে কি না হইলেও তাহার পরিমাণ সেই বিধিমতে নির্ণীত হইবে ইতি।

প্রথম বিধি।

দীর্ঘতার পরিমাণ।

(১) টনেজ ডেকের উপরিভাগে অন্তর্ভাগের তক্তা গড়ে যত পুরু হইয়া থাকে তাহা ধরিয়া অগ্রভাগের পার্শ্বস্থ সেই তক্তার মধ্যভাগ হইতে জাহাজের মধ্যভাগে যে ষ্টর্ণ গুড়ি কিম্বা বিষয়বিশেষে যে তক্তা থাকে তাহা গড়ে যত পুরু হয় তাহা ধরিয়া ঐ তক্তার মধ্যভাগ পর্য্যন্ত মাপিতে হইবে। তুতকের স্থূলতায় জাহাজের অগ্রভাগের বক্রতাহেতুক, এবং তুতকের স্থূলতায় ষ্টর্ণ গুঁড়ির বক্রতাহেতুক এবং ষ্টর্ণ গুঁড়ির তৃতীয়াংশেতে তাহার বক্রতাহেতুক কিছু বাদ দিতে হইবে। দীর্ঘতার যে পরিমাণ হয় জাহাজ নিম্নলিখিত টেবিলমতে যে শ্রেণীগত হইবে তদনুসারে ঐ টেবিলের লিখিতমতে ঐ পরিমাণ সমান ভাগে বিভাগ করিতে হইবে।

টেবিল।

১ শ্রেণী। যে জাহাজের টনেজ ডেক উক্ত প্রকারে মাপিয়া ৫০ ফুট কি তাহার ন্যূন দীর্ঘ হয় তাহা চারি সমান ভাগে বিভাগ করিতে হইবে।

২ শ্রেণী। উক্ত পরিমাপণানুসারে যে জাহাজের টনেজ ডেক ৫০ ফুটের অধিক ও ১২০ ফুটের অনধিক দীর্ঘ হয় তাহা ছয় সমান ভাগে বিভাগে করিতে হইবে।

৩ শ্রেণী। উক্ত পরিমাপণানুসারে যে জাহাজের টনেজ ডেক ১২০ ফুটের অধিক ও ১৮০ ফুটের অনধিক দীর্ঘ তাহা আট সমান ভাগে বিভাগ করিতে হইবে।

৪ শ্রেণী। উক্ত পরিমাপণানুসারে যে জাহাজের টনেজ ডেক ১৮০ ফুটের অধিক ও ২২৫ ফুটের অনধিক দীর্ঘ হয়, তাহা সমান দশ ভাগে বিভাগ করিতে হইবে।

৫ শ্রেণী। উক্ত পরিমাপণানুসারে যে জাহাজের টনেজ ডেক ২২৫ ফুটের অধিক দীর্ঘ হয় তাহা সমান দ্বাদশ ভাগে বিভাগ করিতে হইবে।

[কালিতে আড়ের পরিমাণের কথা।]

(২) গভীরতার ও প্রস্থতার পরিমাণ লইবার জন্যে জাহাজের খোল উপযুক্তমতে খালি করিতে হইবে, পরে দীর্ঘতার প্রত্যেক বিভাগ স্থলে জাহাজের আড়ভাগের পরিমাণ কালি করিয়া লইতে হইবে। তাহা লইবার বিধি এই। ঐ তুতকের নীচে যে বীম থাকে তাহার গোলাংশের তৃতীয়াংশ হইতে, কিম্বা যদি ভঙ্গি হয়, তবে সমানরেখা টানিয়া তাহার অধোভাগ হইতে লিম্বর ষ্ট্রেক নামক

in continuation thereof, to the upper side of the floor timber at the inside of the limber strake, after deducting the average thickness of the ceiling which is between the bilge planks and limber strake; then, if the depth at the midship division of the length do not exceed sixteen feet, divide each depth into four equal parts; then measure the inside horizontal breadth at each of the three points of division, and also at the upper and lower points of the depth, extending each measurement to the average thickness of that part of the ceiling which is between the points of measurement; number these breadths from above (*i. e.*, numbering the upper breadth one and so on down to the lowest breadth); multiply the second and fourth by four, and the third by two; add these products together, and to the sum add the first breadth and the fifth, multiply the quantity thus obtained by one-third of the common interval between the breadths, and the product shall be deemed the transverse area; but if the midship depth exceeds sixteen feet, divide each depth into six equal parts instead of four, and measure as before directed the horizontal breadths at the five points of division, and also at the upper and lower points of the depth; number them from above as before; multiply the second, fourth, and sixth by four, and the third and fifth by two; add these products together, and to the sum add the first breadth and the seventh; multiply the quantity thus obtained by one-third of the common interval between the breadths, and the product shall be deemed the transverse area.

[Computation from areas.]

(3.) Having thus ascertained the transverse area at each point of division of the length of the ship as required by the above Table, proceed to ascertain the register tonnage of the ship in the following manner:—Number the areas successively 1, 2, 3, &c., No. 1 being at the extreme limit of the length at the bow, and the last number at the extreme limit of the length at the stern; then, whether the length be divided according to the Table into four or twelve parts as in classes 1 and 5, or any intermediate number as in classes 2, 3 and 4, multiply the second and every even numbered area by four, and the third and every odd numbered area (except the first and last) by two; add these products together, and to the sum add the first and last if they yield anything; multiply the quantity thus obtained by one-third of the common interval between the areas, and the product will be the cubical contents of the space under the tonnage deck shall be deemed to be the register

যে তক্তা তলে থাকে তাহার উপরিভাগ পর্য্যন্ত পূর্ব্বোক্ত বিভাগের প্রত্যেক স্থানে পরিমাণ লইয়া, মেজার তক্তা ও লিম্বর ষ্ট্রেকের মধ্যস্থলে যে ছত্রী আছে তাহা গড়ে যত পুরু হইয়া থাকে তত বাদ দিতে হইবে। মধ্যম বিভাগ স্থলে যদি জাহাজের গভীরতা ষোল ফুটের অধিক না হয়, তবে সেই গভীরতার সমান চারিভাগ করিতে হইবে। পরে তিন বিভাগ স্থলে এবং গভীরতার উপরিস্থ ও অধঃস্থ বিভাগ স্থলে অন্তর্ভাগের প্রস্থতার পরিমাণ লইতে হইবে। এবং উক্ত বিভাগের মধ্যে২ ছত্রীর যে অংশ থাকে তাহার মধ্যম ঘনতা পর্য্যন্ত মাপ করিতে হইবে। যে প্রত্যেক স্থানে প্রস্থতার পরিমাণ লওয়া যায়, উপরিভাগহইতে অধঃপর্য্যন্ত সেই সকলভাগে অঙ্ক দিতে হইবে। পরে দ্বিতীয় ও চতুর্থ বিভাগে চারিতে ও তৃতীয় বিভাগ দুইয়েতে গুণ কর। ঐ সকল ফলিতাঙ্ক যোগ কর ও মোট সংখ্যাতে প্রথম ও পঞ্চম বিভাগের প্রস্থতার অঙ্ক যোগ কর। ইহাতে যে সংখ্যা হয় তাহা প্রস্থতার সামান্য ব্যবধানের তৃতীয়াংশেতে গুণ করিলে, ফলিতাঙ্ক কালিতে ঐ আড়ের পরিমাণ জ্ঞান হইবে। কিন্তু জাহাজের মাঝখান যদি ষোল ফুটের অধিক গভীর হয়, তবে গভীরতার পরিমাণ গ্রহণের প্রত্যেক স্থান চারিভাগে বিভক্ত না করিয়া সমান ছয় ভাগে বিভাগ কর। এবং পূর্ব্বোক্ত আদেশমতে গভীরতার বিভাগের পাঁচ স্থানে এবং উপরিস্থ ও অধঃস্থ স্থানে প্রস্থতার মাপ লও। পূর্ব্বমতে ঐ বিভাগস্থানে উপরহইতে অঙ্ক দিতে হইবে। দ্বিতীয় ও চতুর্থ ও ষষ্ঠ বিভাগে যে প্রস্থতা পাওয়া যায় তাহা চারি দিয়া এবং তৃতীয় ও পঞ্চম বিভাগ স্থানের অঙ্ক দুই দিয়া গুণ কর। ঐ সকল ফলিতাঙ্ক সংযোগ করিয়া সেই মোট অঙ্কে প্রথম ও সপ্তম বিভাগের প্রস্থতার অঙ্ক সংযোগ কর। এতদ্রূপে যে মোট অঙ্ক প্রাপ্ত হওয়া যায় তাহা প্রস্থতার বিভাগের সামান্য ব্যবধানের তৃতীয়াংশ দিয়া গুণ করিলে ফলিতাঙ্ক কালিতে আড়ের পরিমাণ হয়।

[কালিতে যে পরিমাণ তদনুসারে হিসাব করিবার কথা]

(৩।) উক্ত টেবিল অনুসারে জাহাজের দীর্ঘতার প্রত্যেক বিভাগ স্থলে, কালিতে তাহার আড়ের পরিমাণ গ্রহণ করিলে পর, জাহাজ যত টনী বলিয়া রেজিষ্টর করিতে হইবে, নিম্ন প্রকারে তাহার হিসাব কর, যথা। কালি করিয়া যে২ পরিমাণ পাওয়া গেল তাহার ১, ২, ৩ প্রভৃতি নম্বর দেও। জাহাজের অগ্রভাগের শেষ সীমা অবধি ১ নম্বর ও পশ্চাৎভাগের শেষ সীমাতে শেষ নম্বর ধরিতে হইবে। পরে টেবিল অনুসারে ১ ও ৫ শ্রেণীর জাহাজে সেই দীর্ঘতার চারি কি দ্বাদশ বিভাগ হইলে কিম্বা ২, ৩, ৪ শ্রেণীর জাহাজে মধ্য সংখ্যার বিভাগ হইলেও কালিতে যে২ ভাগের পরিমাণ লওয়া গিয়াছে তাহার ২ ও সমসংখ্যার প্রত্যেক ভাগ চারি দিয়া গুণ কর, এবং তৃতীয় ভাগ ও প্রথম ও শেষ ভাগভিন্ন অসম সংখ্যক প্রত্যেক ভাগ দুই দিয়া গুণ কর। ঐ সকল ফলিতাঙ্কের মোট ধরিয়া যদি প্রথম ও শেষ বিভাগের অঙ্কে কিছু ফল হয়, তবে তাহাকে ঐ মোট সংখ্যার সংযোগ কর। ইহাতে যে অঙ্ক পাওয়া যায় তাহা কালিতে পরিমিত স্থানের সামান্য ব্যবধানের তৃতীয়াংশে গুণ কর। তাহার ফলিতাঙ্কে টনেজ ডেকের অধীন স্থানের ঘন পরিমাণ

tonnage of the ship, subject to the additions and deductions hereinafter mentioned.

[Poop and any other closed-in space.]

(4.) If there be a break, a poop, or any other permanent closed-in space on the upper deck, available for cargo or stores, or for the berthing or accommodation of passengers or crew, the tonnage of such space shall be ascertained as follows:—Measure the interval mean length of such space in feet, and divide it into two equal parts; measure at the middle of its height three inside breadths, namely, one at each end and the other at the middle of the length; then to the sum of the end breaths add four times the middle breadth and multiply the whole sum by one-third of the common interval between the breadths; the product will give the mean horizontal area of such space: then measure the mean height, and multiply by it the mean horizontal area; divide the product by one hundred, and the quotient shall be deemed to be the tonnage of such space, and shall be added to the tonnage under the tonnage deck, ascertained as aforesaid, subject to the following provisoes; first, that nothing shall be added for a closed-in space solely appropriated to the berthing of the crew, unless such space exceeds one-twentieth of the remaining tonnage of the ship, and in case of such excess the excess only shall be added; and secondly, that nothing shall be added in respect of any building erected for the shelter of deck passengers, and approved by such officer as the Lucal Government shall appoint in this behalf.

[In case of two or more decks.]

(5.) If the ship has a third deck, commonly called a spar deck, the tonnage of the space between it and the tonnage deck shall be ascertained as follows:—Measure in feet the inside length of the space at the middle of its height from the plank at the side of the stem to the lining on the timbers at the stern, and divide the length into the same number of equal parts into which the length of the tonnage deck is divided as above directed; measure (also at the middle of its height) the inside breadth of the space at each of the points of division, also the breadth of the stem and the breadth at the stern; number them successively 1, 2, 3, &c., commencing at the stem: multiply the second and all the other even numbered breadths by four, and the third

পাওয়া যায়। ঐ অঙ্ক এক শত দিয়া ভাগ কর তাহার লব্ধি টনেজ ডেকের নীচে জাহাজ যত টন ধারে তাহা প্রকাশ হয় ও যত টনী জাহাজ বলিয়া তাহা রেজিষ্টর করিতে হইবে নিম্ন লিখিত অঙ্কেতে তাহা বৃদ্ধি কি ন্যূন করিলে তাহা নির্ণয় হইবে।

[পুপ ও অন্য আবৃত স্থানের কথা।]

(৪) উপরিস্থ তুতকে যদি বাণিজ্য কি আহারীয় দ্রব্যাদি রাখিবার কিম্বা চড়নদারেরদের কি নাবিকদের থাকিবার জন্যে বেড়া কি পুপ কি চিরকালীন কোন আবৃত স্থান করা যায়, তবে ঐ স্থানে যত টন ধরিতে পারে তাহা নির্ণয় করিবার এই বিধি। ঐ আবৃত স্থানের মধ্যম দীর্ঘতা কত ফুট হয় তাহার পরিমাণ লইয়া তাহা সমান দুই ভাগে বিভাগ কর। ছাতের মধ্য স্থলের তিন স্থান হইতে অর্থাৎ দুই প্রান্তে ও মধ্য স্থানে অন্তর্ভাগের প্রস্থতা লও। পরে দুই প্রান্তের প্রস্থতার অঙ্কেতে মধ্য ভাগের প্রস্থতার অঙ্কের চারিগুণ সংযোগ করিয়া সেই লব্ধাঙ্ক প্রস্থতা গ্রহণের সামান্য ব্যবধানের তৃতীয়াংশেতে গুণ কর। কালিতে ঐ স্থানের মধ্যম প্রস্থতা ঐ ফলিতাঙ্কে জানা যাইবে। পরে মধ্যম উচ্চতার পরিমাণ লইয়া, কালিতে প্রাপ্ত উক্ত অঙ্কেতে ঐ উচ্চতার গুণ কর। সেই ফলিতাঙ্ক এক শত দিয়া ভাগ করিলে ঐ আবৃত স্থানে যত টন ধরিবে তাহা ঐ কার্য্যের লব্ধাঙ্কে নির্ণয় হইবে। অপর পূর্ব্ব বিধানমতে টনেজ ডেকের নীচে যত টন ধরিবে সেই লব্ধ সংখ্যাতে উক্ত লব্ধাঙ্ক সংযোগ কর। কিন্তু এই স্থলে নিম্নলিখিত বিধি মান্য। প্রথম যদি সেই স্থান কেবল নাবিকদের থাকিবার জন্যে আবৃত হয়, তবে জাহাজে যত টন ধরিতে পারিবে ঐ স্থানেই তাহার বিংশতি অংশের অধিক না লাগিলে তাহার জন্যে অঙ্ক বৃদ্ধি করিতে হইবে। যদি বিংশতি অঙ্কের অধিক হয় তবে জাহাজে যত টন ধরে তাহার সঙ্গে ঐ বিংশতি অংশের ঊর্দ্ধ অঙ্ক মাত্র সংযোগ করিতে হইবে। তুতকের চড়নদার বলিয়া যাহারা জাহাজের ঘরে না থাকিয়া তুতকে কালযাপন করে তাহারদের আশ্রয়ের জন্যে যদি কোন ছাদ নির্ম্মিত হয় এবং স্থানীয় গবর্ণমেণ্ট তদ্বিষয়ার্থে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি যদি অনুমোদন করেন, তবে জাহাজে যত টন ধরে সেই আবৃত স্থান হেতুক তাহার অঙ্ক বৃদ্ধি করিতে হইবে না।

[দুই কি অধিক তুতক হইলে তাহার কথা।]

(৫) যদি জাহাজের স্পার ডেক নামে তৃতীয় তুতক থাকে, তবে সেই তুতকের ও টনেজ ডেকের মধ্যে যত টন ধরে তাহা নিরূপণ করিবার বিধি এই। উচ্চতার মধ্য স্থানে অগ্রভাগের প্রান্তে যে তক্তা আছে তাহাহইতে পশ্চাদ্ভাগের কড়ির আবরণ পর্য্যন্ত অভ্যন্তর স্থানের দীর্ঘতার পরিমাণ লইয়া, পূর্ব্ব বিধিমতে টনেজ ডেকের দীর্ঘাংশ যত ভাগে বিভাগ করিতে হয় ঐ স্পার ডেকের দীর্ঘাংশও সমান তত ভাগে বিভাগ করিতে হইবে। আরো উচ্চতার মধ্য স্থানে সেই দীর্ঘাংশের প্রত্যেক বিভাগে অভ্যন্তর স্থানের প্রস্থতার পরিমাণ এবং অগ্রভাগের ও পশ্চাদ্ভাগের প্রস্থতার পরিমাণ লও। ও অগ্রভাগে আরম্ভ করিয়া সেই পরিমাণের স্থানের ১, ২, ৩ প্রভৃতি অঙ্ক দেও। দ্বিতীয় এবং সমসংখ্যার সকল বিভাগে প্রস্থতার যে পরিমাণ পাওয়া যায় তাহার অঙ্ক চারি দিয়া, এবং প্রথম ও শেষ বিভাগ ভিন্ন তৃতীয় ও অসম সংখ্যার সকল বিভাগে

and all the other odd numbered breadths (except the first and last) by two; to the sum of these products add the first and last breadths; multiply the whole sum by one-third of the common interval between the breadths, and the result will give in superficial feet the mean horizontal area of such space; measure the mean height of such space and multiply by it the mean horizontal area, and the product will be the cubical contents of the space; divide this product by one hundred, and the quotient shall be deemed to be the tonnage of such space, and shall be added to the other tonnage of the ship ascertained as aforesaid; and if the ship has more than three decks, the tonnage of each space between decks above the tonnage deck shall be severally ascertained in manner above described, and shall be added to the tonnage of the ship ascertained as aforesaid.

[For ships not requiring registry with cargo on board.]

IX. Ships which, requiring to be measured for any purpose other than registry, have cargo on board, and ships which, requiring to be measured for the purpose of registry, cannot be measured by the Rule above given, shall be measured by the following Rule, hereinafter called Rule II.

RULE II.

[Length. Breadth. Girting of the ship.]

(1.) Measure the length on the upper deck from the outside of the outer plank at the stem to the aftside of the stern post, deducting therefrom the distance between the aftside of the stern post and the rabbet of the stern post at the point where the counter plank crosses it; measure also the greatest breadth of the ship to the outside of the outer planking or wales, and then, having first marked on the outside of the ship on both sides thereof the height of the upper deck at the ship's sides, girt the ship at the greatest breadth in a direction perpendicular to the keel from the height so marked on the outside of the ship, on the one side to the height so marked, on the other side by passing a chain under the keel; to half the girt thus taken, add half the main breadth; square the sum; multiply the result by the length of the ship taken as aforesaid; then multiply this product by the factor .0018 (eighteen-ten-thousandths) in the case of ships built of wood, and by .0021 (twenty-one-ten-thousands) in the case of ships built of iron, and the product shall be deemed the register tonnage of the ship subject to the additions and deductions hereinafter mentioned.

যে অঙ্ক প্রাপ্ত হওয়া যায় তাহাই দিয়া গুণ কর। ঐ ফলিতাকে প্রথম ও শেষ বিভাগে প্রাপ্ত প্রশস্ততার অঙ্ক সংযোগ কর। সেই বিভাগের সামান্য ব্যবধানের তৃতীয়াংশে ঐ মোট সংখ্যার গুণ কর, তাহা হইলে ঐ স্থানের কালিতে যত ফুট হয়, তাহা ঐ স্থানের মধ্যম সমধরাতল পরিমাণ হইবে। পরে ঐ স্থানের মধ্যম উচ্চতার পরিমাণ লইয়া কালিতে সমধরাতল পরিমাণের সংখ্যা দিয়া গুণ করিলে তাহার ফলিতাকে ঐ স্থানের ঘন পরিমাণ নির্ণীত হয়। ঐ ফলিতাঙ্ক এক শত দিয়া বিভাগ করিলে তাহার যে অঙ্ক লব্ধ হয় ঐ স্থানে যত টন ধরে তাহা ঐ লব্ধাকে প্রকাশ হইবে। জাহাজে যত টন ধরে পূর্ব্বোক্ত মতে প্রাপ্ত সেই অঙ্কেতে এই অঙ্ক যোগ করিতে হইবে। যদি জাহাজে তিন তুতকের অধিক থাকে, তবে টনেজ ডেকের অতিরিক্ত উক্ত প্রত্যেক তুতকে যত টন ধরিতে পারে তাহাও সেই নিয়মমতে নির্ণয় করিয়া পূর্ব্বোক্তমতে নিরূপিত অঙ্কের সহিত সংযোগ করিতে হইবে ইতি।

[রেজিষ্টরী করিবার জন্যে যে জাহাজের পরিমাণ লওয়ার প্রয়োজন নাই সেই জাহাজে মাল থাকিলে তাহার পরিমাণ লইবার কথা।]

৯ ধারা। যদি রেজিষ্টরী করণভিন্ন অন্য কারণে কোন জাহাজের পরিমাণ লইতে হয়, ও সেই জাহাজে মাল থাকে, এবং রেজিষ্টর করিবার জন্যে যে জাহাজের পরিমাণ লওয়া প্রয়োজন যদি পূর্ব্বোক্ত বিধিমতে তাহার পরিমাণ লওয়া যাইতে না পারে, তবে এই আইনের পশ্চাদংশে ২ বিধি নামে খ্যাত নিম্নলিখিত বিধিমতে ঐ২ জাহাজের পরিমাণ লইতে হইবে ইতি।

২ বিধি।

[জাহাজের দীর্ঘতা ও প্রস্থতা ও পরিবেষ্টনের কথা।]

(১) জাহাজের অগ্রভাগের বহিরাংশে যে তক্তা আছে তাহার বহির্ভাগহইতে পশ্চাদ্ভাগের বহিরাংশের তক্তা পর্য্যন্ত উপরিস্থ তুতকের দীর্ঘতার মাপ লইয়া পশ্চাদ্ভাগের থামের বহির্ভাগ এবং যে স্থানে আড়ের তক্তা পশ্চাদ্ভাগের থামের রাবিটের আড়ে পড়ে সেই স্থানের মধ্যে যত স্থান থাকে তাহা বাদ দিতে হইবে। এবং পার্শ্বস্থ তক্তার বহির্ভাগ পর্য্যন্ত জাহাজের অতি প্রশস্ত স্থানের প্রস্থতার পরিমাণ লও। এবং জাহাজের পার্শ্বে উপরিস্থ তুতক যত উচ্চ হয় জাহাজের দুই পার্শ্বের বহিঃস্থ তক্তায় তাহার চিহ্ন দিয়া, জাহাজ যে স্থানে অতি প্রশস্ত হয় সেই স্থানে ঐ উচ্চতার চিহ্নহইতে কীলের দিগে সরল রেখা ধরিয়া জাহাজ বেষ্টন করিতে হইবে, অর্থাৎ শৃঙ্খলের এক ভাগ ঐ উচ্চতার চিহ্নে ধরিয়া অন্যভাগ কীলের নীচে ধরিতে হইবে। এই প্রকারে বেষ্টনের অর্দ্ধেকের যে পরিমাণ পাওয়া যায়, তাহাতে প্রস্থতার অর্দ্ধেকের যোগ কর। সেই অঙ্কের বর্গাঙ্ক ধর। তাহার ফলিতাকে জাহাজের দীর্ঘতার গুণ কর। পরে জাহাজ কাষ্ঠময় হইলে ঐ ফলিতাঙ্ক .০০১৮ অঙ্কদ্বারা (অর্থাৎ দশ সহস্র অংশের ১৮ অংশে) গুণ কর। জাহাজ লৌহময় হইলে .০০২১ অঙ্কদ্বারা (অর্থাৎ দশ সহস্র অংশের ২১ অংশে) ঐ ফলিতাঙ্ক গুণ কর। তাহাতে যে অঙ্ক লব্ধ হয় জাহাজ যত টনধারী বলিয়া রেজিষ্টর করিতে হইবে তাহা ঐ লব্ধাকে নিশ্চয় হয়। কিন্তু নিম্নলিখিতমতে তাহা বৃদ্ধি কি হ্রাস করিতে হইবে।

[Poop and other closed-in spaces on upper deck.]

(2.) If there be a break, a poop, or other closed-in space on the upper deck, the tonnage of such space shall be ascertained by multiplying together the mean length, breadth and depth of such space, and dividing the product by 100, and the quotient so obtained shall be deemed to be the tonnage of such space, and shall subject to the deduction for a closed-in space appropritated to the crew as mentioned in Rule I, be added to the tonnage of the ship ascertained as aforesaid.

[Ships measured under Rule II may be measured under Rule I.]

The owner of any ship which is measured under Rule II contained in this Section, may at any subsequent period apply to the Local Government to have the said ship re-measured under Rule I contained in Section 8, and the said Government may thereupon and upon payment of such fee not exceeding four rupees for each transverse section as they may authorize, direct the said ship to be re-measured accordingly, and the number denoting the register tonnage shall be altered accordingly.

Rule III.

[Allowance for engine-room in steamers.]

X. In every ship propelled by steam or other power requiring engine-room, an allowance shall be made for the space occupied by the propelling power, and the amount so allowed shall be deducted from the gross tonnage of the ship ascertained as aforesaid, and the remainder shall be deemed to be the register tonnage of such ship, and such deduction shall be estimated as follows; (that is to say),—

[To be rateable in ordinary steamers.]

(*a.*) As regards ships propelled by paddle-wheels, in which the tonnage of the space solely occupied by and necessary for the proper working of the boilers and machinery is above twenty per cent. and under thirty per cent. of the gross tonnage of the ship, such deduction shall be thirty-seven one-hundredths of such gross tonnage; and in ships propelled by screws, in which the tonnage of such space is above thirteen per cent. and under twenty per cent. of such gross tonnage, such deduction shall be thirty-two one-hundredths of such gross tonnage.

[May be measured where the space is unusally large or small.]

(*b.*) As regards all other ships, the deduction shall, if the registering officer and the owner both

[ডুত্তকের উপর পুপ ও অন্য আবৃত স্থানের কথা।]

(২) যদি উপরের ডুত্তকে বেড়া কি পুপ কি অন্য আবৃত স্থান করা যায়, তবে ঐ স্থানে যত টন ধরিতে পারে তাহা নিরূপণের এই বিধি। ঐ স্থানের দীর্ঘতার ও প্রস্থতার ও গভীরতার মধ্যম পরিমাণের অঙ্ক পরস্পর গুণ করিয়া ঐ ফলিতাঙ্ক একশত দিয়া ভাগ করিলে ঐ স্থানে যত টন ধরে তাহা সেই লব্ধাঙ্কে প্রকাশিত হইবে। এবং ১ বিধিমতে তাহার যত স্থান নাবিকদের বাস করিবার জন্যে আবৃত হয় তাহা বাদ দিয়া জাহাজে যত টন ধরে তাহার পূর্ব্বোক্তমতে প্রাপ্ত অঙ্ক সহিত অবশিষ্ট স্থান সূচক অঙ্ক যোগ করিতে হইবে।

[২ বিধিমতে যে জাহাজের পরিমাণ লওয়া যায় তাহা ১ বিধিমতে মাপিতে পারিবার কথা।]

এই ধারার ২ বিধিমতে যে জাহাজের পরিমাণ লওয়া গিয়াছে, সেই জাহাজের স্বামী পশ্চাৎ কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করিয়া পুনরায় ৮ ধারার লিখিত ১ বিধিমতে ঐ জাহাজের পরিমাণ লওয়াইতে পারিবেন। তদ্রূপ প্রার্থনা করিলে এবং উক্ত গবর্ণমেণ্ট আড়ের প্রত্যেক খণ্ডের জন্যে চারি টাকার অনধিক যত ফী নিরূপণ করেন তাহা দিলে, গবর্ণমেণ্ট তদনুসারে ঐ জাহাজের পুনশ্চ পরিমাণ হইবার আজ্ঞা করিতে পারিবেন। এবং জাহাজ যত টনী বলিয়া রেজিষ্টর হইয়াছে তাহা তদনুসারে পরিবর্ত্তন করা যাইতে পারিবে ইতি।

৩ বিধি।

[ষ্টীমরে কলের জন্যে যে স্থান থাকে তাহা বাদ দিবার কথা।]

১০ ধারা। ষ্টীমদ্বারা কিম্বা যাহাতে কলের জন্যে স্থানের প্রয়োজন হয় এমত অন্য কলদ্বারা যে জাহাজ চালিত হয়, সেই চালক কল রাখিবার স্থানের জন্যে কিছু বাদ দিতে হইবে, এবং জাহাজে যত টন ধরে ইহার যে অঙ্ক পুর্ব্বোক্তমতে নিরূপণ করা গেল, ঐ কলের জন্যে যত স্থান বাদ দেওয়া যায় তাহা সেই অঙ্কহইতে বাদ দিতে হইবে ও জাহাজে যত টন ধরে তাহা অবশিষ্ট অঙ্কে প্রকাশিত হইবে। কত বাদ দিতে হইবে ইহা নিম্নলিখিত প্রকারে নির্ণয় করা যাইবে, যথা, —

[সাধারণ ষ্টীমরে হার ধরিয়া বাদ দিবার কথা।]

(ক) চক্রদ্বারা চালিত ষ্টীমরের কেবল বায়লর ও কল থাকিবার ও উপযুক্তমতে চলিবার নিমিত্তে যত স্থান আবশ্যক, জাহাজে মোটে যত বোঝাই ধরে তাহার তুলনায় যদি ঐ স্থান শতকরা বিশাংশের অধিক ও শতকরা ত্রিশাংশের ন্যূন হয়, তবে মোটে যত টন ধরে তাহাহইতে .৩৭ অর্থাৎ একশতাংশ প্রতি ৩৭ অংশ বাদ দিতে হইবে। যদি জাহাজ স্ক্রু দ্বারা চালিত হয়, তবে জাহাজে মোটে যত টন ধরে ঐ স্থানে যদি তাহার শতকরা এয়োদশাংশের অধিক ও বিশাংশের ন্যূন হারে ধরে, তবে মোটে যত ধরে তাহাহইতে একশতাংশের ৩২ অংশ বাদ দিতে হইবে।

[স্থান অসাধারণরূপে অধিক কি ন্যূন হইলে তাহা মাপিবার কথা।]

(খ) যদি রেজিষ্টরী কার্য্যকারক এবং স্বামী সম্মত হন, তবে অন্য সকল জাহাজের ঐ স্থান সেই হিসাব-

agree thereto, be estimated in the same manner, but either of them may in his direretion require the space to be measured and the deduction estimated accordingly; and whenever such measurement is so required, the deduction shall consist of the tonnage of the space actually occupied by or required to be inclosed for the proper working of boilers and machinery with the addition in the case of ships propelled by paddle-wheels of one-half, and in the case of ships propelled by screws of three-fourths of the tonnage of such space; and the measurement and use of such space shall be governed by the following rules; (that is to say)—

[Mode of measurement.]

(1.) Measure the mean depth of the space from its crown to the ceiling at the limber strake, measure also three, or, if necessary, more than three breadths of the space at the middle of its depth, taking one of such measurements at each end, and another at the middle of the length; take the mean of sbch breadth; measure also the mean length of the space between the foremost and aftermost bulkheads or limits of its length. excluding such parts, if any as are not actually occupied by or required for the proper working of the machinery; multiply together these three dimensions of length, breadth and depth, and the product will be the cubical contents of the space below the crown; then find the cubical contents of the space or spaces, if any, above the crown aforesaid, which are framed-in for the machinery or for the admission of light and air, by multiplying together the length, depth and breadth thereof; add such contents to the cubical contents of the space below the crown; divide the sum by 100; and the result shall be deemed to be the tonnage of the said space:

[In case of separate compartments.]

(2.) If, in any ship in which the space aforesaid is to be measured, the engines and boilers are fitted in separate compartments, the contents of each shall be measured severally in like manner, according to the above rules, and the sum of their several results shall be deemed to be the tonnage of the said space:

[Shaft trunk of screw steamer.]

(3.) In the case of screw steamers in which the space aforesaid is to be measured, the contents of the shaft trunk shall be added to and deemed to form part of such space, and shall be ascertained by multiplying together the mean length, breadth and depth of the trunk, and dividing the product by 100:

মতে বাদ দেওয়া যাইতে পারিবে। কিন্তু তাঁহারদের মধ্যে কোন ব্যক্তি স্বেচ্ছামতে ঐ স্থানের পরিমাণ লইয়া তদনুসারে বাদ দেওয়া যাইবার আদেশ করিতে পারিবেন। যদি তদ্রূপে মাপ করিবার আদেশ হয়, তবে বয়লরের ও কলের দ্বারা কার্য্য উপযুক্তমতে চলিবার জন্যে যত স্থান লাগে কি যত স্থানের আবশ্যক হয় সেই স্থানে যত টন ধরে তাহা এবং তদুপরি, জাহাজ চক্রদ্বারা চালিত হইলে ঐ স্থানে যত টন ধরে তাহার অর্দ্ধয়াংশ ও ইস্ক্রুদ্বারা চালিত হইলে তাহার তিনভাগ বাদ দিতে হইবে। এবং নিম্নলিখিত বিধান মতে ঐ স্থানের পরিমাণ ও ব্যবহার করিতে হইবে।

[মাপের বিধি।]

(১) ঐ স্থানের ঊর্দ্ধভাগঅবধি লিম্বর ষ্ট্রেকের ছত্রী পর্য্যন্ত মধ্যম গভীরতা ধর, এবং গভীরতা মাপিবার মধ্যভাগে যে স্থান আছে তাহার তিন স্থানে অর্থাৎ দুই প্রান্তে ও মধ্যস্থলে ও প্রয়োজন হইলে অধিক স্থানে প্রস্থতার মাপ লইয়া ঐ প্রস্থতার পরিমাণের মধ্যমাঙ্ক ধর। আরো ঐ স্থানের বেড়ার কি সীমার অগ্রভাগহইতে পশ্চাৎ ভাগ পর্য্যন্ত তাহার দীর্ঘতার পরিমাণ লও। কিন্তু ঐ স্থানের মধ্যে যদি কোন অংশে কল না থাকে কি কল চালাইবার জন্যে আবশ্যক না হয়, তবে তাহা ত্যাগ করিতে হইবে। দীর্ঘতা ও প্রস্থতা ও গভীরতা এই তিনের পরস্পর গুণ করিলে, ঊর্দ্ধ ভাগঅবধি স্থানের ঘন পরিমাণ পাওয়া যাইবে। ঐ ঊর্দ্ধ ভাগের উপর কোন স্থান যদি কলের নিমিত্তে কিম্বা আলো প্রবেশ কি বায়ু চলনের জন্যে ঘেরা থাকে, তবে সেই ঘেরা স্থানেরও দীর্ঘতার ও প্রস্থতার ও গভীরতার পরিমাণের অঙ্ক পরস্পর গুণ করিয়া তাহারও ঘন পরিমাণ লইতে হইবে। ঐ কল ঘরের স্থানপরিমাণের অঙ্কের সহিত ঐ ঘন পরিমাণের যোগ করিয়া একশত দিয়া ভাগ করিলে তাহার লব্ধাঙ্কে ঐ স্থানে যত টন ধরে তাহা পাওয়া যাইবে।

[ভিন্ন২ ঘর থাকিলে তাহা মাপিবার বিধি]

(২) পূর্ব্বোক্ত যে জাহাজের উক্ত স্থানের পরিমাণ লইতে হইবে, সেই জাহাজের কল ও বয়লর যদি পৃথক২ ঘরে থাকে, তবে পূর্ব্ব বিধিমতে প্রত্যেক ঘরের পরিমাণ স্বতন্ত্র লইতে হইবে, এবং ঐ স্থানে যত টন ধরে তাহা ঐ অঙ্ক সঙ্কলনে প্রকাশ হইবে।

[ইসক্রু ষ্টীমরের দণ্ডাধারের কথা।]

(৩) যে ইসক্রু ষ্টীমরে উক্ত স্থানের পরিমাণ লইতে হইবে, তাহার দণ্ডাধারও সেই স্থানের একাংশ জ্ঞান হইয়া ঐ স্থানের সহিত যোগ করিতে হইবে। তাহার দীর্ঘতার ও প্রস্থতার ও গভীরতার পরিমাণের মধ্যমাঙ্ক পরস্পর গুণ করিয়া ফলিতাঙ্ক একশত দিয়া ভাগ করিলে ঐ দণ্ডাধারের পরিমাণ জানা যাইবে।

[Alteration of engine-room.]

(4.) If, in any ship in which the space aforesaid is to be measured, any alteration be made in the length or capacity of such space, or if any cabins be fitted in such space, such ship shall be deemed to be a ship not registered until re-measurement:

[Penalty for carrying goods in such spaces.]

(5.) If, in any ship in which the space aforesaid is to be measured, any goods or stores are stowed or carried in such space, the master and owner shall each be liable to a penalty not exceeding one thousand Rupees.

RULE IV.

[Open ships how measured.]

XI. In ascertaining the tonnage of open ships, the upper edge of the upper strake is to form the boundary line of measurement, and the depths shall be taken from an athwartship line, extended from upper edge to upper edge of the said strake at each division of the length.

[Tonnage and number of certificate to be carved on main beam.]

XII. In every registered British ship, the number denoting the register tonnage, ascertained as hereinbefore directed, and the number of her certificate of registry, shall be deeply carved or otherwise permanently marked on her main beam, and shall be so continued; and if it at any time cease to be so continued, such ship shall no longer be recognized as a British ship.

[Tonnage when once ascertained to be ever after deemed the tonnage.]

XIII. Whenever the tonnage of any ship has been ascertained and registered in accordance with the provisions of this Act, the same shall thenceforth be deemed to be the tonnage of such ship, and be repeated in every subsequent registry thereof, unless any alteration is made in the form or capacity of such ship, or unless it is discovered that the tonnage of such ship has been erroneously computed; and in either of such cases such ship shall be re-measured, and her tonnage determined and registered according to the rules hereinbefore contained in that behalf.

[Re-measurement of ships already registered may be made, but not to be compulsory.]

XIV. The rules for the re-measurement of tonnage herein contained shall not make it necessary to alter the present registered tonnage of any British ship registered before this Act comes into operation; but if the owner of any such ship desires to have the same re-measured according to such rules, he may apply to the registering officer

[কলের ঘর পরিবর্ত্তন করিবার কথা।]

(৪) যে জাহাজের পূর্ব্বোক্ত স্থান মাপ করিতে হইবে, যদি সেই স্থানের দীর্ঘতার কি ধারণীশক্তির পরিবর্ত্তন করা যায়, কিম্বা যদি তদ্রূপ স্থানে ঘর করা যায়, তবে যতকাল ঐ স্থান পুনরায় মাপ না করা যায় ততকাল তাহা রেজিস্টর না হওয়া জাহাজ জ্ঞান হইবে।

[সেই স্থানে মাল রাখিলে তাহার দণ্ডের কথা।]

(৫) যে জাহাজের পূর্ব্বোক্ত স্থান মাপ করিতে হইবে যদি সেই জাহাজের উক্ত স্থানে কোন মাল কি সামগ্রী রাখা যায়, তবে অধ্যক্ষ এবং স্বামী প্রত্যেকের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

৪ বিধি।

[অনাচ্ছাদিত জাহাজ মাপ করিবার বিধি।]

১১ ধারা। অনাচ্ছাদিত জাহাজে যত টন ধরে ইহা নিরূপণের কার্য্যে উপরিস্থ ষ্ট্রেকের উপরিভাগ-হইতে পরিমাণ লইতে হইবে। এবং দীর্ঘতার প্রত্যেক বিভাগে ষ্ট্রেকের এক উপরিস্থ ভাগ হইতে অন্য উপরিস্থ ভাগ পর্য্যন্ত দড়ি আড়ে ফেলিয়া গভীরতার পরিমাণ লওয়া যাইবে ইতি।

[জাহাজ যত টনী হয় তাহা ও সর্টিফিকটের নম্বর প্রধান বীমের উপর খোদিয়া লিখিবার কথা।]

১২ ধারা। ব্রিটনীয় প্রত্যেক রেজিস্টরী জাহাজে যত টন ধরে ইহা পূর্ব্বোক্ত বিধিমতে নিরূপিত হইয়া তাহা যে অঙ্কক্রমে রেজিস্টর হয় সেই অঙ্ক, এবং রেজিস্টরী সর্টিফিকটের নম্বর প্রধান বীমে গভীররূপে খোদা যাইবে, কি অন্য প্রকারে চিরস্থায়ীরূপে অঙ্কিত হইবে ও তদ্রূপ অঙ্কিত ভাবে রাখা যাইবে। যদি কোন সময়ে তাহা তদ্রূপে অঙ্কিত না থাকে, তবে সেই জাহাজ ব্রিটনীয় জাহাজ বলিয়া আর স্বীকার করা যাইবে না ইতি।

[জাহাজ যত টনী হয় তাহা একবার নিরূপণ হইলে নিত্য তত টনের জাহাজ জ্ঞান করিবার কথা।]

১৩ ধারা। কোন জাহাজ যত টনী হয় ইহা নিরূপণ হইয়া এই আইনের বিধানানুসারে রেজিস্টর করা গেলে পর, ঐ জাহাজ তত টনী জাহাজ ইহা চিরকাল জ্ঞান হইবে, ও তৎপরে যত বার রেজিস্টর করা যায় তত বার তত টনী জাহাজ বলিয়া রেজিস্টরী হইবে। যদি ঐ জাহাজের আকৃতির কি মাল ধরিবার ক্ষমতার কিছু পরিবর্ত্তন করা যায় কিম্বা তাহাতে যত টন ধরে ইহার হিসাব করিতে যদি পশ্চাৎ ভুল দেখা যায়, তবে ঐ জাহাজের পরিমাণ পুনরায় লওয়া যাইবে এবং তাহাতে প্রকৃত যত টন ধরে ইহা পূর্ব্ব বিধিমতে নিরূপণ হইয়া জাহাজ তদনুসারে রেজিস্টরী করা যাইবে ইতি।

[জাহাজ রেজিস্টরী হইলেও তাহা পুনরায় মাপিতে পারিবার কথা, কিন্তু বলপূর্ব্বক না করাইবার কথা।]

১৪ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কোন ব্রিটনীয় জাহাজ যত টনী জাহাজ বলিয়া রেজিস্টর করা গিয়াছে, এই আইনে টনের পরিমাণ লইবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে তৎপ্রযুক্ত তাহার পুনরায় পরিমাণ লইবার আবশ্যক নাই। কিন্তু যদি কোন জাহাজের স্বামী সেই বিধিমতে আপনার জাহাজের পুনশ্চ মাপ লইবার ইচ্ছা করেন, তবে তিনি

for the purpose, and such officer shall thereupon, and on payment of such reasonable charge for the expenses of re-measurement, not exceeding the sum of three rupees and twelve annas for each transverse section, as he may authorize, direct such re-measurement to be made, and such ship shall thereupon be re-measured according to such rules as aforesaid, or according to such of them as may be applicable; and the number denoting the registered tonnage shall be altered accordingly.

তদর্থে রেজিষ্টরী কার্য্যকারকের নিকটে প্রার্থনা করিতে পারিবেন। ও আড়ভাগের প্রত্যেক খণ্ডের পুনশ্চ পরিমাণ লইবার জন্যে তিনি যুক্তিসিদ্ধমতে ৩৸৹ টাকার অনধিক যত খরচ চাহেন, তাহা দেওয়া গেলে, সেই রেজিষ্টরী কার্য্যকারক ঐ জাহাজের পুনশ্চ মাপ লইবার আজ্ঞা করিতে পারিবেন, তাহা হইলে পূর্ব্বোক্ত বিধিমতে কিম্বা তন্মধ্যে যেং বিধি বর্ত্তে তদনুসারে ঐ জাহাজ পুনরায় মাপ করা যাইবে। এবং জাহাজ যত টনধারী বলিয়া রেজিষ্টরী হইল তাহা যে অঙ্কে প্রকাশ হয় তদনুসারে সেই অঙ্কের পরিবর্ত্তন হইবে ইতি।

[Power to re-measure engine-rooms improperly extended.]

XV. If it appears to the registering officer that in any steamship measured before this Act comes into operation, store-rooms or coal-bunkers have been introduced into or thrown across the engine-room, so that the deduction from the tonnage on account of the engine-room is larger than it ought to be, the said officer may, if he think fit, direct such engine-room to be re-measured according to the rules in force before this Act comes into operation, excluding the space occupied by such store-rooms or coal-bunkers, or may, if the owner so desire, cause the ship to be re-measured according to the rules hereinbefore contained and subject to the conditions contained in the last preceding Section; and after re-measurement the said officer shall cause the ship to be registered anew, or the registry thereof to be altered, as the case may require.

[কলের ঘর অনুপযুক্তমতে বিস্তৃত হইলে তাহা পুনরায় মাপিবার ক্ষমতার কথা।]

১৫ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে ষ্টীমর মাপ করা গিয়াছে, তাহার কলের ঘরে সামগ্রী রাখিবার ঘর কি কয়লার আধার করাপ্রযুক্ত ঐ জাহাজে যত টন ধরে তাহাহইতে কলের ঘরের নিমিত্তে অধিক হিসাবে বাদ দেওয়া গিয়াছে, যদি রেজিষ্টরী কার্য্যকারক ইহা দেখিতে পান, তবে উপযুক্ত বোধ করিলে, এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে মাপিবার যে বিধি প্রচলিত ছিল, ঐ সামগ্রী রাখিবার ঘরের ও কয়লার আধারের স্থান বাদ দিয়া তিনি সেই বিধিঅনুসারে ঐ কলঘরের পুনরায় পরিমাণ লইতে পারিবেন। কিম্বা স্বামির ইচ্ছা হইলে তিনি ইহার পূর্ব্ব ধারার নিয়ম প্রবল মানিয়া এই আইনের পূর্ব্বোক্ত বিধিমতে জাহাজের পরিমাণ করিয়া লইতে পারিবেন। পুনরায় মাপ করিবার পর ঐ কার্য্যকারক পুনরায় সেই জাহাজ রেজিষ্টর করাইবেন কিম্বা প্রয়োজনানুসারে পূর্ব্ব রেজিষ্টর পরিবর্ত্তন করিবেন ইতি।

[Officers may be appointed and regulations made for measurement of ships.]

XVI. The registering officer may, with the sanction of the Local Government, appoint such persons to superintend at the survey and admeasurement of ships as he thinks fit; and may, with the approval of the Local Government, make such regulations for that purpose as may be necessary; and also, with the like approval, make such modifications and alterations as from time to time become necessary in the tonnage rules hereby prescribed, in order to the more accurate and uniform application thereof, and the effectual carrying out of the principle of admeasurement therein adopted.

[কার্য্যকারকদের নিযুক্ত হইতে পারিবার, এবং জাহাজের পরিমাণ লইবার বিধি করিতে পারিবার কথা।]

১৬ ধারা। রেজিষ্টরী কার্য্যকারক স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া জাহাজের পরিদর্শন ও পরিমাপণার্থে যে কার্য্যকারকদিগকে উপযুক্ত বোধ করেন নিযুক্ত করিতে পারিবেন। এবং তদর্থে যে বিধি আবশ্যক জ্ঞান করেন স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে সেই বিধি করিতে পারিবেন। এবং জাহাজে যত টন ধরে ইহার বিধি আরো শুদ্ধ করিবার জন্যে এবং তাহা বিস্তারিতভাবে বর্ত্তাইবার জন্যে এবং জাহাজ পরিমাপণ করিবার মূলাভিপ্রায় সফল করিবার জন্যে তিনি সেই গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে সময়েং ঐ বিধি আবশ্যকমতে মতান্তর ও পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

CHAPTER III.

Registry of British Ships.

[Registrars of British ships.]

XVII. At the ports of Calcutta, Madras, and Bombay, the Master Attendants, and at any other port or place in British India approved by the Local Government, the Collector of Duties, or any other person who is appointed by the Local Government to act for this purpose, are required

তৃতীয় অধ্যায়।

ব্রিটনীয় জাহাজ রেজিষ্টর করিবার বিধি।

[ব্রিটনীয় জাহাজের রেজিষ্ট্রারের কথা।]

১৭ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরে মাষ্টর আটেণ্ডাণ্ট সাহেবের প্রতি, এবং স্থানীয় গবর্ণমেণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত অন্য যে কোন বন্দরের কি স্থানের অনুমোদন করেন তাহাতে মাসুলের কালেক্টর সাহেবের প্রতি, কিম্বা তৎকার্য্যার্থে স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক অন্য যে ব্যক্তি নিযুক্ত হন

to register British ships, and shall be deemed Registrars for the purposes of this Act.

[Registrar to keep register books.]

XVIII. Every Registrar shall keep a book to be called "The Register Book," and enter therein the particulars hereinafter required to be registered.

[Port of registry of British ship.]

XIX. The port or place at which any British ship is registered for the time being shall be considered her port of registry or the port to which she belongs.

[Name of Ship.]

XX. The following rules shall be observed with respect to the names of British registered ships; (that is to say) :—

(1.) Before registry the name of each ship and of the port to which she belongs shall be painted on a conspicuous part of her stern, on a dark ground in white or yellow letters of a length not less than four inches: Provided that the Local Government may exempt any pleasure-yatcht from this provision:

(2.) No change shall be made in the name of any registered ship:

(3.) No concealment, absence, or avoidable obliteration of the above names shall be permitted, except for the purpose of escaping capture by an enemy.

(4.) The ship shall not be described by or with the knowledge of the owner or master by any name other than the one by which she is registered:

And for every breach of the above rules or any of them, the owner and master shall each incur a penalty not exceeding one thousand Rupees.

[Application for registry by whom to be made.]

XXI. Every application for the registry of a ship shall, in the case of individuals, be made by the person requiring to be registered as owner, or by some one or more of such persons if more than one, or by his or their duly authorized agent, and in the case of bodies corporate, by their duly authorized agent. The authority of such agent if appointed by individuals, shall be testified by some writing under the hands of the appointers, and if appointed by a body corporate, by some instrument under the common seal of such body corporate.

[Survey of Ship.]

XXII. Before registry, the ship shall be surveyed by a person duly appointed under this Act; and such surveyor shall grant a certificate in the

তাঁহার প্রতি ব্রিটনীয় জাহাজ রেজিস্টর করিবার আজ্ঞা হইল, এবং তাঁহারা এই আইনের কার্য্যার্থে রেজিষ্ট্রার জ্ঞান হইবেন ইতি।

[রেজিষ্ট্রারের রেজিস্টরী বহী রাখিবার কথা।]

১৮ ধারা। প্রত্যেক রেজিষ্ট্রার "রেজিস্টরী বহী" নামে একখান পুস্তক রাখিবেন। এবং পশ্চাৎ লিখিত যেং কথা তন্মধ্যে রেজিস্টর করিতে আজ্ঞা হইল তাহা লেখাইবেন ইতি।

[ব্রিটনীয় জাহাজ রেজিস্টরী করিবার বন্দর।]

১৯ ধারা। ব্রিটনীয় কোন জাহাজ যে সময়ে যে বন্দরে কি স্থানে রেজিস্টর করা যায়, তাহা ঐ জাহাজের রেজিস্টরী হইবার বন্দর, অর্থাৎ জাহাজ সেই বন্দরের জ্ঞান হইবে ইতি।

[জাহাজের নামের কথা।]

২০ ধারা। ব্রিটনীয় রেজিস্টরী জাহাজের নামসংক্রান্ত নিম্নলিখিত বিধি মানিতে হইবে বিশেষতঃ

(১) রেজিস্টরী হইবার পূর্ব্বে জাহাজের পশ্চাৎ ভাগের প্রকাশ্য স্থানে কৃষ্ণবর্ণ ভাগের উপর শুক্ল কিম্বা পীত বর্ণ চারি ইঞ্চির অন্যূন দীর্ঘ অক্ষরে জাহাজের নাম ও জাহাজ যে বন্দরের হয় সেই বন্দরের নাম লেখা যাইবে। কিন্তু কেবল সুখ সেবনার্থ যে ক্ষুদ্র জাহাজ নির্ম্মিত হয় স্থানীয় গবর্ণমেন্ট সেই জাহাজ এই বিধানহইতে মুক্ত করিতে পারিবেন।

(২) রেজিস্টরী কোন জাহাজের নাম পরিবর্ত্তন করিতে হইবে না।

(৩) উক্ত নাম আবৃত করণের কি না থাকনের কিম্বা উঠাইয়া দেওনের অনুমতি নাই কেবল শত্রুহস্তে পতন হইতে এড়াইবার জন্যে তাহা করা যাইতে পারিবে।

(৪) জাহাজ যে নামেতে রেজিস্টর করা গেল স্বামী কি অধ্যক্ষকর্ত্তৃক কি তাঁহাদের জ্ঞাতসারে তাহা অন্য নামক্রমে নির্দ্দিষ্ট হইবে না।

উক্ত সকল কি কোন বিধি লঙ্ঘন হইলে স্বামী ও অধ্যক্ষ প্রত্যেকের সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[রেজিস্টর হইবার প্রার্থনা যাহার করিতে হইবে তাহার কথা।]

২১ ধারা। যদি জাহাজ কোন সাধারণ ব্যক্তির হয় তবে যে ব্যক্তি স্বামী বলিয়া রেজিস্টরী হইবার প্রার্থনা করেন তিনি, কিম্বা অনেক জন হইলে তাঁহারদের কোন এক কি অধিক জন, কিম্বা তাঁহার কি তাহারদের নিয়মিতরূপে নিযুক্ত এজেন্ট জাহাজ রেজিস্টর করিবার প্রার্থনা করিবেন। যদি সমবায়িত ব্যক্তিদের জাহাজ হয় তবে তাঁহাদের নিয়মিতরূপে নিযুক্ত এজেন্টের ঐ প্রার্থনা করিতে হইবে ঐ এজেন্ট সাধারণ ব্যক্তিকর্ত্তৃক নিযুক্ত হইলে নিয়োগ কর্ত্তাদের স্বাক্ষরিত কোন লিখনক্রমে তাঁহার ক্ষমতার প্রমাণ হইবে। যদি সমবায়িত ব্যক্তিদের দ্বারা নিযুক্ত করা যায় তবে ঐ সমবায়িত ব্যক্তিদের সাধারণ মোহরাঙ্কিত কোন পত্র দ্বারা ঐ ক্ষমতার প্রমাণ হইবে ইতি।

[জাহাজের অবস্থানুসন্ধানের কথা।]

২২ ধারা। রেজিস্টরী করিবার পূর্ব্বে এই আইনঅনুসারে নিয়মিতরূপে নিযুক্ত কোন ব্যক্তিদ্বারা ঐ জাহাজের অবস্থার অনুসন্ধান করা যাইবে। এবং

form marked A. in the first Schedule hereto, specifying her tonnage, build, and such other particulars descriptive of the identity of the ship as may from time to time be required by the Local Government, and such certificate shall be delivered to the Registrar before registry.

[Rules as to entries in register book.]

XXIII. The following rules shall be observed with respect to entries in the register book; (that is to say):—

(1.) The property in a ship shall be divided into sixty-four shares:

(2.) Subject to the provisions with respect to joint owners or owners by transmission, hereinafter contained, not more than thirty-two individuals shall be entitled to be registered at the same time as owners of any one ship; but this rule shall not affect the beneficial title of any number of persons or of any Company represented by or claiming under or through any registered owner or joint owner:

(3.) No person shall be entitled to be registered as owner of any fractional part of a share in a ship; but any number of persons, not exceeding five, may be registered as joint owners of a ship or of a share or shares therein:

(4.) Joint owners shall be considered as constituting one person only as regards the foregoing rule relating to the number of persons entitled to be registered as owners, and shall not be entitled to dispose in severalty of any interest in any ship or in any share or shares therein in respect of which they are registered:

(5.) A body corporate may be registered as owner by its corporate name.

[Declaration of ownership by individual owner.]

XXIV. No person shall be entitled to be registered as owner of a ship or any share therein until he has made and subscribed a declaration in the form marked B. in the first Schedule hereto, referring to the ship as described in the certificate of the surveyor, and containing the following particulars; (that is to say):—

(1.) A statement of his qualification to be an owner of a share in a British Ship:

(2.) A statement of the time when and the place where such ship was built, or (if the ship is foreign-built, and the time and place of building not known) a statement that she is foreign-built, and that he does not know the time or place of her building; and, in addition thereto, in the

সর্বেয়র এই আইনের প্রথম তফসীলের A চিহ্নিত পাঠে সংশিতপত্র লিখিয়া দিবেন। জাহাজে যত টন বোঝাই ধরে, ও জাহাজের যে আকৃতি এবং জাহাজ নিশ্চিতমতে নির্ণয় করিবার জন্যে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে২ বৃত্তান্ত লিখিতে আজ্ঞা করেন তাহা ঐ সংশিতপত্রে লিখিত হইয়া রেজিষ্টরী করিবার পূর্ব্বে রেজিষ্ট্রারকে দেওয়া যাইবে ইতি।

[রেজিষ্টরী বহীতে লিখিবার বিধি।]

২৩ ধারা। রেজিষ্টরী বহীতে যে সকল কথা লিখিত হইবে তদ্বিষয়ে নিম্নলিখিত বিধি মান্য, বিশেষতঃ

(১) জাহাজেতে যে স্বামীত্ব তাহা চৌষট্টি অংশে বিভাগ হইবে।

(২) সাধারণ স্বামিদের কি উত্তরাধিকারিত্বক্রমে স্বামিদের যে বিধি পশ্চাৎ লেখা যাইবে, সেই বিধি অবলম্বন করিয়া এককালে বত্রিশ জনের অধিক কোন একি জাহাজের স্বামী বলিয়া রেজিষ্টর হইতে পারিবে না। কিন্তু কোন রেজিষ্টরী স্বামী কি সাধারণ স্বামী যে ব্যক্তিদের কি যে কোম্পানির স্থলাভিষিক্ত স্বরূপ হন কিম্বা ঐ স্বামির অধীনে কি তদ্দ্বারা যে ব্যক্তিদের কি যে কোম্পানির দাওয়া হয় সেই ব্যক্তিদের যে সংখ্যা হউক এই বিধিতে তাঁহাদের লাভজনক স্বত্বের কিছু হানি হইবে না।

(৩) কোন ব্যক্তি জাহাজের একাংশের ভগ্নাংশের স্বামীস্বরূপে রেজিষ্টর হইতে পারিবেন না। কিন্তু পাঁচ জনের অনধিক যত ব্যক্তি হউন তাঁহারা জাহাজের কিম্বা তদ্গত এক কি অধিকাংশের সাধারণ স্বামীস্বরূপ রেজিষ্টর হইতে পারিবে।

(৪) উপরিভাগে যাঁহারা স্বামীস্বরূপে রেজিষ্টরী হইবার ক্ষমতাপন্ন [illegible]দের সংখ্যা বিষয়ক যে বিধি হইয়াছে, তদুপলক্ষে সাধারণ স্বামিগণ একি ব্যক্তি জ্ঞান হইবেন, এবং কোন জাহাজে [illegible] ঐ জাহাজের যে এক কি অধিক অংশের [illegible] তাঁহাদিগকে রেজিষ্টর করা গেল সেই অংশেতে তাঁহাদের যে সম্পর্ক তাহা পৃথকরূপে বিক্রয়াদি করিতে ক্ষমতাপন্ন হইবেন না।

(৫) সমবায়িত সমাজ স্বীয় সমবায়িত নামানুক্রমে স্বামী বলিয়া রেজিষ্টর হইতে পারিবে ইতি।

[একি ব্যক্তি স্বামী হইলে তাঁহার স্বামীত্ব প্রকাশের কথা।]

২৪ ধারা। কোন ব্যক্তি এই আইনের প্রথম তফসিলের B চিহ্নিত পাঠে প্রতিজ্ঞা না করিলে ও তাহাতে স্বাক্ষর না করিলে জাহাজের কিম্বা তদ্গত কোন অংশের স্বামিস্বরূপে রেজিষ্টর হইবার ক্ষমতাপন্ন হইবেন না। ঐ পত্রে সর্বেয়রের সর্টিফিকেটের নির্দ্দিষ্টমতে ঐ জাহাজের নির্দ্দেশ করিয়া নিম্নলিখিত বিবরণ লিখিতে হইবে, বিশেষতঃ

(১) ব্রিটনীয় জাহাজের অংশের স্বামী হওয়ার যোগ্যতার কথা।

(২) জাহাজ যে সময়ে যে স্থানে নির্ম্মিত হইয়াছিল ইহার ব্যাখ্যা। যদি জাহাজ ভিন্নদেশ নির্ম্মিত এবং তন্নির্ম্মাণের সময় ও স্থান অজ্ঞাত থাকে, তবে জাহাজ ভিন্নদেশ নির্ম্মিত ও তন্নির্ম্মাণের সময় ও স্থান জ্ঞাত নহে এই কথা ব্যক্ত হইবে। অপিচ জাহাজ ভিন্নদেশীয় হইলে, তাহার ভিন্নদেশীয় নাম জানাইতে

case of a foreign ship, a statement of her foreign name, or (in the case of a ship condemned) a statement of the time, place and Court at and by which she was condemned :

(3.) A statement of the name of the master :

(4.) A statement of the number of shares in such ship of which he is entitled to be registered as owner :

(5.) A denial that, to the best of his knowledge and belief, any unqualified person or body of persons is entitled as owner to any legal or beneficial interest in such ship or any share therein :

The said declaration of ownership shall be made and subscribed in the presence of the Registrar if the declarant reside within five miles of the Custom House of the port of registry, but if beyond that distance, in the presence of any Registrar or of any Magistrate.

[Declaration of ownership by body corporate.]

XXV. No body corporate shall be entitled to be registered as owner of a ship or of any share therein until the secretary or other duly appointed public officer of such body corporate has made and subscribed, in the presence of the Registrar of the port of registry, a declaration in the form marked C. in the first Schedule hereto referring to the ship as described in the certificate of the surveyor, and containing the following particular ; (that is to say) :—

(1.) A statement of such circumstances of the constitution and business of such body corporate as prove it to be qualified to own a British ship :

(2.) A statement of the time when and the place where such ship was built, or (if the ship is foreign-built, and the time and place of building unknown) a statement that she is foreign-built, and that he does not know the time or place of her building ; and, in addition thereto, in the case of a foreign ship, a statement of her foreign name, or (in the case of a ship condemned) a statement of the time, place and Court at and by which she was condemned :

(3.) A statement of the name of the master :

(4.) A statement of the number of shares in such ship of which such body corporate is owner :

(5.) A denial that, to the best of his knowledge and belief, any unqualified person or body of persons is entitled as owner to any legal or beneficial interest in such ship or any share therein.

হইবে। ও কর্ম্মের অযোগ্যতা দোষ নির্ণয় হইলে যে সময়ে যে স্থানের যে আদালতে ঐ দোষ নির্ণয় হয় তাহা ব্যক্ত করিতে হইবে।

(৩) অধ্যক্ষের নাম।

(৪) ঐ ব্যক্তি জাহাজের যত অংশের স্বামী বলিয়া রেজিষ্টর হইবার সক্ষম হন তাহার বর্ণন।

(৫) যে ব্যক্তি কি যে লোক সমাজ ঐ জাহাজের কি তাহার কোন অংশের আইনসিদ্ধ কি লাভজনক সম্পর্কে স্বামী হইবার অযোগ্য এমত কোন ব্যক্তি তাঁহার জ্ঞান ও বিশ্বাসমতে স্বামী কি অংশী নহে এই বর্ণন।

যে ব্যক্তি উক্ত বর্ণনা করেন তিনি যদি রেজিষ্টরী করিবার বন্দরের কষ্টম হৌসহইতে পাঁচ মাইলের মধ্যে বাস করেন, তবে রেজিষ্ট্রার সাহেবের সাক্ষাতে স্বামিত্বের উক্ত বর্ণনা করা যাইবে ও স্বাক্ষর করা যাইবে। যদি পাঁচ মাইলের অধিক দূরে বাস করেন তবে কোন রেজিষ্ট্রারের কিম্বা কোন মাজিষ্ট্রেটের সাক্ষাতে তাহা করিতে পারিবেন।

[সমবায়িত সমাজ কর্ত্তৃক স্বামিত্ব সূচক বর্ণনাপত্রের কথা।]

২৫ ধারা। সমবায়িত সমাজ কোন জাহাজের কি তাহার কোন অংশের স্বামি স্বরূপে রেজিষ্টরী হইতে চাহিলে, প্রথমে ঐ সমবায়িত সমাজের সেক্রেটারী কিম্বা নিয়মিত রূপে নিযুক্ত প্রকাশ্য কার্য্যকারক রেজিষ্টরী বন্দরের রেজিষ্ট্রার সাহেবের সাক্ষাতে এই আইনের প্রথম তফসীলের C চিহ্নিত পাঠের লিখিত বর্ণনাপত্রে স্বাক্ষর করিবেন, নতুবা স্বামিস্বরূপে রেজিষ্টর হইবার ক্ষমতাপন্ন হইবেন না। সরবেয়রের সর্টিফিকটে জাহাজ যদ্রূপে নির্দ্দিষ্ট হইয়াছে ঐ বর্ণনাপত্রে জাহাজ সেই প্রকারে নির্দ্দেশ করিতে হইবে ও তাহাতে নিম্নলিখিত বিবরণ থাকিবে, বিশেষতঃ

(১) ঐ সমবায়িত সমাজের সংস্থাপন হওয়ার যে গতিক ও যে ব্যবসায় দ্বারা ঐ সমাজ ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার যোগ্য হন তাহার বর্ণনা।

(২) জাহাজ যে সময়ে যে স্থানে নির্ম্মিত হইয়াছে তাহার বর্ণনা। যদি জাহাজ ভিন্নদেশ নির্ম্মিত এবং তন্নির্ম্মাণের সময় ও স্থান অজ্ঞাত থাকে, তবে জাহাজ ভিন্নদেশ নির্ম্মিত এবং বর্ণনাকারক ব্যক্তি তন্নির্ম্মাণের সময় ও স্থান জানেন না এই বর্ণনা, অপিচ জাহাজ ভিন্নদেশীয় হইলে তাহার ভিন্নদেশীয় নাম, ও কর্ম্মের অযোগ্যতা দোষ নির্ণয় হইলে যে সময়ে যে স্থানে যে আদালতে ঐ দোষ নির্ণয় হয় তাহার বর্ণনা।

(৩) অধ্যক্ষের নাম ও বর্ণনা।

(৪) সেই জাহাজে ঐ সমবায়িত সমাজ যত অংশের স্বামী হন ইহার বর্ণনা।

(৫) তাঁহার জ্ঞাতসারে ও বিশ্বাসমতে কোন অযোগ্য ব্যক্তি কি অযোগ্য লোক সমাজ সেই জাহাজে কি তাহার কোন অংশে আইনসিদ্ধ কি লাভ জন্য কোন সম্পর্কের স্বামী নহেন এই বর্ণনা ইতি।

[Evidence to be produced on registry.]

XXVI. Upon the first registry of a ship, there shall, in addition to the declaration of ownership, be produced the following evidence; (that is to say) :—

(1.) In the case of a British-built ship a certificate (which the builder is hereby required to grant under his hand) containing a true account of the proper denomination and of the tonnage of such ship as estimated by him, and of the time when and of the place where such ship was built, together with the name of the party (if any) on whose account he has built the same, and, if any sale or sales have taken place, the bill or bills of sale under which the ship or share therein has become vested in the person requiring to be registered as owner :

(2.) In the case of a foreign-built ship, the same evidence as in the case of a British-built ship, unless the person requiring to be registered as owner, or in the case of a body corporate, the duly appointed officer, declares that the time or place of her building is unknown, or that the builder's certificate cannot be procured, in which case there shall be required only the bill or bills of sale, under which the ship or share therein became vested in the person requiring to be registered as owner thereof :

(3.) In the case of a ship condemned by any competent Court, an official copy of the condemnation of such ship.

[Penalty on builder for false certificate.]

XXVII. If any builder wilfully makes a false statement in any certificate hereby required to be granted by him, he shall for every such offence incur a penalty not exceeding one thousand Rupees.

[Particulars of entry in register-book.]

XXVIII. As soon as the foregoing requisites to the due registry of a ship have been complied with, the Registrar shall enter in the register-book the following particulars relating to such ship ; (that is to say) :—

(1). The name of the ship and of the port to which she belongs :

(2). The details as to her tonnage, build and description comprised in the certificate hereinbefore directed to be given by the surveyor :

(3). The several particulars as to her origin stated in the declaration or declarations of ownership :

(4). The names and descriptions of her registered owner or owners, and if there is more than one such owner, the proportions in which they are interested in such ship.

[রেজিষ্টরী করিবার সময়ে যে প্রমাণ উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

২৬ ধারা। জাহাজ প্রথমে রেজিষ্টর করিবার সময়ে স্বামিত্বের বর্ণনার অতিরিক্ত নিম্নলিখিত প্রমাণও উপস্থিত করিতে হইবে।

(১) জাহাজ ব্রিটনদেশনির্ম্মিত হইলে নির্ম্মাতাকে এতৎক্রমে আজ্ঞা করা গেল যে তিনি স্বীয় স্বাক্ষরিত সর্টিফিকট দেন, তাহাতে এইং বর্ণনা থাকিবে বিশেষতঃ ঐ জাহাজের উপযুক্ত খ্যাতি এবং তাঁহার অনুমানক্রমে তাহাতে যত টন ধরিবে এবং জাহাজ যে সময়ে ও যে স্থানে নির্ম্মিত হইয়াছিল, ও যদি কোন ব্যক্তির নিমিত্তে নির্ম্মাণ করিয়া থাকেন, তবে সেই ব্যক্তির নাম, এবং যদি কোন সময়ে বিক্রয় হইয়া থাকে, তবে যে ব্যক্তি স্বামিস্বরূপ রেজিষ্টর হইবার প্রার্থনা করেন এক কি অধিক যে বিক্রয় পত্রদ্বারা ঐ জাহাজ কি তাহার কোন অংশ তাঁহার প্রতি বর্ত্তিয়াছে।

(২) যদি জাহাজ ভিন্নদেশে নির্ম্মিত হইয়া থাকে, তবে ব্রিটন দেশের নির্ম্মিত জাহাজের ন্যায় প্রমাণ দিতে হইবে। কিন্তু যে ব্যক্তি স্বামিস্বরূপ রেজিষ্টর হইবার প্রার্থনা করেন তিনি, কিম্বা সমবায়িত সমাজ হইলে তাঁহাদের নিয়মিতরূপে নিযুক্ত কর্ম্মকারক যদি কহেন যে ঐ জাহাজ নির্ম্মাণ করিবার সময় ও স্থান অজ্ঞাত কিম্বা নির্ম্মাতার সর্টিফিকট পাওয়া যাইতে পারে না, তবে যে ব্যক্তি স্বামী বলিয়া রেজিষ্টর হইতে চাহেন এক কি অধিক যে বিক্রয়পত্রদ্বারা ঐ জাহাজ কি তাহার কোন অংশ তাঁহার প্রতি বর্ত্তিয়াছে কেবল সেই বিক্রয় পত্র উপস্থিত করিবার আজ্ঞা হইবে।

(৩) যদি উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতকর্ত্তৃক জাহাজের অযোগ্যতা দোষ নির্ণয় হয়, তবে ঐ জাহাজের দোষ নির্ণয়পত্রের সরকারী প্রতিলিপি উপস্থিত করিতে হইবে ইতি।

[নির্ম্মাতার সর্টিফিকট অসত্য হইলে তাঁহার দণ্ডের কথা।]

২৭ ধারা। এই আইনক্রমে নির্ম্মাতার যে সর্টিফিকট দিবার আজ্ঞা হইয়াছে তিনি যদি সেই সর্টিফিকটে ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা বর্ণনা লেখেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

[রেজিষ্টরী বহীতে যাহা লিখিতব্য তাহার কথা।]

২৮ ধারা। পূর্ব্বোক্ত আজ্ঞানুসারে জাহাজের উপযুক্তরূপে রেজিষ্টর হইবার পূর্ব্ব প্রয়োজনীয় কার্য্য সাধন হইলে ঐ জাহাজসংক্রান্ত নিম্নলিখিত কথা রেজিষ্টরী বহীতে লেখা যাইবে।

(১) জাহাজের নাম ও যে বন্দরের জাহাজ, তাহা।

(২) সরবেয়রকে যে সর্টিফিকট দিবার আজ্ঞা হইয়াছে সেই সর্টিফিকটে জাহাজ যত টনী ও তাহার যে আকৃতি ও রূপ বর্ণিত হইয়াছে তাহা।

(৩) স্বামিত্বসূচক বর্ণনাপত্রে জাহাজের আদ্যবস্থার যে কথা লিখিত হইয়াছে তাহা।

(৪) রেজিষ্টরী স্বামির ও স্বামিদের নাম ও বর্ণনা। যদি একের অধিক স্বামী থাকেন, তবে জাহাজের যে অংশে যাঁহার সম্পর্ক ইতি।

[No notice taken of trusts.]

XXIX. No notice of any trust, express, implied or constructive, shall be entered in the register-book, or receivable by the Registrar; and, subject to any rights and powers appearing by the register-book to be vested in any other party, the registered owner of any ship or share therein shall have power absolutely to dispose, in manner hereinafter mentioned, of such ship or share, and to give effectual receipts for any money paid or advanced by way of consideration.

CHAPTER IV.

Certificate of Registry.

[Certificate of registry to be granted.]

XXX. Upon the completion of the registry of any ship, the Registrar shall grant a certificate of registry in the form marked D in the first Schedule hereto, comprising the following particulars; (that is to say):—

(1). The name of the ship and of the port to which she belongs:

(2). The details as to her tonnage, build and description comprised in the certificate hereinbefore directed to be given by the surveyor:

(3). The name of her master:

(4). The several particulars as to her origin stated in the declaration or declarations of ownership:

(5). The names and descriptions of her registered owner or owners, and if there is more than one such owner, the proportions in which they are respectively interested, indorsed upon such certificate.

[Change of owners to be indorsed on certificate of registry.]

XXXI. Whenever any change takes place in the registered ownership of any ship, then, if such change occurs at a time when the ship is at her port of registry, the master shall forthwith deliver the certificate of registry to the Registrar, and he shall indorse thereon a memorandum of such change; but if such change occurs during the absence of the ship from her port of registry, then, upon her first return to such port, the master shall deliver the certificate of registry to the Registrar, and he shall indorse thereon a like memorandum of the change; or, if she previously arrives at any port where there is a British Registrar, such Registrar shall, upon being advised by the Registrar of her port of registry of the change having taken place, indorse a like memorandum thereof on a certificate of registry, and may for that purpose require the certificate to be delivered to him, so that the ship be not thereby detained; and any master who

[ন্যাসের কোন কথা না লিখিবার কথা।]

২৯ ধারা। স্পষ্ট কি সাঙ্কেতিক কি অর্থগত ন্যাসের কোন কথা রেজিষ্টরী বহীতে লিখিতে হইবে না, ও রেজিষ্ট্রার কর্ত্তৃক গ্রাহ্য হইবে না। রেজিষ্টরী বহীতে অন্য কোন পক্ষের যে অধিকার ও শক্তি প্রকাশ হয় তদবলম্বন করিয়া কোন জাহাজের কি তজ্জাত কোন অংশের স্বামী বলিয়া যে ব্যক্তিকে রেজিষ্টর করা গেল তিনি নিম্নলিখিত প্রকারে ঐ জাহাজ কি ঐ অংশ সম্যকরূপে বিক্রয়াদি করিতে এবং মূল্যার্থে যে টাকা দেওয়া যায় কি অগ্রিম দেওয়া যায় তাহার সার্থক রসীদ দিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

---

৪ অধ্যায়।

রেজিষ্টরীর সর্টিফিকুটের বিধি।

[রেজিষ্টরীর সর্টিফিকট দিবার কথা।]

৩০ ধারা। কোন জাহাজের রেজিষ্টরী কার্য্য সমাপ্ত হইলে রেজিষ্ট্রার সাহেব এই আইনের প্রথম তফসীলের D চিহ্নিত পাঠে রেজিষ্টরীর সর্টিফিকট দিবেন। তাহাতে নিম্নলিখিত বিবরণ থাকিবে।

(১) জাহাজের নাম ও তাহা যে বন্দরের।

(২) সরবেয়রের প্রতি যে সর্টিফিকট দিবার আজ্ঞা হইয়াছে তদনুসারে জাহাজ যত টনী ও তাহার যে আকৃতি ও যে রূপ ইহার বর্ণনা।

(৩) অধ্যক্ষের নাম।

(৪) স্বামিত্বের বর্ণনাপত্রে জাহাজের আদ্যবস্থার যে২ বিবরণ লেখা হইয়াছে তাহা।

(৫) রেজিষ্টরী স্বামির কি স্বামিরদের নাম ও বর্ণনা। যদি দুই কি অধিক জন স্বামী থাকেন, তবে যাঁহার যে অংশে সম্পর্ক থাকে সর্টিফিকটের পৃষ্ঠে তাহা লিখিত হইবে ইতি।

[স্বামী পরিবর্ত্তন হইলে রেজিষ্টরী সর্টিফিকটের পৃষ্ঠে তাহা লিখিবার কথা।]

৩১ ধারা। কোন জাহাজের যে স্বামিত্ব রেজিষ্টর করা গেল যদি তাহার কিছু পরিবর্ত্তন হয়, তবে রেজিষ্টরী হইবার বন্দরে জাহাজের থাকন সময়ে সেই পরিবর্ত্তন হইলে, অধ্যক্ষ রেজিষ্ট্রার সাহেবের নিকটে অগৌণে সেই রেজিষ্টরীর সর্টিফিকট অর্পণ করিবেন, এবং তিনি ঐ সর্টিফিকটের পৃষ্ঠে ঐ পরিবর্ত্তনের মর্ম্মাত্মক কথা লিখিবেন। কিন্তু রেজিষ্টরী হইবার বন্দরে জাহাজের অনুপস্থান কালে যদি পূর্ব্বোক্ত পরিবর্ত্তন করা যায় তবে জাহাজ সেই বন্দরে প্রথমবার প্রত্যাগমন করিলে অধ্যক্ষ রেজিষ্ট্রারকে ঐ রেজিষ্টরীর সর্টিফিকট দিবেন ও তিনি তাহার পৃষ্ঠে ঐ পরিবর্ত্তনের পূর্ব্বোক্ত প্রকার মর্ম্মাত্মক লিপি লিখিবেন। অথবা যে বন্দরে ব্রিটনীয় রেজিষ্ট্রার থাকেন যদি পূর্ব্বে এমত কোন বন্দরে উপস্থিত হয়, তবে যে বন্দরে রেজিষ্টরী হইয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রার সাহেব ঐ পরিবর্ত্তনের কথা উক্ত অন্য রেজিষ্ট্রারকে জ্ঞাত করিলে তিনি রেজিষ্টরীর সর্টিফিকটের পৃষ্ঠে পূর্ব্বোক্ত প্রকারের মর্ম্মাত্মকপত্র লিখিবেন, এবং জাহাজ আটক না থাকে এই কারণে ঐ মর্ম্মাত্মকপত্র লিখিবার জন্যে তাঁহাকে ঐ সর্টিফিকট দেওয়া যায় এই আদেশ

fails to deliver to the Registrar the certificate of registry as hereinbefore required, shall incur a penalty not exceeding one thousand Rupees.

[Change of master to be indorsed on certificate of registry.]

XXXII. Whenever the master of any British registered ship is changed, the following persons,—that is to say, if such change is made in consequence of the sentence of any Naval Court the presiding officer of such Court, but if the change takes place from any other cause, the Registrar,—shall indorse on the certificate of registry a memorandum of such change, and subscribe his name to such indorsement, and forthwith report the change of master to the Local Government; and the officers of Customs at any port situate within British India may refuse to admit any person to do any act at such port as master of any British ship, unless his name is inserted in or indorsed upon the certificate of registry of such ship as the last appointed master thereof.

[Power to grant new certificate.]

XXXIII. The Registrar may, with the sanction of the Local Government, upon the delivery up to him of the former certificate of registry, grant a new certificate in the place of the one so delivered up.

[Provision in case of loss of certificate.]

XXXIV. In the event of the certificate of registry of any ship being mislaid, lost, or destroyed, if such event occurs at any port in British India, the ship being registered in British India, then the Registrar of her port of registry shall grant a new certificate of registry in lieu of, and as a substitute for, her original certificate of registry; but if such event occurs elsewhere, the master or some other person having knowledge of the circumstances shall make a declaration before the Registrar of any port having a British Registrar at which such ship is at the time or first arrives after such mislaying, loss, or destruction; and such declaration shall state the facts of the case, and the names and descriptions of the registered owners of such ship, to the best of the declarant's knowledge and belief and the Registrar shall thereupon grant a provisional certificate as near to the form appointed by this Act as circumstances permit, and shall insert therein a statement of the circumstances under which such provisional certificate is granted.

[Provisional certificate to be delivered up.]

XXXV. Every such provisional certificate shall, within ten days after the first subsequent arrival of the ship at her part of discharge in

করিতে পারিবেন। যদি কোন অধ্যক্ষ পূর্ব্ব লিখিত আদেশমতে রেজিষ্ট্রারকে রেজিষ্টরীর সর্টিফিকট না দেন, তবে তাহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

[রেজিষ্টরী সর্টিফিকটের পৃষ্ঠে অধ্যক্ষ পরিবর্ত্তনের কথা লিখিবার কথা।]

৩২ ধারা। রেজিষ্টরী করা কোন ব্রিটনীয় জাহাজের অধ্যক্ষ পরিবর্ত্তন হইলে, যদি জাহাজ সংক্রান্ত কোন আদালতের আজ্ঞামতে ঐ পরিবর্ত্তন করা যায়, তবে ঐ আদালতের কর্ত্তৃপক্ষ কর্ম্মকারক, ও যদি অন্য কোন কারণে হয় তবে রেজিষ্ট্রার, রেজিষ্টরী সর্টিফিকটের পৃষ্ঠে সেই পরিবর্ত্তনের মর্ম্মাত্মক কথা লিখিয়া আপনি তাহাতে স্বাক্ষর করিয়া স্থানীয় গবর্ণমেণ্টকে অবিলম্বে অধ্যক্ষ পরিবর্ত্তনের কথা জ্ঞাত করিবেন। এবং জাহাজে শেষ নিযুক্ত অধ্যক্ষ বলিয়া যে ব্যক্তির নাম জাহাজের রেজিষ্টরী সর্টিফিকটে কি তাহার পৃষ্ঠে লেখা না থাকে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরের কষ্টমের কার্য্যকারকেরা সেই বন্দরে সেই ব্যক্তিকে ব্রিটনীয় কোন জাহাজের অধ্যক্ষস্বরূপ কোন কর্ম্ম করিবার অনুমতি দিতে অসম্মত হইতে পারিবেন ইতি।

[নূতন সর্টিফিকট দিবার ক্ষমতার কথা।]

৩৩ ধারা। রেজিষ্টরীর পূর্ব্ব সর্টিফিকট রেজিষ্ট্রারকে দেওয়া গেলে তিনি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে ঐ সর্টিফিকটের পরিবর্ত্তে নূতন সর্টিফিকট দিতে পারিবেন ইতি।

[সর্টিফিকট হারাইলে তদ্বিষয়ক বিধান।]

৩৪ ধারা। কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষে রেজিষ্টর করা গেলে যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে থাকিয়া ঐ জাহাজের রেজিষ্টরী সর্টিফিকট অলক্ষিত কোন স্থানে রাখা যায় কি হারাণ কি নষ্ট করা যায়, তবে ঐ জাহাজ যে বন্দরে রেজিষ্টর করা গেল সেই বন্দরের রেজিষ্ট্রার রেজিষ্টরীর মূল সর্টিফিকটের পরিবর্ত্তে ও তৎস্থানে রেজিষ্টরীর নূতন সর্টিফিকট দিবেন। যদি সেই ব্যাপার অন্য কোন স্থানে ঘটে, তবে ব্রিটনীয় রেজিষ্ট্রার যে বন্দরে থাকেন সেই সর্টিফিকট অলক্ষিত হইবার কি হারাণ যাইবার কি নষ্ট হইবার সময়ে জাহাজ এমত বন্দরে থাকিলে কি তৎপরে তদ্রূপ যে বন্দরে প্রথম পঁহুছে ঐ অধ্যক্ষ কিম্বা অন্য যে ব্যক্তি সমুদয় বিষয় অবগত আছেন তিনি সেই বন্দরের রেজিষ্ট্রারের সম্মুখে আবেদন করিবেন। তাহাতে ঐ বিষয়ের সমুদয় বৃত্তান্ত এবং আবেদনকারির জ্ঞান ও বিশ্বাসমতে ঐ জাহাজের রেজিষ্টরী স্বামিদের নাম ও বর্ণনা প্রকাশ করিবেন। এই আইনেতে যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে রেজিষ্ট্রার সাহেব বিষয় বিবেচনায় সেই পাঠানুযায়ি কিয়ৎকালীন সর্টিফিকট দিবেন, এবং যে গতিকক্রমে কিয়ৎকালীন সর্টিফিকট দেওয়া গিয়াছে এই কথাও ঐ সর্টিফিকটে লিখিবেন ইতি।

[কিয়ৎকালীন সর্টিফিকট সমর্পণ করিবার কথা।]

৩৫ ধারা। উক্ত জাহাজ যদি ব্রিটনীয় ভারতবর্ষে রেজিষ্টর হইয়া থাকে তবে ব্রিটনীয় ভারতবর্ষের যে বন্দরহইতে প্রস্থান করিয়াছিল সেই বন্দরে পঁহুছি-

British India, if registered in British India, be delivered up to the Registrar thereof, who shall thereupon grant a new one, as near to the form appointed by this Act as circumstances permit. If the master neglects to deliver up such certificate within such time, he shall incur a penalty not exceeding five hundred rupees.

[Custody of certificate. Delivery of certificate may be required. Penalty for detention.]

XXXVI. The certificate of registry shall be used only for the lawful navigation of the ship, and shall not be subject to detention by reason of any title, lien, charge, or interest whatsoever which any owner, mortgagee, or other person may have or claim to have on or in the ship described in such certificate. If any person whatever, whether interested or not in the ship, refuses on request to deliver up such certificate when in his possession or under his control, to the person for the time being entitled to the custody thereof for the purposes of such lawful navigation as aforesaid, or to any Registrar, officer of Customs, or other person legally entitled to require such delivery, it shall be lawful for any Magistrate by warrant under his hand, or for any Court capable of taking cognizance of such matter, to cause the person so refusing to appear before him and to be examined touching such refusal; and unless it is proved to the satisfaction of such Magistrate or Court that there was reasonable cause for such refusal, the offender shall incur a penalty not exceeding one thousand rupees; but if it is made to appear to such Magistrate or Court that the certificate is lost, the person complained of shall be discharged, and such Magistrate or Court shall thereupon certify that the certificate of registry is lost.

[Mode of proceeding if detaining party abscond.]

XXXVII. If the person charged with such detainer or refusal is proved to have absconded, so that the warrant of the Magistrate or process of the Court cannot be served upon him, or if he persists in his refusal to deliver the certificate, such Magistrate or Court shall certify the fact, and the same proceedings may then be taken as in the case of a certificate of registry mislaid, lost, or destroyed, or as near thereto as circumstances permit.

[Penalty for using improper certificate.]

XXXVIII. If the master or owner of any ship uses or attempts to use for the navigation of

বার দশ দিনের মধ্যে ঐ কিয়ৎকালীন সর্টিফিকট ঐ বন্দরের রেজিষ্ট্রারকে সমর্পণ করা যাইবে। তাঁহাকে এই আইনে যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে তিনি গতিক বিবেচনায় তদনুযায়ি পাঠে নূতন সর্টিফিকট দিবেন। অধ্যক্ষ যদি সেই কালের মধ্যে ঐ সর্টিফিকট না দেন তবে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[সর্টিফিকট রাখিবার কথা এবং সর্টিফিকট সমর্পণ করিবার আজ্ঞা হইতে পারিবার কথা এবং না দিবার দণ্ডের কথা।]

৩৬ ধারা। কেবল আইনসিদ্ধমতে জাহাজ চালান কার্য্যে রেজিস্টরী সর্টিফিকটের ব্যবহার হইবে, এবং ঐ সর্টিফিকটে যে জাহাজ নির্দ্দিষ্ট হইয়াছে কোন স্বামী কি বন্ধকগ্রহীতা কি জাহাজের প্রতি অন্য যে ব্যক্তির কোন স্বত্ব কি অধিকার কি প্রাপ্য কি সম্পর্ক থাকে, কি স্বত্বাদির দাওয়া থাকে সেই ব্যক্তি সেই স্বত্বাদিপ্রযুক্ত ঐ সর্টিফিকট আটক করিয়া রাখিতে পারিবেন না। ঐ সর্টিফিকট যাঁহার নিকটে কি যাঁহার ক্ষমতাধীনে থাকে তাঁহার সেই জাহাজে স্বার্থ সম্পর্ক থাকিলে কি না থাকিলেও যদি তাঁহার প্রতি আদেশ হয় এবং পূর্ব্বোক্ত প্রকারে বৈধমতে জাহাজ চালাওনের জন্যে যিনি যে সময়ে ঐ সর্টিফিকট রাখিবার স্বত্ববান হন তাঁহাকে কিম্বা কোন রেজিষ্ট্রারকে কি কষ্টমের কার্য্যকারককে কিম্বা অন্য যে ব্যক্তি আইনমতে ঐ সর্টিফিকট চাহিয়া লইবার ক্ষমতাপন্ন হন তাঁহাকে যদি সেই ব্যক্তি সর্টিফিকট দিতে স্বীকার না করেন, তবে কোন মাজিষ্ট্রেট সাহেব স্বীয় স্বাক্ষরিত পরওয়ানাক্রমে কিম্বা সেই বিষয়ের বিচার করিবার ক্ষমতাপন্ন কোন আদালত অস্বীকারকারি সেই ব্যক্তিকে আপনার সম্মুখে উপস্থিত করাইয়া সেই অস্বীকার করণ বিষয়ে তাঁহার পরীক্ষা লইতে পারিবেন। এবং সেই অস্বীকার করিবার যুক্তিসিদ্ধ কারণ ছিল যদি ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ না হয়, তবে অপরাধির এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবে। কিন্তু ঐ সর্টিফিকট হারা গিয়াছে ঐ মাজিষ্ট্রেটের কি আদালতের সাক্ষাতে যদি ইহা প্রকাশ করা যায়, তবে অভিযুক্ত ব্যক্তিকে মুক্ত করা যাইবে, এবং রেজিস্টরীর সর্টিফিকট হারা গিয়াছে ঐ মাজিষ্ট্রেট কি আদালত ইহার সর্টিফিকট লিখিয়া দিবেন ইতি।

[যে ব্যক্তি সর্টিফিকট আটক করিয়া রাখেন তিনি পলায়ন করিলে যদ্রূপ করা কর্ত্তব্য তাহার কথা।]

৩৭ ধারা। যে ব্যক্তির নামে তদ্রূপ আটক করিবার কি দিতে অস্বীকার করিবার অভিযোগ হয় তাঁহার পলায়ন প্রযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানা ও আদালতের আজ্ঞাপত্র তাঁহাকে দেওয়া যাইতে পারে নাই যদি ইহার প্রমাণ করা যায় অথবা যদি সেই ব্যক্তি জেদ করিয়া ঐ সর্টিফিকট দিতে অস্বীকার করে, তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব কি আদালত সেই বিষয়ের সর্টিফিকট লিখিয়া দিবেন। তাহা হইলে রেজিস্টরী সর্টিফিকট অলক্ষিত স্থানে থাকিলে কি হারাইলে কি নষ্ট হইলে যদ্রূপ কার্য্য করা যাইতে পারে তদ্রূপে কিম্বা বিষয় বিবেচনায় সাধ্যমতে তদনুযায়ি কার্য্য হইবে ইতি।

[অনুপযুক্ত সর্টিফিকট ব্যবহার করিবার দণ্ডের কথা।]

৩৮ ধারা। যদি কোন জাহাজের অধ্যক্ষ কি স্বামী জাহজ চালাইবার জন্যে কোন রেজিষ্টরী সর্টিফিকট

such ship a certificate of registry not legally granted in respect of such ship, he shall incur a penalty not exceeding one thousand rupees; and it shall be lawful for any commissioned officer on full pay in the Military or Naval Service of Her Majesty, or any Magistrate or British officer of Customs, to seize and detain such ship, and to bring her for adjudication before any Court having Admiralty jurisdiction in British India; and if such Court is of opinion that such use or attempt at use has taken place, it shall pronounce such ship, with her tackle, apparel and furniture, to be forfeited to Her Majesty, and may award such portion of the proceeds arising from the sale of such ship as it may think just to the officer so bringing in the same for adjudication.

[Certificate of ship lost or ceasing to be British to be delivered up.]

XXXIX. If any registered ship is either actually or constructively lost, taken by the enemy, burnt, or broken up, or if by reason of a transfer to any persons not qualified to be owners of British ships, or of any other matter or thing, any such ship as aforesaid ceases to be a British ship, every person who at the time of the occurrence of any of the aforesaid events owns such ship or any share therein shall immediately, upon obtaining knowledge of any such occurrence, if no notice thereof has already been given to the Registrar at the port of registry of such ship, give such notice to him, and he shall make an entry thereof in his register-book. Except in cases where the certificate of registry is lost or destroyed, the master of every ship so circumstanced as aforesaid shall immediately, if such event occurs in port, but if the same occurs elsewhere, then within ten days after his arrival in port, deliver the certificate of registry of such ship to the Registrar; and such Registrar, if he is not himself the Registrar of her port of registry, shall forthwith forward the certificate so delivered to him to the Registrar of the port of registry of the ship. Every owner and master who, without reasonable cause, makes default in obeying the provisions of this section, shall for each offence incur a penalty not exceeding one thousand rupees.

CHAPTER V.

Transfers and Transmissions.

[Transfer of ships or shares therein.]

XL. A registered ship or any share therein, when disposed of to persons qualified to be

ব্যবহার করেন কি করিতে উদ্যোগ করেন, অথচ ঐ সর্টিফিকট আইনমতে ঐ জাহাজের উপলক্ষে দেওয়া যায় নাই, তবে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবে। এবং শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর সৈনিক কি নাবিক কার্য্যসংক্রান্ত সম্পূর্ণ বেতনভোগী ও সনন্দপ্রাপ্ত কোন কার্য্যকারক, কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা কষ্টমের কোন ব্রিটনীয় কার্য্যকারক ঐ জাহাজ ধৃত করণপূর্ব্বক আটক করিয়া, ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে জাহাজসংক্রান্ত মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের সম্মুখে জাহাজ অর্পণ করিতে পারিবেন। যদি সেই আদালত বোধ করেন যে ঐ সর্টিফিকটের তদ্রূপ ব্যবহার হইয়াছে কি হইবার উদ্যোগ হইয়াছে, তবে তিনি সেই জাহাজ ও তাহার রসি কাছি ও তৎসম্পর্কীয় সমুদয় দ্রব্য সামগ্রী শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর নিকট জব্দ প্রকাশ করিবেন, এবং সেই জাহাজ বিক্রয় করিয়া যে কার্য্যকারক ঐ জাহাজের বিচারার্থে তাহা উপস্থিত করেন তাঁহাকে বিক্রয়োৎপন্ন টাকার যে অংশ ন্যায্য বোধ হয় দিবেন ইতি।

[জাহাজ নষ্ট হইলে কি ব্রিটনীয় জাহাজ সংজ্ঞা রহিত হইলে তাহার সর্টিফিকট ফিরিয়া দিবার কথা।]

৩৯ ধারা। যদি রেজিষ্টরী কোন জাহাজ বস্তুতঃ কি অর্থতঃ নষ্ট হয়, কি শত্রু হস্তগত, কি দগ্ধ, কি ভগ্ন হয়, অথবা যাঁহারা ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার অযোগ্য হন যদি তাঁহারদের নিকটে ঐ জাহাজ হস্তান্তর করিয়া দেওয়া যায়, অথবা যদি অন্য কোন কারণে কি হেতুতে পূর্ব্বোক্ত কোন জাহাজ আর ব্রিটনীয় জাহাজ না হয়, তবে ঐ জাহাজ যে বন্দরে রেজিষ্টর হইয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রারকে পূর্ব্বে সংবাদ দওয়া না গেলে পূর্ব্বোক্ত কোন ব্যাপারের কালে যে সকল ব্যক্তি ঐ জাহাজের কি তাহার কোন অংশের স্বামী ছিলেন তাঁহারদের প্রত্যেক জন পূর্ব্বোক্ত ঘটনার সংবাদ প্রাপ্ত হইলেই রেজিষ্ট্রারকে জানাইবেন, ও তিনি রেজিষ্টরী বহীতে সকল কথা লিখিয়া রাখিবেন। যে স্থলে রেজিষ্টরী সর্টিফিকট হারাণ যায় কি নষ্ট করা যায় সেই স্থলভিন্ন যদি পূর্ব্বোক্ত ব্যাপার কোন বন্দরে হইয়া থাকে তবে পূর্ব্বোক্ত অবস্থা প্রাপ্ত জাহাজের অধ্যক্ষ তৎক্ষণাৎ, কিম্বা যদি অন্যত্র হইয়া থাকে তবে বন্দরে পঁহুছিবার পর দশ দিনের মধ্যে, রেজিষ্ট্রারকে ঐ জাহাজের রেজিষ্টরী সর্টিফিকট দিবেন এবং জাহাজ যে বন্দরে রেজিষ্টর হইয়াছিল ঐ রেজিষ্ট্রার যদি সেই বন্দরের রেজিষ্ট্রার না হন তবে যে বন্দরে রেজিষ্টর হইয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকটে ঐ সর্টিফিকট প্রেরণ করিবেন। যুক্তিসিদ্ধ হেতু না থাকিলেও যদি স্বামী ও অধ্যক্ষ এই ধারামতে কর্ম্ম করিতে ক্রটি করেন, তবে প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

---

৫ অধ্যায়।

হস্তান্তর করণের বিধি।

[জাহাজের কি তদ্দাত অংশের হস্তান্তর করণের কথা।]

৪০ ধারা। রেজিষ্টরী জাহাজ কি তদ্দাত কোন অংশ যদি ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার যোগ্য

owners of British ships, shall be transferred by bill of sale; and such bill of sale shall contain such description of the ship as is contained in the certificate of the surveyor, or such other description as may be sufficient to identify the ship to the satisfaction of the Registrar, and shall be according to the form marked E in the first Schedule hereto, or as near thereto as circumstances permit, and shall be executed by the transferer in the presence of and be attested by one or more witnesses.

ব্যক্তিদিগকে বিক্রয় করা যায়, তবে বিক্রয় পত্রদ্বারা হস্তান্তর করা যাইবে। ঐ জাহাজের যে বর্ণনা সরবেয়রের সর্টিফিকটে লিখিত হইয়াছে বিক্রয় পত্রে সেই বর্ণনা থাকিবে। অথবা রেজিষ্ট্রার সাহেবের হৃদবোধ মতে অন্য যে বর্ণনক্রমে জাহাজ নির্ণয় হইতে পারে সেই বর্ণনা থাকিবে এবং তাহা এই আইনের প্রথম তফসীলের E চিহ্নিত পাঠানুসারে, কিম্বা বিষয় বিবেচনায় যত দূর হইতে পারে তত দূর সেই পাঠানুসারে লেখা যাইবে। পরে হস্তান্তর কর্ত্তা এক কি অধিক সাক্ষিদের সাক্ষাতে তাহাতে স্বাক্ষর করিবেন এবং সেই সাক্ষিরা সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিবেন ইতি।

[Declaration to be made by transferree.]

XLI. No individual shall be entitled to be registered as transferree of a ship or any share therein, until he has made a declaration in the form marked F in the first Schedule hereto, stating his qualification to be registered as owner of a share in a British ship, and containing a denial similar to the denial hereinbefore required to be contained in a declaration of ownership by an original owner. No body corporate shall be entitled to be registered as transferee of a ship or any share therein, until the Secretary, or other duly appointed public officer of such body corporate, has made a declaration in the form marked G in the first Schedule hereto, stating the name of such body corporate, and such circumstances of its constitution and business as may prove it to be qualified to own a British ship, and containing a denial similar to the denial hereinbefore required, to be contained in a declaration of ownership made on behalf of a body corporate. In the case of an individual, the above declaration shall be made, if he reside within five miles of the Custom House of the port of registry, in the presence of the Registrar; but if beyond that distance, in the presence of any Registrar or of any Magistrate. In the case of a body corporate, the declaration shall be made in the presence of the Registrar of the port of registry.

[গ্রহীতার প্রতিজ্ঞার কথা।]

৪১ ধারা। এই আইনের প্রথম তফসীলের F চিহ্নিত পাঠের প্রতিজ্ঞা না করিলে কোন ব্যক্তি জাহাজের কি তদ্দাত কোন অংশের গ্রহীতা স্বরূপ রেজিষ্টরী হইবার যোগ্য হইবেন না। সেই পত্রে তিনি ব্রিটনীয় জাহাজের অংশের স্বামিস্বরূপে রেজিষ্টরী হওনার্থে আপনার যোগ্যতা জানাইবেন, এবং আইনের পুর্ব্ব ভাগে প্রথম স্বামির স্বামিত্বের জ্ঞাপকপত্রে যে কথা অপহ্নব করিবার আদেশ হইল উক্ত প্রতিজ্ঞাপত্রেও সেই অপহ্নবসূচক কথার তুল্য কথা থাকিবে। সমবায়িত সমাজের সেক্রেটারী কিম্বা ঐ সমাজের অন্য যে প্রকাশ্য কর্ম্মকারক নিয়মিত রূপে নিযুক্ত হন তিনি এই আইনের প্রথম তফসীলের G চিহ্নিত পাঠে প্রতিজ্ঞা না করিলে সেই সমাজ জাহাজের কি তদ্দাত কোন অংশের গ্রহীতাস্বরূপ রেজিষ্টরী হইবার যোগ্য হইবেন না। সেই প্রতিজ্ঞাপত্রে ঐ সমবায়িত সমাজের নাম এবং সমাজের সংস্থাপন ও ব্যবসায়ঘটিত যে গতিকক্রমে ঐ সমাজ ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার যোগ্য প্রমাণ হয় সেই কথা লিখিতে হইবে। এবং এই আইনের পূর্ব্বভাগে সমবায়িত সমাজের পক্ষে স্বামিত্বের যে প্রতিজ্ঞা করা যায় তাহাতে অপহ্নবসূচক যে কথা লিখিবার আজ্ঞা হইয়াছে ঐ প্রতিজ্ঞাপত্রেও তত্তুল্য কথা থাকিবে। যদি সাধারণ ব্যক্তি সেই প্রতিজ্ঞা করেন, তবে তিনি রেজিষ্টরী করিবার বন্দরের কষ্টম হৌসহইতে পাঁচ মাইলের মধ্যে বাস করিলে রেজিষ্ট্রারের সাক্ষাতে ঐ প্রতিজ্ঞা করিবেন। যদি পাঁচ মাইলের অধিক দূরে বাস করেন তবে কোন রেজিষ্ট্রার কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে করিবেন। সমবায়িত সমাজ হইলে রেজিষ্টরী বন্দরে রেজিষ্ট্রার সাহেবের সাক্ষাতে ঐ প্রতিজ্ঞা করিতে হইবে ইতি।

[Registration of transfer.]

XLII. Every bill of sale for the transfer of any registered ship or of any share therein, when duly executed, shall be produced to the Registrar of the port at which the ship is registered, together with the declaration hereinbefore required to be made by a transferree. The Registrar shall thereupon enter in the register-book the name of the transferree as owner of the ship or share comprised in such bill of sale, and shall indorse on the bill of sale the fact of such entry having been made, with the date and hour thereof. All bills of sale of any ship or shares in a

[হস্তান্তর পত্রের রেজিষ্টরী করণের কথা।

৪২ ধারা। রেজিষ্টরী জাহাজ কি তদ্দাত কোন অংশ হস্তান্তর করিবার বিক্রয়পত্র নিয়মিতরূপে সম্পাদন করা গেলে, জাহাজ যে বন্দরে রেজিষ্টর করা গেল সেই বন্দরের রেজিষ্ট্রার সাহেবের নিকটে উপস্থিত করিতে হইবে। ইহার পূর্ব্বে গ্রহীতার যে প্রতিজ্ঞা করিবার আজ্ঞা হইয়াছে তাহাও ঐ বিক্রয়পত্রের সঙ্গে দিতে হইবে। পরে রেজিষ্ট্রার সাহেব রেজিষ্টরী বহীতে ঐ বিক্রয়পত্রের লিখিত জাহাজের কি অংশের স্বামী বলিয়া ঐ গ্রহীতার নাম লিখিবেন। এবং তিনি সেই কথা লিখিয়াছেন এই কথা ও তাহা লিখিবার তারিখ ও ঘণ্টা ঐ বিক্রয়পত্রের পৃষ্ঠে লিখিবেন। কোন জাহাজের কি জাহাজ গত কোন অংশের বিক্রয়পত্র

ship shall be entered in the register-book in the order of their production to the Registrar.

[Transmission of shares by death, insolvency, or marriage.]

XLIII. If the property in any ship or in any share therein becomes transmitted in consequence of the death or insolvency of any registered owner, or in consequence of the marriage of any femal registered owner, or by any lawful means other than by a transfer according to the provisions of this Act, such transmission shall be authenticated by a declaration of the person to whom such property has been transmitted, made in the form marked H in the first Schedule hereto, and containing the several statements hereinbefore required to be contained in the declaration of a transferree, or as near thereto as circumstances permit, and in addition, a statement describing the manner in which and the person to whom such property has been transmitted. Such declaration shall be made and subscribed, if the declarant resides at or within five miles of the Custom House of the port of registry, in the presence, of the Registrar, but if beyond that distance, in the presence of any Registrar or of any Magistrate.

[Proof of transmission by insolvency, marriage, will, or on intestacy.]

XLIV. If such transmission has taken place by virtue of the insolvency of any registered owner, the said declaration shall be accompanied by such evidence as may for the time being be receivable in Courts of Justice as proof of the title of persons claiming under any insolvency; and if such transmission has taken place by virtue of the marriage of a female owner, the said declaration shall be accompanied by a copy of the register of such marriage or other legal evidence of the celebration thereof, and shall declare the identity of the said female owner; and if such transmission has taken place by virtue of any testamentary instrument or by intestacy, then by the will or any copy thereof that may be evidence by the laws of British India, or by letters of administration or any copy thereof, or by such other document as may by the laws of British India be receivable in the Courts of Judicature thereof as proof of the person entitled upon an intestacy.

[Registration of transmitted share.]

XLV. The Registrar, upon the receipt of such declaration so accompanied as aforesaid, shall enter the name of the person or persons entitled under such transmission in the register-book as owner or owners of the ship or share therein in respect of which such transmission has taken place. Such

রেজিষ্ট্রার সাহেবের নিকটে যে ক্রমে উপস্থিত করা যায়, সেই ক্রমে রেজিষ্টরী বহীতে লেখা যাইবে ইতি।

[মৃত্যু কি যোত্রহীনতা কি বিবাহ দ্বারা অংশ বর্ত্তি-বার কথা।]

৪৩ ধারা। কোন রেজিষ্টরী স্বামী মরিলে কি যোত্রহীন হইলে, কিম্বা কোন স্ত্রী রেজিষ্টরী স্বামিনী হইয়া বিবাহ করিলে, কিম্বা এই আইনের বিধানানুসারে হস্তান্তর করণভিন্ন যদি বৈধমতে অন্য কার্য্য দ্বারা কোন জাহাজের কি তদ্দাত কোন অংশের স্বামিত্ব অন্যের হস্তগত হয়, তবে ঐ স্বামিত্ব যাহার হস্তগত হইয়াছে তাহার প্রতিজ্ঞা দ্বারা ঐ সম্পত্তি প্রাপণ দৃঢ়ীকৃত হইবে। সেই প্রতিজ্ঞা এই আইনের প্রথম তফসীলের H. চিহ্নিত পাঠে করা যাইবে। এবং যে ব্যক্তি হস্তান্তরক্রমে গ্রহীতা হন পূর্ব্বভাগে তাঁহার প্রতিজ্ঞাপত্রে যে২ বর্ণনা লিখিবার আদেশ হইয়াছে ঐ প্রতিজ্ঞাপত্রে সেইং বর্ণনা অথবা বিষয় বিশেষে তত্তুল্য বর্ণনা লিখিতে হইবে। তদতিরিক্ত ঐ সম্পত্তি যে প্রকারে যাঁহার হস্তগত হইয়াছে এই কথাও বর্ণিত থাকিবে। প্রতিজ্ঞাকারি ব্যক্তি রেজিষ্টরী হইবার বন্দরের কষ্টম হৌসে কি তাহাহইতে পাঁচ মাইলের মধ্যে বাস করিলে রেজিষ্ট্রার সাহেবের সাক্ষাতে, কিম্বা অধিক দূরে বাস করিলে কোন রেজিষ্ট্রারের কিম্বা কোন মাজিষ্ট্রেটের সাক্ষাতে ঐ প্রতিজ্ঞা করা যাইবে ও তাহাতে স্বাক্ষর করা যাইবে ইতি।

[যোত্রহীনতা কি বিবাহ কি উইলদ্বারা কি উইল না লিখিয়া মরণপ্রযুক্ত হস্তগত হওয়ার প্রমাণের কথা।]

৪৪ ধারা। যদি কোন রেজিষ্টরী স্বামির যোত্রহীনতাপ্রযুক্ত ঐ সম্পত্তি অন্যের হস্তগত হইয়া থাকে তবে কোন ব্যক্তির যোত্রহীনতা হেতুক অন্য ব্যক্তির দাওয়া করিলে বিচার আদালতে যৎকালে স্বত্ব প্রমাণে যে সাক্ষ্য গ্রাহ্য হয় ঐ ব্যক্তির ঐ প্রতিজ্ঞাপত্র সহিত সেই সাক্ষ্য দিতে হইবে। যদি স্বামিনীর বিবাহ বলে ঐ সম্পত্তি অন্যের প্রতি বর্ত্তে তবে ঐ প্রতিজ্ঞাপত্র সহিত ঐ বিবাহের রেজিষ্টরের প্রতিলিপি অথবা সেই বিবাহ সম্পাদন হইবার আইনসিদ্ধ অন্য প্রমাণ দিতে হইবে, এবং সেই ব্যক্তি যে উক্ত স্বামিনী বটেন ইহা ব্যক্ত হইবে। যদি কোন উইলের বলে কিম্বা উইল না লিখিয়া মরণপ্রযুক্ত ঐ সম্পত্তি কোন ব্যক্তির প্রতি বর্ত্তে, তবে ঐ প্রতিজ্ঞাপত্র সহিত ঐ উইল কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের আইন মতে তাহার যে প্রতিলিপি সাক্ষ্য স্বরূপে গ্রাহ্য হইতে পারে সেই প্রতিলিপি, কিম্বা দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র কি তাহার কোন প্রতিলিপি দিতে হইবে কিম্বা উইল না লিখিয়া মরণপ্রযুক্ত যে ব্যক্তির স্বত্ব জন্মে ব্রিটনীয় ভারতবর্ষের আইনমতে তাঁহার সেই স্বত্বের প্রমাণে অন্য যে লেখ্য বিচার আদালতে গ্রাহ্য হইতে পারে, তাহা দিতে হইবে ইতি।

[বর্ত্তিত অংশের রেজিষ্টরী করিবার কথা।]

৪৫ ধারা। রেজিষ্ট্রার সাহেব পূর্ব্বোক্ত পত্রাদি সহিত উক্ত প্রকারের প্রতিজ্ঞাপত্র প্রাপ্ত হইলে পর যে ব্যক্তি কি ব্যক্তিরা উক্ত প্রকারে সম্পত্তি বর্ত্তানদ্বারা স্বামী হন, তাঁহার কি তাঁহাদের প্রতি যে জাহাজ কি তদ্দাত যে অংশ বর্ত্তে রেজিষ্ট্রার সাহেব তাহার স্বামী বলিয়া রেজিষ্টরী বহীতে তাঁহার কি তাঁহাদের নাম

persons, if more than one, shall, however numerous, be considered as one person only as regards the rule hereinbefore contained relating to the number of persons entitled to be registered as owners.

[Registrar to retain certain evidence.]

XLVI. Of the documents hereby required to be produced to the Registrar, he shall retain in his possession the following; that is to say, the surveyor's certificate, the builder's certificate, the copy of the condemnation, and all declarations of ownership.

[Unqualified owner entitled by transmission may apply to Court for sale of ship.]

XLVII. Whenever any property in a ship or share in a ship becomes vested by transmission, on the death of any owner or on the marriage of any female owner, in any person not qualified to be owner of British ships, it shall be lawful, if such ship is registered, for any High Court, upon an application made on its original side by or on behalf of such unqualified person, to order a sale to be made of the property so transmitted, and to direct the proceeds of such sale, after deducting the expenses thereof, to be paid to the person entitled under such transmission, or otherwise as the Court may direct; and it shall be in the discretion of any such Court as aforesaid to make or refuse any such order for sale, and to annex thereto any terms or conditions, and to require any evidence in support of such application it may think fit, and generally to act in the premises in such manner as the justice of the case requires.

[Order to be made by Court.]

XLVIII. Every order for a sale made by such Court as aforesaid, shall contain a declaration vesting the right to transfer the ship or share so to be sold in some person or persons named by the Court, and such nominee or nominees shall thereupon be entitled to transfer such ship or share in the same manner and to the same extent as if he or they were the registered owner or owners of the same. Every Registrar shall obey the requisition of such nominee or nominees as aforesaid, in respect of any transfer to the same extent as he would be compellable to obey the requisition of any registered owner or owners of such ship or share.

[Limit of time for application.]

XLIX. Every such application as aforesaid for sale shall be made within four weeks after the occurrence of the event on which such transmission has taken place, or within such further time as such Court as aforesaid may allow; such time

লিখিবেন। জাহাজের স্বামী বলিয়া যত জনের নাম রেজিষ্টর হইতে পারিবে তাহাদের সংখ্যার বিষয়ে যে বিধি পূর্ব্বে লেখা গিয়াছে তদুপলক্ষে যে ব্যক্তিরা উক্ত প্রকারে স্বামী হন তাঁহাদের যত সংখ্যা হউক তাঁহারা একি ব্যক্তি জ্ঞান হইবেন ইতি।

[রেজিষ্ট্রারের কোন২ প্রমাণ রাখিবার কথা।]

৪৬ ধারা। পূর্ব্বোক্ত আজ্ঞামতে রেজিষ্ট্রার সাহেবের নিকটে যে সকল দলীল উপস্থিত করা যায় তন্মধ্যে তিনি এইং দলীল রাখিবেন, অর্থাৎ সরবেয়রের সর্টিফিকট ও জাহাজ নির্ম্মাতার সর্টিফিকট ও দোষ নির্ণয়পত্রের প্রতিলিপি, এবং স্বামিত্বের সকল প্রতিজ্ঞাপত্র ইতি।

[অযোগ্য ব্যক্তির প্রতি স্বামিত্ব বর্ত্তিলে আদালতের নিকট জাহাজ বিক্রয় করিবার প্রার্থনা হইতে পারিবার কথা।]

৪৭ ধারা। কোন স্বামির মৃত্যু কি স্বামিনীর বিবাহ দ্বারা জাহাজের কি তদ্গত অংশের প্রতি যে ব্যক্তির কোন স্বামিত্ব বর্ত্তে, তিনি যদি ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার যোগ্য না হন, তবে জাহাজ রেজিষ্টরী হইলে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন কোন হাই কোর্টের নিকটে সেই অযোগ্য ব্যক্তি দ্বারা কি তাঁহার পক্ষে প্রার্থনা করা গেলে হাই কোর্ট এই আজ্ঞা করিতে পারিবেন, যে তদ্রূপ হস্তগত সম্পত্তি বিক্রয় করা যায়, এবং বিক্রয়ের খরচ বাদ দিয়া যত টাকা উদ্বর্ত্ত থাকে তাহা সেই বর্ত্তানের বলে যে ব্যক্তি স্বত্ত্ববান হন তাঁহাকে দেওয়া যাইবে, কিম্বা আদালত অন্য যেরূপ আজ্ঞা করেন তদ্রূপ কার্য্য হইবে, এবং পূর্ব্বোক্ত প্রকারের কোন আদালত স্বেচ্ছামতে বিক্রয়ের তদ্রূপ কোন আজ্ঞা করিতে কি অপহ্নব করিতে পারিবেন, ও তদ্ঘটিত কোন বিধান কি নিয়ম করিতে পারিবেন। এবং উচিত বোধ করিলে ঐ প্রার্থনার প্রতিপোষণার্থে কোন প্রমাণ দিবার আজ্ঞা করিতে পারিবেন এবং মোকদ্দমার যথার্থ বিচারের নিমিত্তে যে কার্য্যের প্রয়োজন হয় প্রথম স্থলে তাহাই সাধারণমতে করিতে পারিবেন ইতি।

[কোর্ট যে আজ্ঞা করেন তদ্বিষয়ের কথা।]

৪৮ ধারা। পূর্ব্বোক্ত কোর্টদ্বারা বিক্রয় করিবার যে আজ্ঞা করা যায় তাহাতে প্রতিজ্ঞাপত্র থাকিবে। সেই পত্রের বলে ঐ বিক্রেয় জাহাজ কি তাহার অংশ হস্তান্তর করিবার স্বত্ব আদালতের নামাভিহিত কোন ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি বর্ত্তিবে। এবং সেই নামাভিহিত ব্যক্তি কি ব্যক্তিরা ঐ জাহাজের কি তদংশের রেজিষ্টরী স্বামী হইলে তাহা যে প্রকারে ও যেপর্য্যন্ত হস্তান্তর করিতে স্বত্ত্ববান হইতেন সেই পর্য্যন্ত স্বত্ত্ববান হইবেন। তদ্রূপ জাহাজের কি তদংশের কোন রেজিষ্টরী স্বামী কি স্বামিরা হস্তান্তর সংক্রান্ত কোন আজ্ঞা করিলে রেজিষ্ট্রার যত দূর সেই কর্ম্ম করিতে বাধিত হইতেন, পূর্ব্বোক্ত নামাভিহিত ব্যক্তির কি ব্যক্তিদের আজ্ঞামতেও তাঁহার সেই প্রকারে তত দূর কর্ম্ম করিতে হইবে ইতি।

[প্রার্থনা করিবার সময় নির্ণয়ের কথা।]

৪৯ ধারা। যে ব্যাপারদ্বারা ঐ সম্পত্তি অন্যের প্রতি বর্ত্তে সেই ব্যাপারের পর চারি সপ্তাহের মধ্যে কিম্বা পূর্ব্বোক্ত আদালত অধিক যে সময় দেন তাহার মধ্যে পূর্ব্বোক্ত প্রার্থনা করিতে হইবে, কিন্তু পূর্ব্বোক্ত ব্যাপারের তারিখ অবধি এক বৎসরের

not in any case to exceed the space of one year from the date of such occurrence as aforesaid. In the event of no such application being made within such period as aforesaid, or of such court refusing to accede thereto, the ship or share so transmitted shall thereupon be forfeited in manner hereinafter directed with respect to interests acquired by unqualified owners in ships using a British flag and assuming the British character.

[Power of Court to prohibit transfers.]

L. It shall be lawful for any High Court, without prejudice to the exercise of any other power such Court may possess, upon the summary application of any interested person made either by petition or otherwise, and either *ex-parte* or upon service of notice on any other person, as the Court may direct, to issue an order prohibiting for a time to be named in such order any dealing with such ship or share. It shall be in the discretion of such Court to make or refuse any such order, and to annex thereto any terms or conditions it may think fit and to discharge such order when granted with or without costs, and generally to act in the premises in such manner as the justice of the case requires. Every Registrar, without being made a party to the proceedings, upon being served with such order or an official copy thereof, shall obey the same.

অধিক কালে কখন হইবে না। যদি সেই কালের মধ্যে ঐ প্রার্থনা না করা যায়, কিম্বা করা গেলেও যদি কোর্ট তাহা গ্রাহ্য না করেন, তবে যে জাহাজে ব্রিটনীয় ধ্বজা উত্তোলন হয় ও যে জাহাজ ব্রিটনীয় ভাব গ্রহণ করে অযোগ্য স্বামিরা সেই জাহাজে স্বত্ব প্রাপ্ত হইলে তৎসম্পর্কে পশ্চাৎ যে বিধি হইল, সেই বিধিমতে পূর্ব্বোক্ত হস্তগত জাহাজ কি তদংশ জব্দ হইবে ইতি।

[হস্তান্তর করিবার নিষেধ করিতে কোর্টের ক্ষমতার কথা।]

৫০ ধারা। স্বার্থপ্রাপ্ত কোন ব্যক্তি দরখাস্ত করিয়া কি অন্য প্রকারে সরাসরীরূপে প্রার্থনা করিলে, কোন হাই কোর্ট সেই এক পক্ষের প্রার্থনাক্রমে, কিম্বা অন্য কোন ব্যক্তিকে সম্বাদ দিবার আজ্ঞা করিলে, সেই ব্যক্তিকে সম্বাদ দেওয়াইয়া আজ্ঞা করিতে পারিবেন যে ঐ আজ্ঞাপত্রের লিখিত সময়ের মধ্যে ঐ জাহাজ কি ঐ অংশ লইয়া কোন কার্য্য না হয়। ইহা করিলেও উক্ত কোর্টের অন্য যে ক্ষমতা থাকে তাহার কিছুমাত্র হানি হইবে না। ঐ কোর্ট স্বীয় বিবেচনামতে তদ্রূপ কোন আজ্ঞা করিতে কি নাই করিতে পারিবেন, এবং তৎসক্রান্ত যে নিয়ম কি বিধান বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন, এবং সেই আজ্ঞা দেওয়া গেলে খরচা সহিত কি তদ্ভিন্ন তাহা স্থগিত করিতে পারিবেন এবং যথার্থ বিচার হওনার্থে যদ্রূপ করা কর্ত্তব্য, প্রথম স্থলীয় বিষয়ে সাধারণমতে তদ্রূপ করিতে পারিবেন। রেজিষ্ট্রারকে সেই মোকদ্দমার এক পক্ষ না করা গেলেও তাঁহাকে তদ্রূপ আজ্ঞা কি তাহার সরকারী প্রতিলিপি অর্পণ করা গেলে তিনি তদনুসারে কার্য্য করিবেন ইতি।

Chapter VI.

Mortgages.

[Mortgage of ships and shares therein.]

LI. A registered ship or any share therein may be made a security for a loan or other valuable consideration; and the instrument creating such security, hereinafter termed a "mortgage," shall be in the form marked I in the first Schedule hereto, or as near thereto as circumstances permit; and on the production of such instrument, the Registrar of the port at which the ship is registered shall record the same in the register-book.

[Mortgages to be registered in order of time of production.]

LII. Every such mortgage shall be recorded by the Registrar in the order of time in which the same is produced to him for that purpose; and the Registrar shall, by memorandum under his hand, notify in the instrument of mortgage that the same has been recorded by him, stating the date and hour of such record.

[Entry of discharge of mortgage.]

LIII. Whenever any registered mortgage has been discharged, the Registrar shall, on the production of the mortgage deed with a receipt for the mortgage money indorsed thereon, duly

৬ অধ্যায়।

বন্ধকের বিধি।

[জাহাজ ও তজ্জাত অংশের বন্ধকের কথা।]

৫১ ধারা। রেজিষ্টরী জাহাজ কিম্বা তজ্জাত কোন অংশ ঋণের কি অন্য মূল্যবান দির্শনের প্রতিভূ হইতে পারে। এবং যে লেখা দ্বারা সেই প্রাতিভাব্য সৃষ্ট হয় তাহা এই আইনে বন্ধক নামে ব্যক্ত হইয়াছে তাহা প্রথম তপশীলের I চিহ্নিত পাঠে কিম্বা গতিক বিবেচনায় তত্তুল্য পাঠে লেখা যাইবে। এবং সেই লিপি উপস্থিত করা গেলে জাহাজ যে বন্দরে রেজিষ্টর করা যায় সেই বন্দরের রেজিষ্ট্রার রেজিষ্টরী বহীতে তাহা লিখিয়া রাখিবেন ইতি।

[বন্ধকী পত্র যে সময়ে উপস্থিত করা যায় তদনুক্রমে রেজিষ্টর হইবার কথা।]

৫২ ধারা। তদ্রূপ প্রত্যেক বন্ধকীপত্র রেজিষ্টর হইবার জন্যে যে সময়ে রেজিষ্ট্রার সাহেবের নিকটে আনা যায় সেই সময় ক্রমে তিনি বহীতে তাহা লিখিয়া রাখিবেন। এবং রেজিষ্ট্রার সাহেব তাহা বহীতে লিখিয়া রাখিয়াছেন এই মর্ম্মাত্মক কথা এবং যে তারিখে ও যে ঘন্টায় লিখিলেন তাহা বন্ধকী পত্রেতে লিখিয়া সেই লিপিতে স্বাক্ষর করিবেন ইতি।

[বন্ধক মুক্ত হওনের কথা লিখিবার কথা।]

৫৩ ধারা। যে বন্ধক রেজিষ্টরী করা গেল তাহা যখন মুক্ত করা যায়, তখন সেই বন্ধকীপত্র ও তাহার পৃষ্ঠে বন্ধকের টাকা প্রাপ্ত হওয়ার রসীদ উপযুক্তমতে স্বাক্ষরিত এবং সাক্ষিদ্বারা স্বাক্ষরিত হইয়া রেজিষ্ট্রার সাহে-

signed and attested, make an entry in the register-book to the effect that such mortgage has been discharged; and upon such entry being made, the estate, if any, which passed to the mortgagee shall vest in the same person or persons in whom the same would, having regard to intervening acts and circumstances, if any, have vested if no such mortgage had ever been made.

[Priority of mortgages.]

LIV. If there is no more than one mortgage registered of the same ship or share therein, the mortgagees shall, notwithstanding any express, implied or constructive notice, be entitled in priority one over the other according to the date at which each instrument is recorded in the register-books, and not according to the date of each instrument itself.

[Mortgagee not to be deemed owner.]

LV. A mortgagee shall not, by reason of his mortgage, be deemed to be the owner of a ship or any share therein, nor shall the mortgagor be deemed to have ceased to be owner of such mortgaged ship or share, except in so far as may be necessary for making such ship or share available as a security for the mortgage debt.

Explanation.—A mortgagee of a ship has power under this Section to use as well as sell the ship.

[Mortgagee to have power of sale.]

LVI. Every registered mortgagee shall have power absolutely to dispose of the ship or share in respect of which he is registered, and to give effectual receipts for the purchase money; but if there are more persons than one registered as mortgagees of the same ship or share, no subsequent mortgagee shall, except under the order of some Court capable of taking cognizance of such matters, sell such ship or share without the concurrence of every prior mortgagee.

[Rights of mortgagee not affected by any act of insolvency of mortgagor.]

LVII. No registered mortgage of any ship or of any share therein shall be affected by any act of insolvency committed by the mortgagor after the date of the record of such mortgage, notwithstanding such mortgagor at the time of his becoming insolvent may have in his possession and disposition and be reputed owner of such ship or share thereof; and such mortgage shall be preferred to any right, claim, or interest in such ship or any share thereof which may belong to the assignees of such insolvent.

[Transfer of mortgages.]

LVIII. A registered mortgage of any ship or share in a ship may be transferred to any person,

রের নিকটে উপস্থিত করা গেলে তিনি রেজিষ্টরী বহীতে সেই বন্ধক মুক্ত হইবার কথা লিখিবেন। তাহা হইলে যদি বন্ধক গ্রহীতার প্রতি কোন সম্পত্তি বর্ত্তিয়া থাকে তবে বন্ধকীপত্র না করা গেলে সম্পত্তি যে ব্যক্তির কি যে ব্যক্তিদের প্রতি বর্ত্তিত ঐ বন্ধক মুক্ত হওয়ার কথা রেজিষ্টরী করা গেলে পর মধ্যকালে যে ক্রিয়া করা গেল ও যে গতিক হইয়াছে তাহা প্রবল মানিয়া সম্পত্তি সেই ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি পুনরায় বর্ত্তিবে ইতি।

[বন্ধকের অগ্রগণ্যতার কথা।]

৫৪ ধারা। যদি একি জাহাজের কি তদ্গত অংশের দুই কি তদধিক বন্ধকীপত্র রেজিষ্টর করা যায়, তবে কোন স্পষ্ট কি ভাবত কি অর্থতঃ যে বিজ্ঞাপন থাকুক, প্রত্যেক বন্ধকীপত্র রেজিষ্টরী বহীতে যে তারিখে লেখা যায় সেই তারিখঅনুসারে বন্ধক গ্রহীতাদের এক অপেক্ষা অন্যের অগ্রগণ্যতা হইবে বন্ধকীপত্রের তারিখঅনুসারে অগ্রগণ্যতা হইবে না ইতি।

[বন্ধক গ্রহীতার স্বামী জ্ঞান না হইবার কথা।]

৫৫ ধারা। বন্ধক গ্রহীতা সেই বন্ধক প্রযুক্ত জাহাজের কি তদ্গত কোন অংশের স্বামী জ্ঞান হইবেন না। এবং বন্ধকী ঋণের জন্যে ঐ জাহাজ কি তদ্গত অংশ প্রাতিভাব্য করণার্থে যে পর্য্যন্ত আবশ্যক হয় কেবল সেই পর্য্যন্ত বন্ধকদাতার স্বামিত্ব রহিত হইবে নতুবা বন্ধকী জাহাজে কি তদংশে তাঁহার স্বামিত্ব রহিত হইল এমত জ্ঞান হইবে না ইতি।

ইহার অর্থ। জাহাজবন্ধকগ্রহীতা এই ধারমতে জাহাজের ব্যবহার করিতে এবং বিক্রয় করিতেও সক্ষম।

[বন্ধক গ্রহীতার বিক্রয় করিবার ক্ষমতার কথা।]

৫৬ ধারা। রেজিষ্টরী করা প্রত্যেক বন্ধকগ্রহীতাকে যে জাহাজের কি তদ্গত যে অংশের উপলক্ষে রেজিষ্টর করা যায় তিনি সম্যক প্রকারে সেই জাহাজ কি সেই অংশ বিক্রয় করিতে এবং ক্রয়ের টাকার যথোপযুক্ত রসীদ দিতে সক্ষম হন। কিন্তু যদি দুই কি তদধিক ব্যক্তিকে একি জাহাজের কি তদংশের বন্ধকগ্রহীতাস্বরূপ রেজিষ্টর করা যায়, তবে পশ্চাৎ যে ব্যক্তি বন্ধক গ্রহীতা হন তিনি সেই বিষয়ের বিচার করিবার সক্ষম কোন আদালতের আজ্ঞা না পাইলে পূর্ব্ব গ্রহীতাদের প্রত্যেক জনের সম্মতিভিন্ন ঐ জাহাজ কি তদংশ বিক্রয় করিতে পারিবেন না ইতি।

[বন্ধকদাতা যোত্রহীন হইলে বন্ধকগ্রহীতার স্বত্বের হানি না হইবার কথা।]

৫৭ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের বন্ধক রেজিষ্টরী হইবার তারিখের পর যদি বন্ধকদাতা যোত্রহীন হন এবং তাঁহার যোত্রহীন হওয়ার সময়ে সেই জাহাজ কি তদংশ যদিও তাঁহার অধিকার ও কর্তৃত্বাধীনে থাকে ও তিনি তাহার স্বামী বলিয়া বিখ্যাত হন তথাপি সেই জাহাজের কি তদ্গত উক্ত অংশের যে বন্ধকীপত্র রেজিষ্টর করা গেল তাহার কিছুমাত্র হানি হইবে না এবং সেই জাহাজে কি তদংশে ঐ যোত্রহীনের আসাইনিদের যে কোন স্বত্ব কি দাওয়া কি সম্পর্ক থাকে তদপেক্ষা ঐ বন্ধকীপত্র অগ্রগণ্য হইবে ইতি।

[বন্ধকীপত্র হস্তান্তর করিবার কথা।]

৫৮ ধারা। কোন জাহাজের কি জাহাজগত কোন অংশের রেজিষ্টরী বন্ধকীপত্র হস্তান্তর করিয়া কোন

and the instrument creating such transfer shall be in the form marked K in the first Schedule hereto, and on the production of such instrument, the Registrar shall enter in the register-book the name of the transferree as mortgagee of the ship or shares therein mentioned, and shall, by memorandum under his hand, record on the instrument of transfer that the same has been recorded by him, stating the date and hour of such record.

[Transmission of interest of mortgagee by death, insolvency, or marriage.]

LIX. If the interest of any mortgagee in any ship or in any share therein becomes transmitted in consequence of the death or insolvency, or in consequence of the marriage of any female mortgagee, or by any lawful means other than by a transfer according to the provisions of this Act, such transmission shall be authenticated by a declaration of the person to whom such interest has been transmitted, made in the form marked L in the first Schedule hereto, and containing a statement describing the manner in which and the party to whom such property has been transmitted. Such declaration shall be made and subscribed, if the declarant resides at or within five miles of the Custom House of the Port of registry, in the presence of the Registrar, but if beyond that distance, in the presence of any Registrar or of any Magistrate, and shall be accompanied by such evidence as is hereinbefore required to authenticate a corresponding transmission of property from one registered owner to another.

[Entry of transmitted mortgage.]

LX. The Registrar, upon the receipt of such declaration and the production of such evidence as aforesaid, shall enter the name of the person or persons entitled under such transmission in the register-book as mortgagee or mortgagees of the ship or share in respect of which such transmission has taken place.

CHAPTER VII.

Certificates of Mortgage and Sale.

[Powers of mortgage and sale may be conferred by certificate.]

LXI. Any registered owner, if desirous of disposing by way of mortgage or sale of the ship or share in respect of which he is registered, at any place out of the territories in which the Port of registry of such ship is situate, may apply to the Registrar, who shall thereupon enable him to do so by granting such certificates as are hereinafter mentioned, to be called respectively certificates of mortgage or certificates of sale, according as they

ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে। যে লিপিদ্বারা সেই হস্তান্তর করা যায় তাহা এই আইনের প্রথম তফসীলের K চিহ্নিত পাঠে লিখিতে হইবে। এবং সেই লিপি উপস্থিত করা গেলে বন্ধকীপত্র যাহার নিকটে হস্তান্তর করা যায় রেজিষ্ট্রার সাহেব ঐ বন্ধকীপত্রের লিখিত জাহাজের কি তদ্দাত অংশের বন্ধকগ্রহীতা স্বরূপ তাঁহার নাম রেজিষ্টরী বহীতে লিখিবেন এবং তিনি সেই কথা লিখিয়াছেন এই কথা ও যে তারিখে ও যে ঘণ্টায় লিখিলেন তাহা তিনি স্মরণার্থ লিপিস্বরূপ ঐ হস্তান্তর করণপত্রের পৃষ্ঠে লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

[মৃত্যু কি যোত্রহীনতা কি বিবাহদ্বারা অন্যের প্রতি বন্ধকগ্রহীতার সম্পার্ক বর্ত্তিবার কথা।]

৫৯ ধারা। বন্ধকগ্রহীতা মরিলে কি যোত্রহীন হইলে কিম্বা কোন স্ত্রীলোক বন্ধকগ্রহীতা হইয়া বিবাহ করিলে কিম্বা এই আইনের বিধানানুসারে হস্তান্তর করণ ভিন্ন যদি বৈধমত অন্য কোন প্রকারে কোন জাহাজে কি তদ্দাত কোন অংশে বন্ধকগ্রহীতার সম্পার্ক অন্যের হস্তগত করা যায় তবে ঐ সম্পার্ক যে ব্যক্তির হস্তগত হইয়াছে তিনি এই আইনের প্রথম তফসীলের L চিহ্নিত পাঠে প্রতিজ্ঞাপত্র লিখিয়া তাহা দৃঢ়ীভূত করিবেন। ঐসম্পাত্তি যে প্রকারে যে ব্যক্তির প্রতি বর্ত্তিয়াছে এই কথা ঐ প্রতিজ্ঞাপত্রে বর্ণিত হইবে। প্রতিজ্ঞাকারি ব্যক্তি যদি রেজিষ্টরী বন্দরের কষ্টম হৌসে কি তথাহইতে পাঁচ মাইলের মধ্যে বাস করেন, তবে রেজিষ্ট্রারের সম্মুখে ঐ প্রতিজ্ঞাপত্র করা যাইবে ও তাহাতে স্বাক্ষর করা যাইবে। যদি অধিক দূরে বাস করেন তবে কোন রেজিষ্ট্রারের কি কোন মাজিষ্ট্রেটের সম্মুখে তাহা করা যাইতে পারিবে এবং রেজিষ্টরী এক স্বামীহইতে অন্য স্বামিতে সম্পাত্তির তদ্রূপে বর্ত্তিবার কথা পূর্ব্ব বিধানমতে যে সাক্ষ্যদ্বারা দৃঢ়ীভূত করিতে হয় তদ্রূপ সাক্ষ্যদ্বারা দৃঢ়ীভূত হইবে ইতি।

[অন্যের হস্তগত বন্ধকীপত্র লিখিবার কথা।]

৬০ ধারা। রেজিষ্ট্রার সাহেব সেই প্রতিজ্ঞাপত্র প্রাপ্ত হইলে এবং তাঁহাকে পূর্ব্বোক্ত প্রকারের প্রমাণ দেওয়া গেলে যে জাহাজ কি তদ্দাত যে অংশ উক্ত প্রকারে হস্তগত হইয়াছে, তদুপলক্ষে যে ব্যক্তি কি ব্যক্তিরা সেই হস্তান্তরদ্বারা ঐ জাহাজের কি তাহার অংশের বন্ধকগ্রহীতা বলিয়া স্বত্ববান হন, রেজিষ্ট্রার রেজিষ্টরী বহীতে তাঁহাদের নাম লিখিবেন ইতি।

---

৭ অধ্যায়।

বন্ধকের ও বিক্রয়ের সর্টিফিকটের বিধি।

[সর্টিফিকটদ্বারা বন্ধক ও বিক্রয় করিবার ক্ষমতা প্রদানের কথা।]

৬১ ধারা। কোন রেজিষ্টরী স্বামী যে জাহাজের কি তাহার যে অংশের উপলক্ষে রেজিষ্টরী হইয়াছে সেই জাহাজের রেজিষ্টরী বন্দর যে দেশে থাকে যদি সেই দেশের বহির্ভূত কোন স্থানে, বন্ধক কি বিক্রয় ক্রমে হস্তান্তর করিতে চাহেন, তবে রেজিষ্ট্রার সাহেবের নিকটে প্রার্থনা করিবেন। তিনি তাঁহাকে নিম্নলিখিত সর্টিফিকট দিলে স্বামী তাহা বিক্রয়াদি করিতে পারিবেন। যদি বন্ধক রাখিবার ক্ষমতা দেওয়া যায়, তবে ঐ সর্টিফিকটের নাম বন্ধকের সর্টিফিকট,

purport to give a power to mortgage or a power to sell.

[Requisites for certificates of mortgage and sale.]

LXII. Previously to any certificate of mortgage or sale being granted, the applicant shall state to the Registrar, to be by him entered in the register-book, the following particulars; (that is to say) :—

(1). The names of the persons by whom the power mentioned in such certificate is to be exercised, and, in the case of a mortgage, the maximum amount of charge to be credited, if it is intended to fix any such maximum, and in the case of a sale, the minimum price at which a sale is to be made, if it is intended to fix any such minimum:

(2). The specific place or places where such power is to be exercised, or if no place be specified, then that it may be exercised anywhere, subject to the provisions hereinafter contained:

(3). The limit of time within which such power may be exercised.

[Restrictions on certificates of mortgage and sale.]

LXIII. No certificate of mortgage or sale shall be granted so as to authorize any mortgage or sale to be made at any place within British India if the port of registry of the ship be situate in British India; or by any person not named in the certificate.

[Forms of certificates of mortgage and sale.]

LXIV. Certificates of mortgage and sale shall be in the forms marked respectively M and N in the first Schedule hereto, and shall contain a statement of the several particulars hereinbefore directed to be entered in the register-book, and addition thereto an enumeration of any registered mortgages or certificates of mortgage or sale affecting the ships or shares in respect of which such certificates are given.

[Rules as to certificates of mortgage.]

LXV. The following Rules shall be observed as to certificates of mortgage; (that is to say) :—

(1). The power shall be exercised in conformity with the directions contained in the certificate:

(2). A record of every mortgage made thereunder shall be endorsed thereon by a Registrar:

(3). No mortgage *bonâ fide* made thereunder shall be impeached by reason of the person by whom the power was given dying before the making of such mortgage:

(4). Whenever the certificate contains a specification of the place or places at which, and a

যদি বিক্রয় করিবার ক্ষমতা দেওয়া যায় তবে বিক্রয়ের সর্টিফিকট নাম হইবে ইতি।

[বন্ধকের ও বিক্রয়ের সর্টিফিকট দিবার পূর্ব্বে যাহ প্রয়োজনীয় তাহার কথা।]

৬২ ধারা। বন্ধকের কি বিক্রয়ের কোন সর্টিফিকট দত্ত হইবার পূর্ব্বে প্রার্থক রেজিষ্ট্রার সাহেবকে নিম্ন লিখিত কথা জ্ঞাত করিবেন। তিনি সেই কথা রেজিষ্টরী বহীতে লিখিবেন বিশেষত:

(১) ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট ক্ষমতানুসারে যে ব্যক্তিরা কর্ম্ম করিবেন তাঁহাদের নাম। বন্ধক দেওয়া গেলে খরচের যত টাকা জমা করিতে হইবে যদি তাহার ঊর্দ্ধ সংখ্যা নিরূপণের অভিপ্রায় থাকে, তবে সেই ঊর্দ্ধ সংখ্যা এবং বিক্রয় করিতে হইলে যদি ন্যূন মূল্য নিরূপণের অভিপ্রায় থাকে, তবে সেই ন্যূন মূল্য।

(২) অবধারিত যে স্থানে কি যেং স্থানে সেই ক্ষমতাক্রমে কার্য্য করা যাইবে তাহা। স্থান নির্দ্দিষ্ট না হইলে নিম্নলিখিত বিধানমতে সেই ক্ষমতানুসারে যে সে স্থানে কার্য্য করা যাইতে পারিবে।

(৩) যত কাল সেই ক্ষমতামতে কার্য্য করা যাইতে পারিবে ইতি।

[বন্ধক ও বিক্রয়ের সংশিতপত্র যে সীমার মধ্যে প্রবল হইবে তাহার কথা।]

৬৩ ধারা। জাহাজ যে বন্দরে রেজিষ্টরী হইয়াছে তাহা যদি ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে থাকে, তবে বন্ধক কি বিক্রয়ের সর্টিফিকটদ্বারা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন্ স্থানে অথবা সর্টিফিকটে যাঁহার নাম লেখা নাই তাঁহার দ্বারা বন্ধক কি বিক্রয় হইবার ক্ষমতার্পণ হইবে না ইতি।

[বন্ধক ও বিক্রয়ের সর্টিফিকটের পাঠের কথা।]

৬৪ ধারা। বন্ধকের ও বিক্রয়ের সর্টিফিকট এই আইনের প্রথম তফসীলের M ও N চিহ্নিত পাঠে লিখিতে হইবে। এবং ইহার পূর্ব্বভাগে রেজিষ্টরী বহীতে যে সকল বিবরণ লিখিবার আজ্ঞা হইয়াছে তাহা তাহাতে লেখা যাইবে। তদতিরিক্ত যে জাহাজের কি তদ্দাত যে অংশের উপলক্ষে ঐ সর্টিফিকট দেওয়া যায় তাহার যদি অন্য রেজিষ্টরী বন্ধকপত্র কি বন্ধকের কি বিক্রয়ের সর্টিফিকট হইয়া থাকে তবে তাহা নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

[বন্ধকী সর্টিফিকটের বিধি।]

৬৫ ধারা। বন্ধকের সর্টিফিকট সম্পর্কে নিম্নলিখিত বিধি মানিতে হইবে।

(১) সর্টিফিকটের লিখিত আদেশানুসারে উক্ত ক্ষমতাক্রমে কার্য্য করিতে হইবে।

(২) তদনুসারে যে বন্ধক দেওয়া যায় তাহার প্রত্যেক লিপির পৃষ্ঠে রেজিষ্ট্রার সাহেব স্বাক্ষর করিবেন।

(৩) যে ব্যক্তি কর্ত্তৃক উক্ত ক্ষমতা দেওয়া গেল তিনি ঐ বন্ধক সম্পান্ন হইবার পূর্ব্বে মরিলেও তৎক্রমে প্রকৃত প্রস্তাবে যে বন্ধক হইয়াছে তাহা তাঁহার মরণপ্রযুক্ত দূষিত হইবে না।

(৪) যে স্থানের মধ্যে এবং বারো মাসের অনধিক যে সময়ের মধ্যে উক্ত ক্ষমতাক্রমে কার্য্য করা

limit of time not exceeding twelve months within which the power is to be exercised, no mortgage *bonâ fide* made to a mortgagee without notice shall be impeached by reason of the insolvency of the person by whom the power was given :

(5). Every mortgage which is so registered as aforesaid on the certificate shall have priority over all mortgages of the same ship or share, created subsequently to the date of the entry of the certificate in the register-book ; and if there be more mortgages than one so indorsed, the respective mortgagees claiming thereunder shall, notwithstanding any express, implied or constructive notice, be entitled one before the other according to the date at which a record of each instrument is indorsed on the certificate, and not according to the date of the instrument creating the mortgage :

(6). Subject to the foregoing rules, every mortgagee whose mortgage is registered on the certificate shall have the same rights and powers and be subject to the same liabilities, as he would have had and been subject to if his mortgage had been registered in the register-book instead of on the certificate :

(7). The discharge of any mortgage so registered on the certificate may be indorsed thereon by any Registrar, upon the production of such evidence as is hereby required to be produced to the Registrar on the entry of the discharge of a mortgage in the register-book, and upon such indorsement being made, the estate, if any, which passed to the mortgagee shall vest in the same person or persons in whom the same would, having regard to intervening acts and circumstances, if any, have vested if no such mortgage had been made :

(8). Upon the delivery of any certificate of mortgage to the Registrar by whom it was granted he shall, after recording in the register-book in such manner as to preserve its priority, any unsatisfied mortgage registered thereon, cancel such certificate, and enter the fact of such cancellation in the register-book ; and every certificate so cancelled shall be void to all intents.

[Rules as to certificates of sale.]

LXVI. The following Rules shall be observed as to certificates of sale ; (that is to say) :—

(1). No such certificate shall be granted except for the sale of an entire ship :

(2). The power shall be exercised in conformity with the directions contained in the certificate :

(3). No sale *bonâ fide* made to a purchaser for valuable consideration shall be impeached by

যাইতে পারিবে এমত স্থান ও সময় যদি সর্টিফিকটের মধ্যে নির্দ্দিষ্ট থাকে, তবে সংবাদ দেওয়া না গেলেও বন্ধকগ্রহীতাকে প্রকৃতপ্রস্তাবে যে বন্ধক দেওয়া যায় যিনি ঐ ক্ষমতা প্রদান করিয়াছিলেন তাঁহার যোত্র-হীনতা প্রযুক্ত ঐ বন্ধক দূষিত হইবে না।

৫। পূর্ব্বোক্তমতে যে বন্ধক সর্টিফিকটের রেজিষ্টরী করা যায় রেজিষ্টরী বহীতে ঐ সর্টিফিকট লেখা যাইবার তারিখের পর ঐ জাহাজের কি তদ্গত অংশের যে সকল বন্ধকীপত্র করা যায় তাহা অগ্রগণ্য হইবে না। যদি দুই কি তদধিক বন্ধকীপত্রের তদ্রূপে পৃষ্ঠলিপি হয়, তবে স্পষ্টতঃ কি ভাবতঃ কি অর্থতঃ যে জ্ঞাপনী থাকুক তদনুসারে যে বন্ধক-গ্রহীতাগণ দাওয়া করেন ঐ২ দলীলের লিপি যে তারিখে সর্টিফিকটের পৃষ্ঠে লেখা যায় তাঁহারা সেই তারিখ অনুসারে অগ্রগণ্য হইবার স্বত্ববান হইবেন, বন্ধকী-পত্রের তারিখঅনুসারে নহে।

(৬) পূর্ব্বোক্ত বিধি অবলম্বন করিয়া যে বন্ধক-গ্রহীতার বন্ধক সর্টিফিকটে রেজিস্টর করা যায়, তাহা সর্টিফিকটে রেজিস্টর না হইযা রেজিষ্টরী বহীতে রেজিস্টর করা গেলে উক্ত গ্রহীতার যে স্বত্ব ও ক্ষমতা থাকিত ও তাঁহার প্রতি যে দায় বর্ত্তিত, সর্টিফিকটে রেজিস্টর হওয়াতে তাঁহার সেই স্বত্ব ও ক্ষমতা হইবে ও তাঁহার প্রতি সেই দায় বর্ত্তিবে।

(৭) সর্টিফিকটে যে বন্ধকের রেজিস্টর করা যায় তাহা মুক্ত করা গেলে রেজিস্টরী বহীতে লিখিত বন্ধকের মুক্তির কথা লিখিবার সময়ে এই আইনমতে রেজিষ্ট্রার সাহেবের নিকটে যে প্রমাণ উপস্থিত করিতে হইবে তাহা উপস্থিত করা গেলে, কোন রেজিষ্ট্রার সাহেব বন্ধক মুক্ত হওয়ার কথা সর্টি-ফিকটের পৃষ্ঠে লিখিতে পারিবেন। তাহা লেখা গেলে পর বন্ধকগ্রহীতার প্রতি যে সম্পত্তি বর্ত্তিয়াছিল মধ্য কালের ক্রিয়া ও গতিক লক্ষ করিয়া বন্ধকী কার্য্য না হইলে সেই সম্পত্তি যাঁহার কি যাঁহাদের হইত, তাঁহার কি তাঁহাদেরই হইয়া থাকিবে।

(৮) যে রেজিষ্ট্রার সাহেব বন্ধকের সর্টিফিকট দেন তাঁহাকে সেই সর্টিফিকট ফিরিয়া দেওয়া গেলে, তিনি ঐ বন্ধকের অগ্রগণ্যতা রক্ষা করিয়া অন্য যে বন্ধক মুক্ত না হইয়া রেজিষ্টর হইয়াছে তাহা রেজিস্টরীতে লিখিয়া ঐ সর্টিফিকট রহিত করিবেন। এবং রেজিস্টরী বহীতে সেই রহিত করা কথা লিখিবেন এবং যে প্রত্যেক সর্টিফিকট তদ্রূপে রহিত করা যায় তাহা সর্ব্বতোভাবে বলহীন হইবে ইতি।

[বিক্রয়ের সর্টিফিকটের বিধি।]

৬৬ ধারা। বিক্রয়ের সর্টিফিকট সম্পর্কে এই২ বিধি মানিতে হইবে।

(১) কেবল সম্পূর্ণ জাহাজ বিক্রয়ের নিমিত্তে উক্ত প্রকারের সর্টিফিকট দেওয়া যাইবে।

(২) সর্টিফিকটে যে২ আদেশ হইয়াছে তদনুসারে সেই ক্ষমতাক্রমে কার্য্য হইবে।

(৩) যুক্তিসিদ্ধ মূল্যের নিমিত্তে ক্রেতার নিকটে প্রকৃত প্রস্তাবে বিক্রয় করা গেলে পর যে ব্যক্তি বিক্র-

reason of the person by whom the power was given dying before the making of such sale :

(4). Whenever the certificate contains a specification of the place or places at which, and a limit of time not exceeding twelve months within which, the power is to be exercised, no sale *bonâ fide* made to a purchaser for valuable consideration without notice shall be impeached by reason of the insolvency of the person by whom the power was given :

(5). Any transfer made to a person qualified to be the owner of British ships shall be by bill of sale in the form hereinbefore mentioned, or as near thereto as circumstances permit :

(6). If the ship is sold to a person qualified to hold British ships, the ship shall be registered anew ; but notice of all mortgages enumerated on the certificate of sale shall be entered in the register-book :

(7). Previously to such registry anew, there shall be produced to the Registrar required to make the same the bill of sale by which the ship is transferred, the certificate of sale and the certificate of registry of such ship :

(8). Such last-mentioned Registrar shall retain the certificates of sale and registry, and after having endorsed on both of such instruments an entry of the fact of a sale having taken place, shall forward the said certificates to the Registrar of the port appearing on such certificates to be the former port of registry of the ship, and such last-mentioned Registrar shall thereupon make a memorandum of the sale in his register-book and the registry of the ship in such book shall be considered as closed, except as far as relates to any unsatisfied mortgages or existing certificates of mortgage entered therein :

(9). On such registry anew, the description of the ship contained in her original certificate of registry may be transferred to the new register-book, without her being re-surveyed, and the declaration to be made by the purchaser shall be the same as would be required to be made by an ordinary transferree :

(10). If the ship is sold to a person not qualified to be the owner of a British ship, the bill of sale by which the ship is transferred, the certificate of sale and the certificate of registry shall be produced to some Registrar, who shall retain the certificates of sale and registry, and, having endorsed thereon the fact of such ship having been sold to persons not qualified to be owners of British ships, shall forward such certificates to the Registrar of the port appearing on the certificate of registry to be the port of registry of

য়ের ক্ষমতা দিলেন বিক্রয়ের পূর্ব্বে তাঁহার মরণ হই লেও তৎপ্রযুক্ত ঐ বিক্রয় দূষিত হইবে না।

(৪) যে স্থানেং কি যেং স্থানে এবং বারো মাসের অনধিক যে সময়ের মধ্যে উক্ত ক্ষমতাক্রমে কার্য্য করা যাইবে তাহা যদি সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকে, তবে সংবাদ না দিয়াও উপযুক্ত মূল্যের নিমিত্তে ক্রেতার নিকটে প্রকৃত প্রস্তাবে যে বিক্রয় করা যায়, যিনি ক্ষমতা দিলেন তাঁহার যোত্রহীনতা প্রযুক্ত ঐ বিক্রয় দূষিত হইবে না।

(৫) ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার যোগ্য কোন ব্যক্তির প্রতি যে হস্তান্তর করা যায় পূর্ব্বে লিখিত পাঠানুযায়ি কিম্বা গতিক বিশেষে সাধ্যমতে সেই পাঠ অনুযায়ি বিক্রয়পত্র দ্বারা ঐ হস্তান্তর করা যাইবে।

(৬) যে ব্যক্তি ব্রিটনীয় জাহাজের অধিকারী হইবার সক্ষম হন যদি ঐ জাহাজ তাঁহার নিকটে বিক্রয় করা যায়, তবে জাহাজ নূতন রেজিষ্টর করা যাইবে। কিন্তু বিক্রয়ের সর্টিফিকটে যে সকল বন্ধকের কথা অঙ্কক্রমে লেখা যায় তাহাও রেজিষ্টরী বহীতে লেখা যাইবে।

(৭) তদ্রূপ নূতন রেজিষ্টরী হইবার পূর্ব্বে যে রেজিষ্ট্রার সাহেবের দ্বারা রেজিষ্টর করিবার আদেশ হয় তাঁহাকে ঐ জাহাজ হস্তান্তর করিবার বিক্রয়পত্র ও বিক্রয়ের সর্টিফিকট এবং ঐ জাহাজের রেজিষ্টরীর সর্টিফিকট দেখাইতে হইবে।

(৮) শেষোক্ত রেজিষ্ট্রার ঐ বিক্রয়ের ও রেজিষ্টরীর সর্টিফিকট রাখিবেন ও সেই দুই লিপির পৃষ্ঠে ঐ বিক্রয় হইবার কথা লিখিয়া, পূর্ব্বে জাহাজের রেজিষ্টর হইবার বন্দর বলিয়া যে বন্দরের নাম সর্টিফিকটে থাকে তিনি সেই বন্দরের রেজিষ্ট্রার সাহেবের নিকট উক্ত সর্টিফিকট পাঠাইবেন। শেষোক্ত রেজিষ্ট্রার সাহেব আপনার রেজিষ্টরী বহীতে ঐ বিক্রয়ের মর্ম্মাত্মক লিপি লিখিবেন এবং সেই বহীতে ঐ জাহাজের রেজিষ্টরী বদ্ধ হইয়াছে জ্ঞান হইবে। কিন্তু সেই বহীতে লিখিত যে সকল বন্ধক তৎকালে প্রবল থাকে কি বন্ধকের যে সর্টিফিকট বর্ত্তমান থাকে তৎসম্পর্কে ঐ রেজিষ্টরী বহী বদ্ধ জ্ঞান হইবে না।

(৯) উক্ত প্রকারে নূতন রেজিষ্টরী হইলে রেজিষ্টরীর প্রথম সর্টিফিকটে জাহাজের যে বর্ণনা লিখিত ছিল, তাহার পুনরায় অবস্থানুসন্ধান না করিয়া সেই বিবরণ নূতন রেজিষ্টরী বহীতে লেখা যাইতে পারিবে এবং যে ব্যক্তি সামান্যতঃ হস্তান্তরক্রমে প্রাপ্ত হন তিনি যে প্রতিজ্ঞা করিতেন, ক্রেতার কেবল সেই প্রতিজ্ঞা করিতে হইবে।

(১০) যে ব্যক্তি ব্রিটনীয় জাহাজের অধিকারী হইবার যোগ্য নহেন জাহাজ যদি তাহার নিকটে বিক্রয় করা যায়, তবে জাহাজ যে বিক্রয়পত্রদ্বারা হস্তান্তর করা গেল তাহা এবং বিক্রয়ের সর্টিফিকট এবং রেজিষ্টরী সর্টিফিকট কোন রেজিষ্ট্রার সাহেবকে দেখাইতে হইবে। তিনি ঐ বিক্রয়ের ও রেজিষ্টরীর সর্টিফিকট রাখিবেন, এবং ব্রিটনীয় জাহাজের অধিকারী হইবার অযোগ্য ব্যক্তিদিগকে ঐ জাহাজ বিক্রয় হইল, ঐ দুই লিপির পৃষ্ঠে এই কথা লিখিয়া রেজিষ্টরীর সর্টিফিকটে জাহাজের রেজিষ্টরী হইবার বন্দর বলিয়া যে বন্দরের নাম দৃষ্ট হয় তিনি সেই

such ship; and such last-mentioned Registrar shall thereupon make a memorandum of the sale in his register-book, and the registry of the ship in such book shall be considered as closed, except so far as relates to any unsatisfied mortgages or existing certificates of mortgage entered therein:

বন্দরের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ঐ সর্টিফিকট পাঠাইবেন। শেষোক্ত রেজিষ্ট্রার সাহেব আপনার রেজিষ্টরী বহীতে ঐ বিক্রয়ের মর্ম্মাত্মক লিপি লিখিবেন এবং সেই বহীতে ঐ জাহাজের রেজিষ্টরী কার্য্য বন্ধ হইবে। কিন্তু তাহাতে বলবৎ যে বন্ধক কি বন্ধকের যে বর্ত্তমান সর্টিফিকট লেখা থাকে তৎপক্ষে সেই বহী প্রবল থাকিবে।

(11). If upon a sale being made to an unqualified person default is made in the production of such certificates as are mentioned in the last rule, such unqualified person shall be considered by British law as having acquired no title to or interest in the ship; and further, the party upon whose application such certificate was granted, and the persons exercising the power, shall each incur a penalty not exceeding one thousand rupees:

(১১) অযোগ্য ব্যক্তির নিকটে বিক্রয় করা গেলে যদি পূর্ব্ব বিধির লিখিত সর্টিফিকট উপস্থিত না করা যায়, তবে ব্রিটনীয় আইনঅনুসারে সেই অযোগ্য ব্যক্তি সেই জাহাজে কোন স্বত্ব কি সম্পর্ক প্রাপ্ত হন নাই জ্ঞান হইবে। এবং যে ব্যক্তির প্রার্থনামতে পূর্ব্বোক্ত সর্টিফিকট দেওয়া যায় ও যে ব্যক্তি ঐ ক্ষমতামতে কর্ম্ম করেন তাঁহাদের প্রত্যেক জনের এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবে।

(12). If no sale is made in conformity with the certificate of sale, such certificate shall be delivered to the Registrar by whom the same was granted; and such Registrar shall thereupon cancel it, and enter the fact of such cancellation in the register-book; and every certificate so cancelled shall be void to all intents.

(১২) যদি বিক্রয়ের সর্টিফিকট অনুক্রমে বিক্রয় না হয়, তবে যে রেজিষ্ট্রার সাহেব ঐ সর্টিফিকট দিয়াছিলেন তাঁহাকে তাহা ফিরিয়া দেওয়া যাইবে। তাহা হইলে সেই রেজিষ্ট্রার ঐ সর্টিফিকট নিরস্ত করিয়া সেই নিরস্তির কথা রেজিষ্টরী বহীতে লিখিবেন ও যে প্রত্যেক সর্টিফিকট তদ্রূপে নিরস্ত করা যায় তাহা সর্ব্বতোভাবে বলহীন হইবে ইতি।

[Power of Local Government in case of loss of certificate of mortgage or sale.]

LXVII. Upon proof at any time to the satisfaction of the Local Government that any certificate of mortgage or sale is lost or so obliterated as to be useless, and that the powers thereby given have never been exercised, or if they have been exercised, then, upon proof of the several matters and things that have been done thereunder, it shall be lawful for the Registrar, with the sanction of the said Local Government, as circumstances may require, either to issue a new certificate, or to direct such entries to be made in the register-book, or such other matter or thing to be done as might have been made or done if no such loss or obliteration had taken place.

[বন্ধকী কি বিক্রয়পত্রের সর্টিফিকট হারাণ গেলে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

৬৭ ধারা। বন্ধকের কি বিক্রয়ের কোন সর্টিফিকট হারাইয়াছে কিম্বা অক্ষর উঠিয়া যাওয়াতে অকর্ম্মণ্য হইয়াছে ও তদ্দ্বারা যে ক্ষমতা দত্ত হইয়াছিল তদনুসারে কখন কার্য্য হয় নাই যদি কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের হৃদ্বোধমতে এই২ বিষয়ের প্রমাণ করা যায় অথবা সেই ক্ষমতানুসারে কার্য্য হইলে তদনুসারে যে সকল বিষয় ব্যাপার করা গিয়াছে যদি তাহার প্রমাণ করা যায়, তবে রেজিষ্ট্রার সাহেব উক্ত স্থানীয় গবর্ণমেণ্টের অনুমত্যনুসারে গতিক বিবেচনায় নূতন সর্টিফিকট দিবেন অথবা পূর্ব্বোক্তমতে হারাণ না গেলে কি অক্ষর উঠিয়া না গেলে রেজিষ্টরী বহীতে যে২ কথা লেখা যাইতে পারিত তাহা লেখাইতে অথবা অন্য যে কার্য্য করা যাইতে পারিত তাহা করাইতে পারিবেন ইতি।

[Revocation of certificates of mortgage or sale.]

LXVIII. The registered owner for the time being of any ship or share therein in respect of which a certificate of mortgage or sale has been granted, specifying the place or places where the power thereby given is to be exercised, may, by an instrument under his hand made in the form O in the first Schedule hereto, or as near thereto as circumstances permit, authorize the Registrar by whom such certificate was granted, to give notice to the Registrar or Registrars at such place or places, that such certificate is revoked; and notice shall be given accordingly; and all Registrars receiving such notice shall record the same, and shall exhibit the same to all persons who may apply to them for the purpose

[বন্ধকের কি বিক্রয়ের সর্টিফিকট নিবর্ত্তনের কথা।]

৬৮ ধারা। কোন জাহাজ কি তদ্গত কোন অংশ সংক্রান্ত বন্ধকের কি বিক্রয়ের সর্টিফিকটক্রমে যে ক্ষমতা প্রদান হইয়াছে তদনুসারে যে স্থানে কি যে২ স্থানে কার্য্য হইতে পারিবে ইহা নির্দ্দেশ করিয়া পূর্ব্বোক্ত সর্টিফিকট দেওয়া গেলে, যিনি যে সময়ে সেই জাহাজের কি অংশের রেজিষ্টরী স্বামী হন তিনি এই আইনের প্রথম তফসীলের O চিহ্নিত পাঠের কিম্বা গতিক বিবেচনায় তদনুযায়ি পাঠের লিপিতে স্বাক্ষর করিয়া ঐ সর্টিফিকট যে রেজিষ্ট্রার কর্ত্তৃক দত্ত হইয়াছিল, তাঁহাকে উক্ত এক কি অধিক স্থানের রেজিষ্ট্রারকে কি রেজিষ্ট্রারদিগকে ঐ সর্টিফিকট নিবর্ত্ত হওনের কথা জানাইতে অনুমতি দিতে পারিবেন, তদনুসারে সম্বাদ দেওয়া যাইবে। এবং যে সকল রেজিষ্ট্রার ঐ সম্বাদ প্রাপ্ত হন তাঁহারা তাহা রিকার্ড করিবেন এবং যদি কোন ব্যক্তি বন্ধকের কি

of affecting or obtaining a mortgage or transfer under the said certificate of mortgage or sale; and after such notice has been so recorded the said certificate shall, so far as concerns any mortgage or sale to be thereafter made at such place, be deemed to be revoked and of no effect. Every Registrar recording any such notice shall thereupon state to the Registrar by whom the certificate was granted, whether any previous exercise of the power to which such certificate refers has taken place.

[Equities not excluded by this Act.]

LXIX. The expression "beneficial interest," whenever used in this Part, includes interests arising under contract and other equitable interests; and the intention of this Act is that, without prejudice to the provisions herein contained for preventing notice of trusts from being entered in the register-book or received by the Registrar, and without prejudice to the powers of disposition and of giving receipts hereby conferred on registered owners and mortgagee and without prejudice to the provisions herein contained relating to the exclusion of unqualified persons from the ownership of British ships, equities may be enforced against owners and mortgagees of ships in respect of their interest therein, in the same manner as equities may be enforced against them in respect of any other moveable property.

CHAPTER VIII.

Registry anew, and Transfer of Registry.

[Alteration in ship to be registered.]

LXX. Whenever any registered ship is so altered as not to correspond with the particulars relating to her tonnage or description contained in the register-book, then, if such alteration is made at a port where there is a Registrar, the Registrar of such port, but if made elsewhere, the Registrar of the first port having a Registrar at which the ship arrives after her alteration, shall, on application made to him, and on the receipt of a certificate from the proper surveyor specifying the nature of such alteration, either retain the old certificate of registry and grant a new certificate of registry containing a description of the ship as altered, or endorse on the existing certificate a memorandum of such alteration, and subscribe his name to such endorsement. The Registrar to whom such application as aforesaid is made, if he is the Registrar of the port of registry of the ship, shall himself enter in his register-book the particulars of the altera-

বিক্রয়ের ঐ সর্টিফিকটক্রমে কোন বন্ধক কি হস্তান্তর কার্য্যসাধন করিবার কি প্রাপ্ত হইবার প্রার্থনা করেন, তবে তাঁহাদিগকে ঐ জ্ঞাপনপত্র দেখাইবেন। সেই জ্ঞাপনী পূর্ব্বোক্তমতে রিকার্ড করা গেলে পর সেই স্থানে যে কোন বন্ধক কি বিক্রয় কার্য্য তৎপশ্চাৎ করিতে হইবে তৎসম্পর্কে উক্ত সর্টিফিকট নিরস্ত ও নিষ্ফল জ্ঞান হইবে। যে প্রত্যেক রেজিষ্ট্রার পূর্ব্বোক্ত কোন জ্ঞাপনী রিকার্ড করেন, তিনি সেই সর্টিফিকটের উল্লিখিত ক্ষমতানুসারে কোন কার্য্য পূর্ব্বে করা গিয়াছে কি না, যে রেজিষ্ট্রার সাহেবকর্ত্তৃক সর্টিফিকট প্রদত্ত হইয়াছিল তাঁহাকে এই কথা জ্ঞাত করিবেন ইতি।

[এই আইনক্রমে একুটি অর্থাৎ যুক্তি কার্য্যের বাধা না হইবার কথা।]

৬৯ ধারা। এই খণ্ডেতে "উপকার জন্য সম্পর্ক" শব্দের ব্যবহার হইলে তম্মধ্যে চুক্তিক্রমে যে স্বার্থের উদয় হয় তাহা এবং ন্যায়ঘটিত অন্যান্য স্বার্থ গণ্য। এবং এই আইনের অভিপ্রায় এই, ন্যাসের কথা রেজিষ্টরী বহীতে লিখিবার কি রেজিষ্ট্রার সাহেব কর্ত্তৃক গ্রাহ্য হইবার নিষেধসূচক যে বিধি এই আইনেতে করা গিয়াছে তাহার ব্যাঘাত না হইয়া, এবং রেজিষ্টরী স্বামিদের ও বন্ধকগ্রহীতারদের প্রতি এই আইনদ্বারা বিক্রয়াদি করণের ও রসীদ দেওনের যে ক্ষমতা দান হইয়াছে তাহার ব্যাঘাত না হইয়া এবং ব্রিটনীয় জাহাজের স্বামিত্বপদহইতে অযোগ্য ব্যক্তিদিগকে বহিষ্কৃত করণের যে বিধি আছে তাহার ব্যাঘাত না হইয়া যেমন অন্য অস্থাবর সম্পত্তি সম্পর্কে একুটির অর্থাৎ যুক্তির কার্য্য প্রবল করা যাইতে পারে তেমনি জাহাজে স্বামিদের ও বন্ধকগ্রহীতাদের যে স্বার্থ থাকে তদুপলক্ষে তাঁহাদের বিপক্ষেও একুটির কার্য্য প্রবল করা যাইতে পারিবে ইতি।

---

৮ অধ্যায়।

নূতন রেজিষ্টরী ও রেজিষ্টরী হস্তান্তর করিবার বিধি।

[যে জাহাজ রিজিষ্টর করা যাইবে তাহার পরিবর্ত্তনের কথা।

৭০ ধারা। রেজিষ্টরী বহীতে জাহাজ যত টন ধারি বলিয়া ও তাহার যে আকৃতি লেখা হইয়াছে যদি জাহাজের পরিবর্ত্তন হওয়াপ্রযুক্ত সেই বিবরণের মেল না হয়, তবে যে বন্দরে রেজিষ্ট্রার থাকেন সেই বন্দরে পরিবর্ত্তন হইলে ঐ বন্দরের রেজিষ্ট্রারের নিকটে, কিম্বা অন্যত্র করা গেলে জাহাজ পরিবর্ত্তন হইলে পর রেজিষ্ট্রারবিশিষ্ট যে প্রথম বন্দরে পঁহুছে সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকটে প্রার্থনা হইলে, এবং জাহাজের যে প্রকারে পরিবর্ত্তন হইয়াছে তিনি উপযুক্ত সরবেয়র কর্ত্তৃক ইহার বিশেষ এক সর্টিফিকট প্রাপ্ত হইলে, রেজিষ্টরীর পুরাতন সর্টিফিকট রাখিয়া জাহাজের পরিবর্ত্তিত অবস্থার বিবরণসূচক রেজিষ্টরীর নূতন সর্টিফিকট দিবেন, অথবা বর্ত্তমান সর্টিফিকটের পৃষ্ঠে ঐ পরিবর্ত্তনের মর্ম্মাঙ্কলিপি লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন। জাহাজ যে বন্দরে রেজিষ্টর হইয়াছিল যদি সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকটে পূর্ব্বোক্ত প্রার্থনা করা যায়, তবে তিনি রেজিষ্টরী বহীতে তদ্রূপ পরিবর্ত্তনের বিবরণ এবং সেই নূতন সর্টিফিকট দেওনের কথা, কিম্বা বর্ত্তমান সর্টিফিকটের পৃষ্ঠে লিখিবার কথা আপনি লিখি-

tion so made, and the fact of such new certificate having been granted or endorsement having been made on the existing certificate: but if he is not such last-mentioned Registrar, he shall forthwith report such particulars and facts as aforesaid, accompanied by the old certificate of registry in cases where a new one has been granted, to the Registrar of the port of registry of the ship, who shall retain such old certificate (if any), and enter such particulars and facts in his register-book accordingly.

[On alteration, registry anew may be required.]

LXXI. When the Registrar to whom application is made in respect of any such alteration as aforesaid is the Registrar of the port of registry, he may, if he thinks fit, instead of registering such alteration, require such ship to be registered anew in manner hereinbefore directed on the first registry of a ship, and if he is not such Registrar as last hereinbefore mentioned, he may nevertheless require such ship to be registered anew, but he shall in such last-mentioned case grant a provisional certificate or make a provisional indorsement of the alteration made, in manner hereinbefore directed in cases where no registry anew is required, taking care to add to such certificate or indorsement a statement that the same is made provisionally, and to insert in his report to the Registrar of the port of registry of the ship a like statement.

[Grant of provisional certificate in respect of alteration.]

LXXII. Every such provisional certificate or certificate provisionally indorsed, shall within ten days after the first subsequent arrival of the ship at her port of discharge in British India, be delivered up to the Registrar thereof, who shall thereupon cause such ship to be registered anew, in the same manner in all respects as hereinbefore required on the first registry of any ship.

[Consequence of omission to register anew.]

LXXIII. On failure of such registry anew, of any ship or registry of alteration of any ship so altered as aforesaid, such ship shall be deemed not duly registered, and shall no longer be recognized as a British ship.

[On change of owners, registry anew may be granted if required.]

LXXIV. If upon any change of ownership in any ship the owner or owners desire to have such ship registered anew, although such registry anew is not required by this Act, it shall be lawful for the Registrar of the port at which such ship is already registered, on the delivery up to him of the

বেন। যদি ভিন্ন রেজিষ্ট্রারের নিকটে এ প্রার্থনা করা যায়, তবে জাহাজ যে বন্দরে রেজিষ্টর করা গিয়াছিল তিনি অবিলম্বে সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকটে পূর্ব্বোক্ত বিবরণের ও কার্য্যের রিপোর্ট করিয়া, যদি রেজিষ্টরীর নূতন সর্টিফিকট লিখিয়া থাকেন, তবে রিপোর্টের সঙ্গে পুরাতন সর্টিফিকট পাঠাইবেন। পুরাতন সর্টিফিকট পাইলে তিনি রাখিবেন এবং পূর্ব্বোক্ত বিবরণ ও কার্য্যের বৃত্তান্ত আপনার রেজিষ্টরী বহীতে লিখিবেন ইতি।

[পরিবর্ত্তন হইলে নূতন রেজিষ্টরী হইবার আদেশের কথা।]

৭১ ধারা। জাহাজ যে বন্দরে রেজিষ্টর হইয়াছে যদি সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকটে পূর্ব্বোক্ত পরিবর্ত্তনসংক্রান্ত প্রার্থনা করা যায়, তবে তিনি বিহিত বোধ করিলে, ঐ পরিবর্ত্তন রেজিষ্টর না করিয়া জাহাজের প্রথম রেজিষ্টরী করিবার পূর্ব্ব-লিখিত বিধিমতে ঐ জাহাজের নূতন রেজিষ্টরী হইবার আদেশ করিতে পারিবেন। এবং শেষোক্ত প্রকারের রেজিষ্ট্রার না হইলেও তিনি ঐ জাহাজের নূতন রেজিষ্টরী হইবার আদেশ করিতে পারিবেন। কিন্তু শেষোক্ত স্থলে অল্পকাল স্থায়ি সর্টিফিট দিবেন, অথবা নূতন রেজিষ্টরী হইবার আজ্ঞা না হইলে, তিনি পূর্ব্বলিখিত বিধানমতে সর্টিফিকটের পৃষ্ঠে ঐ পরিবর্ত্তন বিষয়ক অল্পকাল স্থায়ি কথা লিখিবেন। এবং তাহা অল্পকাল স্থায়ি এই কথা ঐ সর্টিফিকটে কি পৃষ্ঠলিপিতে লিখিতে ভুলিবেন না, এবং জাহাজ যে বন্দরে রেজিষ্টর হইল সেই বন্দরের রেজিষ্ট্রারের নিকট আপনার রিপোর্টেও সেই কথা লিখিবেন ইতি।

[পরিবর্ত্তন বিষয়ক কিঞ্চিৎ কালীন সর্টিফিকট দিবার কথা।]

৭২ ধারা। জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের যে বন্দরে বোঝাই দ্রব্য নামাইয়া দিবে উক্ত সর্টিফিকট প্রাপ্ত হইয়া সেই বন্দরে প্রথম পঁহুছিলে পর দশ দিবসের মধ্যে ঐ বন্দরের রেজিষ্ট্রারকে ঐ অল্পকাল স্থায়ি সর্টিফিকট কিম্বা অল্পকাল স্থায়ি পৃষ্ঠলিপিযুক্ত সর্টিফিকট দেওয়া যাইবে। তাহা প্রাপ্ত হইলে পর, কোন জাহাজের প্রথম রেজিষ্টর করিবার যে বিধি পূর্ব্বে ব্যক্ত হইয়াছে, তিনি সর্ব্বতোভাবে সেই বিধিমতে ঐ জাহাজের নূতন রেজিষ্টরী করাইবেন ইতি।

[নূতন রেজিষ্টর না করিবার ফলের কথা।]

৭৩ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে কোন জাহাজের নূতন রেজিষ্টরী না করা গেলে, কিম্বা পূর্ব্বোক্তমতে পরিবর্ত্তিত কোন জাহাজের পরিবর্ত্তনের রেজিষ্টরী না হইলে, সেই জাহাজ নিয়মিতরূপে রেজিষ্টর হইল না জ্ঞান হইবে, ও ব্রিটনীয় জাহাজ বলিয়া আর স্বীকৃত হইবে না ইতি।

[স্বামী পরিবর্ত্তন হইয়া নূতন রেজিষ্টরী হইবার প্রার্থনা হইলে হইতে পারিবার কথা।]

৭৪ ধারা। কোন জাহাজের স্বামিত্ব পরিবর্ত্তন হইলে, যদি স্বামী কি স্বামিরা সেই জাহাজের নূতন রেজিষ্টরী করাইতে ইচ্ছুক হন, তবে এই আইনেতে সেই নূতন রেজিষ্টরী করাইবার আদেশ না থাকিলেও, পূর্ব্বে জাহাজ যে বন্দরে রেজিষ্টরী হইয়াছিল সেই বন্দরের রেজিষ্ট্রারকে রেজিষ্টরীর বর্ত্তমান সর্টিফিকট

existing certificate of registry and on the other requisites to registry, or such of them as the Registrar thinks material, being duly complied with, to make such registry anew, and grant a certificate thereof.

[Registry may be transferred from port to port.]

LXXV. The registry of any ship may be transferred from one port to another upon the application of all parties appearing on the register to be interested in such ship, whether as owners or mortgagees, such application to be expressed by a declaration in writing made and subscribed, if the party so required to make and subscribe the same resides at or within five miles of the Custom House of the port from which such ship is to be transferred, in the presence of the Registrar of such port, but if beyond that distance, in the presence of any Registrar or of any Magistrate.

[Manner of transfer of registry.]

LXXVI. Upon such application being made as is hereinbefore mentioned and upon the delivery to the Registrar of either of the ports next hereinafter mentioned of the certificate of registry, the Registrar of the port at which such ship is already registered shall transmit to the Registrar of the port at which such ship is intended to be registered notice of such application having been made to him, together with a true copy of all particulars relating to such ship, and the names of all the parties appearing by his book to be interested as owners or mortgagees in such ship. Such last-mentioned Registrar shall, upon the receipt of such notice, enter all such particulars and names in his book of registry, and grant a fresh certificate of registry, and thenceforth such ship shall be considered as registered at and belonging to such last-mentioned port, and the name of such last-mentioned port shall be substituted on the stern of such ship in lieu of the name of the port previously appearing thereon.

[Transfer of registry not to affect rights of owners.]

LXXVII. The transfer of the registry of any ship in manner aforesaid shall not in any way affect the rights of the several persons interested either as owners or mortgagees in such ship, but such rights shall in all respects be maintained and continued in the same manner as if no such transfer had been effected.

CHAPTER IX.

Registry, Miscellaneous.

[Inspection of register-books.]

LXXVIII. Every person may, upon payment of a fee to be fixed by the Local Government not

দেওয়া গেলে, এবং রেজিস্টর করণার্থ পূর্ব্ব প্রয়োজনীয় বিধি কিম্বা তন্মধ্যে রেজিস্ট্রার যাহা আবশ্যক জ্ঞান করেন তাহা উপযুক্তমতে সাধন করা গেলে তিনি তদ্রূপ নূতন রেজিস্টরী করিয়া তাহার সর্টিফিকট দিতে পারিবেন ইতি।

[এক বন্দরহইতে অন্যবন্দরে রেজিস্টরী স্থানান্তর করিবার কথা।]

৭৫ ধারা। কোন জাহাজের রেজিস্টরীতে যে সকল ব্যক্তির স্বার্থ দৃষ্ট হয় স্বামী কি বন্ধকগ্রহীতা হইলেও তাঁহারা প্রার্থনা করিলে ঐ জাহাজের রেজিস্টরী এক বন্দরহইতে অন্য বন্দরে স্থানান্তর হইতে পারিবে। প্রতিজ্ঞা লিখিয়া স্বাক্ষর করণদ্বারা ঐ প্রার্থনা করিতে হইবে। যে বন্দরহইতে জাহাজ স্থানান্তর করিবার মানস থাকে, যে ব্যক্তির ঐ প্রতিজ্ঞাপত্র করিয়া স্বাক্ষর করিতে হইবে, তিনি যদি সেই বন্দরে কিম্বা তথাকার কস্টম হৌসহইতে পাঁচ মাইলের মধ্যে বাস করেন, তবে ঐ বন্দরের রেজিস্ট্রারের সাক্ষাতে, যদি অধিক দূরে বাস করেন তবে কোন রেজিস্ট্রারের কি কোন মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে ঐ প্রার্থনাপত্রে স্বাক্ষর করিবেন ইতি।

[রেজিস্টরীপত্র স্থানান্তর করিবার নিয়মের কথা।]

৭৬ ধারা। ইহার পূর্ব্বধারার লিখিত প্রার্থনা করা গেলে, এবং নিম্নলিখিত কোন এক বন্দরের রেজিস্ট্রারকে রেজিস্টরী সর্টিফিকট দেওয়া গেলে, জাহাজ পূর্ব্বে যে বন্দরে রেজিস্টর হইয়াছে সেই বন্দরের রেজিস্ট্রার, অন্য যে বন্দরে জাহাজ রেজিস্টর করাইবার মানস থাকে সেই বন্দরের রেজিস্ট্রারকে আপনার নিকট ঐ প্রার্থনা হওয়ার সম্বাদ পাঠাইবেন, ও তৎসহিত ঐ জাহাজসংক্রান্ত সকল বিবরণের যথার্থ প্রতিলিপি, এবং আপনার বহীর দ্বারা স্বামী কি বন্ধকগ্রহীতাস্বরূপে যে সকল ব্যক্তিকে ঐ জাহাজের স্বার্থ বিশিষ্ট জানা যায় তাঁহারদের নাম পাঠাইবেন। শেষোক্ত রেজিস্ট্রার ঐ সম্বাদ পাইলে পর উক্ত সকল বিবরণ ও নাম আপনার রেজিস্টরী বহীতে লিখিয়া রেজিস্টরীর নূতন সর্টিফিকট দিবেন। তৎকালাবধি ঐ জাহাজ সেই শেষোক্ত বন্দরের রেজিস্টরী করা ও সেই বন্দর সম্পর্কীয় জাহাজ জ্ঞান হইবে। ও জাহাজের পশ্চাদ্ভাগে পূর্ব্বে যে বন্দরের নাম লেখা গিয়াছিল, তাহা উঠাইয়া শেষোক্ত বন্দরের নাম লেখা যাইবে ইতি।

[রেজিস্টরীপত্র স্থানান্তর হইলে স্বামিদের স্বত্ত্বের হানি না হইবার কথা।]

৭৭ ধারা। জাহাজে স্বামী কি বন্ধকগ্রহীতাস্বরূপে যেং ব্যক্তিরদের স্বার্থ থাকে, ঐ জাহাজের রেজিস্টরীপত্র পূর্ব্বোক্তমতে স্থানান্তর হইলেও তাঁহারদের স্বত্ত্বের কোনমতে হানি হইবে না। তদ্রূপ স্থানান্তর না হওয়ার ন্যায় তাঁহারদের সেই স্বত্ত্ব সর্ব্বতোভাবে রক্ষিত ও স্থায়ি হইবে ইতি।

---

৯ অধ্যায়।

রেজিস্টরীসংক্রান্ত বিবিধ বিধি।

[রেজিস্টরী বহী দৃষ্টি করিবার কথা।]

৭৮ ধারা। রেজিস্ট্রার সাহেব যে সময়ে স্বীয় কার্য্যালয়ে থাকেন যুক্তিমত এমত কোন সময়ে প্রত্যেক

exceeding eight annas, have access to the register-book for the purpose of inspection at any reasonable time during the hours of official attendance of the Registrar.

[Indemnity to Registrar.]

LXXIX. No Registrar shall be liable to damages or otherwise for any loss accurring to any person by reason of any act done or default made by him in his character of Registrar, unless the same has happened through his neglect or wilful act.

[Returns to be made by Registrars to Local Government.]

LXXX. Every Registrar shall without delay, or at such stated times as may be fixed by the Local Government, transmit to such Government a full return in such form as it may direct of all registers, transfers, transmissions, mortgagees, and other dealings with ships which have been registered by or communicated to him in his character of Registrar, and the names of the persons who have been concerned in the same, and such other particulars as may be directed by the same Government.

[Application of fees.]

LXXXI. All fees authorized to be taken under this Part shall be disposed of in such way as the Governor General of India in Council may from time to time direct.

[Local Government to provide, and with consent of Governor General in Council may alter forms and issue instructions.]

LXXXII. The Local Government shall cause the several forms required or authorized to be used by this Part and contained in the first Schedule hereto, to be supplied to all Registrars under such Government, for distribution to the several persons requiring to use the same, either free of charge or at such moderate prices as the Local Government may from time to time direct. The Local Government, with the consent of the Governor General of India in Council, may from time to time make such alterations in the form contained in the first Schedule hereto as it may deem requisite, but shall, before issuing any altered form, give such public notice thereof as may be necessary in order to prevent inconvenience. The Local Government may also, with such consent as aforesaid, for the purposes of carrying into effect the provisions contained in this Part, give such instructions as to the manner of making entries in the register-book, as to the execution and attestation of powers of attorney, as to any evidence to be required for identifying any person

ব্যক্তি রেজিষ্টরী বহী দেখিতে পাইবেন। তজ্জন্যে স্থানীয় গবর্ণমেন্ট আট আনার অনধিক যে ফী নিরূপণ করেন দৃষ্টি করণেচ্ছু ব্যক্তিরদের সেই ফী দিতে হইবে ইতি।

[রেজিষ্ট্রারের ক্ষতি না হইবার কথা।]

৭৯ ধারা। রেজিষ্ট্রার সাহেব স্বীয় পদোপলক্ষে যে কোন কার্য্য করেন কিম্বা তাঁহার যে কোন কার্য্যের ত্রুটি হয়, তজ্জন্যে যদি কোন ব্যক্তির হানি হয় কিম্বা প্রকারান্তরে ক্ষতি জন্মে তবে রেজিষ্ট্রারের শৈথিল্য কি ইচ্ছাধীন কর্ম্ম হেতুক সেই ক্ষতি কি হানি না হইলে, তিনি দায়ী হইবেন না ইতি।

[স্থানীয় গবর্ণমেন্টের নিকট রেজিষ্ট্রারদের যে রিটর্ণ করিতে হইবে তাহার কথা।]

৮০ ধারা। প্রত্যেক রেজিষ্ট্রার যে সকল জাহাজ রেজিষ্টর করিয়াছেন কিম্বা তাঁহাকে যে সকল জাহাজের রেজিষ্টর হইবার কথা জ্ঞাত করা গিয়াছে, তিনি তৎসংক্রান্ত সকল রেজিষ্টরের ও হস্তান্তর করণপত্রের ও পরহস্তগত হওনের ও বন্ধকের ও অন্য কার্য্যের সম্পূর্ণ রিটর্ণ ও তাহাতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাঁহারদের নাম, ও স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যেং বিষয়ের আজ্ঞা করেন, তাহা অবিলম্বে অথবা স্থানীয় গবর্ণমেণ্ট যেং সময় নির্দ্ধার্য্য করেন সেইং সময়ে ঐ গবর্ণমেণ্টের নিকটে পাঠাইবেন। গবর্ণমেণ্ট ঐ রিটর্ণ-প্রভৃতি লিখিবার পাঠ নিরূপণ করিবেন ইতি।

[ফী লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

৮১ ধারা। এই খণ্ডক্রমে যে সকল ফী লইবার অনুমতি দেওয়া গেল, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং যদ্রূপ আজ্ঞা করেন, তাহা লইয়া তদ্রূপে কার্য্য হইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্ট কর্তৃক পাঠ দেওয়া যাইবার ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি লইয়া পরিবর্ত্তন হইবার ও উপদেশ দত্ত হইবার কথা।]

৮২ ধারা। এই খণ্ডক্রমে যে সকল পাঠের প্রয়োজন ও যাহার ব্যবহার হইবার আজ্ঞা হইল, ও এই আইনের প্রথম তফসীলে যাহার উল্লেখ হইয়াছে, স্থানীয় গবর্ণমেণ্ট আপনার অধীন সকল রেজিষ্ট্রারকে তাহা দেওয়াইবেন। তাহা ব্যবহার করিতে যে ব্যক্তিদের প্রয়োজন হয়, তাহারদিগকে রেজিষ্ট্রারেরা তাহা বিনা মূল্যে দিবেন, অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে অল্প মূল্য নির্ণয় করেন তাহা লইয়া দিবেন। এই আইনের প্রথম তফসীলে যেং পাঠের উল্লেখ হইয়াছে, তাহার কোন অংশ পরিবর্ত্তন করা আবশ্যক বোধ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি লইয়া তাহার পরিবর্ত্তন করিতে পারিবেন, কিন্তু তদ্দ্বারা কোন ব্যক্তির অসুবিধা না হয়, এই কারণে কোন পরিবর্ত্তিত পাঠ প্রচলন করিবার পূর্ব্বে প্রয়োজনমতে তদ্বিষয়ের প্রকাশ্য জ্ঞাপনপত্র প্রচার করিবেন। আরো এই খণ্ডের লিখিত বিধান সফল করণের অভিপ্রায়ে, স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত অনুমতি গ্রহণপূর্ব্বক, রেজিষ্টরী বহীতে নানা দফা যেরূপে লিখিতে হইবে তদ্বিষয়ের, এবং মোক্তারনামা সম্পাদন ও সাক্ষিদের স্বাক্ষর করণ বিষয়ের, এবং কোন ব্যক্তিকে নিশ্চিতমতে চিনিবার জন্যে যে প্রমাণ লইতে হইবে তাহার, ও এই

and generally as to any act or thing to be done in pursuance of this Part, as it may think fit.

[Forms of instruments.]

LXXXIII. In any case in which any bill of sale, mortgage or other instrument for the disposal or transfer of any ship, or any share or shares therein, or of any interest therein, is made in any form or contains any particulars other than the form and particulars prescribed and approved for the purpose by or in pursuance of this Act, no Registrar shall be required to record the same, without the express direction of the Local Government.

[Power to Registrar to dispense with declarations and other evidence.]

LXXXIV. Whenever, in any case in which under this Part any person is required to make a declaration on behalf of himself or of any body corporate, or any evidence is required to be produced to the Registrar, it is shown to the satisfaction of the Registrar that from any reasonable cause such person is unable to make the declaration, or that such evidence cannot be produced, it shall be lawful for the Registrar, with the sanction of the Local Government, and upon the production of such other evidence and subject to such terms as it may think fit, to dispense with any such declaration or evidence.

[Power for Local Government in special cases to grant a pass to a ship not registered.]

LXXXV. In cases where it appears to the Local Government that by reason of special circumstances it would be desirable that permission should be granted to any British ship to pass, without being previously registered, from one port or place in British India to any other port or place in British India, it shall be lawful for the Local Government to grant a pass accordingly, and such pass shall, for the time and within the limits therein mentioned, have the same effect as a certificate of registry.

[Provision for cases of minority or other incapacity.]

LXXXVI. If any person interested in any ship or any share therein, is by reason of minority, lunacy, or other inability, incapable of making any declaration or doing any thing required or permitted by this Act to be made or done by such incapable person in respect of registry, then the guardian or committee, if any, of such incapable person, or, if there be none, any person appointed by any Court or Judge possessing jurisdiction in respect of the property of incapable persons, upon the petition of any person on behalf of such incapable person, or of any other person interested in the making such declaration or doing

খণ্ডানুসারে যে কার্য্য কি বিষয় করিতে হইবে সাধারণমতে তদ্বিষয়ের যদ্রূপ উপদেশ বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[নিদর্শনপত্রের পাঠের কথা।]

৮৩ ধারা। কোন জাহাজ কিম্বা তদ্গত কোন অংশ কি কোন স্বার্থ বিক্রয় কি হস্তান্তর করিবার যে বিক্রয়পত্র কি বন্ধকীপত্র কি অন্য নিদর্শনপত্র করা যায়, তাহা যদি এই আইনদ্বারা কিম্বা এই আইনঅনুসারে নির্দ্দিষ্ট কি অনুমোদিত পাঠভিন্ন অন্য পাঠে করা যায়, কিম্বা তাহার লিখিতব্য যে বিবরণ এই আইনে নির্দ্ধারিত হইয়াছে যদি তাহাতে তদ্ভিন্ন কোন বিবরণ লেখা থাকে, তবে স্থানীয় গবর্ণমেণ্টের স্পষ্ট আদেশ না হইলে কোন রেজিষ্ট্রারকে তাহা রিকার্ড করিবার আজ্ঞা হইতে পারিবে না ইতি।

[রেজিষ্ট্রারকে প্রতিজ্ঞা ও প্রমাণ না লইবার ক্ষমতা প্রদানের কথা।]

৮৪ ধারা। যখন এই খণ্ডক্রমে কোন স্থলে কোন ব্যক্তির আপনার পক্ষে কিম্বা সমবায়িত সমাজের পক্ষে কোন প্রতিজ্ঞা করা, কিম্বা যখন রেজিষ্ট্রারের নিকটে কোন প্রমাণ উপস্থিত করা প্রয়োজন তখন যুক্তিসিদ্ধ কোন কারণে সেই ব্যক্তি ঐ প্রতিজ্ঞা করিতে অক্ষম অথবা সেই প্রমাণ উপস্থিত করিতে পারা যায় না, রেজিষ্ট্রারের হৃদ্বোধমতে ইহা দর্শান গেলে, তিনি স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ করিয়া ঐ গবর্ণমেণ্ট অন্য যে প্রমাণ উপযুক্ত ও যে নিয়ম বিহিত বোধ করেন সেই নিয়মানুসারে সেই প্রমাণ উপস্থিত করা গেলে পূর্ব্বোক্ত প্রতিজ্ঞা ও প্রমাণ ক্ষমা করিতে পারিবেন ইতি।

[জাহাজ রেজিষ্টর না হইলেও স্থলবিশেষে স্থানীয় গবর্ণমেণ্টের ছাড়পত্র দিবার ক্ষমতার কথা।]

৮৫ ধারা। কোন বিশেষ গতিকপ্রযুক্ত ব্রিটনীয় কোন জাহাজ রেজিষ্টর করা না গেলেও ব্রিটনীয় ভারতবর্ষের এক বন্দরহইতে ব্রিটনীয় ভারতবর্ষের অন্য বন্দরে ঐ জাহাজের গমন করিবার অনুমতি দেওয়া কর্ত্তব্য স্থানীয় গবর্ণমেণ্ট যদি এমত বোধ করেন, তবে ঐ গবর্ণমেণ্ট তদনুযায়ি ছাড়পত্র দিতে পারিবেন। সেই ছাড়পত্রে যে সময় ও যে সীমা নির্দ্ধার্য্য হইল, সেই সময়াবধি ও সেই সীমার মধ্যে তাহা রেজিষ্টরী সর্টিফিকটের তুল্য বলবৎ হইবে ইতি।

[বালকত্ব কি অন্য অক্ষমতা হেতু উপবিধি।]

৮৬ ধারা। জাহাজে কি তাহার কোন অংশে স্বার্থযুক্ত কোন ব্যক্তির প্রতি এই আইন অনুসারে রেজিষ্টরীকরণ সংক্রান্ত কোন প্রতিজ্ঞা কি কোন কার্য্য করিবার আজ্ঞা কি অনুমতি থাকিলে, যদি সেই ব্যক্তি বালকত্ব কি উন্মত্ততা কি অন্য অক্ষমতাপ্রযুক্ত সেই প্রতিজ্ঞা কি সেই কার্য্য করিতে না পারেন, তবে ঐ অক্ষমের পক্ষে কোন ব্যক্তি কিম্বা সেই প্রতিজ্ঞা করণে কি ঐ কার্য্য সম্পাদনে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি দরখাস্ত করিলে, সেই অক্ষম ব্যক্তির কার্য্যাধ্যক্ষ কি কমিটী, এবং কার্য্যাধ্যক্ষ কি কমিটী না থাকিলে, অক্ষম ব্যক্তিদের সম্পত্তিসম্পর্কে যে আদালতের কি বিচারকর্ত্তার অধিপত্য থাকে তিনি যাঁহাকে নিযুক্ত করেন সেই ব্যক্তি ঐ প্রতিজ্ঞা, কিম্বা গতিক বিবেচনায়, যত দূর হইতে পারে তত দূর সেই প্রতিজ্ঞার অনুযায়ি

such thing, may make such declaration, or a declaration as nearly corresponding thereto as circumstances permit, and do such thing in the name and on behalf of such incapable person; and all acts done by such substitute shall be as effectual as if done by the person for whom he is substituted.

[Liabilities of owners.]

LXXXVII. Whenever any person is beneficially interested, otherwise than by way of mortgage, in any ship or share therein registered in the name of some other person as owner, the person so interested shall, as well as the registered owner, be subject to all pecuniary penalties imposed by this or by any other Act on owners of ships or shares threin so nevertheless that proceedings may be taken for the enforcement of any such pecuniary penalties against both or either of the aforesaid parties with or without joining the other of them.

National Character.

[National character of ship to be declared before clearance.]

LXXXVIII. No officer of Customs shall grant a clearance for any ship until the master of such ship has declared to such officer the name of the nation to which he claims that he belongs, and such officer shall thereupon inscribe such name on the clearance, and if any ship attempts to proceed to sea without such clearance, any such officer may detain her until such declaration is made.

[Penalties.]

LXXXIX. The offences hereinafter mentioned shall be punishable as follows; (that is to say):—

[For unduly assuming a British character.]

(1.) If any person use the British flag, and assumes the British national character on board any ship owned in whole or in part by any person not entitled by law to own British ships, for the purpose of making such ship appear to be a British ship, such ship shall be forfeited to Her Majesty, unless such assumption has been made for the purpose of escaping capture by an enemy or by a foreign ship-of-war in exercise of some belligerent right; and in any proceeding for enforcing any such forfeiture, the burden of proving a title to use the British flag and assume the British national character shall lie upon the person using and assuming the same.

[For concealment of British or assumption of foreign character.]

(2.) If the master or owner of any British ship does or permits to be done any matter or thing, or carries or permits to be carried any papers or documents, with intent to conceal the

প্রতিজ্ঞা করিবেন, এবং ঐ অক্ষম ব্যক্তির নামে ও তৎপক্ষে সেই কার্য্য সম্পাদন করিবেন। এবং ঐ প্রতিনিধি যে সকল কার্য্য করেন, তিনি যে মুখ্য ব্যক্তির প্রতিনিধি হন, তাহা তাঁহারই কৃত কার্য্যের তুল্য সিদ্ধ হইবে ইতি।

[স্বামিদের দায়ের কথা।]

৮৭ ধারা। স্বামী বলিয়া কোন ব্যক্তির নামে কোন জাহাজ কি তদ্ভাত কোন অংশ রেজিষ্টর করা গেলেও, যদি অন্য ব্যক্তি বন্ধকক্রমে না হইয়া প্রকারান্তরে ঐ জাহাজে লভ্যজনক স্বার্থপ্রাপ্ত হন, তবে এই কি অন্য আইনদ্বারা জাহাজের কি তদ্ভাত অংশের স্বামিগণের প্রতি অর্থের যে সকল দণ্ড ধার্য্য হইয়াছে তাহা যেমন রেজিষ্টরী স্বামির প্রতি বর্ত্তে তেমনি ঐ স্বার্থ প্রাপ্ত ব্যক্তির প্রতিও বর্ত্তিবে। কিন্তু ঐ অর্থদণ্ডের আজ্ঞা প্রবল করণের জন্যে যে কার্য্য করিতে হয়, তাহা উক্ত অন্যতর ব্যক্তির নাম সংযোগ করিয়া কি না করিয়া উক্ত উভয় কি একতর ব্যক্তির নামে করা যাইতে পারিবে ইতি।

দেশাচার রক্ষণের বিধি।

[খুলিয়া যাইবার ছাড়পত্র পাইবার পূর্ব্বে জাহাজের দেশ প্রকাশ করিতে হইবার কথা।]

৮৮ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ যে দেশীয় জাহাজ বলিয়া তাহা ব্যাখ্যা করেন, কষ্টমের কার্য্যকারককে সেই দেশের নাম জ্ঞাত না করিলে, তিনি ঐ জাহাজ ছাড়িবার অনুমতিপত্র দিবেন না। ঐ কার্য্যকারক ঐ অনুমতিপত্রে নাম লিখিবেন। যদি কোন জাহাজ তদ্রূপ অনুমতিপত্র না পাইয়া সমুদ্রযাত্রা করিবার উদ্যোগ করে, তবে সেই দেশের নাম যত কাল ব্যক্ত না হয় তত কাল ঐ কার্য্যকারক ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[দণ্ডের কথা।]

৮৯ ধারা। নিম্নলিখিত অপরাধের নিম্নলিখিত দণ্ড নির্ণয় হইল, যথা:—

[অনুপযুক্তমতে ব্রিটনীয় আভাস গ্রহণের দণ্ড।]

(১) যে ব্যক্তি আইনমতে ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার অধিকারী নহেন, তিনি যে জাহাজের সমুদয় কি একাংশের স্বামী হন, যদি কোন ব্যক্তি ব্রিটনীয় জাহাজ দেখাইবার জন্যে সেই জাহাজে ব্রিটনীয় ধ্বজা তোলেন, ও ব্রিটনদেশীয় লক্ষণ গ্রহণ করেন, তবে সেই জাহাজ শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে জব্দ হইবে। কিন্তু কোন শত্রুর হস্ত হইতে কি ভিন্ন দেশীয় যুদ্ধ জাহাজ যুদ্ধ করণের কোন স্বত্ব প্রযুক্ত পশ্চাদ্ধাবমান হইলে যদি তাহাহইতে রক্ষা পাইবার জন্যে ঐ লক্ষণ ধারণ করে, তবে জব্দ হইবে না। উক্ত প্রকারে জব্দ করণের আজ্ঞা প্রবল করণার্থে যে মোকদ্দমা প্রভৃতি হয়, সেই মোকদ্দমায় যে ব্যক্তি ব্রিটনীয় ধ্বজা তোলেন ও ব্রিটনদেশীয় লক্ষণ ধারণ করেন তিনি সেই ধ্বজা তুলিবার ও সেই লক্ষণ ধারণ করিবার স্বত্ব প্রমাণ করিবার সাধ্যবান।

[ব্রিটনীয় লক্ষণ গুপ্ত রাখিয়া ভিন্ন দেশীয় লক্ষণ ধারণের দণ্ড।]

(২) ব্রিটনীয় আইনমতে যে ব্যক্তি কোন জাহাজের দেশীয় লক্ষণের সন্ধান লইবার ক্ষমতাপন্ন হন, যদি কোন ব্রিটনীয় জাহাজের স্বামী কি অধ্যক্ষ তাঁহার নিকটহইতে ঐ জাহাজের ব্রিটনীয় লক্ষণ গুপ্ত রাখিবার

British character of such ship from any person entitled by British law to enquire into the same, or to assume a foreign character, or with intent to deceive any such person as lastly hereinbefore mentioned, such ship shall be forfeited to Her Majesty; and the master, if he commits or is privy to the commission of the offence, shall incur a penalty not exceeding one thousand Rupees.

[For acquiring ownership, if unqualified.]

(3.) If any unqualified person, except in the case of such transmitted interests as are hereinbefore mentioned, acquires as owner any interest, either legal or beneficial, in a ship using a British flag and assuming the British character, such interest shall be forfeited to Her Majesty:

[For false declaration of ownership.]

(4). If any person, on behalf of himself or any other person or body of persons, in any declaration touching the qualification of himself or such other person or body of persons to own British ships or any shares therein, makes any statement which is false, and which he either knows or believes to be false, or does not believe to be true, the declarant shall incur a penalty not exceeding one thousand rupees, and the ship or share in respect of which such declaration is made, if the same has not been forfeited under the foregoing provision shall, to the extent of the interest therein of the person making the declaration, and, unless it is shown that he had no authority to make the same, of the parties on behalf of whom such declaration is made, be forfeited to Her Majesty. And in order that the above provisions as to forfeitures may be carried into effect, it shall be lawful for any commissioned officer on full pay in the Military or Naval service of Her Majesty, or any Magistrate or British officer of Customs to seize and detain any ship which has, either wholly or as to any share therein, become subject to forfeiture as aforesaid, and to bring her for adjudication before any Court having Admiralty jurisdiction in British India. Such Court may thereupon make such order in the case as it may think fit, and may award to the officer bringing in the same for adjudication such portion of the proceeds of the sale of any forfeited ship or share as it may think right:

(5). If any person, in any declaration made or subscribed in the presence of or produced to any Registrar of Shiping in pursuance of this Part, or in any documents or other evidence produced to such Registrar, makes any false statement concerning the title to or the ownership of or the interests existing in any ship or any share or shares in any ship, which is false, and

কিম্বা ভিন্ন দেশীয় লক্ষণ ধারণ করিবার অভিপ্রায়ে, কিম্বা পুর্ব্বোক্ত ব্যক্তিকে বঞ্চনা করিবার অভিপ্রায়ে কোন কার্য্য কি বিষয় করেন কি কোন ব্যক্তিকে করিতে দেন, কিম্বা কোন কাগজপত্র কি দলীল জাহাজে লন কি লইতে দেন, তবে সেই জাহাজ শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে জব্দ হইবে। যদি অধ্যক্ষ সেই অপরাধ করেন কি সেই অপরাধের সজ্ঞানী হন, তবে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবে।

[অযোগ্য হইলেও স্বামিত্ব প্রাপণের দণ্ড।]

(৩) যে স্থলে জাহাজগত স্বার্থ পুর্ব্বোক্তমতে হস্তান্তর করা যায় সেই স্থলভিন্ন যদি অযোগ্য কোন ব্যক্তি ব্রিটনীয় ধ্বজার ব্যবহারি ও ব্রিটনীয় লক্ষণধারি জাহাজের স্বামিস্বরূপে আইনসিদ্ধ কি লভ্যজন্য কোন স্বার্থ প্রাপ্ত হন, তবে সেই স্বার্থ শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে জব্দ হইবে।

[স্বামিত্ব বিষয়ে মিথ্যা উক্তির দণ্ড।]

(৪) যদি কোন ব্যক্তি আপনার কি অন্যের কি লোক সমাজের পক্ষে ব্রিটনীয় জাহাজের কি তদ্গত কোন অংশের স্বামী হওন সম্পর্কে আপনার কি সেই অন্যের কি সেই লোক সমাজের যোগ্যতাসংক্রান্ত উক্তিতে কোন মিথ্যা কথা কহেন এবং সেই কথা মিথ্যা জানেন কি বিশ্বাস করেন, কিম্বা সত্য বোধ না করেন তবে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। এবং যে জাহাজ কি তদ্গত যে অংশের বিষয়ে পূর্ব্বোক্ত কথা ব্যক্ত হইয়াছিল, তাহা যদি পূর্ব্ব কোন বিধানমতে জব্দ না হইয়া থাকে, তবে তাহাতে ঐ বাক্যবাদির যে স্বার্থ ছিল সেই স্বার্থ শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে জব্দ হইবে, এবং সেই ব্যক্তি অন্যেরদের পক্ষে কথা কহিবার কোন ক্ষমতা পাইল না, ইহা যদি দর্শান না যায়, তবে যাহাদের পক্ষে ঐ কথা কহা গিয়াছে তাহাদেরও স্বার্থ জব্দ হইবে। এবং জব্দ করণবিষয়ক উক্ত দণ্ডের বিধান সফল করা যায়, এই জন্যে সম্পূর্ণ জাহাজ কি তদ্গত কোন অংশ পূর্ব্বোক্তমতে জব্দ হওনের যোগ্য হইলে, শ্রীশ্রীমতী মহারাণীর সৈনিক কি নাবিক কর্ম্মে নিবিষ্ট ও সম্পূর্ণ বেতনগ্রাহী কোন সনদপ্রাপ্ত কার্য্যকারক কিম্বা কোন মাজিষ্ট্রেট কিম্বা কষ্টমের ব্রিটনীয় কর্ম্মকারক ঐ জাহাজ ধৃত করিয়া আটক রাখিতে, এবং ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন আদালতের জাহাজসংক্রান্ত বিচারাধিপত্য থাকে সেই আদালতের বিচারার্থে তাহা সমর্পণ করিতে সক্ষম হইবেন। তাহা করিলে সেই আদালত সেই বিষয়ে যদ্রূপ আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন, এবং সেই জব্দ করা জাহাজ কি তদ্গত অংশ বিক্রয় হইয়া তদুৎপন্ন যে অংশ বিহিত বোধ করেন যে কার্য্যকারক ঐ বিষয় বিচারার্থে উপস্থিত করিয়াছেন তাঁহাকে সেই অংশ দিবেন।

(৫) এই খণ্ডের বিধিমতে কোন ব্যক্তি কোন শিপিং রেজিষ্ট্রারের সম্মুখে যে প্রতিজ্ঞা করেন কি যাহাতে স্বাক্ষর করেন, কিম্বা তাঁহাকে যে প্রতিজ্ঞাপত্র দেখান, তাহাতে, কিম্বা উক্ত রেজিষ্ট্রারের নিকটে যে কোন দলীল কি অন্য প্রমাণ উপস্থিত করেন, তাহাতে যদি কোন জাহাজের কি জাহাজগত কোন এক কি অধিক অংশের স্বত্ব কি স্বামিত্ব কি স্বার্থ বিষয়ে কোন মিথ্যা উক্তি করেন, এবং আপনি তাহা

which he either knows or believes to be false, or does not believe to be true, or who corruptly uses or attempts to use as true any such statement, knowing the same to be false, shall be deemed to have committed the offence described in Section 199 or Section 200 (as the case may be) of the Indian Penal Code.

[Officer not liable for any seizure made on reasonable grounds.]

XC. No such officer as aforesaid shall be responsible, either civilly or criminally, to any person whomsoever, in respect of the seizure or detention of any ship that has been seized or detained by him in pursuance of the provisions herein contained, notwithstanding that such ship is not brought in for adjudication, or, if so brought in, is declared not to be liable to forfeiture, if it is shown to the satisfaction of the Court before whom any trial relating to such ship or such seizure or detention is held that there were reasonable grounds for such seizure or detention; but if no such grounds are shewn, such Court may award payment of costs and damages to any party aggrieved, and make such other order in the premises as it thinks just.

[Penalty for carrying improper colours.]

XCI. If any colours usually worn by Her Majesty's ships, or any colours resembling those of Her Majesty, or any distinctive national colours, except the red ensign usually worn by merchant ships, or except the union jack with a white border, or if the pendant usually carried by Her Majesty's ships, or any pendant in any wise resembling such pendant, are or is hoisted on board any ship or boat belonging to any subject of Her Majesty, without warrant for so doing from Her Majesty or from the Admiralty, the master of such ship or boat, or the owner thereof if on board the same, and every other person hoisting or joining or assisting in hoisting the same, shall for every such offence incur a penalty not exceeding five thousand rupees. It shall be lawful for any officer on full pay in the Military or Naval Service of Her Majesty, or any Magistrate or British officer of the Customs to board any such ship or boat, and to take away any such jack, colours or pendant; and such jack, colours or pendant shall be forfeited to Her Majesty.

[Effect of declaration in the Act that a ship shall not be recognized as a British ship.]

XCII. Whenever it is declared by this Act that a ship belonging to any person or body corporate qualified according to this Act to be owners of British ships shall not be recognized as a British

মিথ্যা জানেন কি বোধ করেন, ও সত্য বোধ না করেন কিম্বা যদি সেই ব্যক্তি তদ্রূপ কোন কথা মিথ্যা জানিয়া তাহা সদোষভাবে সত্য বলিয়া ব্যবহার করেন কি করিতে উদ্যোগ করেন, তবে সেই ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ড-বিধির আইনের ১৯৯ ধারার কিম্বা বিষয়বিশেষে ২০০ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী জ্ঞান হইবেন ইতি।

[কোন কার্য্যকারক যুক্তিসিদ্ধ হেতুতে জাহাজ ধৃত করিলে তাঁহার দায়ী না হইবার কথা।]

৯০ ধারা। পূর্ব্বোক্ত কোন কার্য্যকারক কোন জাহাজ ধৃত করিয়া আটক করিলে, যে আদালতের সম্মুখে ঐ জাহাজ সংক্রান্ত কিম্বা তাহার ধৃত কি আটক করণসংক্রান্ত বিষয়ের বিচার হয়, যদি সেই আদালতের হৃদ্বোধমতে ঐ জাহাজ ধৃত কি আটক করিবার যুক্তিসিদ্ধ হেতু প্রকাশ করা যায়, তবে সেই জাহাজ বিচারার্থে উপস্থিত না করা গেলেও, কিম্বা উপস্থিত হইলেও জব্দ হইবার অযোগ্য প্রকাশ করা গেলে, এই আইনের বিধানমতে ঐ জাহাজ ধৃত কি আটক করণপ্রযুক্ত ঐ কার্য্যকারক দেওয়ানী কি ফৌজদারী মোকদ্দমায় কোন ব্যক্তির নিকটে দায়ী হইবেন না। কিন্তু যদি যুক্তিসিদ্ধ কোন হেতু দর্শান না যায়, তবে ঐ আদালত ক্ষতিগ্রস্ত কোন ব্যক্তির পক্ষে ব্যয় শোধ ও হানিপূরণের আজ্ঞা করিতে পারিবেন এবং বিষয় বিবেচনায় অন্য যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

[অনুপযুক্ত নিশান তুলিবার দণ্ডের কথা।]

৯১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর স্থানে কিম্বা জাহাজসংক্রান্ত বিষয়ের বিচার করণের ক্ষমতাপন্ন আদালতের স্থানে অনুমতি প্রাপ্ত না হইলেও যদি শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজার কোন জাহাজে কি নৌকাতে শ্রীশ্রীমতীর জাহাজের ব্যবহৃত কোন নিশান কিম্বা তদাভাসের কোন নিশান কিম্বা বাণিজ্য জাহাজ রীতিমতে যে লাল নিশান উড়ায় তদ্ভিন্ন এবং শাদা অঞ্চলযুক্ত ইউনিয়ন জ্যাক নামক নিশানভিন্ন যদি দেশীয় বিশেষ লক্ষণস্বরূপ নিশান উড্ডীয়মান করে, কিম্বা শ্রীশ্রীমতীর জাহাজে যে মাইর ব্যবহার হয় যদি ঐ অন্য জাহাজে তাহা কি তদাভাসে কোন মাই তোলা যায়, তবে ঐ জাহাজের কি নৌকার অধ্যক্ষ এবং স্বামী ঐ জাহাজে কি নৌকায় থাকিলে তিনি এবং অন্য যে প্রত্যেক ব্যক্তি তাহা তোলেন কি তুলিবার কার্য্যে সংযুক্ত হন কি সাহায্য করেন তিনি সেই প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ সহস্র টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবেন। শ্রীশ্রীমতী মহারাণীর সৈনিক কি জাহাজসংক্রান্ত কর্ম্মে নিবিষ্ট এবং সম্পূর্ণ বেতনগ্রাহী কোন কার্য্যকারক কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা কষ্টমের কোন ব্রিটনীয় কর্ম্মকারক তদ্রূপ কোন জাহাজে কি নৌকায় গিয়া সেই জ্যাক কি নিশান কি মাই হরণ করিয়া লইতে পারিবেন। ও সেই জ্যাক ও নিশান ও মাই শ্রীশ্রীমতীর নিকটে জব্দ হইবে ইতি।

[কোন জাহাজ ব্রিটনীয় জাহাজ বলিয়া স্বীকৃত হইবে না, আইনেতে এইরূপ আজ্ঞা হইলে তাহার ফলের কথা।]

৯২ ধারা। যাঁহারা এই আইনঅনুসারে ব্রিটনীয় জাহাজের স্বামী হইবার যোগ্য হন, এমত কোন ব্যক্তির কি ব্যক্তিসমাজের জাহাজ ব্রিটনীয় জাহাজ স্বরূপ স্বীকৃত হইবে না, যদি এই আইনমতে এতদ্রূপ

ship, such ship shall not be entitled to any benefits, privileges, advantages or protection usually enjoyed by British ships, and shall not be entitled to use the British flag or assume the British national character; but, so far as regards the payment of dues, the liability to pains and penalties, and the punishment of offences committed on board such ship or by any persons belonging to her, such ship shall be dealt with in the same manner in all respects as if she were a recognized British ship.

Evidence.

[Copies of registers and declaration to be admissible in evidence and to be *primâ facie* proof of certain things.]

XCIII. Every register of or declaration made in pusuance of this Part in respect of any British ship may be proved in any Court or before any person having by law or by consent of parties authority to receive evidence, either by the production of the original or by an examined copy thereof, or by a copy thereof, purporting to be certified under the hand of the Registrar or other person having the charge of the original; which certified copies he is hereby required to furnish to any person applying at a reasonable time for the same, upon payment of eight annas for each such certified copy; and every such register or copy of a register, and also every certificate of registry of any British ship, purporting to be singed by the Registrar or other proper officer, shall be received in evidence in any Court or before any person having by law or by consent of parties authority to receive evidence, as *primâ facie* proof of all matters contained or recited in such register when the register or such copy is produced, and of all the matters contained in or indorsed on such certificate of registry, and purporting to be authenticated by the signature of a Registrar, when such certificate is produced.

Ships of Native States.

[Ships of Native States.]

XCIV. When any ship duly registered under this Act or under any Statute for the time being in force in the United Kingdom, shall come to be owned by Native Prince of State, or by any subject of such Native Prince or State, it shall be lawful for the Local Government to continue to such ship the privileges and advantages of a British ship for the purposes aforesaid, by a pass to be issued under the seal of the Local Government and subscribed by a Secretary to such Government, stating the voyage or voyages for which the same is to

আজ্ঞা করা যায়, তবে ব্রিটনীয় জাহাজের নিয়মিতরূপে যে লভ্য ও বিশেষাধিকার ও প্রাধান্য ও সুরক্ষা হয়, ঐ জাহাজের সেই লভ্যাদির অধিকার হইবে না, ও সেই জাহাজ ব্রিটনীয় ধ্বজা উড্ডীয়মান করিতে ও ব্রিটন দেশীয় লক্ষণ ধারণ করিতে সক্ষম হইবে না। কিন্তু দাতব্য টাকা দেওন, ও দণ্ডযোগ্যতা এবং সেই জাহাজে কি তৎসংক্রান্ত কোন লোককর্ত্তৃক অপরাধ হইলে তাহার দণ্ড সংক্রান্ত বিষয়ে সর্ব্বতোভাবে সেই জাহাজের পক্ষে স্বীকৃত ব্রিটনীয় জাহাজের ন্যায় কার্য্য হইবে ইতি।

প্রমাণের বিধি।

[রেজিষ্টরের ও প্রতিজ্ঞার প্রতিলিপি প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা ও আপাততঃ কোন২ বিষয়ের প্রমাণ হইবার কথা।]

৯৩ ধারা। এই খণ্ডের বিধিমতে কোন ব্রিটনীয় জাহাজের যে রেজিষ্টর ও তৎসম্পর্কীয় যে প্রতিজ্ঞাপত্র করা যায় তাহার মূলপত্র কি তাহার সমালোচিত প্রতিলিপি আদালতে, কিম্বা যে ব্যক্তি আইনক্রমে কি উভয় পক্ষের সম্মতিক্রমে প্রমাণ গ্রহণ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার সম্মুখে উপস্থিত করণ দ্বারা, প্রমাণীকৃত হইতে পারিবে, কিম্বা রেজিষ্ট্রারের কিম্বা অন্য যে ব্যক্তির অধিকারে মূলপত্র থাকে তাঁহার স্বাক্ষরিত হওয়ার ভাবাপন্ন কোন সংশিতপত্রযুক্ত প্রতিলিপিদ্বারা প্রমাণীকৃত হইতে পারিবে। কোন ব্যক্তি যুক্তিমত কোন সময়ে ঐ সংশিতপত্রযুক্ত প্রতিলিপি প্রার্থনা করিলে তাঁহাকে এতদ্দ্বারা ঐ সংশিতপত্রযুক্ত প্রত্যেক প্রতিলিপির জন্যে আট আনা ফী লইয়া ঐ প্রতিলিপি দিতে আজ্ঞা করা গেল। এবং তদ্রূপ প্রত্যেক রেজিষ্টর কি রেজিষ্টরের প্রতিলিপি এবং কোন ব্রিটনীয় জাহাজের রেজিষ্টরীর প্রত্যেক সর্টিফিকট রেজিষ্ট্রার সাহেব কি উপযুক্ত অন্য কার্য্যকারককর্ত্তৃক স্বাক্ষরিত হইবার ভাবাপন্ন হইলে, তাহা কোন আদালতে কিম্বা আইনক্রমে কি উভয় পক্ষের সম্মতিক্রমে সাক্ষ্য গ্রহণের ক্ষমতাপন্ন কোন ব্যক্তির সম্মুখে সাক্ষ্যস্বরূপে গ্রাহ্য হইবে। অর্থাৎ যখন রেজিষ্টর কি ঐ প্রতিলিপি উপস্থিত করা যায়, তখন আপাততঃ ঐ রেজিষ্টরের লিখিত ও উল্লিখিত সকল বিষয়ের, এবং যখন ঐ সর্টিফিকট উপস্থিত করা যায় তখন রেজিষ্ট্রার সাহেবের স্বাক্ষরক্রমে দৃঢ়ীকৃত হওয়ার ভাবাপন্ন ঐ রেজিষ্টরী সর্টিফিকটের মধ্যে কি তাহার পৃষ্ঠে লিখিত সকল বিষয়ের প্রমাণ স্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

দেশীয় রাজার জাহাজের বিধি।

[দেশীয় রাজগণের জাহাজের কথা]

৯৪ ধারা। এই আইনমতে, কিম্বা ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যে যে ব্যবস্থা যে সময়ে প্রবল থাকে তদনুসারে কোন জাহাজ নিয়মিতরূপে রেজিষ্টর করা গেলে পর যদি এদেশীয় কোন রাজার কি রাজ্যের সম্পত্তি হয়, কিম্বা এদেশীয় রাজার কি রাজ্যের কোন প্রজার সম্পত্তি হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত অভিপ্রায়ে পাস দিয়া ঐ জাহাজের পক্ষে ব্রিটনীয় জাহাজের প্রাধান্য ও লভ্য প্রবর্ত্তমান করিতে পারিবেন। সেই পাস স্থানীয় গবর্ণমেণ্টের মোহরাঙ্কিত হইবে ও ঐ গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেব কর্ত্তৃক স্বাক্ষরিত হইবে। ও যে এক কি অধিক

have effect, and the period for which it is to last. It shall be lawful for the Local Government to issue a similar pass conferring the privileges and advantages of a British ship for the purposes aforesaid under this Act to any ship built within the dominions of such Native Prince or State, and owned by such Prince or State or by any of his or its subjects: Provided always, that the ships belonging to Native Princes or States or their subjects, in respect of which passes may be granted under this Act shall, during the voyage or voyages, or the period for which any such pass shall be granted, be commanded by a subject of Her Majesty for whom the Governor General of India in Council has power to legislate.

[Issue of passes to ships of Native States.]

XCV. The passes which, under the last preceding Section of this Act, may be issued for conferring the privileges and advantages of a British ship in certain cases to any ship built within the dominions of a Native Prince or State in surbordinate alliance or having subsidiary treaties with the Government of India, may be issued in the like cases and under the same restrictions to any ship belonging to any such Native Prince or State or his or its subjects, wherever the same may have been built.

Coasting Ships.

[Coasting ships may be registered and obtain passes.]

XCVI. Except as regards ships whose registration is compulsory under this Act, all ships of whatever rig and of whatever tonnage owned by British subjects, and entitled to registry under this Act, or owned by such Native Princes or States or by their subjects, and entitled to passes under this Act, employed only in coasting voyages or between any port of the Continent of India and the Island of Ceylon, may be registered and obtain passes, and the tonnage may be marked, according to such rules as shall be made from time to time by the Local Government.

[Fee for certificate of registry of such coasting ships.]

XCVII. The owners of coasting vessels registered under Section 96 shall pay for each certificate of registry—

For a vessel not exceeding the burthen of four tons, one rupee;

Exceeding four tons and not exceeding twenty tons, five rupees;

যাত্রার জন্যে তাহা ক্রমশঃ হইবে ও যত কাল প্রবল থাকিবে এই কথা তাহাতে নির্দ্দিষ্ট থাকিবে। উক্ত দেশীয় রাজার কি রাজ্যের মধ্যে যে জাহাজ নির্ম্মিত হইয়া সেই রাজার কি রাজ্যের কি তদীয় কোন প্রজার সম্পত্তি হয়, স্থানীয় গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত প্রকারের পাস দিয়া পূর্ব্বোক্ত অভিপ্রায়ে সেই জাহাজের প্রতি ব্রিটনীয় জাহাজের প্রাধান্য ও লভ্য প্রদান করিতে সক্ষম আছেন। পরন্তু দেশীয় রাজার কি রাজ্যের কি তদীয় প্রজাদের যে সকল জাহাজের উপলক্ষে এই আইনমতে পাস দেওয়া যায়, যাত্রার কি যত কালের নিমিত্তে তাহা দেওয়া যায় মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ব্রিটনীয় যে প্রজার পক্ষে আইন করিতে ক্ষমতাপন্ন হন সেই যাত্রার; কি তত কালের নিমিত্তে, এমত কোন ব্যক্তির ঐ জাহাজের অধ্যক্ষ হওয়া প্রয়োজন ইতি।

[এদেশীয় রাজগণের জাহাজে পাস দিবার কথা।]

৯৫ ধারা। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অধীনতা কি সহায়তাভাবে সন্ধিবদ্ধ এদেশীয় কোন রাজার কি রাজ্যের শাসিত দেশে যে জাহাজ নির্ম্মিত হয়, এই আইনের পূর্ব্ব ধারার বিধানমতে কোনং গতিকে সেই জাহাজের প্রতি ব্রিটনীয় জাহাজের প্রাধান্য ও লভ্য প্রদান করণার্থে যে প্রকারের পাস দেওয়া যাইতে পারে, তদ্রূপ দেশীয় রাজার কি রাজ্যের কি তদীয় প্রজার কোন জাহাজ যে কোন স্থানে নির্ম্মিত হয়, সেই জাহাজকে পূর্ব্বোক্ত গতিকে ও পূর্ব্বোক্ত সংকেচার্থ বিধিমতে সেই প্রকারের পাস দেওয়া যাইতে পারিবে ইতি।

সমুদ্রকূল দেশগামী জাহাজের বিধি।

[সমুদ্র কূলে গমনকারি জাহাজের রেজিষ্টরী করিয়া পাস পাইতে পারিবার কথা।]

৯৬ ধারা। এই আইনমতে যে সকল জাহাজের রেজিষ্টরী করা অবশ্য কর্ত্তব্য, তদ্ভিন্ন যে প্রকারের রিঙ্গিনযুক্ত ও যত টন ধারি যে সকল জাহাজ ব্রিটনীয় প্রজারদের অধিকৃত হওয়াতে এই আইনমতে রেজিষ্টরী হইতে পারে, কিম্বা এদেশীয় উক্ত প্রকার রাজাদের কি রাজ্যের কি তদীয় প্রজারদের অধিকৃত হইয়া এই আইনমতে পাস পাইবার যোগ্য হয়, যদি সেই জাহাজ কেবল সমুদ্রকূলেং এক স্থানহইতে অন্য স্থানে যায়, কিম্বা ভারতবর্ষ মহাদ্বীপের কোন বন্দর এবং সিংহলদ্বীপের মধ্যে যাতায়াত করে, তবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে বিধি করেন তদনুসারে ঐ জাহাজ রেজিষ্টরী হইতে ও পাস পাইতে পারিবে, ও যত টন ধরে তাহাও তাহাতে চিহ্নিত থাকিবে ইতি।

[সমুদ্র কূলগামি তদ্রূপ জাহাজের রেজিষ্টরীর সর্টিফিকটের ফীর কথা।]

৯৭ ধারা। সমুদ্র কূলগামি যে জাহাজ ৯৬ ধারামতে রেজিষ্টর করা যায়, তাহার স্বামিগণ রেজিষ্টরীর প্রত্যেক সর্টিফিকটের এইং ফী দিবেন,

চারি টনের অনধিক বোঝাইধারি জহাজের ... ১৲ টাকা।

চারি টনের অধিক কিন্তু বিশ টনের অনধিক বোঝাইধারি জাহাজের .. ৫৲ টাকা।

Exceeding twenty tons and not exceeding eighty tons, seven rupees;

Exceeding eighty tons, for each ton two annas;

Such fees shall be carried to the credit of the Government of India.

Fees for Certificates and passes.

[Fees to be fixed by Governor General in Council.]

XCVIII. Subject to the provisions contained in Section 97, fees demandable in respect of the granting any certificate or pass under this Act, shall be fixed from time to time according to the directions of the Governor General of India in Council.

[Ships to belong ports at which they shall be registered.]

XCIX. All ships being registered, or in respect of which passes may have been granted which are unexpired at the time of passing of this Act, shall, for the purpose of being deemed British ships, be deemed to belong to the ports at which they may have been registered, or when passes shall have been granted which are unexpired, at which such passes may have been respectively granted. Such ships built and owned as required by the Statute 3 & 4 Vic., cap. 56, shall continue subject to all the rules in force at the respective Presidencies before the passing of this Act, touching the registering, measurement, granting passes or other requisitions in respect of the same, and shall not be subject to the provisions of this Act, or any provisions of the Statute Law, a compliance with which may heretobefore have been necessary in order that ships built and owned as aforesaid might be deemed British ships for the purposes of trade.

PART III.

MASTERS AND SEAMEN.

CHAPTER I.

Mercantile Marine Offices.

[Mercantile Marine Offices.]

C. An office shall be established at each of the ports of Calcutta, Madras and Bombay, and at such other ports as the Governor General of India in Council shall hereafter deem necessary. For every such office there shall be a Superintendent to be called the Superintendent of the Mercantile Marine Office of Calcutta, Madras or otherwise, as the case may be, with such necessary Deputy Superintendents, clerks and servants, at such salaries and subject to such regulations as the

বিশ টনের অধিক কিন্তু আশী টনের অনধিক বোঝাইধারি জাহাজের ... ৭৲ টাকা।

আশী টনের অধিক প্রত্যেক টনের জন্যে ... ২৲ টাকা।

সেই সকল ফী ভারতবর্ষের গবর্ণমেন্টের নামে জমা হইবে ইতি।

সর্টিফিকটের ও পাসের ফীর বিধি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব-কর্ত্তৃক ফী নিরূপণ হইবার কথা।]

৯৮ ধারা। ৯৭ ধারার লিখিত বিধান প্রবল মানিয়া এই আইনমতে কোন সর্টিফিকট কি পাস দিবার জন্যে যে ফী লওয়া যাইতে পারিবে তাহা সময়ে২ মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে নির্দ্ধারিত হইবে ইতি।

[জাহাজ যে বন্দরে রেজিষ্টর করা যায় সেই বন্দরের জাহাজ হওয়ার কথা।]

৯৯ ধারা। যে সকল জাহাজ রেজিষ্টর করা যায়, কিম্বা যাহার পাস দেওয়া গিয়াছে ও এই আইন প্রচলিত হইবার সময়ে সেই পাসের মিয়াদ গত হয় নাই সেই জাহাজ ব্রিটনীয় জাহাজ জ্ঞান হয় এই নিমিত্তে তাহা যে বন্দরে রেজিষ্টর হইয়াছে সেই বন্দরের জাহাজ জ্ঞান হইবে, যদি পাস দেওয়া গিয়া থাকে ও সেই পাসের মিয়াদ গত না হয়, তবে যে বন্দরে পাস দেওয়া গেল সেই বন্দরের জাহাজ জ্ঞান হইবে। যদি উক্ত প্রকারের জাহাজ মহারাণী বিক্টোরিয়ার ৩ ও ৪ বৎসরের আইনের ৫৬ অধ্যায়ক্রমে নির্ম্মিত ও অধিকৃত হয়, তবে এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে নানা প্রসিডেন্সীতে রেজিষ্টরী করণ ও মাপন ও পাস দেওন কি তৎসংক্রান্ত অন্য আজ্ঞা বিষয়ে যে সকল বিধি প্রবল ছিল, ঐ জাহাজের প্রতি সেই সকল বিধি বর্ত্তিবে, এই আইনের বিধান বর্ত্তিবে না। এবং পূর্ব্বোক্ত প্রকারে নির্ম্মিত ও অধিকৃত সকল জাহাজ বাণিজ্য কার্য্যের নিমিত্তে ব্রিটনীয় জাহাজ জ্ঞান হয় এই জন্যে যদিও পূর্ব্বে ষ্টাটুট লা নামক ব্যবস্থার বিধানমতে কার্য্য হওয়া আবশ্যক ছিল তথাপি তাহার বিধান ঐ জাহাজের প্রতি বর্ত্তিবে না ইতি।

---

৩ খণ্ড।

অধ্যক্ষ ও নাবিক।

১ অধ্যায়।

মরকান্টাইল মারীন্ আফিসের বিধি।

[মরকান্টাইল মারীন আফিসের কথা।]

১০০ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইহার পরে অন্য যেং বন্দর আবশ্যক জ্ঞান করেন সেইং বন্দরে একং আফিস করা যাইবে। উক্ত প্রত্যেক আফিসে এক জন কর্ত্তা নিযুক্ত থাকিবেন তাঁহার নাম কলিকাতা কি বিষয়বিশেষে মান্দ্রাজপ্রভৃতি স্থানের "মর্কান্টাইল মারিন আফিসের সুপরিন্টেণ্ডেন্ট"। প্রয়োজনমতে ডেপুটী সুপরিন্টেণ্ডেন্ট ও কেরাণীরা ও চাকরেরা নিযুক্ত হইবেন। স্থানীয় গবর্ণমেন্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত

Local Government shall from time to time, with the sanction of the Governor General of India in Council, direct and appoint. Every act done by or before any Deputy Superintendent duly appointed shall have the same effect as if done by or before a Superintendent.

[Appointment, removal, and control of Superintendents and Deputy Superintendents.]

CI. The Local Government shall have power to appoint and remove such Superintendents and Deputy Superintendents who shall respectively be subject to the control of that Government, or of any intermediate authority which it may appoint.

[Business of Superintendents and Deputy Superintendents.]

CII. It shall be the general business of the Superintendents and Deputy Superintendents appointed under this Act to superintend and facilitate the engagement and discharge of seamen in manner hereinafter mentioned, to provide means for securing the presence on board at the proper times of men who are so engaged, and to perform such other duties relating to merchant seamen and merchant ships as are hereby or under the Merchant Shipping Act, 1854, or as may hereafter under the powers herein contained, be committed to them. It shall also be the duty of the Superintendent and Deputy Superintendents to give to all persons desirous of apprenticing boys to the sea-service, and duly authorized so to do by Act No. XIX. of 1850 (*concerning the binding of apprentices*), and also to masters and owners of ships requiring apprentices, such assistance as may be in their power for facilitating the making of such apprenticeships.

[Fees to be paid upon engagements and discharges.]

CIII. Such fees, not exceeding the sums specified in the Table marked A. in the second Schedule to this Act, as are from time to time fixed by the Local Government, shall be payable upon all engagements and discharges effected before Superintendents as hereinafter mentioned. Scales of the fees payable for the time being shall be conspicuously placed in the Mercantile Marine Offices; and all Superintendents, Deputy Superintendents, Clerks and servants may refuse to proceed with any engagement unless the fees payable thereon are first paid. Provided that when any seamen is discharged from a vessel and re-engaged for the same vessel on the day of his discharge, the fees payable in respect of such discharge and re-engagement shall be one-half of the fees which would otherwise have been payable.

গবর্ণর জেনরল সাহেবের অনুমতি ক্রমে কখনে২ যে বেতন নিরূপণ ও যে বিধি করেন, ঐ কর্ম্মকারকেরা সেই বেতন পাইবেন ও সেই বিধিমতে নিযুক্ত হইবেন। ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্টকর্ত্তৃক কি তৎসম্মুখে নিয়মিতরূপে যে ক্রিয়া করা যায়, তাহা সুপরিন্টেণ্ডেণ্টকর্ত্তৃক কি তৎসম্মুখে হইবার তুল্য হইবে ইতি।

[সুপরিন্টেণ্ডেণ্টের ও ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্টের নিয়োগ ও অপসরণ ও তত্ত্বাবধানের কথা।]

১০১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট তদ্রূপ সুপরিন্টেণ্ডেণ্ট ও ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্টদিগকে নিযুক্ত ও অপসর করিতে সক্ষম হইবেন। এবং তাঁহারা ঐ গবর্ণমেণ্টের কিম্বা তৎকর্ত্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্ত্তৃপক্ষের আজ্ঞার অধীনে থাকিবেন ইতি।

[সুপরিন্টেণ্ডেণ্ট ও ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্টদিগের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

১০২ ধারা। এই আইনমতে যে সুপরিন্টেণ্ডেণ্টেরা ও ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্টেরা নিযুক্ত হন, সাধারণমতে তাঁহাদের এই২ কর্ত্তব্য। নিম্নলিখিত প্রকারে নাবিকদিগের কর্ম্ম পাইবার ও ছাড়াইবার কার্য্যের তত্ত্ব লইয়া তাহার সুবিধা করিবেন। যাহারা সেই প্রকারে কর্ম্ম পায় উপযুক্ত সময়ে জাহাজে তাহাদের উপস্থিত হইবার উপায় করিবেন। এবং এই আইন কিম্বা ১৮৫৪ সালের বাণিজ্য জাহাজসংক্রান্ত আইনক্রমে কিম্বা এই আইনগত পশ্চাল্লিখিত ক্ষমতাক্রমে বাণিজ্য জাহাজের নাবিক ও বাণিজ্য জাহাজসংক্রান্ত অন্য যে কর্ম্ম তাহাদের প্রতি অর্পিত হয় তাহা সম্পাদন করিবেন। সুপরিন্টেণ্ডেণ্টের ও ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্টের ইহাও কর্ত্তব্য, যাঁহারা বালকদিগকে সমুদ্রগত কর্ম্মশিক্ষার্থিস্বরূপে নিযুক্ত করিতে চাহেন, এবং শিক্ষার্থিদিগকে নিয়ম বদ্ধ করণার্থ ১৮৫০ সালের ১৯ আইন অনুসারে তাহা করিতে উপযুক্ত ক্ষমতাপন্ন হন, তাঁহাদিগের এবং জাহাজের যে অধ্যক্ষেরা ও স্বামিরা শিক্ষার্থিদিগকে চাহেন, তাঁহাদিগের ঐ শিক্ষার্থিপদ নিরূপণের কার্য্য সহজ করিবার জন্যে সাধ্যমতে সাহায্য করিবেন ইতি।

[কর্ম্ম পাইবার ও কর্ম্মহইতে অপসর হইবার জন্যে যে ফী দিতে হইবে তাহার কথা।]

১০৩ ধারা। কোন ব্যক্তি সুপরিন্টেণ্ডেণ্টের সম্মুখে কর্ম্ম প্রাপ্ত হইলে কি কর্ম্মহইতে অপসর হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের দ্বিতীয় তফসীলের A চিহ্নিত টেবিলের নির্দ্দিষ্ট টাকার অনধিক যত ফী সময়ে২ নিরূপণ করেন তাহা লওয়া যাইবে। যে সময়ে যে হিসাবে ফী দিতে হইবে, তাহার নির্ঘণ্টপত্র মরকাণ্টাইল মারীন আফিসের কোন প্রকাশ স্থানে লটকাইয়া রাখিতে হইবে। সেই ফী অগ্রে না দেওয়া গেলে, সুপরিন্টেণ্ডেণ্টেরা ও ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্টেরা ও কেরাণিরা ও চাকরেরা কর্ম্ম দিবার কার্য্যে হস্তক্ষেপ করিতে অস্বীকার করিতে পারিবেন। কিন্তু কোন নাবিককে যে দিনে কোন জাহাজহইতে ছাড়িয়া দেওয়া যায় যদি সেই দিনে পুনরায় ঐ জাহাজে কর্ম্ম পায়, তবে অন্য গতিকে যত ফী দেওয়া যাইত তাহাকে ছাড়াইবার ও পুনশ্চ কর্ম্ম দিবার উপলক্ষে তাহার কেবল অর্দ্ধেক দিতে হইবে ইতি।

[Fees by whom to be paid. Proviso as to excess.]

CIV. Every owner or Master of a ship engaging or discharging any seaman in a Mercantile Marine Office or before a Superintendent, shall pay to the Superintendent the whole of the fees hereby made payable in respect of such engagement or discharge, and may, for the purpose of in part reimbursing himself, deduct in respect of each such engagement or discharge from the wages of all persons (except apprentices) so engaged or discharged, and retain any sums not exceeding the sums specified in that behalf in the Table marked B. in the second Schedule hereto. Provided that, if in any cases the sums which the owner is so entitled to deduct exceed the amount of the fee payable by him, such excess shall be paid by him to the Superintendent in addition to such fee. Provided also, that when any seaman is discharged from a vessel and re-engaged for the same vessel on the day of his discharge, the owner or master shall not deduct more than one-half of the sums so specified.

[Penalty on Superintendent taking other remuneration.]

CV. Any Superintendent, Deputy Superintendent, or any clerk or servant in any Mercantile Marine Office, who demands or receives any renumeration whatever either directly or indirectly, for hiring or supplying any seaman for any merchant ship, excepting the lawful fees payable under this Act, shall for every such offence incur a penalty not exceeding two hundred rupees, and shall also be dismissed from his office.

[Business of Mercantile Marine Office may be transacted at Custom House or elsewhere.]

CVI. The Local Government may direct that, at any place at which no separate Mercantile Marine Office is established, the whole or any part of the business of the Mercantile Marine Office shall be conducted at the Custom House or at the office of the Master Attendant or Harbour Master, or at such other office as the Government shall direct, and thereupon the same shall be there conducted accordingly; and in respect of such business such Custom House or office as aforesaid shall for all purposes be deemed to be a Mercantile Marine Office, and the officer of Customs or other officer there, to whom such business is committed, shall for all purposes be deemed to be a Surperintendent of a Mercantile Marine Office within the meaning of this Act.

[Dispensation with superintendence of Superintendent of Mercantile Marine Office.]

CVII. The Local Government may from time to time dispense with the transaction before a

[যাহাদের ফী দিতে হইবে তাহাদের কথা ও অতিরিক্ত দিলে তাহার উপবিধি।]

১০৪ ধারা। জাহাজের কোন স্বামী কি অধ্যক্ষ যখন মরকান্টাইল মারীন আফিসে কিম্বা সুপরিন্টেণ্ডেন্টের সম্মুখে কোন নাবিককে কর্ম্ম দেন কি তাঁহাকে কর্ম্মহইতে ছাড়ান তখন এই আইনক্রমে তদ্রূপে কর্ম্ম দেওন কি কর্ম্মহইতে ছাড়ানপ্রযুক্ত যত ফী দাতব্য হয় তিনি সুপরিন্টেণ্ডেন্টকে সেই সকল ফী দিবেন। এবং কর্ম্ম দেওন কি ছাড়ানপ্রযুক্ত আপনার সেই ব্যয়ের কিয়দংশ শোধ করিবার উপলক্ষে এই আইনের দ্বিতীয় তফসীলের B চিহ্নিত টেবিলে যত টাকা নির্দ্দিষ্ট হইয়াছে শিক্ষার্থিভিন্ন তদ্রূপে নিযুক্ত কি অপসৃত সকল ব্যক্তির বেতনহইতে তিনি সেই টাকার অনধিক বাদ দিয়া রাখিতে পারিবেন। কিন্তু স্বামী উক্ত প্রকারে যত টাকা বাদ দিতে পারেন তাহা যদি কোন স্থলে আপনার দাতব্য ফীর অধিক হয়, তবে তিনি সুপরিন্টেণ্ডেন্টকে ঐ ফীর অতিরিক্ত সেই অধিক টাকা দিবেন। আরো কোন নাবিককে কোন জাহাজহইতে ছাড়াইয়া দেওয়া গেলে যদি সেই দিনে তাহাকে পুনরায় সেই জাহাজে কর্ম্ম দেওয়া যায়, তবে স্বামী কি অধ্যক্ষ সেই অবধারিত টাকার অর্দ্ধেকের অধিক বাদ দিতে পারিবেন না ইতি।

[সুপরিন্টেণ্ডেণ্ট অন্য পারিতোষিক গ্রহণ করিলে তাহার দণ্ডের কথা।]

১০৫ ধারা। যদি কোন মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট কি ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট কি কেরাণী কি চাকর কোন বাণিজ্য জাহাজের নিমিত্ত কোন নাবিককে ঠিকা দিবার কি যুটাইবার জন্যে এই আইনঅনুসারে দাতব্য ফী ভিন্ন স্পষ্টরূপে কি চক্রান্তে কোন প্রকারের পারিতোষিক চাহেন কি লন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইয়া তাহাকে পদচ্যুত করা যাইতে পারিবে ইতি।

[মরকান্টাইল মারীন আফিসের কর্ম্ম কষ্টম হৌসে কি স্থানান্তরে নির্ব্বাহ হইতে পারিবার কথা।]

১০৬ ধারা। যদি কোন স্থানে মরকান্টাইল মারীন আফিসের জন্যে স্বতন্ত্র ঘর অবধারিত না হয়, তবে স্থানীয় গবর্ণমেন্ট আজ্ঞা করিতে পারিবেন যে কষ্টম হৌসে কি মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেবের কি হারবর মাষ্টর সাহেবের আফিসে কিম্বা গবর্ণমেন্ট অন্য যে কোন আফিস নিরূপণ করেন সেই আফিসে মরকান্টাইল মারীন আফিসের কর্ম্ম নির্ব্বাহ করা যায়, তাহা হইলে ঐ কর্ম্ম সেই স্থানে নির্ব্বাহ হইবে। এবং সেই কর্ম্মের উপলক্ষে সেই কষ্টম হৌস কি পূর্ব্বোক্ত অন্য আফিস সর্ব্বোতোভাবে মরকান্টাইল মারীন আফিস জ্ঞান হইবে। এবং কষ্টমের যে কার্য্যকারকের কিম্বা তত্রত্য অন্য যে কর্ম্মকারকের প্রতি ঐ কর্ম্ম অর্পিত হয় তিনি সর্ব্বতোভাবে এই আইনের অর্থমতে মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট জ্ঞান হইবেন ইতি।

[মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্টের তত্ত্বাবধারকতা কর্ম্ম স্থগিত হইবার কথা।]

১০৭ ধারা। এই আইনের আজ্ঞাক্রমে মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্টের

Superintendent of a Mercantile Marine Office or in a Mercantile Marine Office of any matters required by this Act to be so transacted, and thereupon such matters shall, if otherwise duly transacted as required by law be as valid as if transacted before a Superintendent of a Mercanitile Marine Office or in a Mercantile Marine Office.

Chapter II.

Of the Examinations and Certificates of Masters, Mates and Engineers.

[Examinations instituted.]

CVIII. Examinations shall be instituted for persons who intend to become masters, mates, or engineers of Home-trade ships or steamers of a burden exceeding three hundred tons, or of foreign-going ships or steamers, or who wish to procure certificates of competency hereinafter mentioned.

[Local Government to appoint examiners. Rules for conduct of examinations. Fees.]

CIX. The Local Government or any Board or officer duly authorized by the Local Government in that behalf shall, from time to time, nominate two or more competent persons for the purpose of examining the qualifications of the applicants for examination. The Local Government may, with the sanction of the Governor General of India in Council, make rules for the conduct of such examinations, and as to the qualifications to be required, and such rules shall be strictly adhered to by all examiners. Fees at the following rates shall be paid by all applicants for examintion :

For a certificate as master,	twenty	Rupees.
Ditto ditto as mate,	ten	,,
Ditto ditto as first class engineer,	twenty	,,
Ditto ditto as second class ditto,	ten	,,

[Certificates of competency.]

CX. The Local Government or such Board or officer as aforesaid, shall deliver to every applicant who is reported by the examiners to have passed the examination satisfactorily, and to have given satisfactory evidence of his sobriety, experience, ability, and general good conduct on board ship, a certificate (hereinafter called a "certificate of competency") to the effect that he is competent to act as master, mate, first class engineer, or second class engineer of a Home-trade ship or steamer of a burden exceeding three hundred tons, or of a foreign-going ship or steamer, as the case may be.

সম্মুখে কিম্বা সেই আফিসে যে কর্ম্ম নির্ব্বাহ করিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং তাঁহারই সম্মুখে কি সেই আফিসে ঐ কর্ম্ম নির্ব্বাহ করা বারণ করিতে পারিবেন। তাহা হইলে যদি সেই কর্ম্ম অন্য সকল ভাবে আইনের আদেশমতে নিয়মিতরূপে সম্পাদিত হয়, তবে মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিণ্টেণ্ডেণ্টের সম্মুখে কি মরকণ্টাইল মারীন আফিসে সম্পাদন হওয়ার ন্যায় সিদ্ধ হইবে ইতি।

---

২ অধ্যায়।

মাষ্টরের ও মেটের ও ইঞ্জিনিয়রের পরীক্ষার ও সর্টিফিকটের বিধি।

[পরীক্ষা করিবার বিধান।]

১০৮ ধারা। যাহারা ভিন্ন দেশগামি বাণিজ্য জাহাজের কিম্বা তিন শত টনের অধিক বোঝাইধারি ষ্টীমরের কিম্বা ভিন্ন দেশে গমনশীল জাহাজের কি ষ্টীমরের মাষ্টর কি মেট কি ইঞ্জিনিয়র হইতে চাহেন, কিম্বা যাঁহারা পশ্চাৎ লিখিত প্রকারে যোগ্যতার সর্টিফিকট প্রাপ্ত হইতে চাহেন, তাঁহারদের পরীক্ষা দিবার বিধান হইবে ইতি।

[পরীক্ষকদিগকে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত করিবার কথা ও পরীক্ষা করণের বিধি ও ফীর কথা।]

১০৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা কোন বোর্ড কিম্বা এতদুপলক্ষে স্থানীয় গবর্ণমেণ্টকর্তৃক উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক পরীক্ষা দানাকাঙ্ক্ষিদের কর্ম্মযোগ্যতার পরীক্ষা করণাভিপ্রায়ে সময়েং দুই কি অধিক উপযুক্ত ব্যক্তিকে মনোনীত করিবেন। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতিক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ পরীক্ষার কার্য্য চালাইবার বিধি এবং যেং বিষয়ের নৈপুণ্য প্রয়োজন ইহার বিধি নিরূপণ করিবেন। এবং সকল পরীক্ষক ঐ সকল বিধি অতিদৃঢ়রূপে পালন করিবেন। পরীক্ষাদানাকাঙ্ক্ষি সকল ব্যক্তির স্থানে নিম্নলিখিত হারে ফী লওয়া যাইবে। অর্থাৎ

মাস্টরের সর্টিফিকটের জন্যে	...	বিশ টাকা।
মেটের ঐ	...	দশ টাকা।
প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়রের ঐ	..	বিশ টাকা।
দ্বিতীয় শ্রেণীর ঐ ঐ	...	দশ টাকা।

[কর্ম্মযোগ্যতার সংশিতপত্রের কথা।]

১১০ ধারা। পরীক্ষকদের রিপোর্টমতে যাঁহারা সন্তোষজনকরূপে পরীক্ষা দিয়াছেন ও জাহাজে থাকিবার কালে পরিমিতাচারের ও অনুশীলনের ও কর্ম্মক্ষমতার ও সাধারণমতে সদাচারের উপযুক্ত প্রমাণ দেন, স্থানবিশেষের গবর্ণমেণ্ট কিম্বা পূর্ব্বোক্ত বোর্ড কি কার্য্যকারক সাহেব তাঁহারদিগকে সর্টিফিকট দিবেন। এই আইনে তাহা "যোগ্যতার সর্টিফিকট" বলা গিয়াছে। ঐ সর্টিফিকটের মর্ম্ম এই, তিনি দেশীয় বাণিজ্যের তিন শত টনের অধিক বোঝাইয়ের জাহাজের কিম্বা বিষয় বিশেষে ভিন্ন দেশগামি জাহাজের কি ষ্টীমরের অধ্যক্ষের কি মালিমের কি প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়রের কি দ্বিতীয় শ্রেণীর ইঞ্জিনিয়রের কার্য্য করিবার যোগ্য ইতি।

[Certificates of service.]

CXI. Certificates of service, differing in form from certificates of competency, shall be granted as follows; (that is to say):—

(1.) Every person who before the passing of this Act, has served as master in the British merchant service, or as master of any foreign-going ship registered under Act No. X of 1841, or who shall attain or has attained the rank of Lieutenant, Master, passed Mate, or Second Mate, or any higher rank, in the service of Her Majesty or of the late East India Company, shall be entitled to a certificate of service as Master for foreign-going ships:

(2). Every person who, before the passing of this Act, has served as mate in the British merchant service or as mate of any such ship as aforesaid, shall be entitled to a certificate of service as mate or foreign-going ships:

(3). Every person who, before the passing of this Act, has served as master or mate of a Home-trade ship of a burden exceeding three hundred tons, shall be entitled to a certificate of service as master or mate (according to such previous service) for such Home-trade ships:

(4). Every person who, before the passing of this Act, has served as first engineer in any foreign-going steam ship of one hundred nominal horse-power or upwards, or who has attained or attains the rank of engineer in the service of the late East India Company or of Her Majesty, shall be entitled to a "First Class Engineer's Certificate" of service:

(5). Every person who, before the passing of this Act, has served as second engineer in any foreign-going steam ship of one hundred nominal horse-power or upwards, or as first or only engineer in any other steam ship, or who has attained or attains the rank of first class assistant engineer in the service of Her Majesty, shall be entitled to a "second class engineer's certificate" of service:

And each of such certificates of service shall contain particulars of the name and of the length and nature of the previous service of the person to whom it is delivered; and the Local Government or such other authority as aforesaid shall deliver such certificates of service to the various persons so respectively entitled thereto, upon their proving themselves to have attained such rank or to have served as aforesaid, and upon their giving a full and satisfactory account of the particulars aforesaid.

[কর্ম্মের সর্টিফিকটের কথা।]

১১১ ধারা। যোগ্যতার ও কর্ম্মের সর্টিফিকটের পাঠের বিশেষ২ পাঠ আছে। নিম্নলিখিত ব্যক্তিরা তাহা পাইতে পারিবেন, অর্থাৎ—

১।—এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে কেহ ব্রিটনীয় বাণিজ্য জাহাজের অধ্যক্ষের কর্ম্ম করিয়াছেন, কিম্বা ১৮৪১ সালের ১০ আইনমতে রেজিষ্টরীকরা ভিন্নদেশগামি কোন জাহাজের অধ্যক্ষের কর্ম্ম করিয়াছেন, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি ভূতপূর্ব্ব কোম্পানি বাহাদুরের জাহাজে কর্ম্ম করিয়া লেপ্টেনেণ্টের কি অধ্যক্ষের কি পরীক্ষোত্তীর্ণ মালিমের কি দ্বিতীয় মালিমের পদ পাইয়াছেন কি পান, তিনি ভিন্নদেশগামি জাহাজের অধ্যক্ষের কর্ম্মের সর্টিফিকট পাইতে পারিবেন।

২।—যে ব্যক্তি এই আইন প্রচলিত হইবার অগ্রে ব্রিটনীয় বাণিজ্য জাহাজের কি পূর্ব্বোক্তমতের কোন জাহাজের মালিমের কর্ম্ম করিয়াছেন, তিনি ভিন্নদেশগামি জাহাজের মালিমের কর্ম্মের সর্টিফিকট পাইতে পারিবেন।

৩।—যে ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে তিন শত টনের অধিক বোঝাইয়ের দেশীয় বাণিজ্য জাহাজের অধ্যক্ষের কি মালিমের কর্ম্ম করিয়াছেন, তিনি (আপনার সেই পূর্ব্বের কর্ম্মানুসারে) দেশীয় বাণিজ্যের জাহাজের অধ্যক্ষের কি মালিমের কর্ম্মের সর্টিফিকট পাইতে পারিবেন।

৪।—যে ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে এক শত কি তদধিক ঘোটকের বলবিশিষ্ট ভিন্নদেশগামি কোন ষ্টীমরে প্রধান ইঞ্জিনিয়রের কর্ম্ম করিয়াছেন, কিম্বা ভূতপূর্ব্ব কোম্পানি বাহাদুরের কি শ্রীশ্রীমতী মহারাণীর কর্ম্মে নিবিষ্ট হইয়া ইঞ্জিনিয়রের শ্রেণীপ্রাপ্ত হইয়াছেন কি হন তিনি কর্ম্মসংক্রান্ত প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়রের সর্টিফিকট পাইতে পারিবেন।

৫।—যে ব্যক্তি এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে এক শত কি তদধিক ঘোটকের বলবিশিষ্ট ভিন্নদেশগামি ষ্টীমরে দ্বিতীয় ইঞ্জিনিয়রের কর্ম্ম করিয়াছেন, কিম্বা অন্য কোন ষ্টীমরে প্রথম কি একাই ইঞ্জিনিয়রের কর্ম্ম করিয়াছেন, কিম্বা শ্রীশ্রীমতীর কর্ম্মে নিবিষ্ট হইয়া প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়রের শ্রেণী প্রাপ্ত হইয়াছেন কি হন, তিনি কর্ম্মসংক্রান্ত দ্বিতীয় শ্রেণীর ইঞ্জিনিয়রের সর্টিফিকট পাইতে পারিবেন।

ও যাঁহাকে কর্ম্মের সেইরূপ সর্টিফিকট দেওয়া যায় তাঁহার নাম, ও তিনি যত কাল ও যে প্রকারের কর্ম্ম করিয়াছিলেন তাহার বিশেষ কথা, ঐ পত্রে লিখিয়া দেওয়া যাইবে। ও যে ব্যক্তিরা পূর্ব্বোক্তমতের পদপ্রাপ্ত হইয়াছিলেন ও পূর্ব্বোক্তমতে কর্ম্ম করিয়াছিলেন ইহার প্রমাণ করিয়া, ও পূর্ব্বোক্তমতের বিশেষ কথার সম্পূর্ণ ও হৃদ্বোধজনক বৃত্তান্ত কহিয়া, সেই প্রকারের সর্টিফিকট পাইবার যোগ্য হন স্থানবিশেষের গবর্ণমেণ্ট কিম্বা পূর্ব্বোক্তমতের অন্য কার্য্যকারক তাঁহাদিগকে কর্ম্মের সর্টিফিকট প্রদান করিবেন ইতি।

[No Home-trade ship above three hundred tons and no foreign-going ship to go to sea without certificated master, &c.]

CXII. No Home-trade ship of a burden exceeding three hundred tons and no foreign-going ship shall go to sea from any port in British India, unless the master and one officer besides the master have obtained and possess valid and appropriate certificates either of competency or service under this Act or under the Merchant Shipping Act 1854: Every foreign-going steam ship of one hundred nominal horse-power or upwards shall have as its first and second engineers two certificated engineers, the first possessing a "first-class engineer's certificate," and the second possessing a "second-class engineer's certificate" or a certificate of the higher grade: Every foreign-going steam ship of less than one hundred nominal horse-power shall have as its only or first engineer an engineer possessing a "second-class engineer's certificate" or a certificate of the higher grade: Every sea-going Home-trade passenger steam ship shall have as its only or first engineer an engineer possessing a "second class engineer's certificate" or a certificate of the higher grade. Whoever having been engaged to serve as master, mate or engineer goes to sea as aforesaid as such master, mate or engineer without being at the time entitled to and possessed of such a certificate as hereinbefore required, and whoever employs any person as such master, mate or engineer without ascertaining that he is at the time entitled to and possessed of such certificate, shall for each such offence be liable to a penalty not exceeding five hundred rupees.

[Certificates for foreign-going ships available for Home-trade ships.]

CXIII. Every certificate of competency for a foreign-going ship shall be deemed to be of a higher grade than the corresponding certificate for a Home-trade ship, and shall entitle the lawful holder thereof to go to sea in the corresponding grade in such last-mentioned ship; but no certificate for a Home-trade ship shall entitle the holder to go to sea as master or mate of a foreign-going ship.

[Record of grants, cancellations, &c., of certificates of competency or service.]

CXIV. All certificates whether of competency or service, shall be made in duplicate, and one part shall be delivered to the person entitled to the certificate, and the other shall be kept and recorded as the Local Government shall direct. A note of all orders made for cancelling, suspending, altering or otherwise affecting any certificate

[দেশীয় বাণিজ্যের ৩০০ টনের অধিক বোঝাইয়ের জাহাজের ও ভিন্নদেশগামি জাহাজের অধ্যক্ষপ্রভৃতি সর্টিফিকটপ্রাপ্ত না হইলে সেই জাহাজের সমুদ্রে যাইতে না পারিবার কথা।]

১১২ ধারা। দেশীয় বাণিজ্যের যে জাহাজে তিন শত টনের অধিক ধরে কিম্বা ভিন্ন দেশগমনীয় কোন জাহাজের অধ্যক্ষ ও তদ্ভিন্ন এক জন মালিম যদি এই আইনমতে কিম্বা ১৮৫৪ সালের বাণিজ্য জাহাজের আইনমতে যোগ্যতার কি কর্ম্মের বলবৎ ও উপযুক্ত সর্টিফিকট না পান ও তাহা যদি তাঁহাদের কাছে না থাকে, তবে সেই জাহাজ ভারতবর্ষের কোন বন্দর ছাড়িয়া সমুদ্রে যাইবে না। এক শত কি তদধিক ঘোটকের বলবিশিষ্ট ভিন্নদেশগামি প্রত্যেক ষ্টীমরে প্রথম ও দ্বিতীয় ইঞ্জিনিয়রের সর্টিফিকটপ্রাপ্ত ইঞ্জিনিয়র হইবেন, প্রধান ইঞ্জিনিয়রের প্রথম শ্রেণীর ইঞ্জিনিয়রের সর্টিফিকট থাকিবে। দ্বিতীয় ইঞ্জিনিয়রের দ্বিতীয় কি উচ্চতর শ্রেণীর ইঞ্জিনিয়রের সর্টিফিকট থাকিবে। এক শত ঘোটকের ন্যূন বলবিশিষ্ট ভিন্নদেশগামি প্রত্যেক ষ্টীমরের যে একি ইঞ্জিনিয়র থাকেন কি যিনি প্রথম ইঞ্জিনিয়র হন তাঁহার দ্বিতীয় কিম্বা উচ্চতর শ্রেণীর ইঞ্জিনিয়রের সর্টিফিকটপ্রাপ্ত হওয়া প্রয়োজন। দেশীয় বাণিজ্য ও চড়নদার বাহি সমুদ্রগামি প্রত্যেক ষ্টীমরের যে একি ইঞ্জিনিয়র থাকেন কি যিনি প্রধান ইঞ্জিনিয়র হন তাঁহার দ্বিতীয় কিম্বা উচ্চতর শ্রেণীর ইঞ্জিনিয়রের সর্টিফিকট প্রাপ্ত হওয়া প্রয়োজন। যে ব্যক্তি অধ্যক্ষের কি মালিমের কি ইঞ্জিনিয়রের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া, তৎকালে পূর্ব্বোক্ত সর্টিফিকট পাইবার যোগ্য না হইয়া ও তাহা না পাইয়াও অধ্যক্ষ কি মালিম কি ইঞ্জিনিয়রস্বরূপে উক্তমতে সমুদ্রে যান, সেই ব্যক্তি, এবং সেই কর্ম্ম করিবার সময়ে তদ্রূপ সর্টিফিকট পাইবার যোগ্য আছেন ও তাহা পাইয়াছেন ইহা নিশ্চয়মতে না জানিয়া যে ব্যক্তি তাঁহাকে অধ্যক্ষ কি মালিমের কি ইঞ্জিনিয়রের কর্ম্ম দেন তিনিও তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ডের যোগ্য হইবেন ইতি।

[ভিন্নদেশগমনীয় জাহাজের সর্টিফিকট দেশীয় বাণিজ্যের জাহাজে চলন হইতে পারিবার কথা।]

১১৩ ধারা। ভিন্নদেশগামি জাহাজের নিমিত্তে যোগ্যতার যে সর্টিফিকট থাকে তাহা দেশীয় বাণিজ্যের জাহাজের নিমিত্তে সমান প্রকারের সর্টিফিকট হইতে শ্রেষ্ঠ জ্ঞান হইবে, ও কোন ব্যক্তি তাহা ন্যায্যমতে প্রাপ্ত হইলে সেই পত্র লিখিত সমান শ্রেণীর কর্ম্মকারকস্বরূপে দেশীয় বাণিজ্যের জাহাজে সমুদ্রে যাইতে পারিবেন। কিন্তু দেশীয় বাণিজ্যের জাহাজের নিমিত্তে সর্টিফিকট পাইলে ভিন্নদেশগমনীয় জাহাজের অধ্যক্ষ কি মালিমস্বরূপে সমুদ্রে যাইতে পারিবেন না ইতি।

[যোগ্যতার কি কর্ম্ম করিবার সর্টিফিকট দেওয়া গেলে কি রহিত প্রভৃতি হইলে রিকার্ড করিবার কথা।]

১১৪ ধারা। যোগ্যতার কি কর্ম্মের যে সকল সর্টিফিকট দেওয়া যায় তাহা দোকর করিয়া লিখিতে হইবে, একখানি ঐ সর্টিফিকট পাইবার যোগ্য ব্যক্তিকে দেওয়া যাইবেক, অন্য খানি স্থানবিশেষের গবর্ণমেণ্ট যেমন আজ্ঞা করেন তেমনি রাখিয়া রিকার্ড করা যাইবে। এই আইনের লিখিত ক্ষমতানুসারে কোন সর্টিফিকট ব্যর্থ কি স্থগিত করিবার কিম্বা তাহার কোন

in pursuance of the powers herein contained shall be entered in the record of certificates.

[Loss of certificate.]

CXV. Whenever any master, mate or engineer proves to the satisfaction of the Local Government or such other authority as aforesaid, that he has without fault on his part lost or been deprived of any certificate already granted to him, a copy of the certificate to which by the record so kept as aforesaid he appears to be entitled, shall be delivered to him and shall have all the effect of the original.

[Sections 108 to 115 not to apply to ships registered under this Act, under certain circumstances.]

CXVI. The Local Government may exempt from the operation of the preceding Sections of this Chapter, ships registered under this Act, when such ships are navigated and manned exclusively by Arabs, Lascars or other Asiatic masters and seamen and are less than two hundred tons in burthen.

CHAPTER III.

Of the Engagement of Seamen.

[Licenses to procure seamen.]

CXVII. The Local Government, or any Board or officer duly authorized by the Local Government in this behalf, may grant to such persons as may be deemed fit licenses to engage or supply seamen for merchant ships, to continue for such periods, to be upon such terms, and to be revocable upon such conditions as the Government thinks proper.

[Penalties.]

CXVIII. The following offences shall be punishable as hereinafter mentioned; (that is to say) :—

[For supplying seamen without license.]

(1). If any person not licensed as aforesaid, other than the owner or master or mate of the ship, or some person who is *bonâ fide* the servant and in the constant employ of the owner or a Superintendent of a Mercantile Marine Office duly appointed as aforesaid, engages or supplies any seamen to be entered on board any ship, he shall for each seamen so engaged or supplied incur a penalty not exceeding one hundred rupees :

মতে পরিবর্ত্তন করিবার যে সকল আজ্ঞা হয় তাহার কথা সর্টিফিকটের রিকার্ডে লিখিয়া দিতে হইবে ইতি।

সর্টিফিকট হারাণ গেলে তাহার কথা।]

১১৫ ধারা। কোন অধ্যক্ষকে কি মালিমকে কি ইঞ্জিনিয়রকে যে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহা হারাণ গিয়াছে কিম্বা তাঁহার নিকটহইতে হরণ করা গিয়াছে কিন্তু তাঁহার নিজ দোষে নয়, যদি তিনি স্থানবিশেষের গবর্ণমেণ্টের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ করিতে পারেন, তবে পূর্ব্বোক্ত রিকার্ডমতে তাঁহার যে সর্টিফিকট পাইবার যোগ্যতা দৃষ্ট হয় তাহার প্রতিলিপি তাঁহাকে দেওয়া যাইবে, ও তাহাতে আদ্য লিপির সমান ফল দর্শিবে ইতি।

[স্থলবিশেষে এই আইনমতে রেজিষ্টরী করা জাহাজের উপর ১০৮ অবধি ১১৫ পর্য্যন্ত ধারার বিধান না খাটিবার কথা।]

১১৬ ধারা। এই আইনমতে যে জাহাজ রেজিষ্টরী করা যায় যদি কেবল আরবীয় লোকেরা কি খালাসীরা কিম্বা আশিয়া দেশের অন্য নাখোদারা ও খালাসীরা তাহা চালান, ও তাহাতে কেবল সেই প্রকারের নাবিক থাকেন ও ২০০ টনের ন্যূন ধরে, তবে স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়ের পূর্ব্বোক্ত ধারার কার্য্যহইতে সেই জাহাজ মুক্ত করিতে পারিবেন ইতি।

---

৩ অধ্যায়।

নাবিকদিগকে নিযুক্ত করিবার নিয়মের বিধি।

[নাবিকদিগকে যুটাইয়া দিবার অনুমতিপত্রের কথা।]

১১৭ ধারা। স্থানবিশেষের গবর্ণমেণ্ট কিম্বা এই কর্ম্মের নিমিত্তে ঐ গবর্ণমেণ্টহইতে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন বোর্ড কি কার্য্যকারক সাহেব যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন বাণিজ্য জাহাজের নাবিকদিগকে আনাইয়া কি যুটাইয়া দিবার অনুমতিপত্র তাহাদিগকে দিতে পারিবেন। ও সেই গবর্ণমেণ্ট যত কাল ও যে নিয়ম উচিত বোধ করেন, ঐ অনুমতিপত্র তত কাল সেই নিয়মমতে প্রবল থাকিবে, ও যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মমতে ঐ অনুমতিপত্র রহিত হইতে পারিবে ইতি।

[দণ্ডের কথা।]

১১৮ ধারা। নিম্নলিখিত অপরাধের নিম্নলিখিত দণ্ড হইবে, অর্থাৎ

[অনুমতিপত্রবিনা নাবিকদিগকে যুটাইয়া দিবার দণ্ড।]

(১) জাহাজের স্বামী কি অধ্যক্ষ কি মালিম ও যে ব্যক্তি প্রকৃতভাবে ঐ স্বামির চাকর হইয়া নিয়ত তাঁহার কর্ম্মে থাকে সেই ব্যক্তি, ও পূর্ব্বোক্তমতে নিয়মিতরূপে নিযুক্ত মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিণ্টেণ্ডেণ্টভিন্ন, যদি কোন ব্যক্তি সেই প্রকারের অনুমতিপত্র না পাইয়া কোন জাহাজে ভর্ত্তি হইবার জন্যে কোন লোককে আনাইয়া কি যুটাইয়া দেন, তবে যত জন নাবিককে তদ্রূপে আনাইয়া কি যুটাইয়া দেন তাহারদের জন প্রতি তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

[For employing unlicensed persons.]

(2). If any person employs any unlicensed person other than persons so excepted as aforesaid, for the purpose of engaging or supplying any seaman to be entered on board any ship he shall for each seaman so engaged or supplied incur a penalty not exceeding one hundred rupees, and if licensed shall in addition forfeit his license :

[For receiving seamen illegally supplied.]

(3). If any person knowingly receives or accepts to be entered on boa d any ship any seamen who has been engaged or supplied contrary to the provisions of this Act, he shall for every seamen so engaged or supplied incur a penalty not exceeding one hundred rupees.

[Penalty for receiving remuneration from seamen for shipping them.]

CXIX. If any person demands or receives, either directly or indirectly, from any seaman or from any person seeking employment as a seaman, or from any person on his behalf, any remuneration whatever, other than the fees hereby authorized, for providing him with employment, he shall for every such offence incur a penalty not exceeding fifty rupees, and if licensed as aforesaid shall in addition forfeit his license.

[Agreements with seamen and others. Proviso as to forms for British or Colonial ships. Proviso where lascars, &c., are shipped.]

CXX. The master of every ship except ships of a burden not exceeding three hundred tons employed only in the Home-trade, shall enter into an agreement with every seaman whom he carries to sea from any port in British India as one of his crew, in the manner hereinafter mentioned ; and every such agreement shall be in a form sanctioned by the Governor General of India in Council, and shall be dated at the time of the first signature thereof, and shall be signed by the master before any seaman or other person aforesaid signs the same, and shall contain the following particulars as terms thereof ; (that is to say) :—

(1). The nature and, as far as practicable, the duration of the intended voyage or engagement :

(2). The number and description of the crew, specifying how many are engaged as sailors :

(3). The time at which each seaman is to be on board or to begin work :

(4). The capacity in which each seaman is to serve :

[যাহারা অনুমতিপত্র না পাইয়াছে তাহাদিগকে সেই কর্ম্ম দিবার দণ্ড।]

(২) যদি কোন ব্যক্তি কোন জাহাজে ভর্ত্তি হইবার জন্যে নাবিককে আনাইয়া কি যুটাইয়া দিবার কর্ম্ম পূর্ব্বোক্ত বর্জ্জিত লোক ভিন্ন অনুমতিপত্র অপ্রাপ্ত কোন ব্যক্তিকে দেন, তবে তদ্রূপে যত জন নাবিককে আনাইয়া কি যুটাইয়া দেওয়া যায় তাহারদের জনপ্রতি তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, ও আপনি যদি অনুমতিপত্র পাইয়া থাকেন, তবে তাহাও রহিত হইবে।

[বেআইনীমতে যুটাইয়া দেওয়া গেলে নাবিকদিগকে গ্রাহ্য করিবার কথা।]

(৩) এই আইনের বিধান অতিক্রম করিয়া কোন নাবিককে আনাইয়া কি যুটাইয়া দেওয়া গেলে যদি কেহ জানিয়াশুনিয়া কোন জাহাজে ভর্ত্তি হইবার জন্যে তাহাকে গ্রহণ কি গ্রাহ্য করেন, তবে তদ্রূপ আনীত কি যুটাইয়া দেওয়া প্রত্যেক নাবিকের জন্যে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[নাবিকদিগকে জাহাজে ভর্ত্তি করিবার জন্যে পারিতোষিক লইবার দণ্ডের কথা।]

১১৯ ধারা। যদি কোন ব্যক্তি কোন নাবিককে, কিম্বা নাবিকের কর্ম্মে কোন লোককে কর্ম্ম করাইয়া দিবার জন্যে তাহার স্থানে, কি তাহার নিমিত্ত অন্য লোকের স্থানে, এই আইনের নির্দ্ধারিত ফীভিন্ন স্পষ্টরূপে কি চক্রান্তে কিছু পারিতোষিক চাহেন কি লন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ঐ ব্যক্তির পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে, যদি সেই ব্যক্তি অনুমতিপত্র পাইয়া থাকেন, তবে তাহাও রহিত হইবে ইতি।

[নাবিকপ্রভৃতির সঙ্গে নিয়মের কথা। ব্রিটনীয় জাহাজের কি উপনিবেশের জাহাজের নিমিত্ত পাঠের উপবিধি। খালাসীপ্রভৃতি ভর্ত্তি হইলে তাহারদের উপবিধি।]

১২০ ধারা। কেবল দেশীয় বাণিজ্যের যে জাহাজে তিন শত টনের অনধিক ধরে তদ্ভিন্ন অন্য২ জাহাজের অধ্যক্ষ ভারতবর্ষের কোন বন্দরহইতে যে কোন নাবিককে সমুদ্রে লইয়া যান, তিনি তাহার সঙ্গে নিম্নলিখিত নিয়ম করিবেন। মন্ত্রি সভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে পাঠ অনুমোদন করেন ঐ নিয়মপত্র সেই পাঠে লিখিতে হইবে। ও যে তারিখে প্রথম স্বাক্ষর করা যায় সেই তারিখ তাহাতে দিতে হইবে, ও কোন নাবিকের কি পূর্ব্বোক্ত ব্যক্তির স্বাক্ষর করিবার আগে অধ্যক্ষ স্বাক্ষর করিবেন। ঐ নিয়মের প্রকরণ বলিয়া তাহাতে এই২ বিশেষ কথা লিখিতে হইবে অর্থাৎ—

(১) প্রস্তাবিত যাত্রার ও কর্ম্মের উক্ত নিয়মের ভাব ও অনুভবমতে যত দিনের নিমিত্তে হয় তাহার কথা।

(২) জাহাজীয় লোকেরদের সংখ্যা ও কর্ম্মাদি ও তাহারদের কত জন নাবিক স্বরূপ নিযুক্ত আছে তাহার বর্ণনা।

(৩) প্রত্যেক জন নাবিককে যে সময়ে জাহাজে যাইতে ও যে সময়ে কর্ম্মারম্ভ করিতে হইবে তাহার কথা।

(৪) নাবিকের যে কর্ম্ম করিতে হইবে তাহার কথা।

(5). The amount of wages which each seaman is to receive :

(6). A scale of the provisions which are to be furnished to each seaman :

(7). Any regulations as to conduct on board and as to fines, short allowance of provisions, or other lawful punishments for misconduct, which have been sanctioned by the Government as regulations proper to be adopted, and which the parties agree to adopt :

And every such agreement shall be so framed as to admit of stipulations to be adopted at the will of the master and seaman, in each case (not being inconsistent with the provisions of this Act), as to advance of wages and supply of warm clothing, and may contain any other stipulations which are not contrary to law : Provided that, if the master of any ship belonging to the United Kingdom or any British possession has an agreement with his crew, made in due form according to the law of the place to which such ship belongs, or in which her crew were engaged and engages single seamen in any port in British India, such seaman may sign the agreement so made, and it shall not be necessary for such seaman to sign an agreement under this Act : Provided also that, in the case of lascars or other Native seamen, when it shall be agreed that the service of any such seaman shall end at any port not in British India, the agreement shall contain stipulations for providing for such seaman fit employment on board some other vessel bound to the port at which he was shipped, or such other port as may be agreed on, or for providing for him a passage to some such port as aforesaid free of charge, or on such other terms as may be agreed on ; and every such stipulation shall be signed by the owner of the vessel or by the master on his behalf.

[Contracts may be made with lascars binding them to go to Australia, and thence to serve in other ships to the United Kingdom.]

CXXI. It shall be lawful for any master or owner of a ship or his agent to enter into a contract with lascars or Natives of British India, binding them to proceed to any port or ports in the Australian colonies either as seamen or as passengers, and there to engage themselves as seamen in any ship which may happen to be there and to be bound to the United Kingdom or to any other part of Her Majesty's dominions : Provided that every such contract shall be in such form, and shall contain such provisions, and shall be executed in such manner and under such conditions for securing

(৫) নাবিক যত বেতন পাইবে তাহার কথা।

(৬) প্রত্যেক জন নাবিককে যত খাদ্যাদি দেওয়া যাইবে তাহার ফর্দ্দ।

(৭) জাহাজে যেরূপ আচার করিতে হইবে তদ্বিষয়ের ও অহিতাচারের নিমিত্তে অর্থদণ্ডের, ও ন্যূন আহার প্রভৃতি ন্যায্য অন্য দণ্ডের যে বিধি উপযুক্ত বলিয়া গবর্ণমেণ্ট কর্ত্তৃক অনুমোদিত হয় ও উভয় পক্ষ মানিতে স্বীকার করে তদ্রূপ কোন বিধি।

ও তদ্রূপ প্রত্যেক নিয়মপত্র এমন লিখিতে হইবে যে অধ্যক্ষ ও নাবিক সম্মত হইলে অগ্রিম বেতন দান ও গরম কাপড় যোগাওন প্রভৃতি যে বিষয়ের নিয়ম বিধিবিপক্ষ না হয় এই আইনের সঙ্গত অন্য নিয়ম তাহাতে লেখা যাইতে পারে। পরন্তু গ্রেট ব্রিটন ও ঐরলাণ্ড দেশের কিম্বা ব্রিটনীয়েরদের অধিকৃত কোন দেশের কোন জাহাজ যে স্থানের হয় কিম্বা জাহাজীয় লোকেরা যে স্থানে ভর্ত্তি হইয়াছিল সেই স্থানের আইনঅনুসারে যদি জাহাজীয় লোকেরদের সঙ্গে ঐ জাহাজের অধ্যক্ষের কোন নিয়ম করা হয় ও সেই নিয়ম কাছে থাকিতে যদি তিনি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে এক২ জন করিয়া নাবিকদিগকে নিযুক্ত করেন, তবে ঐ২ নাবিক পূর্ব্বকৃত নিয়মে স্বাক্ষর করিতে পারিবে ও এই আইনমতের নিয়মপত্রে তাহারদের স্বাক্ষর করিবার আবশ্যক হইবে না। আরো লস্করদিগের কিম্বা এদেশীয় অন্য খালাসিদিগের বিষয়ে এই বিধি। যদি ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরে তাহারদের কর্ম্ম শেষ হইবার নিয়ম হয়, তবে যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল সেই বন্দরে কিম্বা অন্য যে বন্দরে সম্মতি হয় সেই বন্দরে গমনশীল অন্য কোন জাহাজে তাহার উপযুক্ত কোন কর্ম্ম করাইয়া দিবার কিম্বা তাহাকে বিনা খরচে সেই বন্দরে পাঠাইবার নিয়ম কিম্বা অন্য যে নিয়মে উভয় পক্ষ সম্মত হয় এমত কোন নিয়ম ঐ নিয়মপত্রে লেখা থাকিবে, ও সেই প্রকারের প্রত্যেক নিয়মপত্রে জাহাজের স্বামী কিম্বা তাঁহার পক্ষে অধ্যক্ষ স্বাক্ষর করিবেন ইতি।

[খালাসিরদের সঙ্গে অস্ট্রালিয়াতে যাইবার ও সংযুক্ত রাজ্যে গমনশীল অন্য জাহাজে কর্ম্ম করিবার নিয়ম হইতে পারিবার কথা।]

১২১ ধারা। জাহাজের কোন অধ্যক্ষ কি স্বামী কিম্বা তাঁহার পক্ষীয় কর্ম্মকারক ব্রিটনীয় ভারতবর্ষের খালাসীরদের কি অন্য লোকের সঙ্গে এই মত চুক্তি করিতে পারিবেন, যে তাঁহারা নাবিক কি চড়নদারস্বরূপে অস্ট্রালীয় উপনিবেশের কোন বন্দরে যাইতে, ও তৎস্থানবর্ত্তি যে জাহাজ গ্রেট ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারের অন্য দেশে যাইতে উদ্যত থাকে সেই জাহাজে খালাসীর কর্ম্ম করিবার প্রতিজ্ঞা করিতে বদ্ধ হন। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ঐ চুক্তিপত্রের যে পাঠ নির্দ্দিষ্ট করেন ও তাহার যে বিধান, ও ঐ খালাসীরদের কি দেশীয় লোকেরদের

the return of such lascars or Natives to their own country and for other purposes as the Governor General of India in Council or the Local Government may direct. If any lascar or other person who has bound himself by any such contract is, on arriving in any of the said colonies, required to enter into an agreement to serve as a seaman in any ship bound for the United Kingdom or to any other part of Her Majesty's dominions, and if it is certified by some officer appointed for that purpose by the Governor of the said colony that such agreement is a proper agreement in all respects for such lascars or other person to enter into, and is in accordance with the original contract, and that the ship to which such agreement relates is a proper ship for such lascar or other person to serve in, and is properly supplied with provisions, and that there is not, in the opinion of such officer, any objection to the full performance of the said contract, such lascar or other person shall be bound to enter into the said agreement, and to serve as a seaman in the ship to which it relates, and shall thereupon be deemed for all purposes one of the crew of the ship. If he refuses to enter into such agreement, he shall notwithstanding such refusal be liable to the same consequences and be dealt with in all respects in the same manner as if he had voluntorily entered into the same. For every lascar or other person in respect ef whom such certificate is applied for, the person applying for the same shall pay to such officer as aforesaid such fee as the Governor of the colony may appoint.

[Contracts may be made with lascars binding them to go to the United Kingdom, and there to serve in other ships back to India or elsewhere.]

CXXII. It shall be lawful for any master or owner of a ship or his agent to enter into agreements with lascars or Natives or British India, binding them to proceed to any port in the United Kingdom, either as seamen or as passengers, and there to enter into a further agreement to serve as seamen in any ship which may happen to be there and to be bound to any port in British India: Provided that every such original agreement shall be made in such form and shall contain such provisions, and shall be executed in such manner and under such conditions for securing the return of such lascars or Natives to their own country and for other purposes, as the Governor General of India in Council or the Local Government may direct. If any lascar or other person who has bound himself by any such original agreement is, on arriving in the United Kingdom, required to enter into a further agreement to serve as a

স্বদেশে প্রত্যাগমনের নিশ্চিতত্তা সংক্রান্ত ও অন্যং অভিপ্রায়ে যে বিধান ও যে নিয়ম নির্দ্ধার্য্য করেন, সেই পাঠে ও সেই বিধান ও নিয়মানুসারে ঐ চুক্তিপত্র লিখিতে হইবে। কোন খালাসী কি অন্য ব্যক্তি তদ্রূপ কোন চুক্তিপত্রদ্বারা আপনাকে বদ্ধ করিয়া উক্ত কোন উপনিবেশে পঁহুছিলে পর, যদি ঐ সংযুক্ত রাজ্য কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত অন্য দেশে গমনোদ্যত জাহাজে নাবিকস্বরূপ কর্ম্ম করিবার নিয়ম করিতে আজ্ঞা পান, এবং সেই নিয়ম করা ঐ খালাসীর কি অন্য ব্যক্তির সর্ব্বতোভাবে উপযুক্ত ও যে জাহাজসংক্রান্ত ঐ নিয়ম করা যায় তাহা ঐ খালাসীর কি অন্য ব্যক্তির কর্ম্ম করিবার উপযুক্ত জাহাজ ও তাহাতে আহারীয় দ্রব্য প্রচুর আছে, উক্ত উপনিবেশের গবর্ণর সাহেব ঐ কার্য্যের নিমিত্তে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি যদি ঐ কথা সংশিত্তমতে জ্ঞাত করেন ও তাঁহার বিবেচনায় যদি উক্ত চুক্তির সম্পূর্ণরূপে সাধন করিবার কোন আপত্তি না থাকে, তবে সেই খালাসী কি অন্য ব্যক্তি অবশ্য সেই চুক্তি স্বীকার করিয়া যে জাহাজসংক্রান্ত করা যায় তাহাতে খালাসীর কর্ম্ম করিবেন। তাহাতে সেই ব্যক্তি সর্ব্বতোভাবে জাহাজের লোকেরদের এক জন জ্ঞান হইবে। যদি সেই চুক্তি স্বীকার না করেন, তথাপি স্বেচ্ছামতে চুক্তি স্বীকার করিলে যে ফল বর্ত্তিত ও তাহার প্রতি যদ্রূপ ব্যবহার হইত, স্বীকার না করিলেও তাহার প্রতি সেই ফল বর্ত্তিবে ও সর্ব্বতোভাবে তদ্রূপ ব্যবহার হইবে। যে খালাসির কি অন্য ব্যক্তির জন্যে তদ্রূপ সংশিতপত্রের প্রার্থনা হয়, তাহাদের প্রত্যেক জনের কারণ উপনিবেশের গবর্ণর সাহেব যত ফী ধার্য্য করেন পূর্ব্বোক্ত কার্য্যকারককে ঐ প্রার্থকের তত ফী দিতে হইবে ইতি।

[ঐ সংযুক্ত রাজ্যে গমনপূর্ব্বক অন্য জাহাজে কর্ম্ম করিয়া ভারতবর্ষে ফিরিয়া আসিবার কি অন্য স্থানে যাইবার নিয়ম খালাসিদের সঙ্গে হইতে পারিবার কথা।]

১২২ ধারা। জাহাজের কোন অধ্যক্ষ কি স্বামী কিম্বা তাহার পক্ষীয় কর্ম্মকারক ব্রিটনীয় ভারতবর্ষের খালাসিরদের কি অন্য লোকের সঙ্গে এইমত চুক্তি করিতে পারিবেন, যে তাঁহারা নাবিক কি চড়নদারস্বরূপে গ্রেট ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের কোন বন্দরে যাইতে ও তৎস্থানবর্ত্তি যে জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন বন্দরে যাইতে উদ্যত আছে, তাহাতে খালাসির কর্ম্ম করিবার প্রতিজ্ঞা করিতে বদ্ধ হন। কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ঐ চুক্তির আদ্যপত্রের যে পাঠ নির্দ্দিষ্ট করেন, ও তাহার যে বিধান ও ঐ খালাসিরদের কি এদেশীয় লোকদের স্বদেশে প্রত্যাগমন করিবার নিশ্চিতত্তা সংক্রান্ত ও অন্যং অভিপ্রায়ে যে বিধি ও যে নিয়ম নির্দ্ধার্য্য করেন সেই পাঠে ও সেই বিধান ও নিয়মানুসারে ঐ চুক্তিপত্র লিখিতে হইবে। কোন খালাসী কি অন্য ব্যক্তি তদ্রূপ কোন আদ্য চুক্তিদ্বারা আপনাকে বদ্ধ করিয়া উক্ত সংযুক্ত রাজ্যে পঁহুছিলে পর, যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে গমনোদ্যত

seaman in any ship bound to any port in British India, and if it is certified by some officer appointed for that purpose by the Government of India, that such further agreement is a proper agreement in all respects for such lascar or other person to enter into, and is in accordance with the original agreement, and that the ship to which such further agreement relates is in all respects a proper ship for such lascar or other person to serve in, and that there is not in the opinion of such officer any objection to the full performance of the said original agreement, such lascar or other person shall be deemed to be engaged under such further agreement, and to serve as a seaman in the ship to which it relates, and shall thereupon be deemed to be for all purposes one of the crew of the ship. For every lascar or other person in respect of whom such certificates is applied for, the person applying for the same shall pay to such officer as aforesaid such fee as the Government of India may appoint not exceeding ten shillings.

জাহাজে নাবিকস্বরূপে কর্ম্ম করিবার অধিক নিয়ম করিতে আজ্ঞা পায়, এবং সেই নিয়ম করা ঐ খালাসির কি অন্য ব্যক্তির সর্ব্বতোভাবে উপযুক্ত, ও আদ্য চুক্তির সঙ্গত, ও যে জাহাজসংক্রান্ত ঐ করার করা যায় তাহা ঐ খালাসির কি অন্য ব্যক্তির কর্ম্ম করিবার উপযুক্ত জাহাজ, যে কার্য্যকারক ভারতবর্ষের গবর্ণমেণ্ট-কর্ত্তৃক ঐ কার্য্যে নিযুক্ত হন, তিনি যদি ঐ কথা সং-শিতমতে জ্ঞাত করেন, ও যদি তাঁহার বিবেচনায়, ঐ আদ্য চুক্তির সম্পূর্ণরূপে সাধন করিবার আপত্তি না থাকে, তবে সেই খালাসি কি অন্য ব্যক্তি যে জা-হাজসংক্রান্ত ঐ চুক্তি করে তাহাতে সেই অধিক চুক্তিক্রমে কর্ম্ম করিতে বদ্ধ আছে জ্ঞান হইবে। তাহাতে সেই ব্যক্তি সর্ব্বতোভাবে জাহাজের লোক-দের এক জন জ্ঞান হইবে। যে খালাসির কি অন্য ব্যক্তির জন্যে তদ্রূপ সর্টিফিকটের প্রার্থনা হয়, তাহাদের প্রত্যেক জনের কারণ ভারতবর্ষের গবর্ণমেণ্ট দশ শিলিঙ্গের অনধিক যত ফী ধার্য্য করেন পূর্ব্বোক্ত কার্য্যকারককে ঐ প্রার্থকের তত ফী দিতে হইবে ইতি।

[Rules to be observed with respect to agreements in the case of foreign-going ships.]

[ভিন্নদেশগামি জাহাজের সম্পর্কে করার বিষয়ক বিধি।]

CXXIII. In the case of all foreign-going ships in whatever part of Her Majesty's dominions the same are registered, the following rules shall be observed with respect to agreements; (that is to say) :—

১২৩ ধারা। ভিন্নদেশগমনীয় জাহাজ শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের যে কোন স্থানে রেজিস্টরী করা যাউক সেই সকল জাহাজ সম্পর্কে নিয়মপত্রের এইং বিধি মানিতে হইবে। অর্থাৎ

[Agreement to be signed by seaman.]

(1.) Every agreement made in any Port in British India (except in such cases of agreements with substitutes as are hereafter specially provided for), shall be signed by each seaman in the presence of a Superintendent of a Mercantile Marine Office :

[নিয়মপত্রে নাবিকেরদের স্বাক্ষর করিবার কথা।]

(১)—ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যে সকল নিয়মপত্র করা যায় তাহাতে প্রত্যেক জন নাবিক মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্টের সা-ক্ষাতে স্বাক্ষর করিবে, কিন্তু বদলীদের সঙ্গে যে নিয়ম করা যায় তাহার অন্য বিধি ইহার পরে বিশেষ করিয়া করা যাইতেছে।

[Superintendent to cause agreement to be explained to seamen.]

(2.) Such Superintendent shall cause the agreement to be read over and explained to each seaman in a language understood by him, or shall otherwise ascertain that each, seamen understands the same before he signs it, and shall attest each signature :

[ঐ নিয়মপত্রের মর্ম্ম নাবিককে বুঝাইয়া দিবার কথা।]

(২)—প্রত্যেক জন নাবিক যে ভাষা বুঝিতে পারে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই ভাষাতে তাহার নিকটে ঐ নিয়মপত্র পাঠ করাইয়া বুঝাইয়া দিবেন, কিম্বা তাহাতে স্বাক্ষর করিবার অগ্রে সে তাহা নিতান্ত বুঝিয়াছে ইহা প্রকারান্তরে নিশ্চয়মতে জানিবেন, ও প্রত্যেক জনের স্বাক্ষর বিষয়ে তিনিও সাক্ষিমতে স্বাক্ষর করিবেন।

[To be in duplicate.]

(3.) When the crew is first engaged, the agreement shall be signed in duplicate, and one part shall be retained by the Superintendent and the other part shall contain a special place or form for the descriptions and signatures of substitutes or persons engaged subsequently to the first departure of the ship, and shall be delivered to the master :

[তাহা দোকর হইবার কথা।]

(৩)—জাহাজী লোক সকলকে যখন প্রথমে নিযুক্ত করা যায় তখন ঐ নিয়মপত্রের দোকর কেতায় স্বাক্ষর করা যাইবে। এক কেতা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব রাখি-বেন। বদলীরদের কিম্বা জাহাজ প্রথমবার চলিয়া গেলে পর যে লোকেরা ভর্ত্তি হয় তাহাদের নামাদি লিখিবার ও স্বাক্ষর করিবার বিশেষ স্থান কি পাঠ ঐ নিয়মপত্রের দ্বিতীয় খানিতে থাকিবে। ও তাহা অধ্য-ক্ষকে দেওয়া যাইবে।

[Provision for substitutes.]

(4.) In the case of substitutes engaged in the place of seamen who have duly signed the agreement and whose services are lost within twenty-four hours immediately before the ship puts to sea, by death, desertion or other unforeseen cause, the engagement shall, when practicable, be made before same Superintendent of a Mercantile Marine Office duly appointed in the manner hereinbefore specified. Whenever such last-mentioned engagement cannot be so made, the master shall, before the ship puts to sea if practicable, and if not as soon afterwards as possible, cause the agreement to be read over and explained to the seamen; and the seamen shall thereupon sign the same in the presence of a witness who shall attest their signatures.

[Engagements between masters of foreign ships and lascars.]

CXXIV. When the master of a foreign ship being at any port in British India engages any lascar or other Native seamen to proceed to any port in or out of British India, he shall enter into an agreement with such seaman, and the agreement shall be made before a Superintendent of a Mercantile Marine Office in the manner hereinbefore provided for the making of agreements in the case of Home-trade or foreign-going ship, as the case may be; and all the provisions of Sections 120 and 123 respecting the form of such agreements and the stipulations to be contained in them, and the making and signing of the same, shall be applicable to the engagement of such seaman; and the master of such foreign ship shall give to the Superintendent a bond with the security of some approved person resident in British India for an amount calculated at the rate of one hundred rupees for every such seaman, and conditioned for the due performance of the said agreement and stipulations.

[Fees payable in respect of such engagements.]

CXXV. The fees prescribed in Section 103 shall be payable in respect of every such engagement, and deductions from the wages of seamen so engaged may be made to the extent and in the manner allowed by the same Section.

[Penalty for master of foreign ship engaging lascars otherwise than is allowed by Sections 124 and 125. Superintendent may board foreign ships suspected of unlawfully shipping lascars.]

CXXVI. If any lascar or other Native seaman is engaged by the master of any foreign ship otherwise than is allowed in Sections 124 and 125,

[বদলীয়দের বিধি।]

(৪)—নাবিকেরা ঐ নিয়মপত্রে নিয়মিতরূপে স্বাক্ষর করিলে পর ও জাহাজ খুলিয়া সমুদ্রে পঁহুছি-বার পূর্ব্ব চব্বিশ ঘণ্টার মধ্যে যদি তাহাদের কেহ মরে কি পলায় কিম্বা অজ্ঞাত কোন কারণে যদি কর্ম্ম করিতে না পারে, তবে তাহাদের কর্ম্মে যে বদলী নিযুক্ত হয় তাহাদের সঙ্গে যে নিয়ম করা যাইবে তাহা পূর্ব্ব নির্দ্দিষ্টমতে নিয়মিতরূপে নিযুক্ত কোন মরকান্-টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে করা যাইতে পারিলে করা যাইবে। যদি শেষোক্ত নিয়ম সেই প্রকারে করা যাইতে না পারে, তবে অধ্যক্ষ জাহাজের সমুদ্রে পঁহুছিবার আগে করিতে পারিলে তখন, নতুবা তাহার পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র ঐ লোকেরদের নিকট ঐ নিয়মপত্র পাঠ করাইয়া বুঝাইয়া দিবেন, তাহাতে সেই লোকেরা কোন সাক্ষির গোচরে তাহাতে স্বাক্ষর করিবে ও সেই সাক্ষী তাহারদের স্বাক্ষরের প্রমাণে স্বাক্ষর করিবেন ইতি।

[ভিন্ন দেশীয় জাহাজের অধ্যক্ষের ও খালাসির মধ্যে চুক্তির কথা।]

১২৪ ধারা। যদি ভিন্নদেশীয় জাহাজের অধ্যক্ষ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে উপস্থিত হইয়া খালাসিকে কি এদেশীয় অন্য নাবিককে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কি বহির্ভূত কোন বন্দরে লইয়া যাইতে চাহেন, তবে তিনি ঐ নাবিকের সহিত চুক্তি করিবেন। দেশীয় বাণিজ্যের কিম্বা বিষয়বিশেষে ভিন্নাধিকার দেশগামি জাহাজসংক্রান্ত চুক্তি করিবার যে বিধি পূর্ব্ব ধারাতে হইয়াছে ঐ চুক্তি সেই প্রকারে কোন মরকান্-টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে সম্পাদন করিতে হইবে। এবং ১২০ ও ১২৩ ধারাতে সেই চুক্তিপত্র লিখিবার পাঠের, ও তাহাতে যে২ নিয়ম ধার্য্য হইবে তাহার, ও তাহা করিবার ও স্বাক্ষর করিবার যে বিধান হইয়াছে, তাহাই ঐ লোকেরদের সহিত চুক্তির প্রতি বর্ত্তিবে। এবং ঐ ভিন্নাধিকার দেশীয় জাহাজের অধ্যক্ষ মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে ঐ চুক্তিপত্রের নিয়ম উপযুক্তমতে সাধন হইবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিয়া এক২ জন নাবিক প্রতি এক শত টাকার হিসাবে যত হয় তত টাকার নিমিত্তে ব্রিটনীয় ভারতবর্ষ নিবাসি কোন সুখ্যাত ব্যক্তিকে প্রতিভূ রাখিবেন ইতি।

[ঐ চুক্তি সম্পর্কে ফী দিতে হইবার কথা।]

১২৫ ধারা। ১০৩ ধারাতে যে ফী নির্দ্ধার্য্য হইয়াছে তাহা তদ্রূপ প্রত্যেক চুক্তির উপলক্ষে দেওয়া যাইবে। এবং উক্ত ধারাতে নাবিকেরদের যত বেতন যে প্রকারে কাটিয়া রাখিবার বিধান হইয়াছে ঐ চুক্তিমতে নাবিকেরদের তত বেতন সেইরূপে বাদ দিয়া রাখা যাইতে পারা যাইবে ইতি।

[ভিন্নদেশীয় জাহাজের অধ্যক্ষ ১২৪ ও ১২৫ ধারার অনুমতিমত না করিয়া খালাসিদিগকে প্রকারান্তরে নিযুক্ত করিলে দণ্ডের কথা, ও খালাসিকে বেআইনী মতে জাহাজে লইবার সন্দেহ হইলে সেই জাহাজে সুপরিন্টেণ্ডেণ্টের যাইতে পারিবার কথা।]

১২৬ ধারা। ১২৪ ও ১২৫ ধারামতে খালাসিকে কি এদেশীয় অন্য নাবিককে ভিন্নদেশীয় জাহাজে যেরূপে নিযুক্ত করিতে হয় যদি ঐ জাহাজের

such master shall be liable to a penalty of one hundred rupees for every such seaman so engaged. It shall be lawful for the Superintendent by himself or his Deputy to enter on board any foreign ship upon which he shall have reason to believe that any such seaman has been shipped, and the provisions of Section 134 of this Act shall be applicable in respect of every such ship.

[Foreign-going ships making short voyages may have running agreements.]

CXXVII. In the case of foreign-going ship making voyages averaging less than six months in duration, running agreements with the crew may be made to extend over two or more voyages, so that no such agreement shall extend beyond the next following thirtieth day of June or thirty-first day of December, or the first arrival of the ship at her port of destination in British India after such date, or the discharge of cargo consequent upon such arrival. Every person entering into such agreement, whether engaged upon the first commencement thereof or otherwise, shall enter into and sign the same in the manner hereby required for other foreign-going ships; and every person engaged thereunder, if discharged in any port in British India, shall be discharged in the manner hereby required for the discharge of seamen belonging to other foreign-going ships.

[Engagement and discharge of seamen in the mean time.]

CXXVIII. The master of every foreign-going ship for which such a running argeement as aforesaid is made shall, upon every return to any port in British India before the final termination of the agreement, discharge or engage before the Superintendent at such port any seaman whom he is required by law so to discharge or engage; and shall upon every such return endorse on the agreement a statement (as the case may be), either that no such discharges or engagements have been made or are intended to be made before the ship again leaves port, or that all such discharges or engagements have been duly made as hereinbefore required; and shall deliver the agreement so endorsed to the Superintendent. Any master who wilfully makes a false statement in such endorsement, shall incur a penalty not exceeding two hundred rupees. The Superintendent shall also sign an endorsement on the agreement to the effect that the provisions of this Act relating to such agreement have been complied with, and shall re-deliver the agreement so endorsed to the master.

তাহাদিগকে অন্য প্রকারে নিযুক্ত করেন তবে তদ্রূপে নিযুক্ত নাবিকপ্রতি তাঁহার এক শত টাকা দণ্ড হইতে পারিবে। তদ্রূপ কোন জাহাজে কোন নাবিককে লওয়া গিয়াছে এমত বিশ্বাস করিবার হেতু পাইলে, সুপরিন্টেণ্ডেণ্ট আপনি কিম্বা তাঁহার ডেপুটী সেই জাহাজে প্রবেশ করিতে পারিবেন ও তদ্রূপ প্রত্যেক জাহাজের প্রতি এই আইনের ১৩৪ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

[ভিন্নদেশগমনীয় যে জাহাজ অল্প দূরে যায় সেই জাহাজের চলিত নিয়ম করিবার কথা।]

১২৭ ধারা। যে স্থানে যাইতে আসিতে গড়ে ছয় মাসের ন্যূন লাগে, যদি ভিন্নদেশগমনীয় জাহাজ এমত স্থানে যায়, তবে জাহাজের লোকদের সঙ্গে দুই কি অধিক বার গমনাগমন করিবার চলিত নিয়ম করা যাইতে পারিবে, কিন্তু জুন মাসের ৩০ তারিখ কি ডিসেম্বর মাসের ৩১ তারিখের অধিক কালের নিমিত্তে, কিম্বা জাহাজ সেই তারিখের পরে প্রথম যে সময়ে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে পঁহুছে কিম্বা পঁহুছিলে পর যে সময়ে বোঝাই দ্রব্য উত্তরাইয়া দেয় তাহার অধিক কালের নিমিত্তে ঐ নিয়ম না চলে। ও যে কোন লোক সেই প্রকারের নিয়ম করেন, তিনি ঐ নিয়ম প্রথম হইবার সময়াবধি বা তাহার পরে তাহাতে বদ্ধ হউন, এই আইনে ভিন্নদেশগমনীয় অন্য জাহাজের পক্ষে যেরূপে আজ্ঞা হইয়াছে তিনি সেইরূপে ঐ নিয়ম করিয়া নিয়মপত্রে স্বাক্ষর করিবেন। যদি সেই নিয়মক্রমে নিযুক্ত কোন লোককে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে বিদায় করা যায়, তবে এই আইনে ভিন্নদেশগমনীয় অন্যং জাহাজের লোকদিগকে বিদায় করিবার যে বিধি হইয়াছে সেই বিধিমতে তাহাদিগকে বিদায় করা যাইবে ইতি।

[নাবিকদিগকে মধ্যকালে নিযুক্ত করিবার ও বিদায় করিবার কথা।]

১২৮ ধারা। ভিন্নদেশগমনীয় যে জাহাজের সম্পর্কে পূর্ব্বোক্ত চলিত নিয়ম করা যায়, এমত কোন জাহাজের কাপ্তান ঐ নিয়ম শেষ হইবার আগে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যত বার ফিরিয়া আইসেন, ততবার আইনমতে যে কোন নাবিককে বিদায় করিতে কি নূতন নিযুক্ত করিতে হয় তাহাকে ঐ বন্দরের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে বিদায় কি নিযুক্ত করিবেন। ও সেই প্রকারে যতবার ফিরিয়া আইসেন ততবার, কোন লোককে বিদায় করা গেল না ও নূতন নিযুক্ত করা গেল না—অথবা ঐ বন্দরহইতে জাহাজের পুনরায় চলিয়া যাইবার আগে বিদায় কি নিযুক্ত করিবার মনস্থ নাই—অথবা সেই প্রকারে যত লোককে বিদায় কি নিযুক্ত করিতে হইয়াছিল তাহাদিগকে এই আইনের আজ্ঞাক্রমে নিয়মিতরূপে বিদায় কি নিযুক্ত করা গেল ইহার মধ্যে কোন কথা নিয়মপত্রের পৃষ্ঠে লিখিয়া সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন। যদি কোন কাপ্তান নিয়মপত্রের ঐ পৃষ্ঠ লিপিতে ইচ্ছাপূর্ব্বক অসত্য কথা লেখেন, তবে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত দণ্ড লাগিবে। আরো ঐ নিয়মপত্রের বিষয়ে আইনের যে বিধান আছে সেই বিধানমতে কর্ম্ম হইয়াছে, এই মর্ম্মের কথা ঐ নিয়মপত্রের পৃষ্ঠে লিখিয়া, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহাতে স্বাক্ষর করিবেন ও কাপ্তানকে সেই পৃষ্ঠলিপিযুক্ত নিয়মপত্র ফিরিয়া দিবেন ইতি।

[Fees to be paid on such running agreements.]

CXXIX. For the purpose of determining the fees to be paid upon the engagement and discharge of seamen belonging to foreign-going ships which have running agreements as aforesaid, the crew shall be considered to be engaged when the agreement is first signed, and to be discharged when the agreement finally terminates; and all intermediate engagements and discharges shall be considered to be engagements and discharges of single seaman.

[In Home-trade ships, agreement so to be entered into before a Superintendent or other witness.]

CXXX. In the case of Home-trade ships of a burden exceeding three hundred tons, crews or single seaman may, if the master thinks fit, be engaged before a Superintendent of a Mercantile Marine Office in the manner hereinbefore directed with respect to foreign-going ships. In every case in which the engagement is not so made, the master shall, before the ship puts to sea if practicable, and if not so soon afterwards as possible, cause the agreement to be read over and explained to each seaman, and the seaman shall thereupon sign the same in the presence of a witness who shall attest his signature.

[Special agreements for Home-trade ships belonging to same owner.]

CXXXI. In cases where several Home-trade ships belong to the same owner, the agreement with the seamen may, notwithstanding anything herein contained, be made by the owner instead of by the master, and the seamen may be engaged to serve in any two or more of such ships, provided that the names of the ships and the nature of the service are specified in the agreement; but with the foregoing exception, all provisions herein contained which relate to ordinary agreements for Home-trade ships shall be applicable to agreements made in pursuance of this Section.

[Penalty for shipping seaman without agreement duly executed.]

CXXXII. If in any case a master carries any seaman to sea without entering into an agreement with him in the form and manner and at the place and time hereby in such case required, the master shall for each such offence incur a penalty not exceeding fifty rupees.

[Changes in crew of foreign-going ship to be reported.]

CXXXIII. The master of every foreign-going ship of which the crew has been engaged before

[সেই প্রকার চলিত নিয়মের নিমিত্তে যে ফী দিতে হইবে তাহার কথা।]

১২৯ ধারা। ভিন্নদেশগমনীয় যে জাহাজের উক্ত প্রকার চলিত নিয়ম থাকে, সেই জাহাজের লোকদিগকে নূতন নিযুক্ত ও বিদায় করিবার সময়ে যে ফী দিতে হইবে তাহা নিরূপণ করিবার এই বিধি। যখন সেই নিয়মপত্রে প্রথমে স্বাক্ষর করা যায় তখনঅবধি জাহাজীয় সকল লোককে নিযুক্ত করা গেল, ও যখন নিয়মপত্রের কাল অতীত হয় তখন্ তাহাদিগকে বিদায় করা গেল জানিতে হইবে। ইতিমধ্যে কোন ব্যক্তিকে নিযুক্ত কি বিদায় করা গেলে স্বতন্ত্র নাবিককে নিযুক্ত কি বিদায় করা জ্ঞান হইবে ইতি।

[দেশীয় বাণিজ্য জাহাজে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কি অন্য সাক্ষির সম্মুখে ঐ নিয়ম করিবার কথা।]

১৩০ ধারা। দেশীয় বাণিজ্যের যে জাহাজে তিন শত টনের অধিক ধরে কাপ্তান উচিত বোধ করিলে, ভিন্নদেশগমনীয় জাহাজের যে বিধি ইহার পূর্ব্বে হইয়াছে, সেই বিধিমতে, মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে সেই জাহাজীয় সমুদয় নাবিককে মোটে কিম্বা ভিন্ন২ করিয়া নিযুক্ত করিতে পারিবেন। ও তাহাদিগকে সেই প্রকারে নিযুক্ত না করা গেলে জাহাজের কাপ্তান সমুদ্রে যাইবার আগে করিতে পারিলে তখন, কিম্বা না করিতে পারিলে তাহার পর যত শীঘ্র হয় তত শীঘ্র ঐ নিয়মপত্র এক২ জন নাবিকের নিকটে পাঠ করাইয়া বুঝাইয়া দিবেন ও নাবিক কোন এক জন সাক্ষির সাক্ষাতে ঐ নিয়মপত্রে স্বাক্ষর করিবে ও তাহার স্বাক্ষরের প্রমাণে সেই সাক্ষীও স্বাক্ষর করিবেন ইতি।

[দেশীয় বাণিজ্যের অনেক জাহাজ একি স্বামির হইলে তাহার বিশেষ নিয়ম।]

১৩১ ধারা। যদি একি স্বামির দেশীয় বাণিজ্যের অনেক জাহাজ থাকে তাহা হইলে এই আইনের মধ্যে যে কোন বিধি থাকুক, নাবিকদের সঙ্গে জাহাজের কাপ্তান নিয়ম না করিয়া স্বামী তাহা করিতে পারিবেন ও সেই নাবিকদের সঙ্গে কোন দুই কি অধিক জাহাজে কর্ম্ম করিবার নিয়ম করিতে পারিবেন, কিন্তু ইহাতে প্রয়োজন যে ঐ২ জাহাজের নাম ও ঐ নাবিকদের যে প্রকারের কর্ম্ম করিতে হইবে তাহার কথা নিয়মপত্রে স্পষ্ট লেখা থাকে। পরন্তু দেশীয় বাণিজ্যের জাহাজের রীতিমত নিয়মের যে সকল বিধান এই আইনে লেখা আছে উক্ত কথাভিন্ন সেই বিধান এই ধারামতে সকল নিয়মের উপর খাটিবে ইতি।

[নিয়মপত্র নিয়মিতরূপে সম্পাদন না করিয়া নাবিকদিগকে জাহাজে ভর্ত্তি করিবার দণ্ডের কথা।]

১৩২ ধারা। কোন নাবিককে সমুদ্রে লইয়া যাইবার যে পাঠের ও যে প্রকারের নিয়ম যে সময়ে ও যে স্থানে করিবার আজ্ঞা হইয়াছে যদি কোন কাপ্তান সেই সময়ে ও স্থানে সেই প্রকারের নিয়ম না করিয়া কোন নাবিককে সমুদ্রে লইয়া যান, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ঐ কাপ্তানের পাঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[ভিন্নদেশগামি জাহাজের নাবিকদের পরিবর্ত্তন হইলে রিপোর্ট করিবার কথা।]

১৩৩ ধারা। ভিন্নদেশগমনীয় যে জাহাজের লোককে কোন মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট

a Superintendent of a Mercantile Marine Office, shall, before finally leaving British India, sign and send to the nearest Superintendent a full and accurate statement in the form sanctioned by the Governor General of India in Council, of every change which takes place in his crew before finally leaving British India, and in default shall for each offence incur a penalty not exceeding fifty rupees, and such statement shall be admissible in evidence subject to all just exceptions.

[To prevent infraction of Act, Superintendent may board vessels and muster seamen.]

CXXXIV. For the purpose of preventing any seamen from being shipped at any port in India contrary to the provisions of this Act, the Superintendent by himself or his Deputy may enter at any time on board any ship upon which he shall have reason to believe that seamen have been shipped, and may muster and examine the several seamen employed therein. Any person who shall obstruct the said Superintendent or Deputy in such duty, shall be liable to a penalty not exceeding one hundred rupees.

[Rules as to production of agreements and certificates for foreign-going ships and steamers.]

CXXXV. The following rules shall be observed with respect to the production of agreements and certificates of competency or service for foreign-going ships; (that is to say):—

(1.) The master of every foreign-going ship or steam-ship required by this Act to have a certificated engineer, shall, or signing the agreement with his crew, produce to the Superintendent before whom the same is signed, the certificates of competency or service which the said master, mate and (in the case of any such steam-ship), engineer, are hereby required to possess; and upon such production being duly made and the agreement being duly executed as hereby required, the Superintendent shall sign and give to the master a certificate to that effect:

(2.) In the case of running agreements for foreign-going ships or steamers the Superintendent shall before the second and every subsequent voyage made after the first commencement of the agreement, sign and give to the master, on his complying with the provisions herein contained with respect to such arrangements, and producing to the Superintendent the certificate of competency or service of any mate or engineer then first engaged by him, a certificate to that effect:

(3.) The master of every foreign-going ship or steamer shall, before proceeding to sea, produce

সাহেবের সম্মুখে নিয়মমতে নিযুক্ত করা যায়, তাঁহারদের মধ্যে ব্রিটনীয় ভারতবর্ষহইতে প্রস্থান করিবার পূর্ব্বে যে পরিবর্ত্তন হইয়াছে সেই জাহাজের অধ্যক্ষ ব্রিটনীয় ভারতবর্ষ ছাড়িয়া যাইবার আগে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনল সাহেবের অনুমোদিত পাঠে সেই পরিবর্ত্তনের পূরা ও যথার্থ বর্ণনা লিখিয়া স্বাক্ষর করিয়া নিকটস্থ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কাছে পাঠাইবেন। যদি না পাঠান, তবে সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। ও ন্যায্যমতের বর্জ্জনীয় সকল কথা মানিয়া ঐ বর্ণনা প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[আইন লঙ্ঘন না হয় এই কারণে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের জাহাজে উঠিয়া সকল নাবিককে একত্র ডাকিতে পারিবার কথা।]

১৩৪ ধারা। ভারতবর্ষের কোন বন্দরে কোন নাবিক এই আইনের বিধান বিপক্ষে জাহাজে ভর্ত্তি না হয় এই কারণে যদি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব কোন জাহাজে নাবিকের ভর্ত্তি হইবার কথা জানিতে পান, তবে আপনি কিম্বা তাঁহার ডেপুটী সাহেব ঐ জাহাজে কোন সময়ে উঠিয়া তাহাতে যে সকল নাবিক কর্ম্ম করিতেছে তাহারদিগকে একত্রে ডাকিয়া তদন্ত লইতে পারিবেন। ও যদি কেহ সেই কর্ম্মেতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কিম্বা তাঁহার ডেপুটী সাহেবের বাধা করেন, তবে তাহার এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[ভিন্নদেশগামি জাহাজের ও ষ্টীমরের নিয়মপত্র ও সর্টিফিকট দেখাইবার বিধি।]

১৩৫ ধারা। ভিন্নদেশগমনীয় জাহাজের নিমিত্তে নিয়মপত্র ও যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট দেখাইবার এই২ বিধি মানিতে হইবে।

(১) এই আক্টমতে ভিন্নদেশগমনীয় যে জাহাজে ও যে ষ্টীমরে সর্টিফিকটপ্রাপ্ত ইঞ্জিনিয়র থাকা আবশ্যক তাহার অধ্যক্ষ আপন জাহাজী লোকেরদের সঙ্গে যৎকালে নিয়মপত্রে স্বাক্ষর করেন তৎকালে যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে স্বাক্ষর করিবেন এই আইনমতে উক্ত অধ্যক্ষের কি মালিমের ও ষ্টীমর হইলে ইঞ্জিনিয়রের যোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট থাকা আবশ্যক তাহাও তাঁহাকে দেখাইবেন। ও তাহা নিয়মিতরূপে দেখান গেলে, ও ঐ নিয়মপত্র এই আইনের আজ্ঞামতে নিয়মিতরূপে সম্পাদন হইলে, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ মর্ম্মের সর্টিফিকটে স্বাক্ষর করিয়া অধ্যক্ষকে দিবেন।

(২) ভিন্নদেশগমনীয় জাহাজের কি ষ্টীমরের চলিত নিয়ম থাকিলে, নিয়মপত্রের প্রারম্ভের পরে জাহাজ দ্বিতীয়বার ও পশ্চাৎ যতবার ভিন্নদেশে যায় ততবার যাইবার পূর্ব্বে অধ্যক্ষ ঐ নিয়মপত্র বিষয়ে এই আইনের লিখিত বিধানমতে কর্ম্ম করিয়া যে কোন মালিমকে কি ইঞ্জিনিয়রকে নূতন নিযুক্ত করেন তাঁহার যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট সুপারন্টেণ্ডেণ্ট সাহেবকে দেখাইলে তিনি ঐ কর্ম্ম করিয়াছেন সুপরিন্টেণ্ডেণ্ট এই মর্ম্মের সর্টিফিকটে স্বাক্ষর করিয়া ঐ অধ্যক্ষকে দিবেন।

(৩) ভিন্নদেশগমনীয় প্রত্যেক জাহাজের কি ষ্টীমরের অধ্যক্ষ সুপরিন্টেণ্ডেণ্টের স্থানে ঐ প্রকারের যে সর্টি-

the certificate so to be given to him by the Superintendent as aforesaid to the Collector of Customs or if there be no Collector of Customs, to the officer whose duty it is to grant a port-clearance. No officer of Customs or other officer shall clear any such ship or steamer outwards without such production; and if any such ship or steamer attempts to go to sea without a clearance, any such officer may detain her until such certificate as aforesaid is produced;

নিকট পান সমুদ্রে চলিয়া যাইবার আগে কষ্টমের কালেক্টর সাহেবকে তাহা দেখাইবেন। যদি কষ্টমের কালেক্টর সাহেব না থাকেন, তবে বন্দরহইতে জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র দিবার কর্ম্ম যে সাহেবের হাতে থাকে তাঁহাকে দেখাইবেন। সেইরূপ সর্টিফিকট দেখান না গেলে কষ্টমের কোন কার্য্যকারক কিম্বা অন্য কোন কার্য্যকারক ঐ জাহাজের কি ষ্টীমরের চলিয়া যাইবার অনুমতিপত্র দিবেন না। যদি তদ্রূপ কোন জাহাজ কি ষ্টীমর অনুমতিপত্র না পাইয়া সমুদ্রে চলিয়া যাইবার উদ্যোগ করে, তবে সেই প্রকারের সর্টিফিকট যত কাল দেখান না যায় তত কাল সেই কার্য্যকারক ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

(4.) The master of every foreign-going ship or steamer shall, within forty-eight hours after the ship's or steamer's arrival at her final port of destination in British India or upon the discharge of the crew, whichever first happens, deliver such agreement to a Superintendent of the Mercantile Marine Office at the place, and such Superintendent shall thereupon give to the master a certificate of such delivery; and no officer of Customs or other officer shall clear any foreing-goign ship or steamer inwards without the production of such certificate. And if the master of any foreign-going ship or steamer fails to deliver the agreement to a Superintendent at the time and in the manner hereby directed, he shall for every default incur a penalty not exceeding fifty rupees.

(৪) ভিন্নদেশগমনীয় কোন জাহাজ কি ষ্টীমর ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত গমনীয় শেষ বন্দরে পঁহুছিলে পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে, অথবা জাহাজীয় সকল লোককে অগ্রে বিদায় করা গেলে তৎসময়ে, সেই স্থানের মরকান্টাইল মারীন আফিসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে ঐ নিয়মপত্র দিবেন। ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ অধ্যক্ষকে ঐ নিয়মপত্র পাইবার সর্টিফিকট দিবেন। ও সেই সর্টিফিকট দেখান না গেলে কষ্টমের কার্য্যকারক কি অন্য কোন কার্য্যকারক ভিন্নদেশগমনীয় ঐ জাহাজে কি ষ্টীমরে বোঝাই লইবার অনুমতি দিবেন না। ভিন্নদেশগমনীয় কোন জাহাজের কি ষ্টীমরের অধ্যক্ষ যদি এই ধারার লিখিত সময়ে ও প্রকারে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে ঐ নিয়মপত্র না দেন, তবে তাঁহার তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Rules as to production of agreements and certificates for Home-trade ships and steamers.]

[দেশীয় বাণিজ্যের জাহাজের ও ষ্টীমরের নিয়মপত্র ও সর্টিফিকট দেখাইবার বিধি।]

CXXXVI. The following rules shall be observed with respect to the production of agreements and certificates of competency or service for Home-trade ships and steamers of a burden exceeding three hundred tons; (that is to say):—

১৩৬ ধারা। এতদ্দেশীয় বাণিজ্যের যে জাহাজে ও ষ্টীমরে তিন শত টনের অধিক ধরে তজ্জন্যে যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট ও নিয়মপত্র দেখাইবার এই২ বিধি মানিতে হইবে।

(1.) No such agreement shall extend beyond the next following thirtieth day of June or thirty-first day of December, or the first arrival of the ship or steamer at her final port of distination in British India after such date, or the discharge of cargo consequent upon such arrival:

(১) সেই প্রকারের কোন নিয়মপত্র যৎকালে সম্পাদন করা যায় তৎকালাবধি জুন মাসের ৩০ তারিখের কি ডিসেম্বর মাসের ৩১ তারিখের কিম্বা জাহাজ কি ষ্টীমর সেই তারিখের পরে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত গমনীয় শেষ বন্দরে যৎকালে পঁহুছে তৎকালের কিম্বা তদ্রূপে পঁহুছিবার পরে বোঝাই দ্রব্য উত্তরিয়া দিবার অধিক কালের নিমিত্তে প্রবল হইবে না।

(2.) The master or owner of every such ship or steamer shall, within twenty-one days after the thirtieth day of June and thirty-first day of December in every year, or (if the ship is not at any port in British India within twenty-one days after either the thirtieth day of June or the thirty-first day of December in any year), within forty-eight hours after her next arrival at any port in British India, transmit or deliver to some Superintendent of a Mercantile Marine Office in British India every agreement made within the six calendar months next preceding such

(২) প্রতি বৎসর জুন মাসের ৩০ তারিখের ও ডিসেম্বর মাসের ৩১ তারিখের পর একুশদিনের মধ্যে, অথবা কোন বৎসর যদি ঐ জাহাজ কি ষ্টীমর জুন মাসের ঐ ৩০ তারিখের কি ডিসেম্বর মাসের ৩১ তারিখের পর একুশ দিনের মধ্যে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে না থাকে, তবে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে ঐ জাহাজের পঁহুছিবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে, সেই জাহাজের অধ্যক্ষ কি স্বামী ঐ২ তারিখের পূর্ব্ব ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত ছয় মাসের মধ্যে যে সকল নিয়মপত্র করিয়াছেন তাহা ব্রিটনীয় ভারতবর্ষের কোন মরকান্টাইল মারীন আফিসের কোন সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে পাঠাইবেন কি তাঁহাকে দিবেন,

days respectively, and shall also produce to the Superintendent the certificates of competency or service which the said master, mate, and (in the case of steam-ships) engineer are hereby required to possess :

ও এই আইনমতে ঐ অধ্যক্ষের কি তাঁহার মালিমের ও ষ্টীমর হইলে ইঞ্জিনিয়রের যোগ্যতার কি কর্ম্মের যে সর্টিফিকট থাকা আবশ্যক তাহাও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দেখাইবেন।

(3.) The Superintendent shall thereupon give to the master or owner a certificate of such delivery and production ; and no officer of Customs or other officer authorized to grant a port clearance shall grant a clearance for any such ship or steamer without the production of such certificate ; and if any such ship or steamer attempts to go to sea, without such clearance, any such officer may detain her until the said certificate is produced :

(৩) ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ অধ্যক্ষকে কি স্বামিকে ঐ নিয়মপত্র প্রভৃতি পাইবার ও দেখাইবার সর্টিফিকট দিবেন। ও সেই সর্টিফিকট না দেখাইলে কষ্টমের কোন কার্য্যকারক কিম্বা বন্দর-হইতে চলিয়া যাইবার অনুমতিপত্র দিবার ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই জাহাজের কি ষ্টীমরের চলিয়া যাইবার অনুমতিপত্র দিবেন না। ও সেই প্রকারের কোন জাহাজ কি ষ্টীমর তদ্রূপ অনুমতিপত্র না পাইয়া যদি সমুদ্রে চলিয়া যাইবার উদ্যোগ করে, তবে যতকাল ঐ সর্টিফিকট না দেখান যায় ততকাল উক্ত কার্য্যকারক সাহেব ঐ জাহাজ আটক করিয়া রাখিতে পারিবেন।

And if the agreement for any Home-trade ship is not delivered or trasmitted by the master or owner to a Superintendent of a Mercantile Marine Office at the time and in the manner hereby directed, such master or owner shall for every default incur a penalty not exceeding fifty rupees.

দেশীয় বাণিজ্যের কোন জাহাজের ঐ নিয়মপত্র যদি এই ধারার লিখিত সময়ে ও প্রকারে ঐ অধ্যক্ষের কি স্বামির দ্বারা মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে না দেওয়া যায় কি তাঁহার নিকটে পাঠান না যায়, তবে ঐ অধ্যক্ষের কি স্বামির তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[Alterations to be void unless attested to have been made with the consent of all parties.]

[কোন কথার পরিবর্ত্তন হইলে যদি তৎসম্পর্কীয় সমস্ত ব্যক্তির সম্মতিক্রমে হইবার প্রমাণে সাক্ষিরদের স্বাক্ষর না থাকে, তবে বৃথা হইবার কথা।]

CXXXVII. Every erasure, interlineation or alteration in any such agreement with seamen as is required by this Act (except additions so made as hereinbefore directed for shipping substitutes or persons engaged subsequently to the first departure of the ship) shall be wholly inoperative unless proved to have been made with the consent of all the persons interested in such erasure, interlineation or alteration by the written attestation (if made in Her Majesty's dominions) of some Superintendent of a Mercantile Marine Office, Justice, officer of Customs or other public functionary, or (if made out of Her Majesty's dominions) of a British Consular Officer, or, where there is no such officer, of two respectable British merchants.

১৩৭ ধারা। জাহাজে বদলীদিগকে কিম্বা জাহাজ প্রথমে প্রস্থান করিলে পর কোন লোকদিগকে ভর্ত্তি করিবার যে অতিরিক্ত কথা লিখিবার আজ্ঞা পূর্ব্বে করা গিয়াছে তদ্ভিন্ন এই আইনমতে নাবিকদের সঙ্গে যে নিয়মপত্র করিবার আজ্ঞা হয় তাহার কোন কথা যদি উঠাইয়া দেওয়া যায়, কিম্বা দুই পংক্তির মধ্যে লেখা যায়, কি যদি কোন কথার পরিবর্ত্তন হয়, তবে সেই উচ্ছিন্ন কিম্বা দুই পংক্তির মধ্যে লিখিত কি পরিবর্ত্তিত কথাতে যে সকল লোকের স্বার্থ থাকে তাহারদের সম্মতিক্রমে হইল এই কথার প্রমাণে, (শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের মধ্যে) কোন মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের কি জষ্টিস সাহেবের কি কষ্টমের কার্য্যকারক সাহেবের কিম্বা রাজকার্য্যে অন্য কোন প্রধান কার্য্যকারক সাহেবের স্বাক্ষর না থাকিলে, অথবা (শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের বহির্ভূত দেশে) কোন ব্রিটনীয় কনসল সাহেবের কিম্বা তিনি না হইলে ব্রিটনীয় মান্যগ্রাহ্য দুই জন বণিকের স্বাক্ষর না থাকিলে, ঐ কথা সম্পূর্ণরূপে নিষ্ফল হইবে ইতি।

[Copy of agreement to be made accessible to crew.]

[ঐ নিয়মপত্রের প্রতিলিপি জাহাজী লোকেরদের দেখিতে পাইবার কথা।]

CXXXVIII. The master shall at the commencement of every voyage or engagement cause a legible copy of the agreement, and, if necessary, a translation thereof in a language understood by the majority of the crew (omitting the signatures) to be placed or posted up in such part of the ship as to be accessible to the crew, and in default shall for each offence incur a penalty not exceeding fifty rupees.

১৩৮ ধারা। জাহাজের প্রত্যেকবার যাত্রার আরম্ভে কিম্বা জাহাজীয় লোকদিগকে নিযুক্ত করা কালে জাহাজের অধ্যক্ষের স্বাক্ষরভিন্ন ঐ নিয়মপত্রের সুপাঠ্য প্রতিলিপি ও প্রয়োজন হইলে জাহাজীয় অধিকাংশ লোকের বোধগম্য ভাষাতে অনুবাদ করাইয়া জাহাজীয় সকল নাবিক যে স্থানে যাইতে পারে এমত স্থানে রাখিবেন কি লটকাইয়া দিবেন, ও তাহা না করিলে তদ্রূপ প্রত্যেক ত্রুটির জন্যে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[Seamen discharged before voyage to have compensation.]

CXXXIX. Any seaman who has signed an agreement and is afterwards discharged before the commencement of the voyage, or before one month's wages are earned, without fault on his part justifying such discharge and without his consent, shall be entitled to receive from the master or owner, in addition to any wages he may have earned, due compensation for the damage thereby caused to him, not exceeding one month's wages, and may on adducing such evidence as the Court or Magistrate hearing the case deems satisfactory, of his having been so improperly discharged as aforesaid, recover such compensation as if it were wages duly earned.

CHAPTER IV.

Of Seamen's Wages.

(a).—Regulation of advances.

[Rgulation of advances and advance-notes.]

CXL. No advance of wages shall be made or advance-note given to any person but the seaman himself. No advance of wages shall be made or advance-note given for any greater sum than the amount of one month's wages, or unless the agreement contains a stipulation for the same and an accurate statement of the amount thereof. No advance-note shall be given to any seaman who signs the agreement before a Superintendent of a Mercantile Marine Office unless in the presence of such Superintendent.

[Advances irregularly or improperly made not to be a discharge of wages.]

CXLI. If any advance of wages is made or any advance-note given to any seaman in any such manner as to constitute a breach of any of the above provisions, the wages of such seamen shall be recoverable by him as if no such advance had been made or advance-note given, and in the case of any advance-note so given, no person shall be sued thereon under the provisions hereinafter contained, unless he was in person or by his agent a party to the irregular or improper manner of giving the same.

(b).—Allotment of Wages.

[Stipulations for allotment to be inserted in the agreement. Allotment-notes.]

CXLII. All stipulation for the allotment of any part of the wages of a seaman during his absence, which are made at the commencement of the voyage, shall be inserted in the agreement

[জাহজের যাত্রার পূর্ব্বে নাবিকদিগকে বিদায় করা গেলে তাহারদের ক্ষতিপূরণের কথা।]

১৩৯ ধারা। কোন নাবিক নিয়মপত্রে স্বাক্ষর করিলে পর যদি জাহাজের যাত্রার কিম্বা এক মাসের বেতন পাওনা হইবার আগে তাহাকে ছাড়িয়া দেওয়া যায়, অথচ তাহাকে ছাড়িয়া দেওয়া যাহাতে ন্যায় হয় এমত কোন অপরাধ না করিয়া থাকে, ও তাহার নিজ সম্মতিতে ছাড়িয়া দেওয়া না যায়, তবে তাহার যত বেতন পাওনা থাকে তত টাকা, ও তদ্ভিন্ন ঐরূপে ছাড়িয়া দেওয়াতে তাহার যে ক্ষতি হইল তাহারপরিশোধে ঐ জাহাজের অধ্যক্ষের কি স্বামির স্থানে এক মাসের বেতনের অনধিক টাকা পাইতে পারিবে, ও যে আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার বিচার করেন তিনি ঐ ব্যক্তিকে পূর্ব্বোক্ত অনুচিতরূপে ছাড়াইয়া দিবার যে প্রমাণ উপযুক্ত জ্ঞান করেন ঐ ব্যক্তি তাহা উপস্থিত করিলে নিয়মিতরূপে পাওনা বেতনের ন্যায় ঐ ক্ষতি পূরণের টাকা আদায় করিতে পারিবে ইতি।

---

৪ অধ্যায়।

নাবিকেরদের বেতনের বিধি।

(a)—টাকা আগাম দেওনের বিধি।

[আগাম টাকা ও আগাম টাকার পত্র দিবার কথা।]

১৪০ ধারা। বেতনের আগাম টাকা কি বরাৎ চিঠি নাবিকভিন্ন কোন কাহার হাতে দিতে হইবে না। এক মাসের বেতনের অধিক আগাম টাকা কি তাহার বরাৎচিঠী দিতে হইবে না, ও টাকা আগাম দিবার নিয়ম ও যত দিতে হইবে নিয়মপত্রের মধ্যে ইহার স্পষ্ট লিখন না থাকিলে দেওয়া যাইবে না। ও যে কোন নাবিক মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিণ্টেণ্ডেণ্টের সম্মুখে নিয়মপত্রে স্বাক্ষর করে, তাঁহারই সাক্ষাতে না হইলে তাহাকে আগাম টাকা পাইবার বরাৎ চিঠি দেওয়া যাইবে না ইতি।

[টাকা অনিয়মিতরূপে কি অনুচিতমতে আগাম দেওয়া গেলে বেতনস্বরূপ জ্ঞান না হইবার কথা।]

১৪১ ধারা। কোন নাবিককে বেতনের আগাম টাকা কিম্বা আগাম টাকার বরাৎপত্র যেরূপে দেওয়া যায় তদ্দৃষ্টে যদি পূর্ব্বোক্ত কোন বিধির লংঘন হয়, তবে ঐ নাবিক সেই প্রকারের আগাম টাকা কিম্বা আগাম টাকার বরাৎ চিঠি না পাইবার মতে আপনার বেতন আদায় করিতে পারিবে। ও আগাম টাকার পত্র সেই প্রকারে দেওয়া গেলে তজ্জন্য নিম্নলিখিত বিধানমতে কোন লোকের নামে অভিযোগ হইতে পারিবে না, কিন্তু যদি ঐ ব্যক্তি আপনি কি আপনার পক্ষ কর্ম্মকারকের দ্বারা অনিয়মিতরূপে কি অনুচিতমতে ঐ পত্র দেওন কার্য্যেতে সহায় হয়, তবে অভিযোগ হইতে পারিবে ইতি।

(b)—বেতনের বরাৎ দিবার বিধি।

[নিয়মপত্রে বরাৎ দিবার নিয়ম লিখিবার ও বরাৎ চিঠীর কথা।]

১৪২ ধারা। নাবিকের বিদেশে থাকন সময়ে তাহার বেতনের কোন অংশের বরাৎ দিবার যে নিয়ম জাহাজের প্রথম যাত্রাকালে করা যায়, তাহা নিয়মপত্রে লিখিতে হইবে, ও যে সময়ে যত টাকা দিতে হইবে

and shall state the amounts and times of the payments to be made. All allotment-notes shall be in forms sanctioned by the Local Government and shall be made for the benefit only of a relative of the seaman or some member of his family to be named in the note, and shall be payable to the Superintendent of a Mercantile Marine Office on account of such relative of the seaman or member of his family. Such allotment shall not in any case exceed one third of the wages of the seaman.

তাহাও নির্ণয় করা যাইবে। সেই প্রকারের সকল বরাৎ চিঠী স্থানবিশেষের গবর্ণমেন্টের অনুমোদিত পাঠে লিখিতে হইবে। ও ঐ নাবিকের কোন বন্ধু কিম্বা পরিবারের লোকভিন্ন তাহা কাহার উপকারের নিমিত্তে হইবে না; ও সেই বন্ধু প্রভৃতির নাম চিঠীতে লেখা থাকিবে ও ঐ নাবিকের সেই বন্ধুকে কি তাহার পরিবারের সেই লোককে দিবার জন্যে সেই টাকা মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে দেওয়া যাইবে। কিন্তু সেই বরাতী টাকা ঐ নাবিকের বেতনের তিন ভাগের এক ভাগের অধিক কখন হইবে না ইতি।

[Owner, &c., to pay to Superintendent the sums allotted. Suits on allotment-notes. Evidence.]

[ঐ বরাতী টাকা সুপরিন্টেণ্ডেন্ট সাহেবকে স্বামির দিবার কথা ও বরাৎ চিঠীর উপর মোকদ্দমার ও প্রমাণের কথা।]

CXLIII. The owner or any agent who has anthorized the drawing of an allotment-note shall pay to the Superintendent of a Mercantile Marine Office on demand the sums allotted by the note, when and as the same are made payable, unless the seaman is shown in manner hereinafter metioned to have forfeited or ceased to be entitled to the wages out of which the allotment is to be paid. In the event of such sums not being paid to the Superintendent of a Mercantile Marine Office on demad, the Supeintendent of a Mercantile Marine Office may sue for and recover them with costs. The seaman shall be presumed to be duly earning his wages, unless the contrary is shown to the satisfaction of the Court or Magistrate, either by the official statement of the change in the crew caused by his absence, made and signed by the master, as by this Act is required, or by a duly certified copy of some entry in the official log-book to the effect that he has died or left the ship, or by a credible letter from the master of the ship to the same effect, or by such other evidence, of whatever description, as the Court or Magistrate trying the case considers sufficient to show satifactorily that the seaman has ceased to be entitled to the wages out of which the allotment is to be paid.

১৪৩ ধারা। জাহাজের যে স্বামী কি তাঁহার যে কোন কর্ম্মকারক বরাৎ চিঠী টাকা দিবার অনুমতি দিয়াছেন মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্ট সাহেব তাঁহার নিকটে চাহিলে ঐ বরাত চিঠীর টাকা যখন যে প্রকারে দিতে হয় তখন সেই প্রকারে দিবেন, কিন্তু ঐ বরাতের টাকা নাবিকের যে বেতনহইতে দিতে হয় তাহা বন্দ হইয়াছে কিম্বা পাওনা নাই ইহা নিম্নলিখিত প্রকারে দর্শান গেলে ঐ টাকা দেওয়া যাইবে না। মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্ট সেই টাকার দাওয়া করিলেও যদি তাঁহাকে না দেওয়া যায়, তবে তিনি নালিশ করিয়া খরচাসমেত তাহা আদায় করিতে পারিবেন। নাবিক উচিতমতে কর্ম্ম করিয়া স্বীয় বেতন পাইবার যোগ্য ইহা নিত্য অনুভবনীয়। কিন্তু যদি আদালতের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধমতে বিপরীত প্রমাণ হয়, যথা এই আইনমতে জাহাজের লোকেরদের পরিবর্ত্ত হইবার যে বর্ণনাপত্র অধ্যক্ষকে লিখিয়া স্বাক্ষর করিতে আজ্ঞা হইল, ঐ নাবিক উপস্থিত না হওয়াতে যদি সেই পরিবর্ত্ত হইবার বর্ণনাপত্র অর্পণ করা যায় কিম্বা ঐ নাবিক মরিয়াছে কি জাহাজ ত্যাগ করিয়া গিয়াছে, যদি জাহাজের উপনামায় লিখিত এমত কোন কথার প্রতিলিপি উচিতমতে স্বাক্ষর হইয়া অর্পণ করা যায় কিম্বা জাহাজের অধ্যক্ষের কোন বিশ্বাস যোগ্য পত্রেতে সেই প্রকারের কথা লেখা থাকে ইত্যাদি প্রকারের অন্য কোন প্রমাণেতে যদি ঐ মোকদ্দমা বিচারকারি আদালত কি মাজিষ্ট্রেট সাহেব হৃদ্বোধমতে বুঝিতে পান যে নাবিকের যে বেতনহইতে বরাতের টাকা দিতে হয় তাহা আর পাইবার যোগ্য নয়, তবে সেই অনুভব ত্যাগ করিতে হইবে, নতুবা নয় ইতি।

[Receipts and payments by Superintendent on account of allotment-notes.]

[বরাৎ চিঠীর বলে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের প্রাপ্ত টাকার বর্ণন ও টাকা দিবার কথা।]

CXLIV. The Superintendent, on receiving any such sum as aforesaid shall pay it over to the person named in the allotment-note. All such receipts and payments shall be entered in a book, and all entries in the said book shall be authenticated by the signature of the Superintendent or his Deputy Superintendent, and the said book

১৪৪ ধারা। সুপরিন্টেণ্ডেন্ট সাহেব পূর্ব্বোক্ত টাকা পাইলে, বরাৎ চিঠীতে যাঁহার নাম লেখা আছে তাঁহাকে দিবেন। সেই প্রকারে যে সকল টাকা পান ও দেন তাহার হিসাব খাতায় তুলিতে হইবে, ও সেই খাতার সকল কথাতে ঐ সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের কি তাঁহার ডেপুটী সাহেবের স্বাক্ষর করিতে হইবে। ও সেই টাকার দানাদানেতে যাঁহারদের কিছু

shall be at all times open to the inspection of the parties concerned.

(c.)—Discharge and Payment of Wages.

[Discharge from foreign-going ships to be made before Superintendent.]

CXLV. All seamen discharged from any foreign-going ship at any port in British India in whatever part of Her Majesty's dominions the ship is registered shall be discharged and receive their wages in the presence of a Superintendent of a Mercantile Marine Office duly appointed under this Act, except in cases where some competent Court otherwise directs. And any master or owner of any such ship who discharges any seaman belonging thereto, or, except as aforesaid, pays his wages in any other manner, shall incur a penalty not exceeding one hundred rupees. In the case of Home-trade ships of a burden exceeding three hundred tons, seamen may, if the owner or master so desires, be discharged and receive their wages in like manner.

[Master to deliver account of wages.]

CXLVI. Every master shall, not less than twenty-four hours before paying off or discharging any seaman, deliver to him, or, if he is to be discharged before a Superintendent of a Mercantile Marine Office, to such Superintendent, a full and true account, in a form sanctioned by the Local Government, of his wages and of all deductions to be made therefrom on any account whatever, and in default shall for each offence incur a penalty not exceeding fifty rupees. No deduction from the wages of any seamen (except in respect of any matter happening after such delivery) shall be allowed unless it is included in the account so delivered. The master shall during the voyage enter the various matters in respect of which such deductions are made with the amounts of the respective deductions as they occur, in a book to be kept for that purpose, and shall, if required, produce such book at the time of the payment of wages and also upon the hearing before any competent authority of any complaint or question relating to such payments.

[On discharge, masters to give seamen certificates of discharge, and return certificates of competency or service to mates.]

CXLVII. Upon the discharge of any seaman or upon payment of his wages, the master shall sign and give him a certificate of his discharge, in a form sanctioned by the Local Government, specifying the period of his service and the time and place of his discharge. If any master fails to sign and give to any such seaman

সম্পর্ক থাকে তাঁহারা যখন চাহেন তখন সেই খাতা দেখিতে পাইবেন ইতি।

(c) বিদায় করিবার ও বেতন দিবার বিধি।

[ভিন্নদেশ গমনীয় জাহাজের লোককে বিদায় করা গেলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে করিবার কথা।]

১৪৫ ধারা। ভিন্নদেশগামনীয় জাহাজ শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের যে কোন স্থানে রেজিষ্টরী হউক, যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে ঐ জাহাজের কোন নাবিককে বিদায় করা যায়, তবে এই আইনমতের নিয়মিতরূপে নিযুক্ত কোন মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের গোচরে তাঁহাকে বিদায় করিতে ও বেতন দিতে হইবে। কিন্তু যদি স্থলবিশেষে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালত অন্যরূপ আজ্ঞা করেন, তবে সেই আজ্ঞা প্রবল থাকিবে। যদি তদ্রূপ কোন জাহাজের কোন অধ্যক্ষ কি স্বামী ঐ জাহাজের কোন নাবিককে প্রকারান্তরে বিদায় করেন কিম্বা পূর্ব্বোক্ত স্থলভিন্ন তাঁহাকে অন্য প্রকারে বেতন দেন, তবে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। দেশীয় বাণিজ্যের যে জাহাজে তিন শত টনের অধিক ধরে সেই জাহাজের স্বামী কি অধ্যক্ষ ইচ্ছা করিলে, তাঁহাদের নাবিকদের প্রতি বিদায় হইবার ও বেতন পাইবার সেই বিধি বর্ত্তিবে ইতি।

[বেতনের হিসাব অধ্যক্ষের দিবার কথা।]

১৪৬ ধারা। অধ্যক্ষ কোন নাবিককে বেতন দিয়া ছাড়িয়া দিবার চব্বিশ ঘণ্টা পূর্ব্বে ঐ নাবিকের বেতনের ও তাহাহইতে যে কারণে যাহা বাদ দিতে হইবে তাহার পূরা ও যথার্থ হিসাব, স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমোদিত পাঠে তাহাকে দিবেন, কিম্বা মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে ছাড়িয়া দিতে হইলে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন। তাহা না করিলে তাঁহার প্রত্যেকবার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। সেই হিসাবে ধরা না গেলে কোন নাবিকের বেতনহইতে কিছু বাদ দিবার অনুমতি নাই। কিন্তু সেই হিসাব দিলে পর যদি তাঁহার বেতন কাটিবার কোন কারণ থাকে, তবে তাহা লইতে পারিবেন। জাহাজের যাত্রাকালে অধ্যক্ষ একখান বহী রাখিয়া নাবিকদের যত বেতন যেং কারণে কাটিতে হইবে তাহা লিখিয়া রাখিবেন, ও ঐ বেতন দিবার সময়ে, ও উপযুক্ত কোন কার্য্যকারক সাহেবের সম্মুখে সেই বেতনসম্পর্কীয় কোন অভিযোগের কি বিবাদের বিচার হইবার সময়ে, তাঁহাকে আজ্ঞা হইলে তাঁহার ঐ বহী আনিয়া দেখাইতে হইবে ইতি।

[নাবিকদিগকে ছাড়িয়া দেওয়া গেলে তাহার সর্টিফিকট ও মালিমদিগকে যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট ফিরিয়া দিবার কথা।]

১৪৭ ধারা। কোন নাবিককে বিদায় করিবার কিম্বা তাহার বেতন দিবার সময়ে কাপ্তান স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমোদিত পাঠে বিদায়ের সর্টিফিকট স্বাক্ষর করিয়া তাঁহাকে দিবেন। নাবিক যত কাল কর্ম্ম করিয়াছে ও যে সময়ে ও স্থানে ছাড়িয়া দেওয়া যায় তাহা ঐ সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকিবে। যদি কোন অধ্যক্ষ ঐ প্রকারের সর্টিফিকট স্বাক্ষর করিয়া

such certificate of discharge, he shall for each such offence incur a penalty not exceeding one hundred rupees. The master shall also, upon the discharge of every certificated mate whose certificate of competency or service has been delivered to and retained by him, return such certificate, and shall in default incur a penalty not exceeding two hundred rupees.

নাবিককে না দেন, তবে তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। আরো সর্টিফিকটপ্রাপ্ত যে মালিমের যোগ্যতার কি কর্ম্মের সর্টিফিকট অধ্যক্ষের হাতে দেওয়া গিয়াছিল ও তাঁহার কাছে থাকে তিনি ঐ মালিমকে ছাড়িয়া দিবার সময়ে তাহা ফিরিয়া দিবেন। না দিলে তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

Leaving Seamen in British India.

ব্রিটনীয় ভারতবর্ষে নাবিকদিগকে ত্যাগ করিবার কথা।

[On discharge of seamen abroad by sale of ship or otherwise, certificates of discharge to be given, and seamen to be sent home at expense of owner.]

[জাহাজ বিক্রয় হওয়াতে কি কারণান্তরে ভিন্নদেশে নাবিককে বিদায় করা গেলে, সর্টিফিকট দিবার এবং স্বামিদের খরচে নাবিকদিগকে স্বদেশে পাঠাইবার কথা।]

CXLVIII. Whenever any British ship is transferred or disposed of at any place in British India, and any seaman or apprentice belonging thereto does not, in the presence of such officer as the Local Government shall appoint, signify his consent in writing to complete the voyage if continued, the master shall give to each such seaman or apprentice a certificate of discharge in the form sanctioned by the Local Government, and, in the case of any certificated mate whose certificate he has retained, shall return such certificate to him, and shall also, besides paying the wages to which such seaman or apprentice is entitled, either provide him with adequate employment on board some other British ship bound to the port in Her Majesty's dominions at which he was originally shipped, or to such other port in the United Kingdom as is agreed upon by him, or furnish the means of sending him back to such port, or provide him with a passage home, or deposit with such officer as aforesaid such a sum of money as is by such officer deemed sufficient to defray the expenses of his subsistence and passage home; and such officer shall indorse upon the agreement of the ship which the seaman or apprentice is leaving, the particulars of such payment, provision, or deposit. If the master refuse or neglects to comply with the requirements of this Section, such expenses as last aforesaid, if defrayed by such officer shall, unless such seaman or apprentice has been guilty of barratry, be a charge upon the ships to which such seaman or apprentice belonged and upon the owner for the time being thereof, and may be recovered against such owners, with costs, at the suit of the officer defraying such expenses, or, in case the same has been allowed to the officer out of the public monies, as a debt due to the Secretary of State for India, either by ordinary process of law, or in the manner in which seamen are hereby enabled to recover wages; and such

১৪৮ ধারা। যদি ব্রিটনীয় কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে হস্তান্তর কি বিক্রয় করা যায়, এবং লক্ষিত স্থানে জাহাজের গমন হইতে থাকিলে ঐ জাহাজের কোন নাবিক কি শিক্ষার্থী ঐ জাহাজে যাইতে সম্মত না হইয়া স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার সম্মুখে যদি সেই অসম্মতি জানান, তবে স্থানীয় গবর্ণমেণ্ট যে পাঠের অনুমতি করেন, অধ্যক্ষ ঐ নাবিককে কি শিক্ষার্থীকে ঐ পাঠে বিদায় হইবার সর্টিফিকট দিবেন। সেই ব্যক্তি যদি সর্টিফিকট প্রাপ্ত মালিম হন, ও সর্টিফিকট অধ্যক্ষের হাতে থাকে, তবে তিনি তাঁহাকে ঐ সর্টিফিকট ফিরিয়া দিবেন। এবং সেই নাবিকের কি শিক্ষার্থির যত বেতন পাওনা থাকে, তাহা তাঁহাকে দিয়া তিনি জাহাজে শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যান্তর্গত যে বন্দরে প্রথমে গেলেন সেই বন্দরে গমনশীল ব্রিটনীয় অন্য জাহাজে, অথবা ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের অন্য বন্দরে গমনশীল যে জাহাজে তিনি যাইতে সম্মত হন সেই জাহাজে তাঁহাকে উপযুক্ত কর্ম্ম দেওয়াইবেন, কিম্বা তাঁহাকে সেই বন্দরে ফিরিয়া পাঠাইবার সম্বল দিবেন, কিম্বা তাঁহাকে কোন জাহাজে স্বদেশে পাঠাইবেন, কিম্বা পূর্ব্বোক্ত কার্য্যকারক তাঁহার আহারাদি ও স্বদেশে গমনার্থ ব্যয় শোধের যত টাকা কুলান বোধ করেন, উক্ত কার্য্যকারকের হস্তে তত টাকা সমর্পণ করিবেন। এবং নাবিক কি শিক্ষার্থী যে জাহাজ ত্যাগ করিতে উদ্যত আছেন সেই জাহাজের নিয়মপত্রের পৃষ্ঠে ঐ কার্য্যকারক ঐ টাকা দেওয়ার কিম্বা ঐ নিয়ম হওয়ার কিম্বা ঐ ব্যয়ের টাকা সমর্পণের কথা লিখিবেন। অধ্যক্ষ যদি এই ধারার আদেশমতে কর্ম্ম করিতে স্বীকার না করেন কি শৈথিল্য করেন, এবং ঐ নাবিক কি শিক্ষার্থী কোন প্রতারণার অপরাধী না হন, তবে উক্ত কার্য্যকারককর্ত্তৃক শেষোক্ত খরচ দেওয়া গেলে, ঐ নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে ছিলেন সেই জাহাজের উপর ও তৎকালে তৎসংক্রান্ত স্বামির শিরে পড়িবে। এবং যে কার্য্যকারক ঐ খরচ দিয়াছেন তাঁহার দ্বারা সেই টাকা খরচা সমেত ঐ স্বামিদের বিপক্ষে আদায় হইতে পারিবে। যদি ঐ কার্য্যকারককে রাজকীয় অর্থকোষহইতে সেই টাকা দেওয়া গিয়া থাকে, তবে রীতিমতে মোকদ্দমা করিয়া, কিম্বা নাবিকেরা এই আইনমতে যেরূপে বেতন আদায় করিতে পারে, সেই টাকা

expenses, if defrayed by the seaman or apprentice, shall be recoverable as wages due to him.

ভারতবর্ষের পক্ষে শ্রীযুক্ত স্টেট সেক্রেটারী সাহেবের প্রাপ্য টাকার ন্যায় আদায় হইতে পারিবে। যদি নাবিক কি শিক্ষার্থী ঐ খরচ দিয়া থাকে, তবে আপনার পাওনা বেতনের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[No seamen to be discharged or left in British India without certificate of a Superintendent.]

[সুপরিন্টেণ্ডেন্টের সর্টিফিকট বিনা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে কোন নাবিককে ছাড়াইয়া দিতে কি ত্যাগ করিতে না হইবার কথা।]

CXLIX. If the master of any British ship does any of the following things; (that is to say) :—

১৪৯ ধারা। যদি কোন ব্রিটনীয় জাহাজের স্বামী নিম্নলিখিত কোন ক্রিয়া করেন, অর্থাৎ,—

(1.) Discharges any seaman or apprentice shipped out of British India in any place situate in British India without previously obtaining the sanction in writing indorsed on the agreement of some Superintendent of a Mercantile Marine Office, or (in the absence of any such functionary) of the chief officer of Customs resident at or near the place where the discharge takes place:

(১) যে নাবিক কি শিক্ষার্থী ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে জাহাজে গৃহীত হইয়াছে, অগ্রে মরকান্টাইল মারীন আফিসের কোন সুপরিন্টেণ্ডেন্টের দ্বারা নিয়মপত্রের পৃষ্ঠে তাঁহাকে বিদায় করিবার অনুমতি কিম্বা ঐ সুপরিন্টেণ্ডেন্ট না থাকিলে যে স্থানে তাহাকে বিদায় করিলেন সেই কি তন্নিকট স্থানবাসি কষ্টমের প্রধান কার্য্যকারকের অনুমতি লিখিয়া না লইয়া তাহাকে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে বিদায় করেন।

(2.) Leaves behind any seaman or apprentice at any place situate in British India on any ground whatever, without previously obtaining a certificate in writing so indorsed as afores[illegible] from such Superintend[illegible] account of aforesaid from and th[illegible] agreement as aforesaid, stating the fact [illegible] the cause thereof, whether such cause be unfitness or inability to proceed to sea, or desertion, or disappearance:

(২) পূর্ব্বোক্ত নিয়মপত্রের পৃষ্ঠে পূর্ব্বোক্ত কথা-সূচক এবং নাবিকের কি শিক্ষার্থির সমুদ্র যাত্রা করিবার অযোগ্যতা কি অসামর্থ্য কিম্বা তাহার পলায়ন কি অনুদ্দেশ্য হওন প্রভৃতি কারণসূচক পূর্ব্বোক্ত সুপরিন্টেণ্ডেন্টের লিখিত সর্টিফিকট অগ্রে প্রাপ্ত না হইয়া কোন কারণে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে কোন নাবিককে কি শিক্ষার্থিকে ছাড়িয়া যান।

He shall for each such default be liable to be punished with imprisonment for a term not exceeding one year, or with fine or with both, and the said Superintendent shall examine into the grounds of such proposed discharge, or into the allegation of such unfitness, inability, desertion, or disappearance, as aforesaid, in a summary way, and may for that purpose, if they think fit so to do, administer oaths, and may either grant or refuse such sanction or certificate as appears to them to be just.

তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক বৎসরের অনধিক কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা উভয় দণ্ড হইতে পারিবে, এবং উক্ত সুপরিন্টেণ্ডেন্ট সাহেব সরাসরীমতে ঐ নাবিককে কি শিক্ষার্থিকে বিদায় করিবার প্রস্তাবের হেতুর বিচার করিবেন কিম্বা তাহার অযোগ্যতা কি অসামর্থ্য কি পলায়ন কি অনুদ্দেশ্য হওনের যে বাক্য কথিত হইয়াছে তাহার বিচার করিবেন, এবং উপযুক্ত বোধ করিলে শপথও করাইতে পারিবেন, ও যেমন ন্যায় বোধ করেন তেমনি সেই অনুমতি কি সর্টিফিকট দিতে পারিবেন কি দিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[Proof of such certificate to be upon the master.]

[ঐ সর্টিফিকটের প্রমাণ করিবার ভার অধ্যক্ষের প্রতি থাকিবার কথা।]

CL. Upon the trial of any proceeding against any person for discharging or leaving behind any seaman or apprentice contrary to the provisions of this Act, it shall lie upon such person either to produce the sanction or certificate hereby required, or to provide that he had obtained the same previously to having discharged or left behind such seaman or apprentice, or that it was impracticable for him to obtain such sanction or certificate.

১৫০ ধারা। এই আইনের বিধান উল্লঙ্ঘন করিয়া কোন নাবিককে কি শিক্ষার্থিকে বিদায় কি ত্যাগ করিবার অভিযোগে কোন ব্যক্তির বিচার হইলে, এই আইনক্রমে যে অনুমতি কি সর্টিফিকট লইবার আজ্ঞা হইয়াছে, তাহা দেখাইবার ভার, কিম্বা ঐ নাবিককে কি শিক্ষার্থিকে বিদায় কি ত্যাগ করিবার পূর্ব্বে তিনি ঐ অনুমতিপত্র কি সর্টিফিকট প্রাপ্ত হইয়াছিলেন, কিম্বা তাহা পাইতে পারিলেন না ইহার প্রমাণ করিবার ভার, সেই অভিযুক্ত ব্যক্তির প্রতি বর্ত্তিবে ইতি।

[Wages to be paid when seamen are left behind on ground of inability.]

[নাবিককে অক্ষমতাপ্রযুক্ত ত্যাগ করা গেলে তাহার বেতন দিবার কথা।]

CLI. Every master of any British ship who leaves any seaman or apprentice on shore at any place in British India under a certificate of his

১৫১ ধারা। যদি কোন ব্রিটনীয় জাহাজের অধ্যক্ষ কোন নাবিকের কি শিক্ষার্থির সমুদ্রযাত্রা করিবার অযোগ্যতা কি অসামর্থ্য সূচক সর্টিফিকটক্রমে তাহাকে

unfitness or inabilty to proceed on the voyage, shall deliver to the Superintendent of a Mercantile Marine Office a full and true account of the wages due to such seaman or apprentice, and shall pay the same either in money or by a bill drawn upon the owner; and in the case of every bill so drawn, such Superintendent shall by indorsement certify thereon that the same is drawn for money due on account of a seaman's wages, and shall also indorse the amount for which such bill is drawn, with such further particulars in respect of the case as the Board of Trade requires, upon the agreement of the ship; and every such master as aforesaid who refuses or neglects to deliver a full account of such wages, and pay the amount thereof in money or by bill, as hereinbefore required, shall for every such offences or default be liable, in addition to the payment of the wages, to a penalty not exceeding one hundred rupees; and every such master who delivers a false account of such wages shall for every such offence, in addition to the payment of the wages, incur a penalty not exceeding two hundred rupees.

[Such wages to be treated as money due to the seamen, subject to payment of expense of their subsistence and passage home.]

CLII. Every such payment as last aforesaid, whether by bill or in money, shall, if made in British India, be made to the seaman or apprentice himself.

[Distressed seamen found abroad may be relieved and sent home at the public expense.]

CLIII. The Local Government shall provide for the subsistence of all seamen or apprentices, being subjects of Her Majesty, who have been shipwrecked, discharged, or left behind at any place in British India, whether from any ship employed in the merchant service or from any of Her Majesty's ships, or who have been engaged by any person acting either a principal or agent to serve in any ship belonging to any foreign power or to the subject of any foreign State, and who are in distress in any place in British India, until such time as they are able to provide them with a passage home, and for that purpose shall cause such seamen or apprentices to be put on board some ship belonging to any subject of Her Majesty bound to any port of the United Kingdom, or to the British possession to which they belong (as the case requires), which is in want of men to make up its complement, and in default of any such ship shall provide them with a passage home as soon as possible in some ship belonging to a subject of Her Majesty so bound as aforesaid, and shall indorse on the agreement of any ship

ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে ছাড়িয়া যান, তবে ঐ নাবিকের কি শিক্ষার্থির যত বেতন পাওনা থাকে, তিনি মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্টকে তাহার সম্পূর্ণ ও যথার্থ হিসাব দিয়া ঐ বেতন নগদ দিবেন, কিম্বা স্বামির নামে হুণ্ডী করিয়া দিবেন। যদি হুণ্ডী দেওয়া যায়, তবে নাবিকের বেতনের পাওনা টাকার সেই হুণ্ডী দেওয়া গিয়াছে, সুপরিন্টেণ্ডেন্ট সাহেব সেই হুণ্ডীর পৃষ্ঠে এই কথা লিখিবেন। এবং ঐ হুণ্ডী যত টাকার হয়, ও বোর্ড ট্রেড সেই বিষয়ের অধিক যে বৃত্তান্ত লিখিবার আদেশ করিয়াছেন, জাহাজের নিয়মপত্রের পৃষ্ঠে সেই কথা লিখিবেন। যদি পূর্ব্বোক্ত কোন অধ্যক্ষ ঐ বেতনের সম্পূর্ণ হিসাব দিতে ও পূর্ব্বোক্তমতে নগদ কিম্বা হুণ্ডী-দ্বারা ঐ টাকা দিতে স্বীকার না করেন কি শৈথিল্য করেন, তবে উক্ত যে বেতন দিতে হইবে তদতিরিক্ত তদ্রূপ প্রত্যেক অপরাধের কি ত্রুটির জন্যে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইবে। যদি অধ্যক্ষ ঐ বেতনের অযথার্থ হিসাব দেন, তবে উক্ত যে বেতন দিতে হইবে তদতিরিক্ত উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[ঐ বেতন নাবিকদের প্রাপ্য টাকা জ্ঞানে ব্যবহার হইবার, এবং তাহাহইতে তাহারদের খোরাকী ও দেশে যাইবার খরচ দিতে হইবার কথা।]

১৫২ ধারা। নগদ কি হুণ্ডী দ্বারা পূর্ব্বোক্ত যে টাকা দেওয়া যায়, তাহা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে দেওয়া গেলে ঐ নাবিককে কি শিক্ষার্থিকে দেওয়া যাইবে ইতি।

[দুঃস্থ নাবিকদিগকে ভিন্নদেশে পাওয়া গেলে রাজকোষহইতে তাহারদের উপকার ও স্বদেশে প্রেরণ করিবার কথা।]

১৫৩ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী শ্রীশ্রীমতী মহারাণীর প্রজা হইয়া যদি জাহাজ ভগ্ন হওনদ্বারা দুঃখী হন, কিম্বা বাণিজ্য কার্য্যে নিযুক্ত কোন জাহাজের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজের কর্ম্মহইতে অপসৃত হন, কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে পরিত্যক্ত হন, কিম্বা কোন ব্যক্তি প্রধান পক্ষ কি কর্ম্মকারক হইয়া নাবিককে কি শিক্ষার্থিকে ভিন্নাধিকার গত কিম্বা ভিন্নদেশের কোন প্রজার জাহাজে কর্ম্ম দিলে যদি সেই নাবিক কি শিক্ষার্থী ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে দুর্দ্দশাপন্ন হন, তবে স্থানীয় গবর্ণমেন্ট যত কাল তাঁহারদিগকে স্বদেশে পাঠাইবার সুযোগ করিতে না পারেন ততকাল তাঁহারদের আহারাদির বিধান করিবেন। পরে শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজার জাহাজে গ্রেট ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের কোন বন্দরে কিম্বা বিষয় বিশেষে ঐ নাবিক কি শিক্ষার্থী ব্রিটনীয়দের অধিকার গত যে বন্দরের লোক হন সেই বন্দরে গমনোদ্যত কোন জাহাজে লোকের প্রয়োজন হইলে, তাহারদিগকে স্বদেশে গমনার্থে সেই জাহাজে দেওয়াইবেন। যদি তদ্রূপ জাহাজ না পাওয়া যায়, তবে শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজার যে কোন জাহাজ পূর্ব্বোক্ত কোন বন্দরে গমনোদ্যত আছে, সাধ্যমতে ত্বরায় তাঁহারদের সেই জাহাজে স্বদেশে যাইবার বিধান করি-

on board of which any seaman or apprentice is so taken or sent, the name of every person so sent on board thereof, with such particulars concerning the case as the Board of Trade requires.

বেন। এবং কোন নাবিক কি শিক্ষার্থী তদ্রূপে যে জাহাজে নীত কি প্রেরিত হন, সেই জাহাজের নিয়মপত্রের পৃষ্ঠে তদ্রূপ প্রেরিত প্রত্যেক ব্যক্তির নাম, এবং উক্ত বিষয় বুঝিয়া বোর্ড ত্রেড অন্য যে বৃত্তান্ত লিখিবার আদেশ করিয়াছেন সেই বৃত্তান্ত লিখিবেন ইতি।

[Master of British ships compelled to take them.]

CLIV. The master of every British ship so bound as aforesaid shall receive and afford a passage and subsistence to all seamen or apprentices whom he is required to take on board his ship under the provisions hereinbefore contained, not exceeding one for every fifty tons burden, and shall during the passage provide every such seaman or apprentice with a proper berth or sleeping place, effectually protected against sea and weather; and if any person having charge of any such ship fails or refuses to receive on board his ship, or to give a passage home, or subsistence to or to provide for any such seaman or apprentice as aforesaid, contrary to the provisions of this Act, he shall incur a penalty not exceeding one thousand rupees for each seaman or apprentice with respect to whom he makes such default or refusal.

[নাবিকদিগকে ব্রিটনীয় জাহাজের অধ্যক্ষের অবশ্য লইতে হইবার কথা।]

১৫৪ ধারা। পূর্ব্বোক্ত দেশগামি কোন ব্রিটনীয় জাহাজের অধ্যক্ষের প্রতি, পূর্ব্বোক্ত বিধানানুসারে যে সকল নাবিককে কি শিক্ষার্থিকে স্বীয় জাহাজে লইবার আদেশ হয়, তাঁহার জাহাজে যত টন ধরে তাহার পঞ্চাশং টনপ্রতি এক জনের অনধিক হিসাবে সেই সকল নাবিককে কি শিক্ষার্থিকে অবশ্য গ্রহণ করিবেন ও লইয়া যাইবেন ও আহারাদি দিবেন। এবং যাত্রাকালে সেই প্রত্যেক নাবিক কি শিক্ষার্থী যাহাতে সমুদ্রের জল ও ঝড় বাতাসহইতে রক্ষা পায় তাহার শয়নাদির এমত উপযুক্ত স্থান নিরূপণ করিবেন। তদ্রূপ কোন জাহাজ যে ব্যক্তির অধ্যক্ষতায় থাকে তিনি যদি এই আইনের বিধান না মানিয়া পূর্ব্বোক্ত কোন নাবিককে কি শিক্ষার্থিকে আপন জাহাজে গ্রহণ করিতে কিম্বা স্বদেশে লইয়া যাইতে কিম্বা আহারাদি দিতে কি তাহার বিধান করিতে ত্রুটি করেন কিম্বা স্বীকার না করেন, তবে যত জন নাবিকের কি শিক্ষার্থির বিষয়ে সেই ত্রুটি কি অস্বীকার করেন, তাঁহারদের প্রত্যেক জনের নিমিত্তে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

Powers of Superintendent.

সুপরিন্টেণ্ডেণ্টদিগের ক্ষমতার বিধি।

[Superintendent may decide questions which parties refer to him. Enforcement of award.]

CLV. Every Superintendent of a Mercantile Marine Office shall hear and decide any question whatever between a master or owner and any of his crew which both parties agree in writing to submit to him; and every award so made by him shall be binding on both parties, and shall in any legal proceeding which may be taken in the matter before any Court or Magistrate, be deemed to be conclusive as to the rights of the parties, and any document purporting to be such submission or award shall be *primâ facie* evidence thereof. An award made by a Superintendent under this Section may be enforced by a Magistrate in the same manner as an order for the payment of wages made by such Magistrate under the provisions of Section 167.

[বিবাদ উপস্থিত হইলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সেই বিবাদ নিষ্পত্তি করিবার ও আজ্ঞা প্রবল করিবার কথা।]

১৫৫ ধারা। অধ্যক্ষের কি স্বামির ও জাহাজী লোকেরদের মধ্যে কোন বিবাদ হইলে যদি উভয় পক্ষ মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিষ্পত্তির জন্যে সেই বিবাদ অর্পণ করিবার সম্মতিপত্র লিখিয়া দেন, তবে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ বিবাদের বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ও তিনি যে নির্ণয় করেন তাহা উভয় পক্ষের মানিতে হইবে। ও যদি সেই কথা লইয়া কোন আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে উভয় পক্ষের স্বত্ববিষয়ে ঐ নির্ণয় সিদ্ধান্ত জ্ঞান হইবে। ও তদ্রূপ বিবাদার্পণের কিম্বা নির্ণয়পাদের লিপি বলিয়া যে দলীল থাকে তাহা আপাতত ঐ অর্পণের কি ঐ নির্ণয়পাদের প্রমাণ হইবে। এই ধারামতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে নির্ণয় করেন মাজিষ্ট্রেট সাহেব ১৬৭ ধারার বিধানমতে বেতন দিবার আজ্ঞা করিয়া আপনার আজ্ঞা যেরূপে প্রবল করিতেন সেইরূপে উক্ত আজ্ঞাও প্রবল করিবেন ইতি।

[Masters and others to produce ship's papers to Superintendent and give evidence.]

CLVI. In any proceeding relating to the wages, claims, or discharge of any seaman carried on before any Superintendent of a Mercantile

[সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে অধ্যক্ষের ও অন্য লোকদের জাহাজের কাগজপত্র দেখাইবার ও প্রমাণ দিবার কথা।]

১৫৬ ধারা। এই আইনের বিধানমতে যখন মরকান্টাইল সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে কোন নাবিকের বেতনের কি দাওয়ার কি কর্ম্ম ছাড়াইবার

Marine Office under the provisions of this Act, such Superintendent may call upon the owner or his agent or upon the master or any mate or other member of the crew, to produce any log books, papers, or other documents in their respective possession or power relating to any matter in question in such proceeding, and may call before him and examine any of such persons being then at or near the place on any such matter. Every owner, agent, master, mate or other member of the crew who, when called upon by the Superintendent, does not produce any such paper or document as aforesaid if in his possession or power, or does not appear and give evidence, shall, unless he shows some reasonable excuse for such default, for each such offence incur a penalty not exceeding fifty rupees.

কথা লইয়া কোন মোকদ্দমা হয় তখন তিনি জাহাজের স্বামিকে কি তাঁহার পক্ষীয় কর্ম্মকারককে কিম্বা অধ্যক্ষকে কি কোন মালিমকে কিম্বা জাহাজের অন্য কোন লোককে কোন উপনামা কি কাগজপত্র কিম্বা ঐ মোকদ্দমার বিবাদের কোন কথাসংক্রান্ত অন্য যে পত্র তাহাদের নিকটে কি ক্ষমতার অধীনে থাকে তাহা দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন, ও উক্ত যে কোন লোক তৎকালে সেই স্থানে কি তন্নিকটে থাকে তাহাকে আপনার সম্মুখে আহ্বান করিয়া ঐ কথার বিষয়ে তাহার উত্তর লইতে পারিবেন। ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব জাহাজের স্বামিকে কি তাহার পক্ষীয় কর্ম্মকারককে কি অধ্যক্ষকে কি মালিমকে কিম্বা জাহাজের অন্য লোককে আজ্ঞা করিলে যদি সেই লোক আপনার নিকট কি আপন ক্ষমতার অধীন পুর্ব্বোক্ত কোন কাগজপত্র কি দলীল না দেখান, কিম্বা উপস্থিত হইয়া প্রমাণ না দেন, তবে সেই প্রকার ত্রুটির কোন উপযুক্ত কারণ দেখাইতে না পারিলে তাঁহার সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[Rules as to settlement of wages.]

CLVII. The following rules shall be observed with respect to the settlement of wages; (that is to say):—

[বেতন নিষ্পত্তি করিবার কথা।]

১৫৭ ধারা। বেতন নিষ্পত্তি করিবার কার্য্যেতে এই২ বিধি মানিতে হইবে।

[Release to be signed before and attested by the Superintendent.]

(1.) Upon the completion before a Superintendent of Mercantile Marine Office of any discharge and settlement, the master or owner and each seaman shall respectively, in the presence of the Superintendent, sign, in a form sanctioned by the Local Government, a mutual release of all claims in respect of the past voyage or engagement, and the Superintendent shall also sign and attest the release and shall retain the same:

[সুপরিন্টেণ্ডেণ্টের সম্মুখে মুক্তিপত্রে স্বাক্ষর হইবার ও তৎপ্রমাণে তাঁহার স্বাক্ষর করিবার কথা।]

(১) মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে কোন লোককে বিদায় করিবার ও বেতন নিষ্পত্তি করিবার কার্য্য সম্পাদন হইলে, জাহাজের অধ্যক্ষ কি স্বামী ও প্রত্যেক জন নাবিক ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের গোচরে স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমোদিত পাঠে জাহাজের পূর্ব্ব যাত্রার কি নিয়মপত্রের সম্পর্কে সকল দাওয়ার এক মুক্তিপত্রে স্বাক্ষর করিবেন ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবও ঐ মুক্তিপত্রে স্বাক্ষর করিবেন, ও সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিবেন ও তাহা আপনার নিকটে রাখিবেন।

[To be a charge.]

(2.) Such release so signed and attested shall operate as a mutual discharge and settlement of all demands between the parties thereto in respect of the past voyage or engagement:

[তাহা মুক্তিপত্র হইবার কথা।]

(২) ঐ মুক্তিপত্রে সেই প্রকারে স্বাক্ষর ও সাক্ষিস্বরূপে স্বাক্ষর হইলে পর, সেই পত্র জাহাজের পূর্ব্ব যাত্রার কি নিয়মপত্রসম্পার্কে উভয়পক্ষের সকল দাওয়ার পরস্পর মুক্তিপত্র ও নিষ্পত্তির ন্যায় হইবে।

[And to be evidence.]

(3.) A copy of such release certified under the hand of such Superintendent to be a true copy, shall be given by him to any party thereto requiring the same, and such copy shall be receivable in evidence upon any future question touching such claims as aforesaid, and shall have all the effect of the original of which it purports to be a copy:

[ও প্রমাণ হইবার কথা।]

(৩) ঐ মুক্তিপত্র সম্পর্কীয় কোন লোক যদি তাহার প্রতিলিপি চাহেন, তবে প্রতিলিপিতে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব অবিকল প্রতিলিপি বলিয়া স্বাক্ষর করিয়া তাহাকে সেই প্রতিলিপি দিবেন, পরে পুর্ব্বোক্ত দাওয়া লইয়া কোন বিবাদ হইলে ঐ প্রতিলিপি প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে, ও যে লিপির প্রতিলিপি বলিয়া জ্ঞান হয় সেই আদ্যলিপির তুল্য বলবৎ হইবে।

[No other receipt to be a discharge.]

(4.) In cases in which discharge and settlement before the Superintendent of a Mercantile Marine Office are hereby required, no payment, receipt, settlement or discharge otherwise made

[অন্য কোন রসীদ মুক্তিপত্র না হইবার কথা।]

(৪) এই ধারামতে যেং স্থলে মরকান্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে বিদায় ও নিষ্পত্তি হইবার আজ্ঞা হইল, সেই২ স্থলে যে টাকা কি রসীদ কি টাকার যে নিষ্পত্তি কি মুক্তিপত্র প্রকারান্তরে

shall operate or be admitted as evidence of the release or satisfaction of any claim :

[Voucher to be given to master and to be evidence.]

(5.) Upon any payment being made by a master before the Superintendent of a Mercantile Marine Office, the Superintendent shall if required, sign and give to such master a statement of the whole amount so paid, and such statement shall, as between the master and his employer, be received as evidence that he has made the payments therein mentioned.

[Superintendent may withhold sanction to discharge.]

CLVIII. It shall be lawful for the Superintendent of a Mercantile Marine Office to withhold his sanction to the discharge of any seaman or apprentice in any place situate in British India, although both the seaman or apprentice and the master consent to such discharge, whenever the Superintendent shall not be satisfied that the seaman or apprentice is sufficiently provided with the means of subsistence in such place.

(d.)—Legal Rights to Wages.

[Right to wages and provisions when to begin.]

CLIX. A seaman's right to wages and provisions shall be taken to commence either at the time at which he commences work, or at the time specified in the agreement for his commencement of work or presence on board, whichever first happens.

[Seamen not to give up certain rights. Salvage services.]

CLX. No seaman shall by any agreement forfeit his lien upon the ship, or be deprived of any remedy for the recovery of his wages to which he would otherwise have been entitled; and every stipulation in any agreement inconsistent with any provision of this Act, and every stipulation by which any seaman consents to abandon his rights to wages in the case of the loss of the ship, or to abandon any right which he may have or obtain in the nature of salvage, shall be wholly inoperative. Nothing contained in the former part of this Section shall apply to the case of any stipulation made by the seamen belonging to any ship, which, according to the terms of the agreement, is to be employed on salvage-service, with respect to the remuneration to be paid to them for salvage-services to be rendered by such ship to any other ship or ships.

করা যায় তাহা কোন দাওয়ার চুক্তিপত্রের কি পরিশোধের বরাবর কি তৎপ্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না।

[অধ্যক্ষকে বৌচর দিবার ও তাহা প্রমাণ হইবার কথা।]

(৫) জাহাজের কাপ্তান মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে টাকা দিলে পর, তাঁহার নিকটে প্রার্থনা হইলে যেইরূপ যত টাকা দেওয়া গিয়াছে তিনি তাহার সমুদয়ের বর্ণনাপত্রে স্বাক্ষর করিয়া ঐ অধ্যক্ষকে দিবেন, ও অধ্যক্ষের ও তাঁহার নিযোক্তার পক্ষে ঐ বর্ণনাপত্র ঐ টাকা দত্ত হইবার প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[বিদায় করিবার অনুমতিদানে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অসম্মত হইতে পারিবার কথা।]

১৫৮ ধারা। নাবিক কিম্বা শিক্ষার্থী এবং অধ্যক্ষ উভয়ে ঐ নাবিকের কি শিক্ষার্থির কর্ম্মত্যাগ বিষয়ে সম্মত হইলেও ব্রিটনীয় ভারতবর্ষের যে স্থানে মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের হৃবোধমতে ঐ ব্যক্তির আহারাদির যথোপযুক্ত বিধান নাই, তিনি সেই স্থানে ঐ নাবিককে কি শিক্ষার্থিকে ছাড়িয়া দিবার অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

(d.) বেতন পাইবার আইনসিদ্ধ স্বত্বের বিধি।

[বেতন ও খাদ্যাদি পাইবার অধিকার যে সময়াবধি আরম্ভ হয় তাহার কথা।]

১৫৯ ধারা। কোন নাবিক যে সময়ে কর্ম্ম করিতে আরম্ভ করে, সেই সময়াবধি কিম্বা নিয়মপত্রে কর্ম্ম আরম্ভ করিবার কিম্বা জাহাজে উপস্থিত হইবার নির্দ্দিষ্ট সময় অগ্রবর্ত্তি হইলে সেই সময়াবধি তাহার বেতন ও আহারীয় দ্রব্য পাইবার অধিকার বর্ত্তে, এমত জ্ঞান হইবে ইতি।

[নাবিকের কোন২ অধিকার ত্যাগ করিতে না পারিবার কথা। নষ্টোদ্যত জাহাজ রক্ষা করণের কথা।]

১৬০ ধারা। জাহাজের উপর কোন নাবিকের যে দাওয়া থাকে তাহা কোন নিয়ম করিয়া ত্যাগ করিতে পারিবে না, ও তাহার বেতন আদায় করিবার যে উপায় থাকে ভাবান্তরের কোন নিয়মপত্র করিলেও সেই উপায় রহিত হইবে না। ও নাবিক কোন নিয়মপত্রে এই আইনের অসঙ্গত যে নিয়ম করে ও জাহাজ হারাণ গেলে আপনার বেতন পাইবার অধিকার ত্যাগ ও জাহাজের কোন দ্রব্য রক্ষা করিলে পুরস্কার পাইবার যে অধিকার থাকে কি প্রাপ্ত হয় তাহা ত্যাগ করিবার যে নিয়ম করে সেই নিয়ম সম্পূর্ণরূপে নিষ্ফল হইবে। যদি চুক্তিপত্রের নিয়মানুসারে জাহাজ নষ্টোদ্যত অন্যান্য জাহাজের রক্ষার কর্ম্মে নিযুক্ত হয় তবে অন্য জাহাজের রক্ষার জন্যে পরিশ্রম করিলে নাবিকেরা পারিশ্রমিক সম্পর্কে যে কোন নিয়ম করে, এই ধারার পূর্ব্ব ভাগের কোন কথা তাহার প্রতি বর্ত্তিবে না ইতি।

[Wages not to be dependent on the earning of freight.]

CLXI. No right to wages shall be dependent on the earning of freight. Every seaman and apprentice who would be entitled to demand and recover any wages, if the ship in which he has served had earned freight, shall, subject to all other rules of law and conditions applicable to the case, be entitled to claim and recover the same notwithstanding that freight has not been earned; but in all cases of wreck or loss of the ship, proof that he has not exerted himself to the utmost to save the ship, cargo, and stores shall bar his claim.

[In case of death, such wages to be paid as aftermentioned.]

CLXII. If any seaman or apprentice to whom wages are due under the last preceding Section dies before the same are paid, they shall be paid and applied in the manner hereinafter specified with regard to the wages of seamen who die during a voyage.

[Right to wages in case of termination of service by wreck or illness.]

CLXIII. In cases where the service of any seaman terminates before the period contemplated in the agreement, by reason of the wreck or loss of the ship, and also in cases where such service terminates before such period as aforesaid by reason of his being left on shore at any place abroad under a certificate of his unfitness or inability to proceed on the voyage, granted under the provisions of the Merchant Shipping Act, 1854, such seaman shall be entitled to wages for the time of service prior to such termination as aforesaid, but not for any further period.

[Wages not to accrue during refusal to work or imprisonment.]

CLXIV. No seaman or apprentice shall be entitled to wages for any period during which he unlawfully refuses or neglects to work when required, whether before or after the time fixed by the agreement for his beginning work; nor, unless the Court or Magistrate hearing the case otherwise directs, for any period during which he is lawfully imprisoned for any offence committed by him.

[Period within which wages are to be paid.]

CLXV. The master or owner of every ship shall pay to every seaman his wages within three days after the cargo has been delivered, or within five days after the seaman's discharge, whichever

[বোঝাই দ্রব্য পাওয়া গেলে কি না গেলেও বেতন চলিবার কথা।]

১৬১ ধারা। বোঝাই দ্রব্য পাইবার উপর বেতন পাইবার স্বত্বের নির্ভর হইবে না। নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে কর্ম্ম করিয়াছে সেই জাহাজ বোঝাই দ্রব্য পাইলে যদি কোন বেতন দাওয়া ও আদায় করিতে পারিত, তবে সেই স্থলে যে আইন ও নিয়ম খাটে তৎসম্পর্কীয় অন্য সকল বিধি বলবৎ রাখিয়া বোঝাই দ্রব্য না পাওয়া গেলেও ঐ বেতনের দাওয়া ও তাহা আদায় করিতে পারিবে। কিন্তু জাহাজ ভাঙ্গিলে কি মারা পড়িলে নাবিক জাহাজ ও বোঝাই দ্রব্য ও জাহাজীয় সামগ্রী রক্ষা করিতে সাধ্যমতে যত্ন করিল না ইহার প্রমাণ হইলে, তাহার দাওয়ার নিবৃত্তি হইবে ইতি।

[মরিলে নিম্নলিখিতমতে বেতন দেওয়া যাইবার কথা।]

১৬২ ধারা। পূর্ব্ব ধারামতে যাহার বেতন পাওনা থাকে এমত কোন নাবিক কি শিক্ষার্থী যদি ঐ বেতন পাইবার আগে মরেন, তবে জাহাজের যাত্রাকালে নাবিক মরিলে তাহার বেতনের যে বিধি পশ্চাৎ নির্দ্দিষ্ট হইতেছে সেই বিধিমতে তাহার বেতন দেওয়া যাইবে, ও বেতনের প্রয়োগ হইবে ইতি।

[জাহাজভঙ্গপ্রযুক্ত কি নাবিকের পীড়াহেতুক কর্ম্ম রহিত হইলে বেতনের অধিকারের কথা।]

১৬৩ ধারা। নিয়মপত্রেতে কোন নাবিকের কর্ম্ম করিবার যে কাল নিরূপণ হইয়াছে তাহা অতীত না হইলে, যদি জাহাজ ভাঙ্গাতে কি মারা পড়াতে তাহার কর্ম্মের শেষ হয়, কিম্বা পূর্ব্বোক্ত মিয়াদ শেষ হইবার পূর্ব্বে তাহার সেই যাত্রায় চলিবার অযোগ্যতার কিম্বা অক্ষমতার সর্টিফিকট বাণিজ্য জাহাজের ১৮৫৪ সালের আইনের বিধানমতে দেওয়া গেলে, সেই সর্টিফিকটমতে তাহাকে বিদেশের কোন স্থানে ছাড়িয়া যাওয়াতে যদি তাহার কর্ম্মের শেষ হয়, তবে সেই নাবিক উক্তমতে তাহার কর্ম্ম রহিত হইবার পূর্ব্ব কালের বেতন পাইতে পারিবে, কিন্তু অধিক কালের নয় ইতি।

[কর্ম্ম করিতে স্বীকার না করিবার কি কারাবদ্ধ থাকিবার কালে বেতন না চলিবার কথা।]

১৬৪ ধারা। নিয়মপত্রেতে কোন নাবিকের কি শিক্ষার্থির কর্ম্ম আরম্ভ করিবার যে সময় নির্দ্ধার্য্য হইয়াছে সেই সময়ের পূর্ব্বে কি পরে আজ্ঞা পাইলেও যদি সে কর্ম্ম করিতে অন্যায়মতে স্বীকার না করে কি কর্ম্ম না করে, তবে যত কাল কর্ম্ম না করে তত কালের বেতনের দাওয়া করিতে পারিবে না। কিম্বা যদি কোন অপরাধ করাতে তাহাকে ন্যায্যমতে কারাবদ্ধ করা যায় তবে যত কাল কারাবদ্ধ থাকে, তত কালের বেতন পাইতে পারিবে না। কিন্তু যে আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার বিচার করেন তিনি যদি অন্যরূপ আজ্ঞা করেন, তবে তাঁহার আজ্ঞা বলবৎ থাকিবে ইতি।

[যে কালের মধ্যে বেতন দিতে হইবে তাহার কথা।]

১৬৫ ধারা। জাহাজের বোঝাই দ্রব্য নামান গেলে পর তিন দিনের মধ্যে, কিম্বা নাবিককে তাহার পূর্ব্বে ছাড়িয়া দেওয়া গেলে পাঁচ দিনের মধ্যে জাহাজের অধ্যক্ষ কি স্বামী প্রত্যেক জন নাবিককে বেতন

first happens. The seaman shall, at the time of his discharge, be entitled to be paid on account a sum equal to one-fourth part of the balance due to him. Every master or owner who neglects or refuses to make payment in manner aforesaid without sufficient cause, shall pay to the seaman a sum not exceeding the amount of two day's pay for each of the days not exceeding ten days, during which payment is delayed beyond the respective periods aforesaid, and such sum shall be recoverable as wages.

[Wages payable in foreign coin to be recoverable at par in the current coin of India.]

CLXVI. When any monies are payable in British India to any seaman or apprentice for wages or otherwise, under any agreement wherein such monies are expressed to be payable in some denomination of coin other than the current coin of the port or place wherein the same have become payable, the seaman or apprentice shall be entitled to demand and recover, in the current coin of such port or place, the amount due to him estimated according to the established par value of the coin wherein the same is so expressed to be payable.

(e.)—Mode of recovering Wages.

[Seamen may sue summarily before any Magistrate for wages not exceeding 500 rupees. Order of Magistrate to be final.]

CLXVII. Any seaman or apprentice, or any person duly authorized on his behalf, may sue, in a summary manner, before any Magistrate acting in or near to the place at which the service has terminated, or at which the seaman or apprentice has been discharged, or at which any person upon whom the claim is made is or resides, for any amount of wages due to such seaman or apprentice not exceeding five hundred rupees. Every order made by such Magistrate in the matter shall be final.

[Levy of wages by distress.]

CLXVIII. When an order for the payment of wages is made by a Magistrate under the last preceding Section, and the wages are not paid at the time and in the manner prescribed, the sum mentioned in the order, with such further sum as may be thereby awarded for costs, shall be levied by distress and sale of the goods and chattels of the person directed to pay the same, under a warrant to be issued for that purpose by the Magistrate.

[No suit for wages under 500 rupees to be instituted in Admiralty Court, &c., except in certain cases.]

CLXIX. No suit or proceeding for the recovery of wages under the sum of five hundred

দিবেন। কর্ম্ম ছাড়াইবার সময়ে নাবিকের যত পাওনা থাকে সে তৎকালে সিকি ভাগ পাইতে পারিবেক। ও যদি অধ্যক্ষ কি স্বামী উপযুক্ত কারণ না থাকিলেও উক্তমতে বেতন না দেন কি দিতে স্বীকার না করেন, তবে পূর্ব্বোক্ত তিন দিনের কি পাঁচ দিনের পর দশ দিনপর্য্যন্ত যত দিন তাহাকে বেতন না দেন তাহার দিন প্রতি ঐ নাবিককে দুই দিনের বেতনের অনধিক টাকা দিবেন, ও সেই টাকা বেতনের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

[ভিন্ন দেশীয় মুদ্রার হিসাবে বেতন দিতে হইলে, ভারতবর্ষে তাহার সমান মূল্যের হিসাবে বেতন পাইবার কথা।]

১৬৬ ধারা। নিয়মপত্রমতে কোন নাবিকের কি শিক্ষার্থির বেতন প্রভৃতির টাকা ব্রিটনীয় ভারতবর্ষে দেনা হইলে, যে বন্দরে কি স্থানে দেনা হয় তথায় যে মুদ্রা চলন থাকে তদ্ভিন্ন যদি নিয়মপত্রে অন্য দেশের চলিত মুদ্রা লেখা থাকে তবে ঐ নাবিক কি শিক্ষার্থী যে বন্দরে কি স্থানে ঐ বেতনাদি পাইবে সেই বন্দরের কি দেশের চলিত মুদ্রাতে তাহা দাওয়া ও আদায় করিতে পারিবে। অর্থাৎ যে মুদ্রা দিবার নিয়ম হইয়াছে ভারতবর্ষের মুদ্রাতে তাহার সমান মূল্য বুঝিয়া পাইতে পারিবে ইতি।

(e) বেতন আদায় করিবার নিয়মের বিধি।

[৫০০৲ টাকাপর্য্যন্ত বেতনের নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নাবিকের সরাসরীরূপে নালিশ করিবার, ও মাজিষ্ট্রেটের আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।]

১৬৭ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির পাঁচ শত টাকার অনধিক বেতন পাওনা হইলে, যে স্থানে তাহার কর্ম্মের শেষ হয়, কিম্বা যে স্থানে তাহাকে বিদায় করা যায়, কিম্বা যাঁহার উপর দাওয়া করা যায় সে ব্যক্তি যে স্থানে থাকেন কি বাস করেন, সেই স্থানের কি তন্নিকট কোন স্থানের কোন মাজিষ্ট্রেটের নিকটে ঐ নাবিক কি শিক্ষার্থী কিম্বা তাহার পক্ষে নালিশ করিবার নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন লোক, ঐ বেতনের জন্যে নালিশ করিতে পারিবে। তাহাতে ঐ মাজিষ্ট্রেট যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

[দ্রব্য ধৃতি দ্বারা বেতনের টাকা আদায় করিবার কথা।]

১৬৮ ধারা। মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্ব ধারার লিখনমতে বেতন দিবার আজ্ঞা করিলে, যদি ঐ আজ্ঞার নিরূপিত সময়ে ও প্রকারে সেই বেতন না দেওয়া যায়, তবে যে ব্যক্তির প্রতি ঐ টাকা দিবার আজ্ঞা করা যায়, মাজিষ্ট্রেট সাহেব আজ্ঞাপত্র প্রচার করণদ্বারা ঐ ব্যক্তির মাল ও দ্রব্য ধৃত করিয়া ঐ আজ্ঞামত টাকা এবং খরচা বলিয়া অধিক যত আজ্ঞা করেন তত টাকা আদায় করিবেন ইতি।

[কোন২ স্থলভিন্ন আড্‌মিরলটি কোর্ট প্রভৃতির স্থানে ৫০০৲ টাকার ন্যূন বেতনের মোকদ্দমা উপস্থিত না করিবার কথা।]

১৬৯ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থিদ্বারা কিম্বা তাহার পক্ষে কোন ব্যক্তি আড্‌মিরলটি কোর্টে কি

rupees shall be instituted by or on behalf of any seaman or apprentice in any Court of Admiralty or Vice-Admiralty, or in any Court of Civil Judicature other than the Court of Small Causes, where such Court exists, unless the owner of the ship is adjudged, bankrupt or declared insolvent, or unless the ship is under arrest, or is sold by the authority of any such Court, or unless the Magistrate, acting under the authority of this Act, refers the case to be adjudged by such Court.

বৈস-আডমিরলটি কোর্টে কিম্বা দেওয়ানী কোন আদালতে পাঁচ শত টাকার কম বেতন আদায় করিবার কোন নালিশ কি মোকদ্দমা উপস্থিত করিবে না, কিন্তু যে স্থানে ক্ষুদ্র মোকদ্দমার আদালত থাকে সেই স্থানে ঐ আদালতে হইতে পারিবে। যদি জাহাজের স্বামী বিচারমতে দেউলিয়া কিম্বা মোত্রহীন প্রকাশ হন, কিম্বা যদি জাহাজ জব্দ হয় ও উক্ত প্রকারের কোন আদালতের আজ্ঞামতে বিক্রয় করা যায় কিম্বা যদি মাজিষ্ট্রেট সাহেব এই আইনের ক্ষমতামতে কার্য্য করিয়া তদ্রূপ কোন আদালতে বিচার হইবার নিমিত্তে ঐ মোকদ্দমা অর্পণ করেন, তবে ঐ২ আদালতে নালিশ হইতে পারিবে ইতি।

[Master to have same remedies for wages as seamen.]

CLXX. Every master of a ship, whether British or foreign shall, so far as the case permits, have the same rights, liens and remedies for the recovery of his wages (subject to all just deductions) which by this Act or by any law or custom any seaman, not being a master, has for the recovery of his wages; and if in any proceeding in any Court of Admiralty or Vice-Admiralty touching the claim of a master to wages, any right of set-off, or counter-claim is set up, it shall be lawful for such Court to enter into and adjudicate upon all questions, and to settle all accounts then arising or outstanding and unsettled between the parties to the proceeding, and to direct payment of any balance which is found to be due.

[নাবিকের মত অধ্যক্ষের বেতন আদায় করিবার উপায়ের কথা৷]

১৭০ ধারা। এই আইনমতে কিম্বা কোন আইন কি দাঁড়ামতে অধ্যক্ষভিন্ন কোন নাবিকের বেতন আদায়ের যে অধিকার ও দাওয়া ও উপায় থাকে, বিষয় বুঝিয়া যে পর্য্যন্ত হইতে পারে সেই পর্য্যন্ত জাহাজের অধ্যক্ষের বেতনের যে অংশ ন্যায্যমতে বাদ দেওয়া কর্ত্তব্য তাহা বাদ দিয়া তাঁহারও বেতন আদায় করিবার সেই অধিকার ও দাওয়া ও উপায় থাকিবে। ও কোন আডমিরলটি কোর্টে কি বৈস-আডমিরলটি কোর্টে অধ্যক্ষের বেতনের দাওয়ার কোন মোকদ্দমা উপস্থিত হইলে, যদি ঐ অধ্যক্ষের স্থানে কিছু পাওনা কিম্বা তাঁহার দাওয়া খণ্ডিবার অন্য দাওয়া প্রকাশ করা যায়, তবে ঐ আদালত সেই সকল কথার তদন্ত লইয়া নিষ্পত্তি করিতে পারিবেন। ও মোকদ্দমার উভয় পক্ষের দেনাপাওনার যে সকল হিসাব তখন উত্থিত হয় কিম্বা পূর্ব্বঅবধি হইয়া তৎকাল পর্য্যন্ত নিষ্পত্তি না হয় সেই সকল হিসাব নিষ্পত্তি করিয়া যে বাকী পাওনা থাকে তাহা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Explanation.—A master is entitled, under this Section and Section 165 to double pay for the number of days (not exceeding ten) during which the payment of his wages is improperly withheld; but he is not so entitled if he himself causes the delay by improperly keeping back the accounts of the ship.

ব্যাখ্যা। যদি অধ্যক্ষের বেতন অনুপযুক্তমতে অদত্ত থাকে, তবে এই ধারা এবং ১৬৫ ধারামতে দশ দিনের অনধিক যত দিন তাঁহার বেতন অদত্ত থাকে তত দিনের নিমিত্তে তিনি দ্বিগুণ বেতন পাইতে পারিবেন। কিন্তু জাহাজের হিসাব অনুপযুক্তমতে আটক করিয়া রাখাপ্রযুক্ত যদি আপনিই বেতন দেওয়ার বিলম্বের কারণ হন, তবে তাঁহার দ্বিগুণ বেতন পাইবার অধিকার নাই।

[Chapters 3 and 4 of Part III. not to effect certain agreements.]

CLXXI. Nothing in Chapters III and IV of this Part shall be deemed to affect the provisions of any agreement to serve as an engineer or as a steward entered into in the United Kingdom by any person not a Native of India: provided that the period of service shall not exceed five years from the date of the agreement, and that the agreement shall contain a stipulation that if the service shall end at any port not in the United Kingdom, the engineer or steward shall be provided with a passage to such port in the United Kingdom as may be agreed on.

[তৃতীয় খণ্ডের ৩ ও ৪ অধ্যায়েতে কোন২ নিয়মের হানি না হইবার কথা।]

১৭১ ধারা। ভারতবর্ষীর লোক ভিন্ন কোন ব্যক্তি গ্রেট ব্রিটন ও ঐরলণ্ডসংযুক্ত রাজ্যে থাকিয়া যদি ইঞ্জিনিয়রের কি ষ্টুআডের কর্ম্ম করিতে নিয়ম করেন, তবে এই খণ্ডের ৩ ও ৪ অধ্যায়ের কোন কথার দ্বারা সেই নিয়মের বৈলক্ষণ্য হইল জ্ঞান হইবে না। কিন্তু ঐ নিয়মপত্রে, তাঁহার ঐ পত্রের তারিখ অবধি পাঁচ বৎসরের অধিক কাল কর্ম্ম না করিবার এবং উক্ত সংযুক্ত রাজ্যের বহিভূ্ত কোন বন্দরে মিয়াদ গত হইলে ঐ সংযুক্ত রাজ্যের যে বন্দর উভয় পক্ষ সম্মত হন সেই বন্দরে তাঁহার পঁহুছিবার সুবিধা করিবার নিয়ম থাকে ইতি।

CHAPTER V.

Of the Wages and Effects of deceased Seamen.

[Master to take charge of effects of deceased seamen.]

CLXXII. Whenever a seaman or apprentice, on a voyage which is to terminate at any port in British India, dies during such voyage, the master shall take charge of all money, clothes and effects which he leaves on board, and shall enter in the official log-book a statement of the amount of money, and description of the effects left by the deceased, and in case of a sale of such effects, the sum received for each article sold.

[Effects and wages to be paid to Superintendent with full accounts.]

CLXXIII. The master shall, within forty-eight hours after his arrival at his port of destination in British India, deliver any such effects as aforesaid, and pay any money which he has taken charge of or received, and also the wages due to deceased, to the Superintendent of the Mercantile Marine Office at such port, and shall give to such Superintendent an account of the effects, money, and wages so to be delivered and paid. No deductions claimed in such account shall be allowed unless verified, if there is an official log-book, by the entry therein hereinbefore required and also by such other vouchers (if any) as may be reasonably required by the Superintendent to whom the account is rendered.

[Penalties for not taking charge of or accounting for such monies and effects.]

CLXXIV. If the master fails to take such charge of the money or other effects of a seaman or apprentice dying during a voyage, or to make such entries in respect thereof, or to make such payment or delivery, or to give such account as hereinbefore respectively directed, he shall be accountable for the money, wages, and effects of the seaman or apprentice to the Superintendent as aforesaid, and shall pay and deliver the same accordingly; and such master shall in addition incur a penalty not exceeding treble the value of the money or effects, or if such value is not ascertained, not exceeding five hundred rupees. All money, wages, and effects of any seamen or apprentice dying during a voyage shall be recoverable in the same Courts, and by the same modes of proceeding by which seamen are hereby enabled to recover wages due to them.

[Wages and property of deceased seamen may be paid without probate.]

CLXXV. When money or effects left by or due to any deceased seaman or apprentice are paid or delivered to a Superintendent of a Mercantile Marine Office, then, subject to such deductions

৫ অধ্যায়।

নাবিক মরিলে তাহার বেতনের ও দ্রব্যের বিধি।

[নাবিক মরিলে তাহার দ্রব্য অধ্যক্ষের রক্ষণে থাকিবার কথা।]

১৭২ ধারা। যে যাত্রার মিয়াদ ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে ফুরাইবে এমত যাত্রা কালে, যদি নাবিক কি শিক্ষার্থী মরে, তবে জাহাজে যে সকল টাকা ও কাপড় ও দ্রব্য রাখিয়া যায় তাহা অধ্যক্ষ আপনার জিম্মায় লইবেন, ও যত টাকা ও যে প্রকারের দ্রব্য রাখিয়া গিয়াছে রাজকীয় টপনামায় তাহার বর্ণনা লেখাইয়া রাখিবেন। যদি সেই দ্রব্য বিক্রয় করা যায়, তবে প্রত্যেক দ্রব্যের যত মূল্য পাওয়া গিয়াছে তাহাও লেখাইয়া রাখিবেন ইতি।

[সুপরিন্টেণ্ডেণ্টকে ঐ দ্রব্য ও পুরা বেতন হিসাব সমেত দিবার কথা।]

১৭৩ ধারা। অধ্যক্ষ পূর্ব্বোক্ত প্রকারের যে দ্রব্য ও টাকা আপনার জিম্মায় লন কি পান তাহা, ও মৃত লোকের যে বেতন পাওনা থাকে তাহা ব্রিটনীয় ভারতবর্ষের লক্ষিত বন্দরে পঁহুছিলে পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে সেই বন্দরের মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন। ও সেই প্রকারের যে দ্রব্য ও টাকা ও বেতন দেন তাহার হিসাবও সেই সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন। ও সেই হিসাবে কিছু বাদ দিবার দাওয়া থাকিলে, পূর্ব্বোক্তমতে রাজকীয় টপনামায় যে কথা লিখিবার আজ্ঞা হইয়াছে তাহাতে, ও যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে হিসাব দেওয়া যায় তিনি যুক্তিমতে অন্য যে কোন প্রমাণপত্র চাহেন, তদ্দ্বারা ঐ দাওয়ার প্রমাণ করিতে হইবে, না করিলে বাদ দিবার অনুমতি হইবে না ইতি।

[সেইরূপ টাকা ও দ্রব্য জিম্মায় না লইবার ও তাহার হিসাব না দিবার দণ্ডের কথা।]

১৭৪ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যাত্রাকালে মরিলে যদি অধ্যক্ষ তাহার টাকা কি অন্য দ্রব্য আপন জিম্মায় না লন কিম্বা পূর্ব্বলিখিত আজ্ঞামতে সেই দ্রব্যাদির কথা না লেখান কিম্বা সেই টাকাপ্রভৃতি কিম্বা তাহার হিসাব না দেন, তবে তিনি সেই নাবিকের কি শিক্ষার্থির ঐ টাকার ও বেতনের ও দ্রব্যের জন্যে পূর্ব্বোক্ত সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে দায়ী হইবেন। ও তদনুসারে সেই টাকা ও দ্রব্য দিবেন। তদ্ভিন্ন ঐ টাকার কি দ্রব্যের মূল্যের তিনগুণ টাকা দণ্ড হইবে। যদি সেই দ্রব্যাদির মূল্য নিশ্চয় না জানা যায়, তবে তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইবে। এই আইনমতে নাবিকেরা যে আদালতে ও কর্ম্মের যে নিয়মমতে আপনারদের পাওনা বেতন আদায় করিতে পারে, যাত্রাকালীন মৃত নাবিকের কি শিক্ষার্থির সকল টাকা ও বেতন ও দ্রব্য সেই আদালতে ও সেই নিয়মমতে আদায় হইতে পারিবে ইতি।

[মৃত নাবিকের বেতন ও সম্পত্তি প্রোবেটবিনা দেওয়া যাইবার কথা।]

১৭৫ ধারা। কোন মৃত নাবিক কি শিক্ষার্থী যে টাকা কি দ্রব্য রাখিয়া যায়, কিম্বা তাহার যাহা পাওনা থাকে, তাহা যখন মরকাণ্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দেওয়া যায়, তখন সুপরিন্টে-

for expenses incurred in respect of the seaman or apprentice, or of his said money and effects, as the Superintendent thinks proper to allow, the Superintendent may pay and deliver the said money and effects to any claimants who can prove themselves to the satisfaction of the said Superintendent shall be thereby discharged from all further liability in respect of the money and effects so paid and delivered; or if he think fit so to do, the Superintendent may require probate or letters of administration or (in the case of a Hindu, Muhammadan, Buddhist, or other person exempted from the operation of the Indian Succession Act, 1865) a certificate under Act XXVII. of 1860 *(for facilitating the collection of debts on successions, and for the security of parties paying debts to the representatives of deceased persons)*, to be taken out, and thereupon pay and deliver the said money and effects to the legal representative of the deceased.

[Disposal of wages and effects of deceased seamen, not claimed within one year. If subsequent claim be made thereto. Proviso.]

CLXXVI. In cases of wages or effects of deceased seamen or apprentices received by any Superintendent of a Mercantile Marine Office, to which no claim is substantiated within one year from the receipt thereof by such Superintendent, it shall be the duty of the Superintendent to cause such effects to be sold and to pay the proceeds of the sale and the unclaimed wages into the public treasury. If any subsequent claim is made to such money, and is established to the satisfaction of the Superintendent, the amount or so much as shall appear to be due to the claimant shall be paid out of the public treasury. If the claim is not established to the satisfaction of the Superintendent, the claimant may apply by petition in a summary way to the High Court of Judicature at Fort William, Madras or Bombay, as the case may be, and such Court, after taking evidence either orally or on affidavit, shall make such order on the petition as shall seem just: Provided that, after the expiration of six years from the receipt of such wages or effects by the Superintendent, no such claim shall be entertained without the sanction of the Local Government.

CHAPTER VI.

Of the Provisions, Health, and Accommodation of Seamen.

[Survey of provisions and water on complaint made.]

CLXXVII. Any three or more of the crew of any ship registered at, trading with or being at

ণ্ডেন্ট সাহেব ঐ নাবিকের কি শিক্ষার্থির কিম্বা তাহার টাকার ও দ্রব্যের কোন খরচের নিমিত্তে যত বাদ দিবার অনুমতি করা উচিত বোধ করেন তাহা দিলে পর, যে দাওয়াদারেরা উক্ত সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের হৃদ্বোধমতে আপনারদের স্বত্বের প্রমাণ করিতে পারেন তাঁহারদিগকে তিনি ঐ টাকা ও দ্রব্য দিবেন। তাহাতে ঐ সুপরিন্টেণ্ডেন্ট তদ্রূপে দত্ত টাকা ও দ্রব্যসম্পর্কীয় দায়হইতে মুক্ত হইবেন। তিনি উপযুক্ত বোধ করিলে প্রোবেট কিম্বা দ্রব্য নিরূপণাধিকারিত্ব পত্র, কিম্বা হিন্দু, মুসলমান ও বৌদ্ধপ্রভৃতি যাহাদের প্রতি ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন বর্ত্তে না তাহারদের বিষয় হইলে, (উত্তরাধিকারিত্বের গতিকে পাওনা টাকার আদায় সুগম করণের নিমিত্তে এবং মৃত ব্যক্তিদের স্থলাভিষিক্ত ব্যক্তিদিগকে যাহারা আপনং কর্জ্জা টাকা পরিশোধ করিয়া দেয় তাহারদের বেঝুঁকী হওনের নিমিত্তে আইন নামক) ১৮৬০ সালের ২৭ আইনমতে সর্টিফিকট গ্রহণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, তাহা করিলে তিনি ঐ মৃত ব্যক্তির আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তিকে ঐ টাকা ও দ্রব্য দিবেন ইতি।

[মৃত নাবিকের বেতনের কি দ্রব্যের দাওয়া এক বৎসরের মধ্যে না হইলে ও পশ্চাৎ দাওয়া হইলে ইতিকর্ত্তব্যতার কথা ও উপবিধি।]

১৭৬ ধারা। মর্কাণ্টাইল মারীন আফিসের সুপরিন্টেণ্ডেন্ট সাহেব যে সময়ে মৃত নাবিকেরদের কি শিক্ষার্থিরদের বেতন কি দ্রব্য পান, যদি সেই সময়াবধি এক বৎসরের মধ্যে সেই বেতনের ও দ্রব্যের উপর কোন দাওয়ার প্রমাণ না করা যায়, তবে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের ইহা কর্ত্তব্য, তিনি ঐ সকল দ্রব্য বিক্রয় করাইবেন ও তদুৎপন্ন টাকা ও দাওয়া না হওয়া বেতন রাজকীয় ট্রেজুরীতে গচ্ছিত করিবেন। পশ্চাৎ যদি সেই টাকার উপর দাওয়া হয়, ও সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের হৃদ্বোধমতে সেই দাওয়া প্রমাণ সিদ্ধ হয়, তবে দাওয়াদারকে রাজকীয় ট্রেজুরীহইতে সেই টাকা কিম্বা তন্মধ্যে দাওয়াদারের যত পাওনা দৃষ্ট হয়, তত টাকা দেওয়া যাইবে। যদি সেই দাওয়া সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের হৃদ্বোধমতে সপ্রমাণ না হয়, তবে দাওয়াদার ফোর্ট উলিয়ম কিম্বা স্থলবিশেষে বোম্বাই কি মান্দ্রাজ রাজধানীর হাই কোর্টে সরাসরীমতে প্রার্থনা করিতে পারিবে, ও সেই আদালত বাচনিক কিম্বা আফিডেবিটক্রমে প্রমাণ গ্রহণ করিলে পর, ঐ প্রার্থনার পক্ষে যাহা ন্যায্য বোধ করেন এমত আজ্ঞা করিবেন। পরন্তু সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ বেতন কি দ্রব্য যে সময়ে পান সেই সময়াবধি ছয় বৎসর গত হইলে পর, স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতি না হইলে সেই প্রকারের কোন দাওয়া গ্রাহ্য হইবে না ইতি।

---

৬ অধ্যায়।

নাবিকদের খাদ্যাদির ও স্বাস্থ্যের ও স্থানের বিধি।

[নালিশ হইলে আহারীয় দ্রব্যের ও জলের পরীক্ষা লইবার কথা।]

১৭৭ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায় কি বাণিজ্য ব্যব-

any port or place in British India, may complain to any Superintendent of a Mercantile Marine Office or other officer duly appointed in this behalf by the Local Government, that the provisions or water for the use of the crew are at any time of bad quality, unfit for use or deficient in quantity. Such officer may thereupon examine the said provisions or water or cause them to be examined; and if, on examination, such provisions or water are found to be of bad quality and unfit for use, or to be deficient in quantity, the person making such examination shall signify the same in writing to the master of the ship. If such master does not thereupon provide other proper provisions or water in lieu of any so signified to be of a bad quality and unfit for use, or does not procure the requisite quantity of any so signified to be insufficient in quantity, or uses any provisions or water which have been so signified as aforesaid to be of bad quality and unfit for use, he shall, in every such case, incur a penalty not exceeding two hundred rupees. Upon every such examination as aforesaid, the officers making or directing the same shall enter a statement of the result of the examination in the official log, and shall send a report thereof to the Superintendent, and such report, if produced out of the custody of such Superintendent, shall be received in evidence in any legal proceeding.

[Forfeiture for frivolous complaint.]

CLXXVIII. If the officer to whom any such complaint as last aforesaid is made, certifies in such statement as aforesaid that there was no reasonable ground for such complaint, each of the parties so complaining shall be liable to forfeit to the owner out of his wages a sum not exceeding one week's wages.

[Allowance for short or bad provisions.]

CLXXIX. In the following cases; (that is to say):—

(1.) If, during a voyage, the allowance of any of the provisions which any seaman has by his agreement stipulated for is reduced (except in accordance with any regulations for reduction by way of punishment contained in the agreement, and also except for any time during which such seaman wilfully and without sufficient cause refuses or neglects to perform his duty or is lawfully under confinement for misconduct, either on board or on shore):

(2.) If it is shown that any of such provisions are or have during the voyage been bad in quality and unfit for use.

The seaman shall receive by way of compensation for such reduction or bad quality, according

সায় করে কি থাকে, এমত কোন জাহাজের তিন কি অধিক নাবিক কোন সরকারীইংল্যাণ্ডীয় নাবিকের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে, কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্ট সেই কর্ম্মের নিমিত্তে অন্য যে কার্য্যকারককে নিয়মিতরূপে নিযুক্ত করেন তাঁহার নিকটে, এই কর্ম্মের নালিশ করিতে পারিবে যে, জাহাজী লোকেরদের নিমিত্তে যে আহারীয় দ্রব্য কি জল জাহাজে থাকে তাহা কোন সময়ে মন্দ কি খাইবার অনুপযুক্ত কি অপ্রচুর। সেইরূপ নালিশ হইলে ঐ কার্য্যকারক আপনি কিম্বা অন্য লোকের দ্বারা ঐ আহারীয় দ্রব্যের কি জলের পরীক্ষা লইতে পারিবেন। যদি সেই আহারীয় দ্রব্য কি জল মন্দ ও খাইবার অনুপযুক্ত কিম্বা অকুলান দেখা যায়, তবে যে ব্যক্তি পরীক্ষা লন তিনি জাহাজের অধ্যক্ষকে ঐ কথা লিখিয়া জানাইবেন। তাহা জানাইলে পর, যদি অধ্যক্ষ ঐ মন্দ ও খাইবার অনুপযুক্ত আহারীয় দ্রব্যের কি জলের পরিবর্ত্তে অন্য উপযুক্ত খাদ্যাদি কি জল না দেন, কিম্বা অকুলান বলিয়া যাহা জানান গিয়াছে যদি তাহার প্রচুর পরিমাণে না দেন, কিম্বা যাহা পূর্ব্বোক্তমতে মন্দ ও খাইবার অনুপযুক্ত বলিয়া জানান গিয়াছে যদি সেই খাদ্যাদি কি জল খাইতে দেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যে কার্য্যকারকেরা উক্ত প্রকারের পরীক্ষা লন কি লইতে আজ্ঞা করেন, তাঁহারা পরীক্ষাক্রমে যাহা দেখেন তাহার কথা রাজকীয় টপনামায় লিখিবেন ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে তাহার রিপোর্ট পাঠাইবেন। ও সেই রিপোর্ট ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটহইতে প্রাপ্ত কোন মোকদ্দমায় প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[তুচ্ছনীয় নালিশ করিবার অর্থদণ্ডের কথা।]

১৭৮ ধারা। শেষোক্ত প্রকারের নালিশ যে কার্য্যকারক সাহেবের নিকটে করা যায় তিনি যদি উক্ত প্রকারের রিপোর্টে লেখেন যে ঐ নালিশ করিবার উপযুক্ত কোন কারণ ছিল না, তবে যত জন সেই নালিশ করিয়াছিল তাহারদের প্রত্যেক জনের এক সপ্তাহের বেতন কাটিয়া স্বামিকে দেওয়া যাইবে ইতি।

[অল্প কি মন্দ আহারাদির নিমিত্তে ক্ষতিপূরণের কথা।]

১৭৯ ধারা। এই২ স্থলে, অর্থাৎ,

(১) নিয়মপত্রের লিখিত কোন বিধিমতে খাদ্যাদি দণ্ডক্রমে ন্যূন করা গেলে ও কোন নাবিক ইচ্ছাপূর্ব্বক ও উপযুক্ত কারণ না থাকিলেও আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতে স্বীকার না করিলে কি তাচ্ছল্য করিলে, কিম্বা অনুচিত কর্ম্ম করাতে জাহাজে কি ডাঙ্গায় ন্যায্যমতে কারাবদ্ধ থাকিলে, তাহাকে সেই কালের নিমিত্তে যে ন্যূন আহার দেওয়া যায়, তদ্ভিন্ন নাবিককে নিয়মপত্রমতে যে খাদ্যাদি দিবার নিয়ম হইয়াছিল, যদি জাহাজের যাত্রা কালে তাহার ন্যূন দেওয়া যায়,

(২) সেই প্রকারের কোন খাদ্যাদি মন্দ ও খাইবার অনুপযুক্ত আছে, কিম্বা যাত্রার কোন সময়ে মন্দ কি খাইবার অনুপযুক্ত ছিল, ইহা যদি দর্শান যায়,

তবে ন্যূন খাদ্যাদি, কিম্বা মন্দ দ্রব্য যত কাল দেওয়া গেল তাহা বুঝিয়া, ঐ নাবিক বেতনের অতিরিক্ত

to the time of its continuance, the following sums to be paid to him in addition to and to be recoverable as wages; (that is to say) :—

(1). If his allowance is reduced by any quantity not exceeding one-third of the quantity specified in the agreement, a sum not exceeding three annas a day in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or one anna a day in the case of a lascar or Native seaman :

(2). If his allowance is reduced by more than one-third of such quantity, six annas a day in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or two annas a day in the case of a lascar or Native seaman :

(3). In respect of such bad quality as aforesaid, a sum not exceeding eight annas a day in the case of a European seaman or other person shipped on the same footing as a European seaman, or three annas in the case of a lascar or Native seaman :

But if it is shown to the satisfaction of the Court or Magistrate trying the case, that any provisions, the allowance of which has been reduced, could not be procured or supplied in proper quantities, and that proper and equivalent substitutes were supplied in lieu thereof, such Court or Magistrate shall take such circumstances into consideration and shall modify or refuse compensation as the justice of the case may require.

[Medicines, &c., to be provided and kept on board certain ships. Proviso.]

CLXXX. All foreign-going ships and all Home-trade ships of a burden exceeding three hundred tons, shall have always on board a sufficient supply of medicines and appliances suitable for disease and accidents likely to happen on sea voyages, according to such scale as shall be from time to time issued by the Local Government with the approval of the Governor General of India in Council, and published at Calcutta, Madras and Bombay in the *Gazettes;* and in default thereof, the owner or master of every such ship shall be liable to a penalty not exceeding two hundred rupees : Provided, however, that this Section shall not apply to ships navigating from the United Kingdom and coming within the provisions of Section 224 of the Merchant Shipping Act, 1854. Nothing herein contained shall interfere with a seaman's right to maintain a suit in respect of a special damage resulting to him from the breach of the duty imposed by this Section.

[Masters to keep weights and measures on board.]

CLXXXI. Every master shall keep on board proper weights and measures for the purpose of

ক্ষতিপূরণস্বরূপ নিম্নলিখিত হিসাবমতে পাইবে, ও তাহা বেতনের মতে আদায় হইতে পারিবে। বিশেষতঃ

(১) নিয়মপত্রে যত লেখা গিয়াছিল, যদি তাহার তিন ভাগের এক ভাগপর্য্যন্ত কম করিয়া দেওয়া যায়, তবে ইউরোপীয় নাবিক হইলে কিম্বা ইউরোপীয় নাবিকের তুল্যভাবে জাহাজে ভর্ত্তি হইলে, তিন আনাপর্য্যন্ত, ও খালাসী কি এদেশীয় নাবিক হইলে এক আনাপর্য্যন্ত পাইবে।

(২) যদি তিন ভাগের এক ভাগের ন্যূন করিয়া দেওয়া যায়, তবে ইউরোপীয় নাবিক হইলে কিম্বা ইউরোপীয় নাবিকের তুল্যভাবে জাহাজে ভর্ত্তি হইলে, ছয় আনা, ও খালাসী কি এদেশীয় নাবিক হইলে দুই আনা পাইবে।

(৩) যদি দ্রব্য পূর্ব্বোক্তমতে মন্দ হয়, তবে ইউরোপীয় নাবিক হইলে কিম্বা ইউরোপীয় নাবিকের তুল্যভাবে জাহাজে ভর্ত্তি হইলে, দিন আট আনা পর্য্যন্ত ও খালাশী কি এদেশীয় নাবিক হইলে তিন আনা পর্য্যন্ত পাইবে।

পরন্তু যে দ্রব্য ন্যূন করিয়া দেওয়া গিয়াছে তাহা কুলানমতে পাওয়া যাইতে কি যোগান যাইতে পারিল না, ও তাহার পরিবর্ত্তে উপযুক্ত ও তুল্য গুণের অন্য দ্রব্য দেওয়া গিয়াছে, ইহা যদি ঐ কথার বিচারকারি আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের স্ববোধমতে দর্শান যায়, তবে সেই আদালত কি মাজিষ্ট্রেট সাহেব ভাবগতিক বুঝিয়া ন্যায্যমতে যেমন প্রয়োজন হয় তেমনি সেই ক্ষতিপূরণের পয়সা কম করিবেন, কিম্বা নাই দিবেন ইতি।

[কোন২ জাহাজে ঔষধাদি রাখিবার কথা ও উপবিধি।]

(2.) For neglecting or refusing without reasonable cause to join his ship, or to proceed to sea in his ship, or for absence without leave at any time within twenty-four hours of the ship's sailing from any port either at the commencement or during the progress of any voyage, or for absence at any time without leave and without sufficient reason from his ship or from his duty, not amounting to desertion or not treated as such by the master, he shall be liable to imprisonment for any period not exceeding ten weeks, with or without hard labour, and also, at the discretion of the Court, to forfeit out of his wages a sum not exceeding the amount of two days' pay, and in addition for every twenty-four hours of absence, either a sum not exceeding six days' pay or any expenses which have been properly incurred in hiring a substitute:

[নাবিকদের ও শিক্ষার্থিরদের অপরাধের ও দণ্ডের কথা।]

২০২ ধারা। যে নাবিককে আইনমতে নিযুক্ত করা গেল সেই কিম্বা সামুদ্রিক কর্ম্ম শিক্ষার্থী যদি নিম্নলিখিত কোন অপরাধ করে, তবে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তি কিম্বা (ঐ নাবিকপ্রভৃতি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে) জষ্টিস অফ দি পীস সাহেব সরাসরীমতে তাহার এইং দণ্ড করিতে পারিবেন। বিশেষতঃ—

[পলায়ন করিলে।]

১। পলায়ন করিলে, বারো সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত তাহার কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কারাদণ্ড হইতে পারিবে, ও জাহাজে যত বস্ত্র কি দ্রব্যসামগ্রী রাখিয়া যায় ও পরিশ্রমেতে তাহার যত বেতন কি উপরি টাকা তৎকালে পাওনা থাকে তাহা সমুদয় কি তাহার কোন অংশ জব্দ হইবে। ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন বন্দরে কি স্থানে থাকিয়া যদি পলায়ন করে, তবে তৎপরে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে তাহার ফিরিয়া যাইবার আগে সে অন্য যে কোন জাহাজে কর্ম্ম পাইয়া থাকে, সেই জাহাজে পরিশ্রম করিয়া তাহার যত বেতন কি উপরি পাওনা হয়, আদালতের বিবেচনামতে উক্ত দণ্ডের অতিরিক্ত তৎসমুদয় কি তাহার কোন অংশ দণ্ড হইতে পারিবে। ও যে জাহাজহইতে পলায়ন করিযাছে সেই জাহাজে যদি তাহার পরিবর্ত্তে অধিক বেতন দিয়া অন্য লোককে নিযুক্ত করা যায, তবে ঐ জাহাজের অধ্যক্ষ কি স্বামী অতিরিক্ত যে বেতন দিয়াছেন, তাহাও তাহার দিতে হইবে।

ব্যাখ্যা। এই স্থলে "পলায়ন" যে শব্দের ব্যবহার হইযাছে তাহাতে প্রত্যাগমনের অনভিপ্রায়ে ও যথার্থ কারণ ভিন্ন জাহাজ ত্যাগ করা বুঝাইবে।

[জাহাজে কি সমুদ্রে যাইতে শৈথিল্য করিলে কি স্বীকার না করিলে, ও জাহাজ খুলিয়া যাইবার আগে চব্বিশ ঘন্টার মধ্যে উপস্থিত না থাকিলে ও ছুটী না লইয়া অনুপস্থিত হইলে।]

২। উপযুক্ত কারণ না থাকিলে যদি জাহাজে যাইতে, কিম্বা জাহাজে সমুদ্রে যাইতে শৈথিল্য করে কি স্বীকার না করে, কিম্বা কোন যাত্রার আরম্ভে কি যাত্রার কালে জাহাজ কোন বন্দরহইতে যে সময়ে খুলিয়া যাইবে, ছুটী না পাইয়া তাহার আগে চব্বিশ ঘণ্টার মধ্যে যদি উপস্থিত না হয়, কিম্বা কোন সময়ে ছুটী না পাইয়া ও উপযুক্ত কারণ না থাকিলেও জাহাজে কি কর্ম্মেতে যে অনুপস্থিতি পলায়নের তুল্য না হয়, ও অধ্যক্ষ পলায়নের তুল্য জ্ঞান না করেন, তাহার এমত অনুপস্থিতি হয়, তবে সে দশ সপ্তাহের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও আদালতের বিবেচনামতে তাহার দুই দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে, তদ্ভিন্ন যত কাল উপস্থিত না ছিল তত কালের নিমিত্তে চব্বিশং ঘণ্টা প্রতি তাহার ছয়ং দিনের বেতন কাটা যাইতে পারিবে। অথবা তাহার পরিবর্ত্তে অন্য লোক নিযুক্ত করিবার যত খরচ হয়, তাহার বেতনহইতে ঐ খরচ দেওয়া যাইতে পারিবে।

[Quitting without leave before ship is secured.]

(3.) For quitting the ship without leave after her arrival at her port of delivery and before she is placed in security, he shall be liable to forfeit out of his wages a sum not exceeding one month's pay:

[Act of disobedience.]

(4.) For wilful disobedience to any lawful command, he shall be liable to imprisonment for any period not exceeding four weeks, with or without hard labour, and also, at the discretion of the Court, to forfeit out of his wages a sum not exceeding two days' pay:

[Continued disobedience.]

(5.) For continued wilful disobedience to lawful commands or continued wilful neglect of duty, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour, and also at the discretion of the Court to forfeit for every twenty-four hours' continuance of such disobedience or neglect, either a sum not exceeding six days' pay or any expenses which have been properly incurred in hiring a substitute:

[Assault on officers.]

(6.) For assaulting any master or mate, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Combining to disobey.]

(7.) For combining with any other or others of the crew to disobey lawful commands, or to neglect duty, or to impede the navigation of the ship, or the progress of the voyage, he shall be liable to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Wilful damage and embezzlement.]

(8.) For wilfully damaging the ship, embezzling, or wilfully damaging any of her stores or cargo, he shall be liable to forfeit out of his wages a sum equal in amount to the loss thereby sustained, and also at the discretion of the Court to imprisonment for any period not exceeding twelve weeks, with or without hard labour:

[Act of smuggling, causing loss to owner.]

(9.) For any act of smuggling of which he is convicted and whereby loss or damage is occasioned to the master or owner, he shall be liable to pay to such master or owner such a sum as is sufficient to reimburse the master or owner for such loss or damage; and the whole, or a proportionate part of his wages may be retained in satisfaction or on account of such liability, without prejudice to any further remedy.

[জাহাজ শক্ত করিয়া বাঁধা যাইবার আগে ছুটী না পাইয়া চলিয়া গেলে।]

৩। জাহাজের মাল যে বন্দরে নামান যাইবে জাহাজ সেই বন্দরে পঁহুছিয়া, লঙ্গর করিয়া ভালমতে রক্ষিত হইবার পূর্ব্বে যদি কোন নাবিক ছুটী না লইয়া ছাড়িয়া যায়, তবে তাহার এক মাসের অনধিক বেতন কাটা যাইতে পারিবে।

[আজ্ঞা না মানিলে।]

৪। ন্যায্যমতের কোন আজ্ঞা যদি ইচ্ছাপূর্ব্বক না মানে, তবে সে চারি সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রম-সহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও আদালতের বিবেচনামতে তাহার দুই দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে।

[আজ্ঞা নিরত অমান্য করিতে থাকিলে।]

৫। যদি ন্যায্যমত আজ্ঞা ইচ্ছাপূর্ব্বক অমান্য করিতে থাকে, কিম্বা কর্ত্তব্য কর্ম্ম করিতে ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করিতে থাকে, তবে সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে, ও যত কাল আজ্ঞা অমান্য কি কর্ম্মে শৈথিল্য করিয়াছে তত কাল আদালতের বিবেচনামতে চব্বিশ২ ঘণ্টা প্রতি তাহার ছয়২ দিনের অনধিক বেতন কাটা যাইতে পারিবে, অথবা তাহার পরিবর্ত্তে অন্য লোক নিযুক্ত করিবার যত খরচ হয় তাহার বেতনহইতে ঐ খরচ দেওয়া যাইতে পারিবে।

[মালিমপ্রভৃতির উপর আক্রমণ করিলে।]

৬। যদি অধ্যক্ষের কি মালিমের উপর আক্রমণ করে, তবে বারো সপ্তাহের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[আজ্ঞা অমান্য করিতে যোগ করিলে।]

৭। ন্যায়মতের আজ্ঞা অমান্য করিতে, কি কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য করিতে, কিম্বা জাহাজের গমনের কি যাত্রায় অগ্রসর হওয়ার বাধা করিতে, যদি অন্য নাবিকের কি নাবিকদের সঙ্গে যোগ করে, তবে সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[ইচ্ছাপূর্ব্বক ক্ষতি ও হরণ করিলে।]

৮। যদি ইচ্ছাপূর্ব্বক জাহাজের ক্ষতি করে কিম্বা জাহাজের দ্রব্যসামগ্রী কি মাল অপহরণ করে কি ইচ্ছাপূর্ব্বক ক্ষতি করে, তবে তাহাতে যত টাকার ক্ষতি হয় তাহার বেতনহইতে তত টাকা কাটিয়া লওয়া যাইতে পারিবে, ও আদালতের বিবেচনামতে সে বারো সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে।

[স্বামির ক্ষতিকররূপে মাস্থল বঞ্চনা করিলে।]

(৯) যদি ভাঁড়াইয়া মাস্থল না দিবার কোন দোষ প্রমাণ হয় ও তাহাতে অধ্যক্ষের কি স্বামির কিছু ক্ষতি হয় তবে, যত টাকাতে ক্ষতি পরিশোধ হইতে পারে ঐ অধ্যক্ষকে কি স্বামিকে তাহার তত টাকা দিতে হইবে। ও তাহার পরিশোধে কিম্বা সেই দায়ের জন্যে তাহার বেতনের সমুদয় কিম্বা এক অংশ আটক করিয়া রাখা যাইতে পারিবে, ইহাতে ক্ষতিপূরণের অন্য কোন উপায়ের ব্যাঘাত হইবে না ইতি।

[Entry of offences to be made in official log, and to be read over, or a copy given to the offender: his reply, if any, to be also entered.]

CCIII. Upon the commission of any of the offences enumerated in the last preceding Section, an entry thereof shall be made in the official log-book, and shall be signed by the master, and also by the mate or one of the crew; and the offender, if still in the ship, shall, before the next subsequent arrival of the ship at any port, or if she is at the time in port, before her departure therefrom, either be furnished with a copy of such entry, or have the same read over distinctly and audibly to him, and may thereupon make such reply thereto as he thinks fit. A statement that a copy of the said entry has been so furnished, or that the same has been so read over as aforesaid, and the reply (if any) made by the offender, shall likewise be entered and signed in manner aforesaid. In any subsequent legal proceeding the entries hereinbefore required shall if practicable be produced or proved, and in default of such production or proof, the Court hearing the case may at its discretion refuse to receive evidence of the offence.

[Seamen whom masters of ships are compelled to convey, and persons going to sea in ships without leave, to be subject to penalties for breach of discipline.]

CCIV. Every seafaring person whom the master of any ship is under the authority of this Act or any law compelled to take on board and convey, and every person who goes to sea in any ship without the consent of the master or owner or other person entitled to give such consent, shall so long as he remains in such ship, be subject to the same laws and regulations for preserving discipline, and to the same penalties and punishments for offences constituting or tending to a breach of discipline, to which he would be subject if he were a member of the crew and had signed the agreement.

[Master or owner may apprehend deserter without warrant.]

CCV. Whenever, either at the commencement or during the progress of any voyage, any seaman or apprentice neglects or refuses to join, or deserts from or refuses to proceed to sea in any ship in which he is duly engaged to serve, or is found otherwise absenting himself therefrom without leave, the master or any mate, or the owner, ship's husband or consignee, may, with or without the assistance of Police officers, who are hereby directed to give the same if required,

[অপরাধের কথা রাজকীয় টপনামায় লেখা যাইবার ও অপরাধির নিকটে তাহা পাঠ করা যাইবার কিম্বা তাহাকে প্রতিলিপি দিবার ও তাহাতে সে উত্তর করিলে তাহাও লিখিবার কথা।]

২০৩ ধারা। পূর্ব্ব ধারার লিখিত কোন অপরাধ করা গেলে, সেই কথা রাজকীয় টপনামায় লিখিতে হইবে ও তাহাতে অধ্যক্ষ ও মালিম কিম্বা নাবিকেরদের এক জন স্বাক্ষর করিবে। ও অপরাধী যদি তৎকালে জাহাজে থাকে, তবে জাহাজ তৎপরে যে সময়ে কোন বন্দরে পঁহুছিবে তাহার পূর্ব্বে, কিম্বা তৎকালে জাহাজ কোন বন্দরে থাকিলে সেই বন্দর হইতে ছাড়িয়া যাইবার আগে, ঐ অপরাধিকে টপনামার লিখিত কথার প্রতিলিপি দেওয়া যাইবে; কিম্বা সেই কথা তাহার নিকটে স্পষ্ট ও শ্রাব্যরূপে পাঠ করা যাইবে। তাহাতে সে যে উত্তর করিতে চাহে করিতে পারিবে। আরও ঐ লিখিত কথার প্রতিলিপি তাহাকে দেওয়া গিয়াছে, কিম্বা তাহা উক্ত প্রকারে তাহার নিকট পাঠ করা গিয়াছে এই কথা, ও অপরাধী কিছু উত্তর করিলে তাহার সেই উত্তর উক্ত প্রকারে টপনামায় লেখা যাইবে, ও তাহাতে স্বাক্ষর করা যাইবে, ও তাহার পর কোন মোকদ্দমা হইলে এই ধারাতে যে কথা লিখিবার আজ্ঞা হইয়াছে তাহা উপস্থিত করা যাইতে পারিলে উপস্থিত করা যাইবে কিম্বা তাহার প্রমাণ করা যাইবে, ও সেই প্রকারে উপস্থিত না করা গেলে কি তাহার প্রমাণ না হইলে, যে আদালত ঐ মোকদ্দমা শুনেন সেই আদালত আপনার বিবেচনামতে ঐ অপরাধের প্রমাণ লইতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[যে নাবিকদিগকে অধ্যক্ষদের লইয়া যাওয়া আবশ্যক ও যাহারা অনুমতি বিনা জাহাজে যায়, তাহাদের সুশাসনের বিধি লংঘনের দণ্ড হইবার কথা।]

২০৪ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ এই আইনের কিম্বা কোন আইনের শক্তিক্রমে সমুদ্রে গমনশীল যে লোককে জাহাজে লইয়া যাইতে বদ্ধ হন, ও অধ্যক্ষের কিম্বা স্বামির স্থানে কিম্বা জাহাজে যাইবার অনুমতি দিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তির স্থানে যে কেহ অনুমতি না পাইয়া কোন জাহাজে সমুদ্রে যায়, সেই ব্যক্তি আপনি নাবিক হইয়া নিয়মপত্রে স্বাক্ষর করিলে তাহার সুশাসন রক্ষা করিবার যে সকল আইন ও বিধি মানিতে হইত, যত কাল জাহাজে থাকে তত কাল সেই আইন ও বিধি মানিবে, ও যাহাতে সুশাসনের লংঘন হয় কি হইতে পারে এমত অপরাধ করিলে নাবিকের যে অর্থদণ্ড ও দণ্ড হইতে পারে তাহারও সেই অর্থদণ্ড ও দণ্ড হইবে ইতি।

[আজ্ঞাপত্র বিনা পলাতকদিগকে ধৃত করিবার কথা।]

২০৫ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী নিয়মিতরূপে যে কোন জাহাজে সমুদ্রে যাইতে নিযুক্ত হইয়াছে, সে যদি জাহাজের কোন যাত্রার আরম্ভে কি যাত্রার কোন সময়ে জাহাজে যাইতে শৈথিল্য করে কি স্বীকার না করে, কি জাহাজহইতে পলায় কিম্বা ঐ জাহাজে সমুদ্রে যাইতে স্বীকার না করে, কিম্বা ছুটী না পাইয়াও অন্য প্রকারে অনুপস্থিত থাকে, তবে অধ্যক্ষ কি কোন মালিম, কি স্বামী, কি জাহাজের কর্ম্মকর্ত্তা, কি কানসাইনী, আজ্ঞাপত্র বিনা পোলীসের কার্য্যকারকদের সাহায্য লইয়া কি তাহা

apprehend him without first procuring a warrant; and may thereupon in any case, and shall, in case he so requires and it is practicable, convey him before some Court capable of taking cognizance of the matter, to be dealt with according to law; and may for the purpose of conveying him before such Court detain him in custody for a period not exceeding twenty-four hours or such shorter time as may be necessary; or may, if he does not so require or if there is no such Court at or near the place, at once convey him on board. If any such apprehension appears to the Court before which the case is brought to have been made on improper or on insufficient grounds, or if it shall appear that any such neglect, refusal or absence was owing to a reasonable apprehension that the ship is in such a state or so loaded as to endanger the life of the seaman or apprentice, the master, mate, owner, ship's husband or consignee who makes the apprehension or causes the same to be made, shall incur a penalty not exceeding two hundred rupees; but such penalty, if inflicted, shall be a bar to any suit for false imprisonment in respect of such apprehension.

[Deserters may be sent on board in lieu of being imprisoned.]

CCVI. Whenever any seaman or apprentice is brought before any Court on the ground of his having neglected or refused to join, or to proceed to sea in any ship in which he is engaged to serve, or of having deserted or otherwise absented himself therefrom without leave, such Court may, if the master or the owner or his agent so requires, instead of committing the offender to prison, cause him to be conveyed on board for the purpose of proceeding on the voyage, or deliver him to the master or any mate of the ship, or the owner or his agent to be by him so conveyed, and may in such case order any costs and expenses properly incurred by or on behalf of the master or owner by reason of the offence to be paid by the offender, and if necessary to be deducted from any wages which he has then earned, or which by virtue of his then existing engagement he may afterwards earn.

[Seamen imprisoned for desertion or breach of discipline, may be sent on board before termination of sentence.]

CCVII. If any seaman or apprentice is imprisoned on the ground of his having neglected or refused to join, or to proceed to sea in any ship in which he is engaged to serve, or of having de-

বিনা তাহাকে ধৃত করিতে পারিবেন। ও পোলীসের কর্ম্মকারকদের সাহায্য চাহিলে এই ধারাক্রমে তাঁহাদের সাহায্য করিবার আজ্ঞা হইল। ও ঐ নাবিককে লইয়া আইনমতে কার্য্য হয় এই কারণে তাহাকে ঐ বিষয়ের বিচার করিবার ক্ষমতাপন্ন কোন আদালতে লইয়া যাইতে পারিবেন, কিম্বা সেই নাবিক আপনি চাহিলে, ও আদালতে লইয়া যাইতে পারিলে, অবশ্য লইয়া যাইবেন। ও সেই আদালতে প্রেরণ করিবার জন্যে তাহাকে চব্বিশ ঘণ্টার অনধিক কিম্বা তাহার ন্যূন যত কাল আবশ্যক তত কাল আসেধে রাখিতে পারিবেন। কিম্বা যদি সেই লোক তদ্রূপ প্রার্থনা না করে, কিম্বা সে স্থানে কি তন্নিকটে সেই প্রকারের আদালত না থাকে, তবে তাহাকে একেবারে জাহাজে লইয়া যাইবেন। ঐ বিষয় যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালত যদি ঐ নাবিককে অনুপযুক্ত কিম্বা অপ্রচুর কারণে ধৃত করা গিয়াছে বোধ করেন, অথবা জাহাজের অবস্থা দৃষ্টে কিম্বা জাহাজে যদ্রূপে মাল বোঝাই করা গেল তদ্বিবেচনায় ঐ নাবিক কি শিক্ষার্থী প্রাণআশঙ্কার যুক্তিমত সম্ভাবনাপ্রযুক্ত সেইরূপ শৈথিল্য কি অস্বীকার করিয়াছে কি অনুপস্থিত হইয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে যে অধ্যক্ষ, কি মালিম, কি স্বামী, কি জাহাজের যে কর্ম্মকর্ত্তা, কি কানসাইনী তাহাকে ধৃত করিয়াছিলেন কি করাইয়াছিলেন, তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু যদি সেই অর্থদণ্ডের আজ্ঞা হয়, তবে আসেধপ্রযুক্ত অকারণে কারাবদ্ধ করিবার নালিশ হইতে পারিবে না ইতি।

[পলাতকদিগকে কারাবদ্ধ না করিয়া জাহাজে পাঠান যাইবার কথা।]

২০৬ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে সমুদ্রে যাইতে নিয়মিতরূপে ভর্ত্তি হইয়াছে সেই জাহাজে যাইতে শৈথিল্য করিয়াছে কি যাইতে স্বীকার করে না, কিম্বা সমুদ্রে যাইতে স্বীকার করে না, কি পলাইয়াছে, কিম্বা ছুটী না লইয়া প্রকারান্তরে অনুপস্থিত হইয়াছে বলিয়া, যদি তাহাকে কোন আদালতের সম্মুখে আনা যায়, তবে অধ্যক্ষ কি স্বামী কি তাঁহার মোক্তার প্রার্থনা করিলে, ঐ আদালত সেই অপরাধিকে কারাবদ্ধ না রাখিয়া, তাহাকে যাত্রায় যাইবার নিমিত্তে জাহাজে চালান করিতে পারিবেন, কিম্বা সেই প্রকারে চালান করিবার নিমিত্তে তাহাকে অধ্যক্ষের কি জাহাজের কোন মালিমের কিম্বা স্বামির কি তাঁহার মোক্তারের হাতে অর্পণ করিবেন। এমত স্থলে, ঐ অপরাধপ্রযুক্ত অধ্যক্ষের কি স্বামির, কিম্বা তাঁহারদের পক্ষে, উপযুক্তমতে যে খরচ হইয়া থাকে, তাহা ঐ অপরাধির দিতে আজ্ঞা করিবেন। ও যদি আবশ্যক হয়, তবে তৎকালে তাহার প্রাপ্য বেতন হইতে, কিম্বা তৎকালে তাহার যে নিয়মপত্র থাকে তৎক্রমে তাহার যে বেতন পরে প্রাপ্য হইবে, তাহা হইতে ঐ টাকা কাটিয়া লইবার আজ্ঞা করিবেন ইতি।

[কোন নাবিক পলাতক হইয়া কি সুশাসনের বিধি লঙ্ঘন করিয়া কারাবদ্ধ হইলে তাহার কারাবাসের কাল শেষ হইবার আগে তাহাকে জাহাজে পাঠাইবার কথা।]

২০৭ ধারা। কোন নাবিক কি শিক্ষার্থী যে জাহাজে সমুদ্রে যাইতে নিয়ম করিয়াছে, সেই জাহাজে যাইতে শৈথিল্য করণ, কি স্বীকার না করণ, কিম্বা সমুদ্রে যাইতে স্বীকার না করণ, কিম্বা পলায়ন, কি ছুটী না

serted or otherwise absented himself therefrom without leave, or of his having committed any other breach of discipline, and if during such imprisonment and before his engagement is at an end, his services are required on board his ship, any Magistrate may, at the request of the master or of the owner or his agent, cause such seaman or apprentice to be conveyed on board his said ship for the purpose of proceeding on the voyage, or to be delivered to the master or any mate of the ship, or to the owner or his agent, to be by him so conveyed notwithstanding that the termination of the period for which he was sentenced to imprisonmet has not arrived. The officer in charge of the gaol in which such seaman or apprentice is confined, shall obey all orders given by a Magistrate under this Section.

[Entries and certificates of desertion abroad to be copied, sent home, and admitted in evidence.]

CCVIII. In all cases of desertion from any ship registered at a port or place in British India, while such ship is at any place out of British India, the master shall produce the entry of such desertion in the official log-book to the person or persons required by the Merchant Shipping Act, 1854, to endorse on the agreement a certificate of such desertion. Such person or persons shall thereupon make and certify a copy of such entry and also a copy of the said certificate of desertion. The master shall forthwith transmit such copies to the Superintendent of the Mercantile Marine Office at the port where such seaman was engaged, who shall, if required, cause the same to be produced in any legal proceeding. Such copies, if purporting to be so made and certified as aforesaid, shall in any legal proceeding relating to such desertion be received as evidence of the entries therein appearing.

[Facilities for proving desertion so far as concerns forfeiture of wages.]

CCIX. Whenever a question arises whether the wages of any seaman or apprentice are forefeited for desertion, it shall be sufficient for the party insisting on the forfeiture to show that such seaman or apprentice was duly engaged in, or that he belonged to the ship from which he is alleged to have deserted, and that he quitted such ship before the completion of the voyage or engagement, or if such voyage was to terminate at any port or place in British India and the ship has not returned, that he is absent from her, and that an entry of the desertion has been duly made in the official log-book. Thereupon the desertion shall, so far as relates to any forfeituer

লইয়া প্রকারান্তরে অনুপস্থিত হওন কিম্বা প্রকারান্তরে সুশাসনের বিধি লঙ্ঘনপ্রযুক্ত যদি তাহাকে কারাবদ্ধ করা যায়, ও সেই কারাবদ্ধ থাকিবার কালে, ও তাহার কর্ম্মের নিয়মের কাল অতীত হইবার আগে, যদি জাহাজে তাহার প্রয়োজন হয়, তবে অধ্যক্ষের কি স্বামির কি তাঁহার মোক্তারের প্রার্থনা হইলে, ঐ নাবিকের কি শিক্ষার্থির যত কাল কারাবদ্ধ থাকিবার আজ্ঞা হইয়াছে সেই কাল অতীত না হইলেও, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ঐ যাত্রায় গমনের নিমিত্তে উক্ত জাহাজে চালান করিতে পারিবেন, কিম্বা সেই প্রকারে চালান হইবার জন্যে তাহাকে ঐ জাহাজের অধ্যক্ষের কি কোন মালিমের কিম্বা স্বামির কি তাঁহার মোক্তারের হাতে অর্পণ করিতে পারিবেন, মাজিষ্ট্রেট সাহেব এই ধারামতের যে সকল আজ্ঞা করেন ঐ নাবিক কি শিক্ষার্থি যে কারাগারে বদ্ধ থাকে তাহার কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারক তাহা মান্য করিবেন ইতি।

[বিদেশে পলায়ন করিবার যে কথা টপনামায় লেখা যায় তাহার, ও সর্টিফিকটের প্রতিলিপি স্বদেশে পাঠাইবার, ও প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা।]

২০৮ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজের রেজিষ্টরী হইয়াছে, ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে থাকনকালে যদি ঐ জাহাজের কোন লোক পলায়, তবে রাজকীয় টপনামায় তাহার পলায়নের যে কথা লেখা যায় বাণিজ্য জাহাজের ১৮৫৪ সালের আইনমতে নিয়মপত্রের পৃষ্ঠে তাহার পালাইবার সর্টিফিকট যে ব্যক্তির কি ব্যক্তিদের প্রতি লিখিবার আজ্ঞা হয়, অধ্যক্ষ টপনামার লিখিত ঐ কথা তাঁহার কি তাঁহারদের নিকটে দেখাইবেন। তাহাতে সেই ব্যক্তি কি ব্যক্তিরা ঐ টপনামার লিখিত কথার প্রতিলিপি ও পলাইবার উক্ত সর্টিফিকটেরও প্রতিলিপি করিয়া স্বাক্ষর করিবেন। সেই নাবিক যে বন্দরে জাহাজে ভর্ত্তি হইয়াছিল, অধ্যক্ষ সেই বন্দরের মরকাণ্টাইল মরীন আফিসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ঐ প্রতিলিপি অগৌণে পাঠাইবেন, ও তিনি প্রয়োজনমতে সেই প্রতিলিপি কোন মোকদ্দমাতেও দেখাইবেন। সেই পলায়নসম্পর্কীয় কোন মোকদ্দমাতে ঐ প্রতিলিপি উক্ত প্রকারে করা গেল ও স্বাক্ষর করা গেল বলিয়া উপস্থিত করা গেলে ঐ প্রতিলিপির লিখিত কথার প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[বেতন দণ্ডসম্পর্কে পলায়নের প্রমাণ করিবার উপায়ের কথা।]

২০৯ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির পলায়ন করাপ্রযুক্ত বেতনদণ্ড কর্ত্তব্য কি না যদি এই বিষয়ের বিবাদ হয়, তবে যে ব্যক্তি ঐ বেতনদণ্ড কর্ত্তব্য কহেন তিনি এই২ কথা দর্শাইতে পারিলে প্রচুর হইবে, অর্থাৎ যে জাহাজহইতে ঐ নাবিকের কি শিক্ষার্থির পলাইবার কথা ব্যক্ত হইয়াছে সে সেই জাহাজে নিয়মমতে ভর্ত্তি হইয়া, কিম্বা সেই জাহাজের লোক হইয়া সেই জাহাজের যাত্রার শেষ না হইলে কিম্বা সেই নিয়মের কাল অতীত না হইলেও ঐ জাহাজ ছাড়িয়া গিয়াছিল, কিম্বা যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে পঁহুছিলে ঐ যাত্রার শেষ হইবার নিয়ম হইয়া থাকে, তবে জাহাজ সেই স্থানে না পঁহুছিলেও ঐ লোককে জাহাজে পাওয়া গেল না ও রাজকীয় টপনামায় তাহার পলাইবার কথা নিয়মিত-

of wages or emoluments under the provisions hereinbefore contained, be deemed to be proved, unless the seaman or apprentice can produce a proper certificate of discharge, or can otherwise show to the satisfaction of the Court that he had sufficient reasons for leaving his ship.

Explanation.—By desertion the wages for the whole voyage which was not completed at the time of the desertion are forfeited, but not the wages of any other completed voyage.

[Costs of procuring imprisonment may to the extent of thirty rupees be deducted from wages.]

CCX. Whenever, in any proceeding relating to seaman's wages, it is shown that any seaman or apprentice has in the course of the voyage been convicted of any offence by any competent tribunal and rightfully punished therefor by imprisonment or otherwise, the Court hearing the case may direct a part of the wages due to such seaman, not exceeding thirty rupees, to be applied in reimbursing any costs property incurred by the master in procuring such conviction and punishment.

[Ascertainment of amount of forfeiture when seamen contract for the voyage.]

CCXI. Whenever any seaman contracts for wages by the voyage, or by the run, or by the share, and not by the month or other stated period of time the amount of forfeiture to be incurred under this Act shall be taken to be an amount bearing the same proportion to the whole wages or share as the period hereinbefore mentioned in fixing the amount of such forfeiture (as the case may be) bears to the whole time spent in the voyage. If the whole time spent in the voyage does not exceed the period for which the pay is to be forfeited, the forfeiture shall extend to the whole wages or share.

[Application of forfeitures.]

CCXII. All clothes, effects, wages and emoluments which under the provisions hereinbefore contained are forfeited for desertion, shall be applied in the first instance in or towards the reimbursement of the expenses occasioned by such desertion to the master or owner of the ship from which the desertion has taken place, and may, if earned subsequently to the desertion, be recovered by such master, or by the owner or his agent, in the same manner as the deserter might have recovered the same if they had not been

রূপে লেখা হইয়াছে। যদি এই সকল কথা দেখাইতে পারেন, তবে এই আইনের লিখিত বিধানমতে তাহার বেতন কি উপরি টাকা দণ্ড হওয়ার উপলক্ষে ঐ কথা তাহার পলায়নের প্রমাণ জ্ঞান হইবে। যদি ঐ নাবিক কি শিক্ষার্থী বিদায় হইবার উপযুক্ত সর্টিফিকট দেখাইতে পারে, কিম্বা তাহার জাহাজ ছাড়িবার উপযুক্ত কারণ ছিল, ইহা যদি প্রকারান্তরে আদালতের হৃদ্বোধমতে দর্শাইতে পারে, তবে তাহার বেতন দণ্ড হইবে না ইতি।

ব্যাখ্যা। জাহাজের যে যাত্রাকালে পলায়ন করা যায়, সেই যাত্রা সম্পূর্ণরূপে সমাপ্ত না হইয়া যদি নাবিক পলায়ন করে, তবে সেই যাত্রার বেতন পাইবে না। অন্য যে যাত্রা পূর্ব্বে সমাপ্ত হইয়াছে তাহার বেতন জব্দ হইবে না।

[কারাবদ্ধ করাইবার ত্রিশ টাকাপর্য্যন্ত খরচ বেতন হইতে কাটিয়া লইবার কথা।]

২১০ ধারা। নাবিকদের বেতন সম্পর্কীয় কোন মোকদ্দমাতে যদি ইহা দর্শান যায় যে জাহাজের যাত্রা কালে কোন নাবিকের কি শিক্ষার্থির কোন দোষ উপযুক্ত কোন আদালতে সপ্রমাণ হইয়াছে, ও তৎপ্রযুক্ত তাহার ন্যায্যমতে কারাবদ্ধ কি অন্য কোন দণ্ড হইয়াছে, তবে যে আদালত ঐ মোকদ্দমার বিচার করেন তিনি ঐ নাবিকের পাওনা বেতনের ত্রিশ টাকাপর্য্যন্ত কাটিয়া লইয়া, ঐ দোষ সপ্রমাণ করাইবার ও দণ্ড করাইবার জন্যে অধ্যক্ষের যুক্তিসিদ্ধ যত খরচ হইয়াছে তাহার পরিশোধ করা যায় এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[নাবিকেরা যাত্রার নিমিত্তে চুক্তি করিলে তাহাদের যে বেতন দণ্ড করিতে হইবে তাহা নিরূপণের কথা।]

২১১ ধারা। যদি কোন নাবিক মাসে২ কিম্বা নিরূপিত অন্য কালে বেতন লইবার নিয়ম না করিয়া, যাওয়া আসার কালের নিমিত্তে, কি এক স্থানহইতে অন্য স্থানে যাইবার কালের নিমিত্তে, কিম্বা অংশের হিসাবে চুক্তি করিয়া থাকে, তবে এই আইনমতে যত বেতন দণ্ড হইবে ইহার হিসাব করিবার নিয়ম এই। বিষয়বিশেষে যত বেতনদণ্ড হইবে তন্নিরূপণার্থে যে কাল পূর্ব্বে ব্যক্ত হইয়াছে তাহা ঐ যাত্রার সমুদয় কালের যে অংশ হয় তদনুসারে হিসাব করিয়া সমুদয় বেতনের কি অংশের এক ভাগের দণ্ড হইবে। ও যত কালের বেতন দণ্ড হইবে তাহাহইতে যদি ঐ যাওয়া আসার সমুদয় কাল অধিক না হয়, তবে সমুদয় বেতন কি অংশ দণ্ড হইবে ইতি।

[দণ্ডিত দ্রব্য লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।]

২১২ ধারা। পূর্ব্ব বিধানমতে পলায়ন করাপ্রযুক্ত যে সকল বস্ত্র ও দ্রব্যসামগ্রী ও বেতন ও উপরি টাকা দণ্ড হয় যে জাহাজহইতে পলায়ন হইয়াছে, ঐ পলায়ন প্রযুক্ত সেই জাহাজের অধ্যক্ষের কি স্বামির যে অর্থ ব্যয় হইল ঐ টাকাতে প্রথমে তাহার পরিশোধ হইবে, কি তাহা পরিশোধের নিমিত্তে দেওয়া যাইবে। পলায়ন করিবার পরে যদি তাহার সেই বেতনপ্রভৃতি প্রাপ্য হয়, তবে দণ্ড না হইলে ঐ পলাতক যে প্রকারে তাহা আদায় করিতে পারিত, সেই প্রকারে ঐ অধ্যক্ষ কি স্বামী কিম্বা তাঁহার এজেন্ট তাহা আদায় করিতে পারিবেন। ও সেই বেতনসম্পর্কীয় কোন মোকদ্দমা

forfeited; and in any legal proceeding relating to such wages, the Court may order the same to be paid accordingly; and subject to such re-imbursement, the same shall be paid into the public treasury and carried to the account of Government. In all other cases of forfeiture of wages under the provisions hereinbefore contained, the forfeiture shall, in the absence of any specific directions to the contrary, be for the benefit of the master or owner by whom the wages are payable.

[Questions of forfeiture may be decided in suits for wages.]

CCXIII. Any question concerning the forfeiture or deductions from the wages of any seaman or apprentice, may be determined in any proceeding lawfully instituted with respect to such wages, notwithstanding that the offence in respect of which such question arises, though hereby made punishable by imprisonment as well as forfeiture, has not been made the subject of any criminal proceeding.

[Penalty for false statement as to last ship or name.]

CCXIV. If any seaman, on or before being engaged, wilfully and fraudulently makes a false statement of the name of his last ship or last alleged ship, or wilfully and fraudulently makes a false statement of his own name, he shall incur a penalty not exceeding fifty rupees. Such penalty may be deducted from any wages he may earn by virtue of such engagement as aforesaid, and shall, subject to re-imbursement of the loss and expenses (if any) occasioned by any previous desertion, be paid and applied in the same manner as other penalties payable under this Act.

[Fines to be deducted from wages and paid to Superintendent.]

CCXV. Whenever any seaman commits an act of misconduct for which his agreement imposes a fine, and which it is intended to punish by enforcing such fine, an entry thereof shall be made in the official log-book, and a copy of such entry shall be furnished or the same shall be read over to the offender, and an entry of such reading over, and of the reply (if any) made by the offender, shall be made in the manner and subject to the conditions hereinbefore specified with respect to the offences against discipline specified in and punishable under this Act. Such fine shall be deducted and paid over as follows; (that is to say), if the offender is discharged at any port or place in British India, and the offence and other entries in respect thereof as aforesaid are proved, in the case of a foreign-going ship to the satisfaction of

হইলে, আদালত তদনুসারে সেই বেতনপ্রভৃতি দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেইরূপে পরিশোধের অপেক্ষায়, ঐ টাকা রাজকীয় ট্রেজুরীতে দাখিল করা যাইবে ও গবর্ণমেন্টের নামে জমা হইবে। পূর্ব্বলিখিত বিধানমতে অন্য কোন প্রকারে যে বেতন দণ্ড হয় বিশেষ আজ্ঞা না থাকিলে, যে অধ্যক্ষের কি স্বামির ঐ বেতন দিতে হইত তাঁহারই প্রাপ্তি হইবে ইতি।

[বেতন পাইবার মোকদ্দমাতে দণ্ডের কথা নিষ্পত্তি হইবার কথা।]

২১৩ ধারা। কোন নাবিকের কি শিক্ষার্থির বেতন দণ্ড করিবার কি কাটিবার বিষয়ে বিবাদ হইলে, ঐ বিবাদ যে অপরাধের উপলক্ষে উত্থিত হয়, তজ্জন্যে এই আইনে সম্পত্তিদণ্ড সহিত কারাদণ্ড নিরূপণ হইলেও সেই অপরাধ হেতুক ফৌজদারী মোকদ্দমা না হইলেও বেতনের নিমিত্তে আইনমত উপস্থিত কোন মোকদ্দমাতে ঐ বিবাদের নিষ্পত্তি হইতে পারিবে ইতি।

[জাহাজের কি নামের কোন মিথ্যা কথা কহিবার দণ্ডের কথা।]

২১৪ ধারা। কোন নাবিক নিয়মক্রমে ভর্ত্তি হইবার সময়ে কি তৎপূর্ব্বে শেষে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল কি তাহার কথামতে যে জাহাজে কর্ম্ম করিয়াছিল যদি ঐ জাহাজের কোন মিথ্যা নাম কিম্বা ইচ্ছাপূর্ব্বক ও প্রতারণা করিয়া আপনার কোন মিথ্যা নাম জানায়, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। ও উক্তমতে ভর্ত্তি হওয়াতে তাহার পরিশ্রমজন্যে যে বেতন পাওনা হয়, তাহাহইতে ঐ দণ্ডের টাকা বাদ দেওয়া যাইতে পারিবে। যদি কোন জাহাজহইতে পূর্ব্বে পলায়ন করিয়া থাকে, তবে তাহাতে যে ক্ষতি ও ব্যয় হয় তাহা পরিশোধ করিয়া এই আইনমতের অন্য দণ্ডের টাকা লইয়া যেরূপে করিতে হয়, ঐ দণ্ডেরও টাকা লইয়া সেইরূপ করিতে হইবে ইতি।

[অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবার কথা।]

২১৫ ধারা। কোন নাবিক দোষ করিলে যদি নিয়মপত্রমতে তাহার সেই দোষ হেতুক অর্থদণ্ড দিতে হয়, ও সেই দণ্ডের টাকা আদায় করিবার অভিপ্রায় থাকে, তবে সেই কথা রাজকীয় টপনামায় লিখিতে হইবে। ও সেই টপনামার লিখিত কথার প্রতিলিপি ঐ অপরাধিকে দেওয়া যাইবে, কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবে। এই আইনের নির্দ্দিষ্ট ও এই আইনমতে দণ্ডনীয় সুশাসনলঙ্ঘন অপরাধ বিষয়ে যে নিয়ম হইয়াছে সেই নিয়মাধীনে ও তদনুসারে অপরাধির নিকট ঐ অপরাধের লিখিত কথা পাঠ করা গেল এই কথা ও সে উত্তর করিলে ঐ উত্তর লিখিতে হইবে। সেই অর্থদণ্ডের টাকা বেতনহইতে বাদ দিয়া এইং প্রকারে প্রয়োগ হইবে, অর্থাৎ যদি অপরাধী ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে বিদায় হয়, ও ভিন্নদেশগামনীয় জাহাজ হইলে যে মরকাণ্টাইল মারিন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে অপরাধিকে বিদায় করা যায় যদি তাঁহার হুবোধমতে, ও দেশীয় নাবিকের

the Superintendent of a Mercantile Marine Office before whom the offender is discharged, and in the case of a home-trade ship to the satisfaction of the Superintendent of the Mercantile Marine Office at or nearest to the place at which the crew is discharged, the master or owner shall deduct such fine from the wages of the offender and pay the same over to such Superintendent. If before the final discharge of the crew in British India, any such offender as aforesaid enters into any of Her Majesty's ships or is discharged at any place not in British India, and the offence and such entries as aforesaid are proved to the satisfaction of the officer in command of the ship into which he so enters, or of the Consular Officer, officer of Customs or other person by whose sanction he is so discharged, the fine shall thereupon be deducted as aforesaid, and an entry of such deduction shall then be made in the official log-book (if any) and signed by such officer or other person. On the return of the ship to British India, the master or owner shall pay over such fine, in the case of foreign-going ships to the Superintendent before whom the crew is discharged, and in the case of home-trade ships to the Superintendent at or nearest to the place at which the crew is discharged. If any master or owner neglects or refuses to pay over any such fine in manner aforesaid, he shall for each such offence incur a penalty not exceeding six times the amount of the fine retained by him: Provided that no act of misconduct for which any such fine as aforesaid has been inflicted and paid shall be otherwise punished under the provisions of this Act.

জাহাজ হইলে নাবিকদিগকে যে স্থানে বিদায় করা যায় যদি সেই কি তন্নিকট স্থানের মরকান্টাইল মারিন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের হৃদ্বোধমতে ঐ অপরাধের ও পূর্ব্বোক্তমতে তৎসংক্রান্ত লিখিত কথার প্রমাণ করা যায়, তবে অধ্যক্ষ কি স্বামী ঐ অপরাধির বেতনহইতে ঐ অর্থদণ্ডের টাকা কাটিয়া লইয়া সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন। ব্রিটনীয ভারতবর্ষের মধ্যে নাবিকদিগকে চূড়ান্তরূপে বিদায় করা যাইবার পূর্ব্বে, যদি উক্ত কোন অপরাধী শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজে ভর্ত্তি হয়, কিম্বা যদি তাহাকে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত কোন স্থানে বিদায় করা যায়, ও উক্ত প্রকারে যে জাহাজে ভর্ত্তি হয়, যদি সেই জাহাজের অধ্যক্ষের হৃদ্বোধমতে কিম্বা কনসল সাহেবের কি কষ্টমের কার্য্যকারক সাহেবের কিম্বা অন্য যে সাহেবের অনুমতিক্রমে তাহাকে বিদায় করা যায় তাঁহার হৃদ্বোধমতে, তাহার অপরাধের ও তৎসংক্রান্ত পূর্ব্বোক্তমত লিখিত কথার প্রমাণ করা যায়, তবে ঐ অর্থদণ্ডের টাকা পূর্ব্বোক্তমতে কাটিয়া লওয়া যাইবে, ও রাজকীয় টপনামা থাকিলে, ঐ বেতন কাটিয়া লইবার কথা ঐ টপনামায় লিখিতে হইবে, ও তাহাতে ঐ অধ্যক্ষের কি ঐ অন্য ব্যক্তির স্বাক্ষর করিতে হইবে। যখন সেই জাহাজ ব্রিটনীয ভারতবর্ষে ফিরিয়া আইসে তখন ভিন্নদেশগমনীয় জাহাজ হইলে যে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে নাবিকদিগকে বিদায় করা যায় অধ্যক্ষ কি স্বামী সেই অর্থদণ্ডের টাকা, তাঁহাকে দিবেন, কিম্বা দেশীয় বাণিজ্যের জাহাজ হইলে নাবিকদিগকে যে স্থানে বিদায় করা গেল সেই কি তন্নিকট স্থানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন। যদি কোন অধ্যক্ষ কি স্বামী অর্থদণ্ডের টাকা পূর্ব্বোক্তমতে না দেন, কি দিতে স্বীকার না করেন, তবে যত টাকা আটক রাখিয়াছেন সেই প্রত্যেক অপরাধ হেতুক তাহার ছয় গুণ অর্থদণ্ড হইতে পারিবে। পরন্তু যে দোষের নিমিত্তে পূর্ব্বোক্ত প্রকারের অর্থদণ্ডের আজ্ঞা হইয়া আদায় হয় সেই দোষের জন্যে এই আইনের বিধানমতে অন্য দণ্ড হইবে না ইতি।

[Penalty for enticing to desert and harbouring deserters.]

CCXVI. Every person who by any means whatever persuades or attempts to persuade any seaman or apprentice to neglect or refuse to join or proceed to sea in or to desert from his ship, or otherwise to absent himself from his duty, shall for each such offence, in respect of each such seaman or apprentice, incur a penalty not exceeding one hundred rupees. Every person who wilfully harbours or secretes any seaman or apprentice who has deserted from his ship, or who has wilfully neglected or refused to join or has deserted from his ship, knowing or having reason to believe such seaman or apprentice to have so done, shall for every such seaman or apprentice so harboured or secreted incur a penalty not exceeding one hundred rupees.

[পলায়ন করিতে ফুসলাইয়া লইবার ও পলাতকদিগকে আশ্রয় দিবার দণ্ডের কথা।]

২১৬ ধারা। যদি কোন ব্যক্তি কোন নাবিককে কি শিক্ষার্থিকে আপন জাহাজে না যাইতে, কিম্বা জাহাজে যাইতে কি সমুদ্রে যাইতে স্বীকার না করিতে, কিম্বা জাহাজহইতে পলায়ন করিতে, কিম্বা অন্য প্রকারে আপন কর্ত্তব্য কর্ম্মেতে অনুপস্থিত থাকিতে কোন প্রকারে ফুসলায় কি ফুসলাইতে চেষ্টা করে, তবে যত নাবিককে কি শিক্ষার্থিকে ঐ দোষ করায় তাহাদের জন প্রতি তাহার এক২ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। যদি কোন নাবিক কি শিক্ষার্থী আপন জাহাজ ছাড়িয়া পলায়, কিম্বা ইচ্ছাপূর্ব্বক আপন জাহাজে না যায়, কি জাহাজে যাইতে স্বীকার না করে, কি জাহাজহইতে পলায়ন করে, তবে যে কোন ব্যক্তি তাহা জানিয়া কিম্বা সেই নাবিক কি শিক্ষার্থী তাহা করিয়াছে ইহা জানিবার কারণ পাইয়া, তাহাকে ইচ্ছাপূর্ব্বক আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে, সে ব্যক্তি সেই প্রকারে যত জন নাবিককে কি শিক্ষার্থিকে আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে তাহাদের জন প্রতি তাহার এক২ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[Penalty for obtaining passage surreptitiouly.]

CCXVII. Any person who secretes himself and goes to sea in any ship without the consent of either the owner, consignee or master, or of a mate or of any person in charge of such ship, or of any other person entitled to give such consent, shall incur a penalty not exceeding two hundred rupees, or be liable to imprisonment, with or without hard labour, for any period not exceeding four weeks.

[On change of masters, documents hereby required to be handed over to successor.]

CCXVIII. If during the progress of a voyage the master of any ship registered at any port or place in British India is superseded, or for any other reason quits the ship and is succeeded in the command by some other person, he shall deliver to his successor the various documents relating to the navigation of the ship and to the crew thereof which are in his custody; and shall in default incur a penalty not exceeding one thousand rupees. Such successor shall, immediately on assuming the command of the ship, enter in the official log a list of the documents so delivered to him.

Chapter X.

Of Official Logs.

[Official logs to be kept in forms sanctioned by Local Government.]

CCXIX. An official log-book of every ship registered at any port or place in British India, except home-trade ships of a burden not exceeding three hundred tons, shall be kept in a form sanctioned by the Local Government; and such official log may, at the discretion of the master or owner, either be kept distinct from the ordinary ship's log or united therewith, so that in all cases all the blanks in the official log be duly filled up.

[Entries to be made in due time.]

CCXX. Every entry in every official log shall be made as soon as possible after the occurrence to which it relates, and if not made on the same day as the occurrence to which it relates shall be made and dated so as to show the date of the occurrence and of the entry respecting it; and in no case shall any entry therein in respect of any occurrence happening previously to the arrival of the ship at her final port of discharge be made more than twenty-four hours after such arrival.

[গুপ্তরূপে কোন জাহাজে উঠিয়া যাইবার দণ্ডের কথা।]

২১৭ ধারা। যদি কোন লোক জাহাজের স্বামির কি কাম্‌সাইনীর কি অধ্যক্ষের কি মালিমের, কিম্বা সেই জাহাজ যাঁহার রক্ষণে থাকে তাঁহার কিম্বা জাহাজে যাইবার অনুমতি দেওনের ক্ষমতাপন্ন লোকের অনুমতি না পাইয়া কোন জাহাজে লুকাইয়া সমুদ্রে চলিয়া যায়, তবে সেই লোকের দুই শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে কিম্বা সে চারি সপ্তাহের অনধিক কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কারাবদ্ধ হইতে পারিবে ইতি।

[অধ্যক্ষের পরিবর্ত্তন হইলে কাগজপত্রাদি নূতন অধ্যক্ষকে দিতে হইবার কথা।]

২১৮ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে জাহাজ রেজিষ্টরী করা যায় তাহার যাত্রা করণ কালের মধ্যে যদি অধ্যক্ষকে অবসর করা যায় কিম্বা যদি তিনি অন্য কোন কারণে জাহাজ ছাড়িয়া যান, ও তাঁহার স্থানে অন্য ব্যক্তিকে অধ্যক্ষের কর্ম্মে নিযুক্ত করা যায়, তবে তাঁহার রক্ষণে জাহাজের গমনের বিষয়ে ও নাবিকদের বিষয়ে যে সকল কাগজপত্র থাকে তাহা তিনি নূতন অধ্যক্ষের হাতে সমর্পণ করিবেন। যদি না করেন, তবে তাঁহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবে। ঐ নূতন অধ্যক্ষ জাহাজের অধ্যক্ষতার কর্ম্ম গ্রহণ করিলেই, তাঁহার হাতে যে সকল কাগজপত্র সমর্পণ করা যায় তাহার এক নির্ঘণ্ট রাজকীয় টপনামায় লিখিবেন ইতি।

১০ অধ্যায়।

রাজকীয় টপনামার বিধি।

[স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে প্রণালীর অনুমতি করেন সেই প্রণালীতে রাজকীয় টপনামা লিখিবার কথা।]

২১৯ ধারা। দেশীয় বাণিজ্যের যে জাহাজে তিন শত টনের অনধিক ধরে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে যে সকল জাহাজ রেজিষ্টরী করা যায় স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে পাঠের অনুমতি করেন সেই পাঠে ঐ জাহাজের রাজকীয় টপনামা রাখিতে হইবে। ও অধ্যক্ষের কিম্বা স্বামির বিবেচনামতে সেই রাজকীয় টপনামা জাহাজের নিয়মিত টপনামা-হইতে পৃথক্‌ রাখা যাইবে কিম্বা তাহার সঙ্গে সংযুক্ত হইবে। কিন্তু ইহাতে সর্ব্বদা প্রয়োজন যে, রাজকীয় টপনামায় যে সকল স্থানে ফাক থাকে, তাহাতে নিয়মিতরূপে লেখা যায় ইতি।

[তাহাতে যে কথা লিখিতে হয় তাহা উপযুক্ত সময়ে লিখিবার কথা।

২২০ ধারা। কোন ব্যাপারের যে কথা রাজকীয় টপনামায় লিখিতে হয় তাহা সেই ব্যাপার ঘটিবার পরে সাধ্যমতে ত্বরা করিয়া লিখিতে হইবে ও যে দিনে সেই ব্যাপার ঘটে সেই দিনে যদি তাহার কথা না লেখা যায়, তবে ঐ কথা এমন ভাবে লিখিতে হইবে ও তাহার এমন তারিখ দিতে হইবে যে ঐ ব্যাপার যে তারিখে ঘটে ও তাহার কথা যে তারিখে লেখা যায় এই দুই প্রকাশ থাকে। আরো শেষ যে বন্দরে গেলে জাহাজের মাল নামান যাইবে সেই বন্দরে পঁহুছিবার আগে যে কোন ব্যাপার ঘটে, তাহার কোন কথা ঐ জাহাজের পঁহুছিবার চব্বিশ ঘণ্টার পর কখন লিখিতে হইবে না ইতি।

[Entries required in official log.]

CCXXI. Every master of a ship for which an official log-book is hereby required, shall make or cause to be made therein entries of the following matters; (that is to say) :-

[Convictions and punishments.]

(1.) Every legal conviction of any member of his crew and the punishment inflicted.

[Offences.]

(2.) Every offence committed by any member of his crew for which it is intended to prosecute, or to enforce a forfeiture, or to exact a fine, together with such statement concerning the reading over such entry, and concerning the reply (if any) made to the charge, as required by Section 203 :

[Punishments.]

(3.) Every offence for which punishment is inflicted on board, and the punishment inflicted :

[Conduct, &c., of crew.]

(4.) A statement of the conduct, character, and qualifications of each of his crew, or a statement that he declines to give an opinion on such particulars :

[Illness and injuries.]

(5.) Every case of illness or injury happening to any member of the crew, with the nature thereof and the medical treatment adopted (if any) :

[Deaths on board.]

(6.) Every case of death happening on board, and of the cause thereof :

[Births on board.]

(7.) Every birth happening on board, with the sex of the infant, and the names of the parents :

[Marriages on board.]

(8.) Every marriage taking place on board, with the names and ages of the parties :

[Quitting ship.]

(9.) The name of every seaman or apprentice who ceases to be a member of the crew, otherwise than by death, with the place, time, manner, and cause thereof :

[Wages of men entering Navy.]

(10.) The amount of wages due to any seaman who enters Her Majesty's service during the voyage :

[Wages of deceased seamen.]

(11.) The wages due to any seaman or apprentice, who dies during the voyage, and the gross amount of all deductions to be made therefrom :

[রাজকীয় টপ্‌নামার যেং কথা লিখিতে হইবে তাহার কথা।

২২১ ধারা। এই আইনদ্বারা যে জাহাজের রাজকীয় টপ্‌নামা রাখিবার আজ্ঞা হইয়াছে সেই জাহাজের অধ্যক্ষ তাহাতে এইং বিষয়ের কথা লিখিবেন কি লেখাইবেন। অর্থাৎ,

[দোষ প্রমাণ হওনের এবং দণ্ডের কথা।]

(১) জাহাজীয় লোকদের মধ্যে কোন ব্যক্তি আইনমতে অপরাধী প্রমাণ হইলে তাহার, ও যে দণ্ড করা গেল তাহার কথা।

[অপরাধের কথা।]

(২) নাবিকদের মধ্যে কোন লোক কোন অপরাধ করিলে, যদি সেই অপরাধের অভিযোগ হইবার, কিম্বা সম্পত্তি দণ্ড সাধন করিবার, কি অর্থদণ্ড আদায় করিবার মনস্থ থাকে, তবে এই আইনের ২০৩ ধারামতে সেই অপরাধ লিখিতে হইবে, ও সেই অপরাধের লিখিত কথা ঐ ব্যক্তির নিকটে পাঠ করা গেল এই কথা ও সেই ব্যক্তি অভিযোগের কিছু উত্তর করিলে ঐ উত্তর লিখিতে হইবে।

[দণ্ডের কথা।]

(৩) যেং অপরাধ করিলে জাহাজে দণ্ড করা যায় ও যে দণ্ড করা গেল তাহার কথা।

[নাবিকেরদের আচার প্রভৃতির কথা।]

(৪) নাবিকেরদের মধ্যে একং জনের আচার ও রীতিচরিত্রের ও গুণাদির কথা, কিম্বা অধ্যক্ষ সেইং বিষয়ে স্বীয় মত জানাইতে চাহেন না এই কথা।

[পীড়া ও আঘাতের কথা।]

(৫) নাবিকদের মধ্যে কোন কাহার কিছু পীড়া কি আঘাত হইলে তাহা, ও যে প্রকারের পীড়া প্রভৃতি হয়, ও চিকিৎসা হইলে যে প্রকারের চিকিৎসা হইয়াছে তাহার কথা।

[জাহাজে মৃত্যুর কথা।]

(৬) জাহাজে কেহ মরিলে তাহার কথা ও মরণের কারণ।

[জাহাজে জন্মের কথা।]

(৭) জাহাজে শিশু অর্থাৎ বালক কি বালিকা জন্মিলে তাহার কথা ও পিতামাতার নাম।

[জাহাজে বিবাহের কথা।]

(৮) জাহাজে কাহার বিবাহ হইলে তাহার কথা ও পুরুষের ও স্ত্রীর নাম ও বয়স।

[জাহাজ ছাড়িয়া যাইবার কথা।]

(৯) যে কোন নাবিক কি শিক্ষার্থী মরণ ভিন্ন প্রকারান্তরে জাহাজীয় লোক বহির্ভূত হয় তাহার নাম ও যেং স্থানে ও সময়ে ও প্রকারে ও কারণে নাবিকদের মধ্যে গণ্য নয় তাহার কথা।

[যুদ্ধজাহাজে যাহারা ভর্ত্তি হয় তাহারদের বেতনের কথা।]

(১০) জাহাজের যাত্রা কালে যে কোন নাবিক শ্রীশ্রীমতী মহারাণীর অধীন জাহাজের কর্ম্মে ভর্ত্তি হয় তাহারদের যত বেতন পাওনা থাকে তাহার কথা।

[মৃত নাবিকেরদের বেতনের কথা।]

(১১) জাহাজের যাত্রাকালে যে কোন নাবিক কি শিক্ষার্থী মরে তাহার যত বেতন পাওনা থাকে ও তাহাহইতে যত টাকা বাদ দিতে হইবে তাহার মোট।

[Sale of deceased men's effects.]

(12.) The sale of the effects of any seaman or apprentice who dies during the voyage, including a statement of each article sold and of the sum received for it:

[Collisions.]

(13.) Every collision with any other ship, and the circumstances under which the same occurred.

[Entries how to be signed.]

CCXXII. The entries hereby required to be made in official log-books shall be signed as follows; (that is to say),—every such entry shall be signed by the master and by the mate or some other of the crew, and every entry of illness, injury, death or birth shall be also signed by the surgeon or medical practitioner on board (if any); and every entry of wages due to, or of the sale of the effects of, any seaman or apprentice who dies, shall be signed by the master and by the mate and some other member of the crew; and every entry of wages due to any seaman who enters Her Majesty's service shall be signed by the master and by the seaman, or by the officer authorized to receive the seaman into such service.

[Penalties in respect of official logs.]

CCXXIII. The following offences in respect of official log-books shall be punishable as hereinafter mentioned: (that is to say):

(1.) If in any case an official log-book is not kept in the manner hereby required, or if any entry hereby directed to be made in any such log-book is not made at the time and in the manner hereby directed, the master shall, for each such offence, incur the specific penalty herein mentioned in respect thereof, or where there is no such specific penalty, a penalty not exceeding fifty rupees:

(2.) Every person who makes or procures to be made, or assists in making, any entry in an official log-book, in respect of any occurrence happening previously to the arrival of the ship at her final port of discharge in British India, more than twenty-four hours after such arrival, shall, for each such offence, incur a penalty not exceeding three hundred rupees.

(3). Every person who wilfully destroys or mutilates or renders illegible any entry in any official log-book, or who wilfully makes or procures to be made, or assists in making, any false or fraudulent entry or omission in any such log-book, shall, for each such offence, be liable to imprisonment, with or without hard labour, for a term not exceeding one year.

[মৃত নাবিকেরদের দ্রব্যসামগ্রী বিক্রয়ের কথা।]

(১২) জাহাজের যাত্রাকালে যে কোন নাবিক কি শিক্ষার্থী মরে তাহার দ্রব্যসামগ্রী বিক্রয় হইবার কথা ও যে২ দ্রব্য বিক্রয় হইল ও প্রত্যেক দ্রব্যের যে মূল্য পাওয়া গেল তাহার কথা।

[অন্য জাহাজে ধাক্কা লাগিবার কথা।]

(১৩) অন্য কোন জাহাজে ধাক্কা লাগিলে তাহার কথা ও যে প্রকারে হইয়াছিল তাহার বর্ণনা ইতি।

[ঐ সকল কথাতে যে প্রকারে স্বাক্ষর করিতে হইবে তাহার কথা।]

২২২ ধারা। এই আইনেতে রাজকীয় টপনামায় যে২ কথা লিখিবার আজ্ঞা হইয়াছে, সেই২ কথায় এই প্রকারে স্বাক্ষর করিতে হইবে, অর্থাৎ, সেই প্রকারের লেখা প্রত্যেক কথাতে অধ্যক্ষ ও মালিম কিম্বা নাবিকেরদের কোন ব্যক্তি স্বাক্ষর করিবেন। পীড়ার কি আঘাতের কি মৃত্যুর কি জন্মের যে২ কথা লেখা যায় জাহাজে কোন ডাক্তর কি চিকিৎসক সাহেব থাকিলে পূর্ব্বোক্ত ব্যক্তি ভিন্ন তিনিও তাহাতে স্বাক্ষর করিবেন। কোন নাবিক কি শিক্ষার্থী মরিলে তাহার পাওনা বেতনের কিম্বা তাহার দ্রব্যসামগ্রী বিক্রয় হইবার যে২ কথা লেখা যায় তাহাতে অধ্যক্ষ ও মালিম ও নাবিকেরদের মধ্যে কোন এক জন স্বাক্ষর করিবেন। ও কোন নাবিক শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজে ভর্ত্তি হইলে, তাহার পাওনা বেতনের কথায় অধ্যক্ষ ও সেই নাবিক স্বাক্ষর করিবেন, কিম্বা যে সাহেব ঐ নাবিককে কর্ম্মে ভর্ত্তি করিতে ক্ষমতা পান তিনি স্বাক্ষর করিবেন ইতি।

[রাজকীয় টপনামা সম্পর্কীয় দণ্ডের কথা।]

২২৩ ধারা। রাজকীয় টপনামা সম্পর্কীয় যে২ অপরাধ নিম্নে লেখা যাইতেছে তাহার এই২ দণ্ড হইবে। বিশেষতঃ—

(১) এই আইনে রাজকীয় টপনামা যে প্রকারে রাখিবার আজ্ঞা হইয়াছে সেই প্রকারে যদি না রাখা যায়, কিম্বা তদ্রূপ টপনামায় যে কোন কথা লিখিবার আজ্ঞা হইয়াছে সেও কথা যদি এই আইনের আজ্ঞাপিত সময়ে ও প্রকারে না লেখা যায়, তবে এই আইনে সেই অপরাধের যে বিশেষ দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে ঐ অধ্যক্ষের তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে সেই দণ্ড হইবে, অথবা যদি তদ্রূপ কোন দণ্ড নির্দ্দিষ্ট না থাকে, তবে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইবে।

(২) ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে বন্দরে জাহাজের মাল শেষ নামান যাইবে সেই বন্দরে পঁহুছিবার আগে যে ব্যাপার ঘটে যদি কোন ব্যক্তি ঐ জাহাজ পঁহুছিবার চব্বিশ ঘন্টা গত হইলে পর রাজকীয় টপনামায় ঐ ব্যাপার লেখে কি লেখায় কি লিখিতে সাহায্য করে, তবে সেই জনের তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তিন শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবে।

(৩) যে কেহ ইচ্ছাপূর্ব্বক রাজকীয় টপনামার লিখিত কোন কথা নষ্ট কি পরিবর্ত্তন করে কি অপাঠ্য করে, কিম্বা যে কেহ সেই প্রকারের কোন টপনামায় ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা কথা কি প্রতারণার কোন কথা লেখে কি লেখায় কি লিখিতে সাহায্য করে, কিম্বা কোন কথা ছাড়ে কি ছাড়ায় কি ছাড়িতে সাহায্য করে, সেই লোক তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে কঠিন পরিশ্রমসহিত কি তদ্ভিন্ন এক বৎসর পর্য্যন্ত কারাবদ্ধ হইতে পারিবে ইতি।

[Entries in official logs to be received in evidence.]

CCXXIV. All entries made in any official log-book as hereinbefore directed shall be received in evidence in any proceeding in any Court of Justice, subject to all just exceptions.

[Official logs to be delivered to Superintendent on ship's arrival at port of destination in India.]

CCXXV. The master of every foreign-going ship shall, within forty-eight hours after the ship's arrival at her final port of destination in British India, or upon the discharge of the crew, whichever first happens, deliver to the Superintendent of a Mercantile Marine Office before whom the crew is discharged, the official log-book of the voyage; and the master or owner of every home-trade ship of a burden exceeding three hundred tons shall, within twenty-one days after the thirtieth day of June and the 31st day of December in every year, transmit or deliver to some Superintendent of a Mercantile Marine Office in British India the official log-book for the preceeding half year; and every master or owner who refuses or neglects to deliver his official log-book as hereby required, shall be subject to a penalty not exceeding two hundred rupees.

[Official logs to be transmitted to Superintendent in case of transfer of ship and in case of loss.]

CCXXVI. If any ship ceases by reason of transfer of ownership or change of employment to fall within the operation of Section 219, the master or owner thereof shall, if such ship is then in any port in British India within one month, and if she is elsewhere within six months, deliver or transmit to the Superintendent of the Mercantile Marine Office at the port to which the ship belonged, the official log-book duly made out to the time at which she ceased to be within such operation and in defualt shall, for each offence, incur a penalty not exceeding one hundred rupees; and if any ship is lost or abandoned, the master or owner thereof shall, if practicable, and as soon as possible, deliver or transmit to the Superintendent of the Mercantile Marine Office at the port to which the ship belonged, the official log-book (if any) duly made out to the time of such loss or abandonment, and in defualt shall, for each offence, incur a penalty not exceeding one hundred rupees.

[টপনামার লিখিত কথা প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবার কথা।]

২২৪ ধারা। কোন রাজকীয় টপনামায় এই আইনের আজ্ঞামতে যে সকল কথা লেখা যায়, ন্যায্যমতে বর্জ্জনীয় কথাভিন্ন ঐ সকল কথা কোন আদালতে মোকদ্দমাঘটিত কোন কার্য্যে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

[জাহাজ ভারতবর্ষের লক্ষিত বন্দরে পঁহুছিলে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে রাজকীয় টপনামা দিবার কথা।]

২২৫ ধারা। ভিন্নদেশগামি কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত লক্ষিত শেষ বন্দরে পঁহুছিবার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে, কিম্বা নাবিকদিগকে বিদায় করিবার সময়ে, ইহার মধ্যে যেটি প্রথমে হয় তৎকালে, যে মরকাণ্টাইল মারিন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে নাবিকদিগকে বিদায় করা যায় ঐ জাহাজের অধ্যক্ষ তাঁহাকে জাহাজের যাত্রাকালীন রাজকীয় টপনামা দিবেন। ও দেশীয় যে বাণিজ্য জাহাজে তিন শত টনের অধিক ধরে তাহার অধ্যক্ষ কি স্বামী, প্রতিবৎসর জুন মাসের ৩০ তারিখের পর ও ডিসেম্বর মাসের ৩১ তারিখের পর একুস দিনের মধ্যে, ব্রিটনীয় ভারতবর্ষের কোন মরকাণ্টাইল মারিন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ঐ২ তারিখের পূর্ব্বের ছয় মাসের রাজকীয় টপনামা পাঠাইবেন কি তাঁহাকে দিবেন। ও যে কোন অধ্যক্ষ কি স্বামী এই ধারার আজ্ঞামতে আপনার রাজকীয় টপনামা দিতে স্বীকার না করেন কি ত্রুটি করেন, তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[জাহাজ হস্তান্তর হইলে কি মারা পড়িলে রাজকীয় টপনামা সুপরিন্টেণ্ডেণ্টের নিকটে পাঠাইবার কথা।]

২২৬ ধারা। কোন জাহাজের স্বামিত্ব পরিবর্ত্তন হওয়াতে, কিম্বা জাহাজ যে কর্ম্মের নিমিত্তে ছিল সেই কর্ম্ম পরিবর্ত্তন হওয়াতে, যদি সেই জাহাজের প্রতি এই আইনের ২১৯ ধারার কথা আর না বর্ত্তে, তবে ঐ জাহাজের পক্ষে ঐ ধারার কর্তৃত্ব যে সময়ে রহিত হয় সেই সময় পর্য্যন্ত ঐ জাহাজের অধ্যক্ষ কি স্বামী রাজকীয় টপনামার সকল কথা নিয়মিতরূপে লেখাইয়া জাহাজ তৎকালে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে থাকিলে এক মাসের মধ্যে, কিম্বা অন্য স্থানে থাকিলে জাহাজ যে বন্দরের হয় তথাকার মরকাণ্টাইল মারিন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে ছয় মাসের মধ্যে ঐ টপনামা দিবেন। না দিলে যতবার সেই অপরাধ করেন ততবার তাঁহার একশত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। যদি কোন জাহাজ মারা পড়ে কি পরিত্যাগ করা যায়, তবে রাজকীয় টপনামা থাকিলে ঐ জাহাজ যে কালে মারা পড়িল কি পরিত্যাগ করা গেল ঐ জাহাজের অধ্যক্ষ কি স্বামী সেই কালপর্য্যন্ত ঐ টপনামার সকল কথা নিয়মিতরূপে লেখাইয়া, যে বন্দরের জাহাজ সেই বন্দরের মরকাণ্টাইল মারিন আফিসের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে দিতে পারিলে দিবেন কিম্বা পাঠাইতে পারিলে সাধ্যমতে ত্বরায় পাঠাইবেন। তাহা না করিলে যতবার সেই অপরাধ করেন ততবার তাঁহার এক শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

CHAPTER XI.

Hoisting Singnals.

[Master on arriving within signal distance of signal station to hoist the number of his vessel.]

CCXXVII. The master of every inward or outward bound vessel, on arriving within signal distance of any signal station established within the limits of any channel which may be made subject to the provisions of Act XXII of 1855 (*for the regulation of Ports and Port-dues*), shall, on the requisition of the pilot who may be in charge of the vessel, signify the name of the vessel by hoisting the number by which she is known, or by adopting such other means to this end as may be practicable and usual, and shall keep the signal flying until it be answered from the signal station.

[Penalty for not hoisting signal.]

CCXXVIII. Any master of a vessel arriving as aforesaid, who shall refuse or neglect to conform to the above rule, shall be liable on conviction, for each instance of refusal or neglect, to a fine not exceeding one thousand rupees.

[Pilot to require the master to hoist signal. And if master refuses to do so, pilot may bring the vessel to anchor.]

CCXXIX. Every pilot in charge of a vessel shall require the number of the vessel of which he is in charge to be duly signalled as provided under Section 227. When, on a requisition from the pilot to that effect, the master of a vessel not employed in the service of Government shall refuse to hoist the number of a vessel, or to adopt such other means of making her name known as may be practicable and usual, the pilot in charge of such vessel may, on arrival at the first place of safe anchorage, anchor the vessel in question and refuse to proceed on his course until the requisition shall have been complied with.

[Punishment of pilot disobeying or conniving at disobedience to the provisions of this chapter.]

CCXXX. Any pilot in charge of a vessel, who may be proved guilty of neglect to obey or of connivance with the master of such vessel in disobeying the provisions of this chapter, shall be liable to a penalty not exceeding five hundred rupees for each instance of neglect or connivance, and in addition shall be liable to dismissal from his appointment.

১১ অধ্যায়।

নিশান তুলিবার বিধি।

[নিশান প্রকাশের স্থানহইতে নিশান দৃষ্ট হইবার উপযুক্ত স্থানে কোন জাহাজ পঁহুছিলে অধ্যক্ষের আপন জাহাজের নম্বর দেখাইবার কথা।]

২২৭ ধারা। নৌকাদি গমনের যে কোন পথে ১৮৫৫ সালের ২২ আইন (অর্থাৎ বন্দর ও বন্দরের মাসুলের বিধান করিবার আইন) প্রচলিত হইয়া থাকিবে, সেই পথের ধারে যে কোন স্থান নিশান দেখাইবার স্থান বলিয়া নির্দ্ধারিত হয়, সেই স্থানহইতে নিশান দৃষ্ট হইবার উপযুক্ত স্থানে বন্দরগামি কি সমুদ্রগামি কোন জাহাজ যখন পঁহুছে তখন ঐ জাহাজ যে আড়কাটি সাহেবের জিম্মায় থাকে তিনি আজ্ঞা করিলে ঐ জাহাজের অধ্যক্ষ জাহাজ যে নম্বরক্রমে জানা যায় সেই নম্বর উঠাইয়া কিম্বা অন্য যে প্রকারে হইতে পারে ও রীতিমতে হইয়া থাকে সেই প্রকারে ঐ জাহাজের নাম জ্ঞাত করাইবেন। ও যত কাল সেই নিশানার উত্তর ঐ নিশান দেখাইবার স্থানহইতে না পাওয়া যায় তত কালপর্য্যন্ত সেই নিশান উড্ডীয়মান রাখিবেন ইতি।

[নিশান না তুলিবার দণ্ডের কথা।]

২২৮ ধারা। পূর্ব্বোক্তমত আগমনশীল কোন জাহাজের অধ্যক্ষ যদি পূর্ব্বোক্ত বিধিমতে কর্ম্ম করিতে স্বীকার না করেন, কি শৈথিল্য করেন, তবে যতবার স্বীকার না করেন কি শৈথিল্য করেন ততবার দোষ নির্ণয় হইলে তাঁহার এক হাজার টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

[অধ্যক্ষকে নিশান তুলিতে আড়কাটী সাহেবের আজ্ঞা করিবার কথা। ও না তুলিলে আড়কাটী সাহেবের জাহাজ লঙ্গর করাইতে পারিবার কথা।]

২২৯ ধারা। জাহাজ যে আড়কাটী সাহেবের জিম্মায় থাকে তিনি ২২৭ ধারার বিধানমতে ঐ জাহাজের নম্বর বোধক নিশান উপযুক্তমতে তুলিয়া দেখাইবার আজ্ঞা করিবেন। যে জাহাজ গবর্ণমেণ্টের কোন কর্ম্মে নিযুক্ত না থাকে তাহার অধ্যক্ষ আড়কাটী সাহেবের স্থানে আদেশ পাইলেও যদি নম্বর দেখাইতে কিম্বা অন্য যে প্রকারে হইতে পারে কি রীতিমতে হইয়া থাকে সেই প্রকারে জাহাজের নাম জানাইতে স্বীকার না করেন, তবে জাহাজ যে আড়কাটী সাহেবের জিম্মায় থাকে তিনি জাহাজের লঙ্গর করাইবার উপযুক্ত যে প্রথম স্থানে পঁহুছেন সেই স্থানে উক্ত জাহাজ লঙ্গর করাইতে পারিবেন, ও যতকাল তাঁহার আদেশমতে কর্ম্ম না হয় ততকাল জাহাজ চালাইতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[আড়কাটী সাহেব এই অধ্যায়ের বিধান লঙ্ঘন করিলে কিম্বা লঙ্ঘন দোষ উপেক্ষা করিলে তাঁহার দণ্ডের কথা।]

২৩০ ধারা। যে আড়কাটী সাহেবের জিম্মায় জাহাজ থাকে তিনি এই অধ্যায়ের বিধান মান্য করিতে শৈথিল্য করিয়াছেন কিম্বা ঐ জাহাজের অধ্যক্ষ ঐ বিধান অমান্য করিলে তাহা উপেক্ষা করিয়াছেন ইহার প্রমাণ হইলে, তিনি যতবার তদ্রূপ শৈথিল্য কি উপেক্ষা করেন, ততবার পাঁচ শত টাকার অনধিক দণ্ডের যোগ্য হইবেন, তদ্ভিন্ন তিনি অপদস্থ হইবার যোগ্য হইবেন ইতি।

PART IV.

SAFETY AND PREVENTION OF ACCIDENTS.

CHAPTER I.

Boats for Sea-going Steam-vessels.

[Rules as to boats and life-buoys.]

CCXXXI. The following rules shall be observed with respect to boats and life-buoys; (that is to say):—

(1). No steam-vessel (except steam-vessels used solely as steam-tugs) shall proceed to sea from any place in British India, unless she is provided, according to her tonnage, with boats duly supplied with all requisites for use, and not being fewer in number nor less in their cubic contents than the boats the number and cubic contents of which are specified in the third Schedule hereto annexed for the class to which such ship belongs:

(2). No steam-vessel carrying more than ten passengers shall proceed to sea from any place in British India, unless, in addition to the boats hereinbefore required, she is also provided with a life-boat furnished with all requisites for use, or unless one of her boats hereinbefore required is rendered buoyant after the manner of a life-boat:

(3). No such steam-vessel as last aforesaid shall proceed to sea unless she is also provided with two life-buoys. And such boats and life-buoys shall be kept so as to be at all times fit and ready for use: Provided, that the enactments with respect to boats and life-buoys herein contained shall not apply in any case in which a certificate has been duly obtained under the tenth Section of the "Passengers' Act, 1852."

[Penalties on masters and owners, &c., neglecting to provide boats and life-buoys.]

CCXXXII. In any of the following cases; (that is to say):—

(1). If any steam-vessel hereinbefore required to be provided with boats or life-buoys proceeds to sea without being so provided therewith, or if any of such boats or life-buoys are lost or rendered unfit for service in the course of the voyage through the wilful fault or negligence of the owner or master: or

(2). If, in case of any of such boats or life-buoys being accidentally lost or injured in the course of the voyage, the master wilfully neglects to replace or repair the same on the first opportunity: or

(3). If such boats and life-buoys are not kept so as to be at all times fit and ready for use:

Then, if the owner appears to be in fault, he shall incur a penalty not exceeding one thousand

৪ খণ্ড।

নিরাপদের ও বিপত্তি নিবারণের বিধি।

১ অধ্যায়।

সমুদ্রযাত্রি ষ্টীমরের নৌকার বিধি।

[নৌকার ও লাইফ-বয়ার কথা।]

২৩১ ধারা। নৌকার ও লাইফ-বয়ার বিষয়ে এই২ বিধি মানিতে হইবে।

(১) কেবল জাহাজ আকর্ষণ কার্য্যে যে ষ্টীমরের ব্যবহার হয় তদ্ভিন্ন সকল ষ্টীমরে যত টন ধরে তদনুসারে যদি উপযুক্ত সামগ্রী ও ব্যবহারার্থ প্রয়োজনীয় সকল দ্রব্যবিশিষ্ট নৌকা না থাকে, তবে সেই ষ্টীমর ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানহইতে সমুদ্রে যাইবে না। ঐ ষ্টীমর যে শ্রেণীভুক্ত হয় এই আইনের তৃতীয় তফসীলে সেই শ্রেণীর জাহাজে যত নৌকা ও ঐ২ নৌকার যে ঘণপরিমাণ নির্দ্ধারিত হইয়াছে, ঐ ষ্টীমরে তত নৌকা না থাকিলে এবং ন্যূন পরিমাণের নৌকা থাকিলে তাহা সমুদ্রে যাইবে না।

(২) যদি ষ্টীমরে দশ জনের অধিক চড়নদার যায়, তবে ইহার পূর্ব্ব বিধিমতে যত নৌকা লইতে হয় তদতিরিক্ত ব্যবহারের প্রয়োজনীয় সকল সামগ্রী-বিশিষ্ট এক খান লাইফ-বোট থাকিবে, কিম্বা জাহাজের পূর্ব্বোক্ত নৌকার মধ্যে কোন এক নৌকা লাইফ-বোটের ন্যায় নিত্য ভাসমান করা যাইবে। তাহা না হইলে সেই ষ্টীমর ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানহইতে সমুদ্রে যাইতে পারিবে না।

(৩) আরো শেষোক্ত ষ্টীমরের দুই খান লাইফ-বয়া না থাকিলে তাহা সমুদ্র যাত্রা করিতে পারিবে না। আর সেই লাইফ-বোট ও লাইফ-বয়া সর্ব্ব সময়ে ব্যবহার হইবার উপযুক্ত ও প্রস্তুত থাকে এমনভাবে রাখিতে হইবে। কিন্তু যদি চড়নদার বিষয়ক ১৮৫২ সালের আইনের ১০ ধারামতে সর্টিফিকট উপযুক্ত মতে পাওয়া গিয়া থাকে, তবে এই আইনেতে নৌকার ও লাইফ-বয়ার যে বিধি আছে তাহা বর্ত্তিবে না ইতি।

[অধ্যক্ষ ও স্বামী প্রভৃতি নৌকা ও লাইফ বয়ার বিধান না করিলে দণ্ডের কথা।]

২৩২ ধারা। নিম্নলিখিত কোন স্থলে। অর্থাৎ,

(১) ইহার পূর্ব্বধারামতে যে ষ্টীমরের নৌকা ও লাইফ-বয়া থাকিবার আজ্ঞা হইয়াছে, যদি কোন ষ্টীমর তাহা প্রাপ্ত না হইয়া সমুদ্রে গমন করে, অথবা পথিমধ্যে যদি তদ্রূপ কোন নৌকা কি লাইফ-বয়া স্বামির কি অধ্যক্ষের ত্রুটি কি শৈথিল্য দোষে হারাণ যায় কি কর্ম্মের অনুপযুক্ত হয়। অথবা,

(২) যাত্রাকালে তদ্রূপ কোন নৌকা কি লাইফ-বয়া অকস্মাৎ হারাণ গেলে কি তাহার হানি হইলে যদি অধ্যক্ষ প্রথম সুযোগেতেই নূতন নৌকাদি করিতে কি সেই নৌকাদি সারাইয়া লইতে ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করেন, অথবা

(৩) সেই২ নৌকা ও লাইফ-বয়া যাহাতে সর্ব্বদাই ব্যবহারের উপযুক্ত ও প্রস্তুত থাকে এমনভাবে না রাখা যায়,

তবে সেই বিষয়ে স্বামির দোষ দৃষ্ট হইলে তাঁহার এক সহস্র টাকাপর্য্যন্ত দণ্ড, এবং অধ্যক্ষের দোষ দৃষ্ট

rupees, and if the master appears to be in fault, he shall incur a penalty not exceeding five hundred rupees.

[Officers of Customs not to clear steam-vessels not complying with the above provisions.]

CCXXXIII. No officer of Customs shall grant a clearance for any steam-vessel hereinbefore required to be provided with boats or with life-buoys, unless the same is duly so provided; and if any such steam-vessel attempts to go to sea without such clearance, any such officer may detain her until she is so provided.

হইলে তাঁহার [illegible] পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[ষ্টীমর পূর্ব্বোক্ত বিধানমতে কার্য্য না করিলে কষ্টোম্‌ হৌসের কার্য্যকারকেরদের [illegible] না দিবার কথা।]

২৩৩ ধারা। ইহার পূর্ব্বে বিধানমতে যে ষ্টীমরের নৌকা ও লাইফ-বয়া লইবার বিধান হইয়াছে, তাহা যদি উপযুক্তমতে প্রয়োগ না করা যায়, তবে কষ্টোমের কোন কার্য্যকারক ঐ ষ্টীমরের চলিয়া যাইবার অনুমতি-পত্র দিবেন না। যদি তদ্রূপ কোন ষ্টীমর সেই অনুমতিপত্র না পাইয়া চলিয়া যাইবার উদ্যোগ করে, তবে সেই নৌকাদি যত কাল প্রয়োগ না করা যায় তত কাল উক্ত কোন কার্য্যকারক ঐ ষ্টীমর আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

Chapter II.

Regulations concerning Lights, Fog-Signals and Sailing Rules.

[Owners and masters bound to obey regulations in force.]

CCXXXIV. All owners and masters of ships shall be bound to take notice of all such regulations as may from time to time be in force, concerning lights, fog-signals, and steering and sailing rules, and shall, so long as the same continue in force, be bound to obey them, and to carry and exhibit no other lights and to use no other fog-signals than such as are required by the said regulations; and in case of wilful default, the master or the owner of the ship if it appear that he was in such default, shall, for each occasion upon which such regulations are infringed, be liable to a penalty not exceeding one thousand rupees.

২ অধ্যায়।

আলোর এবং কোয়াশা কালীন চিহ্নের ও পাইল তুলিয়া যাইবার বিধি।

[স্বামিদের ও অধ্যক্ষদের প্রচলিত বিধি মানিতে হইবার কথা।]

২৩৪ ধারা। আলো দেওন বিষয়ে, এবং কোয়াশা হইলে তৎকালীন চিহ্ন বিষয়ে, এবং হালে ও পাইলে জাহাজ চালাইবার বিষয়ে, যে সময়ে যে সকল বিধি প্রবল আছে জাহাজের সকল স্বামির ও অধ্যক্ষের তাহাতে অবশ্য মনোযোগ করিতে হইবে ও যত কাল সেই বিধি প্রবল থাকে তত কাল তাহা মানিতে হইবে। এবং ঐ বিধিক্রমে যে সকল আলো ও কোয়াশা কালীন যে সকল চিহ্ন ব্যবহার করিবার আজ্ঞা হইয়াছে তদ্ভিন্ন কোন আলো প্রভৃতির ব্যবহার করিবেন না। তাহাতে যদি ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন, তবে যত বার সেই বিধানের লঙ্ঘন হয় সেই প্রত্যেক-বার অধ্যক্ষের, অথবা যদি জাহাজের স্বামির দোষ দৃষ্ট হয়, তবে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

Chapter III.

Survey of Passenger Steamers.

[Certain steam-vessels liable to be surveyed twice a year.]

CCXXXV. Every steam-vessels plying on the river Hooghly or on any of the rivers or waters of Bengal, or in the harbour of Bombay, or in any of the ports or harbours, or on any of the rivers and waters of the Presidency of Bombay, and every British steam-vessel plying between any British Indian ports, or between any British Indian port and any other port, shall be liable to be surveyed twice in every year, in the manner hereinafter prescribed.

[Local Government to appoint one or more surveyors.]

CCXXXVI. It shall be lawful for the Local Government to appoint a fit and proper person, or fit and proper persons to be a surveyor or surveyors for the purposes of this Chapter.

৩ অধ্যায়।

চড়নদার বাহক ষ্টীমরের অবস্থানুসন্ধান লওনের বিধি।

[কোনং ষ্টীমরের অবস্থা বৎসরে দুইবার অনুসন্ধান হইবার কথা।]

২৩৫ ধারা। ভাগিরথী কিম্বা বঙ্গদেশের কোন নদীতে কি জলে কিম্বা বোম্বাই বন্দরে কিম্বা বোম্বাই প্রেসিডেন্সীর কোন বন্দরে কি নজরবাড়ীতে কিম্বা কোন নদীতে কি জলে যে সকল ষ্টীমর গমনাগমন করে এবং ব্রিটনীয় ভারতবর্ষের নানা বন্দরের মধ্যে এবং ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরের ও অন্য বন্দরের মধ্যে গমনাগমন করে পশ্চাৎলিখিতমতে প্রতি বৎসর দুইবার সেই প্রত্যেক ষ্টীমরের অবস্থার অনুসন্ধান লওয়া যাইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের এক কি অধিক জন সরবেয়র-কে নিযুক্ত করিবার কথা।]

২৩৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়ের কার্য্য করিবার জন্যে উপযুক্ত এক কি অধিক ব্যক্তিকে সর-বেয়রস্বরূপে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[Authority to surveyors to go on board steamers for the purpose of surveying. Penalty for hindering them in making the survey, or withholding required information.]

CCXXXVII. It shall be lawful for the said surveyors in the execution of their duties to go on board any steam-vessel liable to be surveyed under this Chapter, as soon as reasonably may be after the arrival of such steam-vessel in any port, harbour, river or water to which this Chapter applies, but not so as unnecessarily to hinder the loading or unloading of such steam-vessel, or to detain or delay her from proceeding on any voyage or service, and to inspect such steam-vessel or any part thereof and any of the machinery, equipments, or articles on board thereof. The owner, master, and officers serving on board of such vessel shall be bound to afford to the surveyors all reasonable facility for such inspection or survey, and to afford them all such information respecting such vessel and her machinery and equipments, or any part thereof, respectively, as may be reasonably required by the surveyors. Any person who shall refuse access to the surveyors, or shall otherwise hinder them in the performance of their duty, or shall refuse or neglect to give any information which may reasonably be required of them and which they have it in their power to give, shall be liable for each offence to a penalty of five hundred rupees, or to one month's imprisonment.

[অনুসন্ধান করণার্থে ষ্টীমরে সরবেয়রদের যাইবার ক্ষমতার কথা। ও সেই কার্য্যে তাঁহাদের বাধা দিবার কিম্বা প্রয়োজনীয় সংবাদ না দিবার দণ্ডের কথা।]

২৩৭ ধারা। এই অধ্যায়মতে যে ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করা যাইতে পারে এই অধ্যায় যে বন্দরের কি নঙ্গরবাড়ীর কি নদীর কি জলের প্রতি বর্ত্তে তাহাতে সেই ষ্টীমর পঁহুছিলে পর, ঐ সরবেয়রেরা যুক্তিমতে যত ত্বরায় হইতে পারে ঐ ষ্টীমরে আপনাদের কর্ম্ম করিবার জন্যে যাইতে পারিবেন। কিন্তু ইহাতে সেই ষ্টীমরে মাল তুলিবার কি তাহাহইতে নামাইবার অনাবশ্যকমতে বাধা না জন্মে কিম্বা সেই ষ্টীমর কোন স্থানে কি কোন কর্ম্মোপলক্ষে গমনোদ্যত হইলে তাহার অনাবশ্যকমতে আটক কি বিলম্ব না হয়। তাঁহারা ঐ ষ্টীমর কি তাহার কোন অংশ কিম্বা তদন্তঃর্গত কোন কল কি সরঞ্জাম কি দ্রব্য দৃষ্টি করিতে পারিবেন। সরবেয়রদের সেই দৃষ্টি কি অনুসন্ধান কার্য্যে ঐ জাহাজের স্বামী ও অধ্যক্ষ ও মালিম প্রভৃতি কর্ম্মকারক সর্ব্ব প্রকারে ঐ সরবেয়রদের যুক্তিমত সাহায্য করিতে বদ্ধ আছেন ও সরবেয়রেরা ঐ ষ্টীমরের ও তাহার কলের ও সরঞ্জামের কি তাহার কোন অংশের যে কোন কথা যুক্তিমতে অবগত হইতে চাহেন তাহা অবশ্য জ্ঞাত করিবেন। যদি কোন ব্যক্তি ঐ সরবেয়রদিগকে যাইতে না দেন কিম্বা প্রকারান্তরে তাঁহাদের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবার বাধা দেন কিম্বা তাঁহারা যুক্তিমতে যে কথা জিজ্ঞাসা করিতে পারেন তাহা জ্ঞাত করিতে পারিলেও যদি জ্ঞাত করিতে অস্বীকার কি ত্রুটি করেন, তবে সেই ব্যক্তির তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকা দণ্ড কি এক মাস কারাদণ্ড হইতে পারিবে ইতি।

[Surveyors to grant certificate and declaration when they can with propriety do so.]

CCXXXVIII. When any survey is made under this Chapter, the surveyors making such survey shall forthwith, if satisfied that they can with propriety do so, and on payment by the owner or master of the fees hereinafter mentioned, give to the owner or master of the steam-vessel surveyed, a certificate and declaration signed by them and framed as nearly as the circumstances of each case will admit in the form set forth in the fourth Schedule to this Act.

[সরবেয়রেরা সর্টিফিকট ও জ্ঞাপনপত্র উপযুক্তমতে দিতে পারিলে তাঁহাদের তাহা দিবার কথা।]

২৩৮ ধারা। যখন এই অধ্যায়মতে অবস্থার অনুসন্ধান কার্য্য করা যায় তখন যে সরবেয়রেরা অনুসন্ধান লইয়াছেন তাঁহারা সর্টিফিকট ও জ্ঞাপনপত্র উপযুক্তমতে দিতে পারেন ইহা সন্তোষমতে জ্ঞাত হইলে যে ষ্টীমরের অবস্থার অনুসন্ধান হইয়াছে তাহার স্বামী কি অধ্যক্ষ পশ্চাৎলিখিত ফী দিলে পর তাঁহাকে আপনাদের স্বাক্ষরিত সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিবেন সেই সর্টিফিকট ও জ্ঞাপনপত্র, বিষয় বুঝিয়া এই আইনের চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কি তদনুসারে লিখিতে হইবে ইতি।

[No clearance to be given to a steamer for a voyage for which she has not got a certificate from the surveyors.]

CCXXXIX. No officer of Customs shall grant a clearance, nor shall any pilot be assigned to any steam-vessel liable to be surveyed under this Chapter, which shall not have been duly furnished with a certificate and declaration under the provisions of this Chapter, applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed. If any steam-

[সরবেয়রদের সর্টিফিকট না হইলে ষ্টীমরের কোন স্থানে গমনের অনুমতিপত্র প্রাপ্ত না হইবার কথা।]

২৩৯ ধারা। এই অধ্যায়মতে যে কোন ষ্টীমরের অবস্থার অনুসন্ধান হইতে পারে সেই ষ্টীমর কোন স্থানে গমন করিতে উদ্যত, কি কোন কর্ম্মোপলক্ষে নিযুক্ত হইলে সেই গমন কি কর্ম্ম বিষয়ে যাহা বর্ত্তিতে পারে এই অধ্যায়ের বিধানমতে এমত সর্টিফিকট ও জ্ঞাপনপত্র নিয়মিতরূপে প্রাপ্ত না হইলে কষ্টমের কোন কর্ম্মকারক ঐ ষ্টীমরের গমন করিবার অনুমতিপত্র দিবেন না, ও কোন আড়কাটী সেই ষ্টীমরে নিযুক্ত

vessel liable to be surveyed under this Chapter shall leave or attempt to leave any port, harbour, river or water to which this Chapter applies, without such certificate and declaration applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed, the owner or master of such steam-vessel shall be liable to a fine not exceeding one thousand rupees for each offence; and if there be any officer of Customs or any pilot on board of such steam-vessel, he may detain her until she is duly furnished with such certificate and declaration.

[Master or officer who is a licensed pilot attempting to take his ship out of port without a proper certificate liable to lose his license.]

CCXL. If the commander or any other officer of a tug-steamer or of any other steam-vessel liable to be surveyed under this Chapter is a licensed pilot, and shall leave or attempt to leave any such port, harbour, river or water, in such tug-steamer or steam-vesssel without such tug-steamer or steam-vessel being duly furnished with a certificate and declaration under the provisions of this Chapter, applicable to the voyage on which she is about to proceed or the service on which she is about to be employed, such commander or other officer shall be liable to have his license as a pilot taken away from him entirely, or suspended for any period by the Local Government as to such Government may seem fit.

[Special survey may be ordered by Government of any British steamer in port.]

CCXLI. It shall be lawful for the Local Government to give special directions to the surveyors under this Chapter for the survey by them of any British steamer lying in any such port, harbour, river or water and plying between any port in British India and any port or ports whatever, and the provisions of this Chapter shall apply (so far as the same are in any way applicable) to every vessel so specially directed, to be surveyed, and the owner, master, and officers thereof.

[Local Government may make rules as to mode and time of conducting survey.]

CCXLII. The Local Government is hereby empowered to frame rules as to the manner in which the surveys shall be made, and the times and places of such surveys, and the duties of the surveyors: Provided that such rules shall not be inconsistent with the provisions of this Chapter.

হইবেন না। যে বন্দরের কি নঙ্গরবাড়ীর, কি নদীর কি জলের প্রতি এই অধ্যায় বর্ত্তে এই অধ্যায়মতে অনুসন্ধান হইবার যোগ্য কোন ষ্টীমর যে যাত্রায় গমন করিবে কিম্বা যে কর্ম্মোপলক্ষে নিযুক্ত হইল যদি তৎসংক্রান্ত সর্টিফিকট ও প্রতিজ্ঞাপত্র প্রাপ্ত না হইয়াও ঐ বন্দরাদি হইতে গমন করে কি করিতে উদ্যত হয়, তবে সেই ষ্টীমরের স্বামির কি অধ্যক্ষের তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। যদি সেই ষ্টীমরে কস্টমের কোন কর্ম্মকারক কি কোন আড়কাটী থাকেন, তবে তদ্রূপ সর্টিফিকট ও প্রতিজ্ঞাপত্র নিয়মিতরূপে প্রাপ্ত না হওয়া পর্য্যন্ত তিনি ঐ ষ্টীমর আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[উপযুক্ত সর্টিফিকট না হইলেও অধ্যক্ষ কি মালিম অনুমতি প্রাপ্ত আড়কাটী হইয়া বন্দরহইতে জাহাজ লইয়া যাইবার উদ্যোগ করিলে তাঁহার সেই অনুমতিপত্র হরণ হইবার কথা।]

২৪০ ধারা। কোন টগ-ষ্টীমরের (অর্থাৎ অন্য জাহাজ আকর্ষণ কার্য্যে যে ষ্টীমর নিযুক্ত হইয়া থাকে তাহার) কিম্বা এই অধ্যায়মতে অন্য যে ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করা যাইতে পারে তাহার অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক যদি অনুমতিপত্র প্রাপ্ত আড়কাটী হন, এবং সেই টগ-ষ্টীমর কি ষ্টীমর যে যাত্রায় গমন করিতে কি যে কর্ম্মে নিযুক্ত হইতে উদ্যত তাহার প্রতি যাহা বর্ত্তিতে পারে এই অধ্যায়ের বিধানক্রমে এমত সর্টিফিকট ও প্রতিজ্ঞাপত্র নিয়মিতরূপে প্রাপ্ত না হইলেও যদি সেই অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক ঐ টগ ষ্টীমরে কি অন্য বাষ্পীয় জাহাজে উক্ত বন্দর কি নঙ্গরবাড়ী কি নদী কি জলহইতে গমন করেন কি করিবার উদ্যোগ করেন, তবে ঐ অধ্যক্ষ কি অন্য কর্ম্মকারক আড়কাটীস্বরূপে যে অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছেন তাহা স্থানীয় গবর্ণমেণ্টকর্ত্তৃক এককালে তাঁহাহইতে লওয়া যাইতে পারিবে কিম্বা উক্ত গবর্ণমেণ্ট যত কাল উচিত বোধ করেন ততকাল স্থগিত হইবে ইতি।

[বন্দরে ব্রিটনীয় ষ্টীমর থাকিলে তাহার অবস্থার বিশেষ অনুসন্ধান বিষয়ে গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

২৪১ ধারা। ব্রিটনীয় যে ষ্টীমর উক্ত কোন বন্দরে কি নঙ্গরবাড়ীতে কি নদীতে কি জলে থাকে ও ব্রিটনীয় ভারতবর্ষের ও অন্য কোন বন্দরের মধ্যে গমনাগমন করিয়া থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়মত সরবেয়রদিগকে সেই ষ্টীমরের অবস্থার অনুসন্ধানের বিষয়ে বিশেষ আজ্ঞা করিতে পারিবেন। তদ্রূপে যে ষ্টীমরের বিশেষ অনুসন্ধান হইবার আজ্ঞা হয় তাহার প্রতি ও তৎস্বামির ও অধ্যক্ষের ও কর্ম্মকারকদের প্রতি এই অধ্যায়ের বিধান যত দূর বর্ত্তান যাইতে পারে বর্ত্তিবে ইতি।

[অনুসন্ধান করিবার নিয়মের ও সময়ের বিধি স্থানীয় গবর্ণমেণ্টের করিবার কথা।]

২৪২ ধারা। যেরূপে, যে সময়ে ও যে স্থানে অনুসন্ধান করা যাইবে তদ্বিষয়ের ও সরবেয়রদের কর্ত্তব্য কর্ম্মের বিধি করিতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এতৎক্রমে ক্ষমতা দেওয়া গেল। কিন্তু সেই বিধি এই অধ্যায়ের বিধানের অসঙ্গত না হয় ইতি।

[Penalty for surveyor who receives fees, &c., for making a survey.]

CCXLIII. Any surveyor demanding or receiving directly or indirectly from the owner, master or officer of any ship surveyed by him under the provisions of this Chapter, any fee or remuneration otherwise than as provided by this Chapter shall be liable to dismissal in addition to any other penalty to which he may by law be liable.

[Fees to be paid for every survey made.]

CCXLIV. For every survey made under this Chapter, the owner or master of the steam-vessel surveyed shall pay to the surveyors making the same, a fee calculated on the tonnage of the vessel according to the rates in the fifth Schedule to this Act.

[Certificates to be always hung up in conspicuous part of vessel.]

CCXLV. Each certificate and declaration granted by surveyors under this Chapter shall be hung up and remain at all times suspended in some conspicuous part of the vessel for which the same is granted, where the same may be easily read; and in default of compliance with this provision, every owner or master shall be liable to a penalty not exceeding one hundred rupees for each offence.

[Certificate to be in force only six months and to be delivered up when expired or revoked. Proviso in case of vessels absent from part when certificate expires.]

CCXLVI. No certificate or declaration shall be held to be in force for the purposes of this Chapter after the expiration of six calendar months from the date thereof: Provided that, if any steam-vessel is absent when her certificate and declaration expire, no penalty shall be incurred for the want of a certificate and declaration, until she first begins to ply or is about to ply after her next subsequent return to any port, harbour, river or water to which this Chapter applies. And the Local Government, or any officer appointed by such Government for that purpose, may require any certificate and declaration which has expired or has been revoked or cancelled, to be delivered up as may be directed; and any owner or master or other person who, without reasonable cause, neglects or refuses to comply with such requirement, shall incur a penalty not exceeding one hundred rupees for each offence.

[Certificate and declaration may be cancelled by Local Government.]

CCXLVII. The Local Government or any officer appointed or authorized by such Government

[সরবেয়র অনুসন্ধান কার্য্যের নিমিত্তে ফী প্রভৃতি গ্রহণ কারলে তাঁহার দণ্ডের কথা।]

২৪৩ ধারা। কোন সরবেয়র এই অধ্যায়ের বিধানমতে কোন জাহাজের অবস্থার অনুসন্ধান করিলে এই অধ্যায়ের বিধানমতে যে ফী গ্রহণ করিতে পারেন যদি তদ্ভিন্ন ঐ জাহাজের স্বামির কি অধ্যক্ষের কি কর্ম্মকারকের স্থানে স্পষ্টরূপে কি চক্রান্তে কোন ফী কি পুরস্কার চাহেন কি গ্রহণ করেন, তবে তিনি পদচ্যুত হইতে পারিবেন, তদ্ভিন্ন আইনমতে অন্য যে দণ্ডের যোগ্য হন তাঁহার সেই দণ্ড হইবে ইতি।

[যতবার অনুসন্ধান হইবে ততবার ফী দিতে হইবার কথা।]

২৪৪ ধারা। এই অধ্যায়মতে যত বার কোন ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করা যায় তত বার তৎস্বামী কি অধ্যক্ষ ঐ সরবেয়দিগকে ফী দিবেন অর্থাৎ ষ্টীমরে যত টন ধরে তাহার হিসাব করিয়া এই আইনের পঞ্চম তফসীলের হারানুসারে ফী দিবেন ইতি।

[সর্টিফিকট জাহাজের প্রকাশস্থানে সর্ব্বদা লটকাইয়া রাখিবার কথা।]

২৪৫ ধারা। সরবেয়রেরা এই অধ্যায়মতে যে সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দেন তাহা যে জাহাজসংক্রান্ত হয়, তন্মধ্যে প্রকাশ্য যে স্থানে অনায়াসে পাঠ হইতে পারে এমত স্থানে সর্ব্বদাই লটকাইয়া রাখিতে হইবে। ও এই বিধানমতে কর্ম্ম হইবার ত্রুটি হইলে স্বামির কি অধ্যক্ষের প্রত্যেক অপরাধের জন্যে এক শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[সর্টিফিকট কেবল ছয় মাস প্রবল থাকিবার কথা, ও মিয়াদ গত কি নিবৃত্ত হইলে তাহা ফিরিয়া দিবার কথা, ও সর্টিফিকটের মিয়াদ অতীত হওন সময়ে জাহাজ বন্দরে না থাকিলে তাহার বিধান।]

২৪৬ ধারা। কোন সর্টিফিকটের কি জ্ঞাপনপত্রের তারিখ অবধি ইংলণ্ডীয় পঞ্জিকামতের ছয় মাস অতীত হইলে পর তাহা এই অধ্যায়ের কার্য্যার্থে প্রবল জ্ঞান হইবে না। কিন্তু যদি ষ্টীমরের অনুপস্থিত কালে সর্টিফিকটের ও জ্ঞাপনপত্রের মিয়াদ অতীত হয়, তবে ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র না থাকা হেতু কোন দণ্ড হইবে না। কিন্তু যে বন্দরে কি নঙ্গরবাড়ীতে কি নদীতে কি জলে এই অধ্যায় বর্ত্তে তাহাতে প্রত্যাগমনের পর যখন গমনাগমন করে কি করিতে উদ্যত হয় তখন তদ্রূপ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র না থাকিলে দণ্ড হইবে। কোন সর্টিফিকটের কি জ্ঞাপনপত্রের মিয়াদ অতীত হইলে পর কিম্বা তাহা নিবৃত্ত কি রহিত করা গেলে স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা তৎকার্য্যার্থে তাঁহার নিযুক্ত কোন কার্য্যকারক সাহেব স্বীয় আদেশমতে তাহা ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন। যদি কোন স্বামী কি অধ্যক্ষ কি অন্য ব্যক্তি যুক্তিযুক্ত হেতু না থাকিলেও ঐ আজ্ঞাক্রমে কর্ম্ম করিতে শৈথিল্য কি অস্বীকার করেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[সর্টিফিকট ও জ্ঞাপনপত্র স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা রহিত হইতে পারিবার কথা।]

২৪৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা পশ্চাৎ লিখিত কর্ম্মে তৎকর্ত্তৃক নিযুক্ত কি ক্ষমতাপ্রাপ্ত কোন

for that purpose, may revoke and cancel any certificate and declaration granted under this Chapter in any case in which such Government or officer has reason to believe—

(1.) That the certificate and declaration of the sufficiency and good condition of the hull, equipments, and machinery of any steam-vessel, or either of them, have or has been fraudulently or erroneously given or made: or

(2.) That such certificate and declaration or either of them, have or has otherwise been issued upon false or erroneous information: or

(3.) That since the giving and making of such certificate and declaration or either of them, the hull, equipments, or machinery of such ship have sustained any injury or are otherwise insufficient:

And in every such case the Local Government or such officer as last aforesaid may, if it or he thinks fit, require the owner or master to have such steam-vessel again surveyed as herein provided.

[If the correctness of a survey is doubted, Local Government may order a second survey by other surveyors.]

CCXLVIII. If any steam-vessel shall be surveyed under the provisions of this Chapter, and if the surveyors shall decline to give any certificate or declaration, or shall give a certificate or declaration with which the owner or master of the steam-vessel shall be dissatisfied, the Local Government may, on the application of such owner or master appoint two other competent surveyors to survey the said steam-vessel. The surveyors so appointed shall forthwith survey the said steam-vessel, and shall either decline to give any certificate and declaration, or shall give such certificate and declaration as under the circumstances may seem to them proper. Every survey made under this Section shall be made subject to all the provisions and rules both as to the payment of fees and otherwise which are applicable to surveys made in ordinary cases under this Chapter. If the surveyors appointed under this Section unanimously refuse to give any certificate and declaration, or agree as to the terms of their certificate and declaration, such refusal or such certificate and declaration shall be final and conclusive; but if they do not agree, the refusal orignally made or the certificate and declaration originally granted by the surveyors who surveyed the said steam-vessel in the first instance, shall remain and be of full force and effect.

কার্য্যকারক যদি উপযুক্ত কারণে বিশ্বাস করে যে,—

(১) কোন ষ্টীমরের ও তাহার সরঞ্জামের ও কলের কিম্বা তন্মধ্যে কোন বিষয়ের যথাযোগ্যতার ও সদবস্থার সর্টিফিকট ও জ্ঞাপনপত্র প্রতারণা কি ভ্রমক্রমে দেওয়া কি করা গিয়াছে, কিম্বা

(২) ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র কি তন্মধ্য কোন পত্র প্রকারান্তরে মিথ্যা কি ভ্রমাত্মক সম্বাদক্রমে দেওয়া গিয়াছে, কিম্বা

(৩) ঐ সর্টিফিকট ও জ্ঞাপনপত্র কিম্বা তন্মধ্যের কোন পত্র দিবার ও করিবার পরে ঐ ষ্টীমরের কি তাহার সরঞ্জামের কি কলের কোন হানি হইয়াছে কিম্বা প্রকারান্তরে যথা যোগ্য নহে, তবে তিনি এই অধ্যায়মতের দত্ত কোন সর্টিফিকট ও জ্ঞাপনপত্র নিবৃত্ত কি রহিত করিতে পারিবেন।

তদ্রূপ প্রত্যেক স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক উপযুক্ত বোধ করিলে ষ্টীমরের স্বামিকে কি অধ্যক্ষকে এই বিধানমতে সেই ষ্টীমরের অবস্থার পুনশ্চ অনুসন্ধান করাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[অনুসন্ধান কার্য্য শুদ্ধরূপে না হওয়ার সন্দেহ থাকিলে অন্য সরবেয়রদের দ্বারা দ্বিতীয়বার অনুসন্ধান করিতে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

২৪৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে কোন ষ্টীমরের অনুসন্ধান হইয়া যদি সরবেয়রেরা কোন সর্টিফিকট কি প্রতিজ্ঞাপত্র না দেন কিম্বা যাহা দেন তাহাতে যদি ঐ ষ্টীমরের স্বামী কি অধ্যক্ষ সন্তুষ্ট না হন, তবে সেই স্বামী কি অধ্যক্ষ দরখাস্ত করিলে স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করণার্থে অন্য দুই জন উপযুক্ত সরবেয়রকে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপ নিযুক্ত সরবেয়রেরা অবিলম্বে সেই ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করিয়া, হয় সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন, অথবা বিষয় বুঝিয়া যে প্রকারের সর্টিফিকট ও জ্ঞাপনপত্র তাঁহাদের বিবেচনায় উপযুক্ত তাহা দিবেন। এই অধ্যায়মত সাধারণ স্থলে যে অনুসন্ধান হয় তদ্বিষয়ে ফী প্রভৃতি দিবার যে সকল বিধান ও বিধি খাটে তাহা এই ধারামত সকল অনুসন্ধান কার্য্যের প্রতি খাটিবে। এই ধারামতে নিযুক্ত সরবেয়রেরা যদি এক বাক্য হইয়া সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিতে স্বীকার না করেন কিম্বা সর্টিফিকটে ও জ্ঞাপনপত্রে যে কথা লিখিতে হইবে তদ্বিষয়ে একমত হন, তবে সেই অস্বীকার করণ কিম্বা সেই সর্টিফিকট ও জ্ঞাপনপত্র চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে। কিন্তু যে কথা লিখিতে হইবে তদ্বিষয়ে যদি তাঁহারা সম্মত না হন, তবে যে সরবেয়রেরা প্রথমে উক্ত ষ্টীমরের অবস্থার অনুসন্ধান করিয়াছেন তাঁহারা প্রথমে যে অস্বীকার করিলেন কিম্বা প্রথমে যে সর্টিফিকট ও জ্ঞাপনপত্র দিলেন তাহাই সম্পূর্ণরূপে বলবৎ ও ফলবৎ হইয়া থাকিবে ইতি।

[Fees how recoverable.]

CCXLIX. All fees due under this Chapter shall be recoverable in like manner as penalties are recoverable under this Act.

[Surveyor acting alone included in term "Surveyors."]

CCL. The word "Surveyors" as used in this Chapter shall be taken to include any surveyor acting alone when authorized so to do by the Local Government under the provisions of this Chapter, and the 'survey' of steam-vessels contemplated by any part of this Chapter shall be held to include a survey of such steamers, hull, rigging, machinery, boats, equipments, and other appurtenances.

CHAPTER IV.

Rules as to Passengers by Steamers.

[Penalties on drunken or disorderly passengers.]

CCLI. The following offenders; (that is to say) :—

[Persistence of such passenger in attempt to enter.]

(1.) Any person who, being drunken or disorderly, has been on that account refused admission into any duly surveyed passenger steamer by the owner or any person in his employ, and who, after having had the amount of his fare (if he has paid the same) returned or tendered to him, nevertheless persists in attempting to enter such steamer:

[Refusal of such passenger to quit ship.]

(2.) Any person who, being drunken or disorderly on board any such steamer, is requested by the owner or any persons in his employ to leave the same at any place in British India at which he can conveniently so do, and who, having had the amount of his fare (if he has paid the same) returned or tendered to him refuses to comply with such request:

[On persons molesting passengers.]

(3.) Any person on board any such steamer who, after warning by the master or any other officer of the steamer, molests or continues to molest any passenger:

[Penalties on persons forcing way on board the ship when full.]

(4.) Any person who, after having been refused admission into any such steamer by the owner or any person in his employ on account of such steamer being full, and who, after having had the

[ফী যেরূপে আদায় হইবে তাহার কথা।]

২৪৯ ধারা। এই আইনমত দণ্ডের টাকা যেরূপে আদায় হইবে এই অধ্যায়মত সকল ফী সেইরূপে আদায় হইবে ইতি।

[সরবেয়র একা কর্ম্ম করিলে সরবেয়রগণ শব্দের মধ্যে তাঁহার গণ্য হইবার কথা।]

২৫০ ধারা। এই অধ্যায়ে সরবেয়রগণ শব্দের ব্যবহার হইলে যদি স্থানীয় গবর্ণমেণ্ট এই অধ্যায়ের বিধানমতে কোন সরবেয়রকে একা কর্ম্ম করিতে অনুমতি দেন, তবে ঐ বহুবচনান্ত শব্দেতে তিনি গণ্য হইবেন। এবং এই অধ্যায়ের কোন অংশে যে ষ্টীমরের অবস্থানুসন্ধান কার্য্যের কথা থাকে, তন্মধ্যে ঐ ষ্টীমরের কায় ও রিঙ্গিন ও কল ও নৌকা কাছি রসিপ্রভৃতি সামগ্রী ও তৎসক্রান্ত সমস্ত বিষয়ের অবস্থার অনুসন্ধান কার্য্য ধরিতে হইবে ইতি।

---

৪ অধ্যায়।

ষ্টীমরে যাহারা যাত্রা করেন তাঁহারদের বিধি।

[চড়নদারেরা মাতাল হইলে কি অবৈধ আচরণ করিলে তাহারদের দণ্ডের কথা।]

২৫১ ধারা। যদি কেহ নিম্নলিখিত অপরাধ করেন অর্থাৎ।

[চড়নদার জেদ করিয়া জাহাজে যাইতে চেষ্টা করিলে।]

(১) চড়নদারবাহক যে ষ্টীমরের অবস্থা নিয়মিতরূপে অনুসন্ধান হইয়াছে যদি স্বামী কিম্বা তাঁহার কোন কর্ম্মকারক মাতাল কি অবৈধাচারি কোন ব্যক্তিকে তাহার সেই মাতলামী কি কদাচার প্রযুক্ত সেই ষ্টীমরে যাইতে অনুমতি না দেন, এবং যদি সেই ব্যক্তি পূর্ব্বে ভাড়া দিয়া থাকেন, তবে সেই ভাড়ার টাকা তাহাকে ফিরিয়া দেওয়া গেলে কি দিবার প্রস্তাব হইলেও যদি সেই ব্যক্তি জেদ করিয়া ঐ ষ্টীমরে যাইতে চেষ্টা করেন,

[চড়নদার ষ্টীমর ত্যাগ করিয়া যাইতে অস্বীকার করিলে।]

(২) কোন ষ্টীমরে কোন ব্যক্তি মাতাল কি কদাচারী হইলে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে সেই ব্যক্তি সুবিধামতে ষ্টীমর ছাড়িয়া যাইতে পারেন এমত স্থানে যদি স্বামী কিম্বা তাঁহার কোন কর্ম্মকারক তাহাকে ষ্টীমর ছাড়িয়া যাইতে আদেশ করেন এবং তিনি যদি অগ্রে ভাড়া দিয়া থাকেন, তবে সেই ভাড়ার টাকা তাঁহাকে ফিরিয়া দেওয়া গেলে কি ফিরিয়া দিবার প্রস্তাব হইলেও যদি সেই ব্যক্তি ঐ আদেশমতে কর্ম্ম করিতে স্বীকার না করেন,

[অন্য চড়নদারদিগকে বিরক্ত করিলে।]

(৩) ষ্টীমরগত কোন ব্যক্তি ষ্টীমরের অধ্যক্ষ কি অন্য কার্য্যকারককর্ত্তৃক নিষিদ্ধ হইলেও যদি কোন চড়নদারকে বিরক্ত করেন কিম্বা বিরক্ত করিতে থাকেন,

[ষ্টীমর পূর্ণ হইলেও বলপূর্ব্বক প্রবেশ করিলে।]

(৪) ষ্টীমর পরিপূর্ণ হওয়াপ্রযুক্ত স্বামী কিম্বা তাঁহার কোন কর্ম্মকারক ঐ ষ্টীমরে কোন ব্যক্তিকে প্রবেশ করিতে না দিলে এবং তিনি যদি পুর্ব্বে ভাড়া দিয়া থাকেন তবে তাঁহাকে ভাড়ার সমুদয় টাকা ফিরিয়া

full amount of his fare (if he has paid the same) returned or tendered to him, nevertheless persists in attempting to enter the same:

[And on persons refusing to quit the ship when full.]

(5.) Any person, having got on board any such steamer, who, upon being requested on the like account by the owner or any person in his employ to leave such steamer before the same has quitted the place at which such person got on board, and who, upon having the full amount of his fare (if he has paid the same) returned or tendered to him, refuses to comply with such request.

[Penalties for avoiding payment of fares.]

(6.) Any person who travels or attempts to travel in any such steamer without having previously paid his fare, and with intent to avoid payment thereof.

[Proceeding beyond distance for which fare paid.]

(7.) Any person who, having paid his fare for a certain distance, knowingly and wilfully proceeds in any such steamer beyond such distance without previously paying the additional fare for the additional distance, and with intent to avoid payment thereof:

[Refusal to quit on arrival at place to which fare paid.]

(8.) Any person who knowingly and wilfully refuses or neglects, on arriving at the point to which he has paid his fare, to quit any such steamer; and

[Refusal to pay or show receipt.]

(9.) Any person on board any such steamer who does not, when required by the master or other officer of such steamer, either pay his fare or exhibit such ticket or other receipt (if any) showing the payment of his fare as is usually given to persons travelling by and paying their fare for such steamer;—

Shall for every such offence be liable to a penalty not exceeding twenty rupees; but such liability shall not prejudice the recovery of any fare payable by him.

[Penalty for injuring steamer or molesting crew.]

CCLII. Any person on board any such steamer, who wilfully does or causes to be done anything in such a manner as to obstruct or injure any part of the machinery or tackle of such steamer, or to obstruct, impede, or molest the crew or any of them in the navigation or management of such steamer, or otherwise in the execution of their duty upon or about such steamer, shall, for every such offence, be liable to a penalty not exceeding two hundred rupees.

দিলে কি দিবার প্রস্তাব করিলেও যদি তিনি জেদ করিয়া ঐ ষ্টীমরে প্রবেশ করিতে চেষ্টা করেন,

[ষ্টীমর পূর্ণ হইলে তাহাহইতে চলিয়া যাইতে স্বীকার না করিলে।]

(৫) কোন ব্যক্তি ষ্টীমরে প্রবেশ করিলে, এবং যে স্থানে উঠিলেন সেই স্থানহইতে ষ্টীমরের প্রস্থান করিবার পূর্ব্বে যদি স্বামী কিম্বা তাহার কোন কর্ম্ম-কারক পূর্ব্বোক্ত কারণে তাঁহাকে ষ্টীমর ত্যাগ করিয়া যাইতে আদেশ করেন এবং যদি অগ্রে ভাড়া দিয়া থাকেন, তবে সেই ভাড়ার সমুদয় টাকা তাহাকে ফিরিয়া দিলে কি দিবার প্রস্তাব করিলেও যদি তিনি ঐ আদেশমতে কর্ম্ম না করেন,

[ভাড়া এড়াইবার চেষ্টা করিলে।]

(৬) যদি কোন ব্যক্তি ভাড়া এড়াইবার অভিপ্রায়ে অগ্রে ভাড়া না দিয়া উক্ত কোন ষ্টীমরে যাত্রা করে কি করিতে চেষ্টা করে,

[যত দূর যাইবার ভাড়া দেওয়া গেল তদধিক দূর গেলে।]

(৭) যদি কোন ব্যক্তি বিশেষ কতক দূরে যাইবার ভাড়া দিয়া অধিক দূরে যাইবার ভাড়া এড়াইবার অভিপ্রায়ে তাহা অগ্রে না দিয়া সেই ষ্টীমরে জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক অধিক দূর যান,

[যে স্থানে যাইবার ভাড়া দেওয়া গেল সেই স্থানে পঁহুছিলে পর প্রস্থান না করিলে।]

(৮) কোন ব্যক্তি যত দূর স্থানের ভাড়া দিয়াছেন সেই স্থানে পঁহুছিলে যদি জ্ঞান ও ইচ্ছাপূর্ব্বক সেই ষ্টীমর ছাড়িয়া যাইতে স্বীকার না করেন কি না যান,

[ভাড়া দিতে কি রসীদ দেখাইতে স্বীকার না করিলে।]

(৯) ঐ ষ্টীমরের অধ্যক্ষ কি অন্য কার্য্যকারক ঐ ষ্টীমরের মধ্য কোন ব্যক্তিকে ভাড়া দিতে আজ্ঞা করিলে যদি না দেন কিম্বা যাঁহারা ভাড়া দিয়া ষ্টীমরে গমন করেন তাঁহারদের সেই ভাড়া দিবার প্রমাণে যে টিকিট কি রসীদ দেওয়া গিয়া থাকে তাহা যদি না দেখান,

তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে ঐ ব্যক্তির বিশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে। কিন্তু সেই দণ্ডের যোগ্যতাহেতুক তাঁহার স্থানে প্রাপ্য ভাড়া আদায় করিবার কোন ব্যাঘাত হইবে না ইতি।

[ষ্টীমরের হানি কি নাবিকপ্রভৃতিকে বিরক্ত করিবার দণ্ডের কথা।]

২৫২ ধারা। ষ্টীমর সংক্রান্ত কোন কলের কি সামগ্রীর কোন অংশের বাধা কি হানি যাহাতে হয়, কিম্বা নাবিকেরা ঐ ষ্টীমর চালাইতেছেন কি তৎসংক্রান্ত কার্য্য করিতেছেন কিম্বা সেই ষ্টীমরে কি তৎসংক্রান্ত বিষয়ে আপনারদের কর্ত্তব্য কর্ম্ম করিতেছেন এমন সময়ে যাহাতে ঐ নাবিকদের কি তন্মধ্য কোন ব্যক্তির বাধা কি প্রতিরোধ কি বৈরক্তি হয় যদি ষ্টীমরের মধ্যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক এমত কর্ম্ম করেন কি করান তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাহার দুই শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[Manner of apprehending offenders.]

CCLIII. It shall be lawful for the master or other officer of any duly surveyed passenger steamer, and for all persons called by him to his assistance, to detain any person who has committed any offence against any of the provisions of the two last preceding Sections of this Act, and whose name and address are unknown to such officer, and to convey such offender with all convenient despatch before some Justice without any warrant or other authority than this Act; and such Justice shall have jurisdiction to try the case, and shall proceed with all convenient despatch to the hearing and determining of the complaint against such offender.

Carrying dangerous Goods.

[Provisions to prevent the taking dangerous goods on board without due notice.]

CCLIV. No person shall be entitled to carry in any ship, or to require the master or owner of any ship to carry therein, any acquafortis, oil of vitriol, gunpowder, or any other goods which, in the judgment of such master or owner, are of a dangerous nature; and if any person carries or sends by any ship any goods of a dangerous nature, without distinctly marking their nature on the outside of the package containing the same, or otherwise giving notice in writing to the master or owner at or before the time of carrying or sending the same to be shipped, he shall, for every such offence, incur a penalty not exceeding one thousand rupees; and the master or owner of any ship may refuse to take on board any parcel that he suspects to contain goods of a dangerous nature, and may require them to be opened to ascertain the fact.

PART V.

Of Enquiries into Wrecks.

[Enquiry may be instituted in cases of wreck and casualty.]

CCLV. In any of the cases following; (that is to say):—

Whenever any ship, whether British or foreign, is lost, abandoned or materially damaged on or near the coasts of British India, the Red Sea, Persian Gulf, or any other coast which the Governor General of India in Council may from time to time declare, by notification in the *Gazette of India*, to be subject to the provisions of this Section:

Whenever any such ship causes loss or material damage to any other such ship on or near such coasts:

[অপরাধিদিগকে ধরিবার নিয়মের কথা।]

২৫৩ ধারা। চড়নদারবাহক যে ষ্টীমরের অবস্থা নিয়মিতরূপে অনুসন্ধান করা গেল কোন ব্যক্তি এই আইনের পূর্ব্বোক্ত দুই ধারার বিধান অমান্য করিয়া কোন অপরাধ করিলে যদি ঐ ষ্টীমরের স্বামী কি অন্য কার্য্যকারক তাহার নাম ও নিবাসাদি না জানেন, তবে সেই কার্য্যকারক ও তিনি আপন সাহায্যের নিমিত্তে যে সকল ব্যক্তিকে আহ্বান করেন তাঁহারা সেই অপরাধিকে আটক করিয়া কোন পরওয়ানা কি অন্য ক্ষমতাপত্র ব্যতীত তাহাকে এই আইনের শক্তিক্রমে সুবিধামতে ত্বরায় কোন জষ্টিসের সম্মুখে উপস্থিত করিবেন। সেই জষ্টিস ঐ বিষয়ের বিচার করিতে সক্ষম হইবেন। এবং ঐ অপরাধির নামে যে অভিযোগ হয় তাহা তিনি সাধ্যমতে ত্বরায় শুনিয়া নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

শঙ্কাজনক দ্রব্য লইবার বিধি।

[উপযুক্ত সম্বাদ না দিয়া জাহাজে শঙ্কাজনক দ্রব্য লওয়া নিবারণার্থ বিধি।]

২৫৪ ধারা। শোরার দ্রাবক কি গন্ধকের দ্রাবক কি বারুদপ্রভৃতি যে দ্রব্য কোন জাহাজের অধ্যক্ষের কি স্বামির বিবেচনায় শঙ্কাজনক হয় তাহা কোন ব্যক্তি ঐ জাহাজে লইতে কিম্বা অধ্যক্ষকে কি স্বামিকে লইবার আদেশ করিতে ক্ষমতাপন্ন হইবেন না। আশঙ্কাজনক কোন দ্রব্য যে বস্তাপ্রভৃতিতে বদ্ধ থাকে তাহার বহির্ভাগে সেই দ্রব্যের ভাবাদি স্পষ্টরূপে অঙ্কিত থাকিবে, কিম্বা জাহাজে লইয়া যাইবার কি পাঠাইবার পূর্ব্বে অধ্যক্ষকে কি স্বামিকে সেই দ্রব্যের ভাবাদি লিখিয়া জানাইতে হইবে। যদি কোন ব্যক্তি তাহা না করিয়া উক্ত প্রকারের কোন দ্রব্য জাহাজে লইয়া যান কি আনেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারে। কোন বস্তাপ্রভৃতিতে আশঙ্কাজনক দ্রব্য আছে জাহাজের অধ্যক্ষ কি স্বামী এমত সন্দেহ করিলে তিনি জাহাজে তাহা লইতে অসম্মত হইতে পারিবেন, এবং সেই বিষয় নিশ্চয় জানিবার জন্যে ঐ বস্তাপ্রভৃতি খুলিয়া দেখাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

---

৫ খণ্ড।

জাহাজের ভঙ্গ বিষয়ে অনুসন্ধান করিবার বিধি।

[জাহাজ ভগ্ন হইলে কি অন্য বিপত্তি হইলে হেতু অনুসন্ধান করিবার কথা।]

২৫৫ ধারা। নিম্নলিখিত কোন স্থলে অর্থাৎ,

যদি ব্রিটনীয় কি ভিন্নদেশীয় কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের সমুদ্র কিম্বা সুফ সমুদ্র কিম্বা পারস্য উপসাগরের কুল দেশে কি তন্নিকটে, অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন প্রকাশপূর্ব্বক সমুদ্র কুলগত অন্য যে দেশ এই ধারার বিধানের অধীন প্রকাশ করেন, সেই দেশে কি তন্নিকটে নষ্ট কি ত্যক্ত কি গুরুতর ক্ষতিগ্রস্ত হয়, কিম্বা

যদি সেই দেশে কি তন্নিকটে কোন এক জাহাজের দ্বারা অন্য জাহাজ মারা পড়ে কি তাহার গুরুতর ক্ষতি হয়, কিম্বা

Whenever, by reason of any casualty happening to or on board of any such ship on or near such coasts, loss of life ensues:

Whenever any such loss, abandonment, damage, or casualty happens elsewhere to or on board any ship registered at any port or place in British India, under the Merchant Shipping Act, 1854, or under this Act:—

It shall be the duty of any civil officer of Government residing at or near the place where such loss, abandonment, damage or casualty occurred, if the same occurred in British India, but if elsewhere, at or near the place where such witnesses as hereinafter mentioned arrive or are found, to give notice of the same to the Local Government: It shall be lawful for the Local Government, whether such notice be given or not, if a formal investigation appears to it to be requisite or expedient, to appoint two persons to make the same. The investigation shall be held at such place as the Local Government shall deem best for the convenient examination of the witnesses. One of the persons to be so appointed, shall be such Magistrate as the Local Government shall select in this behalf, and the other may be any person conversant with maritime affairs.

[Powers of Chief Commissioner of British Burmah, Commissioner in Sind, Residents at Aden and Bushire, and Consul at Zanzibar.]

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুক্ত এক জে বার্ণো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 22, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২২ অক্টোবর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

Simla, the 2nd August 1867.

THE following Bill and Statement of Objects and Reasons accompanying it are published for general information, by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the Conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purposes of making Laws and Regulations :—

THE INDIAN CONTRACT LAW, 1867.

PART I.

PRELIMINARY.

[Short title.]

1. This Act may be called the "Indian Contract Law, 1867."

[Interpretation Clause.]

2. In this Act,—unless there be something repugnant in the subject or context :—

[Number. Gender.]

Words importing the singular number include the plural, words importing the plural number include the singular, and words importing the male sex include females ;

["Person."]

"Person" includes any Company or Association, or body of persons whether incorporated or not ;

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

শিমলা। ১৮৬৭ সাল ২ আগষ্ট।

আইন ও ব্যবস্থা করণার্থে ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অধিবেশন কালে কার্য্য করিবার যে বিধি হইয়াছে তাহার ১৯ ধারামতে মহামহিম শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি এবং অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৭ সালের ভারতবর্ষীয় চুক্তির আইন।

১ খণ্ড।

পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "১৮৬৭ সালের ভারতবর্ষীয় চুক্তির আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[অর্থ করণের ধারা।]

২ ধারা। এই আইনের উল্লিখিত বিষয়ের কি পূর্ব্বাপর কথার সহিত অসঙ্গত না হইলে, এই আইনেতে

["বচন ও লিঙ্গ"]

এক বচনান্ত শব্দেতে বহুবচনান্ত শব্দ ও বহুবচনান্ত শব্দেতে এক বচনান্ত শব্দ বুঝাইবে, এবং পুংলিঙ্গ বোধক শব্দের মধ্যে স্ত্রীগণও গণ্য।

["ব্যক্তি"]

"ব্যক্তি" শব্দের মধ্যে কোন কোম্পানি কি লোক সমাজ ও সমবায়িত কি অসমবায়িত লোক সমাজ বুঝাইবে।

["Child."]

"Child" in the case of any one whose personal law permits adoption, includes an adopted child ;

["Immoveable property."]

"Immoveable property" includes land, any benefit to arise out of land, and things attached to the earth or permanently fastened to anything attached to the earth ;

["Moveable property."]

"Moveable property" means property of every description, except immoveable property ;

["British India."]

"British India" means the territories which are, or may become, vested in Her Majesty or Her Successors by the Statute 21 and 22 Vic., Cap. 106 (*an Act for the better government of India.*)

[Repeal of Acts.]

3. The enactments specified in the first Schedule hereto, are repealed ; but nothing herein contained shall be deemed to affect the enactments specified in the second Schedule hereto, nor any enactment of the Governor General of India in Council, the Lieutenant-Governor of Bengal in Council, the Governor of Fort St. George in Council, or the Governor of Bombay in Council, relating to the emigration or transport or contracts of Native Labourers, or saving the members of Municipal Committees from personal liability.

PART II.

Of Contract in General.

[Contract defined.]

4. A contract is an agreement between parties whereby a party engages to do a thing or engages not to do a thing.

A contract may contain several engagements, and they may be either by the same party or by different parties.

A contract may be expressed or implied, or partly expressed and partly implied.

A contract or part of a contract may be expressed either orally or by writing.

A contract or part of a contract is said to be implied when it is to be inferred from the circumstances of the case, and things spoken or written, or the ordinary course of dealing, may be accounted circumstances of the case.

Illustrations.

(*a.*) A. orally agrees with B. to buy of him at a certain price 500 maunds of rice. This is a contract expressed orally.

["সন্তান।"]

ব্যক্তি বিশেষের প্রতি যে ব্যবস্থা বর্ত্তে তদ্দারা পোষ্যপুত্র গ্রহণের অনুমতি থাকিলে "সন্তান" শব্দে পোষ্য পুত্রও বুঝাইবে।

["স্থাবর সম্পত্তি।"]

ভূমি, এবং ভূমিহইতে যে লভ্য উৎপন্ন হয় এবং যেং দ্রব্য মৃত্তিকাতে সংলগ্ন থাকে এবং মৃত্তিকা[illegible] সংলগ্ন দ্রব্যেতে যে দ্রব্য চিরন্তনরূপে সংযুক্ত হয়, "স্থাবর সম্পত্তি" শব্দে সেই সকল বিষয় বুঝাইবে।

["অস্থাবর সম্পত্তি।"]

স্থাবর সম্পত্তি ভিন্ন সকল প্রকারের সম্পত্তি "অস্থাবর সম্পত্তি" শব্দে বুঝাইবে।

["ব্রিটনীয় ভারতবর্ষ।"]

ভারতবর্ষের সুশাসন করণার্থ আইন নামে মহারাণী বিক্টরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইনক্রমে যে সকল দেশ শ্রীশ্রীমতী মহারাণীর ও তাহার উত্তরাধিকারিগণের প্রতি বর্ত্তে "ব্রিটনীয়" ভারতবর্ষ শব্দে সেই সকল দেশ বুঝাইবে ইতি।

[যেং আইন রহিত হইল তাহার কথা।]

৩ ধারা। এই আইনের প্রথম তফসীলে যে সকল আইন নির্দ্দিষ্ট হইল তাহা রহিত করা গিয়াছে। কিন্তু এই আইনের দ্বিতীয় তফসীলে দেশীয় মজুরদের ভিন্ন দেশ গমনের কি স্থানান্তরে প্রেরণের কি তাহারদের সঙ্গে চুক্তির বিষয়ে, এবং যাঁহারা মুনিসিপল কমিটীর মেম্বর হন তাঁহারদিগকে দায় হইতেমুক্ত করণ বিষয়ের যে সকল আইন নির্দ্দিষ্ট হইয়াছে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ও মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ও মন্ত্রিসভাধিষ্ঠিত ফোর্ট সেন্ট জর্জ্জের শ্রীযুত গবর্ণর্ সাহেব ও মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর্ সাহেব উক্ত বিষয়ের যে বিধান করিয়াছেন, এই আইনের কোন কথাতে তাহার ব্যতিক্রম হইবে না ইতি।

২খণ্ড।

সাধারণ চুক্তির বিধি।

[চুক্তির অর্থ করিবার কথা।]

৪ ধারা। যে সংশ্রবক্রমে কোন ব্যক্তি কোন কর্ম্ম করিতে প্রতিজ্ঞা করেন কিম্বা কর্ম্ম না করিতে প্রতিজ্ঞা করেন তাহাই চুক্তি।

এক চুক্তির মধ্যে অনেক প্রতিজ্ঞা থাকিতে পারে, সেই সকল প্রতিজ্ঞা একি ব্যক্তির কিম্বা ভিন্নং ব্যক্তির দ্বারা হইতে পারে।

চুক্তি স্পস্টরূপে ব্যক্ত কিম্বা ভাবত অনুবোধ হইতে পারে। কিম্বা তাহার একাংশ স্পষ্ট অন্য অংশ অনুভাবিত হইতে পারে।

চুক্তি কিম্বা চুক্তির একাংশ বচন কি লিপিদ্বারা ব্যক্ত হইতে পারে।

যদি বিষয়ের ভাবগতিক ক্রমে চুক্তির কিম্বা চুক্তির কোন অংশের অনুভব হয় তবে তাহাকে অনুভাবিত চুক্তি বলা যায়। কোন উক্তি কিম্বা কোন লিপি কিম্বা ক্রয়বিক্রয়াদির সামান্য রীতিই সেই ভাবগতিকের মধ্যে আসিতে পারে।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে বলেন, আমি অমুক মূল্যে তোমার স্থানে ৫০০ মণ চাউল ক্রয় করিব। এই চুক্তি বাচনিক।

(b.) A. orders of B., by writing, 500 maunds of rice at a certain price. B. by writing accepts the order. This is a contract expressed by writing.

(c.) A. orally agrees with B. to buy of him 500 maunds of rice at a price to be fixed afterwards. The price is afterwards fixed by correspondence between A. and B. This is a contract expressed, in part orally and in part by writing.

(d.) A. orally orders B., a tailor, to make him a coat. B. accepts the order. The contract thus made contains an implied engagement by B. that the coat to be made for A. shall be of suitable materials, and shall fit A.; and an implied engagement by A. that he will accept the coat, and will pay for it, if within a reasonable time it shall be so made.

(e.) A., by writing, orders of B. 500 maunds of the best rice, lying in his godowns. B. accepts the order. There is an implied engagement on A.'s part to pay a reasonable price for the rice.

[Who may contract.]

5. Every person who is of the age of majority according to the law to which he is subject, and who is of sound mind, may enter into a contract.

Explanation 1.—Persons who are, deaf, or dumb, or blind, are not thereby incapacitated for entering into a contract, if they are able to know what they do by it.

Explanation 2.—One who is ordinarily insane may make a contract during an interval in which he is of sound mind.

Explanation 3.—No person can enter into a contract while he is in such a state of mind, whether arising from drunkenness, or from illness, or from any other cause, that he does not know what he is doing.

[Retraction or alteration of proposal.]

6. A proposal to enter into a contract may be retracted, or the terms of it altered by the party making it, at any time before it is accepted.

Explanation.—A proposal is said to be accepted when an expressed acceptance of it has been communicated to the proposer; or when a letter of acceptance is posted or a telegraphic message of acceptance is delivered at a proper office, and the acceptance by letter or telegram is not cancelled by some communication which reaches the proposer before or at the same time with the letter or telegram of acceptance; or when acceptance is to be inferred from the circumstances of the case.

Illustration.

A. sends goods to B. for sale or return. B. sells the goods to C. B. has accepted the goods.

(b) আনন্দ বলরামকে লিখিয়া বলেন, তুমি অমুক মূল্যে ৫০০ শত মণ চাউল দেও। বলরাম লিখনদ্বারা তাহা দিতে অঙ্গীকার করেন। এই চুক্তি লিখিত।

(c) আনন্দ বলরামের নিকট এই বাচনিক প্রতিজ্ঞা করেন, আমি তোমার স্থানে ৫০০ মণ চাউল লইব, মূল্য পশ্চাৎ স্থির করা যাইবে। পরে আনন্দের ও বলরামের মধ্যে লিখন পঠন হইয়া মূল্য স্থির করা গেল। এই স্থলে চুক্তি অংশত বাচনিক ও অংশত লিখিত হইয়াছে।

(d) আনন্দ বলরাম নামক দরজীকে একটা জামা প্রস্তুত করিতে আজ্ঞা করেন। বলরাম তাহা করিতে স্বীকার করেন। এই প্রকার যে চুক্তি করা গেল তদ্দারা আনন্দের জন্যে যে জামা প্রস্তুত করা যাইবে তাহা উপযুক্ত কাপড়ে প্রস্তুত হইয়া আনন্দের গাত্রে ঠীক লাগিবে এই প্রতিজ্ঞা অনুভাবিত এবং সেই জামা উপযুক্ত সময়ের মধ্যে উক্ত প্রকারে প্রস্তুত করা গেলে আনন্দ তাহা গ্রহণ করিয়া মূল্য দিবেন ইহাও অনুভাবিত।

(e) আনন্দ বলরামের নিকট পত্র লিখিয়া বলেন তোমার আড়তে অতি উত্তম যে চাউল আছে তাহার ৫০০ মণ আমাকে দিতে হইবে। বলরাম তাহা দিতে স্বীকার করেন। এমন স্থলে আনন্দ ঐ চাউলের উপযুক্ত মূল্য দিবেন ইহার অনুভব হয়।

[যে ব্যক্তি চুক্তি করিতে পারেন তাঁহার কথা।]

৫ ধারা। কোন ব্যক্তির প্রতি যে ব্যবস্থা বর্ত্তে তদনুসারে তিনি বয়োপ্রাপ্ত ও প্রকৃতিস্থ মনা হইলে, চুক্তি করিতে পারেন।

১ ব্যাখ্যা। যাঁহারা বধির ও মূক ও অন্ধ তাঁহারা যদি চুক্তির মর্ম্ম বুঝিতে পারেন, তবে বধিরপ্রভৃতি হওয়াতে চুক্তি করিতে অক্ষম নহেন।

২ ব্যাখ্যা। সামান্যতঃ বিকৃতমনা ব্যক্তি কোন সময়ে প্রকৃতিস্থ হইলে সেই সময়ে চুক্তি করিতে সক্ষম।

৩ ব্যাখ্যা। উন্মত্ততা কি পীড়াপ্রযুক্ত কিম্বা অন্য কারণে কোন ব্যক্তি যাহা করে তাহা মনের বিকার বশতঃ বুঝিতে না পারিলে চুক্তি করিতে পারিবে না ইতি।

[প্রস্তাবের নিবর্ত্তনের কি পরিবর্ত্তনের কথা।]

৬ ধারা। চুক্তি করিবার কোন প্রস্তাব হইলে যে ব্যক্তি চুক্তি করিবেন তিনি তাহা স্বীকার করিবার পূর্ব্বে তাহা নিবৃত্ত করিতে কিম্বা চুক্তির নিয়ম পরিবর্ত্তন করিতে পারিবেন।

ব্যাখ্যা। কোন ব্যক্তি অন্যের নিকট কোন কার্য্যের প্রস্তাব করিলে যদি সেই প্রস্তাব গ্রাহ্য করিবার কথা ব্যক্ত হইয়া থাকে, অথবা যদি গ্রাহ্য করণসূচকপত্র ডাকে দেওয়া গিয়া থাকে, অথবা টেলিগ্রাফদ্বারা গ্রাহ্য করণসূচক সম্বাদ উপযুক্ত আফিসে দেওয়া গিয়া থাকে, এবং গ্রাহ্য করণসূচক সেই পত্র কি টেলিগ্রাফ যে সময়ে প্রস্তাবকারকের নিকটে পঁহুছে, যদি সেই সময়ে কি তৎপূর্ব্বে ঐ পত্র কি সম্বাদের কথা রহিত করণার্থে অন্য পত্রাদি না পঁহুছে, অথবা যদি বিষয়ের ভাবগতিকক্রমে সেই প্রস্তাব স্বীকৃত হওয়ার অনুভব হয়, তবে প্রস্তাব স্বীকৃত হইয়াছে বলা যায়।

উদাহরণ।

আনন্দ বলরামের নিকটে কোন সামগ্রী পাঠাইয়া তাহা বিক্রয় করিতে, নতুবা ফিরিয়া দিতে বলেন। বলরাম চন্দ্রকে সেই সামগ্রী বিক্রয় করেন। বলরাম ঐ সামগ্রী গ্রাহ্য করিয়াছেন।

[Acceptance of proposals.]

7. A proposal does not bind the party making it, unless it be accepted within the time prescribed for its acceptance, or, if no time is prescribed, within a reasonable time.

[Effect of deceit, coercion and undue influence.]

8. Any engagement which a contracting party has been induced to form by deceit or coercion, or by such influence as impedes or interferes with the freedom of his agency, renders the contract voidable at the option of that party.

Explanation 1.—Deceit may be practised on a person, not only by intentionally inducing him to believe what is not true, but by intentionally concealing truth from him.

Explanation 2.—In order to enable a party to annul a contract by reason of deceit, it must appear, where a false representation has been made, that he relied on the representation; and where the truth has been concealed, that he had not the means with ordinary diligence of discovering the truth.

Illustrations.

(*a*.) A., intending to deceive B., falsely represents that 500 maunds of indigo are made annually at A.'s factory, and thereby induces B. to buy the factory. The contract is voidable.

(*b*.) A., in order to deceive B., falsely informs him that 500 maunds of indigo are made annually at A.'s factory. B., not relying on this statement, examines the accounts of the factory, which show that only 400 maunds of indigo have been made. After this B. buys the factory. The contract is not voidable on account of A.'s misstatement.

(*c*.) B. having discovered a seam of coal on A.'s estate, does not communicate that circumstance to A., and buys the estate at a price fixed by A. in ignorance of the existence of the coal. The sale is not voidable on account of B.'s conduct.

(*d*.) B. having discovered a vein of ore on the estate of A., adopts means to conceal and does conceal from A. the existence of the ore, so that A. cannot, with ordinary diligence, discern its existence. Through A.'s ignorance, B. is enabled to buy the estate at an undervalue. The sale is voidable.

(*e*.) A. is entitled to succeed to an estate at the death of B. B. dies. C. having received intelligence of B.'s death, conceals the fact from A., and induces A. to sell him his interest in the estate. The sale is voidable.

(*f*.) B., by deceit, induces A. to enter into an engagement with B. for the benefit of C., who is not privy to the deceit. The engagement is voidable.

(*g*.) A., a young female, who has resided during her minority in the family of B., her guardian, continues to

[প্রস্তাব স্বীকার করিবার কথা।]

৭ ধারা। প্রস্তাব হইলে যদি তাহা গ্রাহ্য করিবার সময় নিরূপণ হয় তবে সেই সময়ের মধ্যে, কিম্বা সময় নিরূপণ না হইলে যুক্তিমত সময়ের মধ্যে, গ্রাহ্য না হইলে, প্রস্তাবকারী তাহাতে বদ্ধ হন না ইতি।

[বঞ্চনার ও বলের ও অবিহিত প্রতিপত্তির ফলের কথা।]

৮ ধারা। যে ব্যক্তি চুক্তি করেন তিনি যদি প্রবঞ্চিত হইয়া, কিম্বা বলক্রমে কিম্বা অন্যের যে প্রতিপত্তিতে তাঁহার স্বেচ্ছাচারিতার নিবারণ কি ব্যাঘাত হয় তৎপ্রযুক্ত প্ররোচিত হইয়া প্রতিজ্ঞা করেন, তবে তিনি ইচ্ছা করিলে, সেই চুক্তি ব্যর্থ হইবে।

১ ব্যাখ্যা। ইচ্ছাপূর্ব্বক কোন ব্যক্তির মিথ্যা কথায় বিশ্বাস জন্মাইবাতে যেমন তাঁহার প্রতি বঞ্চনা হয় তেমনি তাঁহাহইতে সত্য কথা গুপ্ত রাখনদ্বারাও তাঁহার প্রতি বঞ্চনা হইতে পারে।

২ ব্যাখ্যা। যে স্থলে অসত্য বর্ণনা হইল সেই স্থলে প্রতিজ্ঞাকারি ব্যক্তি প্রবঞ্চিত হইয়াছে বলিয়া সেই চুক্তিহইতে মুক্ত হইতে চাহিলে, তিনি সেই বর্ণনায় বিশ্বাস করিলেন, ইহা দর্শান আবশ্যক। যদি তাঁহার নিকটে সত্য কথা গুপ্ত করা গিয়া থাকে, তবে সামান্য যত্নক্রমে তাঁহার ঐ সত্য বর্ণনা জানিবার উপায় ছিল না ইহা দর্শান আবশ্যক।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে বঞ্চনা করিবার অভিপ্রায়ে মিথ্যা করিয়া বলেন যে আমার কুঠীতে বৎসর ৫০০৲ মণ নীল প্রস্তুত হইয়া থাকে। তাহাতে বলরাম প্ররোচিত হইয়া ঐ কুঠী ক্রয় করেন। ঐ চুক্তি ব্যর্থ করা যাইতে পারিবে।

(*b*) আনন্দ বলরামকে বঞ্চনা করিবার অভিপ্রায়ে তাঁহাকে মিথ্যা করিয়া বলেন যে আমার কুঠীতে বৎসর ৫০০ মণ নীল প্রস্তুত হইয়া থাকে। বলরাম সেই কথার উপর নির্ভর না করিয়া কুঠীর হিসাব খাতা দেখিয়া জানিতে পাইলেন যে কেবল ৪০০ মণ নীল প্রস্তুত হইয়াছে। তাহার পর বলরাম ঐ কুঠী ক্রয় করেন। এমন স্থলে আনন্দের অসত্য বর্ণনা হেতুক ঐ চুক্তি অসিদ্ধ হইতে পারিবে না।

(*c*) বলরাম আনন্দের সম্পত্তির মধ্যে কয়লার আকরের লক্ষণ দেখিয়া আনন্দকে সেই কথা জ্ঞাত করেন না এবং আনন্দ সেই বিষয় অনবগত হইয়া সম্পত্তির যে মূল্য ধার্য্য করেন বলরাম সেই মূল্যে ঐ সম্পত্তি ক্রয় করেন। এই স্থলে বলরামের আচরণ হেতুক বিক্রয় অসিদ্ধ হইতে পারে না।

(*d*) বলরাম আনন্দের সম্পত্তিতে কোন ধাতুর আকরের লক্ষণ দেখিয়া আনন্দ তাহা জানিতে না পান এমন উপায় করেন ও আনন্দের নিকট সেই কথা গোপন করিয়া রাখেন তাহাতে সামান্য যত্নক্রমে আনন্দ সেই ধাতু থাকার কথা জানিতে পান নাই। ঐ অনবগতি হেতুক বলরাম ন্যূন মূল্যে ঐ সম্পত্তি ক্রয় করিতে পাইলেন। এই স্থলে বিক্রয় অসিদ্ধ হইতে পারে।

(*e*) বলরামের মৃত্যু হইলে সম্পত্তিতে আনন্দের উত্তরাধিকারিত্ব আছে। বলরামের মৃত্যু হইল, চন্দ্র তাঁহার মৃত্যুর সম্বাদ পাইয়া আনন্দের নিকট তাহা গোপন করিয়া ঐ সম্পত্তিতে তাঁহার যে স্বার্থ আছে তাহা তাঁহাকে বিক্রয় করিতে লওয়ায়। সেই বিক্রয় অসিদ্ধ হইতে পারে।

(*f*) বলরাম বঞ্চনার দ্বারা চন্দ্রের লভ্যের জন্যে আনন্দকে আপনার সহিত কোন চুক্তি করিতে লওয়ান। চন্দ্র সেই বঞ্চনার কথা জানেন না। এমন স্থলে সেই চুক্তি অসিদ্ধ হইতে পারে।

(*g*) আনন্দমণি বাল্যাবস্থায় বলরাম নামক অভিভাবকের ঘরে বাস করিতেন বয়ঃপ্রাপ্তা হইলেও তথায় বাস

reside with him after attaining majority, and is induced, by means of his influence, to enter into a contract with him which is disadvantageous to himself. The contract is voidable.

[Effect of false representation inducing a contract.]

9. A person who, either knowingly or ignorantly, makes a false representation whereby he induces another to enter into a contract with him, is bound to place the other in the same position as if the representation had been true, and in default of his doing so the contract is voidable at the option of the person who has been misled.

Explanation.—Where a party's consent to an engagement by contract has been given through a mistake as to the substance of the thing which is the subject of the engagement, and the mistake was occasioned, however innocently, by the other party, this has the same effect as a false representation.

Illustrations.

(*a*.) A. informs B. that A.'s estate is exempt from the payment of revenue to Government; B. thereupon buys the estate. It turns out that the estate is not exempt from the payment of revenue, and that such exemption cannot be obtained. The sale is voidable.

(*b*.) A. informs B. that A.'s estate is within a mile of the town of Ramnagar; B. thereupon buys the estate. The estate is found to be two miles from the town. The sale is voidable.

(*c*.) A. informs B. that A.'s estate is free from incumbrance. B. thereupon buys the estate. It turns out that the estate is subject to a mortgage. A. must redeem the mortgage; or if he cannot do so the contract is voidable.

(*d*.) A. and B. are partners in a mercantile business. A. is the managing partner, B. is ignorant of the state of the business. A. and B., in order to induce C. to become a partner with them, show him a statement of the affairs of the partnership, which is wrong by a large amount. C., relying upon the statement, joins the firm, and for several years does not discover the falsity of the statement. The contract of partnership is voidable at the option of C.

[Mistake of fact.]

10. Where both the parties to an engagement by contract are under a mistake as to a matter of fact essential to the engagement, the engagement is void.

Explanation.—An erroneous opinion as to the value of the thing which forms the subject-matter of the contract, is not to be considered a mistake as to a matter of fact.

Illustrations.

(*a*.) A. agrees to sell to B. a cargo of goods, supposed to be on its way from England to Bombay. It turns out that before the day of the bargain the ship conveying the cargo had been cast away and the goods lost.

করেন। পরে বলরাম আপন প্রতিপত্তির দ্বারা আপনার সহিত আনন্দবিহিকে কোন চুক্তি করাইলেন কিন্তু তাহাতে ঐ ধীর ক্ষতি সম্ভাবনা। ঐ চুক্তি ব্যর্থ করা যাইতে পারে।

[মিথ্যা বর্ণনা দ্বারা চুক্তি করিতে প্রবৃত্তি দিলে তাহার ফলের কথা।]

৯ ধারা। যদি কোন ব্যক্তি জ্ঞাতসারে কি অজ্ঞাতসারে কোন মিথ্যা বর্ণনা দ্বারা অন্য ব্যক্তিকে আপনার সহিত চুক্তি করিতে লওয়ান, তবে সেই বর্ণনা সত্য হইলে ঐ অন্যের যে অবস্থা হইত তাঁহাকে ঐ ব্যক্তির অবশ্য সেই অবস্থাপন্ন করিতে হইবে। যদি না করেন, তবে যিনি ভ্রান্ত হইয়াছেন তাঁহার ইচ্ছা হইলে ঐ চুক্তি ব্যর্থ হইতে পারিবে।

ব্যাখ্যা। যে বিষয় লইয়া প্রতিজ্ঞা করা যায় যদি কোন ব্যক্তি সেই বিষয়ের মর্ম্মেতে ভ্রান্ত হইয়া চুক্তিক্রমে প্রতিজ্ঞা করিতে সম্মত হন, এবং অপর পক্ষ ইচ্ছা না করিয়া তাঁহার সেই ভ্রান্তির কারণ হইয়াছেন, তবে সেই স্থলে মিথ্যা বর্ণনা করিবার তুল্য ফল হইবে।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে বলেন যে আমার মহাল লাখেরাজ। তাহাতে বলরাম ঐ মহাল ক্রয় করেন। পরে দৃষ্ট হইল যে তাহা লাখেরাজ নয় ও লাখেরাজ করা যাইতে পারে না। এমত স্থলে ঐ বিক্রয় অসিদ্ধ হইতে পারিবে।

(*b*) আনন্দ বলরামকে বলেন যে আমার মহাল রামনগরহইতে আধ ক্রোশের মধ্যে। ইহাতে বলরাম ঐ সম্পত্তি ক্রয় করেন। পরে নগরহইতে মহাল এক ক্রোশান্তর দেখিতে পান। বিক্রয় অসিদ্ধ হইতে পারিবে।

(*c*) আনন্দ বলরামকে বলেন যে আমার মহালের উপর ঋণাদির কোন দায় নাই। তাহাতে বলরাম তাহা ক্রয় করেন। করিলে পর ঐ সম্পত্তি বন্ধকে বদ্ধ দেখা গেল। এমত স্থলে আনন্দের সেই সম্পত্তি মুক্ত করিতে হইবে, নতুবা চুক্তি অসিদ্ধ হইতে পারিবে।

(*d*) আনন্দ ও বলরাম কোন বাণিজ্য ব্যবসায়ের অংশী। আনন্দ অধ্যক্ষ। বলরাম সেই ব্যবসায়ের অবস্থা জানেন না। আনন্দ ও বলরাম আপনাদের সহিত চন্দ্রকেও অংশী হইতে লওয়াইবার জন্যে তাঁহাকে ঐ অংশিত্ব ব্যাপারের বর্ণনাপত্র দেখাইলেন, কিন্তু তাহাতে অনেক টাকার ভুল আছে। চন্দ্র ঐ বর্ণনার প্রতি নির্ভর করিয়া ঐ কর্ম্মের অংশী হন এবং বহুকাল ঐ বর্ণনার অসত্যতা জানিতে পারিলেন না। চন্দ্র ইচ্ছা করিলে সেই অংশিত্বের চুক্তি অসিদ্ধ হইতে পারিবে।

[বৃত্তান্তঘটিত ভ্রমের কথা।]

১০ ধারা। প্রতিজ্ঞাসম্পর্কে যে বৃত্তান্ত গুরুতর যদি চুক্তিসংক্রান্ত প্রতিজ্ঞার উভয় পক্ষ সেই বৃত্তান্ত বিষয়ে ভ্রান্ত হন, তবে সেই প্রতিজ্ঞা ব্যর্থ।

ব্যাখ্যা। যে বিষয়সম্পর্কে চুক্তি হয় যদি তাহার মূল্যের ভ্রম থাকে তবে তাহা বৃত্তান্তঘটিত ভ্রম জ্ঞান হইবে না।

উদাহরণ।

(*a*) ইঙ্গলণ্ডহইতে বোম্বাইয়ে জাহাজে কোন দ্রব্যসামগ্রী আনীত হইতেছে এই অনুভবে আনন্দ বলরামকে সেই দ্রব্য বিক্রয় করেন। শেষে দৃষ্ট হয় যে সেই চুক্তি হইবার পূর্ব্ব দিবসে ঐ দ্রব্যবাহি জাহাজ ভগ্ন হইয়াছিল ও দ্রব্য নষ্ট হইল

Neither party was aware of these facts. The contract is void.

(b.) A. buys of B. a certain horse. It turns out that the horse was dead at the time of the bargain, though neither party was aware of the fact. The sale is void.

(c.) A. being entitled to an estate for the life of B., agrees to sell it to C. B. was dead at the time of the contract, but both parties were ignorant of the fact. The contract is void.

[Mistake of law.]

11. The validity of a contract is not affected by the circumstance that a party was at the time of making it under a mistake of law.

Explanation.—A mistake in respect of a law not in force in British India has the legal consequences of a mistake not of law but of fact.

Illustration.

A. owes to B. a debt, the payment of which at a fixed time is guaranteed by C. B. contracts with A. to give time to A., C. not assenting to the arrangement. B. is not aware, at the time of entering into this contract, that its legal effect will be to discharge C. from liability under his guarantee. B. is nevertheless bound by his contract to give time to A.

[Certainty of subject.]

12. The subject of every contract must be certain, or capable of being made certain.

Illustrations.

(a.) A. agrees to sell to B. "100 tons of oil," the kind of oil not being specified or in any way indicated. The contract is void for uncertainty.

(b.) A. agrees to sell to B. 100 tons of oil of a specified description, known as an article of commerce. There is no uncertainty here to prevent the contract from being valid.

(c.) A., who is a dealer in cocoanut oil only, agrees to sell to B. "100 tons of oil." The nature of A.'s trade affords an indication of the meaning of the words, and A. has entered into a contract for the sale of 100 tons of cocoanut oil.

(d.) A. agrees to sell to B. "all the grain in his granary at Ramnagar." There is no uncertainty here to prevent the contract from being valid.

(e.) A. agrees to sell to B. 1,000 maunds of rice at a price to be fixed by C. The subject of the contract is capable of being made certain, and there is no uncertainty here to prevent the contract from being valid.

[Object and consideration. Promise when binding.]

13. In order to the validity of an engagement by contract there must be a lawful object and a good consideration.

First Exception.—A person who makes a promise, whether upon good consideration or not, is bound to perform it if the promise be expressed

কিন্তু চুক্তিকার কোন পক্ষ তাহা জানিতেন না। চুক্তি অসিদ্ধ হইল।

(b) আনন্দ বলরামের নিকটে ঘোড়া ক্রয় করেন। পরে দৃষ্ট হইল যে ঐ চুক্তি করণের কালে উভয় পক্ষের অজ্ঞাতসারে ঘোড়া মরিয়াছিল। বিক্রয় অসিদ্ধ হইল।

(c) বলরামের বিদ্যমানে আনন্দ কোন সম্পত্তির স্বত্ববান হইয়া চন্দ্রকে তাহা বিক্রয় করিতে সম্মত হন। ঐ চুক্তি করণ সময়ে বলরাম মৃত ছিলেন কিন্তু উভয় পক্ষ তাহা জানিতেন না। চুক্তি ব্যর্থ হইয়াছে।

[ব্যবস্থাঘটিত ভ্রমের কথা।]

১১ ধারা। চুক্তিকারকদের কোন এক পক্ষ ঐ চুক্তি করণ সময়ে ব্যবস্থাঘটিত কোন বিষয়ে ভ্রান্ত হইলে চুক্তির সিদ্ধতার ব্যাঘাত হয় না।

ব্যাখ্যা। ব্রিটনীয় ভারতবর্ষে যে আইন প্রবল নহে, তদ্বিষয়ে ভ্রম হইলে আইনমতে তাহার ব্যবস্থাঘটিত ভ্রমের ফল না হইয়া বৃত্তান্তঘটিত ভ্রমের ফল হইবে।

উদাহরণ।

আনন্দ বলরামের নিকট ঋণী। ও চন্দ্র সেই ঋণ নিরূপিত সময়ে শোধ হইবার প্রতিভূ হন। বলরাম আনন্দকে অধিক সময় দিবার চুক্তি করেন, কিন্তু তাহা চন্দ্রের সম্মতিক্রমে করা যায় নাই। বলরামের সেই চুক্তি হেতুক চন্দ্র আইনমতে প্রাতিভাব্যের দায়হইতে মুক্ত হইবেন, কিন্তু সেই চুক্তি করণ সময়ে বলরাম ইহা জানিতেন না। তথাপি চুক্তি-অনুসারে আনন্দকে বলরামের অবশ্য অধিক সময় দিতে হইবে।

[চুক্তির বিষয় নিশ্চিত হইবার কথা।]

১২ ধারা। চুক্তির বিষয় নিশ্চিত হওয়া, কিম্বা নিশ্চয় করিতে পারা যায় এমত বিষয় হওয়া আবশ্যক।

উদাহরণ।

(a) আনন্দ বলরামকে ১০০ টণ তৈল বিক্রয় করিতে সম্মত হন। কিন্তু কি প্রকারের তৈল দিবেন ইহা নির্দিষ্ট নাই ও কোন প্রকারে লক্ষিতও হয় নাই। অনিশ্চিততা প্রযুক্ত ঐ চুক্তি অসিদ্ধ হইল।

(b) বিশেষ প্রকারের কোন তৈল লইয়া বাণিজ্য হইয়া থাকে ইহা সর্ব্বসাধারণের সুবিদিত হইলে আনন্দ বলরামকে তৈলের ১০০ টণ বিক্রয় করিতে স্বীকার করিলেন। ঐ স্থলে চুক্তি যাহাতে সিদ্ধ না হয় এমত অনিশ্চিততা নাই।

(c) আনন্দ কেবল নারিকেল তৈল বিক্রয় করিয়া থাকেন ও বলরামকে ১০০ টণ তৈল বিক্রয় করিতে স্বীকার করিলেন। আনন্দ যে বাণিজ্য করিয়া থাকেন তদ্দ্বারা তাঁহার কথার ভাব লক্ষিত হয়, সুতরাং আনন্দ ১০০ টণ নারিকেল তৈল বিক্রয় করিতে চুক্তি করিয়াছেন।

(d) আনন্দ বলরামকে বলেন যে, রামনগরের গোলাতে আমার যত শস্য আছে তোমাকে সমুদয় বিক্রয় করিব। এই স্থলে চুক্তি যাহাতে অসিদ্ধ হইতে পারে এমত অনিশ্চিততা নাই।

(e) আনন্দ বলরামকে বলেন যে চন্দ্র চাউলের যে দর স্থির করেন আমি সেই দরে তোমাকে ১০০০ মণ চাউল বিক্রয় করিব। এই স্থলে যে বিষয় লইয়া চুক্তি হয় তাহা নিশ্চয় করা যাইতে পারে ও চুক্তি যাহাতে সিদ্ধ না হয় এমত অনিশ্চিততা নাই।

[অভিপ্রায়ের ও পারিতোষিকের কথা। অঙ্গীকার যে স্থলে অবশ্য পাল্য তাহার কথা।]

১৩ ধারা। চুক্তিমত নিয়ম সিদ্ধ হইবার জন্যে বৈধ অভিপ্রায় এবং উপযুক্ত পারিতোষিক থাকা প্রয়োজন।

বর্জনীয় প্রথম কথা। কোন ব্যক্তি প্রতিজ্ঞা করিলে যদি সেই প্রতিজ্ঞা লিপিবদ্ধ হয় এবং নিদর্শনপত্র রেজিষ্টর করিবার যে আইন তৎকালে প্রবল থাকে

in writing, and duly registered according to the provisions of the law for the time being in force for the registration of assurances, unless the promise is unlawful or is based on an unlawful consideration.

Second Exception.—A person who makes an express promise without good consideration is bound to perform it, if it be a promise to compensate wholly or in part a person who has already voluntarily done something which the person who makes the promise was legally compellable to do; or if it be a promise to pay wholly or in part a debt which the creditor is legally entitled to receive from the person who makes the promise, but of which, by reason of the law for the limitation of suits, he cannot enforce payment.

Explanation 1.—A good consideration must be something which, at the desire of the person entering into the engagement, another person has done or abstained from doing, or does or abstains from doing, or promises to do or to abstain from doing.

Explanation 2.—A good consideration must be lawful.

Explanation 3.—An object, a consideration, or a promise is said to be lawful when it is not contrary to law or to morality.

Illustrations.

(*a.*) A. engages by contract with B. to sell his house to B. for 10,000 Rupees. Here there is an engagement by A. to B., and an engagement by B. to A., and these engagements are valid, there being in each case a lawful object and a good consideration.

(*b.*) A. agrees to sell his house at Ramnagar to B. for 10,000 Rupees. Here the promise to pay the sum of 10,000 Rupees is the consideration for A.'s entering into the contract; and the promise to convey the house is the consideration for B.'s entering into the contract. These are good considerations.

(*c.*) A. engages to pay B. 1,000 Rupees at the end of six months if C., who owes that sum to B., fails to pay it. B. engages to grant time to C. accordingly. Here the engagement of each party is the consideration for the engagement of the other party; and they are good considerations.

(*d.*) A. engages, for a certain sum paid to him by B., to make good to B. the value of his ship if it shall perish by shipwreck on a certain voyage. Here A.'s promise is the consideration for B.'s payment, and B.'s payment is the consideration for A.'s promise; and these are good considerations.

(*e.*) A. engages to maintain B.'s child, and B. engages to pay A. 1,000 Rupees yearly for the purpose. Here

তাহা যদি সেই আইনের বিধানমতে নিয়মিতরূপে রেজিষ্টর করা যায় তবে তাহার পরিবর্ত্তে উপযুক্ত পারিতোষিকের নিয়ম থাকিলে কি না থাকিলেও ঐ ব্যক্তির সেই প্রতিজ্ঞা পালন করিতে হইবে। কিন্তু যদি সেই প্রতিজ্ঞা অবৈধ, কিম্বা পারিতোষিক অবৈধ হয় তবে তিনি বদ্ধ নহেন।

বর্জ্জনীয় দ্বিতীয় কথা। প্রতিজ্ঞাকারি ব্যক্তিদ্বারা আইনক্রমে বলপূর্ব্বক কোন কার্য্য করাণ যাইতে পারে কিন্তু অন্য ব্যক্তি স্বেচ্ছাক্রমে তাহা করাতে যদি সম্পূর্ণরূপে কি অংশতঃ তাহার হানি পূরণ করিবার প্রতিজ্ঞা হইয়া থাকে, অথবা উত্তমর্ণ আইনমতে কোন ব্যক্তির স্থানে টাকা পাইতে পারেন কিন্তু তামাদি আইনহেতুক তিনি বলক্রমে সেই টাকা আদায় করিতে পারেন না, এমন সময়ে যদি সম্পূর্ণরূপে কি অংশতঃ ঐ ঋণ পরিশোধ করিবার প্রতিজ্ঞা হইয়া থাকে, তাহা হইলে উপযুক্ত পারিতোষিকের কথা না হইলেও যিনি স্পষ্ট প্রতিজ্ঞা করেন তিনি সেই প্রতিজ্ঞাপালনে বদ্ধ আছেন।

ব্যাখ্যা। যে ব্যক্তি নিয়ম করেন তাঁহার আদেশ মতে অন্য ব্যক্তি যে ক্রিয়া করিয়াছেন কি করিতে নিরস্ত হইয়াছেন, কিম্বা যে ক্রিয়া করেন কি করিতে নিরস্ত হন কিম্বা যে ক্রিয়া করিতে কি করণ হইতে নিরস্ত হইতে প্রতিজ্ঞা করেন এই প্রকারের ক্রিয়া উত্তম পারিতোষিক।

২ ব্যাখ্যা। উত্তম পারিতোষিকের বৈধ হওয়া আবশ্যক।

৩ ব্যাখ্যা। অভিপ্রায় ও পারিতোষিক ও প্রতিজ্ঞা যদি আইনের কি নীতির বিপক্ষ না হয় তবে বৈধ বলা যায়।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামের নিকট চুক্তিক্রমে প্রতিজ্ঞা করেন, যে আমি ১০,০০০৲ টাকা লইয়া তোমার নিকটে কোটা বিক্রয় করিব। এই স্থানে বলরামের নিকটে আনন্দের প্রতিজ্ঞা ও আনন্দের নিকটে বলরামের প্রতিজ্ঞা হইয়াছে এবং অভিপ্রায় বৈধ ও পারিতোষিক উপযুক্ত, এহেতুক সেই প্রতিজ্ঞা সিদ্ধ।

(*b*) আনন্দ ১০,০০০ টাকার নিমিত্তে বলরামকে রাম-নগরস্থ আপনার কোটা বিক্রয় করিতে অঙ্গীকার করেন। এই স্থলে ১০,০০০ টাকা দিবার যে প্রতিজ্ঞা হইয়াছে, তাহাই আনন্দের সেই চুক্তি করিবার পারিতোষিক এবং সেই ঘর হস্তান্তর করিবার যে প্রতিজ্ঞা হইয়াছে, তাহাই বলরামের সেই চুক্তি করিবার পারিতোষিক হইল। এই পারিতোষিক উপযুক্ত।

(*c*) চন্দ্র বলরামের ১০০০ টাকা ধারেন। আনন্দ প্রতিজ্ঞা করিলেন যে চন্দ্র সেই ঋণ শোধ না করিলে, আমি ছয় মাসের পর তাহা শোধ করিব। তদনুসারে বলরাম চন্দ্রকে অবকাশ দিতে অঙ্গীকার করিলেন। এই স্থলে প্রত্যেক জনের যে প্রতিজ্ঞা তাহা অন্য পক্ষের প্রতিজ্ঞার পারিতোষিক স্বরূপ হইল ও সেই পারিতোষিক উপযুক্ত।

(*d*) বলরাম আনন্দকে কতক টাকা দিলে আনন্দ এই প্রতিজ্ঞা করিলেন যে অমুক যাত্রা কালে যদি বলরামের জাহাজ ভগ্ন হইয়া নষ্ট হয় তবে আনন্দ তাঁহাকে সেই জাহাজের মূল্য দিবেন। এই স্থানে আনন্দের যে প্রতিজ্ঞা তাহা বলরামের সেই টাকা দেওনের পারিতোষিক স্বরূপ। এবং বলরামের সেই টাকা দেওয়া আনন্দের প্রতিজ্ঞার পারিতোষিক স্বরূপ হইল। এই উপযুক্ত পারিতোষিক।

(*e*) আনন্দ বলরামের সন্তানকে প্রতিপালন করিতে অঙ্গীকার করেন তদর্থে বলরাম আনন্দকে বৎসর২ ১০০০ টাকা

the engagement of each party is the consideration for the engagement of the other party. They are good considerations.

(*f*.) A., B., and C. enter into a contract for the division among them of gains acquired or to be acquired by them by fraud. The contract is void.

(*g*.) A. undertakes to obtain for B. an employment in the public service, and B. agrees to pay 1,000 Rupees to A. The contract is void, as the consideration for it is illegal.

(*h*.) A., being agent for a landed proprietor, agrees, for money, without the knowledge of his principal, to obtain for B. a lease of land belonging to his principal. The contract between A. and B. is void, being contrary to A.'s duty as agent.

(*i*.) A., engages with B. to drop a prosecution which he has instituted against B. for robbery, and B. engages to restore the value of the things taken. The contract is void.

(*j*.) A.'s estate is sold for arrears of revenue under the provisions of an Act of the Legislature, by which the defaulter is prohibited from purchasing the estate. B. upon an understanding with A. becomes the purchaser, and agrees to convey the estate to A. upon receiving from him the price which B. has paid. B.'s engagement is void, as it renders the transaction in effect a purchase by the defaulter.

(*k*.) A engages to superintend on behalf of B. a legal manufacture of indigo and an illegal traffic in other articles. B. enters into an engagement to pay to A. a salary of 10,000 Rupees a year. B.'s engagement is void—the consideration being in part unlawful.

(*l*.) A. voluntarily pays B. a sum of money which is due to B. from C. Afterwards C promises to reimburse A., C. is bound to perform the promise.

[Contract taking effect on happening of specified uncertain event.]

14. An engagement by contract may be made to take effect only in case a specified uncertain event shall happen. The event may be the performance of something that constitutes the consideration or part of the consideration for the engagement, or it may be an event distinct from such performance.

Illustrations.

(*a*.) A. sells goods to B. for a fixed price and engages to deliver them to him on receiving payment in full. A.'s engagement to deliver the goods does not become absolute until B. pays or tenders to him the price.

(*b*.) A. sells goods to B. for a fixed price, to be paid by instalments; and engages to deliver them to him on receiving payment of the first instalment. A.'s engagement to deliver the goods does not become absolute until B. pays or tenders to him the first instalment.

দিতে প্রতিজ্ঞা করেন। এই স্থলে একজনের প্রতিজ্ঞা অপর ব্যক্তির প্রতিজ্ঞার পারিতোষিক স্বরূপ। সেই পারিতোষিক উপযুক্ত।

(*f*) আমন্দ ও বলরাম ও চন্দ্র প্রতারণাক্রমে যে ধন লাভ করেন তাহা আপনাদের মধ্যে বণ্টন করিতে চুক্তি করেন। সেই চুক্তি ব্যর্থ।

(*g*) আমন্দ বলরামের কোন রাজকীয় কর্ম করিয়া দিতে প্রতিজ্ঞা করেন তাহাতে বলরাম আমন্দকে ১০০০ টাকা দিতে অঙ্গীকার করেন। এই স্থলে পারিতোষিক আইনবিরুদ্ধ অতএব চুক্তি ব্যর্থ।

(*h*) আমন্দ কোন ভূম্যধিকারির গোমাস্তা হইয়া বলরামের স্থানে টাকা লইয়া কর্তার অজ্ঞাতসারে বলরামকে ঐ কর্তার ভূমির পাট্টা করিয়া দিতে অঙ্গীকার করেন। এই স্থলে গোমাস্তা স্বরূপ আমন্দের যাহা কর্তব্য তাহার অন্যথা কার্য্য হওয়াতে আমন্দের ও বলরামের মধ্যে যে চুক্তি হইয়াছে তাহা ব্যর্থ।

(*i*) বলরাম দস্যুতা করিলে আমন্দ তাঁহার নামে অভিযোগ করিলেন, পরে বলরামের নিকটে সেই অভিযোগ তত্ত্ব করিতে অঙ্গীকার করিলেন এবং বলরাম অপহৃত দ্রব্যের মূল্য ফিরিয়া দিতে অঙ্গীকার করেন। সেই চুক্তি ব্যর্থ।

(*j*) ব্যবস্থাপকদের কোন আইনক্রমে বাকী রাজস্বের নিমিত্তে ভূমি নিলামে বিক্রয় হইলে বাকীদারের দ্বারা সেই ভূমি ক্রয় করা নিষিদ্ধ। সেই আইনমতে আমন্দের ভূমি বিক্রয় হইবে। বলরাম আমন্দের সঙ্গে চুক্তি করিয়া ঐ ভূমির ক্রেতা হইয়া আপনি তাহার যে মূল্য দিয়াছেন আমন্দের স্থানে সেই মূল্য পাইলে আমন্দকে সেই ভূমি ফিরিয়া দিতে অঙ্গীকার করেন। সেই ব্যাপার ফলিতার্থে বাকীদার দ্বারা ক্রয়ের ব্যাপার প্রযুক্ত বলরামের প্রতিজ্ঞা ব্যর্থ।

(*k*) আমন্দ বলরামের পক্ষে বৈধমতে নীল প্রস্তুত করণ কার্য্যের এবং অবৈধ অন্যান্য ব্যবসায়ের তত্ত্বাবধারণ করিতে অঙ্গীকার করিলেন এবং বলরাম তাহাকে বৎসর ১০০০০৲ টাকা বেতন দিতে অঙ্গীকার করেন। এই স্থলে পারিতোষিকের একাংশ অবৈধ, এই হেতুক বলরামের প্রতিজ্ঞা অসিদ্ধ।

(*l*) বলরাম চন্দ্রের স্থানে কয়েক টাকা পাইবেন। আমন্দ স্বেচ্ছামতে বলরামকে ঐ টাকা দেন, পরে চন্দ্র আমন্দকে সেই টাকা দিতে প্রতিজ্ঞা করেন। সেই প্রতিজ্ঞা চন্দ্রের অবশ্য পালন করিতে হইবে।

[সাংশয়িক কোন ব্যাপারের অপেক্ষায় যে চুক্তি সফল হয় তাহার কথা।]

১৪ ধারা। নির্দ্দিষ্ট কোন সাংশয়িক ব্যাপার না হইলে যাহা দৃঢ় হইবে না চুক্তিক্রমে এমত প্রতিজ্ঞাও করা যাইতে পারে। ঐ প্রতিজ্ঞাঘটিত পারিতোষিক স্বরূপ কি পারিতোষিকের অংশস্বরূপ যে কার্য্য হয় সেই কার্য্য সাধনই ঐ সাংশয়িক ব্যাপার হইতে পারে কিম্বা সেই কার্য্যহইতে বিভিন্ন ব্যাপার হইতে পারে।

উদাহরণ।

(*a*) আমন্দ বলরামকে নির্দ্ধারিত মূল্যে কোন দ্রব্য বিক্রয় করিয়া সমুদয় টাকা পাইলে তাহাকে সেই দ্রব্য দিতে প্রতিজ্ঞা করেন। এমন স্থলে বলরাম তাহাকে যত কাল সেই মূল্য না দেন কিম্বা দিতে উদ্যত না হন তত কাল আমন্দের সেই দ্রব্য দিবার প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

(*b*) আমন্দ বলরামকে নির্দ্ধারিত মূল্যে কোন দ্রব্য বিক্রয় করেন ও সেই টাকা কিস্তি করিয়া লইতে স্বীকার করিয়া প্রথম কিস্তি দেওয়া গেলেই ঐ দ্রব্য সমর্পণ করিতে প্রতিজ্ঞা করেন। বলরাম যত কাল প্রথম কিস্তি না দেন কিম্বা দিতে উদ্যত না হন তত কাল আমন্দের ঐ দ্রব্যদানের প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

(c.) A. enters into an engagement by contract with B. to buy B.'s house for 10,000 Rupees; if A. shall survive C., A.'s engagement does not become absolute until C. dies, leaving A. surviving him.

(d.) A. enters into an engagement by contract with B. to sell a horse to B. at a specified price in case C., to whom the horse has been offered, shall refuse to buy it. A.'s engagement does not become absolute until C. refuses to buy the horse.

[Contract taking effect only when specified uncertain event does not happen.]

15. An engagement by contract, which is intended to take effect only in case a specified uncertain event shall not happen, does not become absolute until the happening of that event becomes impossible.

[Avoidance of engagement intended to take effect only in case specified uncertain event shall happen.]

16. Where an engagement by contract is intended to take effect only in case a specified uncertain event shall happen within a fixed time, and the time expires without the event having occurred, the engagement becomes void. Where no time has been fixed for the happening of the event, the engagement becomes void as soon as it is ascertained that the event will not happen.

Illustrations.

(a.) A. enters into an engagement by contract to pay B. a sum of money if a certain ship shall return within a year from the time of the contract. The year elapses without the ship having returned. The engagement becomes void.

(b.) A. enters into an engagement by contract to pay B. a certain sum of money if C. shall leave a son surviving him. C. dies, not leaving a son surviving him. The engagement becomes void.

[When an engagement intended to take effect in case a specified event shall not happen, becomes absolute.]

17. When an engagement by contract is intended to take effect in case a specified event shall not happen within a fixed time, the engagement does not become absolute until the time has expired, without the event having occurred, or until, before the time fixed, it is ascertained that the event will not occur. Where no time has been fixed, the engagement becomes absolute as soon as it is ascertained that the event will not happen.

Illustrations.

(a.) A. enters into an engagement by contract to pay B. a sum of money if a certain ship shall not return within a year. At the end of six months it is ascertained that the ship has been lost. The engagement has become absolute.

(c) আনন্দ বলরামের সহিত চুক্তিক্রমে এই প্রতিজ্ঞা করেন যে, চন্দ্র যদি আমার অগ্রে মরেন তবে আমি তোমার বাটী ১০০০০ টাকাতে ক্রয় করিব। আনন্দের বিদ্যমানে চন্দ্রের যতকাল মৃত্যু না হয় ততকাল আনন্দের সেই প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

(d) আনন্দ চন্দ্রের নিকটে একটা ঘোড়া বিক্রয় করিতে প্রস্তাব করিয়াছেন কিন্তু বলরামের সহিত চুক্তি করিয়া প্রতিজ্ঞা করেন যে চন্দ্র যদি সেই ঘোড়া না লন তবে অমুক মূল্যে তোমাকে তাহা বিক্রয় করিব। চন্দ্র যত কাল সেই ঘোড়া ক্রয় করিতে অসম্মত না হন, ততকাল আনন্দের সেই প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

[নির্দ্দিষ্ট সাংশয়িক ব্যাপার না ঘটিলে যে চুক্তি দৃঢ় হয় তাহার কথা।]

১৫ ধারা। যে স্থলে নির্দ্দিষ্ট কোন সাংশয়িক ব্যাপার না ঘটিলে চুক্তিঘটিত প্রতিজ্ঞা দৃঢ় হইবার অভিপ্রায় না থাকে, সেই স্থলে সেই ব্যাপার যত কাল অসাধ্য না হয় ততকাল ঐ প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

[নির্দ্দিষ্ট সাংশয়িক ব্যাপার না ঘটিলে যে প্রতিজ্ঞা অসিদ্ধ করিবার অভিপ্রায় না থাকে তাহার কথা।]

১৬ ধারা। নিরূপিত সময়ের মধ্যে নির্দ্দিষ্ট কোন সাংশয়িক ব্যাপার না ঘটিলে চুক্তিঘটিত প্রতিজ্ঞা দৃঢ় করিবার অভিপ্রায় না থাকে এমন স্থলে সেই ব্যাপার না ঘটিয়া যদি ঐ সময় গত হয়, তবে প্রতিজ্ঞা ব্যর্থ হইবে। যদি সেই ব্যাপার ঘটিবার কোন সময় নির্দ্ধারিত না হয়, তবে সেই ব্যাপার ঘটিবে না ইহা নিশ্চিতমতে জানা গেলেই প্রতিজ্ঞা ব্যর্থ হইবে।

উদাহরণ।

(a) আনন্দ বলরামের সহিত চুক্তি করিয়া এই প্রতিজ্ঞা করেন যে অমুক জাহাজ যদি এই সময়াবধি এক বৎসরের মধ্যে ফিরিয়া আইসে তবে আমি তোমাকে এত টাকা দিব। বৎসর গত হইলে জাহাজ ফিরিয়া আইল না। ঐ প্রতিজ্ঞা ব্যর্থ হইল।

(b) আনন্দ চুক্তি করিয়া বলরামকে এই প্রতিজ্ঞা করেন যে চন্দ্র যদি পুত্র রাখিয়া মরেন তবে আমি তোমাকে এত টাকা দিব। চন্দ্র পুত্র না রাখিয়া মরেন। ঐ প্রতিজ্ঞা ব্যর্থ।

[যদি নির্দ্দিষ্ট ব্যাপার না ঘটিলে প্রতিজ্ঞা দৃঢ় হইবার অভিপ্রায় থাকে তবে যে স্থলে দৃঢ় হইবে তাহার কথা।]

১৭ ধারা। অবধারিত সময়ে নির্দ্দিষ্ট ব্যাপার না ঘটিলে চুক্তিঘটিত প্রতিজ্ঞা দৃঢ় হইবে এই নিয়ম যে স্থলে করা যায় সেই স্থলে সময় অতীত হইয়াও সেই ব্যাপার না ঘটিলে, কিম্বা অবধারিত সময় অতীত না হইয়াও সেই ব্যাপার ঘটিবে না ইহা নিশ্চিতমতে জানা গেলে, সেই প্রতিজ্ঞা দৃঢ় হইবে। যদি সময় অবধারিত না হয় তবে ব্যাপার ঘটিবে না ইহা নিশ্চিত রূপে জানা গেলেই প্রতিজ্ঞা দৃঢ় হইবে।

উদাহরণ।

(a) আনন্দ বলরামের সঙ্গে চুক্তি করিয়া এই প্রতিজ্ঞা করেন, যদি অমুক জাহাজ বৎসরের মধ্যে ফিরিয়া না আইসে তবে তোমাকে এত টাকা দিব। ছয় মাস গত হইলে জাহাজ নষ্ট হইয়াছে ইহা নিশ্চিতরূপে জানা গেল। ঐ প্রতিজ্ঞা দৃঢ় হইল।

(*b.*) A. enters into an engagement by contract to pay B. a sum of money if a certain ship shall not return. It is ascertained that the ship has been lost. The engagement has become absolute.

[Order of performance of different engagements.]

18. Where the order in which different engagements are to be performed, is not expressly fixed by the contract, it shall be that order which the nature of the transaction requires.

Illustrations.

(*a.*) A. enters into an engagement by contract to build a house for B. at a fixed price. B. engages to pay the price. B.'s engagement does not become absolute until A. finishes the house.

(*b.*) A., a tradesman, enters into an engagement by contract to make over his stock in trade to B. at a fixed price, and B. engages to give security for the payment of the money. A.'s engagement does not become absolute until the security is given; for the essence of the engage- is, that A. should have security before he delivers up his stock.

[When one reciprocal engagement does not become absolute till performance of other.]

19. Where one of two engagements by contract has been entered into in consideration of the other, and a time is appointed for the performance of one of them, which time is to arrive before the reciprocal engagement can be performed, the latter does not become absolute until the former has been performed.

Illustrations.

(*a.*) A. contracts with B. to sell to him at a specified price certain merchandise on board a ship which cannot arrive for a month, and B. engages to pay for the merchandise within a week from the date of the contract. A.'s engagement does not become absolute until B.'s engagement has been fulfilled.

(*b.*) A. contracts with B. to sell him 100 bales of merchandise to be delivered next day, and B. engages to pay for them within a month. B.'s engagement does not become absolute until the merchandise has been delivered to him.

[Parties mutually bound to facilitate performance.]

20. The parties to a contract are bound to afford to each other all reasonable facilities for performing their engagements.

[Liability of party preventing event on which contract is to take effect.]

21. Where an engagement by contract is intended to take effect on the happening of an event, and the party who has entered into the

(*b*) আনন্দ বলরামের সঙ্গে চুক্তি করিয়া এই প্রতিজ্ঞা করেন যদি অমুক জাহাজ ফিরিয়া না আইসে তবে তোমাকে এত টাকা দিব। জাহাজ নষ্ট হইয়াছে ইহা নিশ্চিতরূপে জানা গেল। প্রতিজ্ঞা দৃঢ় হইল।

[ভিন্নং প্রতিজ্ঞা যে ক্রমে পালন হইবে তাহার কথা।]

১৮ ধারা। ভিন্নং প্রতিজ্ঞানুযায়ি কার্য্য যে ক্রমে সাধন হইবে ইহা যদি চুক্তিতে অবধারিত না থাকে, তবে ব্যাপারের ভাবানুসারে যে ক্রমের প্রয়োজন হয় তাহাই মানিতে হইবে।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামের জন্যে অবধারিত মূল্যে ঘর নির্ম্মাণ করিবার চুক্তি করেন। বলরাম সেই মূল্য দিতে অঙ্গীকার করেন। আনন্দ যত কাল সেই ঘর সমাপ্ত করিয়া না দেন তত কাল বলরামের প্রতিজ্ঞা দৃঢ় হয় না।

(*b*) আনন্দ নামক মহাজন বলরামের সহিত চুক্তি করিয়া আপনার ব্যবসায়ের সমস্ত মাল অবধারিত মূল্যে বিক্রয় করিতে প্রতিজ্ঞা করেন, বলরামও সেই টাকা দিবার প্রতিভূ দিতে প্রতিজ্ঞা করেন। এই স্থলে মাল সমর্পণের পূর্ব্বে আনন্দের প্রতিভূ প্রাপ্ত হওয়া ঐ চুক্তির সারাংশ, সুতরাং প্রতিভূ যতকাল না দেওয়া যায় ততকাল আনন্দের প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

[দুই ব্যক্তির পরস্পর প্রতিজ্ঞার মধ্যে যে স্থলে এক প্রতিজ্ঞা পালন না হইলে অন্য প্রতিজ্ঞা দৃঢ় হয় না তাহার কথা।]

১৯ ধারা। চুক্তিক্রমে দুই প্রতিজ্ঞা হইয়া যদি এক প্রতিজ্ঞা পালনের অপেক্ষায় অন্য প্রতিজ্ঞা করা যায় এবং এক প্রতিজ্ঞা পালনের সময় নিরূপণ হয় ও সেই সময় না হইলে পরস্পরের প্রতিজ্ঞা সম্পাদন হইতে না পারে। তাহা হইলে পূর্ব্ব প্রতিজ্ঞা পালন না হইলে দ্বিতীয় প্রতিজ্ঞা দৃঢ় হইবে না ইতি।

উদাহরণ।

(*a*) কোন জাহাজ এক মাসের মধ্যে পঁহুছিতে পারে না। সেই জাহাজে যে বাণিজ্য দ্রব্য আছে আনন্দ বলরামের সহিত চুক্তি করিয়া তাঁহাকে অবধারিত মূল্যে তাহা বিক্রয় করিতে প্রতিজ্ঞা করেন। বলরাম সেই চুক্তির তারিখ অবধি এক সপ্তাহের মধ্যে ঐ বাণিজ্য দ্রব্যের মূল্য দিতে প্রতিজ্ঞা করেন। এই স্থলে বলরামের প্রতিজ্ঞা যত কাল সম্পাদন না হয় তত কাল আনন্দের প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

(*b*) আনন্দ বলরামের সহিত চুক্তি করিয়া তাঁহাকে বাণিজ্য দ্রব্যের ১০০ বস্তা বিক্রয় করিয়া পর দিনে তাহা সমর্পণ করিতে প্রতিজ্ঞা করেন, ও বলরাম এক মাসের মধ্যে টাকা দিতে প্রতিজ্ঞা করেন। ঐ বাণিজ্য দ্রব্য যতকাল বলরামের নিকট সমর্পণ করা না যায় তত কাল তাঁহার প্রতিজ্ঞা দৃঢ় হইবে না।

[প্রতিজ্ঞা সাধনের সুবিধা করিতে উভয় পক্ষের যত্ন করিবার কর্ত্তব্যের কথা।]

২০ ধারা। চুক্তির দুই পক্ষ পরস্পরের প্রতিজ্ঞা সাধনের জন্যে যুক্তিমতে সাহায্য করিতে বদ্ধ আছেন ইতি।

[চুক্তিতে যদি কোন ব্যাপারের অপেক্ষা থাকে তবে এক পক্ষ সেই ব্যাপারের বাধা করিলে তাঁহার দায়ের কথা।]

২১ ধারা। যদি কোন ব্যাপার ঘটিবার অপেক্ষায় চুক্তিমত প্রতিজ্ঞা দৃঢ় হইবার অভিপ্রায় থাকে, এবং যে ব্যক্তি ঐ প্রতিজ্ঞা করিয়াছেন তিনিই যদি সেই

engagement prevents the happening of the event, he becomes liable to perform the engagement, or to make compensation to the other party for any loss which he may have sustained in consequence of its non-performance.

Illustration.

A. engages to pay 1,000 Rupees to B., provided that B. shall execute certain work for him; and B. engages to execute the work. B. is already and willing to execute the work accordingly, but A. prevents him from doing so. A.'s engagement has become absolute.

[Liability of one party failing to do act which he is bound to do, and which is necessary to enable the other to perform.]

22. When a person having entered into an engagement by contract with another fails to do an act which he is bound by law to do, and which is necessary to enable the other to perform his part of the contract, the party who has failed to do such act is liable to make compensation to the other party for any loss or damage which he may have sustained in consequence of the non-performance of it.

Illustrations.

(*a*.) A. hires B.'s ship to take in and convey from Calcutta to the Mauritius a cargo to be provided by A., B. receiving a certain freight for its conveyance. A. does not provide any cargo for the ship. A. must make compensation to B. for his failure.

(*b*.) A. enters into an engagement by contract with B. to execute certain builder's work for a fixed price, B. supplying the scaffolding and timber necessary for the work. B. refuses to furnish any scaffolding or timber, and the work cannot be executed. B. is bound to make compension to A. for any loss caused to him by the non-execution.

[When time is essential.]

23. When there are mutual engagements by contract, and one of them is an entire and indivisible engagement by contract for the doing of a particular thing by a fixed time, time is of the essence of the contract, and unless the thing be done at the stipulated time the reciprocal engagement, if any, does not become absolute.

[Effect of doing several things, but not at the times specified.]

24. Where there are mutual engagements by contract, and one of them is an engagement for the doing of several things at different times, and the things stipulated are done, but not at the times specified, this irregularity does not prevent the reciprocal engagement from becoming absolute, but the person who entered

ব্যাপার ঘটিবার বাধা করেন, তবে তিনি সেই প্রতিজ্ঞা সাধনের দায়ী আছেন। অথবা ঐ ব্যাপার না ঘটিবাতে যদি অন্য পক্ষের হানি হইয়া থাকে তবে সেই হানি পূরণের দায়ী আছেন ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামের নিকট এই প্রতিজ্ঞা করেন যে তুমি যদি আমার জন্যে অমুক কর্ম্ম কর তবে তোমাকে ১০০০৲ টাকা দিব, বলরাম সেই কর্ম্ম করিতে স্বীকার করেন ও তদনুসারে কর্ম্ম করিতে উদ্যত ও ইচ্ছুক আছেন, কিন্তু আনন্দ তাহাতে বাধা দেয়। এমন স্থলে আনন্দের প্রতিজ্ঞা দৃঢ় হইবে।

[এক পক্ষ যে কর্ম্ম করিতে বদ্ধ তাহা সাধন না হইলে অন্য পক্ষের কর্ম্ম হইতে পারে না, এমন স্থলে প্রথমোক্ত পক্ষ স্বীয় কর্ত্তব্য না করিলে তাঁহার দায়ের কথা।।

২২ ধারা। যদি কোন ব্যক্তি অন্যের সঙ্গে চুক্তি করিয়া কোন প্রতিজ্ঞা করেন, কিন্তু আইনমতে তাঁহার যে কর্ম্ম অবশ্য কর্ত্তব্য ও যে কর্ম্ম না হইলে অপর পক্ষ ঐ চুক্তিমতে আপনার কর্ত্তব্য সাধন করিতে না পারেন তিনি যদি সেই কর্ম্ম না করেন, তবে তাহা না করা প্রযুক্ত অপর পক্ষের যে হানি কি ক্ষতি হয় তাঁহার তাহা পূরণ করিতে হইবে।

উদাহরণ।

(*a*) আনন্দ কলিকাতাহইতে মরিচ দ্বিপে কোন মাল পাঠাইতে প্রতিজ্ঞা করিয়া বলরামের জাহাজ ভাড়া করিয়া লন এবং বলরাম সেই মাল লইবার বিশেষ ভাড়া লইবেন। পরে আনন্দ ঐ জাহাজে পাঠাইবার মাল আনিলেন না। এই ত্রুটি প্রযুক্ত আনন্দ অবশ্য বলরামের ক্ষতি পূরণ করিবেন।

(*b*) আনন্দ বলরামের সহিত চুক্তি করিয়া গৃহনির্ম্মাতার কোন কর্ম্ম অবধারিত মূল্যে সম্পাদন করিতে প্রতিজ্ঞা করেন এবং ঐ কর্ম্ম করিবার জন্যে যে ভারা ও কড়ী কাষ্ঠের প্রয়োজন বলরাম তাহা দিতে প্রতিজ্ঞা করেন। পরে বলরাম সেই ভারা ও কড়ী কাষ্ঠ দিলেন না ইহাতে কর্ম্ম সম্পাদন হইতে পারিল না। সম্পাদন না হওয়াতে আনন্দের যে ক্ষতি হয় তাহা বলরামের অবশ্য পূরণ করিতে হইবে।

[যে স্থলে সময় গুরুতর অংশ হয় সেই স্থলের কথা।]

২৩ ধারা। যদি চুক্তিদ্বারা পরস্পর প্রতিজ্ঞা হয়, এবং চুক্তিক্রমে অবধারিত সময়ের মধ্যে কোন বিশেষ কার্য্য সম্পাদন করিতে এক পক্ষের সম্পূর্ণ ও অবিভক্ত প্রতিজ্ঞা থাকে, এমন স্থলে সময় ঐ চুক্তির সারাংশ। যদি অবধারিত সময়ের মধ্যে কার্য্য সম্পাদন না হয়, তবে সেই পরস্পর প্রতিজ্ঞা থাকিলে দৃঢ় হইবে না ইতি।

[অবধারিত সময়ের মধ্যে নানা কার্য্য না করা গেলে তাহার ফলের কথা।]

২৪ ধারা। যদি চুক্তিক্রমে পরস্পর প্রতিজ্ঞা থাকে, ও তন্মধ্যে ভিন্ন২ সময়ে ভিন্ন২ কার্য্য সম্পাদনের এক প্রতিজ্ঞা, এবং নিরূপিত কার্য্য সকল সম্পাদন করা যায় কিন্তু নির্দ্দিষ্ট সময়ের মধ্যে নয়। এমন স্থলে সময়ের ঐ বিশৃঙ্খলতাপ্রযুক্ত ঐ পরস্পর প্রতিজ্ঞা দৃঢ় হইবার বাধা হইবে না কিন্তু যিনি দ্বিতীয় পক্ষস্বরূপ প্রতিজ্ঞা করিলেন যদি সময়ের ঐ বিশৃঙ্খলতাপ্রযুক্ত

into the latter engagement is entitled to compensation for any loss which he may have sustained in consequence of the irregularity.

Conditional Contract.

[Failure to fulfil condition.]

(h) আনন্দ ৬০০০০৲ টাকা দিয়া বলরামের জাহাজ ক্রয় করিতে প্রতিজ্ঞা করেন কিন্তু পরে প্রতিজ্ঞা ভঙ্গ করিলেন। সেই প্রতিজ্ঞা ভঙ্গ সময়ে বলরাম জাহাজের নিমিত্তে যত টাকা পাইতে পারেন যদি চুক্তির মূল্য তাহার অধিক হয় তবে বলরামের ক্ষতিপূরণ স্বরূপ আনন্দের সেই অধিকাংশ দিতে হইবে।

(i) আনন্দ বলরামের স্থানে অবধারিত মূল্যে ১০০ বস্তা চাঁচা শন ক্রয় করিতে প্রতিজ্ঞা করিলেন, জানুআরি মাসের ১ তারিখে বলরামের সেই শন আনিয়া দিতে হইবে। কিন্তু ডিসেম্বর মাসের ১৫ তারিখে আনন্দ বলরামকে কহেন যে আমি তোমার শন লইব না। জানুআরি মাসের ১ তারিখে আনন্দের নিকট শন উপস্থিত করা গেলে তিনি তাহা নিলেন না। এমন স্থলে বলরাম সেই জানুআরি মাসের ১ তারিখে যে দরে ঐ শন বিক্রয় করিতে পারিতেন ঐ চুক্তির মূল্য যদি তাহার অধিক হয়, তবে বলরামের ক্ষতিপূরণ স্বরূপে আনন্দের সেই অধিকাংশ দিতে হইবে।

(j) আনন্দ নামা এক জন মাঝি বলরামের সঙ্গে চুক্তি করিয়া প্রতিজ্ঞা করেন, যে আমি নৌকা শন বোঝাই করিয়া মিরজাপুরে বিক্রয় করিবার জন্যে অমুক দিনে নৌকা খুলিয়া যাইব। নৌকা সেই নির্দ্দিষ্ট সময়ে খুলিলেন না, তাহাতে নৌকা চুক্তিমতে খুলিয়া গেলে যে সময় মিরজাপুরে পঁহুছিত সেই সময়ে না গিয়া মিরজাপুরে মাল পঁহুছিবার বিলম্ব হইল। সেই তারিখের পর এবং মাল পঁহুছিবার পূর্ব্বে শনের মূল্য কমিয়া গেল। এমন স্থলে নৌকা নিয়মিত সময়ে খুলিয়া গেলে যৎকালে পঁহুছিত তৎকালে মিরজাপুরে ঐ মালের যে দর এবং নৌকা যে সময়ে পঁহুছিল সেই সময়ে ঐ মালের বাজার দরের যত বিশেষ বলরাম আনন্দের স্থানে তত টাকা ক্ষতিপূরণ পাইতে পারিবেন।

(k) আনন্দ বলরামের ঘর বিশেষ প্রকারে সারাইয়া দিতে প্রতিজ্ঞা করিয়া কএক টাকা আগাম পাইলেন। আনন্দ ঘর সারাইয়া দিলেন, কিন্তু চুক্তিমতে নয়। সেই প্রতিজ্ঞা-অনুসারে ঘর সারাইতে যত খরচ লাগে, বলরাম আনন্দের স্থানে তত টাকা পাইতে পারেন।

(l) আনন্দ আগামি জানুআরি মাসের ১ তারিখঅবধি এক বৎসর পর্য্যন্ত অবধারিত মূল্যে বলরামকে আপনার জাহাজ ভাড়া দিতে অঙ্গীকার করিলেন। মাল চালান করিবার মূল্য বৃদ্ধি হইলে জানুআরি মাসের ১ তারিখে ঐ চুক্তির ভাড়া হইতে জাহাজের অধিক ভাড়া পাওয়া যাইতে পারে। ইহাতে আনন্দ প্রতিজ্ঞা ভঙ্গ করিলেন। এমন স্থলে জানুআরি মাসের ১ তারিখে জাহাজের যত ভাড়া পাওয়া যায়, তাহার ও চুক্তির ভাড়ার যত বিশেষ বলরামকে আনন্দের তত টাকা ক্ষতিপূরণ দিতে হইবে।

(m) আনন্দ নির্দ্দিষ্ট মূল্যেতে বলরামকে কএক মণ লৌহ আনিয়া দিতে প্রতিজ্ঞা করিলেন কিন্তু যে দরে লৌহ ক্রয় করিয়া দিতে পারিতেন সেই মূল্য তাহার অধিক। বলরাম সেই লৌহ গ্রহণ করিতে অন্যায়মতে অসম্মত হইলেন। আনন্দ যে দরে তাহা আনাইয়া দিতে পারিতেন তাহার ও

price of the iron and the sum for which A. could have obtained and delivered it.

(*n.*) A. delivers to B., a common carrier, a machine, to be conveyed, without delay, to A.'s mill, informing B. that his mill is stopped for want of the machine. B. unreasonably delays the delivery of the machine, and A. in consequence loses a profitable contract with the Government. A. is entitled to receive from B., by way of compensation, the average amount of profit which would have been made by the use of such machine during the time that delivery of it was delayed, but not to the loss sustained by not obtaining the Government contract.

(*o.*) A. having entered into an engagement with B. to supply B. with 1,000 tons of iron at 100 Rupees a ton, to be delivered at a stated time, enters into an agreement with C. for the purchase of a certain quantity of iron at 80 Rupees a ton, telling C. that he does so for the purpose of performing his engagement with B. C. fails to fulfil his engagement with A., who cannot procure other iron, and, in consequence, fails to fulfil his engagement with B. C. must pay to A. 20,000 Rupees, being the profit which A. would have made by the performance of his engagement.

(*p.*) A. entered into an engagement with B. to make and deliver to B. by a fixed day, for a specified price, a certain piece of machinery. A. did not deliver the piece of machinery at the time specified, and in consequence of this B. was obliged to procure another, at a higher price than that which he was to have paid to A., and was prevented from fulfiling an engagement under which he lay to a third person at the time of his contract with A., (but which had not been then communicated to A.) and was compelled to make compensation for breach of his engagement. A. must pay to B., by way of compensation, the difference between the contract-price of the piece of machinery and the sum paid by B. for another, but not the sum paid by A. to the third person by way of compensation.

(*q.*) A., a builder, undertakes to erect and finish a house by the 1st of January, in order that B. may give possession of it at that time to C., to whom B. has agreed to let it. A. is informed of the agreement between B. and C. A. builds the house so badly that before the 1st of January it falls down, and has to be rebuilt by B., who in consequence loses the rent which he was to have received from C., and is obliged to make compensation to C. for the breach of his engagement. A. must make compensation to B. for the cost of re-building the house for the rent lost, and for the compensation made.

(*r.*) A. sells certain merchandise to B., warranting it to be of a particular quality, and B., in reliance upon this warranty, sells it to C. with a similar warranty. The warranties are broken, and B. becomes liable to pay C. a

চুক্তির মূল্যের যত টাকা বিশেষ ক্ষতিপূরণ স্বরূপ আনন্দের তত টাকা দিতে হইবে।

(*n*) বলরাম নামা এক জন মুটিয়া। আনন্দ তাহাকে একটি যন্ত্র দিয়া বলিলেন যে এই যন্ত্র না থাকাতে আমার কল বন্দ হইয়াছে, অতএব বিলম্ব না করিয়া কলঘরে এই যন্ত্রটি লইয়া যাও। বলরাম সেই কল সমর্পণ করিতে অযুক্তিমতে বিলম্ব করিলেন, তৎপ্রযুক্ত গবর্ণমেণ্টের সহিত আনন্দের লভ্যজনক যে চুক্তি হইতে পারিত তাহা হইল না। সেই যন্ত্র উপস্থিত করিতে যত কাল বিলম্ব হইয়াছিল, তত কাল সেই যন্ত্র ব্যবহারেতে গড়ে যত টাকা লাভ হইত বলরামের স্থানে আনন্দের ক্ষতিপূরণ স্বরূপ তত টাকা পাইবার অধিকার আছে। কিন্তু গবর্ণমেণ্টের চুক্তি লইতে না পারাতে তাঁহার যত হানি হইল তাহার তুল্য ক্ষতিপূরণ পাইতে পারেন না।

(*o*) আনন্দ বলরামকে নির্দ্দিষ্ট সময়ে টনপ্রতি ১০০৲ টাকা হিসাবে ১০০০ টন লৌহ দিতে প্রতিজ্ঞা করিলেন। পরে চন্দ্রের সহিত এই করার করিলেন যে টনপ্রতি ৮০৲ টাকা দরে তোমার স্থানে লৌহ নিব, বলরামের নিকট আমার যে প্রতিজ্ঞা হইয়াছে তাহা পালন করিবার জন্যে তোমার স্থানে তাহা লইতে চাহি। চন্দ্র সেই চুক্তি পালন করিলেন না এবং আনন্দ অন্য স্থানে লৌহ পাইতে না পারিয়া বলরামের নিকট আপনার প্রতিজ্ঞাও পালন করিলেন না। এমন স্থলে আনন্দ সেই প্রতিজ্ঞা পালন করিতে পারিলে ২০,০০০৲ টাকা লাভ করিতেন, আনন্দকে চন্দ্রের সেই টাকা দিতে হইবে।

(*p*) আনন্দ বলরামকে নিরূপিত দিবসে ও নির্দ্দিষ্ট মূল্যে এক প্রকারের যন্ত্র প্রস্তুত করিয়া দিতে প্রতিজ্ঞাবদ্ধ হইলেন। আনন্দ সেই নিরূপিত সময়ে যন্ত্র আনিয়া দিলেন না। তাহাতে বলরাম আনন্দকে ঐ যন্ত্রের যে মূল্য দিতেন তাহার অধিক মূল্য দিয়া তাঁহার অন্য যন্ত্র ক্রয় করিতে হইয়াছে। আরো আনন্দের সঙ্গে যে সময়ে ঐ চুক্তি করিয়াছিলেন, বলরাম সেই সময়ে অন্য ব্যক্তির নিকটে কোন কর্ম্ম সাধনের প্রতিজ্ঞাতে বদ্ধ ছিলেন, কিন্তু আনন্দকে তাহার কিছু কহিলেন না। আনন্দের সেই প্রতিজ্ঞা পালন না করাতে বলরামেরও উক্ত প্রতিজ্ঞা ভঙ্গ হইয়াছিল ও তৎপ্রযুক্ত তাঁহার সেই অন্য ব্যক্তির ক্ষতিপূরণ করিতে হইয়াছিল। এমন স্থলে চুক্তিমতে যন্ত্রের যে মূল্য নিরূপণ হইল এবং বলরাম অন্য যন্ত্রের যে মূল্য দিয়াছেন এই উভয়ের ইতর বিশেষানুসারে বলরামকে আনন্দের তত টাকা ক্ষতিপূরণ দিতে হইবে। কিন্তু আনন্দ ক্ষতিপূরণ স্বরূপ যাহা দিয়াছেন বলরাম তাহা প্রতিদান করিবেন না।

(*q*) বলরাম জানুআরি মাসের ১ তারিখঅবধি চন্দ্রমোহনকে ঘর ভাড়া দিতে অঙ্গীকার করিয়াছেন। তিনি তাহা যেন দিতে পারেন এই জন্যে আনন্দ নামক কোন গৃহনির্ম্মাতা ঐ তারিখের মধ্যে তাহা নির্ম্মাণ করিয়া প্রস্তুত করিতে প্রতিজ্ঞা করিয়াছেন। বলরামের ও চন্দ্রমোহনের মধ্যে যে চুক্তি হইয়াছে আনন্দ তাহা জানিতে পাইলেন। আনন্দ ঐ ঘর এমন আলগা করিয়া বাঁধিলেন যে জানুআরি মাসের ১ তারিখের পূর্ব্বে তাহা ভাঙ্গিয়া পড়িল তাহাতে বলরামের পুনশ্চ সেই ঘর প্রস্তুত করিতে হইল এবং চন্দ্রমোহনের স্থানে যে ভাড়া পাইতেন সেই বিলম্ব প্রযুক্ত তাহা পাইলেন না। এবং প্রতিজ্ঞা ভঙ্গ প্রযুক্ত চন্দ্রমোহনের ক্ষতিপূরণও করিতে হইয়াছে। এমন স্থলে ঘর পুনরায় প্রস্তুত করিতে যে খরচ ও বলরাম যত ভাড়াতে বঞ্চিত হইয়াছেন ও চন্দ্রমোহনের যত টাকা ক্ষতিপূরণ করিয়াছেন আনন্দের সেই সমস্ত ক্ষতিপূরণ দিতে হইবে।

(*r*) কোন বাণিজ্য দ্রব্যের বিশেষ কোন গুণ দৃঢ়মতে প্রকাশ কহিয়া আনন্দ বলরামকে সেই দ্রব্য বিক্রয় করেন বলরামও আনন্দের কথায় বিশ্বাস করিয়া সেইরূপ দৃঢ় কথা কহিয়া চন্দ্রমোহনকে ঐ দ্রব্য বিক্রয় করেন। সেই

sum of money by way of compensation. B. is entitled to be reimbursed this sum by A.

দুই কথা অযথার্থ প্রকাশ হইলে চন্দ্রমোহনের ক্ষতিপূরণার্থ বলরামের টাকা দিতে হইল। আনন্দের স্থানে বলরামের সেই টাকা পাইবার অধিকার আছে।

(s.) A. engages to supply B. with a threshing machine, on the 15th of August; he is aware at the time of entering into the engagement that B. is in the habit of threshing out his wheat in the field, and sending it off at once to market. A. did not supply the machine on the 15th of August, but assured B. from day to day that it would be delivered shortly. He delivered the machine on the 11th of September. In consequence of the non-delivery of the machine, it became necessary for A. to carry the wheat home and stack it; it was injured by exposure to the weather, and had to be dried at a great expense; its quality was much deteriorated, and before it could be sold the market price of wheat had fallen. B. in consequence of these events is unable to pay a judgment debt to C., who seizes and sells his property in execution. A. must make compensation to B. in respect of the expenses of carrying, stacking, and drying the wheat, and in respect of its deterioration in quality; but not in respect of the loss sustained by B. through the fall in the market price of wheat, nor in respect of the seizure of his property.

(s) আনন্দ আগষ্ট মাসের ১৫ তারিখে বলরামকে ধান ঝাড়িবার যন্ত্র দিতে অঙ্গীকার করিলেন। আর বলরাম মাঠে ধান ঝাড়িয়া গঞ্জে পাঠাইয়া থাকেন আনন্দ ঐ অঙ্গীকার করণ সময়ে এই কথা জানিতেন। আনন্দ আগষ্ট মাসের ১৫ তারিখে ঐ যন্ত্র না দিয়া কিছু দিন পরে দিব বলিয়া বলরামকে প্রতি দিন বঞ্চিত করিতেন। সেপ্টেম্বর মাসের ১১ তারিখে ঐ যন্ত্র আনিয়া দিলেন। নিরূপিত সময়ে যন্ত্র আনিয়া না দেওয়াতে বলরামের ধান ঘরে আনিয়া গাদি করিয়া রাখিতে হইল পরে বৃষ্টি হইলে তাহা শুকাইবার জন্যে অনেক টাকা খরচ হইল, তাহাতে ধান্য অপকৃষ্ট হইল, এবং বিক্রয় করিবার জন্যে গঞ্জে আনিতে না আনিতে ধান্যের ভাও নরম পড়িল। চন্দ্রমোহন বলরামের নামে ডিক্রী পাইয়াছিলেন কিন্তু সেই সকল দুর্ঘটনা হেতুক বলরাম ডিক্রীর টাকা দিতে না পারাতে চন্দ্রমোহন ডিক্রী জারী করিয়া তাঁহার সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিলেন। বলরামের সেই ধান্য লইবার গাড়ীর খরচ ও গাদি করিয়া রাখিবার ও শুকাইবার খরচ উপলক্ষে ও সেই ধান্য অপকৃষ্ট হওয়া প্রযুক্ত তাঁহার যে ক্ষতি হইয়াছিল আনন্দের তাহা পূরণ করিতে হইবে। কিন্তু বাজারে ধান্যের ভাও নরম হওয়া প্রযুক্ত ও বলরামের সম্পত্তি ক্রোক হওয়া প্রযুক্ত বলরামের যে ক্ষতি হইয়াছিল তাহা তাঁহার পরিশোধ করিতে হইবে না।

(t.) A. has entered into an engagement by contract to pay a sum of money to B. on a day specified. A does not pay the money on the day appointed. B., in consequence of not receiving the money on that day, is unable to pay his debts, and is totally ruined. A. is not liable to make good to B. anything except the principal sum he contracted to pay, together with interest up to the day of payment.

(t) আনন্দ চুক্তি করিয়া অবধারিত দিনে বলরামকে কএক টাকা দিতে প্রতিজ্ঞা বদ্ধ হইয়াছেন। কিন্তু সেই দিনে ঐ টাকা দিলেন না। বলরাম সেই দিনে টাকা না পাইয়া ঋণ শোধ করিতে অক্ষম হইলে তাঁহার সর্ব্বনাশ হইল। আনন্দ যে টাকা দিতে চুক্তি করিয়াছিলেন ঐ আসল টাকা দিবার তারিখপর্য্যন্ত বলরামকে সুদসুদ্ধ সেই টাকা দিতে হইবে তদ্ভিন্ন কিছু দিবার দায়ী নহেন।

(u.) A. engaged to deliver 50 maunds of saltpetre to B. on the 1st of January at a certain price. B. afterwards before the 1st of January agreed to sell the saltpetre to C. at a price higher than the market price of the 1st of January. A. broke his engagement. In estimating the compensation payable by A. to B. the market price of the 1st of January, and not the profit which would have arisen to B. from the sale to C. is to be taken into account.

(u) আনন্দ জানুআরি মাসের ১ তারিখে নির্দ্দিষ্ট মূল্যে বলরামকে ৫০ মণ শোরা আনিয়া দিতে প্রতিজ্ঞা করিলেন। জানুআরি মাসের ১ তারিখে বাজারে শোরার যে ভাও ছিল বলরাম সেই দিনের পূর্ব্বে চন্দ্রমোহনের নিকট কিছু অধিক মূল্যে ঐ শোরা বিক্রয় করিতে প্রতিজ্ঞা করিলেন। আনন্দ প্রতিজ্ঞা ভঙ্গ করিলেন। এমন স্থলে বলরামকে আনন্দের কত টাকা ক্ষতিপূরণ দিতে হইবে ইহা নিরূপণ কালে জানুআরি মাসের ১ তারিখে চন্দ্রমোহনকে শোরা বিক্রয় করিলে বলরামের যত লাভ হইত তাহা ধরিতে হইবে না, বাজারে তাহার যে ভাও ছিল তাহা ধরিতে হইবে।

(v.) A. engaged to sell and deliver 500 bales of cotton to B. on a fixed day. A. broke his engagement, and B. having no cotton was obliged to close his mill. A. is not responsible to B. for the loss caused to B. by the closing of his mill.

(v) আনন্দ বিক্রয় করিবার জন্যে বলরামের নিকট নিরূপিত দিনে ৫০০ বস্তা তুলা আনিয়া দিতে প্রতিজ্ঞা করিলেন। আনন্দ প্রতিজ্ঞা ভঙ্গ করিলেন এবং তুলা না থাকাতে বলরামের কল বন্দ করিতে হইল। কল বন্দ হওয়াতে তাঁহার যে ক্ষতি হইল আনন্দ সেই ক্ষতির জন্যে বলরামের নিকট দায়ী নহেন।

(w.) A. agreed to sell and deliver to B. on the 1st of January certain cloth which B. intended to manufacture into caps of a particular kind, for which there was no demand, except at that season. The cloth was not delivered till long after the appointed time, and too late to be used that year in making caps. A. is entitled to receive from B., by way of compensation, the difference between the contract price of the cloth and its market price at the time of delivery, but not the profits which he expected to obtain by making caps, nor the expenses

(w) আনন্দ বলরামকে বিশেষ প্রকারের টুপি প্রস্তুত করিবার জন্যে এক প্রকারের কাপড় বিক্রয় করিয়া জানুআরি মাসের ১ তারিখে আনিয়া দিতে অঙ্গীকার করিলেন। সেই সময়ে বাজারে সেই প্রকারের টুপির অত্যন্ত আমদানী হইয়া থাকে অন্য সময়ে নয় সেই নিরূপিত সময়ের অনেক দিন পরে আনন্দ ঐ কাপড় আনিয়া দিলেন, তখন ঐ টুপি প্রস্তুত করিবার সময় গত হইল। এমন স্থলে বলরাম চুক্তিমতে ঐ কাপড়ের যে মূল্য দিতেন, ও তাহা আনিয়া দিবার সময়ে বাজারে ঐ কাপড় যে মূল্যে বিক্রয় হইল ইহার মধ্যে

which he has been put to in making preparation for the manufacture.

(*x*) A., a ship-owner, agreed with B. to convey him from Calcutta to Sydney in A.'s ship, sailing on the 1st of January; and B. paid to A. by way of deposit one-half of his passage money. The ship did not sail on the 1st of January, and B. after being in consequence detained in Calcutta for some time, and thereby put to some expense, proceeded to Sydney in another vessel, and in consequence, arriving too late in Sydney, lost a sum of money. A. is liable to repay to B. his deposit with interest, and the expense to which he was put by his detention in Calcutta, but not the sum of money which he lost by arriving in Sydney too late.

[To be continued.]

টাকা বিশেষ হয় তাহা আনন্দের স্থানে ক্ষতিপুরণস্বরূপ পাইতে পারেন। কিন্তু টুপি প্রস্তুত হইলে তাঁহার যে লভ্য পাইবার আশা ছিল তাহা এবং টুপি প্রস্তুত করিবার জন্যে অন্য যে সকল খরচ হইয়াছে তাহাও পাইতে পারিবেন না।

(*x*) আনন্দ জাহাজের স্বামী। তাঁহার জাহাজ কলিকাতাহইতে সিডনি নগরে যাইবার জন্যে জানুআরি মাসের ১ তারিখে যাত্রারম্ভ করিবে। তিনি সেই জাহাজে বলরামকে লইয়া যাইতে অঙ্গীকার করিলেন, এবং বলরাম আনন্দকে পথখরচের অর্দ্ধেক টাকা আগাম দিলেন। জাহাজ সেই তারিখে যাত্রারম্ভ করিল না। তৎপ্রযুক্ত বলরামের অধিক কাল কলিকাতায় থাকিতে হইল তাহাতে তাঁহার অনেক খরচও হইল। এবং যে টাকা পাইতেন অন্য জাহাজে গিয়া বিলম্বে পঁহুছনপ্রযুক্ত তাহাও পাইলেন না। এমন স্থলে বলরাম যে টাকা আগাম দিয়াছিলেন আনন্দের সুদ শুদ্ধ সেই টাকা এবং কলিকাতায় বলরামের থাকন কালে যে খরচ হইয়াছিল সেই টাকা দিবার দায়ী। কিন্তু সিডনি নগরে বিলম্বে পঁহুছিবাতে তাহার যে ক্ষতি হইয়াছে তাহা পরিশোধ করিবার দায় আনন্দের প্রতি বর্ত্তে না।

[ক্রমশঃ প্রকাশ্য।]

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION.

Political.

Simla, the 8th October 1867.

No. 1018.

In consideration of the useful service rendered to the State during the Bootan Campaign by Meg Raj Oswal, merchant of Gowalparah, in Assam, the Governor General in Council is pleased to confer upon him the title of "Rai Bahadoor" as a personal distinction.

J. W. S. Wyllie,
Under-Secy. to the Govt. of India.

ফরিন্ ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন।

পলিটিকাল।

সিমলা, ১৮৬৭ সাল ৮ অক্টোবর।

১০১৮ নম্বর।

ভোট দেশীয় যুদ্ধের কালে আসামের অন্তর্গত গোয়ালপাড়ার বণিক শ্রীযুত মেঘরাজ ওসয়াল রাজ্যের উপকারজনকভাবে কর্ম্ম করিয়াছিলেন, এই জন্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহার সম্মানার্থে "রায় বাহাদুর" উপাধি প্রদান করিয়াছেন।

জে ডবলিউ এস উইলি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3781.

Appointments.

The 12th October 1867.

Mr. A. C. Mangles, to officiate temporarily as Magistrate and Collector of Chumparun.

The 15th October 1867.

Mr. R. Parry, to officiate as a Professor of the Hooghly College, during the absence, on leave, of Mr. C. W. V. Bradford, or until further orders.

Leave of Absence.

The 30th September 1867.

Mr. H. W. Barber, Deputy Magistrate and Deputy Collector, Chittagong, for two months,

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৩৭৮১ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১২ অক্টোবর।

শ্রীযুত এ সি মাঙ্গলস সাহেব কিয়ৎকালের নিমিত্তে চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৫ অক্টোবর।

শ্রীযুত সি ডবলিউ বি ব্রাডফর্ড সাহেব ছুটী লওয়াতে তাঁহার প্রত্যাগমন কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর পারি সাহেব হুগলী কালেজের এক জন অধ্যাপকের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ৩০ সেপ্টেম্বর।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডবলিউ বার্ব্বর সাহেব ভারতবর্ষের পক্ষ

under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865, from the date on which he may have availed himself of the leave.

The 5th October 1867.

Lieutenant W. L. Samuells, Assistant Commissioner, Hazareebaugh, for one month, from the 15th instant, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

NOTIFICATION.

The 9th October 1867.

With the sanction of the Government of India, the Lieutenant-Governor is pleased to make the following addition to the Schedule of Fees authorized to be levied under the provisions of Act XX. of 1866, "The Indian Registration Act."

"Besides the ordinary *ad valorem* fee, there shall be paid, on the registration of every document, the entry of which occupies more than two pages of the Register, an extra copying fee at the rate of four annas for every page in excess of the first two pages. This fee will be estimated by the Registering Officer and must be paid on presentation. In case of any miscalculation, the excess will be refunded on the return of the deed."

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 7th October 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a road from Ahmedpore to Laghatta, it is hereby declared that, for the above purpose, a strip of land about five miles in length, with an average breadth of sixty feet, containing, more or less an area of about 86 beegahs, and passing through or near the villages of Bhogobuttypore, Gojulnogore, Koochooceghatta, Koosumdoy, Furreedpore, Soobulpore, and Soondeepore, Thannah Labpore, District Beerbhoom, is required.

This Declaration is made, under the provisions of Section 2, Act VI. of 1857, to all whom it may concern.

H. L. HARRISON,
Junior Secy. to the Govt. of Bengal.

মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞাক্রমে, যে তারিখে ছুটী লন সেই তারিখ অবধি দুই মাসের ছুটী পাইবেন।

১৮৬৭ সাল ৫ অক্টোবর।

হাজারীবাগের আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবজিউ এল সামুএলস সাহেব চিহ্নিত কার্য্যকারকদিগের ছুটীর বিধির ৬ ধারামতে বর্ত্তমান মাসের ১৫ তারিখ অবধি এক মাসের ছুটী পাইবেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৯ অক্টোবর।

ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৬৬ সালের ২০ আইনের বিধানমতে যে ফী লইবার অনুমতি হইয়াছে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব, ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে ঐ ফীর তফসীলে এই অতিরিক্ত বিধি করিয়াছেন।

"দলীলের মূল্যানুসারে সাধারণমতে যে ফী লওয়া গিয়া থাকে তদ্ভিন্ন যদি দলীলের নকল করিতে রেজিষ্টরী বহীর দুই পৃষ্ঠার অধিক লাগে, তবে প্রথম দুই পৃষ্ঠার পর প্রত্যেক পৃষ্ঠার উপর ঐ ফীর অধিক চারি আনা লাগিবে। এই প্রকারে যত ফী লাগিতে পারে রেজিষ্টরী কার্য্যকারক তাহা অনুমান করিয়া বলিবেন ও দলীল দিবার সময়ে তাহা দিতে হইবে। অনুমানে যদি অধিক ধরা গিয়া থাকে তবে দলীল ফিরিয়া দিবার সময়ে অতিরিক্ত টাকা কি পয়সা ফিরিয়া দেওয়া যাইবে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৭ অক্টোবর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কর্ম্মের নিমিত্তে অর্থাৎ আমেদপুর হইতে লাগহাটা পর্য্যন্ত পথ প্রস্তুত করিবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন। অতএব এতদ্দ্বারা প্রকাশ করা গেল যে উক্ত কর্ম্মের নিমিত্তে জিলা বীরভূমের লাবপুর থানার অন্তর্গত ভগবতীপুর ও গোজলনগর কচুইঘাটা ও কুসুমদয় ও ফরীদপুর ও সুবলপুর ও সুন্দিপুর গ্রামের মধ্যে কি তন্নিকটে পাঁচ মাইল দীর্ঘ ও গড়ে ষাইট ফুট প্রস্থ সর্ব্বশুদ্ধ ন্যূনাধিক ৮৬ বিঘা ভূমির প্রয়োজন।

সেই বিষয়ে যাঁহাদের সম্পার্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে তাঁহাদিগকে এই জ্ঞাপন করা যাইতেছে।

এচ এল হারিসন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২২ অক্টোবর।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

নিম্ন লিখিত নম্বর ও পরিমাণের ৫ কেতা হোল নোট শ্রীযুত মৌলবী সৈয়াদ ওবেদুল্লা জেলা রঙ্গপুরের ডিপুটী মাজিষ্ট্রেরের চুরি হইয়াছে যে কেহ উহার তত্ত্ব পান অবিলম্বে তাহাকে তৎসংবাদ জানাইয়া বাধিত করিবেন ইতি।

৬০৫৬৪ নং	...	...	৫০৲
৬০৫৩৭ নং	...	...	৫০৲
৪৪০১৮ নং	...	...	৫০৲
৯৬৯৮১ নং	...	...	১০০৲
৫৪৩৯৮ নং	...	...	১০০৲
একুনে ৫ কেতা নোট			মোং ৩৫০৲ টাকা

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ময়মনসিংহ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ময়মনসিংহ।

নীচের লিখা মহালের ১২৭৪ সনের মায়াদ ভাদ্রের সরকারি পাওনা বাকি রাজস্ব আদায় জন্য বোর্ডের নিরূপিত ১৮৬৭ সনের ২৮ সেপ্টেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে ১৮৬৭ সনের ২৭ নবেম্বর মোতাবক ১২৭৪ সনের ১২ অগ্রহায়ণ বুধবার নীলামের দিন ধার্য্যে সর্ব্বসাধারণ জনের জ্ঞাতার্থে অত্র ইস্তাহার প্রচার করা যায় যে কেহ মহাল মজকুর খরিদের বাসনা রাখে সে ঐ তারিখে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে, ইতি ১৮৬৭ সন তারিখ ১ অক্টোবর।

প্রথম শ্রেণী ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৩২২ নং পরগনে কাটারমল্ল চর সাটীয়ান মতালকে চর কুরখি মালিক চিরস্থ বন্দবস্ত গ্রহীতা ব্রজেশ্বরী চৌধুরানী মাদরে বনওয়ারিলাল রায় নাবালগ সদর জমা ৫৪৫।।৴০ আনা।

H. J. Reynolds,
Collector.

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের মাং ২৮ সেপ্টেম্বরের বাকি রাজস্ব আদায় নিমিত্তে ১৮৬৭ সালের ২৬ নবেম্বর মোং ১২৭৪ সালের ১১ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭। ৩০ সেপ্টেম্বর মোং ১২৭৪। ১৫ আশ্বিন।

প্রথম শ্রেণী চিরস্থায়ি বন্দবস্তী মহাল।

২১৬ নং পরগনে বৈকুণ্ঠপুর চর মাছিমপুরের মধ্যগত চর জাহানাবাদ নীলাম খরিদ রামনাথ লস্কর ও এবারৎউল্লা সদর জমা ... ১৬২৩৶০

রোড ফণ্ড ১৬।০

১৬৪০৲

A. W. Russell,
Collector.

[*Government Gazette, 22nd October* 1867.]

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৯ ইং ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল সকল সন ১৮৬৭ ইং ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুট অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৭ ইং ১৮ নবেম্বর মোতাবেক সন ১২৭৪ সাল ৩ অগ্রহায়ণ রোজ সোমবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৭ ইং ১ অক্টোবর।

শ্রেণীর নম্বর।	মহালের শ্রেণী।	জেলার তৌজিতে মহালের নম্বর।	মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	বাকী রাজস্ব।	মন্তব্য।
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	১৮৫২	ফতেজঙ্গপুর পরগনা মহাদেব মুনশী তালুক।	মহাদেব মুনশী পদ্মলোচন রায় চৌধুরি।	৫৩১৵৪	১৯।৯	সোল আনা মহাল নিলাম বিক্রয় হইবেক।
ঐ	ঐ	১৯১৮	হাবেলি শিলিমাবাদ তপ্পা রামদেব সেন তালুক।	গঙ্গাদাস মুখোপাধ্যায় হিং ৻৫= গোলকচন্দ্র সেন হিং ১৭॥১০ রামদেব সেন হিং ॥৶১৮॥৴১০।৬৩ তিল ভগতচন্দ্র সেন হিং ৴।।৭০ তিল দুর্গাচরণ সেন।	মোট জমা ১৭৯৭।৵৯॥ বাদ পৃথক হিসাবে লিখিত অংশের জমা ২১৩॥৶২॥ বাকি ১৫৮৪৻৩	১৬৴২	এই মহাল মধ্যে যে রামকমল সেনের হিস্যা ৻১৯—১০ ক্রান্ত জমা ১০৮৸৴৬ ও রাধানাথ বাচস্পতি হিং ৻২৪— ক্রান্ত জমা ৯৭৴১০॥ ভগবানচন্দ্র ভট্টাচার্য্যের হিং ৻৪॥৻২৭ তিল জমা ২৫॥৵১০ সন ১৮৫৯ সনের ১১ আইনমতে হিসাব সতন্ত্র হইয়াছে তাহা বাদে বক্রী হিস্যা নীলাম হইবেক।

H. C. SUTHERLAND,
Offg. Collector.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

এতদ্বারায় বাণিজ্যকারিগণকে জানাইতেছি যে জিলা বর্দ্ধমানের মানকরের জমীদার শ্রীযুত বাবু হিতলাল মিশ্র মহাশয়ের রায়পুর কন্‌সারনের নীলকুঠী সকলের নীলবটী সকল আগত ১লা নবেম্বর তারিখে নিজ মানকরের জমীদারি কাছারিতে উচ্চ মূল্যে নীলামে বিক্রয় হইবেক, যে মানকর গ্রামের মধ্যে রাণীগঞ্জ শাখা রেলওয়ের ষ্টেসন আছে ইতি ১৮৬৭। ১১ অক্টোবর।

নীলকুঠী সংক্রান্ত সুপরিন্টেণ্ডেণ্ট;
শ্রীবংশগোপাল পণ্ডিত।

বিজ্ঞাপন।

আমার নিলাম খরিদা পত্তনি তালুক কীশমত পরগনে পলাসী ওগয়রহ সন হালের ১৫ কার্ত্তিক মোং গোণ্ডাড়ির ৺ কালীভৈরব মুখোপাধ্যায় মোক্তারের বাটীতে বসিয়া খণ্ডারূপে দরপত্তনি বন্দবস্ত করা যাইবেক অতএব গ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ ঐ তারিখে ঐ স্থানে উপস্থিত হইয়া বন্দবস্ত করিয়া লয়েন ইতি ১২৭৪। ৩ কার্ত্তিক।

শ্রী রাখালদাস মুখোপাধ্যায়। সাং বৈঞ্চী।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এক জে বার্ণো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 29, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২৯ অক্টোবর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE INDIAN CONTRACT LAW, 1867.

[Continued from page 1119.]

PART III.

ON CERTAIN OBLIGATIONS RESEMBLING THOSE CREATED BY CONTRACT.

[Effect of one person intentionally leading another to believe in a non-existent state of things, when the other acts on such belief.]

54. Where a person has, either by words spoken or written, or by his conduct, led another to believe that a certain state of things exists which does not really exist, with the intention that the other shall act upon such belief in a transaction between them, and the other accordingly acts upon such belief; the person who has caused such belief is bound to place the other in the same position as if such a state of things had existed, or in default, to make compensation to the other in respect of any loss or damage which he has incurred by acting upon such belief.

হোম ডিপার্টমেন্ট।

ব্যবস্থাপক।

১৮৬৭ সালের ভারতবর্ষীয় চুক্তির আইন।

[১১১৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৩ খণ্ড।

চুক্তিদ্বারা যে নিবন্ধ হয় তদনুরূপ কোনং নিবন্ধের বিধি।

[বিষয়ব্যাপারের যে অবস্থা নয়, কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক অন্য ব্যক্তির তদবস্থা সত্য জানিবার প্রবৃত্তি দিলে, যদি সেই অন্য ব্যক্তি ঐ বিশ্বাসমতে কর্ম্ম করেন তবে সেই স্থলের কথা।]

৫৪ ধারা। বিষয়ব্যাপারের প্রকৃত যে অবস্থা নয় কোন ব্যক্তি অন্যের সঙ্গে বিশেষ কারবার করিয়া তাঁহার উক্ত অবস্থা সত্য জানিবার অভিপ্রায়ে ও তিনি সেই কারবারে সেই বিশ্বাসানুসারে কর্ম্ম করেন এই মানসে যদি কথা কি লিখন কি আচরণদ্বারা বিষয়ব্যাপারের সেই অবস্থা থাকার বিশ্বাস জন্মান, এবং যদি সেই অন্য ব্যক্তি সেই বিশ্বাসানুসারে কর্ম্ম করেন, তবে সেই বিষয়ের প্রকৃত সেই অবস্থা হইলে ঐ অন্য ব্যক্তির যে অবস্থা হইত, যিনি তাঁহার সেই বিশ্বাস জন্মাইবার প্রবৃত্তি দিয়াছিলেন তাঁহার সেই অন্য ব্যক্তিকে সেই অবস্থাপন্ন করিতে হইবে। না করিলে সেই অন্য ব্যক্তির সেই বিশ্বাসানুসারে কর্ম্ম করাতে যে ক্ষতি কি হানি হয় তাঁহার সেই ক্ষতিপুরণ করিতে হইবে ইতি।

[Effect of one person, by a false representation, inducing another to contract with a third party.]

55. A person who, by a false representation, induces another to enter into a contract with a third party, is bound to make good the representation if he knew it to be false, or if in the due discharge of his duty he ought to have known it to be so.

Illustrations.

(*a*.) A. is trustee for B. of certain property. B. creates a charge upon the trust property, of which notice is given to A. B. afterwards enters into treaty with C. for the sale of the property. C. asks A. whether the property is incumbered or not. A. not remembering the notice, replies in the negative, and C. thereupon buys the property. A. as well as B. is responsible for the discharge of the incumbrance.

(*b*.) A. conveys his property to B. upon a secret trust for A.'s benefit and permits B. to appear as the owner of it. B. alienates the property to a person who is not aware of the trust. A. cannot dispute the alienation.

(*c*.) A. being applied to by B. for merchandise upon credit, asks C. whether B. is in good circumstances. C. knowing B. to be deeply in debt, with the intention of inducing A. to comply with B.'s wishes, replies that B. is in good circumstances. In consequence of this reply, A. lets B. have the merchandise on credit. B. becomes insolvent before the time for payment arrives. C. is liable to make good to A. the value of the merchandise.

(*d*.) C., without any particular knowledge of B.'s means speaks of him in the presence of A. as a person in good circumstances. A. in consequence lets B. have merchandise on credit. B. becomes insolvent. C. is not liable to make good to A. the value of the merchandise.

[Representation as to future conduct.]

56. If one person makes a deliberate statement as to his own future conduct to another, with the intent that it should be acted upon, and the other acts upon the faith of such assurance, the person who made the statement must make it good.

Illustration.

A. holding a decree against B. and knowing that B. is desirous to be married to C., assures the father of C. that he will never enforce the execution of the decree against B. C.'s father, relying on this assurance, permits the marriage to take place. A. is not entitled to enforce the execution of the decree.

[Supply of necessaries to persons incapable of contracting.]

57. If a person incapable of entering into a contract, or any one whom he is legally bound to support, is supplied by another person with neces-

[কোন ব্যক্তি মিথ্যা বর্ণনাদ্বারা অন্য ব্যক্তিকে তৃতীয় ব্যক্তির সঙ্গে চুক্তি করিতে প্রবৃত্তি দিলে তাহার ফলের কথা।]

৫৫ ধারা। কোন ব্যক্তি মিথ্যা বর্ণনাদ্বারা দ্বিতীয় ব্যক্তিকে তৃতীয় ব্যক্তির সহিত চুক্তি করিতে প্রবৃত্তি দিলে, যদি তিনি সেই বর্ণনা মিথ্যা জানিতেন কিম্বা তাঁহার কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনে যদি তাঁহার সেই বর্ণনা মিথ্যা জানার সুযোগ থাকিত তবে ঐ বর্ণনার প্রতিকার করিতে আবদ্ধ আছেন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামের কতক সম্পত্তির ন্যাসধারী। বলরাম সেই ন্যস্ত সম্পত্তির উপর. দায় বর্ত্তাইয়া আনন্দকে তাহার সম্বাদ দেন। তৎপরে বলরাম ঐ সম্পত্তি বিক্রয় করিবার জন্যে চন্দ্রমোহনের সহিত সম্বিদ করেন। চন্দ্রমোহন আনন্দকে জিজ্ঞাসা করিলেন যে, ঐ সম্পত্তির উপর কোন দায় আছে কি না। আনন্দ পূর্ব্বোক্ত জ্ঞাপনী ভুলিয়া কহেন যে না। তাহাতে চন্দ্রমোহন ঐ সম্পত্তি ক্রয় করেন। দায়হইতে ঐ সম্পত্তি মুক্ত করিবার ভার আনন্দ ও বলরাম উভয়ের প্রতি থাকে।

(*b*) আনন্দ আপনার লভ্যার্থে বলরামের নিকট গোপনে স্বীয় সম্পত্তি ন্যস্ত করিয়া বলরামকে সম্পত্তির স্বামী বলিয়া প্রকাশ হইতে দেন। অন্য ব্যক্তি ঐ ন্যাসের কথা অনবগত হইলে বলরাম তাঁহাকে সম্পত্তি হস্তান্তর করিয়া দেন। এমন স্থলে আনন্দ ঐ কার্য্যের আপত্তি করিতে পারিবেন না।

(*c*) আনন্দ নামক এক জন বণিকের স্থানে বলরাম হাওলাতে বাণিজ্য দ্রব্য লইতে চাহেন। আনন্দ চন্দ্রমোহনকে জিজ্ঞাসা করিলেন যে বলরামের সদবস্থা কি দুরবস্থা। বলরাম অত্যন্ত ঋণজালে বদ্ধ। চন্দ্রমোহন ইহা জানিলেও আনন্দ বলরামের ইচ্ছামতে কর্ম্ম করেন এই নিমিত্তে তাঁহাকে বলেন যে বলরাম বিশিষ্ট ব্যক্তি। তৎপ্রযুক্ত আনন্দ বলরামকে হাওলাতে সেই দ্রব্য দিলেন। দ্রব্যের মূল্য দিবার আগে বলরাম যোত্রহীন হইলেন। ঐ বণিকদ্রব্যের মূল্য আনন্দকে চন্দ্রমোহনের দিতে হইবে।

(*d*) চন্দ্রমোহন বলরামের সঙ্গতি বিষয়ে বিশেষ অবগত না হইয়া আনন্দের সাক্ষাতে তাঁহাকে বিশিষ্ট ব্যক্তি কহিলেন। তৎপ্রযুক্ত আনন্দ বলরামকে বণিক দ্রব্য হাওলাতে লইতে দেন; বলরাম যোত্রহীন হইলেন, কিন্তু চন্দ্রের প্রতি সেই বণিকদ্রব্যের মূল্য দিবার দায় বর্ত্তে না।

[উত্তরকালীন আচারবিষয়ক বর্ণনার কথা।]

৫৬ ধারা। কোন ব্যক্তি অন্যের উত্তরকালীন আচারবিষয় অবগত হইয়া সেই জ্ঞানমতে কর্ম্ম করেন এই অভিপ্রায়ে যদি সেই অন্য ব্যক্তি জ্ঞানপূর্ব্বক তাঁহাকে স্বীয় ভাবিকালীন আচারবিষয়ে জ্ঞাত করেন, এবং সেই ব্যক্তি বিশ্বাস করিয়া তদনুসারে কর্ম্ম করেন, তবে যে ব্যক্তি ঐ বর্ণনা করিলেন তাঁহার সেই বর্ণনার প্রতিকার করিতে হইবে ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামের নামে ডিক্রীধারি আছেন। বলরাম চন্দ্রমুখীকে বিবাহ করিতে ইচ্ছুক জানিয়া আনন্দ চন্দ্রমুখীর পিতাকে কহেন যে আমি বলরামের নামে কখন সেই ডিক্রী প্রবল করিব না। চন্দ্রমুখীর পিতা সেই কথায় বিশ্বাস করিয়া বিবাহের অনুমতি দেন। আনন্দের সেই ডিক্রী প্রবল করিবার অধিকার নাই।

[যাঁহারা চুক্তি করিতে অক্ষম তাহাদিগকে প্রয়োজনীয় দ্রব্য দিবার কথা।]

৫৭ ধারা। কোন ব্যক্তি চুক্তি করণাক্ষম হইলে যদি অন্য ব্যক্তি তাঁহাকে কিম্বা তিনি যাঁহার ভরণপোষণ করিতে আবদ্ধ তাঁহাকে স্বীয় অবস্থার উপযুক্ত প্রয়ো-

saries suited to his condition in life, the person who has furnished such supplies is entitled to be reimbursed from the property of such incapable person.

Illustrations.

(*a.*) A. supplies B., a minor, with necessaries suitable to his condition in life. A. is entitled to be reimbursed from B.'s property.

(*b.*) A. supplies the wife and children of B., a lunatic, with necessaries suitable to their condition in life. A. is entitled to be reimbursed from B.'s property.

[Reimbursement of person paying what another is bound to pay.]

58. A person who is interested in the payment of money which another is bound by law to pay, and who therefore pays it, is entitled to be reimbursed by the other.

Illustration.

A. holds some land in Bengal as zemindar. B. holds the land on a lease granted by A. The revenue payable by A. to the Government being in arrear, his land is advertised for sale by the Government. Under the revenue law, the consequence of such sale will be the annulment of B.'s lease. B., to prevent the sale and the consequent annulment of his own lease, pays to the Government the sum due from A. A. is bound to make good to B. the amount so paid.

[Effect of non-gratuitous act of which a person enjoys the benefit.]

59. Where a person lawfully does anything for another person, or delivers anything to him, not intending to do so gratuitously, and the other enjoys the benefit thereof, the latter is bound to restore or to make compensation to the former in respect of the thing so done or delivered.

This rule shall apply, notwithstanding that there shall have been a larger contract between the parties, which has been put an end to by reason of a breach thereof.

Illustrations.

(*a.*) A a tradesman, leaves goods at B's house by mistake. B. treats the goods as his own. He is bound to pay A. for them.

(*b.*) A. contracts with B. to deliver to him 250 maunds of rice before the 1st of May. A. delivers 130 maunds only before that day and none after. B. retains the 130 maunds after the 1st of May. He is bound to pay A. for them.

(*c.*) A., a singer, enters into an engagement with B., the manager of a theatre, to sing at his theatre for two nights in every week during the next two months, and B. engages to pay her 100 Rupees for each night's performance; on the sixth night the singer wilfully absents herself from the theatre, and B. in consequence puts an end to the engagement. B. must pay A. for the five nights on which she had sung.

[*Government Gazette*, 29*th October* 1867.]

জনীয় দ্রব্য দেন, তবে যে ব্যক্তি ঐ দ্রব্য দিয়াছেন তিনি সেই অক্ষম ব্যক্তির সম্পত্তিহইতে সেই দ্রব্যের মূল্য পাইবার স্বত্ববান ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ অপ্রাপ্ত বয়স্ক বলরামকে আপনার অবস্থার উপযুক্ত প্রয়োজনীয় দ্রব্য যোগাইয়া দেন। বলরামের সম্পত্তি হইতে আনন্দের সেই টাকা ফিরিয়া পাইবার অধিকার আছে।

(*b*) আনন্দ বলরাম নামক ক্ষিপ্ত ব্যক্তির পুত্রকলত্রাদির অবস্থার উপযুক্ত প্রয়োজনীয় দ্রব্য দেন। আনন্দ বলরামের সম্পত্তিহইতে সেই টাকা ফিরিয়া পাইবার স্বত্ববান।

[কোন ব্যক্তি যে টাকা দিতে আবদ্ধ হন অন্য ব্যক্তি সেই টাকা দিলে তাঁহার ফিরিয়া পাইবার অধিকারের কথা।]

৫৮ ধারা। কোন ব্যক্তি আইনমতে টাকা দিতে আবদ্ধ আছেন এবং সেই টাকার পরিশোধে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি সেই টাকা দিলে প্রথমোক্ত ব্যক্তির স্থানে তাহা ফিরিয়া পাইবার স্বত্ববান আছেন ইতি।

উদাহরণ।

বলরাম বঙ্গদেশে আনন্দ নামক জমিদারের স্থানে পাট্টাক্রমে ভূমি ভোগ করিতেছেন। গবর্ণমেণ্টের নিকটে আনন্দের রাজস্ব বাকী পড়িলে সেই ভূমি বিক্রয় হইবার ইশ্তিহার হইল। রাজস্বসংক্রান্ত আইনঅনুসারে সেই ভূমি বিক্রয় হইলে বলরামের পাট্টা রহিত হইবে। সেই ভূমিবিক্রয় নিবারণ ও আপনার পাট্টা রক্ষা করিবার জন্যে বলরাম গবর্ণমেণ্টকে আনন্দের বাকী দেন। বলরাম যত টাকা দিলেন আনন্দ তাঁহাকে তত টাকা দিতে আবদ্ধ।

[যে ক্রিয়া অবৈতনিক নয় কোন ব্যক্তি তজ্জন্য লাভপ্রাপ্ত হইলে তাহার ফলের কথা।]

৫৯ ধারা। যদি কোন ব্যক্তি বৈধমতে অন্যের নিমিত্তে কর্ম্ম করেন কিম্বা অন্যকে কিছু দেন কিন্তু বিনামূল্যে তাহা করিতে মনস্থ করেন না এবং যদি ঐ অন্য ব্যক্তি তজ্জন্য লাভপ্রাপ্ত হন, তবে যে ক্রিয়া করা গেল কি যে বস্তু দত্ত হইল শেষোক্ত ব্যক্তি পূর্ব্বোক্ত ব্যক্তিকে তাহা ফিরিয়া দিতে কি তাহার মূল্য দিতে আবদ্ধ আছেন।

যদ্যপি সেই দুই ব্যক্তির মধ্যে গুরুতর চুক্তি হইয়া থাকে ও সেই চুক্তি প্রতিজ্ঞাভঙ্গদ্বারা নিঃশেষ হইয়া থাকে তথাপি উক্ত বিধি বর্ত্তিবে ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ নামক মহাজন ভুলক্রমে বলরামের ঘরে কতক দ্রব্য রাখিয়া গেলেন। বলরাম আপন দ্রব্যের ন্যায় তদ্বিষয়ে আচার করিলেন। তিনি আনন্দকে তাহার মূল্য দিতে আবদ্ধ আছেন।

(*b*) আনন্দ মে মাসের ১ তারিখের পূর্ব্বে বলরামকে ২৫০ মণ চাউল দিতে চুক্তি করিলেন কিন্তু ঐ তারিখের পূর্ব্বে কেবল ১৩০ মণ দিয়া তাহার পর কিছু দিলেন না। বলরাম মে মাসের ১ তারিখের পর সেই ১৩০ মণ রাখিলেন, অতএব আনন্দকে তাঁহার ঐ চাউলের মূল্য দিতে হইবে।

(*c*) বলরাম নাট্যশালার অধ্যক্ষ। আনন্দমণি নাম্নী গায়িকা তাঁহার নাট্যশালায় আগামি দুই মাসপর্য্যন্ত প্রতিসপ্তাহে দুই রাত্রি গান করিতে প্রতিজ্ঞা করিলেন। বলরাম তাঁহাকে প্রতি রাত্রির জন্যে ১০০৲ টাকা দিতে প্রতিজ্ঞা করিলেন। ষষ্ঠ রাত্রিতে গায়িকা ইচ্ছাপূর্ব্বক নাট্যশালায় যান নাই। বলরাম তৎপ্রযুক্ত চুক্তি নিঃশেষ করিলেন। আনন্দমণি যে পঞ্চ রাত্রি গান করিয়াছিলেন বলরামের তাঁহাকে সেই পাঁচ রাত্রির টাকা দিতে হইবে।

[Responsibility of finder of goods.]

60. A person who finds goods belonging to another, and takes them into his custody, is subject to the same responsibility as a bailee.

[Liability of person to whom money is paid by mistake of coercion.]

61. A person to whom money has been paid by mistake or under coercion is liable to repay it.

Illustration.

A. and B. jointly owe 100 Rupees to C. A. alone pays the amount to C., and B., not knowing this fact, pays 100 Rupees over again to C. C. is bound to re-pay the amount to B.

PART IV.

SALE OF GOODS.

["Goods" defined.]

62. In the following Chapter the word "goods" is used to denote every kind of moveable property.

["Sale" defined.]

63. Sale is the exchange of anything which is property for a price. It involves the transference of the ownership of the thing sold from the seller to the buyer.

[Sale how effected.]

64. Sale is effected by offer and acceptance of ascertained goods for a price, or of a price for ascertained goods, together with payment of the price or delivery of the goods, or with tender, part payment, earnest, or part delivery, or with an agreement, express or implied, that the payment, or delivery, or both, shall be postponed.

Illustrations.

(*a.*) B. offers to buy A.'s horse for 500 Rupees. A. accepts the offer, and tells B. to take away the horse. The horse has been sold to B.

(*b.*) A. sends goods to B., with the request that he will buy them at a stated price if he approves of them, or return them if he does not approve of them. B. retains the goods, and informs A. that he approves of them. The goods have been sold to B.

(*c.*) B. offers A. for his horse 1,000 Rupees, the horse to be delivered to B. on a stated day, and the price to be paid on another stated day. A. accepts the offer. The horse has been sold to B. by offer and acceptance with an agreement to postpone delivery and payment.

(*d.*) B. offers A. for his horse 1,000 Rupees on a month's credit. A. accepts the offer. The horse has been sold to B. by offer and acceptance with an agreement to postpone the payment.

(*e.*) B., on the 1st January 1863, offers to A. for a quantity of rice 2,000 Rupees, to be paid on the 1st

[দ্রব্য প্রাপকের দায়ের কথা।]

৬০ ধারা। যদি কোন ব্যক্তি অন্যের দ্রব্য পাইয়া, তাহা আপনার জিম্মায় রাখেন তবে নিক্ষেপধারির মত তাঁহার দায় হয় ইতি।

[যাঁহাকে ভুলক্রমে কিম্বা বলদ্বারা টাকা দেওয়া যায় তাঁহার দায়ের কথা।]

৬১ ধারা। ভুলক্রমে কিম্বা বলপূর্ব্বক যে ব্যক্তিকে টাকা দেওয়া যায় তিনি তাহা ফিরিয়া দিবার দায়ী হন ইতি।

উদাহরণ।

আনন্দ ও বলরাম একত্রে চন্দ্রের ১০০৲ টাকা ধারেন। আনন্দ একা চন্দ্রকে ঐ টাকা দিলেন। বলরাম তাহা না জানিয়া চন্দ্রকে পুনশ্চ সেই টাকা দিলেন। বলরামকে চন্দ্রের সেই টাকা ফিরিয়া দিতে হইবে।

চতুর্থ খণ্ড।

দ্রব্য বিক্রয়ের বিধি।

[দ্রব্য শব্দের অর্থ।]

৬২ ধারা। এই অধ্যায়ে দ্রব্য শব্দে অস্থাবর প্রত্যেক প্রকারের দ্রব্য বুঝাইবে ইতি।

[বিক্রয়ের অর্থ।]

৬৩ ধারা। সম্পত্তির মধ্যে যে দ্রব্য হয় মূল্যের বিনিময়ে সেই দ্রব্যদান বিক্রয় কহা যায়। তাহাতে বিক্রীত দ্রব্যের স্বামিত্ব বিক্রেতাহইতে ক্রেতার প্রতি বর্ত্তে ইতি।

[বিক্রয় যে রূপে হয় তাহার কথা।]

৬৪ ধারা। মূল্যের নিমিত্ত নির্দ্দিষ্ট দ্রব্য ও নির্দ্দিষ্ট দ্রব্যের নিমিত্তে মূল্য দানের প্রস্তাব করণ ও তাহা গ্রাহ্য করণদ্বারা, ও তৎসঙ্গ মূল্যদান ও দ্রব্যদান কিম্বা মূল্য দিবার প্রস্তাব ও কিয়দংশ দান ও বায়না ও দ্রব্যের কিয়দংশ দানদ্বারা, অথবা মূল্য কিম্বা দ্রব্য কি ঐ উভয় বিলম্বে দেওয়া যাইবে স্পষ্ট কি ভাবত এমত চুক্তিদ্বারা বিক্রয় হয় ইতি।

উদাহরণ

(*a*) বলরাম ৫০০৲ টাকা দিয়া আনন্দের ঘোড়া ক্রয় করিতে প্রস্তাব করিলেন। আনন্দ সেই প্রস্তাব গ্রাহ্য করিয়া তাঁহাকে ঘোড়া লইয়া যাইতে বলেন। বলরামের নিকট ঘোড়া বিক্রয় হইয়াছে।

(*b*) আনন্দ বলরামের নিকট কএক দ্রব্য পাঠাইয়া কহেন, যদি আপনকার পসন্দ হয় তবে নির্দ্দিষ্ট মূল্যে ক্রয় করিবেন, না হয় ফিরিয়া পাঠাইবেন। বলরাম সেই দ্রব্য রাখিয়া আনন্দকে কহেন যে সেই দ্রব্য আমার পসন্দ হইয়াছে। ঐ দ্রব্য বলরামের নিকট বিক্রয় হইল।

(*c*) বলরাম আনন্দকে কহেন আমি আপনকার ঘোড়ার জন্যে ১০০০ টাকা দিব। অমুক দিনে ঘোড়াকে আমার নিকট পাঠাইতে হইবে আমি অমুক দিনে মূল্য দিব। আনন্দ সেই প্রস্তাব গ্রাহ্য করেন। প্রস্তাব ও গ্রাহ্য করণ দ্বারা এবং বিলম্বে দ্রব্য ও মূল্য দান করিবার সংবিদক্রমে ঘোড়া বিক্রয় হইয়াছে।

(*d*) বলরাম ঘোড়ার নিমিত্তে আনন্দকে এক মাস পরে ১০০০৲ টাকা দিতে প্রস্তাব করেন। আনন্দ সেই প্রস্তাব গ্রাহ্য করিলেন। প্রস্তাব ও গ্রাহ্য করণ দ্বারা এবং বিলম্বে মূল্য দান করিবার সংবিদক্রমে ঘোড়া বলরামের নিকট বিক্রয় হইয়াছে।

(*e*) বলরাম ১৮৬৩ সালের জানুআরি মাসের ১ তারিখে আনন্দকে কহেন, আপনকার এই সকল চাউলের নিমিত্তে

March following, the rice not to be taken away till paid for. A. accepts the offer. The rice has been sold to B.

[Effect of agreement for sale of thing to be ascertained, made, or finished.]

65. By an agreement for the sale of a thing which has yet to be ascertained, made, or finished, no ownership of any portion of that thing passes to the buyer until it is ascertained, made, or finished.

Illustration.

B. orders A., a barge-builder, to make him a barge. The price is not made payable by instalments. While the barge is building, B. pays to A. money from time to time on account of the price. The ownership of the barge does not pass to B. until it is finished.

[Sale of goods which the seller is to put into state in which buyer is to take them.]

66. Where by an agreement for the sale of goods the seller is to do anything to them for the purpose of putting them into a state in which the buyer is to take them, the sale is not complete until such thing has been done.

Illustrations.

(*a*.) A., a ship-builder, agrees to sell to B. for a stated price, a vessel which is lying in A.'s yard; the vessel to be rigged and fitted for a voyage, and the price to be paid on delivery. Under the agreement a sale is not effected until the vessel has been rigged, fitted up, and delivered.

(*b*.) A. contracts to build a ship for B for a price, payable by instalments dependent on the progress of the building of the ship, and the ship is to be built under B.'s superintendence. The ownership of the materials incorporated with the ship passes to B. at the time of incorporation, as this was intended by the parties, but the materials lying in A.'s yard, though suited and intended for the ship, do not pass to B. until they are actually incorporated with the ship.

[Sale of goods when seller has to do anything thereto in order to ascertain price.]

67. Where anything remains to be done to the goods by the seller for the purpose of ascertaining the amount of the price, the sale is not complete until this has been done.

Illustrations.

(*a*.) A., owner of a stack of bark, agrees to sell it to B. at 100 Rupees per ton. B agrees to take and pay for it on a certain day. Part is weighed and delivered to B.; the ownership of the residue is not transferred to B until it has been weighed pursuant to the contract.

(*b*.) A. agrees to sell a heap of clay to B. at a certain price per ton; B. is by the agreement to load the clay in his own carts, and to weigh each load at a certain weighing machine which his carts must pass over on their way

আমি আগামি মার্চ মাসের ১ তারিখে ২০০০ টাকা দিব টাকা না দিয়া চাউল লইয়া যাইব না। আমন্দ সেই প্রস্তাব গ্রাহ্য করিলেন। বলরামের নিকট চাউল বিক্রয় হইয়াছে।

[যে দ্রব্য নির্দ্দিষ্ট কি প্রস্তুত কি সমাপ্ত করিতে বাকী আছে সেই দ্রব্য বিক্রয়ের করারের ফলের কথা।]

৬৫ ধারা। যে দ্রব্য নির্দ্দিষ্ট কি প্রস্তুত কি সমাপ্ত হয় নাই তাহা বিক্রয় করিবার করার হইলে, যতকাল তাহা নির্দ্দিষ্ট কি প্রস্তুত কি সমাপ্ত না হয় ততকাল সেই দ্রব্যের কোন অংশের স্বামিত্ব ক্রেতার প্রতি বর্ত্তে না ইতি।

উদাহরণ।

আনন্দ নৌকা নির্ম্মাতা। বলরাম তাঁহাকে একখান নৌকা নির্ম্মাণ করিতে আদেশ করেন। সেই নৌকার মূল্য কিস্তি করিয়া দিবার কথা হয় নাই। নৌকা যে সময়ে প্রস্তুত হইতেছিল সেই সময়ে বলরাম নৌকার মূল্যের দরুণ সময়ে২ কিছু দিতেন। নৌকা যত কাল প্রস্তুত না হয় তত কাল বলরামের প্রতি তাহার স্বামিত্ব বর্ত্তে না।

[দ্রব্য নিরূপিত হইলে পর অবস্থাপন্ন ক্রেতার তাহা লইবার নিয়ম থাকিলে তাহার কথা।]

৬৬ ধারা। বিক্রয়ের করারক্রমে কোন দ্রব্য বিশেষ অবস্থাপন্ন হইলে ক্রেতা তাহা লইবেন ও বিক্রেতার সেই দ্রব্য তদবস্থাপন্ন করিবার জন্যে কিছু করিতে হইবে, এমন স্থলে যত কাল সেই কার্য্য না করা যায় তত কাল বিক্রয় সিদ্ধ হয় না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ জাহাজ নির্ম্মাতা। তাহার গদিতে একখান জাহাজ নির্দ্দিষ্ট মূল্যেতে বলরামের নিকট বিক্রয় করিতে প্রস্তাব করিলেন, কিন্তু প্রথমে জাহাজের গুণাদি রচনা করিয়া তাহা সমুদ্রযাত্রার উপযুক্ত করিতে হইবে। জাহাজ দেওয়া গেলে মূল্য পাওয়া যাইবে। সেই করারমতে জাহাজের গুণাদি রচনা হইয়া তাহা প্রস্তুত ও সমর্পিত না হওন পর্য্যন্ত বিক্রয় সিদ্ধ হইবে না।

(*b*) আনন্দ বলরামের নিমিত্তে নির্দ্দিষ্ট মূল্যে জাহাজ নির্ম্মাণ করিতে এই চুক্তি করিলেন, যে জাহাজের নির্ম্মাণ কার্য্য হইতে২ বলরাম কিস্তি করিয়া টাকা দিবেন ও তাঁহার তত্ত্বাবধানে জাহাজ প্রস্তুত হইবে। এমন স্থলে যে সকল দ্রব্য জাহাজে সংলগ্ন হয় সংলগ্ন হওন কালে বলরাম ঐ দ্রব্যের স্বামী হন, উভয় পক্ষেরও সেই অভিপ্রায়। কিন্তু যে দ্রব্য আনন্দের গদিতে থাকে তাহা ঐ জাহাজের উপযুক্ত ও জাহাজের নিমিত্ত হইলেও যত কাল জাহাজে সংলগ্ন না হয় তত কাল বলরামের দ্রব্য হয় না।

[মূল্য নিরূপণ করিবার জন্যে দ্রব্যেতে বিক্রেতার কিছু করিতে হইলে ঐ দ্রব্য বিক্রয়ের কথা।]

৬৭ ধারা। যদি মূল্য নিরূপণ করিবার জন্যে দ্রব্যেতে বিক্রেতার কিছু করিতে বাকী থাকে, তবে তাহা যত কাল না করা যায় তত কাল বিক্রয় সিদ্ধ হইবে না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ টন প্রতি ১০০ টাকার হিসাবে বলরামকে এক গাড়ি ছাল বিক্রয় করিতে অঙ্গীকার করিলেন। বলরাম নিরূপিত দিনে তাহা লইয়া মূল্য দিতে অঙ্গীকার করিলেন। তাহার একাংশ ওজন হইয়া বলরামকে দেওয়া গেল। চুক্তিমতে অবশিষ্ট অংশ ওজন না হইলে বলরাম তাহার স্বামী হন না।

(*b*) আনন্দ টন প্রতি নির্দ্দিষ্ট মূল্যে বলরামকে এক গাদি মৃত্তিকা বিক্রয় করিতে অঙ্গীকার করিলেন। করারমতে বলরাম আপন গাড়ীতে মাটী বোঝাই করিয়া, যে স্থানে মাটি ওজন হইবে আনন্দের বাড়ীহইতে সেই স্থানে যাইবার পথে তোল

from A.'s ground to B.'s place of deposit. Here nothing more remains to be done by the seller; the sale is complete, and the ownership of the heap of clay is transferred at once.

[Sale when goods are unascertained at date of agreement.]

68. Where the goods are not ascertained at the time of making the agreement for sale, it is necessary to the completion of the sale that the goods shall be ascertained.

Illustration.

A. agrees to sell to B. twenty tons of oil in A.'s cistern, A.'s cisterns contain more than twenty tons of oil. B. has not acquired the ownership of any portion of the oil.

[Ascertainment of goods by subsequent appropriation.]

69. Where the goods are not ascertained at time of making the agreement for sale, but goods answering the description in the agreement are subsequently appropriated by one party for the purpose of the agreement, and that appropriation is assented to by the other, the goods have been ascertained, and the sale is complete.

Illustration.

A. having a quantity of sugar in bulk, more than sufficient to fill 20 hogsheads, agrees to sell B. 20 hogsheads of it. After the agreement, A. fills 20 hogsheads with the sugar, and gives notice to B. that the hogsheads are ready, and requires him to take them away. B. says he will take them as soon as he can. By this appropriation by A. and assent by B. the ownership passes to B.

[Ascertainment of goods by seller's selection.]

70. Where the goods are not ascertained at the time of making the agreement for sale, and by the terms of the agreement, the seller is to do an act with reference to the goods which cannot be done until they are appropriated to the buyer, the seller has a right to select any goods answering to the agreement, and by his doing so the goods are ascertained.

Illustration.

B. agrees with A. to purchase of him at a stated price, to be paid on a fixed day, 50 maunds of rice out of a larger quantity in A.'s granary. It is agreed that B. shall send sacks for the rice, and that A. shall put the rice into them. B. does so, and A. puts 50 maunds of rice into the sacks. The goods have been ascertained.

[Agreement for sale of immoveable and moveable property combined.]

71. Where an agreement is made for the sale of immoveable and moveable property combined, the ownership of the moveable property does not pass before the transference of the immoveable property.

করিবার বস্ত্র আছে বলরাম সেই বস্ত্রে গাড়ির বোঝা প্রেরণ করিবেন। এই স্থলে বিক্রেতার কিছু করিবার বাকী নাই বিক্রয় সিদ্ধ হইল ও মৃত্তিকাগাদির স্বামিত্ব একবারে অন্যের প্রতি বর্ত্তিত হইল।

[করার করণ কালে দ্রব্য নির্দ্দিষ্ট না হইলে বিক্রয়ের কথা।]

৬৮ ধারা। যে সময়ে বিক্রয় করিবার করার করা যায় সেই সময়ে যদি দ্রব্য নির্দ্দিষ্ট না হইয়া থাকে তবে বিক্রয় সিদ্ধ হওনার্থে দ্রব্য নির্দ্দিষ্ট করা আবশ্যক ইতি।

উদাহরণ।

আনন্দ আপনার কুণ্ডাতে ২০ টন তৈল বলরামের নিকট বিক্রয় করিতে অঙ্গীকার করেন। আনন্দের কুণ্ডাতে ২০ টনের অধিক ধরে। বলরাম তৈলের কোন অংশের স্বামিত্ব প্রাপ্ত হন নাই।

[দ্রব্য পশ্চাৎ বিনিয়োগ করণদ্বারা নির্দ্দিষ্ট করণের কথা।]

৬৯ ধারা। বিক্রয়ের করার করিবার সময়ে দ্রব্য নির্দ্দিষ্ট হয় নাই, কিন্তু তৎপরে করার সফল করিবার জন্যে এক পক্ষ করার অনুযায়ি দ্রব্য বিনিয়োগ করেন, ও অপর পক্ষ সেই বিনিয়োগে সম্মত হন। এমত স্থলে দ্রব্য নির্দ্ধারিত হইয়াছে ও বিক্রয় সিদ্ধ হইল ইতি।

উদাহরণ।

আনন্দের নিকট রাশি২ চিনি আছে তাহাতে ২০ পিপার অধিক ধরিতে পারে। ও তিনি বলরামকে ২০ পিপা বিক্রয় করিতে করার করেন। করার হইবার পরে আনন্দ ২০ পিপাতে ঐ চিনি ভরিয়া বলরামকে ঐ পিপা প্রস্তুত হইবার সম্বাদ দিয়া তাঁহাকে লইয়া যাইতে বলেন। বলরাম কহিলেন আমি সাধ্যমতে ত্বরায় লইয়া যাইব এই প্রকারে আনন্দ তাহা বিনিয়োগ করিলে ও বলরাম সম্মত হইলে বলরাম স্বামিত্ব প্রাপ্ত হন।

[বিক্রেতা কর্ত্তৃক মনোনীত করণদ্বারা দ্রব্য নির্দ্ধার্য্য হওনের কথা।]

৭০ ধারা। যদি বিক্রয়ের করার করিবার সময়ে দ্রব্য নির্দ্ধার্য্য না হয় এবং করারের নিয়মানুসারে বিক্রেতার ঐ দ্রব্য সম্পর্কে কোন কার্য্য করিতে হয়, অথচ সেই দ্রব্য যত কাল ক্রেতার পক্ষে বিনিয়োগ না হয় তত কাল সেই ক্রিয়া করা যাইতে পারে না, এমন স্থলে বিক্রেতা করার অনুযায়ি কোন দ্রব্য মনোনীত করিতে পারিবেন ও তাঁহার সেই ক্রিয়া দ্বারা দ্রব্য নির্দ্ধারিত হইবে ইতি।

উদাহরণ।

আনন্দের গোলাতে অনেক চাউল আছে বলরাম তাঁহার সঙ্গে এই মর্ম্মের করার করেন যে আমি নির্দ্দিষ্ট দিনে অবধারিত মূল্য দিয়া ৫০ মণ চাউল লইব। আমি ঐ চাউল বদ্ধ করিবার বস্তা পাঠাইলে আপনি তাহাতে বদ্ধ করিবেন। বলরাম তাহা করিলে আনন্দ ঐ বস্তাতে ৫০ মণ চাউল বদ্ধ করিয়া দেন। দ্রব্য নির্দ্ধারিত হইয়াছে।

[স্থাবর ও অস্থাবর সম্পত্তি সংযুক্ত ভাবে বিক্রয় করিবার করারের কথা।]

৭১ ধারা। যদি স্থাবর ও অস্থাবর দুই প্রকারের সম্পত্তি একত্রে বিক্রয় করিবার করার হইয়া থাকে তবে স্থাবর সম্পত্তি হস্তান্তর করণের পূর্ব্বে অস্থাবর সম্পত্তির স্বামিত্ব অন্যের প্রতি বর্ত্তে না ইতি।

Illustration.

A. agrees with B. for the sale of a house and furniture. The ownership of the furniture does not pass to B. until the house is conveyed to B.

[Sale of several lots by auction.]

72. Where goods are sold by auction, there is a distinct and separate sale of the goods in each lot, by which the ownership thereof is transferred as each lot is knocked down.

[Buyer's risk.]

73. A buyer to whom the ownership of the goods sold has passed, is liable to bear any loss arising from the destruction or injury of the goods.

Illustration.

B. offers and A. accepts 100 Rupees for a stack of fire-wood standing on A.'s premises, the firewood to be allowed to remain on A.'s premises till a certain day, and not to be taken away till paid for. Before payment, and while the firewood is on A.'s premises, it is accidentally destroyed by fire. B. must bear the loss.

[Agreement for sale may be oral or written.]

74. A valid agreement for the sale of goods may be made either by word of mouth or by writing.

[Acquisition of ownership of goods by purchase from their possessor.]

75. The ownership of goods may be acquired by buying them from any person who is in possession of them: Provided that the buyer acts in good faith, and under circumstances which are not such as to raise a reasonable presumption that the person in possession has no right to sell them.

Illustrations.

(a.) A. steals a cow from B. and sells it at a cattle-market to C., a purchaser, in good faith. A. is afterwards convicted of the theft. B. cannot recove[illegible] cow from C.

(b.) A., a person whose rank and occupation are not such as to account for his having plate in his possession, sells a piece of plate to B without giving a satisfactory explanation of the manner in which he had become possessed of it. The plate had, in fact, been stolen from C. C., on proof of the theft, can recover the plate from B.

(c.) A., a commercial agent, to whom goods have been consigned with instructions not to sell them without reference to the consignor, sells them to B., who has no ground for a reasonable presumption that A. has no right to sell them. The consignor cannot disturb the sale.

উদাহরণ।

আনন্দ বলরামের নিকট দ্রব্যসামগ্রী সমেত ঘর বিক্রয় করিতে করার করেন। বলরামের নামে যতকাল সেই ঘরের হস্তান্তর করণপত্র না করা যায়, ততকাল তিনি ঐ দ্রব্যসামগ্রীর স্বামী হন না।

[নিলামে অনেক লাট বিক্রয়ের কথা।]

৭২ ধারা। যখন নিলামে দ্রব্য বিক্রয় হয়, তখন প্রত্যেক লাটে যে২ দ্রব্য থাকে তাহার স্বতন্ত্র ও পৃথক্ বিক্রয় হয় ও প্রত্যেক লাটের যে সময়ে ঘা মারা যায় সেই সময়ে ঐ দ্রব্যের স্বামিত্ব হস্তান্তর করা যায় ইতি।

[ক্রেতার ক্ষতিসহতার কথা।]

৭৩ ধারা। বিক্রীত দ্রব্যের স্বামিত্ব ক্রেতার প্রতি বর্ত্তিলে পর, সেই দ্রব্যের বিনাশ কি হানি জন্য যে ক্ষতি হয় তাহা ক্রেতার স্বীকার করিতে হইবে ইতি।

উদাহরণ।

আনন্দের বাড়িতে এক গাদি জ্বালানি কাষ্ঠ আছে বলরাম তাহার জন্যে ১০০৲ টাকা দিবার প্রস্তাব করিলে আনন্দও তাহাতে সম্মত হইলেন। কিন্তু বলরাম কহেন যে, এই কাষ্ঠ অমুক দিন পর্য্যন্ত তোমার বাড়ির মধ্যে থাক্ আমি টাকা দিয়া নিয়া যাইব। টাকা দিবার পূর্ব্বে ও কাষ্ঠ আনন্দের বাড়িতে আছে এমন সময়ে তাহা অকস্মাৎ অগ্নিদ্বারা নষ্ট হইল। সেই ক্ষতি বলরামের স্বীকার করিতে হইবে।

[বিক্রয়ের করার বাচনিক কিম্বা লিখিত হইবার কথা।]

৭৪ ধারা। দ্রব্য বিক্রয় করিবার করার বাচনিক কিম্বা লিখিত হইলে সিদ্ধ হইতে পারে ইতি।

[দ্রব্যাধিকারির স্থানে দ্রব্য ক্রয় করিয়া স্বামিত্ব প্রাপ্তির কথা।]

৭৫ ধারা। দ্রব্য যাঁহার অধিকারে থাকে তাঁহার স্থানে ক্রয় করা গেলে ঐ দ্রব্যের স্বামিত্ব প্রাপ্ত হওয়া যাইতে পারে। কিন্তু প্রয়োজন যে ক্রেতা সরল-ভাবে কর্ম্ম করেন, এবং দ্রব্য যাঁহার অধিকারে আছে তাঁহার ঐ দ্রব্য বিক্রয় করিবার অধিকার থাকাবিষয়ে যাহাতে যুক্তিমতে সন্দেহ হইতে পারে এমত অব-গতিক না থাকে ইতি।

উদাহরণ।

(a) আনন্দ বলরামের গরু চুরী করিয়া হাটে নিয়া যায়। চন্দ্রমোহন সরল মনে তাহা ক্রয় করে। পরে আনন্দের নামে চৌর্য্য দোষ প্রমাণ হয়। বলরাম চন্দ্রের স্থানে গরু লইতে পারিবেন না।

(b) আনন্দের নিকট অনেক রূপার পাত্র আছে কিন্তু তাঁহার বৃত্তি ও ব্যবসায় বিবেচনায় সেই পাত্র থাকা অসম্ভব। ও তাহা কিরূপে তাঁহার অধিকারগত হইয়াছে ইহার সন্তোষ জনক কোন হেতু না জানাইয়া তিনি বলরামকে একখান বেচেন। ফলতঃ সেই পাত্র চন্দ্রের নিকটহইতে চুরী হইয়াছে। চন্দ্র সেই চৌর্য্যের প্রমাণ করিয়া তাহা বল-রামের স্থানে লইতে পারিবেন।

(c) আনন্দ বাণিজ্য দ্রব্যের এজেণ্ট আছেন। কোন দ্রব্য তাঁহার নামে আইল কিন্তু প্রেরণকর্ত্তাকে না কহিয়া সেই দ্রব্য বিক্রয় না করিবার আদেশ হইয়াছিল। আনন্দ ঐ আদেশ না মানিয়া বলরামের নিকট ঐ দ্রব্য বিক্রয় করিলেন ও সেই দ্রব্য বিক্রয় করিবার তাঁহার অধিকার নাই যুক্তিমতে এমত সন্দেহও ছিল না। ঐ দ্রব্যপ্রেরক ঐ বিক্রয়ের ব্যতিক্রম করিতে পারেন না।

(d.) A., a commercial agent, to whom goods have been consigned with instructions not to sell them without reference to the consignor, sells them, without such reference, to B. who is acquainted with the instructions given to A. The sale is void as against the consignor.

[Acquisition by purchase from possessor of documentary title.]

76. The ownership of goods may be acquired by buying them from any person who is in possession of a bill of lading, dockwarrant, warehouse-keeper's certificate, wharfinger's certificate, or warrant or order for delivery, or any other documentary title to the goods: Provided that the buyer acts in good faith and under circumstances which are not such as to raise a reasonable presumption that the person in possession of the document has no right to sell the goods.

Illustration.

A. sells to B. goods of which he has the bill of lading but the bill of lading is made out for delivery of the good to C., and it has not been indorsed by C. The sale is not valid.

[Transfer of ownership of goods agreed to be sell while non-existent.]

77. Under an agreement for the sale of goods not yet in existence, the ownership of the goods may be transferred by acts which, after the goods are produced, are done in pursuance of the agreement by the seller, or by the buyer with the seller's assent.

Illustrations.

(a.) A. agrees to sell to B. for a stated price all the indigo which shall be produced at A.'s factory during the ensuing year. A., when the indigo has been manufactured, gives to B. an acknowledgment that he holds the indigo at his disposal. The ownership of the indigo vests in B. from the date of the acknowledgment.

(b.) A. for a stated price agrees that B. may take and sell any crops that shall be grown on his land in succession to the crops then standing. Under this agreement B., with the assent of A., takes possession of some crops growing in succession to the crops standing at the time of the agreement. The ownership of the crops when taken vests in B.

(c.) A. for a stated price agrees that B. may take and sell any crops that shall be grown on his land in succession to the crops then standing. Under this agreement B. applies to A. for possession of some crops grown in succession to the crops which were standing at the time of the agreement. A. refuses to give possession. The ownership of the crops does not pass to B.

(d) আনন্দ বাণিজ্য দ্রব্যের এজেণ্ট আছেন। কোন দ্রব্য তাঁহার নিকট আইল কিন্তু প্রেরককে না কহিয়া সেই দ্রব্য বিক্রয় না করিবার আদেশ হইয়াছিল। আনন্দ ঐ আদেশ না মানিয়া ঐ দ্রব্য বিক্রয় করিলেন এবং আনন্দকে ঐ আদেশ দেওয়া গিয়াছিল জানিয়া বলরাম তাহা ক্রয় করিলেন। প্রেরকের পক্ষে ঐ বিক্রয় অসিদ্ধ।

[যাঁহার নিকট স্বত্বের প্রমাণ পত্র থাকে তাঁহার স্থানে ক্রয়হেতুক প্রাপ্তির কথা।]

৭৬ ধারা। বিল অফ লেডিং কি ডাকওয়ারণ্ট কি আড়ৎদারের সর্টিফিকট কি ওয়ারফিঙ্গের সর্টিফিকট কি দ্রব্য প্রদানের ওয়ারণ্ট কি অন্য আজ্ঞাপত্র কিম্বা দ্রব্য সম্পর্কে অন্য দলীল যাঁহার নিকটে থাকে, তাঁহার নিকটহইতে ক্রয় করণদ্বারা দ্রব্যের স্বামিত্ব পাওয়া যাইতে পারিবে। কিন্তু প্রয়োজন যে ক্রেতা সরল মনে কার্য্য করেন এবং যাঁহার নিকটে দলীল আছে তাঁহার সেই দ্রব্য বিক্রয় করিবার অধিকার থাকার বিষয়ে যাহাতে যুক্তিমতে কোন সন্দেহ হইতে পারে এমত ভাবগতিক না থাকে ইতি।

উদাহরণ।

আনন্দের নিকট বিল অফ লেডিং আছে। চন্দ্রকে সেই দ্রব্য সমর্পণ করিবার তাৎপর্য্যে ঐ বিল অফ লেডিং করা যায় কিন্তু চন্দ্র তাহার পৃষ্ঠে স্বাক্ষর না করিলেও আনন্দ বলরামকে ঐ দ্রব্য বিক্রয় করেন। বিক্রয় অসিদ্ধ।

[দ্রব্য অসত্ত্বে তাহা বিক্রয় করিবার করার হইলে তাহার স্বামিত্ব ব্যক্ত্যন্তরের প্রতি বর্ত্তিবার কথা।]

৭৭ ধারা। কোন দ্রব্য অনুৎপন্নকালে যদি তাহা বিক্রয় করিবার করার হইয়া থাকে, তবে ঐ দ্রব্য উৎপন্ন হইলে পর বিক্রেতা অথবা বিক্রেতার সম্মতিতে ক্রেতা সেই করারঅনুসারে যে ক্রিয়া করেন তদ্দ্বারা ঐ দ্রব্যের স্বামিত্ব অন্য ব্যক্তির প্রতি বর্ত্তান যাইতে পারে ইতি।

উদাহরণ।

(a) আনন্দের নিলকুঠিতে আগামি বৎসরে যত নীল উৎপন্ন হইবে আনন্দ নিরূপিত মূল্যে বলরামকে বিক্রয় করিতে অঙ্গীকার করিলেন। নীল প্রস্তুত হইলে পর আনন্দ বলরামকে এই মর্ম্মের এক স্বীকারপত্র লিখিয়া দেন যে, আমি আপনকার আজ্ঞাব অপেক্ষায় এই নীল নিকট রাখিয়াছি। সেই স্বীকারপত্রের তারিখঅবধি সেই নীলের প্রতি বলরামের স্বামিত্ব বর্ত্তে।

(b) [illegible]মদের ক্ষেত্রে যে ফসল আছে তাহা কাটিয়া লওয়া গেলে পর অন্য যে ফসল হইবে বলরাম নিরূপিত মূল্য দিয়া সেই ফসল লইয়া বিক্রয় করিতে পারিবেন, আনন্দ তাঁহার সঙ্গে এই করার করিলেন। অতএব সেই করার করণ সময়ে ক্ষেত্রে যে ফসল ছিল তাহার পর অন্য ফসল হইলে বলরাম সেই করারমতে আনন্দের সম্মতিক্রমে ঐ ফসল অধিকার করিলেন। সেই ফসল গ্রহণ করিলে তাহার প্রতি বলরামের স্বামিত্ব বর্ত্তিল।

(c) আনন্দের ক্ষেত্রে যে ফসল আছে তাহা কাটিয়া লওয়া গেলে পর অন্য যে ফসল হইবে বলরাম নিরূপিত মূল্য দিয়া সেই ফসল লইয়া বিক্রয় করিতে পারিবেন, আনন্দ তাঁহার সঙ্গে এই করার করিলেন। অতএব সেই করার করণ কালে ক্ষেত্রে যে ফসল ছিল, তাহার পর অন্য ফসল হইলে বলরাম সেই করারমতে ঐ ফসলের অধিকার পাইবার জন্যে আনন্দের নিকটে প্রার্থনা করিলেন। আনন্দ অধিকার দিতে অসম্মত হইলেন। ঐ ফসলের স্বামিত্ব বলরামের প্রতি বর্ত্তে না।

[Contract to sell and deliver at a future day goods not in seller's possession at date of contract.]

78. An agreement for the sale of goods to be delivered at a future day is binding, though the goods are not in the possession of the seller at the time of making the agreement, and though at that time he has no reasonable expectation of acquiring them otherwise than by purchase.

Illustration.

A. agrees on the 1st January to sell B. 50 shares in the East Indian Railway Company to be delivered and paid for on the 1st March of the same year. A., at the time of making the agreement, is not in possession of any shares. The agreement is valid.

[Determination of unfixed price.]

79. Where there has been a sale, or an agreement to sell, and the amount of the price has not been fixed, it shall be determined by the consideration of what is just and reasonable.

Illustration.

B. living at Patna, orders of A., a coach-builder at Calcutta, a carriage of a particular description. Nothing is said by either as to the price. The order having been executed, and the price being in dispute between the buyer and the seller, the amount of it must be determined by the consideration of what is just and reasonable.

Delivery.

[Delivery how made.]

80. Delivery of goods sold may be made by doing anything which has the effect of putting them in the possession of the buyer, or of any person authorized to hold them on his behalf.

Illustrations.

(*a*.) A. sells to B. a horse, and causes or permits it to be removed from A.'s stables to B.'s. This is a delivery.

(*b*.) B. in England orders 100 bales of cotton from A., a merchant of Bombay, and sends his own ship to Bombay for the cotton. The putting the cotton on board the ship is a delivery to B.

(*c*.) A. sells to B. certain specific goods which are locked up in a godown. A. gives B. the key of the godown in order that he may get the goods. This is a delivery.

(*d*.) A. sells to B. five specific casks of oil. The oil is in the warehouse of A. B. sells the five casks to C. A. receives warehouse rent for them from C. This amounts to a delivery of the oil to C., as it shows an assent on the part of A. to hold the goods as warehouseman of C.

(*e*.) A sells to B. 50 maunds of rice in the possession of C., a warehouseman. A. gives B. an order to C. to transfer the rice to B., and C. assents to such order, and transfers the rice in his books to B. This is a delivery.

[চুক্তির তারিখে যে দ্রব্য বিক্রেতার অধিকারে ছিল না অন্য দিনে সেই দ্রব্য বিক্রয় করিবার ও দিবার চুক্তির কথা।]

৭৮ ধারা। যদি কোন ব্যক্তি ভাবিদিনে কোন দ্রব্য দিবার অঙ্গীকারে তাহা বিক্রয় করিবার করার করেন তবে সেই করার করিবার সময়ে ঐ দ্রব্য তাঁহার অধিকারে না থাকিলেও এবং তৎকালে ক্রয় করণভিন্ন তাঁহার ঐ দ্রব্য পাইবার অন্য আশা না থাকিলেও ঐ করার দৃঢ় হইবে ইতি।

উদাহরণ।

আনন্দ জানুআরি মাসের ১ তারিখে বলরামকে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির ৫০ শ্যার বিক্রয় করিয়া ঐ বৎসরের মার্চ মাসের ১ তারিখে তাহা প্রদান করিয়া টাকা লইতে অঙ্গীকার করিলেন। ঐ করার করণ কালে আনন্দের অধিকারে কোন শ্যার ছিল না। কিন্তু করার সিদ্ধ।

[অনিরূপিত মূল্য নিরূপণ করিবার কথা।]

৭৯ ধারা। বিক্রয় হইলে কিম্বা বিক্রয় করিবার করার হইলে যদি মূল্য নিরূপণ না করা যায়, তবে যাহা যথার্থ ও যুক্তিযুক্ত সেই মূল্য নির্দ্ধারিত হইবে ইতি।

উদাহরণ।

বলরাম পাটনায় বাস করিয়া কলিকাতা নিবাসি আনন্দ নামক গাড়ী নির্ম্মাতাকে বিশেষ প্রকারের গাড়ী নির্ম্মাণ করিতে আদেশ করেন। উভয় পক্ষের মধ্যে মূল্যের কোন কথা হয় নাই। সেই আদেশমতে কার্য্য সম্পাদন হইলে পর মূল্য বিষয়ে বিবাদ হইল। এমন স্থলে যাহা ন্যায্য ও যুক্তিযুক্ত সেই মূল্য নিরূপণ হইবে।

সম্প্রদানের বিধি।

[সম্প্রদান যে রূপে করা যায় তাহার কথা।]

৮০ ধারা। যে ক্রিয়ার দ্বারা বিক্রীত দ্রব্য ক্রেতার কিম্বা তৎপক্ষে লইবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তির অধিকারগত হয়, সেই ক্রিয়া করণই বিক্রীত দ্রব্যের সম্প্রদান হয় ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে ঘোড়া বিক্রয় করিয়া আপনার আস্তাবলহইতে বলরামের আস্তাবলে পাঠাইলেন কি লইয়া যাইতে দিলেন। এই সম্প্রদান।

(*b*) ইঙ্গলণ্ড দেশবাসি বলরাম বোম্বাইয়ের বণিক আনন্দকে ১০০ বস্তা তূলা পাঠাইতে আদেশ করেন ও তূলা লইয়া যাইবার জন্যে বোম্বাইয়ে আপনার জাহাজ পাঠান। জাহাজে তূলা দেওয়া গেলেই বলরামকে সম্প্রদান করা হইল।

(*c*) কোন দ্রব্য ঘরে বন্ধ আছে। আনন্দ বলরামকে সেই দ্রব্য বিক্রয় করিয়া তাহা লইবার জন্যে তাঁহাকে ঘরের চাবী দিলেন। এই সম্প্রদান।

(*d*) আনন্দ বলরামকে পাঁচ পিপা তৈল বিক্রয় করিলেন। সেই তৈল আনন্দের আড়তে আছে। বলরাম চন্দ্রমোহনকে ঐ পাঁচ পিপা বিক্রয় করেন। আনন্দ তাহার জন্যে চন্দ্রমোহনের স্থানে আড়তের ভাড়া গ্রহণ করিলেন। ইহাই চন্দ্রমোহনকে তৈল সম্প্রদান করিবার তুল্য, যেহেতুক আনন্দ আড়তদারস্বরূপ চন্দ্রমোহনের পক্ষে ঐ তৈল রাখিতে সম্মতি প্রকাশ করিয়াছেন।

(*e*) আনন্দ বলরামকে ৫০ মণ চাউল বিক্রয় করিলেন। ঐ চাউল চন্দ্রমোহন নামক আড়ৎদারের অধিকারে আছে। আনন্দ চন্দ্রমোহনের নামে পত্র লিখিয়া বলরামকে ঐ চাউল দিবার আদেশ করিয়া বলরামকে ঐ পত্র দেন। চন্দ্র সেই আদেশ স্বীকার করিয়া আপনার খাতায় ঐ চাউল বলরামের নামে লিখিয়া রাখেন। এই সম্প্রদান।

(*f*.) A. agrees to sell B. five tons of oil at 1,000 Rupees per ton, to be paid for at the time of delivery. A. gives to C., a wharfinger, at whose wharf he had 20 tons of the oil, an order to transfer five of them into the name of B. C. makes the transfer in his books, and gives A.'s clerk a notice of the transfer for B. A.'s clerk takes the transfer-notice to B., and offers to give it him on payment of the bill. B. refuses to pay. There has been no delivery to B., as B. never assented to make C. his agent to hold for him the five tons selected by A.

(*f*) আনন্দ বলরামকে টনপ্রতি ১০০০ টাকা হিসাবে ৫ টন তৈল বিক্রয় করিতে অঙ্গীকার করিলেন, দ্রব্যের সম্প্রদান হইলে মূল্য দেওয়া যাইবে। চন্দ্র নামক ঘাট রক্ষকের গুদামে আনন্দের ২০ টন তৈল আছে তিনি চন্দ্রকে পত্র লিখিয়া বলরামের নামে পাঁচ টন লিখিয়া হস্তান্তর করিতে আদেশ করেন। চন্দ্র আপন খাতায় সেই হস্তান্তর করণের কথা লিখিয়া আনন্দের কেরাণিকে সেই হস্তান্তর হইবার জ্ঞাপনপত্র দেন। আনন্দের কেরাণী বলরামের নিকট সেই হস্তান্তর করণের জ্ঞাপনপত্র লইয়া বলেন আপনি বিলের টাকা দিলে আপনাকে এই জ্ঞাপনপত্র দিব। বলরাম সেই টাকা দিলেন না। এই স্থলে বলরামের প্রতি সম্প্রদান হয় নাই, যেহেতুক আনন্দ যে পাঁচ টনের বিনিয়োগ করিলেন বলরাম তাহা আপনার পক্ষে রাখিবার জন্য [illegible] আপন একেণ্ট করিতে স্বীকার করিলেন না।

[Effect of delivery to wharfinger or carrier.]

[ঘাট রক্ষককে কি বাহককে দ্রব্য দিবার ফলের কথা।]

81. A delivery to a wharfinger or carrier of the goods sold, which do not reach the buyer, does not render the buyer liable for the price, unless the delivery is so made as to enable him to hold the wharfinger or carrier responsible for the safe delivery of the goods.

৮১ ধারা। ঘাটরক্ষককে কি বাহককে বিক্রীত দ্রব্যের সম্প্রদান হইলে যদি ক্রেতার নিকট না পঁহুছে তবে ঐ ঘাটরক্ষক কি বাহক যাহাতে ঐ দ্রব্য নিরাপদে পঁহুছাইবার বিষয়ে ক্রেতার নিকট দায়ী হইতে পারে সেই দ্রব্য এমন ভাবে তাঁহাকে সমর্পণ না করা গেলে, ক্রেতা তাহার মূল্যের দায়ী হইবেন না ইতি।

Illustration.

B., at Agra, orders of A. who lives at Calcutta, three casks of oil to be sent to him by railway. A. takes three casks of oil directed to B. to the railway station, and leaves them there without conforming to the rules which must be complied with in order to render the railway company responsible for their safety. This is not a sufficient delivery to charge B. in a suit for the price, if the goods are not delivered to the buyer.

উদাহরণ।

আগ্রানিবাসি বলরাম কলিকাতা নিবাসি আনন্দকে রেলপথে আপনার নিকট তিন পিপা তৈল পাঠাইবার পত্র লেখেন। আনন্দ ঐ তিন পিপার উপর বলরামের নামে শিরোনামা লিখিয়া রেলওয়ে ষ্টেসনে দিয়া যান। কিন্তু দ্রব্য নিরাপদে পঁহুছাইবার বিষয়ে রেলওয়ে কোম্পানিকে দায়ি করিবার জন্যে যে বিধিমতে কার্য্য করিতে হয় আনন্দ সেই বিধিমতে কর্ম না করিয়া ষ্টেসনে ঐ দ্রব্য রাখিয়া আইলেন। যদি সেই দ্রব্য ক্রেতার নিকট না পঁহুছে তবে বলরামের নামে মূল্য পাইবার মোকদ্দমায় সেই সম্প্রদান পর্য্যাপ্ত নহে।

[Effect of part-delivery.]

[একাংশ সম্প্রদানের ফলের কথা।]

82. A delivery of part of the goods in progress of the delivery of the whole has the same legal effect as a delivery of the whole; but a delivery of part of the goods with an intention of severing it from the whole, does not operate as a delivery of the remainder.

৮২ ধারা। সমুদয় দ্রব্যের সম্প্রদানের ক্রমানুসারে দ্রব্যের একাংশের যে সম্প্রদান, তাহার ফল আইনপক্ষে সমুদয় দ্রব্যের সম্প্রদানের তুল্য হয়। কিন্তু সমুদয় হইতে একাংশ পৃথক করণাভিপ্রায়ে একাংশের সম্প্রদান অবশিষ্টাংশের সম্প্রদান করিবার তুল্য কার্য্যবৎ নহে ইতি।

Illustrations.

(*a*) A ship arrives in a harbour laden with a cargo consigned to A., the buyer of the cargo. The captain begins to discharge it, and delivers over part of the good to A. in progress of the delivery of the whole. This is a delivery of the cargo to A.

(*b*) A. sells to B. a stack of fire-wood, to be paid for by bill on delivery. After the sale, B. applies for and obtains from A. leave to take away some of the fire wood. This has not the legal effect of delivery of the whole.

(*c*) A. sells 50 maunds of rice to B. The rice remains in A.'s warehouse. After the sale, B. sells to C. 10 maunds of the rice, and A., at B.'s desire, sends the 10 maunds to C. This has not the legal effect of a delivery of the whole.

উদাহরণ।

(*a*) বন্দরে একখান জাহাজ পঁহুছে আনন্দ তাহার বোঝাই দ্রব্যের ক্রেতা ও সেই বোঝাই দ্রব্য তাঁহার নামে আইসে। জাহাজের কাপ্তান ঐ দ্রব্য নামাইতে আরম্ভ করিয়া সমুদয়ের সম্প্রদানক্রমে ঐ দ্রব্যের একাংশ আনন্দকে দেন আনন্দকে বোঝাই দ্রব্যের সম্প্রদান এই।

(*b*) আনন্দ বলরামকে এক কাঁড়ি জ্বালানি কাষ্ঠ বিক্রয় করিলেন। সেই কাষ্ঠের সম্প্রদান হইলে হুণ্ডীদ্বারা তাহার মূল্য দিবার কথা হইয়াছে। বিক্রয়ের পরে বলরাম আনন্দের স্থানে ঐ কাষ্ঠের একাংশ লইয়া যাইবার অনুমতি প্রার্থনা করিয়া পান। ইহা আইনমতে সমুদয়ের সম্প্রদানের তুল্য নয়।

(*c*) আনন্দ বলরামকে ৫০ মণ চাউল বিক্রয় করেন। চাউল আনন্দের আড়তে থাকে। বিক্রয়ের পর বলরাম চন্দ্রমোহনকে দশ মণ বিক্রয় করেন ও তাঁহার আজ্ঞানুমতে আনন্দ চন্দ্রের নিকটে ১০ মণ পাঠাইয়া দেন। আইনমতে এই কার্য্য সমুদয়ের সম্প্রদানের তুল্য ফলবৎ নহে।

[Seller not bound to deliver until buyer applies for possession.]

83. In the absence of any special agreement, the seller of goods is not bound to deliver them until the buyer applies for possession.

[Place of delivery.]

84. In the absence of any agreement as to delivery, goods sold are to be delivered at the place at which they are at the time of the sale, and goods agreed to be sold are to be delivered at the place at which they are at the time of the agreement for sale, or, if not then in existence, at the place at which they are produced.

Seller's lien.

[Seller's lien.]

85. Unless a contrary intention appears by the agreement, a seller has a lien on sold goods as long as they remain in his possession, and the price or any part of it remains unpaid.

[Lien where payment to be made at a future day, but no time fixed for delivery. Insolvency defined.]

86. Where by the agreement the payment is to be made at a future day, but no time is fixed for the delivery of the goods, the seller has no lien, and the buyer is entitled to a present delivery of the goods without payment. But if the buyer becomes insolvent before delivery of the goods, the seller may retain the goods for the price.

Explanation.—A person is insolvent who has ceased to pay his debts in the usual course of business, or who is incapable of paying them.

Illustration.

A sells to B a quantity of sugar in A's warehouse Payment is agreed to be made by a bill of exchange at three months B. gives A the bill of exchange but allows the sugar to remain in A's warehouse Before the bill falls due B stops payment A may retain the goods for the price

[Where payment to be made at future day, and buyer allows goods to remain in seller's possession.]

87. Where by the agreement the payment is to be made at a future day, and the buyer allows the goods to remain in the possession of the seller until that day, and does not then pay for them, the seller may retain the goods for the price.

Illustration.

A sells to B a quantity of sugar in A's warehouse Payment is agreed to be made by a bill of exchange at three months. B gives the bill of exchange, but allows the sugar to remain in the warehouse The bill is dishonoured. A. may retain the goods for the price

[Seller's lien against subsequent buyer.]

88. A seller in possession of goods sold may retain them for the price against any subsequent

[ক্রেতা অধিকার পাইতে প্রার্থনা না করিলে বিক্রেতার সম্প্রদান করিতে আবদ্ধ না হইবার কথা।]

৮৩ ধারা। যদি বিশেষ করার না হইয়া থাকে, তবে ক্রেতা দ্রব্যের অধিকার পাইতে প্রার্থনা না করিলে বিক্রেতা তাহা সম্প্রদান করিতে আবদ্ধ নহেন ইতি।

[সম্প্রদানের স্থানের কথা।]

৮৪ ধারা। যদি সম্প্রদান বিষয়ের কোন করার না হইয়া থাকে তবে বিক্রয় কালে দ্রব্য যে স্থানে থাকে সেই স্থানেই বিক্রীত দ্রব্যের সম্প্রদান হইবে। এবং দ্রব্য বিক্রয় করিবার করার হইলে সেই করার করণ কালে দ্রব্য যে স্থানে থাকে সেই স্থানে তাহার সম্প্রদান হইবে। যদি দ্রব্য তৎকালে না থাকে তবে যে স্থানে উৎপন্ন হয় সেই স্থানে সম্প্রদান হইবে ইতি।

বিক্রেতার ক্ষমতাসূচক বিধি।

[বিক্রেতার ক্ষমতার কথা।]

৮৫ ধারা। যদি করারমতে অভিপ্রায়ান্তর দৃষ্ট না হয়, তবে বিক্রীত দ্রব্য যতকাল বিক্রেতার অধিকারে থাকে ও তাহার মূল্য কি মূল্যের কোন অংশ অদত্ত থাকে, তত কাল ঐ দ্রব্যের উপর বিক্রেতার ক্ষমতা থাকিবে ইতি।

[অন্য দিনে মূল্য দিবার কথা হইলে কিন্তু সম্প্রদান করিবার সময় নিরূপণ না হইলে ঐ ক্ষমতার কথা ও যোত্রহীনতার অর্থ।]

৮৬ ধারা। যদি অন্য দিনে মূল্য দিবার করার হইয়া থাকে কিন্তু দ্রব্য সম্প্রদানের সময় নির্দ্দিষ্ট না হয়, তবে বিক্রেতার কোন ক্ষমতা নাই। ক্রেতা মূল্য না দিয়াও তৎক্ষণে দ্রব্য পাইতে স্বত্ববান। কিন্তু যদি দ্রব্য সম্প্রদানের পূর্ব্বে ক্রেতা যোত্রহীন হন, তবে বিক্রেতা মূল্যের নিমিত্তে দ্রব্য রাখিতে পারিবেন ইতি।

ব্যাখ্যা। যে ব্যক্তি ব্যবসায়ের নিয়মিত ধারামতে ঋণ শোধ করিতে নিবৃত্ত কি অক্ষম হন তিনি যোত্রহীন।

উদাহরণ।

আনন্দ বলরামকে আপন আড়তে অনেক চিনি বিক্রয় করেন। তিন মাস মিয়াদের হুণ্ডীদ্বারা মূল্য দিবার করার হইয়াছে। বলরাম আনন্দকে হুণ্ডী দেন কিন্তু আনন্দের আড়তহইতে চিনি লইয়া যান না। হুণ্ডীর টাকা পাওনা হইবার আগে বলরাম ঋণশোধ করিতে নিবৃত্ত হইলেন। এমন স্থলে আনন্দ মূল্যের নিমিত্ত ঐ দ্রব্য রাখিতে পারিবেন।

[অন্য দিনে মূল্য দিবার নিয়ম হইলেও যদি ক্রেতা বিক্রেতার অধিকারে দ্রব্য থাকিতে দেন তবে সেই স্থলের কথা।]

৮৭ ধারা। যদি অন্য দিনে মূল্য দিবার নিয়ম হয় এবং ক্রেতা যদি সেই দিন পর্য্যন্ত বিক্রেতার অধিকারে দ্রব্য থাকিতে দিয়া সেই দিনেও মূল্য না দেন তবে বিক্রেতা মূল্যের নিমিত্তে দ্রব্য রাখিতে পারিবেন ইতি।

উদাহরণ।

আনন্দের আড়তে চিনি আছে আনন্দ বলরামকে তাহা বিক্রয় করিয়াছেন ও তিন মাস মিয়াদের হুণ্ডীদ্বারা তাহার মূল্য দিবার নিয়ম হইল। বলরাম হুণ্ডী দিলেন কিন্তু আড়তহইতে চিনি লইয়া যান নাই। হুণ্ডীও অগ্রাহ্য হইল। আনন্দ মূল্যের নিমিত্তে দ্রব্য রাখিতে পারিবেন।

[পশ্চাৎ ক্রেতার বিপক্ষে বিক্রেতার ক্ষমতার কথা।]

৮৮ ধারা। বিক্রীত দ্রব্য বিক্রেতার অধিকারে থাকিলে যদি তিনি পশ্চাৎ ক্রেতার স্বত্ব স্বীকার না

buyer, unless the seller has recognized the title of the subsequent buyer.

Illustrations.

(a.) A. sells to B. at three months' credit a chest of tea then in the custody of X., a wharfinger. A. gives B. a delivery order for the tea, and before the expiration for the credit, B. resells the tea to C. for cash, and transfers to him the delivery order. B. stops payment before C. obtains possession under the order. A may countermand the order to X., and retain the goods against C.

(b.) A. sells to B. a cargo of sugar then in the warehouse of A. B., according to the terms of the sale, gives A. his acceptance at three months for the price of the sugar. B. sells the sugar to C. for cash, and gives C. an order addressed to A., requesting him to deliver the sugar to C. A. assents to the delivery order and agrees to hold for C. Afterwards B. becomes insolvent, and his acceptance is dishonoured A cannot retain the goods against C.

Stoppage in Transit.

[Power to stop in transit]

89. A seller who has parted with the possession of the goods, and has not received the whole price, may, in the event of the buyer becoming insolvent, stop the goods while they are in transit to the buyer.

[When goods are to be deemed in transit.]

90. Goods are to be deemed in transit while they are in the possession of the carrier or lodged at any place in the course of transmission to the buyer, and are not yet come into the possession of the buyer, or any person on his behalf, otherwise than as being in possession of the carrier, or as being so lodged.

Illustrations.

(a.) B., living at Madras, orders goods of A. at Patna, and directs that they shall be sent to Madras. The goods are sent to Calcutta, and there delivered to C. a wharfinger, to be forwarded to Madras The goods, while they are in the possession of C., are in transit.

(b.) B. at Delhi orders goods of A. at Calcutta. A. consigns and forwards the goods to B. at Delhi. On arrival there, they are taken to the warehouse of B. and left there. B refuses to receive them, and immediately afterwards stops payment The goods are in transit.

(c.) B., who lives at Puna, orders goods of A. at Bombay. A. sends them to Puna by C., a carrier appointed by B. The goods arrive at Puna, and are placed by C., at B's request, in C's warehouse for B. The goods are no longer in transit.

করিয়া থাকেন তবে ঐ [illegible] ক্রেতার বিপক্ষে ঐ দ্রব্য রাখিতে পারিবেন ইতি।

উদাহরণ।

(a) কেবলরাম [illegible] জিম্মায় এক বাক্স চা আছে। আনন্দ বলরামের নিকটে ঐ চা তিন মাস ধারে বিক্রয় করিয়া বলরামকে সেই চা লইবার পত্র দিলেন। ঐ তিন মাস গত হইবার অগ্রে বলরাম চন্দ্রের স্থানে নগদ লইয়া ঐ চা বিক্রয় করিয়া ঐ অর্পণের পত্র তাঁহাকে দিলেন। সেই পত্রমতে চন্দ্র অধিকার না পাইলে বলরাম দেউলিয়া হইলেন। এমত স্থলে আনন্দ কেবলের স্থানে পূর্ব্ব পত্রের বিপরীতভাবের পত্র দিয়া, চন্দ্রের বিপক্ষে ঐ দ্রব্য আটক করিয়া রাখিতে পারিবেন।

(b) আনন্দ বলরামের নিকটে নৌকা বোঝাইর উপযুক্ত চিনি বিক্রয় করেন, সেই চিনি তৎকালে আনন্দের আড়তে আছে। বলরাম বিক্রয়ের নিয়মানুসারে আনন্দকে তিন মাস মিয়াদের হুণ্ডীদ্বারা মূল্য দিলেন। বলরাম সেই চিনির নগদ মূল্য লইয়া চন্দ্রঘোষকে বিক্রয় করিয়া তাঁহাকে ঐ চিনি প্রদান করিবার একখান আদেশপত্র আনন্দের নামে দেন। তাহাতে আনন্দ সম্মত হইয়া চন্দ্রের নিমিত্তে ঐ চিনি রাখিলেন। পরে বলরাম দেওলিয়া হইলে তাঁহার ঐ হুণ্ডীও অগ্রাহ্য হইল। আনন্দ ঐ মূল্যের জন্যে চন্দ্রঘোষের ঐ চিনি আটক রাখিতে পারিবেন না।

পথে দ্রব্য রোধ করিবার বিধি।

[পথে রোধ করিবার ক্ষমতার কথা।]

৮৯ ধারা। দ্রব্যেতে বিক্রেতার যে অধিকার, তাহা হস্তান্তর করিলেও যদি সমুদয় মূল্য প্রাপণের পূর্ব্বে ক্রেতা যোত্রহীন হন, তবে ক্রেতার নিকটে দ্রব্য পথে যাইতেছে এমত সময়ে বিক্রেতা তাহা রোধ করিয়া রাখিতে পারিবেন ইতি।

[যে স্থলে দ্রব্য পথিমধ্যে থাকা জ্ঞান হয় তাহার কথা।]

৯০ ধারা। দ্রব্য ক্রেতার নিকট যাইতেছে এমন সময়ে যতকাল বাহকের অধিকারে থাকে কি কোন স্থানে রাখা যায়, কিন্তু ক্রেতার অধিকারগত না হয়, এবং সেই বাহকভিন্ন ও উক্তমতে পথিমধ্য কোন স্থানে রক্ষিত হওনভিন্ন ক্রেতার সপক্ষে কোন ব্যক্তির অধিকারগত না হয়, ততকাল দ্রব্য পথে আছে জ্ঞান হইবে ইতি।

উদাহরণ।

(a) বলরাম মান্দ্রাজে বাস করিয়া পাটনানিবাসি আনন্দকে মান্দ্রাজে কিছু দ্রব্য পাঠাইতে আজ্ঞা করেন। ঐ দ্রব্য কলিকাতায় প্রেরণ করা যায় ও মান্দ্রাজে চালান করিবার জন্যে চন্দ্র নামক ঘাট রক্ষকের হাতে অর্পণ করা যায়। যত কাল চন্দ্রের অধিকারে থাকে তত কাল পথে আছে।

(b) বলরাম দিল্লীতে বাস করিয়া কলিকাতা নিবাসি আনন্দকে আপনার নিকট কোন দ্রব্য পাঠাইতে আজ্ঞা করেন। আনন্দ সেই দ্রব্য বলরামের নামে দিল্লীতে চালান করিলেন। দিল্লীতে পঁহুছিলে ঐ দ্রব্য বলরামের আড়তে আনীত হইয়া তথায় রাখা গেল। বলরাম তাহা গ্রহণ করিতে অসম্মত হন, তৎপরেই দেওলিয়া হইলেন। দ্রব্য পথে আছে।

(c) বলরাম পুণাতে বাস করিয়া আনন্দকে বোম্বাইহইতে কিছু দ্রব্য পাঠাইতে আদেশ করেন। ও দ্রব্য আনিবার জন্যে চন্দ্রনামা বাহককে নিযুক্ত করেন। আনন্দ তাঁহার দ্বারা পুণাতে দ্রব্য প্রেরণ করেন। পুণাতে দ্রব্য পঁহুছিলে বলরামের আদেশমতে চন্দ্র বলরামের পক্ষে আপন আড়তে ঐ দ্রব্য রাখে। এমত স্থলে দ্রব্য পথিমধ্যে নয়।

(d.) B., a merchant of London, orders 100 bales of cotton of A., a merchant at Bombay. B. sends his own ship to Bombay for the cotton. The transit is at an end when the cotton is delivered on board the ship.

[Continuance of right of stoppage.]

91. The right of stoppage does not cease on the buyer's re-selling the goods while in transit, and receiving the price; but continues until the goods have been delivered to the second buyer, or to some person on his behalf.

[Cessation of right on assigment of bill of lading.]

92. The right of stoppage ceases, if the buyer, while the goods are in transit, assigns a bill of lading in respect of them to a second buyer in good faith for valuable consideration.

Illustrations.

(a.) A. sells and consigns certain goods to B. A. being still unpaid, B. becomes insolvent, and while the goods are in transit assigns the bill of lading for cash to C., who is not aware of his insolvency. A. cannot stop the goods in transit.

(b.) A. sells and consigns certain goods to B. A. being still unpaid, B. becomes insolvent, and while the goods are still in transit assigns the bill of lading for cash to C., who knows that B. is insolvent. The assignment not being in good faith, A. may still stop the goods in transit.

[Cessation of right on fulfilment of condition.]

93. Where a bill of lading is not negotiable until a certain condition has been fulfilled, the right of stoppage does not cease until such condition has been fulfilled.

Illustration.

A. sells and despatches goods to B. and sends him a letter enclosing the bill of lading, and directing him not to part with it until he has accepted certain bills of exchange which A. has drawn against the consignment. B., without accepting the bills of exchange, assigns the bill of lading to a buyer in good faith for a valuable consideration. A.'s right of stoppage does not cease upon such assignment.

[Stoppage on payment to pledgee of amount of claim.]

94. Where a bill of lading is assigned by the buyer by way of pledge to secure an advance which has been made upon it in good faith, the seller may, on payment or tender to the pledgee of the amount of his claim, stop the goods in transit.

Illustrations.

(a. A. sells and consigns goods to B. of the value of 12,000 Rupees. B. assigns the bill of lading for those

(d) বলরাম নামক এক জন বণিক লণ্ডন নগরে বাস করিয়া বোম্বাইয়ের আনন্দ নামক বণিককে ১০০ বস্তা তুলা পাঠাইতে আদেশ করেন এবং তুলা লইয়া যাইবার জন্যে আপনার একখান জাহাজ পাঠান। ঐ তুলা জাহাজে দেওয়া গেলেই, পথে থাকা রহিত হইল।

[রোধ করিবার অধিকারের স্থায়িত্বের কথা।]

৯১ ধারা। দ্রব্য পথে যাইতেছে এমন সময়ে ক্রেতা তাহা বিক্রয় করিয়া মূল্য গ্রহণ করিলেও রোধ করিবার অধিকার রহিত হয় না। সেই দ্রব্য যত কাল দ্বিতীয় ক্রেতাকে কি তাঁহার সপক্ষ কোন ব্যক্তিকে না দেওয়া যায়, তত কাল ঐ অধিকার প্রবল থাকে ইতি।

[বিল অফ লেডিং সমর্পণ করিলে ঐ অধিকার রহিত হইবার কথা।]

৯২ ধারা। দ্রব্য পথে চালান হইতেছে এমন সময়ে যদি ক্রেতা সরলভাবে ও মূল্য গ্রহণ করিয়া দ্বিতীয় ক্রেতাকে ঐ দ্রব্য বিষয়ক বিল অফ লেডিং সমর্পণ করেন, তবে রোধ করিবার অধিকার রহিত হয় ইতি।

উদাহরণ।

(a) আনন্দ বলরামের নিকট দ্রব্য বিক্রয় করিয়া তাঁহার নামে চালান দিলেন। আনন্দ তাহার মূল্য পান নাই এমন সময়ে বলরাম যোত্রহীন হইয়া দ্রব্য পথিমধ্যে থাকিতেই চন্দ্রমোহনের স্থানে ঐ দ্রব্যের নগদ মূল্য লইয়া তাঁহাকে চালান সমর্পণ করিলেন, কিন্তু চন্দ্র তৎকালে বলরামের যোত্রহীনতার কথা জানিতেন না। এমন স্থলে আনন্দ পথিমধ্যে দ্রব্য রোধ করিতে পারেন না।

(b) আনন্দ বলরামের নিকট দ্রব্য বিক্রয় করিয়া তাঁহার নামে চালান দেন। আনন্দ মূল্য পান নাই এমন সময়ে বলরাম যোত্রহীন হইয়া দ্রব্য পথিমধ্যে থাকিতে চন্দ্রমোহনের স্থানে নগদ মূল্য লইয়া তাঁহাকে চালান সমর্পণ করেন। চন্দ্র তৎকালে বলরামের যোত্রহীনতার কথা জানিতেন। এমন স্থলে সেই চালান সরল ভাবে সমর্পণ করা যায় নাই, অতএব আনন্দ পথিমধ্যে ঐ দ্রব্য রোধ করিতে পারিবেন।

[নিয়ম পালন হইলে ঐ অধিকার রহিত হইবার কথা।]

৯৩ ধারা। যদি কোন বিশেষ নিয়ম পালন না হইলে চালান বিক্রয় হইতে না পারে, তবে যত কাল ঐ নিয়ম পালন না হয় তত কাল রোধ করিবার অধিকার রহিত হয় না ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামকে দ্রব্য বিক্রয় করিয়া তাঁহার নিকটে চালান করিতেছেন এবং পত্রে চালান দিয়া তাঁহাকে কহেন যে আমি এই চালানের দ্রব্যের কএকখান হুণ্ডী তোমার নামে দিয়াছি তাহা যতকাল স্বীকার না কর, ততকাল তোমার ঐ চালান অন্যের হাতে দিবা না। বলরাম ঐ হুণ্ডী স্বীকার না করিয়া সরলভাবে মূল্য প্রাপ্ত হইয়া ক্রেতাকে চালান দেন। ঐ চালান সমর্পণ করা গেলেও আনন্দের রোধ করিবার অধিকার রহিত হয় না।

[বন্ধক গ্রহীতাকে দাওয়ার টাকা দেওয়া গেলে রোধ করিবার কথা।]

৯৪ ধারা। চালানের উপর সরল ভাবে টাকা আগাম দেওয়া গেলে টাকার প্রতিভূস্বরূপে ক্রেতা ঐ চালান বন্ধক রাখিলেন। এমন স্থলে বন্ধকগ্রহীতা যত টাকার দাওয়া করেন বিক্রেতা তাহা দিলে কি দিবার প্রস্তাব করিলে পথে ঐ দ্রব্য রোধ করিতে পারিবেন ইতি।

উদাহরণ।

(a) আনন্দ বলরামকে ১২০০০৲ টাকা মূল্যের দ্রব্য বিক্রয় করিয়া চালান করেন। চন্দ্রমোহন সেই চালানের

goods to C. to secure a specific advance of 5,000 Rupees made to him upon the bill of lading by C. B. becomes insolvent, being indebted to C. to the amount of 9,000 Rupees. A. is entitled to stop the goods on payment or tender to C. of 5,000 Rupees.

(b.) A. sells and consigns goods to B. of the value of 12,000 Rupees. B. assigns the bill of lading for those goods to C. to secure the sum of 5,000 Rupees due from him to C. upon a general balance of account. B. becomes insolvent. A. is entitled to stop the goods in transit for the whole sum due to him.

[Stoppage how effected.]

95. Stoppage in transit may be effected by the seller either by taking actual possession of the goods, or by giving notice of his claim to the carrier or other depositary in whose possession they are.

[Notice of seller's claim.]

96. The notice may be given either to the person who has the immediate possession of the goods, or to the principal whose servant has the possession. In the latter case, it must be given at such a time, and under such circumstances, that the principal, by the exercise of reasonable diligence, may communicate it to his servant in time to prevent a delivery to the buyer.

[Right of seller on stoppage.]

97. Stoppage in transit entitles the seller to hold the goods stopped until the price of the whole of the goods sold is paid.

Illustration.

A. sells to B. 100 bales of cotton ; 60 bales having come into B.'s possession, and 40 being still in transit, B. becomes insolvent, and A. being still unpaid, stops the 40 bales in transit. A. is entitled to hold the 40 bales until the price of the 100 bales is paid.

Re-sale.

[Re-sale on buyer's failure to perform.]

98. Where the buyer fails to perform his part of the agreement either by not taking the goods sold to him or by not paying for them, the seller may re-sell them within a reasonable time after giving notice to the buyer of his intention to do so ; and the buyer must bear any loss, but is not entitled to any profit which may occur on the re-sale.

Warranty of Title.

[Seller's responsibility for badness of title.]

99. If the buyer, or any person claiming under him, is by reason of the invalidity of the seller's title deprived of the thing sold, the seller is

উপর তাঁহাকে ৫০০০৲ টাকা আগাম দিয়াছিলেন তাহাতে বলরাম তাহার প্রতিভূস্বরূপে চন্দ্রকে ঐ দ্রব্যের চালান দিলেন। পরে বলরাম দেউলিয়া হইলেন। তৎকালে চন্দ্রমোহনের নিকট ৯০০০৲ টাকা ঋণী ছিলেন। এমন স্থলে আনন্দ চন্দ্রমোহনকে ৫০০০৲ টাকা দিয়া কি দিবার প্রস্তাব করিয়া দ্রব্য রোধ করিতে পারিবেন।

(b) আনন্দ বলরামের নিকট ১২০০০৲ টাকা মূল্যের দ্রব্য বিক্রয় করিয়া চালান করেন, চন্দ্রের সহিত বলরামের লেনা দেনা চলিতেছে তাহাতে তিনি চন্দ্রের নিকট ৫০০০৲ টাকা ঋণী হইয়া তাহাকে ঐ দ্রব্যের চালান দিয়া দেউলিয়া হইলেন। এমন স্থলে আনন্দ আপনার প্রাপ্য সমস্ত টাকার নিমিত্তে ঐ দ্রব্য পথে রোধ করিতে পারিবেন।

[রোধ করা যে রূপে হইবে তাহার কথা।]

৯৫ ধারা। বিক্রেতা দ্রব্য গ্রহণ করিয়া অথবা বাহককে কিম্বা অন্য যে ব্যক্তির অধিকারে দ্রব্য থাকে তাহাকে আপনার দাওয়ার সম্বাদ দিয়া ঐ দ্রব্য পথে অবরোধ করিতে পারিবেন ইতি।

[বিক্রেতার দাওয়ার জ্ঞাপনির কথা।]

৯৬ ধারা। দ্রব্য নিজ যাঁহার অধিকারে আছে তাঁহাকে অথবা যাঁহার চাকরের অধিকারে থাকে সেই মুখ্য ব্যক্তিকে উক্ত সম্বাদ দেওয়া যাইতে পারিবে। যদি মুখ্য ব্যক্তিকে দেওয়া যায় তবে এমন সময় থাকিতে ও এমন গতিক বিশেষে ঐ সম্বাদ দিতে হইবে যে তিনি যুক্তিমতে যত্ন করিলে বিক্রেতাকে সেই দ্রব্য দেওয়া যাইবার পূর্ব্বে চাকর ঐ সম্বাদ পাইতে পারে ইতি।

[দ্রব্য রোধ হইলে বিক্রেতার অধিকারের কথা।]

৯৭ ধারা। বিক্রীত দ্রব্য পথে রোধ হইলে যত কাল দ্রব্যের সম্পূর্ণ মূল্য না দেওয়া যায় বিক্রেতা তত কাল সেই দ্রব্য রুদ্ধ রাখিতে পারিবেন ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামকে ১০০ বস্তা তুলা বিক্রয় করেন, তাহার মধ্যে ৬০ বস্তা বলরামের অধিকারগত হইলে ও ৪০ বস্তা পথে থাকতে বলরাম দেউলিয়া হইলেন। আনন্দ তুলার মূল্য না পাওয়াতে ঐ ৪০ বস্তা পথে রোধ করিলেন। এমন স্থলে আনন্দ যত কাল সেই ১০০ বস্তার মূল্য না পান তত কাল সেই ৪০ বস্তা রোধ করিয়া রাখিতে পারিবেন।

পুনর্ব্বিক্রয়ের বিধি।

[ক্রেতার নিয়ম অপালন প্রযুক্ত পুনর্ব্বিক্রয়ের কথা।]

৯৮ ধারা। ক্রেতার নিকট যে দ্রব্য বিক্রয় করা গেল তাহা গ্রহণ না করণ কি তাহার মূল্য না দেওন দ্বারা চুক্তির মধ্যে তাঁহার যাহা কর্ত্তব্য তাহা যদি না করেন তবে বিক্রেতা ক্রেতাকে ঐ দ্রব্য পুনরায় বিক্রয় করিবার অভিপ্রায় জ্ঞাত করিয়া উপযুক্ত কালের পর তাহা পুনরায় বিক্রয় করিতে পারিবেন। তাহাতে ক্ষতি হইলে ক্রেতার তাহা সহ্য করিতে হইবে। কিন্তু বিক্রয় করিয়া লাভ হইলে ক্রেতা সেই লভ্যের কোন অংশের অধিকারী হন না ইতি।

অধিকার নির্ণয়ণের বিধি।

[অধিকারের দোষ হেতুক বিক্রেতার দায়ের কথা।]

৯৯ ধারা। বিক্রেতার অধিকার অসিদ্ধ হওয়া প্রযুক্ত যদি ক্রেতা কি তাঁহার অধীন কোন দাওয়াদার ক্রীত দ্রব্যেতে বঞ্চিত হন, তবে চুক্তির দ্বারা বিপ-

responsible to the buyer for loss thereby caused, unless a contrary intention appears by the agreement.

[Implied warranty of goodness or quality.]

100. An implied warranty of goodness or quality may be established by the custom of any particular trade.

[Warranty of soundness on sale of provisions.]

101. On the sale of provisions there is an implied warranty that they are sound.

[Warranty on sale of goods by sample.]

102. On the sale of goods by sample there is an implied warranty that the bulk is equal in quality to the sample.

[Warranty on sale of goods sold as being of a certain denomination.]

103. Where goods are sold as being of a certain denomination, there is an implied warranty that they are such goods as are commercially known by that denomination, although the buyer may have bought them by sample or after inspection of the bulk.

Illustrations.

(*a*.) A., at Calcutta, sells to B. 12 bags of "waste silk," then on its way from Moorshedabad to Calcutta. There is an implied warranty by A. that the silk shall be such as is known in the market under the denomination of "waste silk."

(*b*.) A. sells parcels of "linseed oil" by sample to B. There is an implied warranty by A. that the article sold is such as is known in the market as "linseed oil;" and if he delivers an article which, though equal to sample, is not such as is known in the market as linseed oil, there is a breach of the implied warranty.

(*c*.) A. sells to B. 40 casks of "oxalic acid." B. having before the sale seen the bulk of the acid, and inspected samples of it. The acid proves to be so adulterated as not to be the article known in commerce as "oxalic acid." There is here a breach of an implied warranty.

(*d*.) A., in London, where inland bills of exchange do and foreign bills of exchange do not by law require a stamp, sells to B. a bill of exchange unstamped and purporting to be a foreign bill. There is an implied warranty by A. that the bill is a foreign bill, and if it turns out that the bill is not a foreign but an inland bill, there is a breach of that implied warranty.

[Warranty where goods ordered for a specified purpose.]

104. Where goods have been ordered for a specified purpose, for which goods of the denomination employed in the order are usually sold, there is an implied warranty by the seller that the goods supplied are fit for that purpose.

[*Government Gazette*, *22th October* 1867.]

রীত অভিপ্রায় প্রকাশ না হইলে ক্রেতার যে ক্ষতি হইল তজ্জন্যে বিক্রেতা তাঁহার নিকটে দায়ী ইতি।

[দ্রব্যের ভাবতঃ উত্তমতা কি গুণ নির্ণয় হইবার কথা।]

১০০ ধারা। কোন বিশেষ ব্যবসায়ের রীতিক্রমে দ্রব্যের উত্তমতা কি গুণ নির্ণয়ণ ভাবত অবধারিত হইতে পারে ইতি।

[আহারীয় দ্রব্য বিক্রয় হইলে তাহার উত্তমতা নির্ণয়ণের কথা।]

১০১ ধারা। আহারীয় দ্রব্য বিক্রয় হইলে তাহা উত্তম আছে ভাবত এই নির্ণয়ণ হয় ইতি।

[নমুনা দিয়া দ্রব্য বিক্রয় করিলে নির্ণয়ণের কথা।]

১০২ ধারা। নমুনা দিয়া দ্রব্য বিক্রয় হইলে নমুনার যে গুণ সমুদায় দ্রব্যের তত্তুল্য গুণ আছে ভাবত এমত নির্ণয়ণ হয় ইতি।

[কোন দ্রব্য বিশেষ নামাঙ্কিত হইয়া বিক্রয় হইলে তাহা নির্ণয়ণের কথা।]

১০৩ ধারা। যদি কোন দ্রব্য বিশেষ নামেতে খ্যাত হইয়া বিক্রয় করা যায়, তবে ক্রেতা তাহার নমুনা লইয়া ক্রয় করুন, কি মোটে দ্রব্য দেখিয়া ক্রয় করুন, বাণিজ্য ব্যাপারে সেই নামে যে দ্রব্য প্রসিদ্ধ তাহা সেই দ্রব্য ভাবত ইহার নির্ণয়ণ হয় ইতি।

উদাহরণ।

(ক) মুরশিদাবাদহইতে কলিকাতায় ওঁচা রেশম চালান হইতেছে। আনন্দ কলিকাতায় বলরামের নিকট ১২ বস্তা বিক্রয় করেন। এমত স্থলে বাজারে ওঁচা রেশম বলিয়া যে দ্রব্য বিক্রয় হইতেছে আনন্দ সেই রেশমই দিবেন ভাবতই ইহা বোধ হয়।

(*b*) আনন্দ বলরামকে তিসির তৈলের নমুনা দেখাইয়া তাঁহাকে কএক কুপা বিক্রয় করেন ইহাতে বাজারে তিসির তৈল বলিয়া যে দ্রব্য খ্যাত হয় সেই দ্রব্য বিক্রয় হইবে ভাবত আনন্দের এই নির্ণয়ণ বোধ হইবে। পরে যদি নমুনার তুল্য দ্রব্য দেন কিন্তু বাজারে তিসির তৈল বলিয়া যে দ্রব্য খ্যাত হয় সেই দ্রব্য না দেন, তবে সেই ভাবাধীন নির্ণয়ণের অন্যথা হইল।

(*c*) আনন্দ বলরামকে ৪০ পিপা অম্লদ্রাবক বিক্রয় করেন বলরাম তাহা ক্রয় করিবার আগে ঐ দ্রাবক দেখিয়া তাহার নমুনাও দৃষ্টি করিয়াছিলেন, কিন্তু পরে দেখা গেল যে ঐ দ্রাবকের সঙ্গে অন্য দ্রব্য এমত মিশ্রিত হইয়াছে যে বাজারে যাহা অম্লদ্রাবক বলা যায় সে সেই দ্রব্য নয়। এমন স্থলে ভাবত যে নির্ণয়ণ হইয়াছিল তাহার অন্যথা হইয়াছে।

(*d*) লণ্ডন নগরে আইনমতে দেশীয় হুণ্ডির উপর ইষ্টাম্প লাগে ও ভিন্নদেশীয় হুণ্ডির উপর লাগে না। আনন্দ বলরামকে এক হুণ্ডি বিক্রয় করেন তাহাতে ইষ্টাম্প না থাকাহেতুক তাহা ভিন্নদেশীয় হুণ্ডি বোধ হইল এবং সেই হুণ্ডি ভিন্নদেশীয় আনন্দ ভাবত এমত নির্ণয়ণ করিয়াছেন। পরে ঐ হুণ্ডি ভিন্নদেশীয় নয় কিন্তু দেশীয় হুণ্ডি দৃষ্ট হইলে ভাবত যে নির্ণয়ণ করা গিয়াছিল তাহার অন্যথা হইল।

[বিশেষ কার্য্যের নিমিত্তে দ্রব্যের আজ্ঞা হইলে নির্ণয়ণের কথা।]

১০৪ ধারা। যদি বিশেষ কার্য্যের নিমিত্তে কোন দ্রব্য পাঠাইবার আজ্ঞা হয়, এবং সেই কার্য্যের নিমিত্তে সেই নামের দ্রব্য রীতিমতে প্রয়োগ হইয়া থাকে, তবে বিক্রেতা যে দ্রব্য দেন তাহা সেই কার্য্যের উপযুক্ত, ভাবত এমত নির্ণয় করণ বোধ হয় ইতি।

Illustration.

B. orders of A., a copper manufacturer, copper for sheathing a vessel. A. on this order supplies copper. There is an implied warranty that the copper is fit for sheathing a vessel.

[Sale of article of a well-known ascertained kind.]

105. Upon the sale of an article of a well-known ascertained kind there is no implied warranty of its fitness for any particular purpose.

Illustration.

B. writes to A., the owner of a patent invention for cleaning cotton, "Send me your patent cotton-cleaning machine to clean the cotton at my factory" A. sends the machine according to order. There is an implied warranty by A. that it is the article known as A.'s patent cotton-cleaning machine, but none that it is fit for the particular purpose of cleaning the cotton at B.'s factory

[Non-responsibility for latent defects.]

106. In the absence of fraud and of any express warranty of quality, the seller of an article which answers the description under which it was sold, is not responsible for a latent defect in it.

Illustration.

A in good faith, sells and delivers to B. scrip certificates of shares in a certain railway company. Afterwards the scrip is repudiated on the ground that it had been issued without authority. A is not responsible for loss sustained by B. in consequence

[Buyer's right on breach of warranty]

107. Where a specific article has been sold with a warranty and the warranty is broken, the sale is not thereby rendered voidable, but the buyer is entitled to compensation from the seller for loss caused by the breach of warranty.

Illustration.

A. sells to B. a horse, warranted sound. The horse proves to have been unsound at the time of sale B. is entitled to compensation from A. for loss caused by the unsoundness.

[Rejection or return of goods sold with warranty.]

108. Where there has been an agreement for the sale of goods with a warranty, and the warranty is broken, the buyer may reject the goods on their being tendered to him, or may return them after the lapse of not more than a reasonable time for ascertaining the breach of warranty: Provided that beyond keeping them such time and examining or trying them he does not exercise any act of ownership over them; or he may retain them; And whichever course he

উদাহরণ।

আমন্দ তামার কারিকর। বলরাম নৌকার পাত [illegible] দিবার জন্যে তামা দিতে আজ্ঞা করেন, আমন্দ সেই আজ্ঞা পাইয়া তামা পাঠাইলেন। ইহাতে নৌকার পাত মারিবার জন্যে সেই তামা উপযুক্ত, ভাবত তাহার এমত নির্ণয়ণ করা হইয়াছে।

[নির্দ্দিষ্ট সুপ্রসিদ্ধ প্রকারের দ্রব্য বিক্রয়ের কথা।]

১০৫ ধারা। নির্দ্দিষ্ট প্রকারের সুপ্রসিদ্ধ দ্রব্য বিক্রয় হওয়াপ্রযুক্ত সেই দ্রব্য বিশেষ কার্য্যের উপযুক্ত, ভাবত এমত নির্ণয়ণ হয় না ইতি।

উদাহরণ।

আমন্দ তুলা পরিষ্কার করিবার এক নূতন যন্ত্রের স্বামী আছেন। বলরাম তাঁহার নিকটে এই মর্ম্মের পত্র পাঠান যে আমার কুঠীর তুলা পরিষ্কার করিবার জন্যে আপনকার যন্ত্র আমার নিকটে পাঠাইবেন, আমন্দ সেই আজ্ঞা পাইয়া যন্ত্র পাঠান। সেই যন্ত্র "আমন্দের তুলা পরিষ্কার করিবার যন্ত্র" নামে প্রসিদ্ধ দ্রব্য আছে। ভাবত আমন্দের এমন নির্ণয়ণ হইয়াছে, কিন্তু সেই যন্ত্র বলরামের কুঠীর তুলা পরিষ্কার করণরূপ বিশেষ কার্য্যের উপযুক্ত ইহার নির্ণয়ণ হয় নাই।

[অপ্রকাশ দোষের জন্যে দায় না হইবার কথা।]

১০৬ ধারা। যদি প্রতারণা না থাকে এবং স্পষ্টরূপে দ্রব্যের গুণ নির্ণয়ণ না হয় তবে সেই দ্রব্য যে প্রকারের দ্রব্য বলিয়া বিক্রয় হইল সেই প্রকারের দ্রব্য হইলে বিক্রেতা তাহার অপ্রকাশ দোষের নিমিত্তে দায়ী হন না ইতি।

উদাহরণ।

আমন্দ সরল ভাবে কোন রেলওয়ে কোম্পানির অংশের স্ক্রিপ সর্টিফিকট বলরামকে বিক্রয় করিয়া দেন। তৎপরে সেই স্ক্রিপ উপযুক্ত ক্ষমতামতে দেওয়া যায় নাই বলিয়া অগ্রাহ্য হইল। ইহাতে বলরামের যে ক্ষতি হয় আমন্দ তাহার দায়ী নহেন।

[নির্ণয়ণের অন্যথা হইলে ক্রেতার অধিকারের কথা।]

১০৭ ধারা। যদি নির্ণয়ণসহিত বিশেষ দ্রব্য বিক্রয় হইয়া থাকে ও নির্ণয়ণের অন্যথা হয়, তবে তৎপ্রযুক্ত বিক্রয় অসিদ্ধ হইবে না। কিন্তু নির্ণয়ণের অন্যথা হওয়াতে ক্রেতার যে ক্ষতি হয় তিনি বিক্রেতার স্থানে তাহার পরিশোধ পাইতে পারিবেন ইতি।

উদাহরণ।

আমন্দ বলরামকে নির্ণয়বাক্য সহিত কোন ঘোড়াকে নির্দ্দোষ বলিয়া বিক্রয় করেন। বিক্রয়কালে ঘোড়া নির্দ্দোষ নহে ইহা পরে প্রকাশ হইল। ঘোড়ার দোষ হেতুক বলরামের যে ক্ষতি হইয়াছে তিনি আমন্দের স্থানে তাহার প্রতিকার পাইতে পারিবেন।

[নির্ণয়ণ সহিত যে দ্রব্য বিক্রয় করা যায় তাহার অগ্রাহ্য করিবার কি ফিরিয়া দিবার কথা।]

১০৮ ধারা। যদি নির্ণয়ণের সহিত দ্রব্য বিক্রয় করিবার চুক্তি হইয়া থাকে ও সেই নির্ণয়ণের অন্যথা হয়, তবে ক্রেতাকে দ্রব্য দিবার উদ্যোগ হইলে তিনি তাহা অগ্রাহ্য করিতে পারিবেন, অথবা ঐ নির্ণয়ণের অন্যথা হইয়াছে ইহা নিশ্চিতমতে জানিলে পর যুক্তিসিদ্ধ সময়ের অধিক গত না হইলে তাহা ফিরিয়া দিতে পারিবেন। অথবা সেই দ্রব্য রাখিতে পারিবেন। কিন্তু ফিরিয়া দিলে প্রয়োজন যে পূর্ব্বোক্ত কাল পর্য্যন্ত সেই দ্রব্য নিকট রাখন ও তাহার দৃষ্টি ও পরীক্ষা করণভিন্ন তিনি তদ্বিষয়ে স্বামিত্বসূচক

[গবর্ণমেন্ট গেজেট ১৮৬৭। ২৯ অক্টোবর।

follows, he is entitled to compensation from the seller for loss caused by the breach of warranty.

অন্য কার্য্য না করেন। ইহার মধ্যে যাহা করুন ঐ নির্ণয়ণের অন্যথা হেতুক তাঁহার যে ক্ষতি হয় বিক্রেতার স্থানে তাঁহার সেই ক্ষতির পরিশোধ পাইবার অধিকার আছে ইতি।

Illustrations.

(*a*.) A. agrees to sell to B. 200 bales of cotton by sample. Cotton not in accordance with sample is delivered to B. He may return it if he has not kept it longer than a reasonable time for the purpose of examination,

(*b*.) B. agrees to buy of A. 25 sacks of flour by sample. The flour is delivered to B. who pays the price. B., upon examination, finds it not equal to sample, and complains of this to A. B. afterwards uses two sacks, and sells one. He cannot now repudiate the contract and recover the price, but he is entitled to compensation from A. for any loss caused by the breach of warranty.

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে তুলার নমুনা দিয়া তাহাকে ২০০ বস্তা বিক্রয় করিতে অঙ্গীকার করেন। বলরামকে যে তুলা দেওয়া যায় তাহা সেই নমুনার মত নহে। তাহা পরীক্ষা করিয়া দেখিবার জন্যে যত কাল লাগে এমত যুক্তিসিদ্ধ কালের অধিক না রাখিলে তাহা ফিরিয়া দিতে পারিবেন।

(*b*) আনন্দ বলরামকে ময়দার নমুনা দেখাইলে বলরাম ২৫ বস্তা ক্রয় করিতে অঙ্গীকার করিলেন। ময়দা বলরামের নিকট আনিয়া দেওয়া গেলে তিনি মূল্য দিলেন। পরে পরীক্ষা করিয়া দেখিলেন যে ময়দা নমুনার মত নয় ও আনন্দকে সেই কথা বলেন। তাহার পর বলরাম তাহার দুই বস্তা ব্যবহার করেন ও এক বস্তা বিক্রয় করেন। তাহা হইলে তিনি সেই চুক্তি তুচ্ছ করিয়া মূল্য ফিরিয়া পাইতে পারিবেন না। কিন্তু নির্ণয়নের অন্যথা প্রযুক্ত তাঁহার যে ক্ষতি হইয়াছে আনন্দের স্থানে তাহার পরিশোধ পাইতে পারিবেন।

Refusal to accept.

[Refusal to accept when goods not ordered are sent.]

109. When the seller sends goods not ordered with goods ordered, the buyer may refuse to accept any of the goods so sent, if there is risk or trouble in separating the goods ordered from the goods not ordered.

আসিষ্টাণ্ট কমিস্যনর যত কাল নিম্নকক্ষার পরীক্ষাতে উত্তীর্ণ না হন তত কাল কেবল ৪০০৲ টাকা মাসিক বেতন পাইতে পারিবেন। সেই পরীক্ষাউত্তীর্ণ হইয়া যত কাল উচ্চতর কক্ষার পরীক্ষা উত্তীর্ণ না হন ততকাল ৪৫০৲ টাকা বেতন পাইবেন।

উচ্চ শ্রেণীর আসিষ্টাণ্ট কমিস্যনরের কিম্বা অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনরের পদ শূন্য হইলে যদি নিম্ন শ্রেণীর কোন আসিষ্টাণ্ট কি অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর সেই পদে নিযুক্ত হইবার যোগ্য না হন তবে সেই উচ্চ শ্রেণীর শূন্যপদে উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারককে নিযুক্ত করণদ্বারা অথবা

(a) ঢাকার কমিস্যনর সাহেবের অধীন।
(b) ভাগলপুরের ঐ ঐ।
(c) চট্টগ্রামের ঐ ঐ।

Assistant or Extra Assistant Commissioners will be completed either by appointing some other qualified Officer to the vacancy in the Higher Grade, or by appointing a Supernumerary in the Lower Grade, as may seem advisable to Government.

NOTIFICATION.

No. 3877.

The 21st October 1867.

With reference to the Notification No. 3876 of this date, the Lieutenant-Governor has been pleased to make the following promotions in the Commission of the Non-Regulation Provinces :—

Major A. K. Comber to be a Deputy Commissioner of the First Grade.

Major T. Lamb ... Dr. W. H. Hayes ... Captain J. F. Sherer ...	To be Deputy Commissioners of the Second Grade.

Captain R. C. Money ... " T. H. Lewin .. " A. E. Campbell " W. C. S. Clarke	To be Deputy Commissioners of the Third Grade.

Mr. W. O. A. Beckett to be an Assistant Commissioner of the First Grade.

Mr. P. T. Carnegy ... " F. Grant ..	To be Extra Assistant Commissioners of the First Grade.

These promotions will take effect from the 1st August 1867.

DECLARATION UNDER SECTION 2, ACT VI. OF 1857.

The 16th October 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the construction of a Distillery building at the sub-divisional station of Jehanabad, it is hereby declared that, for the above purpose, a plot of land, situated in Mouzahs Kistopore and Kusba Jehanabad, Pergunnah Jehanabad, in the District of Hooghly, and measuring 1*b.* 4*c.* 8*cks.*, more or less, is required. It is bounded on the North by Herastullah and others' tank; on the East by the said Herastullah and others' garden land; on the South and West by the public road.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ অক্টোবর।]

গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে নিম্ন শ্রেণীর অতিরিক্ত কার্য্যকারককে নিযুক্ত করণদ্বারা আসিষ্টাণ্ট কিম্বা অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসনরের সংখ্যা পুরণ করা যাইবে।

বিজ্ঞাপন।

৩৮৭৭ নম্বর।

১৮৬৭ সাল ২১ অক্টোবর।

এই তারিখের ৩৮৭৬ নম্বরের বিজ্ঞাপনের উপলক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আইন বহির্ভূত প্রদেশের কমিসানে নিম্নলিখিত ব্যক্তিদিগকে উচ্চপদে নিযুক্ত করিয়াছেন।

মেজর শ্রীযুত এ কে কোম্বর সাহেব প্রথম শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

মেজর শ্রীযুত টি লাম সাহেব ... ডাক্তর " ডবলিউ এচ হেজ সাহেব ... কাপ্তান " জে এফ শিরর সাহেব ...	দ্বিতীয় শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

কাপ্তান শ্রীযুত আর সি মনি সাহেব ... " " টি এচ লুইন সাহেব ... " " এ ই কাম্বেল সাহেব ... " " ডবলিউ সি এস ক্লার্ক সাহেব ..	তৃতীয় শ্রেণীর ডেপুটী কমিসনর হইবেন।

শ্রীযুত ডবলিউ ও এ বেকেট সাহেব প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট কমিসনর হইবেন।

শ্রীযুত পি টি কার্ণেগি সাহেব ... " এফ গ্রাণ্ট সাহেব	প্রথম শ্রেণীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসনর হইবেন।

উক্ত উচ্চ পদে নিয়োগ ১৮৬৭ সালের আগষ্ট মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামত বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৬ অক্টোবর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জাহানাবাদ শাখা খণ্ডের প্রধান স্থানে মদ্য সঙ্কানীর ঘর নির্ম্মাণ করিবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া প্রয়োজন অতএব এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে পুর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হুগলী জিলার জাহানাবাদ পরগনার অন্তর্গত মৌজা কৃষ্ণপুরে ও কসবা জাহানাবাদে ন্যূনাধিক ১/ বিঘা /৪ কাঠা ॥০ আট ছটাক পরিমাণের ভূমি খণ্ড লওয়া আবশ্যক। সেই ভূমির উত্তরদিগে হিরাসতউল্লা ও অন্যদের পুষ্করিণীর পুর্ব্বদিগে উক্ত হিরাসতউল্লা ও অন্যদের বাগান ভূমি দক্ষিণ ও পশ্চিমদিগে রাজ পথ।

3. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

H. L. Dampier,
Offg. Secy. to the Govt. of Bengal,

উক্ত বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে তাঁহাদিগকে উক্ত জ্ঞাপনী দেওয়া গেল।

এচ এল ডাম্পিয়র,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী

PUBLIC WORKS (RAILWAY) DEPARTMENT, BENGAL.

Fort William, the 16th October 1867.

Notification.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, *viz.*, for a bungalow site on the first mile of the Serampore branch line, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring about 40 beegahs 3 cottahs 7 chittacks, more or less, situated in Mouzah Burwadee, on the said mile of Railway, within the Estate of Rajah Goroor Narian Sing, of Gadee Serampore, in Pergunnah Khurruckdeeha, in the District of Hazareebaugh, is required.

The land is bounded on the North by Bydaram and Gobordhone Mahatas Jote lands; on the South by the public Road from Kurhurbalee to Serampore; and on the East and West by Bydaram and Gobordhone Mahatas Jote lands.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

C. H. Luard, *Captain, R. E.,*
For Joint-Secy. to Govt. of Bengal,
P. W. D., Railway Branch.

বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উলিয়ম। ১৮৬৭ সাল ১৬ অক্টোবর।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কর্ম্মের নিমিত্তে অর্থাৎ শ্রীরামপুর শাখা পথের প্রথম মাইলের স্থানে বাঙ্গলা ঘর বাঁধিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া প্রয়োজন, অতএব এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে উক্ত কার্য্যের নিমিত্তে হাজারিবাগ জিলার খড়কদিহা পরগনার গাদি শ্রীরামপুরের রাজা গরুড় নারায়ণ সিংহের সম্পত্তির মধ্যে রেলপথের উক্ত মাইলে মৌজা বড়বাদির অন্তর্গত ন্যূনাধিক ৪০ বিঘা ৩ কাঠা ।৶ সাত ছটাক পরিমাণ এক খণ্ড ভূমির প্রয়োজন।

ঐ ভূমির উত্তর দিগে বৈদারাম ও গোবর্দ্ধন মহতের যোত ভূমি, দক্ষিণদিগে করহরবালিহইতে শ্রীরামপুরে যাইবার রাজপথ, পূর্ব্ব ও পশ্চিম দিগে বৈদারাম ও গোবর্দ্ধন মহতের যোত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদিগকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে উক্ত জ্ঞাপনী দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে।

রেলপথ সম্পর্কীয় কর্ম্মের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট সেক্রেটারী
সাহেবের নিমিত্তে।
সি এস লুয়াড, কাপ্তান, আর, ই,।

The 17th October 1867.

Notification.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for a site for a Railway Station, it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring in all 606 beegahs 18 cottahs 8 chittacks, more or less, is required.

The land is situated in the villages of Nowada and Baboo Bank, Pergunnah Gidhore, Zillah Monghyr, and is defined on the ground.

The land is bounded as follows :—

North—by land belonging to Maharajah Jey Mungul Singh in Mouzah Nowada.

১৮৬৭ সাল ১৭ অক্টোবর।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ রেলওয়ে ষ্টেসন করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া প্রয়োজন, অতএব এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে উক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৬০৬ বিঘা ১৮ কাঠা ।। ছটাক পরিমাণের এক খণ্ড ভূমি লওয়া প্রয়োজন।

সেই ভূমি মুঙ্গের জিলার গিধোর পরগনার নওয়াদা ও বাবু বাঁকের গ্রামের মধ্যে আছে ও তাহার সীমা ভূমিতেই নির্দ্দিষ্ট।

ঐ ভূমির সীমা এইং —

উত্তরদিগে মৌজা নওয়াদার অন্তর্গত মহারাজা জয় মঙ্গল সিংহের ভূমি।

West—by land belonging to Maharajah Jey Mungul Singh in Mouzah Nowada.

South—by ditto ditto.

East—by land belonging to ditto in Mouzahs Baboo Bank and Tetaria.

This Declaration is made, under Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

C. H. LUARD, *Capt., R. E.,*
Offg. Asst. Secy. to Govt. of Bengal,
P. W. D., Railway Branch.

NOTIFICATION.

IT is hereby notified that from and after the 1st November 1867, the Special Sub-Registrars in charge of the following groups of Sub-Registry Offices will hold office at each place on the dates noted against it:—

Patna from 1st to 9th and Arrah from 11th to 16th November, and subsequently at each place during alternate weeks.

Monghyr from 1st to 9th and Bhaugulpore from 11th to 16th November, and subsequently at each place during alternate weeks.

Burdwan from 1st to 9th and Hooghly from 11th to 16th November, and subsequently at each place during alternate weeks.

Howrah from 1st to 9th and Serampore from 11th to 16th November, and subsequently at each place during alternate weeks.

Kooshtea from 1st to the 10th, Chooadangah from 11th to 20th, and Ranaghat from 21st to the end of each month.

Mozufferpore from 1st to 15th and Durbungah for the remainder of each month.

Purneah from 1st to 15th and Kissengunge for the remainder of each month.

Bhudruck from 1st to 15th and Balasore for the remainder of each month.

P. DICKENS,
Offg. Registrar-General, L. P.

FORT WILLIAM,
The 19th October 1867.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ অকটোবর।]

পশ্চিমদিগে মৌজা নওয়াদার অন্তর্গত মহারাজা জয়মঙ্গল সিংহের ভূমি।

দক্ষিণ দিগে ঐ ঐ

পূর্ব্বদিগে বাবু বাঁক ও টাটারিয়া মৌজার অন্তর্গত উক্ত মহারাজার জমি।

উক্ত বিষয়ে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদিগকে ১৮৫৭ সালের ৬ আইনমতে এই বিজ্ঞাপন দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্তেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে।

সি এস লুয়ার্ড, কাপ্তান, আর, ই,।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে রেলওয়ে শাখা কার্য্যে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া গেল যে ১৮৬৭ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত সব-রেজিষ্টরী কার্য্যালয় সমাহার যে স্পেশ্যাল সব-রেজিষ্ট্রারের অধীন আছে তাঁহারা নিম্নলিখিত তারিখে সেই২ স্থানে কাছারী করিবেন বিশেষতঃ

পাটনায় নবেম্বর মাসের ১ তারিখ অবধি ৯ তারিখ পর্য্যন্ত ও আরাতে১১ তারিখ অবধি ১৬ তারিখ পর্য্যন্ত ও তৎপরে প্রত্যেক স্থানে সপ্তাহ অন্তর।

মুঙ্গেরে নবেম্বর মাসের ১ তারিখ অবধি ৯ তারিখ পর্য্যন্ত ও ভাগলপুরে ১১ তারিখ অবধি ১৬ তারিখ পর্য্যন্ত ও তৎপরে প্রত্যেক স্থানে সপ্তাহ অন্তর।

বর্দ্ধমানে নবেম্বর মাসের ১ তারিখ অবধি ৯ তারিখ পর্য্যন্ত ও হুগলীতে ১১ তারিখ অবধি ১৬ তারিখ পর্য্যন্ত ও তৎপরে প্রত্যেক স্থানে সপ্তাহ অন্তর।

হাবড়াতে নবেম্বর মাসের ১ তারিখ অবধি ৯ তারিখ পর্য্যন্ত ও শ্রীরামপুরে ১১ তারিখ অবধি ১৬ তারিখ পর্য্যন্ত ও তৎপরে প্রত্যেক স্থানে সপ্তাহ অন্তর।

কুষ্টিয়াতে প্রতিমাসের ১ তারিখ অবধি ১০ তারিখ পর্য্যন্ত, চুয়াডাঙ্গাতে ১১ তারিখ অবধি ২০ তারিখ পর্য্যন্ত, রাণাঘাটে ২১ তারিখ অবধি শেষ পর্য্যন্ত।

মুজফরপুরে প্রতিমাসের ১ অবধি ১৫ তারিখ পর্য্যন্ত ও দরভাঙ্গাতে মাসের অবশিষ্ট কাল।

পুরণিয়াতে প্রতিমাসের ১ অবধি ১৫ তারিখ পর্য্যন্ত ও কৃষ্ণগঞ্জে মাসের অবশিষ্ট কাল।

ভদ্রকে প্রতিমাসের ১ অবধি ১৫ তারিখ পর্য্যন্ত ও বালেশ্বরে মাসের অবশিষ্ট কাল।

পি ডিকিন্স,
বঙ্গপ্রভৃতিদেশের একটিং রেজিষ্ট্রার জেনরল।

ফোর্ট উইলিয়ম।
১৮৬৭ সাল ১৯ অকটোবর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশতিহার।

বিজ্ঞাপন।

নিম্ন লিখিত নম্বর ও পরিমাণের ৫ কেতা হোল নোট শ্রীযুত মৌলবী ইসয়াদ ওবেদুল্লা জেলা রঙ্গপুরের ডিপুটী মাজিষ্ট্রেরের চুরি হইয়াছে যে কেহ উহার তত্ত্ব পান অবিলম্বে তাহাকে তৎসংবাদ জানাইয়া বাধিত করিবেন ইতি।

৬০৫৬৪ নং	...	...	৫০৲
৬০৫৩৭ নং	...	...	৫০৲
৪৪০১৮ নং	...	...	৫০৲
৯৬৯৮১ নং	...	...	১০০৲
৫৪৩৯৮ নং	...	...	১০০৲
একুনে ৫ কেতা নোট			মোং ৩৫০৲ টাকা

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা ময়মনসিংহ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ময়মনসিংহ।

নীচে লিখা মহালের ১২৭৪ সনের নাগায়ত ভাদ্রের সরকারি পাওনা বাকি রাজস্ব আদায় জন্য বোর্ডের নিরূপিত ১৮৬৭ সনের ২৮ সেপ্টেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে ১৮৬৭ সনের ২৭ নবেম্বর মোতাবক ১২৭৪ সনের ১২ অগ্রহায়ণ বুধবার নীলামের দিন ধার্য্য সর্ব্বসাধারণ জনের জ্ঞাতার্থে অত্র ইস্তাহার প্রচার করা যায় যে কেহ মহাল মজকুর খরিদের বাসনা রাখে সে ঐ তারিখে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতমত ক্রয় করে, ইতি ১৮৬৭ সন তারিখ ১ অকুটোবর।

প্রথম শ্রেণী ইস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৩২২ নং পরগনে আটিয়া মসজিদ চর সাটিয়ান মহালকে চর কুরশি মালিক চিরস্থ বন্দবস্ত গ্রহীতা ব্রজেশ্বরী চৌধুরানী মাদরে বনওয়ারিলাল রায় নাবালগ সদর জমা ৫৪৭।।/০ আনা।

H. J. Reynolds
Collector.

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের মাং ২৮ সেপ্টেম্বরের বাকি রাজস্ব আদায় নিমিত্তে ১৮৬৭ সালের ২৬ নবেম্বর মোং ১২৭৪ সালের ১১ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭। ৩০ সেপ্টেম্বর মোং ১২৭৪। ১৫ আশ্বিন।

প্রথম শ্রেণী চিরস্থায়ি বন্দবস্তী মহাল।

২১৬ নং পরগনে বৈকুণ্ঠপুর চর নাছিরপুরের মধ্যগত চর জাহানাবাদ নীলাম খরিদ রামনাথ লস্কর ও এবারৎউল্লা সদর জমা ১৬২৩৶০

রোড ফণ্ড ১৬।০

১৬৪০৲

A. W. Russell,
Collector.

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল সকল সন ১৮৬৭ ইং ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুট অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৭ ইং ১৮ নবেম্বর মোতাবেক সন ১২৭৪ সাল ৩ অগ্রহায়ণ রোজ সোমবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৭ ইং ১ অক্টোবর।

শ্রেণীর নম্বর।	মহালের শ্রেণী।	জেলার তৌজিতে মহালের নম্বর।	মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	বাকী রাজস্ব।	মন্তব্য।
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	১৮৫২	ফতেজঙ্গপুর পরগনা মহাদেব মুনশী তালুক।	মহাদেব মুনশী পদ্মলোচন রায় চৌধুরি।	৫৩১।/৪	১৯।৯	ষোল আনা মহাল নিলাম বিক্রয় হইবেক।
ঐ	ঐ	১৯১	হাবেলি শিলিমাবাদ তপ্পা রামদেব সেন তালুক।	গঙ্গাদাস মুখোপাধ্যায় হিং ৫= গোলোকচন্দ্র সেন হিং ১৭।।১০ রামদেব সেন হিং ।।৶১৮।/১০।১৩ তিল জগচ্চন্দ্র সেন হিং /।।৭০ তিল দুর্গাচরণ সেন।	মোট জমা ১৭৭।।৵৯।। বাদ পৃথক হিসাবে লিখিত অংশের জমা ২১৩।।৶২।। বাকি ১৭৮৪৩	১৬/২	এই মহাল মধ্যে যে রামকমল সেনের হিস্যা ১৯—১০ ক্রান্ত জমা ১০৮৶৬ ও রাধানাথ বাচস্পতি হিং ২৪—ক্রান্ত জমা ৯৭/১০।। ভগবানচন্দ্র ভট্টাচার্য্যের হিং ৪।।২৭ তিল জমা ২৫।।৵১০ সন ১৮৫৯ সনের ১১ আইনমতে হিসাব সতন্ত্র হইয়াছে তাহা বাদে বক্রী হিস্যা নীলাম হইবেক।

H. C. SUTHERLAND,
Offg. Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহার নামা কাছারী কালেকুটরী জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৬৭ সালের নাগাইদি ২৮ সেপ্টেম্বর মোতাবক সন ১২৭৪ সালের নাগাদি ভাদ্র তলবের সরকারি বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৬৭ সালের ১৯ নবেম্বর মোতাবক সন ১২৭৪ সালের ৪ অগ্রহায়ণ মঙ্গলবার দিবসে। দিবা দুই প্রহরের সময় অত্র জেলার কালেকুটরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৭ সাল তারিখ ২৪ আকুটোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ১৫৮ নং সমুদ্রগড়ি পং সাত সৈকা মালিক রহিমন নেছা বিবি ও কৈলাসচন্দ্র দে চৌধুরী সদর জমা ২৭১০।।১১ টাকা।

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা হুগলি।

এস্তেহার নামা কাছারী কালেকুটরী জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা হুগলির নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের নাং ২৮ সেপ্টেম্বরের বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত সন ১৮৬৭ সালের ২১ নবেম্বর মোং ১২৭৪ সালের ৬ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেকুটরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। ১৮৬৭। ২৪ অকুটোবর।

নম্বর তৌজী	নাম মাহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী।
৬৭ নং	গুড়বাড়ি পং চৌমুহা	রাধাকান্ত চৌধুরী ও ৺ মদনমোহন জাঁউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবী ও মান গোবিন্দ বিশ্বাস ও ঈশ্বর চন্দ্র ঘোষ ...	২৬৯৭৸৶	
		বাদ।		
		মান গোবিন্দ বিশ্বাসের নিজ গুড়বাড়ির রকম ।।০ আনার কাত সদর জমা ..	৫৯০।৵৫	
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা মত পৃথক হিসাব পত্তন হইয়াছে রাধাকান্ত চৌধুরী ও ৺ মদনমোহন জাঁউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবীর সদর জমা ...	১৪১৩।৵১০	
			২০০৩৸৩	
		বাকী।		
		ঈশ্বর চন্দ্র ঘোষের নিজ গুড়বাড়ির ১৫৭৫/০ বিঘা জমির কাত সদর জমা ...	৬৯২৶৯	১১০৲ এই বাকী ঈশ্বচন্দ্র ঘোষের
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামত পৃথক হিসাব পত্তন হইয়াছে ...		
১৯১ নং	হরিপুর পং চৌমুহা	নবচন্দ্র ও পরমাত্মচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও অন্নদাপ্রসাদ ও কালিদাস ও দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ও দ্বারিকানাথ ঠাকুর ও দুর্গাদাস খাঁ ...	৮৫১৶২	১১।৵৯

E. H. WHINFIELD,
Offg. Collector.

[*Government Gazette, 29th October* 1867.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এফ জে বার্লো সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 5, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৫ নবেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE INDIAN CONTRACT LAW, 1867.

[Continued from page 1141.]

PART V.

OF INDEMNITY AND GUARANTEE.

[Indemnity defined.]

113. A person can bind himself to save another person from eventual loss.

The security thus afforded is called indemnity when the loss guarded against is that which may be consequent upon the conduct of some person.

Illustrations.

(*a.*) A. gives B. a letter of indemnity against the consequences of any proceedings which C. may take against B. in respect of a certain sum of 200 Rupees. Here A. binds himself by an express engagement to save B. from consequent loss if C. shall act as contemplated.

(*b.*) B. accepts a bill of exchange, at A.'s request, for the accommodation of A. A. does not provide for the bill at maturity, and B. is compelled to pay it. A. is liable to B. for the amount of the bill. Here A. binds himself

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

১৮৬৭ সালের ভারতবর্ষীয় চুক্তির আইন।

[১১৪১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

পঞ্চম খণ্ড।

ক্ষতিনিষ্কৃতির ও প্রাতিভাব্যের বিধি।

[ক্ষতিনিষ্কৃতি এই শব্দের অর্থ।]

১১৩ ধারা। কোন ব্যক্তি অন্যকে ভাবি ক্ষতিহইতে রক্ষা করিবার জন্যে আপনাকে আবদ্ধ করিতে পারেন।

যে ক্ষতিহইতে রক্ষা করা যায় যদি কোন ব্যক্তির আচরণদ্বারা সেই ক্ষতির অনুভব হয়, তবে উক্ত প্রকারের যে প্রাতিভাব্য তাহাই ক্ষতিনিষ্কৃতি বলা যায় ইতি।

উদাহরণ।

(*a*) চন্দ্র ২০০ টাকা ঘটিত কোন ব্যাপার বিষয়ে বলরামের নামে আনালিশ সংক্রান্ত যে কার্য্য করিতে পারেন আনন্দ তাহাহইতে বলরামের ক্ষতি নিষ্কৃতিপত্র দেন। এই স্থলের তাৎপর্য্য এই। চন্দ্রদ্বারা যে কার্য্য হইবার সম্ভাবনা তদ্দ্বারা বলরামের ক্ষতি না হয় আনন্দ এমত স্পষ্ট প্রতিজ্ঞাদ্বারা আপনাকে আবদ্ধ করেন।

(*b*) আনন্দের প্রার্থনামতে বলরাম তাঁহার উপকারার্থে একখান হুণ্ডী স্বীকার করিলেন। সেই হুণ্ডীর মিয়াদ পূর্ণ হইলে আনন্দ তাহার টাকা দিবার উপায় করেন না। বলরামের সেই টাকা দিতে হইল। ও আনন্দ ঐ হুণ্ডীর টাকার

by an implied engagement to indemnify B. against loss consequent on a failure on A.'s part to provide for payment of the bill when due.

[Agent's indemnity against consequences of lawful acts.]

114. The employer of an agent is bound to indemnify him against the consequences of all lawful acts done by him in exercise of the authority conferred upon him.

Illustrations.

(*a.*) B., a stockbroker at London, and member of the Stock Exchange, at the request of A., buys for him 24 shares in a bank, "to be paid for on settlement day." Before the settlement day arrives, the bank stops payment, and A. repudiates the transaction, and tells B. not to pay the price. By the rules of the Stock Exchange, however, B. is compelled to pay the price on the settlement day. A. is liable to B. for the price on an implied agreement to indemnify.

(*b.*) B., at Singapore, under instructions from A. of Calcutta, contracts with C. to deliver certain goods to him. A. does not send the goods to B., and C. sues B. for breach of contract. B. informs A. of the suit, and A. authorizes him to defend the suit. B. defends the suit, and is compelled to pay damages and costs, and incurs expenses. A. is liable to B. for such damages, costs, and expenses.

(*c.*) B., a broker at Calcutta, by the orders of A., a merchant there, contracts with C. for the purchase of 10 casks of oil for A. Afterwards A. refuses to receive the oil, and C. sues B. B. informs A., who repudiates the contract altogether. B. defends, but unsuccessfully, and has to pay damages and costs and incurs expenses. A. is liable to B. for such damages, costs, and expenses.

[Agent's indemnity against consequences of acts done in good faith.]

115. Where one person employs another to do an act, and the agent does the act in good faith, the employer is liable to indemnify the agent against the consequences of that act, though it cause an injury to the rights of third persons.

Illustrations.

(*a.*) A., a decree-holder and entitled to execution of B.'s goods, requires the nazir to seize certain goods, representing them to be the goods of B. The nazir seizes the goods, and is sued by C., the true owner of the goods. A. is liable to indemnify the nazir for the sum he is compelled to pay to C., in consequence of obeying A.'s directions.

জন্যে বলরামের নিকট দায়ী। এই স্থলে হুণ্ডীর টাকা দেখা হইলে যদি আনন্দ তাহা দিবার বিধান না করেন তবে বলরামের যে ক্ষতি হইবার সম্ভাবনা আনন্দ ভাবক্রমে তাঁহাকে সেই ক্ষতি হইতে বাঁচাইবার প্রতিজ্ঞাতে বদ্ধ আছেন।

[বৈধ কর্ম্মের ফলহইতে নিয়োগির ক্ষতিনিষ্কৃতি পাইবার কথা।]

১১৪ ধারা। নিয়োগির প্রতি যে ক্ষমতা প্রদত্ত হয় তদনুসারে তিনি যে সকল বৈধ কর্ম্ম করেন মুখ্য ব্যক্তি তাঁহাকে সেই কর্ম্মজাত ক্ষতিহইতে নিষ্কৃতি দিতে আবদ্ধ আছেন ইতি।

উদাহরণ।

(*a*) লণ্ডন নগরে বলরাম নামক এক জন দালাল ষ্টাক এক্সচেঞ্জের অন্তর্গত ব্যক্তি আছেন। তিনি আনন্দের আদেশমতে কোন ব্যাঙ্কের ২০ শ্যার ক্রয় করেন। হিসাব নিষ্পত্তির দিনে আনন্দের সেই শ্যারের মূল্য দিবার কথা ছিল। কিন্তু সেই দিনের পূর্ব্বে ব্যাঙ্কের কর্ম্ম বন্ধ হইল। আনন্দ সেই ক্রয় ব্যাপার অস্বীকার করিয়া বলরামকে বলেন যে উহার মূল্য দিও না। কিন্তু ষ্টাক এক্সচেঞ্জের বিধিমতে ঐ দিনে বলরামের অবশ্য সেই টাকা দিতে হইল। আনন্দ ভাবতঃ বলরামকে ক্ষতিহইতে বাঁচাইতে প্রতিজ্ঞা করিয়াছেন অতএব ঐ মূল্য হেতুক বলরামের নিকট দায়ী।

(*b*) সিঙ্গাপুর নিবাসি বলরাম কলিকাতা নিবাসি আনন্দের আদেশপত্র পাইয়া চন্দ্রকে কোন দ্রব্য দিবার চুক্তি করিলেন। আনন্দ বলরামের নিকট ঐ দ্রব্য পাঠাইলেন না। তাহাতে চন্দ্র চুক্তি ভঙ্গহেতুক বলরামের নামে নালিশ করিলেন। বলরাম আনন্দকে ঐ মোকদ্দমার কথা জানাইলে, আনন্দ তাঁহাকে ঐ মোকদ্দমার উত্তর দিতে অনুমতি দিলেন। বলরাম উত্তর দিলেন। তাহাতে তাঁহার প্রতি হানিপূরণের ও মোকদ্দমার খরচা দিবার আজ্ঞা হইল, ও তাঁহার অন্যং খরচ হইল। বলরামের নিকট আনন্দ সেই হানিপূরণের ও খরচ খরচার দায়ী।

(*c*) কলিকাতার বলরাম নামক দালাল, তথাকার মহাজন আনন্দের আজ্ঞাক্রমে তাঁহার নিমিত্তে চন্দ্রের সঙ্গে ১০ পিপা তৈল কিনিবার চুক্তি করেন। পরে আনন্দ ঐ তৈল লইতে স্বীকার না করিলে চন্দ্র বলরামের নামে নালিশ করেন। বলরাম আনন্দকে সেই কথা কহিলে, তিনি একবারে সেই ব্যাপারটি অস্বীকার করিলেন। বলরাম মোকদ্দমায় উত্তর করিয়া পরাজিত হইলেন ও হানিপূরণ ও খরচ খরচা তাঁহার দিতে হইল। বলরামের নিকট আনন্দ সেই হানিপূরণের ও খরচ খরচার দায়ী আছেন।

[নিয়োগী সরল ভাবে যে ক্রিয়া করেন তাহার ফলহইতে তাঁহার ক্ষতিনিষ্কৃতির কথা।]

১১৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন কার্য্য নির্ব্বাহ করিবার জন্যে অন্যকে নিযুক্ত করেন, এবং ঐ নিয়োগী যদি সরল ভাবে ঐ কর্ম্মসম্পাদন করেন, তবে সেই ক্রিয়ার ফলেতে যদ্যপি তৃতীয় ব্যক্তির স্বত্বের হানি হয়, তথাপি নিয়োক্তা ঐ নিয়োগির ক্ষতিনিষ্কৃতির দায়ী ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ ডিক্রীদার আছে ও বলরামের দ্রব্যের উপর সেই ডিক্রী জারী করিতে সক্ষম হইয়া বলরামের দ্রব্য বলিয়া কএক দ্রব্য নাজিরকে দেখাইয়া ক্রোক করিতে আদেশ করেন। নাজির সেই দ্রব্য ক্রোক করিলে ঐ দ্রব্যের প্রকৃত স্বামী চন্দ্রমোহন তাঁহার নামে নালিশ করেন আনন্দের আদেশমতে কর্ম্মকরাপ্রযুক্ত চন্দ্রমোহনকে নাজিরের যত টাকা দিতে হয় আনন্দ তাঁহাকে তত টাকার ক্ষতি হইতে বাঁচাইতে দায়ী।

(*b*.) B., an auctioneer, at request of A., sells goods in the possession of A., but which A. had no right to dispose of. B does not know this, and hands over the proceeds of the sale to A. Afterwards C., the true owner of the goods, sues B. and recovers the value of the goods and costs. A. is liable to indemnify B. for what he has been compelled to pay to C., and for B.'s own expenses.

(*b*) আনন্দের নিকট কএক দ্রব্য থাকিলে তিনি বলরাম নামক নিলামকারিকে ঐ দ্রব্যের নীলাম করিতে বলেন, কিন্তু সেই দ্রব্য বিক্রয় করিতে আনন্দের অধিকার নাই। বলরাম তাহা না জানিয়া দ্রব্যের নীলাম করিয়া তাহার মূল্য আনন্দকে দেন। পরে ঐ দ্রব্যের প্রকৃত স্বামি চন্দ্রমোহন বলরামের নামে নালিশ করিয়া খরচাসমেত ঐ দ্রব্যের মূল্য পান। চন্দ্রকে বলরামের যত টাকা দিতে হইয়াছে, ও বলরামের যত খরচ হইয়াছে, আনন্দ সেই সমস্তের দায়ী।

(*c*.) A. employs B. to make a quantity of fire-bricks with a trademark, which A. knows, but B. does not, to be the trademark of C. B. makes and marks the bricks as ordered. C. obtains an injunction against B. A. is liable to pay B. the amount of his expenses.

(*c*) আনন্দ কতক গুলিন ইট গড়াইয়া তাহাতে ব্যবসায়ের চিহ্ন দিতে বলরামকে নিযুক্ত করেন। আনন্দ জানেন যে সেই চিহ্ন চন্দ্রের ব্যবসায়ের চিহ্ন। বলরাম তাহা না জানিয়া ইট গড়াইয়া আনন্দের আদেশমতে চিহ্ন দেন। চন্দ্র বলরামের নামে নালিশ করিয়া নিষেধসূচক আজ্ঞা পান। আনন্দ বলরামের খরচার দায়ী।

[Non-liability of employer of agent to do a criminal act.]

116. Where one person employs another to do an act which is criminal, the employer is not liable to the agent, either upon an express or an implied promise, to indemnify him against the consequences of that act.

[যে ব্যক্তি অপরাধসূচক ক্রিয়া করণার্থে নিয়োগিকে নিযুক্ত করেন তাঁহার দায়ী না হইবার কথা।]

১১৬ ধারা। যদি কোন ব্যক্তি কোন ক্রিয়া করণার্থে অন্যকে নিযুক্ত করেন ও সেই ক্রিয়া ফৌজদারী অপরাধ হয়, তবে কর্ত্তা ব্যক্ত কি অব্যক্তরূপে প্রতিজ্ঞা করিলেও তিনি সেই কার্য্যের ফলরূপ ক্ষতিহইতে নিয়োগির নিষ্কৃতি দিবার দায়ী নহেন ইতি।

Illustrations.

(*a*) A. employs B. to beat C., and agrees to indemnify him against all consequences of the act. B. thereupon beats C., and has to pay damages to C. for so doing. A. is not liable to indemnify B. for those damages.

উদাহরণ।

(*a*) আনন্দ চন্দ্রকে প্রহার করণার্থে বলরামকে নিযুক্ত করিয়া বলেন, যে তাহা করিলে তোমার কোন ক্ষতি হইলে আমি নিষ্কৃতি দিব। চন্দ্রকে প্রহার করাতে যে হানি হইল বলরামের তৎপ্রতিকার করিতে হইয়াছে। আনন্দ বলরামের সেই ক্ষতির পরিশোধ করিতে দায়ী নহেন।

(*b*.) B., the proprietor of a newspaper, publishes, at A.'s request, a libel upon C. in the paper, and A. agrees to indemnify B. against the consequences of the publication, and all costs and damages of any action in respect thereof. B. is sued by C. and has to pay damages, and also incurs expenses. A. is not liable to B. upon the indemnity.

(*b*) বলরাম একখান সম্বাদপত্রের অধ্যক্ষ হইয়া আনন্দের আদেশমতে চন্দ্রমোহনের অখ্যাতিসূচক কথা প্রকাশ করেন। আনন্দও তাঁহার নিকটে প্রতিজ্ঞা করিলেন, যে এই কথা প্রকাশ করিলে যদি তোমার ক্ষতি হয় তবে আমি তাহার শোধ দিব ও নালিশ হইলে আমি খরচা ও ক্ষতিপূরণের সকল টাকা দিব। চন্দ্র বলরামের নামে নালিশ করিলে, বলরামের ক্ষতিপূরণের টাকা দিতে হইয়াছে অনেক খরচও হইল। আনন্দ ক্ষতিনিষ্কৃতির জন্যে বলরামের নিকট দায়ী নহেন।

[Rights and liabilities of indemnity-holder when sued.]

117. Where a person holds an indemnity and a suit is brought against him in respect of matters comprised in the indemnity, it is his duty to give notice to the person who is bound to indemnify him; and if that person does not authorize him to defend the suit, he is at liberty to compromise it. Whether he defends the suit under such authority as aforesaid, or in the absence of such authority compromises it, he is entitled to receive from the person bound to indemnify him, the damages and costs which he has been compelled to pay.

[যাহার ক্ষতিনিষ্কৃতি পাইবার অধিকার আছে তাঁহার নামে নালিশ হইলে তাঁহার স্বত্বের ও দায়ের কথা।]

১১৭ ধারা। যদি কোন ব্যক্তি ক্ষতিনিষ্কৃতি পাইবার প্রতিজ্ঞাপ্রাপ্ত হন ও ক্ষতিনিষ্কৃতিপত্রে যে বিষয়ের উল্লেখ হইয়াছে যদি তদ্বিষয়ে তাঁহার নামে নালিশ হইয়া থাকে, তবে যে ব্যক্তি ঐ ক্ষতিরনিষ্কৃতি দিতে আবদ্ধ, তাঁহাকে ঐ ব্যক্তির সেই নালিশের সম্বাদ দেওয়া কর্ত্তব্য। সেই ব্যক্তি তাঁহাকে সেই মোকদ্দমার উত্তর করিবার অনুমতি না দিলে তিনি তাহা গোপনে মিটাইতে পারিবেন। কিন্তু পূর্ব্বোক্ত ক্ষমতাপ্রাপ্ত হইয়া মোকদ্দমার উত্তর করুন কিম্বা সেই ক্ষমতাপ্রাপ্ত না হওয়া প্রযুক্ত তাহা মিটাইয়া দিউন, হানিপূরণের যত টাকা ও যত খরচ তাঁহার দিতে হয়, যে ব্যক্তি তাঁহার ক্ষতির নিষ্কৃতি দিতে আবদ্ধ আছেন ঐ ব্যক্তির স্থানে তাঁহার তাহা পাইবার অধিকার আছে।

If he defends the suit without such authority, he is entitled to receive from the person bound to indemnity him the amount he has been compelled to pay, exclusive of any expenses caused by

যদি তদ্রূপ ক্ষমতাপ্রাপ্ত না হইয়াও মোকদ্দমার উত্তর করিয়া থাকেন, তবে মোকদ্দমার উত্তর করণেতে তাঁহার যত খরচ হয় তদ্ভিন্ন তাঁহার যত টাকা দিতে হইল, যে ব্যক্তি তাঁহার ক্ষতির নিষ্কৃতি দিতে

his having defended the suit; unless in defending it he has acted as a prudent man holding no indemnity would have acted in his own case.

আরদ্ধ হইয়াছেন তাঁহার স্থানে তাঁহার তত টাকা পাইবার অধিকার আছে। এবং কার্য্যচিন্তক ব্যক্তি ক্ষতিনিষ্কৃতির কোন প্রতিজ্ঞা প্রাপ্ত না হইয়া আপন মোকদ্দমায় যদ্রূপ সতর্ক হইয়া কর্ম্ম করিতেন, তিনি ঐ মোকদ্দমায় উত্তর করণকালে যদি সেই সতর্কভাবে কর্ম্ম করিয়া থাকেন তবে খরচাও পাইতে পারিবেন ইতি।

Illustrations.

(*a*.) B. at the request of A., accepts a bill of exchange for the accommodation of A. C., the holder of the bill, sues B. upon it. B. has clearly no defence, but, without the authority of A., he defends the suit, and has to pay costs as well as the amount of the bill. B. can only recover from A. the amount of the bill, upon A.'s implied promise to indemnify.

(*b*) C., who holds a lease from W. of certain houses, assigns the lease to B., who agrees to indemnify and save harmless C. from all damages and expenses in respect of the breach of any of the convenants therein. B. re-assigns the lease to A., who gives a like indemnity to B. A. commits a breach of a covenant to repair. W. sues C. and recovers 2,000 Rupees, and C. has to pay, in addition, 800 Rupees as costs and expenses. C. sues B., who defends the suit unsuccessfully, and has to pay to C. the 2,800 Rupees, and also incurs costs and expenses in the defence. A. is only liable to B. for 2,800 Rupees and not for the costs and expenses, as the amount of liability was ascertained by the suit of W. against C., and B. ought to have paid that amount at once to C. on demand.

উদাহরণ।

(*a*) আনন্দের প্রার্থনামতে বলরাম তাঁহার উপকারের জন্যে একখান হুণ্ডী স্বীকার করেন। ঐ হুণ্ডী চন্দ্রের নামে। চন্দ্র বলরামের নামে নালিশ করেন। বলরাম ইহার উত্তর দিতে পারেন না, তথাপি আনন্দের অনুমতি বিনা তিনি মোকদ্দমায় উত্তর করেন ও তাঁহার সেই হুণ্ডীর টাকা ও মোকদ্দমার খরচা দিতে হইল। আনন্দ ভাবক্রমে বলরামের ক্ষতির নিষ্কৃতির প্রতিজ্ঞা করিলেন, অতএব বলরাম তাঁহার স্থানে কেবল ঐ হুণ্ডীর টাকা আদায় করিতে পারিবেন।

(*b*) চন্দ্র উমেশের স্থানে কএক ঘরের পাট্টা পাইলেন। পরে সেই পাট্টার লিখিত কোন নিয়ম ভঙ্গ হইলে তদ্বিষয়ে যে সকল ক্ষতিপূরণ করিতে ও যে খরচা দিতে হয় আমি তাহার দায়ী হইয়া আপনাকে ঐ ক্ষতির নিষ্কৃতি দিব বলরাম এই অঙ্গীকার করিলে চন্দ্র তাঁহাকে ঐ পাট্টা সমর্পণ করিলেন। বলরাম আনন্দের স্থানে সেই প্রকারের ক্ষতিনিষ্কৃতিপত্র প্রাপ্ত হইয়া তাঁহাকে সেই পাট্টা অর্পণ করিলেন। আনন্দ ঘর সারাইবার নিয়ম ভঙ্গ করেন। তাহাতে চন্দ্রের নামে উমেশ নালিশ করিয়া ২,০০০৲ টাকা আদায় করেন তদ্ভিন্ন খরচাস্বরূপ চন্দ্রের ৮০০৲ টাকা দিতে হইল। চন্দ্র বলরামের নামে নালিশ করেন, বলরাম মোকদ্দমায় পরাজিত হইয়া চন্দ্রকে তাঁহার সেই ২,৮০০৲ টাকা দিতে হইল তদ্ভিন্ন মোকদ্দমায় প্রতিবাদ করিতে তাহার খরচ হইয়াছে। এইস্থলে আনন্দ বলরামের নিকট ২,৮০০৲ টাকার দায়ী, খরচখরচার দায়ী নহেন। কারণ চন্দ্রের নামে উমেশ নালিশ করিলে দায়ের পরিমাণ নির্ণয় করা গেল, এবং চন্দ্র দাওয়া করিলেই বলরামের তৎক্ষণাৎ সেই টাকা দেওয়া কর্ত্তব্য ছিল।

[Definitions of 'guarantee,' 'surety,' 'principal debtor,' and 'creditor.']

118. An engagement to fulfil the liability of a third person in case of his default is called a guarantee when founded on sufficient consideration. The person who gives the guarantee is called the surety, the person primarily liable is called the principal debtor, and the person to whom the guarantee is given is called the creditor. A guarantee may be either oral or written.

[প্রাতিভাব্য, প্রতিভূ, মুখ্য ঋণী, ও উত্তমর্ণ এই সকল শব্দের অর্থ।]

১১৮ ধারা। কোন ব্যক্তি কোন কর্ম্ম করিতে অন্যের নিকট প্রতিজ্ঞাবদ্ধ হইলে যদি তৃতীয় ব্যক্তি উপযুক্ত হেতুতে ঐ প্রতিজ্ঞাবদ্ধ ব্যক্তির ত্রুটি জন্যে দায়ী হইবার প্রতিজ্ঞা করেন, তবে সেই প্রতিজ্ঞা প্রাতিভাব্য বলা যায়। যে ব্যক্তি প্রাতিভাব্য দেন তাহাকে প্রতিভূ বলা যায়। যে ব্যক্তি আদৌ দায়ী তিনিই মুখ্য ঋণী। যাঁহার নিকটে প্রাতিভাব্য দেওয়া যায় তিনি উত্তমর্ণ। প্রাতিভাব্য বাচনিক কিম্বা লিখিত হইতে পারিবে ইতি।

[Consideration for guarantee.]

119. Anything which is done or agreed to be done for the benefit of the principal debtor, and which is an inducement to the surety to give the guarantee, may be sufficient consideration.

[প্রাতিভাব্যের হেতুর কথা।]

১১৯ ধারা। প্রতিভূর প্রাতিভাব্য দিবার প্রবৃত্তিজনক যে ক্রিয়া মুখ্য ঋণীর লাভের জন্যে করা যায় কি করিবার অঙ্গীকার হয়, তাহাই বিশিষ্ট হেতু হইতে পারে ইতি।

Illustrations.

(*a*) B. requests A. to sell and deliver to him goods on credit. A agrees to do so, provided C will guarantee the payment of the price of the goods. C. agrees to guarantee the payment of the goods to be supplied. This is a good guarantee.

(*b*.) A. sells and delivers goods to B. C. afterwards requests A. to forbear to sue B. for the debt for a year, and promises that if he does so, C. will pay for them in default of payment by B. A. agrees to forbear as

উদাহরণ।

(*a*) বলরাম আনন্দের স্থানে হাওলাতে কএক দ্রব্য ক্রয় করিয়া লইতে চাহেন। আনন্দ কহেন যে চন্দ্র যদি আমার সেই দ্রব্যের মূল্য পাইবার প্রতিভূ হন তবে দিব। চন্দ্র প্রতিভূ হইলেন। সেই প্রাতিভাব্য যথোচিত।

(*b*) আনন্দ বলরামকে কএক দ্রব্য বিক্রয় করিয়া দেন। পরে চন্দ্র তাঁহাকে বলিলেন যে আপনি সেই ঋণের জন্যে বলরামের নামে এক বৎসর পর্য্যন্ত নালিশ করিতে ক্ষান্ত থাকুন। ইহার মধ্যে বলরাম ঐ টাকা না দিলে আমি দিব।

requested. There is here a sufficient consideration to sustain C.'s guarantee.

(b.) A. sells and delivers goods to B. C. afterwards promises A. to pay for them in default of B. This is not a guarantee, as there is no consideration to support it.

[When offer constitutes a guarantee.]

120. An offer to guarantee does not constitute a guarantee, until it is accepted by the person to whom it is made, and the acceptance is notified to the offerer.

[Surety's liability.]

121. The liability of the surety is co-extensive with that of the principal debtor.

Illustration.

A. guarantees to B. the payment of a bill of exchange by C., the acceptor. The bill is dishonoured by C. A. is liable, not only for the amount of the bill, but also for any interest which may have become due on it.

[Continuing guarantee.]

122. A guarantee may extend to a series of transactions, in which case it is called a continuing guarantee.

Illustrations.

(a.) A., in consideration that B. will employ C. in collecting the rents of B.'s zemindary, promises B. to be responsible to the amount of 5,000 Rupees. for the due collection and payment by C. of those rents. This is a continuing guarantee.

(b.) A. promises B., a tea-dealer, to be responsible to the amount of £100. for any tea he may supply to C. B. supplies C. with tea to above the value of £100, and C pays B. for the same. Afterwards B. supplies C. with tea to the value of £200. C. fails to pay. The guarantee given by A. was a continuing guarantee, and he is accordingly liable to B. to the extent of £100.

(c.) A. agrees with B. to be answerable to him for the price of five sacks of flour to be delivered by B. to C. payable in one month. B. delivers five sacks to C. A. pays for them. Afterwards B. delivers four sacks to C., which C. does not pay for. The guarantee given by A. was not a continuing guarantee, and accordingly he is not liable for the price of the four sacks.

[Revocation of continuing guarantee.]

123. A continuing guarantee may be at any time revoked by the surety as to future transactions, by notice to the creditor.

Illustrations.

(a.) A., in consideration of B.'s discounting, at A.'s request, bills of exchange for C., guarantees to B. for 12 months the due payment of all such bills to the extent of 5,000 Rupees. B. discounts bills for C. to the extent of 2,000 Rupees. Afterwards, at the end of three months, A. revokes the guarantee. This revocation discharges A. from all liability to B. for any subsequent discount.

আমন সেই আদেশমতে নালিশ করিলেন না। এইস্থলে প্রতিভাব্য পোষণের যথোপযুক্ত হেতু হইয়াছে।

(c) আমন বলরামকে কএক দ্রব্য বিক্রয় করিয়া দিলেন। পরে চন্দ্র আমনকে বলেন যে বলরাম ঐ টাকা না দিলে আমি দিব। এই স্থলে প্রতিজ্ঞা প্রতিপোষণের হেতু না থাকাতে প্রতিভাব্য নাই।

[যে স্থলে প্রস্তাব প্রতিভাব্য হয় তাহার কথা।]

১২০ ধারা। যে ব্যক্তির প্রতি প্রতিভাব্য দিবার প্রস্তাব হয় তিনি যত কাল গ্রাহ্য না করেন ও প্রস্তাবকারিকে সেই গ্রাহ্য হওয়ার কথা জ্ঞাত না করা যায় তত কাল প্রতিভাব্যের প্রস্তাব প্রতিভাব্য হয় না ইতি।

[প্রতিভূর দায়ের কথা।]

১২১ ধারা। প্রতিভূর দায় মুখ্য ঋণীর দায়ের সমতুল্য ইতি।

উদাহরণ।

চন্দ্র হুণ্ডী স্বীকার করিয়াছেন এবং বলরামের নিকটে আমন সেই হুণ্ডীর টাকা পাইবার প্রতিভূ হন। পরে চন্দ্র সেই হুণ্ডী অগ্রাহ্য করিলেন। এমন স্থলে আমন কেবল সেই হুণ্ডীর টাকার দায়ী নহেন কিন্তু তাহার উপর যে সুদ পাওনা হয় তাহারও দায়ী।

[চির প্রতিভাব্যের কথা।]

১২২ ধারা। প্রতিভাব্য ব্যাপারশ্রেণীর প্রতি বর্ত্তিতে পারে। এমন স্থলে তাহা চির প্রতিভাব্য বলা যায় ইতি।

উদাহরণ।

(a) বলরাম আপন জমিদারীর খাজনা আদায়ের কার্য্যে চন্দ্রকে নিযুক্ত করেন, আমন এই প্রার্থনা করিয়া প্রতিজ্ঞা করেন যে চন্দ্র ঐ খাজনা উপযুক্তরূপে আদায় করিয়া দিলেন আমি এই বিষয়ে পাঁচ হাজার টাকা পর্য্যন্ত দায়ী হইলাম। এই চির প্রতিভাব্য।

(b) বলরাম চা ব্যবসায়ী আছেন। আমন তাঁহাকে কহেন আপনি চন্দ্রকে যে চা দিবেন আমি ১০০০৲ টাকা পর্য্যন্ত তাহার দায়ী। বলরাম চন্দ্রকে সহস্র টাকার অধিক মূল্যের চা দিলে চন্দ্র বলরামকে তাহার মূল্য দিলেন। তাহার পর বলরাম চন্দ্রকে দুই হাজার টাকা মূল্যের চা দেন কিন্তু চন্দ্র সেই টাকা দিলেন না। আমন যে প্রতিভাব্য দিয়াছিলেন তাহা চির প্রতিভাব্য, অতএব বলরামের নিকট সহস্র টাকা পর্য্যন্ত দায়ী আছেন।

(c) আমন বলরামের নিকট এই অঙ্গীকার করেন যে আপনি চন্দ্রকে পাঁচ বস্তা ময়দা দিলে আমি এক মাসের মধ্যে তাহার মূল্য দিবার দায়ী আছি। বলরাম চন্দ্রকে সেই পাঁচ বস্তা দিলে আমন তাহার মূল্য দিলেন, তাহার পর বলরাম চন্দ্রকে আর চারি বস্তা দেন কিন্তু চন্দ্র তাহার মূল্য দিলেন না। উক্ত স্থলে আমন যে প্রতিভাব্য দিয়াছিলেন তাহা চির প্রতিভাব্য নয় অতএব চারি বস্তার মূল্যের দায়ী নহেন।

[চির প্রতিভাব্য রহিত করিবার কথা।]

১২৩ ধারা। প্রতিভূ কোন সময়ে উত্তমর্ণকে সংবাদ দিয়া ভাবি ব্যাপারের বিষয়ে চির প্রতিভাব্য রহিত করিতে পারিবেন ইতি।

উদাহরণ।

(a) আমন বলরামের নিকট প্রার্থনা করিয়া কহেন আপনি যদি চন্দ্রের নিমিত্তে হুণ্ডীর উপর ডিস্কৌণ্ট লইয়া তাহার টাকা দেন, তবে আমি সেই সকল হুণ্ডীর টাকা দিবার বিষয়ে বারো মাস পর্য্যন্ত পাঁচ হাজার টাকার তাহিনে দায়ী হইব। তদনুসারে বলরাম চন্দ্রের দুই হাজার টাকা পর্য্যন্ত হুণ্ডীর উপর ডিস্কৌণ্ট লইয়া তাহার টাকা দেন। তিন মাস গত হইলে আমন সেই প্রতিভাব্য রহিত করিলেন। তদ্পরে

But A. is liable to B. for the 2,000 Rupees, on default of C.

(*b.*) A. guarantees to B., to the extent of 10,000 Rupees, that C. shall pay all the bills that B. shall draw upon him. B. draws upon C. C. accepts the bill. A gives notice of revocation. C. dishonours the bill at maturity. A is liable upon his guarantee.

[Revocation of continuing guarantee by surety's death.]

124. The death of the surety operates as a revocation of a continuing guarantee, so far as regards future transactions, in the absence of any agreement to the contrary.

[Liability of two persons primarily liable, not affected by a private arrangement as to suretyship.]

125. Where, upon the face of the agreement, two persons are primarily liable to a third person, that liability is not affected so far as regards the third person by an arrangement between the two, that one of them shall be liable only upon the default of the other, even although such arrangement may have been known to the third person, unless he was a party to the arrangement.

Illustration.

A. and B. make a joint and several promissory note to C. A. makes it, in fact, as surety for B., and C. knows this at the time when the note is made. In a suit by C. against A. upon the note, the fact that A. made it as surety for B. and C. knew it, is no answer to the suit.

[Discharge of surety by variance in terms of agreement.]

126. Any variance made without the surety's consent, in the terms of the original agreement discharges the surety as to future transactions.

Illustrations.

(*a.*) A. becomes surety to C. for B.'s conduct as a manager in C.'s bank. Afterwards B. and C. agree, without A.'s consent, that B.'s salary shall be raised, and that he shall become liable to one-fourth of the losses on discounts. B. allows a customer to overdraw, and the bank loses a sum of money. A. is discharged from his suretyship by the variance made without his consent, and is not liable to make good this loss.

(*b.*) A guarantees C. against the misconduct of B. in an office to which he is appointed by C., and of which the duties are defined by an Act of the Legislature. By a subsequent Act, the nature of the office is materially altered. Afterwards, B. misconducts himself. A. is discharged from future liability under his guarantee by

বলরাম চন্দ্রের যে কোন হুণ্ডীর ডিসকৌণ্ট করেন আনন্দ তাহার দায়ী হইবেন না কিন্তু যদি চন্দ্র উক্ত দুই হাজার টাকা না দেন তবে আনন্দ তাহার জন্যে বলরামের নিকটে দায়ী।

(*b*) বলরাম চন্দ্রের উপর যত হুণ্ডী দেন চন্দ্র তাহার টাকা দিবেন এই বিষয়ে আনন্দ বলরামের নিকটে দশ হাজার টাকা পর্য্যন্ত প্রতিভূ হইলেন। তাহাতে বলরাম চন্দ্রের নামে হুণ্ডী দেন। চন্দ্র সেই হুণ্ডী সাকরিয়া দিলেন তৎপরে আনন্দ ঐ প্রাতিভাব্য রহিত হওয়ার সংবাদ দেন। হুণ্ডীর মিয়াদ পূর্ণ হইলে চন্দ্র টাকা দেন না। এই স্থলে আনন্দ প্রাতিভাব্যক্রমে দায়ী আছেন।

[প্রতিভূর মৃত্যুর দ্বারা চির প্রাতিভাব্য রহিত হইবার কথা।]

১২৪ ধারা। যদি প্রকারান্তরের নিয়ম না হইয়া থাকে তবে প্রতিভূর মৃত্যুর দ্বারা ভাবি ব্যাপার সম্পর্কে চির প্রাতিভাব্য রহিত হয় ইতি।

[দুই ব্যক্তি প্রধান রূপে দায়ী হইলে প্রাতিভাব্য বিষয়ে তাঁহাদের মধ্যে কোন নিয়ম থাকিলেও তাঁহাদের দায়ের ব্যতিক্রম না হইবার কথা।]

১২৫ ধারা। কোন ব্যক্তির নিকট দুই ব্যক্তি প্রধান রূপে দায়ী আছেন ইহা যদি নিয়ম পত্রের অভিমুখে প্রকাশ থাকে, তবে উক্ত দুই জনের মধ্যে এক ব্যক্তির ত্রুটি হইলে অন্য ব্যক্তি দায়ী হইবেন, তাঁহারা পরস্পর এই নিয়ম করিলেও, এবং ঐ তৃতীয় ব্যক্তি সেই নিয়মের কথা জ্ঞাত হইলেও, যদি ঐ নিয়মের এক পক্ষ না হন, তবে ঐ নিয়ম দ্বারা সেই তৃতীয় ব্যক্তি সম্পর্কে ঐ দুই ব্যক্তির দায়ের ব্যতিক্রম হইবে না ইতি।

উদাহরণ।

আনন্দ ও বলরাম একত্রে ও স্বতন্ত্রে চন্দ্রের নিকট প্রতিজ্ঞা পত্র লিখিয়া দেন। বস্তুতঃ আনন্দ বলরামের প্রতিভূস্বরূপে তাহা করিলেন এবং সেই পত্র করণ সময়ে চন্দ্র ইহা জানিতেন। পরে চন্দ্র ঐ প্রতিজ্ঞাপত্রের উপর আনন্দের নামে নালিশ করিলে আনন্দ বলরামের প্রতিভূস্বরূপ তাহা করিলেন এবং চন্দ্র তাহা জানিতেন এই কথা ঐ নালিশের উত্তর নহে।

[করারের নিয়মের ব্যতিক্রম প্রযুক্ত প্রতিভূর মুক্তির কথা।]

১২৬ ধারা। প্রথমে যে নিয়মপত্র করা গিয়াছিল যদি প্রতিভূর অনুমতি ভিন্ন তাহার নিয়মের কোন পরিবর্ত্তন করা যায় তবে ভাবি কার্য্য পক্ষে প্রতিভূ মুক্ত হইবেন ইতি।

উদাহরণ।

(*a*) বলরাম চন্দ্রের ব্যাঙ্কেতে অধ্যক্ষ হইলে সদাচরণ করিবেন আনন্দ এই বিষয়ে চন্দ্রের নিকট প্রতিভূ হইলেন। তাহার পরে আনন্দের সম্মতিভিন্ন বলরামের ও চন্দ্রের মধ্যে এই নিয়ম হইল যে বলরামের বেতন বৃদ্ধি হইবে এবং ডিসকৌণ্টের জন্যে যত টাকা ক্ষতি হয় তিনি তাহার চতুর্থাংশের দায়ী হইবেন। ঐ ব্যাঙ্কে কোন ব্যক্তির যত টাকা থাকে বলরাম তাঁহাকে অধিক লইতে অনুমতি দিলে ব্যাঙ্কে অনেক টাকা ক্ষতি হয়। এমন স্থলে আনন্দের অনুমতি ভিন্ন নিয়মের পরিবর্ত্তন হওয়াতে প্রতিভূপদহইতে আনন্দের মুক্তি হয় তিনি ঐ ক্ষতিপূরণ করিবার দায়ী নহেন।

(*b*) ব্যবস্থা প্রণেতাদের আইনকর্ত্তৃক কোন পদসংক্রান্ত কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দিষ্ট হইলে চন্দ্র বলরামকে সেই পদে নিযুক্ত করিলে বলরাম সদাচরণ করিবেন আনন্দ এই বিষয়ে চন্দ্রের নিকট প্রতিভূ হইলেন। পশ্চাৎ কোন আইনদ্বারা ঐ পদ সংক্রান্ত কর্ম্মের গুরুতর পরিবর্ত্তন হইল তাঁহার পরে বলরাম অসদাচার করেন। এমন স্থলে আনন্দের প্রাতিভাব্যক্রমে

the change, though the misconduct of B. is in respect of a duty not affected by the later Act.

(c.) C. agrees to appoint B. as his clerk to sell coals at a yearly salary of £100, upon A.'s becoming surety to C. for B.'s duly accounting for monies received by him as such clerk. Afterwards, without A.'s knowledge or consent, C. and B. agree that B. should be paid by a commission of 6*d.* per ton on the coal sold by him instead of by the fixed salary. A. is not liable for subsequent misconduct of B.

(d.) A. gives to C. a continuing guarantee to the extent of 3,000 Rupees for any oil supplied by C. to B. on credit. Afterwards B. becomes embarrassed, and, without the knowledge of A., B. and C. agree that C. should continue to supply B. with oil for ready money, and that the payments should be applied to the then existing debts between B. and C. A. is not liable on his guarantee for any goods supplied after this new arrangement.

(e.) A., as surety for B., gives to C. a promissory note for 5,000 Rupees upon an agreement that the 5,000 Rupees should be paid by C. to B. "by draft at three months' date." C. without A.'s knowledge, pays the 5,000 Rupees to B. at once instead of giving a draft. A. is discharged from liability, as the agreement has been varied, and C. might sue B. for the money before the expiration of three months.

[Discharge of surety by release or discharge of principal debtor.]

127. The surety is discharged by any agreement between the creditor and the principal debtor, by which the principal is released, or by any act or omission of the creditor, the legal consequence of which is the discharge of the principal debtor.

Illustrations.

(a.) A. gives a guarantee to C. for goods to be supplied by C. to B. C. supplies goods to B., and afterwards B. becomes embarrassed, and agrees with his creditors (including C.) to assign to them his property in consideration of their releasing him from their demands. Here B. is released from his debt by agreement with C., and A. is discharged from his suretyship.

(b.) A. agrees with B. to grow a crop of indigo on A.'s land, and to deliver it to B. at a fixed rate, and C. guarantees A.'s performance of this agreement. B. diverts a stream of water which is necessary for the irrigation of A.'s land, and thereby prevents him from raising the indigo. C. is no longer liable on his guarantee.

(c.) A agrees with B. for a fixed price to build a house for B. within a stipulated time, B. supplying the necessary timber. C. guarantees A.'s performance of the contract. B. omits to supply the timber. C. is discharged from his suretyship.

[*Government Gazette*, 5*th November* 1867.]

যে দায় ছিল, আইন পরিবর্ত্ত হওয়াতে তিনি তাবিকালীন সেই দায় হইতে মুক্ত হইবেন। কর্ত্তব্য যে কর্ম্মের বিষয়ে বলরামের অসদাচার হইল যদিও শেষোক্ত আইনের সহিত তাহার সম্পর্ক না থাকে তথাপি আনন্দ মুক্ত হইবেন।

(c) চন্দ্র কয়লা ব্যবসায়ী, বলরাম সেই কয়লা বিক্রয় করিয়া যে টাকা প্রাপ্ত হন তাহার হিসাব নিয়মিতরূপে দিবেন আনন্দ চন্দ্রের নিকট ইহার প্রতিভূ হইলে চন্দ্র বলরামকে বৎসর হাজার টাকা বেতন দিয়া কয়লা বিক্রয় কার্য্যে নিযুক্ত করেন। পরে আনন্দের জ্ঞান কি সম্মতিভিন্ন চন্দ্রের ও বলরামের মধ্যে এই নিয়ম হইয়াছিল যে, বলরামের যে নির্দ্ধারিত বেতন ছিল তাহা রহিত হইবে ও তৎপরিবর্ত্তে তিনি যত কয়লা বিক্রয় করেন তাহার টন প্রতি চারি আনা কমিস্যন পাইবেন। তৎপরে যদি বলরাম অসদাচার করেন তবে আনন্দ তাহার দায়ী হইবেন না।

(d) চন্দ্র বলরামকে হাওলাতে যে তৈল দেন আনন্দ তজ্জন্যে চন্দ্রের নিকট তিন হাজার টাকা পর্য্যন্ত চির প্রতিভূ হইলেন। তৎপরে বলরামের অত্যন্ত কষ্ট হওয়াতে বলরামের ও চন্দ্রের মধ্যে এই নিয়ম হইল যে চন্দ্র নগদ টাকা লইয়া বলরামকে তৈল দিতে থাকিবেন এবং যে টাকা দেওয়া যায় তাহাহইতে চন্দ্রের নিকট তাহার ঋণ শোধ হইবে। কিন্তু আনন্দ তাহা জানিতেন না। এই নূতন নিয়ম হইলে পর বলরামকে যে কোন দ্রব্য দেওয়া যায় আনন্দ স্বীয় প্রাতিভাব্য প্রযুক্ত দায়ী হইবেন না।

(e) আনন্দ বলরামের প্রতিভূ হইয়া চন্দ্রকে ৫০০০৲ টাকার প্রতিজ্ঞাপত্র এই নিয়মে দিলেন যে, চন্দ্র তিন মাস মিয়াদের হুণ্ডির দ্বারা বলরামকে ঐ পাঁচ হাজার টাকা দিবেন। আনন্দের অজ্ঞাতসারে চন্দ্র বলরামকে হুণ্ডি না দিয়া একেবারে পাঁচ হাজার টাকা দেন। এই স্থলে নিয়ম পরিবর্ত্তন হওয়াতে আনন্দ দায়হইতে মুক্ত হইলেন। এবং তিন মাস গত হইবার পূর্ব্বে চন্দ্র সেই টাকা পাইবার জন্যে বলরামের নামে নালিশ করিতে পারিবেন।

[ক্ষমা করণ দ্বারা কিম্বা প্রধান ঋণির মুক্তি দ্বারা প্রতিভূর মুক্তির কথা।]

১২৭ ধারা। যদি উত্তমর্ণের ও মুখ্য অধমর্ণের মধ্য কোন নিয়মদ্বারা ঐ মুখ্য ঋণী ক্ষমাপ্রাপ্ত হন, কিম্বা যদি উত্তমর্ণর কোন ক্রিয়া কি ত্রুটিপ্রযুক্ত মুখ্য ঋণী আইনমতে মুক্ত হইতে পারেন তবে সেই ক্রিয়াদির দ্বারা প্রতিভূও মুক্ত হন ইতি।

উদাহরণ।

(a) চন্দ্র বলরামকে যে২ দ্রব্য দিবেন, আনন্দ তজ্জন্যে চন্দ্রকে প্রাতিভাব্য দেন। চন্দ্র বলরামকে সেই২ দ্রব্য দিলেন। পরে বলরামের অত্যন্ত কষ্ট হওয়াতে তিনি চন্দ্রকে লইয়া সকল উত্তমর্ণের সহিত এই নিয়ম করিলেন যে, আমি নিজের সমুদয় সম্পত্তি তোমাদের হস্তে অর্পণ করিব, আমার স্থানে তোমাদের যাহা পাওনা থাকে তাহাহইতে আমাকে মুক্তি দেও। এমন স্থলে বলরাম ঐ নিয়মদ্বারা চন্দ্রের নিকট ঋণহইতে মুক্ত হইলেন। আনন্দও প্রতিভূ পদহইতে মুক্ত হইয়াছেন।

(b) আনন্দ বলরামের নিকট এই অঙ্গীকার করিলেন। আমি আপন জমীতে নীল উৎপন্ন করিয়া নির্দ্দিষ্ট মূল্যে আপনাকে দিব। চন্দ্রও এই বিষয়ে আনন্দের নিমিত্ত প্রতিভূ হইলেন। আনন্দের ভূমিতে জলস্রোত আছে, ও সেই স্রোতের জল না থাকিলে ভূমির কার্য্য চলে না। কিন্তু বলরাম সেই স্রোত অন্য দিগে চালাইলে আনন্দের ঐ নীল উৎপন্ন করিবার বাধা হইল। চন্দ্র স্বীয় প্রাতিভাব্য হেতুক আর দায়ী নহেন।

(c) আনন্দ বলরামের নিকট এই অঙ্গীকার করিলেন যে, আমি অবধারিত এত টাকা লইয়া নির্দ্দিষ্ট কালের মধ্যে আপনকার ঘর নির্ম্মাণ করিয়া দিব, কিন্তু কড়িকাষ্ঠ আপনার দিতে হইবে। আনন্দের সেই চুক্তি সাধন করিবার বিষয়ে চন্দ্র তাঁহার প্রতিভূ হইলেন। বলরাম কড়িকাষ্ঠ দিলেন না। চন্দ্র প্রতিভূ পদহইতে মুক্ত হইলেন।

[Discharge of surety when creditor compounds with, gives time to, or agrees not to sue principal debtor.]

128. An agreement between the creditor and the principal debtor, by which the creditor makes a composition with, or agrees to give time to, or not to sue, the principal debtor, discharges the surety.

Illustrations.

(*a.*) C., the holder of an overdue bill of exchange drawn by A. as surety for B., and accepted by B., binds himself by a valid agreement with B. to give time to B., A. not assenting to the agreement. A. is discharged from liability on the bill.

(*b.*) C., to whom B. owes a debt guaranteed by A., binds himself by agreement with B. not to sue B., and to accept four annas in the rupee in respect of B.'s debts. A. assents to the arrangement. A. is not discharged, and is liable to C. for the whole debt.

[Agreement to give time to principal debtor made with a third person.]

129. Where an agreement to give time to the principal debtor is made by the creditor with a third person, and not with the principal debtor, the surety is not discharged.

Illustration.

C., the holder of an overdue bill of exchange, drawn by A. as surety for B., and accepted by B., binds himself by a valid agreement with M. to give time to B. A. has no knowledge of this agreement. A. is not discharged.

[Creditor's forbearance to sue.]

130. Mere forbearance on the part of the creditor to sue the principal debtor, or to enforce any other remedy against him, does not, in the absence of any provision in the guarantee to the contrary, discharge the surety.

Illustration.

B. owes to C. a debt guaranteed by A. The debt becomes payable. C. does not sue B. for the year after the debt has become payable. A. is not discharged from his suretyship.

[Release of one co-surety.]

131. Where there are co-sureties, a release by the creditor of one of them does not discharge the others; neither does it free that one from any responsibility to the others.

[Discharge of surety by creditor's act or omission impairing surety's eventual remedy.]

132. If the creditor does any act which is inconsistent with the rights of the surety, or

[উত্তমর্ণ মুখ্য অধমর্ণের সঙ্গে রফা করিলে কিম্বা তাঁহাকে সময় দিলে কি তাঁহার নামে নালিশ না করিতে অঙ্গীকার করিলে প্রতিভূর মুক্তির কথা।]

১২৮ ধারা। উত্তমর্ণের ও মুখ্য অধমর্ণের মধ্যে নিয়ম হইয়া যদি তদ্দ্বারা উত্তমর্ণ ঐ মুখ্য অধমর্ণের সহিত রফা করেন, কিম্বা তাঁহাকে সময় দিতে, কি তাহার নামে নালিশ না করিতে অঙ্গীকার করেন, তবে সেই নিয়মদ্বারা প্রতিভূ মুক্ত হন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামের প্রতিভূ হইয়া তাঁহার নামে হুণ্ডী লিখিয়া চন্দ্রকে দেন। বলরাম ঐ হুণ্ডী স্বীকারও করিলেন। সেই হুণ্ডীর মিয়াদ গত হইলেও চন্দ্র বলরামের দৃঢ় প্রতিজ্ঞা ক্রমে আপনাকে বদ্ধ করিয়া বলরামকে সময় দিতে অঙ্গীকার করিলেন। আনন্দ সেই নিয়মে সম্মত ছিলেন না। ঐ হুণ্ডীর উপর যে দায় হয় আনন্দ তাহাহইতে মুক্ত হইলেন।

(*b*) বলরাম চন্দ্রের টাকা ধারেন। আনন্দ বলরামের পক্ষে প্রতিভূ। চন্দ্র বলরামের সঙ্গে এই করার করিলেন, যে আমি তোমার নামে নালিশ করিব না এবং আমার যে টাকা ধার তাহার টাকা প্রতি চারি আনা লইতে স্বীকার করিলাম। আনন্দও সেই নিয়মে সম্মত হইলেন। এই স্থলে আনন্দ মুক্ত হন না, চন্দ্রের নিকট সম্পূর্ণ ঋণের দায়ী।

[তৃতীয় ব্যক্তির নিকটে মুখ্য ঋণীকে সময় দিবার প্রতিজ্ঞা করা গেলে তদ্বিষয়ের কথা।]

১২৯ ধারা। যদি উত্তমর্ণ মুখ্য অধমর্ণের নিকটে সময় দিবার প্রতিজ্ঞা না করিয়া অপর ব্যক্তির নিকটে করেন, তবে প্রতিভূ মুক্ত হন না ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামের প্রতিভূ হইয়া চন্দ্রকে বলরামের নামে হুণ্ডী দেন। বলরাম তাহা স্বীকার করিয়াছেন। সেই হুণ্ডীর মিয়াদ গত হইলেও চন্দ্র তাহার টাকা আদায় না করিয়া মনমোহনের নিকট দৃঢ় প্রতিজ্ঞাক্রমে আপনাকে বদ্ধ করিয়া বলরামকে সময় দিতে অঙ্গীকার করিলেন। আনন্দ ঐ প্রতিজ্ঞার কোন কথা জানেন না। আনন্দ মুক্ত হইলেন না।

[উত্তমর্ণের নালিশ করিবার ক্ষান্তির কথা।]

১৩০ ধারা। যদি উত্তমর্ণ কেবল ক্ষমাগুণে মুখ্য অধমর্ণের নামে নালিশ করিতে কিম্বা বলযুক্ত অন্য উপায় করিতে ক্ষান্ত হন, তবে প্রতিভূপত্রে তদ্বিপক্ষ নিয়ম না থাকিলে প্রতিভূ তাঁহার সেই ক্ষান্তিতে মুক্ত হন না ইতি।

উদাহরণ।

বলরাম চন্দ্রের টাকা ধারেন। আনন্দ তাঁহার প্রতিভূ। ঐ ঋণ দিবার সময় গত হইলেও চন্দ্র এক বৎসর পর্য্যন্ত বলরামের নামে নালিশ করিলেন না। আনন্দ প্রতিভূ পদহইতে মুক্ত হইলেন না।

[সহপ্রতিভূর মুক্তির কথা।]

১৩১ ধারা। যদি দুই কি অধিক জন একত্র প্রতিভূ হন, তবে উত্তমর্ণ এক জনকে মুক্ত করিলে অন্যেরা মুক্ত হন না এবং সহপ্রতিভূর নিকটে সেই ব্যক্তির যে দায় তাহাহইতে তিনি তদ্দ্বারা মুক্ত হন না ইতি।

[উত্তমর্ণের ক্রিয়া কি ক্রটিদ্বারা প্রতিভূর ভাবিপ্রতিকার পাইবার উপায়ের হানি হইলে ঐ প্রতিভূর মুক্তির কথা।]

১৩২ ধারা। যদি উত্তমর্ণ প্রতিভূর অধিকারের অসঙ্গত কোন ক্রিয়া করেন, কিম্বা প্রতিভূর পক্ষে

omits to do any act which his duty to the surety requires him to do, and to eventual remedy of the surety himself against the principal debtor is thereby impaired, the surety is discharged.

Illustrations.

(*a.*) B. agrees to build a ship for C. for a given sum, to be paid by instalments as the work reaches certain stages. A. becomes surety to C. for B.'s due performance of the agreement. C., without the knowledge of A., prepays to B. the last two instalments. A. is discharged by this payment.

(*b.*) B. agrees with C. to complete certain fittings in C.'s warehouse for 8,000 Rupees, C. stipulating to insure, from time to time, the fittings from fire, and to deduct the costs of the insurance from the 8,000 Rupees. A., knowing of this agreement, guarantees B.'s due performance of the work. C. never insures, and fittings to the value of 7,000 Rupees are destroyed by the fire at B.'s shop. B. becomes insolvent, and it costs C. 9,000 Rupees to complete the work. A. is discharged by C.'s omission to insure, not merely to the extent of the benefit he would have derived from the insurance if it had been effected, but altogether.

(*c.*) C. lends money to B. on the security of a joint and several promissory note made in C.'s favour by B and by A. as surety for B., together with a bill of sale. B.'s furniture, which gives power to C. to sell the furniture, and apply the proceeds in satisfaction of the monies due on the note. Subsequently C. sells the furniture, but, owing to his misconduct and wilful negligence, only a small price is realized. A. is discharged from liability on the note.

(*d.*) A. puts M. as apprentice to B., and gives a guarantee to B. for M.'s fidelity. B. covenants on his part that he will, at least once a month, see M. make up the cash. B. omits to see this done as agreed, and M. embezzles. A. is not liable to B. on his guarantee.

[Rights of surety on payment of performance.]

133. Where a guaranteed debt has become due, or default of the principal debtor to perform guaranteed duty has taken a place, the surety, upon payment or performance of all that he is liable for, is invested with all the rights which the creditor had against the principal debtor.

[Surety's right to benefit of creditor's securities.]

134. A surety is entitled to the benefit of every security which the creditor has against

তাঁহার কর্ত্তব্যতা হেতুক যে কার্য্য করা উচিত তাহা যদি না করেন ও মুখ্য ঋণির স্থানে প্রতিভূর প্রতিকার পাইবার যে উপায় থাকে যদি তদ্দ্বারা সেই উপায়ের হানি হয়, তবে প্রতিভূ মুক্ত হন ইতি।

উদাহরণ।

(*a*) বলরাম চন্দ্রের নিমিত্তে নির্দিষ্ট মূল্যে এক খান জাহাজ নির্ম্মাণ করিতে প্রতিজ্ঞা করিলেন, এবং জাহাজ প্রস্তুত হওনের ক্রমানুসারে ঐ মূল্য কিস্তিক্রমে দেওয়া যাইবে। বলরাম ঐ প্রতিজ্ঞানুমতে উপযুক্তরূপে কার্য্য সাধন করিবেন, এই বিষয়ে আনন্দ তাঁহার প্রতিভূ হইলেন। আনন্দের অজ্ঞাতসারে চন্দ্র বলরামকে শেষ দুই কিস্তির টাকা অগ্রিম দেন। তাঁহার সেই টাকা দেওনদ্বারা আনন্দ মুক্ত হইলেন।

(*b*) বলরাম চন্দ্রের আড়তে ৮০০০ টাকা লইয়া কএক নূতন দ্রব্য লাগাইয়া দিতে অঙ্গীকার করিলেন, চন্দ্রও প্রতিজ্ঞা করিলেন যে অগ্নিদ্বারা সেই নূতন দ্রব্যের ক্ষতি হইলে নিষ্কৃতি পাইবার জন্যে বিমাপত্র লইব ও ঐ ৮০০০৲ টাকাহইতে সেই বিমার মূল্য কাটিয়া লইব। আনন্দ ঐ নিয়মের কথা জ্ঞাত হইয়া বলরামের দ্বারা সেই কার্য্য উপযুক্ত মতে সাধন হইবার প্রতিভূ হন। চন্দ্র বিমাপত্র লইলেন না। পরে বলরামের দোকানে আগুন লাগিলে ঐ নূতন দ্রব্যের মধ্যে ৭০০০৲ টাকার দ্রব্য নষ্ট হইল। বলরামও দেউলীয়া হইলেন। ও সেই কর্ম্ম সম্পাদন করিতে চন্দ্রের ৯০০০৲ টাকা লাগিল। চন্দ্র বিমাপত্র গ্রহণ না করাতে আনন্দ মুক্ত হইলেন, অর্থাৎ চন্দ্র বিমাপত্র গ্রহণ করিলে তাঁহার ক্ষতির নিষ্কৃতি হইয়া যত লভ্য হইত তৎসম্পর্কে ও সমুদয় দায় সম্পর্কে আনন্দ মুক্ত হইলেন।

(*c*) বলরাম ও তাহার প্রতিভূ আনন্দ একত্রে ও স্বতন্ত্রে চন্দ্রের নামে টাকা দিবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলে চন্দ্র সেই প্রতিভূ পাইয়া বলরামকে ঋণ দিলেন। বলরামের দ্রব্য সামগ্রীর বিক্রয়পত্র লিখিয়া দেওয়া গেল সেই পত্রের বলে চন্দ্র ঐ দ্রব্য সামগ্রী বিক্রয় করিয়া ঐ প্রতিজ্ঞাপত্রক্রমে যে টাকা পাওনা হয় তাহা লইতে পারিবেন। পরে চন্দ্র ঐ দ্রব্য সামগ্রী বিক্রয় করিলেন, কিন্তু তাঁহার অসদাচরণ ও ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য দ্বারা অতি অল্প মূল্য পাওয়া গেল। ইহাতে ঐ প্রতিজ্ঞাপত্রক্রমে যে দায় থাকে, আনন্দ তাহাহইতে মুক্ত হইলেন।

(*d*) আনন্দ বলরামের স্থানে কর্ম্ম শিক্ষা করিবার জন্যে মদনকে তাঁহার নিকটে রাখিয়া মদনের বিশ্বস্ততা জন্যে বলরামকে প্রাতিভাব্য দিলেন। বলরামও আপনি অঙ্গীকার করিলেন যে মদন ন্যূন কল্পে এক মাসের মধ্যে সমুদয় টাকা দেন আমিই এই বিষয় দেখিব। বলরাম করারমতে তাহা করিলেন না ও মদন তহবীল ভঙ্গ করিলেন। আনন্দ স্বীয় প্রাতিভাব্যক্রমে বলরামের নিকট দায়ী নহেন।

[টাকা দত্ত হইলে কি কর্ম্ম সাধন হইলে, প্রতিভূর অধিকারের কথা।]

১৩৩ ধারা। যে ঋণের উপর প্রাতিভাব্য দান হইয়াছে, সেই ঋণ পাওনা হইলে, কিম্বা যে কর্ম্ম সাধনের জন্যে প্রাতিভাব্য দেওয়া গিয়াছে মুখ্য অধমর্ণের সেই কর্ম্ম সাধন করিবার ত্রুটি হইলে, প্রতিভূ যে ঋণের জন্যে ও যে সকল কর্ম্ম সম্পাদনের জন্যে দায়ী ছিলেন যদি আপনি সেই ঋণ শোধ কি সেই কর্ম্ম সম্পাদন করেন, তবে মুখ্য অধমর্ণের বিপক্ষে উত্তমর্ণের যে অধিকার ছিল, প্রতিভূর প্রতি সেই সমুদয় অধিকার বর্ত্তিবে ইতি।

[উত্তমর্ণের প্রাতিভাব্য দ্বারা প্রতিভূর লভ্য প্রাপণের অধিকারের কথা।]

১৩৪ ধারা। যে সময়ে চুক্তি করা যায় সেই সময়ে মুখ্য অধমর্ণের দ্বারা ক্ষতি না হইবার জন্যে উত্তমর্ণের

the principal debtor at the time the contract is entered into, whether the surety knows or does not know of the existence of such security; and if the creditor loses, or, without the consent of the surety, parts with such security, the surety is discharged to the extent of the value of the security.

Illustrations.

(*a.*) C. advances to B., his tenant, 2,000 Rupees on the guarantee of A. C. has also a further security for the 2,000 Rupees by a mortgage of B.'s furniture. C. cancels the mortgage. B. becomes insolvent, and C. sues A. on his guarantee. A. is discharged from liability to the amount of the value of the furniture.

(*b.*) C., a creditor, whose advance to B. is secured by a decree, receives also a guarantee for that advance from A. C. afterwards takes B.'s goods in execution under the decree and then, without the knowledge of A., withdraws the execution. A. is discharged.

(*c.*) A., as surety for B., makes a bond jointly with B. to C. to secure a loan from C. to B. After the date of this transaction, C. obtains from B. a further security for the same debt. Subsequently C. gives up the further security. A. is not discharged.

[Guarantee obtained by misrepresentation.]

135. Any guarantee which has been obtained by means of misrepresentation made by the creditor, or with his knowledge and assent, concerning a material part of the transaction, is invalid.

Illustrations.

(*a.*) B. owes C. £800. C. agrees to advance B. £2,000 on his obtaining a surety for that amount. It is also agreed between B. and C. that the £800 should be deducted from that sum. The agreement, which is in writing, states that C. had agreed to advance B. £2,000, and that the £800 had been repaid. This agreement is read to A. in C.'s presence, but nothing more is said, when A. gives a promissory note for £2,000 as surety for B. A. is discharged from liability on the note, as there is a false representation to A. that the £800 had been repaid, and that the whole sum of £2,000 was to be advanced to B.

(*b.*) C. represents to A. that he is liable to D. for 3,000 Rupees, as surety for A. and B. A. thereupon concurs as surety in a mortgage security given by B. in order to indemnify C. C. in fact was not liable to D. as alleged. A. is not bound by the security.

[Guarantee obtained by concealment.]

136. Any guarantee which the creditor has obtained by means of the concealment of a material circumstance, is invalid.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ নবেম্বর।]

প্রতি যে২ দ্রব্য লাভ হইয়াছে, প্রতিভূ সেই সকলের কথা জ্ঞাত হউন না হউন, তদ্দ্বারা তাহার উপকার প্রাপণের অধিকার আছে। যদি উত্তমর্ণ ঐ দ্রব্য হারান্ কিম্বা প্রতিভূর অনুমতি বিনা ঐ দ্রব্য ত্যাগ করেন, তবে ঐ দ্রব্যের যত মূল্য প্রতিভূ তত টাকা পর্য্যন্ত মুক্ত হইবেন ইতি।

উদাহরণ।

(*a*) চন্দ্রমোহন আনন্দের প্রাতিভাব্য গ্রহণ পূর্ব্বক আপন প্রজা বলরামকে ২,০০০৲ টাকা দিলেন, তদ্ভিন্ন সেই ২,০০০৲ টাকার জন্য বলরামের দ্রব্য সামগ্রী বন্ধক রাখিয়াছেন। পরে চন্দ্র সেই বন্ধক ত্যাগ করিলেন। বলরামও যোত্রহীন হইলেন। তাহাতে চন্দ্র আনন্দের প্রাতিভাব্যের উপর আনন্দের নামে নালিশ করিলেন। ঐ দ্রব্য সামগ্রীর যত মূল্য হয়, আনন্দ তত টাকার দায়হইতে মুক্ত হইবেন।

(*b*) চন্দ্র নামক উত্তমর্ণ বলরামকে অগ্রিম টাকা দিয়া তাহার প্রতিভূ স্বরূপ ডিক্রী প্রাপ্ত হন। ও তদ্ভিন্ন ঐ টাকার উপর আনন্দের স্থানে প্রাতিভাব্য পাইলেন। তৎপরে চন্দ্র ডিক্রীজারী করিয়া বলরামের দ্রব্য সামগ্রী গ্রহণ করিলেন ও আনন্দের অজ্ঞাতসারে ডিক্রী জারী রহিত করিলেন। তাহা হইলে আনন্দ মুক্ত হইবেন।

(*c*) বলরাম চন্দ্রের স্থানে ঋণ চাহিলে, আনন্দ সেই বলরামের প্রতিভূ হইয়া তাঁহার সহিত একত্রে চন্দ্রকে খত লিখিয়া দেন। সেই ব্যাপারের তারিখের পর চন্দ্র বলরামের স্থানে সেই ঋণের অধিক প্রতিভূ পান। পরে চন্দ্র সেই অধিক প্রাতিভূ পরিত্যাগ করিলেন। এই স্থলে আনন্দ মুক্ত হইলেন না।

[মিথ্যা বর্ণনাদ্বারা যে প্রাতিভাব্য পাওয়া যায় তাহার কথা।]

১৩৫ ধারা। উত্তমর্ণকর্ত্তৃক কিম্বা তাঁহার জ্ঞাতসার ও সম্মতিক্রমে ব্যাপারের গুরুতর অংশের মিথ্যা বর্ণনদ্বারা যে কোন প্রাতিভাব্য লওয়া যায় তাহা অসিদ্ধ ইতি।

উদাহরণ।

(*a*) বলরাম চন্দ্রের ৮,০০০৲ টাকা ধারেন। পরে চন্দ্র তাঁহাকে বলেন তুমি ২০,০০০৲ টাকার জামীন দিলে আমি তত টাকা দিব ও তাহাহইতে ঐ ৮,০০০৲ টাকা বাদ দেওয়া যাইবে, বলরামের ও চন্দ্রের মধ্যে এই প্রকার করার হইলে তাহা লিখিয়া দেওয়া গিয়াছিল। তাহার মর্ম্ম এই, চন্দ্র বলরামকে ২০,০০০৲ টাকা অগ্রিম দিতে অঙ্গীকার করিয়াছেন, ও সেই ৮,০০০৲ টাকা শোধ হইয়াছে। সেই করারনামা চন্দ্রের সাক্ষাতে আনন্দের নিকটে পাঠ করা গেল, অন্য কোন কথা হইল না। তখন আনন্দ বলরামের প্রতিভূ হইয়া ২০,০০০৲ টাকার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলেন। আনন্দ সেই পত্রজাত দায়হইতে মুক্ত হইবেন, যেহেতুক ৮,০০০৲ টাকা শোধ হইয়াছে ও বলরামকে ২০,০০০৲ টাকা অগ্রিম দেওয়া যাইতেছে, এই বর্ণনা অসত্য।

(*b*) চন্দ্র আনন্দকে কহিলেন যে আমি আনন্দের ও বলরামের নিমিত্তে জামীন হইয়া দীননাথের নিকটে ৩,০০০৲ টাকার দায়ী হইলাম। আনন্দ ঐ কথা শুনিলে, বলরাম চন্দ্রের ক্ষতির নিষ্কৃতির জন্যে প্রতিভূস্বরূপ যে বন্ধক দিয়াছিলেন আনন্দও তাহার এক পক্ষ হইলেন। বস্তুতঃ চন্দ্র দীননাথের নিকটে কথিতমতে দায়ী ছিলেন না। আনন্দ সেই প্রাতিভাব্যে বদ্ধ নহেন।

[সংগোপনদ্বারা যে প্রাতিভাব্য পাওয়া যায় তাহার কথা।]

১৩৬ ধারা। উত্তমর্ণ গুরুতর বিষয় গুপ্ত রাখিয়া যে প্রাতিভাব্য লন তাহা অসিদ্ধ ইতি।

Illustrations.

(a.) A. engages B. as clerk to collect money for him. B. fails to account for some of his receipts, and A. in consequence calls upon him to furnish security for his duly accounting. C. gives his guarantee for B.'s duly accounting. A. does not acquaint C. with B.'s previous conduct. B. afterwards makes default. The guarantee is invalid.

(b.) A. guarantees to C. payment for iron to be supplied by him to B. to the amount of 2,000 tons. B. and C. have privately agreed that B. should pay five Rupees per ton beyond the market price, such excess to be applied in liquidation of an old debt. This agreement is concealed from A. A. is not liable as a surety.

[Guarantee on agreement that creditor shall not act on it until co-surety joins.]

137. Where a person gives a guarantee upon an agreement that the creditor shall not act upon it, until another person has joined in it as co-surety, the guarantee is not valid if that other person does not join.

[Implied agreement to indemnify surety.]

138. In every contract of guarantee there is an implied agreement by the principal debtor to indemnify the surety, and the surety is entitled to recover from the principal debtor whatever sum he has rightfully paid under the guarantee.

Illustrations.

(a.) B. is indebted to C., and A. is surety for the debt. C. demands payment from A., and on his refusal sues him for the amount. A. defends the suit, at the request of B., having reasonable grounds for doing so, but he is compelled to pay the amount of the debt with costs. He can recover from B. the amount paid by him for costs, as well as the principal debt.

(b.) C. lends B. a sum of money, and A., at the request of B., accepts a bill of exchange drawn by B. upon A. to secure the amount. C., the holder of the bill, demands payment of it from A., and on A.'s refusal to pay sues A. upon the bill. A. defends the suit, and has to pay the amount of the bill and costs. He can recover from B. the amount of the bill, but not the sum paid for costs, as there was no real ground for defending the action.

(c.) A guarantees to C., to the extent of 2,000 Rupees payment of rice to be supplied by C. to B. C. supplies to B. rice to a less amount than 2,000 Rupees, but obtains from A. payment of the sum of 2,000 Rupees in respect of the rice supplied. A. cannot recover from B. more than the price of the rice actually supplied.

[*Government Gazette*, 5*th November* 1867.]

উদাহরণ।

(a) আনন্দ আপনার নিমিত্তে টাকা আদায় করিবার কর্ম্মে বলরামকে নিযুক্ত করেন। বলরাম প্রাপ্ত কএক টাকার হিসাব দিতে পারিলেন না। তাহাতে আনন্দ তাহার উপযুক্ত হিসাব দিবার প্রতিভূ দিতে আজ্ঞা করেন। চন্দ্র আনন্দের স্থানে বলরামের পূর্ব্ব আচারের কোন কথা না জানিয়া বলরামের উপযুক্ত হিসাব দিবার প্রতিভূ হইলেন। পরে বলরাম টাকা হরণ করেন। উক্ত প্রাতিভাব্য অসিদ্ধ।

(b) চন্দ্র বলরামকে ২০০০ টন্ পর্য্যন্ত লৌহ দিলে, বলরাম তাহার মূল্য দিবেন, আনন্দ ইহার প্রতিভূ হন। বলরামের ও চন্দ্রের মধ্যে এই করার হইয়াছিল যে বাজারে লৌহ যে দরে বিক্রয় হয় বলরাম টনপ্রতি অধিক পাঁচ টাকা দিয়া বহুকালীন ঋণ পরিশোধ করিবেন। কিন্তু আনন্দের নিকট সেই করারের কথা গোপন করা গেল। আনন্দ প্রতিভূস্বরূপ দায়ী নহেন।

[অন্য ব্যক্তি সহপ্রতিভূ না হইলে উত্তমর্ণ সেই প্রাতিভাব্যের বলে কার্য্য করিবেন না, এই নিয়মে যে প্রাতিভাব্য দেওয়া যায় তাহার কথা।]

১৩৭ ধারা। অন্য ব্যক্তি সহপ্রতিভূ না হইলে উত্তমর্ণ সেই প্রাতিভাব্যক্রমে কার্য্য করিবেন না, যদি কোন ব্যক্তি এই নিয়ম করিয়া প্রাতিভাব্য দান করেন, তবে সেই অন্য ব্যক্তি সঙ্গি না হইলে প্রাতিভাব্য সিদ্ধ হইবে না ইতি।

[ভাবতঃ প্রতিভূর ক্ষতিনিষ্কৃতির নিয়ম হইলে তাহার কথা।]

১৩৮ ধারা। মুখ্য অধমর্ণ প্রতিভূর ক্ষতিনিষ্কৃতি করিবেন প্রাতিভাব্যঘটিত প্রত্যেক চুক্তিতে ভাবতঃ এই নিয়ম থাকে, এবং প্রতিভূ প্রাতিভাব্যক্রমে যে টাকা ন্যায়মতে দেন, মুখ্য অধমর্ণের স্থানে তাঁহার তাহা পুনঃপাইবার অধিকার আছে ইতি।

উদাহরণ।

(a) বলরাম চন্দ্রের টাকা ধারেন। আনন্দ ঐ ঋণের প্রতিভূ। চন্দ্র আনন্দের স্থানে টাকা চাহিলেন, না দিলে তাঁহার নামে নালিশ করিলেন। মোকদ্দমায় উত্তর দিবার উপযুক্ত হেতু থাকাতে আনন্দ বলরামের আদেশমতে উত্তর করিলেন, কিন্তু তাঁহার খরচা সমেত ঐ ঋণের টাকা দিতে হইয়াছিল। এমন স্থলে আনন্দ মূল ঋণের টাকা ও খরচার জন্যে যাহা দিয়াছেন তাহা শুদ্ধ বলরামের স্থানে ফিরিয়া পাইতে পারিবেন।

(b) চন্দ্র বলরামকে ঋণদান করেন। সেই টাকার প্রাতিভাব্য স্বরূপে বলরাম আনন্দের উপর হুণ্ডী দেন ও বলরামের প্রার্থনামতে আনন্দ তাহা গ্রাহ্য করিলেন। ঐ হুণ্ডী চন্দ্রের হাতে থাকাতে তিনি আনন্দের স্থানে তাহার টাকা চাহিলেন, আনন্দ তাহা না দিলে চন্দ্র ঐ হুণ্ডীর উপর তাঁহার নামে নালিশ করিলেন, আনন্দ মোকদ্দমায় উত্তর করিলেন ও খরচা সমেত তাঁহার সেই হুণ্ডীর টাকা দিতে হইয়াছিল। পরে তিনি বলরামের স্থানে ঐ হুণ্ডীর টাকা ফিরিয়া পাইতে পারিবেন, কিন্তু অভিযোগের উত্তর দিবার প্রকৃত কোন হেতু না থাকাতে তিনি খরচার টাকা ফিরিয়া পাইতে পারিবেন না।

(c) চন্দ্র বলরামকে চাউল দিলে আনন্দ ২০০০৲ টাকা পর্য্যন্ত মূল্যের প্রতিভূ হইলেন। চন্দ্র বলরামকে ২০০০৲ টাকার ন্যূন মূল্যের চাউল দিয়া সেই চাউলের নিমিত্ত আনন্দের স্থানে ২০০০৲ টাকা পান। বলরাম যত চাউল পাইয়াছেন আনন্দ তাহার স্থানে তত চাউলের মূল্য পাইতে পারিবেন, অধিক নয়।

[Co-sureties liable to contribute equally.]

139. Where two or more persons or co-sureties for the same debt or duty either jointly or severally, and whether under the same or different agreements, and whether with or without the knowledge of each other, the co-sureties, in the absence of any agreement to the contrary, are liable as between themselves to pay each an equal share of the whole debt, or of that part of it which remains unpaid by the principal debtor.

Illustrations.

(*a*.) A. B. and C. are sureties to D. for the sum of 3,000 Rupees lent to E. E. makes default in payment. A. B. and C. are liable as between themselves to pay 1,000 Rupees each.

(*b*.) A. B. and C. are sureties to D. for the sum of 1,000 Rupees lent to E., and it is arranged between A. B., C. and E. that A. is to be responsible to the extent of one-quarter, B. to the extent of one-quarter, and C. to the extent of one-half. E. makes default in payment. As between the sureties, A. is liable to pay 250 Rupees, B. 250 Rupees, and C. 500 Rupees.

[সহপ্রতিভূগণের সমান অংশ দিবার দায়ী হইবার কথা।]

১৩৯ ধারা। যদি দুই কি ততোধিক ব্যক্তি একত্রে কি স্বতন্ত্রে একি কি ভিন্ন২ নিয়মপত্রক্রমে পরস্পরের জ্ঞাতসারে কি অজ্ঞাতসারে একি ঋণের কি কর্ম্ম সাধনের সহপ্রতিভূ হন, তবে প্রকারান্তরের নিয়ম না থাকিলে ঐ সহপ্রতিভূগণের প্রত্যেক জন আপনারদের মধ্যে সম্পূর্ণ ঋণের কিম্বা মুখ্য অধমর্ণের যত টাকা দিবার অবশিষ্ট থাকে সমানাংশে তাহার দায়ী আছেন ইতি।

উদাহরণ।

(*a*) দিননাথ ঈশ্বরচন্দ্রকে ৩০০০৲ টাকা ঋণ দিলে আনন্দ ও বলরাম ও চন্দ্র তাঁহার পক্ষে প্রতিভূ হইলেন। ঈশ্বর ঋণ শোধ না করিলে আনন্দ বলরাম ও চন্দ্র প্রত্যেক জন ১০০০৲ টাকার দায়ী।

(*b*) দিননাথ ঈশ্বরচন্দ্রকে ১০০০৲ টাকা ঋণ দিলে আনন্দ বলরাম ও চন্দ্র তাহার পক্ষে প্রতিভূ হইলেন। ঐ আনন্দের ও বলরামের ও চন্দ্রের ও ঈশ্বরের মধ্যে এই নিয়ম হইয়াছে যে আনন্দ চতুর্থাংশের ও বলরাম চতুর্থাংশের ও চন্দ্র অর্দ্ধেকের দায়ী হইবেন। ঈশ্বর ঋণ শোধ করিলেন না। ঐ প্রতিভূগণের মধ্যে যে নিয়ম হইয়াছে তদনুসারে আনন্দ ২৫০৲ টাকার, বলরাম ২৫০৲ টাকার, ও চন্দ্র ৫০০৲ টাকার দায়ী।

[Liability of co-sureties bound in different sums.]

140. Co-sureties who are bound in different sums are liable to pay equally as far as the limits of their respective obligations permit.

Illustrations.

(*a*.) A., B. and C., as sureties for D., enter into three several bonds, each in a different penalty, *viz.*, A. in the penalty of 10,000 Rupees, B. in that of 20,000 Rupees, C. in that of 40,000 Rupees, conditioned for D.'s duly accounting to E. D. makes default to the extent of 30,000 Rupees. A., B. and C. are each liable to pay 10,000 Rupees.

(*b*.) A., B. and C., as sureties for D., enter into three several bonds, each in a different penalty, *viz.*, A. in the penalty of 10,000 Rupees, B. in that of 20,000 Rupees, C. in that of 40,000 Rupees, conditioned for D.'s duly accounting to E. D. makes default to the extent of 40,000 Rupees. A. is liable to pay 10,000 Rupees, and B. and C. 15,000 Rupees each.

(*c*.) A., B. and C., as sureties for D., enter into three several bonds, each in a different penalty, *viz.*, A. in the penalty of 10,000 Rupees, B. in that of 20,000 Rupees, C. in that of 40,000 Rupees, conditioned for D.'s duly accounting to E. D. makes default to the extent of 70,000 Rupees. Each has to pay the full penalty of his bond.

[সহপ্রতিভূগণ ন্যূনাধিক টাকার নিমিত্ত বদ্ধ হইলে তাঁহারদের দায়ের কথা।]

১৪০ ধারা। সহপ্রতিভূগণ কেহ ঋণের ন্যূনাংশের কেহ অধিকাংশের জন্যে আবদ্ধ হইলে তাঁহারা আপন২ প্রতিজ্ঞার সীমার মধ্যে সমানাংশে দায়ী ইতি।

উদাহরণ।

(*a*) দিননাথ ঈশ্বরচন্দ্রকে যথার্থ হিসাব দিবেন আনন্দ বলরাম ও চন্দ্র এই বিষয়ে প্রতিভূ হইয়া প্রত্যেক জন ভিন্ন দণ্ডের দায়ে ভিন্ন খৎ করিয়া দেন অর্থাৎ আনন্দ ১০,০০০৲ টাকা বলরাম ২০,০০০৲ টাকা ও চন্দ্র ৪০,০০০৲ টাকা দণ্ড দিতে স্বীকার করিলেন। দিননাথ ৩০,০০০৲ টাকা পর্য্যন্ত অপরাধী হইলেন। আনন্দ ও বলরাম ও চন্দ্র প্রত্যেক জন ১০,০০০৲ টাকার দায়ী।

(*b*) দিননাথ ঈশ্বরচন্দ্রকে যথার্থ হিসাব দিবেন, আনন্দ বলরাম ও চন্দ্র এই বিষয়ে তাহার প্রতিভূ হইয়া ভিন্ন২ দণ্ডের দায়ে ভিন্ন২ খৎ করিয়া দিলেন। অর্থাৎ আনন্দ ১০,০০০৲ টাকা, বলরাম ২০,০০০৲ টাকা, চন্দ্র ৪০,০০০৲ টাকা দণ্ডের দায়ী হইলেন। দিননাথ ৪০,০০০৲ টাকা পর্য্যন্ত অপরাধী হইলেন। এই স্থলে আনন্দ ১০,০০০৲ টাকা এবং বলরাম ও চন্দ্র প্রত্যেকে ১৫,০০০৲ টাকার দায়ী আছেন।

(*c*) দিননাথ ঈশ্বরচন্দ্রকে যথার্থ হিসাব দিবেন আনন্দ বলরাম ও চন্দ্র এই বিষয়ে তাঁহার প্রতিভূ হইয়া ভিন্ন২ দণ্ডের দায়ে ভিন্ন২ খৎ করিয়া দিলেন, অর্থাৎ আনন্দ ১০,০০০৲ টাকা ও বলরাম ২০,০০০৲ টাকা ও চন্দ্র ৪০,০০০৲ টাকা দণ্ডের দায়ী। দিননাথ ৭০,০০০৲ টাকা পর্য্যন্ত অপরাধী হইলে প্রত্যেক জনের প্রতিশ্রুত সমুদয় দণ্ড দিতে হইবে

PART VI.

OF BAILMENT.

['Bailment,' bailor,'s and 'bailee' defined.]

141. The delivery of goods by one person to another for some purpose, upon an agreement that they shall be delivered by the latter back to or according to the directions of the former when the

ষষ্ঠ খণ্ড।

নিক্ষেপণ।

[নিক্ষেপণ, নিক্ষেপক, নিক্ষেপধারী, এই২ শব্দের অর্থ।]

১৪১ ধারা। যখন কোন ব্যক্তি অন্য ব্যক্তিকে কোন কার্য্যের নিমিত্তে দ্রব্য সমর্পণ করেন এবং ঐ কার্য্য সমাপ্ত হইলে শেষোক্ত ব্যক্তি পূর্ব্বোক্ত ব্যক্তিকে কিম্বা তাঁহার আদেশানুসারে ঐ দ্রব্য প্রতিদান

purpose shall have been accomplished, is called a bailment. The person delivering the goods is called the bailor. The person to whom they are delivered is called the bailee.

[Delivery to bailee how made.]

142. The delivery to the bailee, may be made by doing anything which has the effect of putting the goods in the possession of the intended bailee or of any person authorized to hold them on his behalf.

[Bailor's duty to disclose faults in goods bailed.]

143. The bailor is bound to disclose to the bailee faults in the goods bailed of which the bailor is aware and which materially interfere with the use of them or expose the bailee to extraordinary risks; and if he does not make such disclosure, he is responsible for damage arising to the bailee directly from such faults.

Illustration.

A. lends a horse to B. which he knows to be vicious. He does not disclose the fact that the horse is vicious. The horse runs away. B. is thrown and injured. A. is responsible to B. for damage sustained.

[Care to be taken by bailee.]

144. In all cases of bailment the bailee is bound to take as much care of the goods bailed to him as a man of ordinary prudence would, under similar circumstances, take of his own goods of the same bulk, quality and value as the goods bailed.

[Bailee when not liable for loss, etc., of thing bailed.]

145. The bailee, in the absence of any agreement, to the contrary, is not responsible for the loss, destruction, or deterioration of the thing bailed if not caused by his fault.

[Termination of bailment by bailee's act inconsistent with conditions.]

146. If the bailee does any act with regard to the goods bailed which is inconsistent with the conditions of the bailment, such at is, at the option of the bailor, a termination of the bailment.

Illustration.

A. lets to B. for hire a horse for his own riding. B. drives the horse in his carriage. This is at the option of A. a termination of the bailment.

[Liability of bailee making unauthorized use of goods bailed.]

147. If the bailee makes any use of the goods bailed which is not according to the conditions of the bailment, he is liable to make compensation

করিবেন, এই নিয়মে দ্রব্যের যে সমর্পণ তাহা নিক্ষেপণ বলা যায়। যে ব্যক্তি দ্রব্য সমর্পণ করেন তিনি নিক্ষেপক। যাঁহাকে দ্রব্য সমর্পণ করা যায় তিনি নিক্ষেপধারী নামে খ্যাত ইতি।

[নিক্ষেপধারিকে দ্রব্য যেরূপে অর্পণ করা যায় তাহার কথা।]

১৪২ ধারা। যে কার্য্য করণদ্বারা দ্রব্য লক্ষিত নিক্ষেপধারির কিম্বা তাঁহার পক্ষে দ্রব্য রাখিবার ক্ষমতাপন্ন ব্যক্তির অধিকারগত হয়, এমত কোন কার্য্য করণদ্বারা নিক্ষেপধারির প্রতি দ্রব্য সমর্পণ হইতে পারিবে ইতি।

[নিক্ষিপ্ত দ্রব্যের দোষ হইলে নিক্ষেপকের তাহা জ্ঞাত করার কর্ত্তব্যতার কথা।]

১৪৩ ধারা। নিক্ষেপক নিক্ষিপ্ত দ্রব্যের কোন দোষ অবগত হইলে, এবং সেই দোষেতে গুরুতরভাবে ঐ দ্রব্যব্যবহারের বাধা কিম্বা নিক্ষেপধারির বিশেষ ক্ষতির আশঙ্কা হইতে পারিলে, নিক্ষেপক নিক্ষেপধারিকে সেই দোষ জ্ঞাত করিতে আবদ্ধ আছেন, না করিলে ঐ দোষ প্রযুক্ত নিক্ষেপধারির হানি হইলে তিনি দায়ী হইবেন ইতি।

উদাহরণ।

বলরাম কোন ঘোড়া অত্যন্ত দুষ্ট জানিয়া আনন্দকে চড়িবার জন্যে দেন কিন্তু ঘোড়া যে দুষ্ট তাঁহাকে এই কথা জানাইলেন না। ঘোড়া তাঁহাকে লইয়া পলায়ন করিলে বলরাম পতিত হইয়া আঘাতী হইলেন। বলরামের সেই হানির জন্যে আনন্দ দায়ী আছেন।

[নিক্ষেপধারির সতর্কতা করিতে হইবার কথা।]

১৪৪ ধারা। নিক্ষিপ্ত দ্রব্যের যে পরিমাণ ও গুণ ও মূল্য হয়, যাঁহার সাধারণ কার্য্যচিন্তা থাকে তিনি তত্তুল্য অবস্থায় আপনার সেই পরিমাণের ও গুণের ও মূল্যের দ্রব্য যেমন সতর্ক হইয়া রক্ষা করেন, নিক্ষেপণ হইলে নিক্ষেপধারী তেমনি সতর্কভাবে নিক্ষিপ্ত দ্রব্য রক্ষা করিতে আবদ্ধ আছেন ইতি।

[নিক্ষেপধারী যে স্থলে নিক্ষিপ্ত দ্রব্যের ক্ষতিপ্রভৃতির জন্যে দায়ী না হন সেই স্থলের কথা।]

১৪৫ ধারা। যদি ভাবান্তরের নিয়ম না হইয়া থাকে, তবে নিক্ষেপধারির নিজ দোষে নিক্ষিপ্ত দ্রব্যের হানি কি ক্ষতি কি অপচয় না হইলে তিনি তজ্জন্যে দায়ী নহেন ইতি।

[নিক্ষেপধারির নিয়মের অসঙ্গত ক্রিয়া হইলে নিক্ষেপণ রহিত হইবার কথা।]

১৪৬ ধারা। যদি নিক্ষেপধারী নিক্ষিপ্ত দ্রব্য সম্পর্কে নিক্ষেপের নিয়মের অসঙ্গত কোন কার্য্য করেন, তবে নিক্ষেপকের ইচ্ছা হইলে সেই কার্য্যই নিক্ষেপণের অবশেষস্বরূপ হইবে ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামের চড়িবার জন্যে তাঁহাকে ঘোড়া ভাড়া দেন। বলরাম আপন গাড়ীতে ঘোড়া যুতিয়া চালান আনন্দের ইচ্ছা হইলে তাহাতেই নিক্ষেপণ রহিত হইতে পারিবে।

[নিক্ষেপধারী নিক্ষিপ্ত দ্রব্যের অবিহিত ব্যবহার করিলে তাঁহার দায়ের কথা।]

১৪৭ ধারা। নিক্ষেপণের নিয়মমতে দ্রব্যের যদ্রূপ ব্যবহার করিতে হইবে, যদি নিক্ষেপধারী ঐ নিয়মের অসঙ্গতভাবে নিক্ষিপ্ত দ্রব্যের ব্যবহার করেন, তবে

to the bailor for any damage arising to the goods from or during such use of them.

Illustrations.

(*a*.) A. lent a horse to B. for his own riding only. B. allowed C., a member of his family, to ride the horse. C. rode with care, but the horse accidentally fell and was injured. B. is liable to make compensation to A. for the injury done to the horse.

(*b*.) A. hired a horse in Calcutta from B. to ride to Benares. A. rode with due care, but rode to Cuttack instead. The horse accidently fell and was injured. A. is liable to make compensation to B. for the injury to the horse.

তদ্রূপ ব্যবহার করণদ্বারা কিম্বা ব্যবহারকালে ঐ দ্রব্যের কোন হানি হইলে তিনি তজ্জন্যে নিক্ষেপকের নিকট দায়ী হইবেন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ কেবল বলরামের চড়িবার নিমিত্তে তাঁহাকে ঘোড়া দিলেন। বলরাম আপন পরিবারস্থ চন্দ্রকে ঘোড়ায় চড়িতে দিলেন। চন্দ্র সতর্কভাবে চড়িয়া যাইতেছিলেন কিন্তু ঘোড়া অকস্মাৎ পড়িয়া আঘাতী হইল। ঘোড়ার যে হানি হইয়াছে বলরাম আনন্দের নিকট সেই ক্ষতিপুরণের দায়ী।

(*b*) আনন্দ বারাণসী পর্য্যন্ত চড়িয়া যাইবার নিমিত্তে কলিকাতায় বলরামের স্থানে ঘোড়া ভাড়া করিয়া নিলেন। আনন্দ উপযুক্তমতে সতর্ক হইয়া গেলেন কিন্তু বারাণসীতে না গিয়া কটকে গেলেন। ঘোড়া অকস্মাৎ পড়িয়া আঘাতী হইল। ঘোড়ার যে হানি হইয়াছে আনন্দ বলরামের নিকট সেই হানি পুরণের দায়ী।

Mixture of goods bailed.

[Mixture, with bailor's consent, of his goods with goods of bailee.]

148. If the bailee, with the consent of the bailor, mixes the goods of the bailor with his own goods, the bailor and the bailee shall have an interest in proportion to their respective shares in the mixture thus produced.

[Mixture, without bailor's consent, when the goods can be separated.]

149. If the bailee, without the consent of the bailor, mixes the goods of the bailor with his own goods, and the goods can be separated, the property in the goods remains in the parties respectively, but the bailee is bound to bear the expense of separation, and any damage arising from the mixture.

[Mixture, without bailor's consent, when the goods cannot be separated.]

150. If the bailee, without the consent of the bailor, mixes the goods of the bailor with his own goods so that it is impossible to separate the goods bailed from the other goods and deliver them back, the bailor is entitled to be compensated by the bailee for the loss of the goods.

[Re-payment by bailor of necessary expenses.]

151. Where by the conditions of the bailment the goods are to be kept or to be carried or to have work done upon them by the bailee for the bailor, and the bailee is to receive no remuneration, the bailor shall re-pay to the bailee the necessary expenses incurred by him for the purpose of the bailment.

[Restoration of goods bailed gratuitously.]

152. Where the bailment is gratuitous, the bailor is entitled at any time, upon reasonable notice, to the restoration of the goods bailed.

নিক্ষিপ্ত দ্রব্য মিশ্রিত করণের বিধি।

[নিক্ষেপকের সম্মতিক্রমে নিক্ষেপধারির দ্রব্যের সঙ্গে আপন দ্রব্য মিশ্রিত করিবার কথা।]

১৪৮ ধারা। যদি নিক্ষেপধারী নিক্ষেপকের সম্মতিক্রমে আপন দ্রব্যের সহিত নিক্ষেপকের দ্রব্য মিশ্রিত করেন, তবে সেই মিশ্রিত দ্রব্যেতে নিক্ষেপধারী ও নিক্ষেপকের যাঁহার যে অংশ থাকে তাঁহার তদনুসারে স্বার্থ থাকিবে ইতি।

[নিক্ষেপকের অসম্মতিতে মিশ্রিত হইলে যে স্থলে দ্রব্য পৃথক করা যাইতে পারে সেই স্থলের কথা।]

১৪৯ ধারা। নিক্ষেপক সম্মত না হইলেও যদি নিক্ষেপধারী আপন দ্রব্যের সঙ্গে তাঁহার দ্রব্য মিশ্রিত করেন ও সেই দ্রব্য পৃথক করা যাইতে পারে, তবে ঐ দ্রব্যেতে যাঁহার যে স্বামিত্ব ছিল তাহা থাকিবে। কিন্তু পৃথক করিবার যে খরচ হয় সেই খরচ, এবং মিশ্রিত করণদ্বারা হানি হইলে সেই হানিপুরণের টাকা নিক্ষেপধারী দিতে আবদ্ধ আছেন ইতি।

[নিক্ষেপকের অসম্মতিতে মিশ্রিত হইলে যে স্থলে দ্রব্য পৃথক করা যায় না তাহার কথা।]

১৫০ ধারা। যদি নিক্ষেপধারী নিক্ষেপকের অসম্মতিতে আপন দ্রব্যের সহিত তাঁহার দ্রব্য এমত মিশ্রিত করেন, যে ঐ নিক্ষিপ্ত দ্রব্য অন্য দ্রব্যহইতে পৃথক করিয়া প্রতিদান করা অসাধ্য হয়, তবে নিক্ষেপধারির স্থানে নিক্ষেপকের ঐ দ্রব্যের হানিপুরণ পাইবার অধিকার আছে ইতি।

[আবশ্যক খরচ নিক্ষেপকের ফিরিয়া দিবার কথা।]

১৫১ ধারা। যদি নিক্ষেপণের নিয়মানুসারে নিক্ষেপকের জন্যে নিক্ষেপধারির ঐ দ্রব্য রাখিতে কি স্থানান্তরে লইয়া যাইতে কিম্বা তৎসম্পর্কে কোন কার্য্য করিতে হয়, এবং তাহার কোন পারিতোষিকও পাইবার নিয়ম না থাকে, তবে সেই নিক্ষেপণ প্রযুক্ত নিক্ষেপধারির যে আবশ্যক খরচ হয় নিক্ষেপকের তাহা দিতে হইবে ইতি।

[দ্রব্য পারিশ্রমিক ব্যতিরেকে নিক্ষিপ্ত হইলে তাহা ফিরিয়া দিবার কথা।]

১৫২ ধারা। যদি নিক্ষেপণ সম্বন্ধে পারিশ্রমিকের নিয়ম না হইয়া থাকে তবে নিক্ষেপক উপযুক্ত সময়মতে সম্বাদ দিয়া কোন কালে ঐ নিক্ষিপ্ত দ্রব্য ফিরিয়া লইতে পারিবেন ইতি।

[Return of goods bailed on expiration of time or accomplishment of purpose.]

153. The bailee must return the goods bailed without demand as soon as the time for which they were bailed has expired, or the purpose for which they were bailed has been accomplished.

[Bailee's responsibility when goods are not duly delivered or tendered.]

154. If by the fault of the bailee the goods are not delivered or tendered at the proper time, he is responsible to the bailor for any loss, destruction, or deterioration of the goods from that time.

[Termination of gratuitous bailment by death.]

155. The bailment where gratuitous is terminated by the death either of the bailor or of the bailee.

[Increase or profit from goods bailed.]

156. In the absence of any agreement to the contrary, the bailee is bound to deliver to the bailor, or according to his directions, any increase or profit which may have accrued from the goods bailed.

Illustration.

A. leaves a cow in the custody of B., who takes care of it gratuitously. The cow has a calf. B. is bound to deliver the calf as well as the cow to A.

[Bailor's responsibility to bailee.]

157. The bailor is responsible to the bailee for any loss which he may sustain by reason that the bailor was not entitled to make the bailment, or to receive back the goods, or to give directions respecting them.

[Bailment by several joint owners.]

158. If several joint owners of goods bail them, the bailee may deliver them back to, or according to the directions of, one joint owner without the consent of all, in the absence of any agreement to the contrary.

[Re-delivery to bailee who has no title.]

159. If the bailor has no title to the goods, and the bailee delivers them back to, or according to the directions of, the bailor, the bailee is not responsible to the owner in respects of such delivery.

[Right of third person claiming goods bailed.]

160. If a third person claims goods bailed he may apply to the Court to stop the delivery of the goods to the bailor, and to decide the title to the goods.

[*Government Gazette*, 5*th November* 1867.]

[সময় গত কি অভিপ্রায় সিদ্ধ হইলে দ্রব্য ফিরিয়া দিবার কথা।]

১৫৩ ধারা। দ্রব্য যত কালের নিমিত্তে নিক্ষেপ করা যায় তাহা অতীত হইলে কিম্বা যে অভিপ্রায়ে নিক্ষেপ করা যায় তাহা সিদ্ধ হইলে যাচঞা না হইলেও নিক্ষেপধারির তাহা ফিরিয়া দিতে হইবে ইতি।

[দ্রব্য নিয়মিতরূপে সমর্পণ করা না গেলে কি দিবার প্রস্তাব না হইলে নিক্ষেপধারির দায়ের কথা।]

১৫৪ ধারা। যদি নিক্ষেপধারির দোষে দ্রব্য উপযুক্ত সময়ে ফিরিয়া দেওয়া না যায় কিম্বা দিবার প্রস্তাব না হয়, তবে সেই সময়াবধি ঐ দ্রব্যের যে হানি কি ক্ষতি কি অপচয় হয় তজ্জন্যে তিনি নিক্ষেপকের নিকটে দায়ী হইবেন ইতি।

[মৃত্যু দ্বারা অবৈতনিক নিক্ষেপণের অবশেষ হওয়ার কথা।]

১৫৫ ধারা। যদি নিক্ষেপণ সম্বন্ধে পারিশ্রমিকের নিয়ম না হইয়া থাকে, তবে নিক্ষেপকের কি নিক্ষেপধারির মৃত্যু হইলে নিক্ষেপণের অবশেষ হয় ইতি।

[নিক্ষিপ্ত দ্রব্য দ্বারা বৃদ্ধির কি লভ্যের কথা।]

১৫৬ ধারা। যদি প্রকারান্তরের কোন নিয়ম না থাকে, তবে নিক্ষিপ্ত দ্রব্যহইতে কোন বৃদ্ধি কি লভ্য হইলে নিক্ষেপকের প্রতি কি তাঁহার আদেশানুসারে নিক্ষেপধারির তাহাও সম্প্রদান করিতে হইবে ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামের নিকট গোরু রাখেন। বলরাম বিনাবেতনে তাহা রক্ষা করিতেছেন। গোরুর বাছুর হয়। আনন্দকে গোরু সহিত সেই বাছুরও বলরামের দিতে হইবে।

[নিক্ষেপধারির নিকট নিক্ষেপকের দায়ের কথা।]

১৫৭ ধারা। নিক্ষেপকের দ্রব্য নিক্ষেপ করিবার কিম্বা পুনর্গ্রহণ করিবার কিম্বা তৎসংক্রান্ত আদেশ করিবার অধিকার না থাকাতে যদি নিক্ষেপধারির কোন ক্ষতি হইয়া থাকে তবে তাঁহার নিকটে নিক্ষেপক দায়ী আছেন ইতি।

[সাধারণ স্বামিকর্তৃক নিক্ষেপণের কথা।]

১৫৮ ধারা। যদি দ্রব্যের সাধারণ স্বামিগণ তাহা নিক্ষেপ করেন, তবে প্রকারান্তরের নিয়ম না থাকিলে, নিক্ষেপধারী সকলের সম্মতিভিন্ন এক স্বামির প্রতি কিম্বা তাঁহার আদেশানুসারে নিক্ষিপ্ত দ্রব্য ফিরিয়া দিতে পারিবেন ইতি।

[যে নিক্ষেপকের অধিকার নাই তাহাকে দ্রব্য দানের কথা।]

১৫৯ ধারা। দ্রব্যেতে যদি নিক্ষেপকের অধিকার না থাকে এবং নিক্ষেপধারী ঐ নিক্ষেপককে কি তাঁহার আদেশানুসারে তাহা ফিরিয়া দেন, তবে নিক্ষেপধারী সেই প্রত্যর্পণ বিষয়ে স্বামির নিকটে দায়ী নহেন ইতি।

[তৃতীয় ব্যক্তি নিক্ষিপ্ত দ্রব্য দাওয়া করিলে তাঁহার অধিকারের কথা।]

১৬০ ধারা। যদি তৃতীয় ব্যক্তি নিক্ষিপ্ত দ্রব্যের দাওয়া করেন তবে নিক্ষেপকের প্রতি সেই দ্রব্য প্রতিদানের বাধা করিতে এবং দ্রব্যেতে যাঁহার অধিকার থাকে এই বিষয় নিষ্পত্তি করিতে তিনি আদালতে প্রার্থনা করিতে পারিবেন ইতি।

[Right of finder of goods.]

161. The finder of goods has no right to sue the owner for compensation for trouble and expense voluntarily incurred by him to preserve the goods and to find out the owner, but he has a right to retain the goods against the owner until he receives such compensation; and where the owner offers a specific reward for the return of goods lost, the finder has a right to retain them until he receives the reward.

[Bailee's particular lien.]

162. Where the bailee has, in accordance with the purpose of the bailment, rendered any service involving the exercise of labor or skill on the goods bailed, he has, in the absence of any agreement to the contrary, a right to retain the goods until he receives remuneration for the services he has rendered in respect of them.

Illustrations.

(a.) A. delivers a rough diamond to B., a jeweller, to be cut and polished, which is accordingly done. B. is entitled to retain the stone till he is paid for the services he has rendered.

(b.) A. gave some cloth to B., a tailor, to make into a coat. A. agreed with B. that the coat should be delivered as soon as it was finished, and that three months' credit should be given for the price. B. is not entitled to retain the coat until he is paid.

[Bankers, factors, and wharfingers have no general lien.]

163. In the absence of any agreement to the contrary, bankers, factors, and wharfingers have no right to retain any goods bailed to them as a security for a general balance of account.

Pledge.

['Pledge,' 'pawnor,' and 'pawnee' defined.]

164. The bailment of goods as security for payment of a debt or performance of an engagement is called pledge. The bailor is in this case called the pawnor. The bailee is called the pawnee.

[Pawnee's right of retainer.]

165. The pawnee may retain the goods pledged, not only for payment of the debt or the performance of engagement, but for the interest of the debt, and all necessary expenses incurred by him in respect of the possession, or for the preservation of the goods pledegd.

[In case of subsequent advances.]

166. The pawnee shall not retain the goods pledged for any other debt or engagement than the debt or engagement for which they are delivered, except by agreement between the parties; but such agreement, in the absence of anything to

[দ্রব্য প্রাপকের অধিকারের কথা ।]

১৬১ ধারা । কোন ব্যক্তি অকস্মাৎ দ্রব্য পাইয়া তাহা রক্ষা করিবার এবং স্বামির অনুসন্ধান লইবার জন্যে যদিও পরিশ্রম করেন ও স্বেচ্ছাক্রমে টাকা খরচ করেন, তথাপি স্বামির নামে তাঁহার ক্ষতিপূরণ পাইবার জন্যে নালিশ করিবার অধিকার নাই । কিন্তু যত কাল সেই ক্ষতিপূরণ না পান তত কাল স্বামিকে দ্রব্য না দিয়া তাঁহার রাখিবার অধিকার আছে । যদি স্বামী অনুদ্দেশ্য দ্রব্য ফিরিয়া পাইবার জন্যে বিশেষ পুরস্কার দিবার অঙ্গীকার করেন, তবে প্রাপক যত কাল সেই পুরস্কার না পান তত কাল তাঁহার ঐ দ্রব্য রাখিবার অধিকার থাকে ইতি ।

[নিক্ষেপধারির বিশেষ অধিকারের কথা ।]

১৬২ ধারা । যদি নিক্ষেপধারী নিক্ষেপণের অভিপ্রায়ানুসারে নিক্ষিপ্ত দ্রব্য বিষয়ে যত্ন কিম্বা কৌশল্য-ঘটিত পরিশ্রম করিয়া থাকেন, তবে ভাবান্তরের নিয়ম না থাকিলে যত কাল তদ্বিষয়ের পারিশ্রমিক না পান তত কাল তাঁহার ঐ দ্রব্য রাখিবার অধিকার থাকে ইতি ।

উদাহরণ ।

(a) আনন্দ বলরাম নামক রত্নকারের দ্বারা কাটিবার ও পরিষ্কার করিবার জন্যে হীরক দেন । তদনুসারে করিলেন । বলরাম যত কাল পরিশ্রমের বেতন না পান তত কাল তাঁহার ঐ হীরক রাখিবার অধিকার থাকে ।

(b) আনন্দ বলরাম নামক দরজীকে কুর্ত্তি করিবার কাপড় দিয়া কুর্ত্তি প্রস্তুত হইলে বলরাম তাহা দিয়া তিন মাস পরে মূল্য গ্রহণ করিবেন এই মর্ম্মের নিয়ম করিলেন । এমন স্থলে মূল্য না পাওয়া পর্য্যন্ত বলরামের কুর্ত্তি রাখিবার অধিকার নাই ।

[বণিকদের ও বণিকপ্রতিনিধিদের ও ঘাট রক্ষকদের কোন সাধারণ অধিকার না থাকার কথা ।]

১৬৩ ধারা । হিসাব খাতায় জমা খরচ সমান রাখিবার জামিনীস্বরূপ যে দ্রব্য নিক্ষেপ করা যায়, ভাবান্তরের কোন নিয়ম না থাকিলে বণিকদের কি বণিক প্রতিনিধিদের কিম্বা ঘাট রক্ষকদের তাহা রাখিবার অধিকার নাই ইতি ।

বন্ধকের বিধি ।

[বন্ধক, বন্ধকদাতা, বন্ধকগ্রহীতা, এই২ শব্দের অর্থ ।]

১৬৪ ধারা । ঋণশোধ কিম্বা প্রতিজ্ঞা সাধনের প্রতিভূস্বরূপ যে নিক্ষেপণ হয় তাহাকে বন্ধক বলা যায় । এই স্থলে নিক্ষেপককে বন্ধকদাতা ও নিক্ষেপধারিকে বন্ধকগ্রহীতা বলা যায় ইতি ।

[বন্ধকগ্রহীতার দ্রব্য রাখিবার অধিকারের কথা ।]

১৬৫ ধারা । বন্ধকগ্রহীতা ঋণ শোধ ও প্রতিজ্ঞা সাধনের জন্যে যেমন বন্ধকী দ্রব্য রাখিতে পারেন, তেমনি ঋণের সুদের জন্যে এবং বন্ধকী দ্রব্য সতর্কতায় রাখিবার ও রক্ষা করিবার জন্যে যাহা খরচ করিয়াছেন তাহাও পাইবার জন্যে ঐ দ্রব্য রাখিতে পারিবেন ইতি ।

[পরে অধিক টাকা অগ্রিম দেওয়া গেলে সেই স্থলের কথা ।]

১৬৬ ধারা । যে ঋণের কি প্রতিজ্ঞার উদ্দেশে দ্রব্য দেওয়া যায় তদ্ভিন্ন, উভয়পক্ষের পরস্পর নিয়ম না হইলে, বন্ধকগ্রহীতা অন্য ঋণের কি প্রতিজ্ঞার নিমিত্তে ঐ বন্ধকী বস্তু রাখিতে পারিবেন না । কিন্তু যদি বন্ধকগ্রহীতা পরে অন্য টাকা অগ্রিম দেন

the contrary, will be presumed in regard to subsequent advances made by the pawnee.

[Extraordinary expenses incurred by pawnee.]

167. The pawnee is entitled to receive from the pawnor extraordinary expenses incurred by him for the preservation of the goods pledged.

[Pawnee's right where pawnor makes default.]

168. If the pawnor makes default in payment of the debt or performance of the engagement at the stipulated time, the pawnee may bring a suit against the pawnor upon the debt or engagement, and retain the goods pledged as a collateral security, or may sell the thing pledged on giving the pawnor reasonable notice of the sale. If the proceeds of the sale are less than the amount due in respect of the debt or engagement, the pawnor is still liable to pay the balance. If the proceeds of the sale are greater than the amount so due, the pawnee shall pay over the surplus to the pawnor.

[Defaulting pawnor's right to redeem.]

169. If a time is stipulated for the payment of the debt or performance of the engagement for which the pledge is made, and the pawnor makes default in payment of the debt or performance of the engagement at the stipulated time, he may redeem the goods pledged at any time before the actual sale of them.

[Pledge by possessor of documentary title to goods.]

170. A person who is in possession of goods, or of any bill of lading, dock-warrant, warehouse-keeper's certificate, warrant or order for delivery, or any other document of title to goods, may make a valid pledge of such goods, or documents: Provided that the pawnee acts in good faith and under circumstances which are not such as to raise a reasonable presumption that the pawnor is acting improperly.

[Pledge where pledgor has only a limited interest.]

171. Where a person pledges goods in which he has only a limited interest, the pledge is valid to the extent of that interest.

Suits against wrong-doers.

[Suits by bailor or bailee against wrong-doers.]

172. If a third person* wrongfully deprives the bailee of the use or possession of the goods bailed, or does them any injury, the bailee is entitled to use such remedies as the owner might use in the like case if no bailment had been

তবে ভাবান্তর স্পষ্ট প্রকাশ না হইলে পূর্ব্বোক্ত প্রকারের নিয়ম অনুভাবিত হইবে ইতি।

[বন্ধকগ্রহীতার অতিরিক্ত ব্যয়ের কথা।]

১৬৭ ধারা। বন্ধকী বস্তুর সংরক্ষণের জন্যে বন্ধকগ্রহীতার অজ্ঞাতপূর্ব্ব ব্যয় হইলে বন্ধকদাতার স্থানে তাঁহার সেই খরচও পাইবার অধিকার থাকে ইতি।

[বন্ধকদাতার প্রতিজ্ঞাভঙ্গ হইলে বন্ধকগ্রহীতার অধিকারের কথা।]

১৬৮ ধারা। যদি বন্ধকদাতা অবধারিত সময়ে ঋণ শোধ কিম্বা প্রতিজ্ঞা সাধন না করেন, তবে বন্ধকগ্রহীতা ঐ ঋণের কি প্রতিজ্ঞার নিমিত্তে বন্ধকদাতার নামে নালিশ করিয়া আনুষঙ্গিক প্রতিভূস্বরূপে বন্ধকী বস্তু রাখিতে পারিবেন, অথবা উপযুক্ত সময় থাকিতে বন্ধকদাতাকে তাঁহার দ্রব্য বিক্রয়ের সম্বাদ দিয়া বন্ধকী দ্রব্য বিক্রয় করিতে পারিবেন। বিক্রয় হইয়া যে টাকা পাওয়া যায় তাহা যদি ঋণের কি প্রতিজ্ঞার উপলক্ষে প্রাপ্তব্য টাকার ন্যূন হয়, তবে বন্ধকদাতা অবশিষ্ট টাকার দায়ী থাকিবেন। যদি বিক্রয়দ্বারা প্রাপ্ত টাকা প্রাপ্তব্য টাকার অধিক হয়, তবে বন্ধকগ্রহীতা বন্ধকদাতাকে সেই উদ্বর্ত্ত টাকা দিবেন ইতি।

[বাকীদারের দ্রব্য মুক্ত করিবার ক্ষমতার কথা।]

১৬৯ ধারা। যে ঋণের কি প্রতিজ্ঞার উপলক্ষে বন্ধক দেওয়া যায়, যদি সেই ঋণ শোধ করিবার কি প্রতিজ্ঞা সাধন করিবার সময় অবধারিত হইয়া থাকে, এবং বন্ধকদাতা সেই অবধারিত সময়ে ঋণ শোধ কিম্বা প্রতিজ্ঞা সাধন না করেন, তবে বন্ধকী দ্রব্য একান্ত বিক্রয় হইবার পূর্ব্ব কোন সময়ে তিনি ঐ দ্রব্য মুক্ত করিতে পারিবেন ইতি।

[যে স্থলে দ্রব্যের অধিকারী অধিকারপত্র বন্ধক রাখেন সেই স্থলের কথা।]

১৭০ ধারা। কোন মাল কি বিল অফ লেডিং অর্থাৎ বিজক কি ডাকওয়ারান্ট কিম্বা আড়ৎদারের সর্টিফিকট অর্থাৎ সংশিতপত্র কিম্বা দ্রব্য প্রদানের ওয়ারেণ্ট কি আজ্ঞাপত্র কিম্বা দ্রব্যের অধিকারসূচক অন্য কোন্ দলীল যে ব্যক্তির অধিকারে থাকে, তিনি ঐ মাল কি দলীল বন্ধক দিলে তাহা সিদ্ধ হইবে। কিন্তু এই স্থলে প্রয়োজন যে বন্ধকগ্রহীতা সরলমনে এবং বিষয় বিবেচনায় বন্ধকদাতার অসদাচারের কোন যুক্তি সিদ্ধ সম্ভাবনা না থাকনমতে কর্ম্ম করেন ইতি।

[যে স্থলে আধিদাতার আংশিক স্বার্থ থাকে সেই স্থলের কথা।]

১৭১ ধারা। যে দ্রব্যেতে কোন ব্যক্তির আংশিক স্বার্থ থাকে তিনি তাহা বন্ধক দিলে, তাঁহার যে পর্য্যন্ত স্বার্থ, বন্ধক সেই পর্য্যন্ত সিদ্ধ ইতি।

অন্যায়কারিদের নামে মোকদ্দমার বিধি।

[অন্যায়কারির নামে নিক্ষেপকের কিম্বা নিক্ষেপধারির নালিশ করিবার কথা।]

১৭২ ধারা। যদি তৃতীয় ব্যক্তি অন্যায়মতে নিক্ষেপধারির ব্যবহার কি অধিকারহইতে নিক্ষিপ্ত বস্তু হরণ করেন কিম্বা ঐ দ্রব্যের কোন হানি করেন, তবে নিক্ষেপ না হইলে দ্রব্যের স্বামির সেই অবস্থায় যে উপায় থাকিত নিক্ষেপধারির সেই উপায়ক্রমে কর্ম্ম

made, and either the bailor or the bailee may bring a suit against a person for such deprivation or injury.

[Apportionment of proceeds of such suits.]

173. Whatever is obtained by way of relief or compensation in any such suit shall, as between the bailor and the bailee, be dealt with according to their respective interests.

[To be continued.]

করিবার অধিকার আছে, এবং সেই অপহরণের কি হানির উপলক্ষে নিক্ষেপক কিম্বা নিক্ষেপধারী ঐ তৃতীয় ব্যক্তির নামে নালিশ করিতে পারিবেন ইতি।

[তদ্রূপ মোকদ্দমাক্রমে যাহা পাওয়া যায় তাহা বণ্টন করিবার কথা।]

১৭৩ ধারা। তদ্রূপ কোন মোকদ্দমাদ্বারা প্রতিকার কিম্বা ক্ষতিপূরণস্বরূপ যাহা পাওয়া যায়, নিক্ষেপকের ও নিক্ষেপধারির মধ্যে যাঁহার যে স্বার্থ তদনুসারে তাহার প্রয়োগ হইবে ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

৩১৮৯ নং।

আফিমের ইস্তাহার।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৭ সাল তারিখ ১১ নবেম্বর সোমবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময় মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৫। ৬৬ সালের উৎপন্ন আফিমের একাদশ নীলাম হইবেক, এবং ঐ নীলামে ৪,০০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক, তাহার বিশেষ এই।

বেহার এজেন্সীর উৎপন্ন আফিম	২,০০০
বানারস এজেন্সীর উৎপন্ন আফিম	২,০০০
জুমলা সিন্দুক	৪,০০০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইস্তাহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৬ সালের ১ অক্টোবর তারিখের লিখিত ইস্তাহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৭ সালের ১৬ এবং ২৬ নবেম্বর এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল, অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল বেঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৭ সালের ১৬ নবেম্বর শনিবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না, এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল বেঙ্কের রসিদ সন ১৮৬৭ সালের ২৬ নবেম্বর মঙ্গলবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত নীলামের ইস্তাহার লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষের উৎপন্ন নীচের লিখিত বেহার ও বানারস আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক, আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

	বেহার সিন্দুক	বানারস সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৭ সাল তারিখ ৬ ডিসেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২,০০০	২,০০০	৪,০০০

আর এল মাঙ্গলস্।
একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ,
ফোর্ট উলিয়ম সন ১৮৬৭ সাল তারিখ ১ অক্টোবর।
[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ৫ নবেম্বর।

বিক্রী নেমকের মাক্কাবারি হিসাব সন ১৮৬৭ সাল ৩০ সেপ্টেম্বর।

ডিপো	২ পাঙ্গা	৩ করকচ	৪ দর ফি ১০০ মোন
হিজলী	মোন	মোন	টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর ...	১১,৩৫১/	০	
ঐ ঐ কৃষ্ণনগর ...	৭১,৩৬৭/	০	
ঐ ঐ রামনগর ...	১,২৩,২৪৯/	০	৩৮৫৲
ঐ ঐ কালীনগর ...	৩২,০৬৮/	০	
ঐ ঐ পুরীঘাট্টা ...	২১,৫০৯/	০	
একুন।	২,৫৯,৫৪৪/	০	
শালিখা।			
করকচ নেমক মান্দ্রাজ পরমিট ...	০	৩,৫৭,৮৩৩/	৩৬৫৲
ঐ ঐ সিন্ধু ...	০	৪,১১,৮৪০/	৩৭৫৲
মিশ্রিত করকচ নেমক ...	০	২,৬৭৯/	
একুন।		৭,৭২,৩৫২/	
পুরী।			
পাঙ্গা নেমক ...	১,৫০,৩১৫/	০	৩৮৫৲
করকচ নেমক ...	০	৪,৬৭,৪৪৯/	৩৪০৲
একুন।	১,৫০,৩১৫/	৪,৬৭,৪৪৯/	
মোট একুন ...	৪,০৯৮৫৯/	১২,৩৯,৮০১/	

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৪ ঘরের লিখিত ১ ডিসেম্বর তারিখের ইস্তেহার দেওয়া কম নিরিখ দরে ১ ঘরের লিখিত সরকারী গোলা হইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

আর এল মাঙ্গলস্।
ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৭ সাল ২৯ অকটোবর।

[*Government Gazette*, 5*th November* 1867.]

বিজ্ঞাপন।

নিম্ন লিখিত নম্বর ও পরিমাণের ৫ কেতা নোট শ্রীযুত মৌলবী সৈয়দ এবেদুল্লা জেলা রঙ্গপুরের ডিপুটী মাজিষ্ট্রেটের চুরি হইয়াছে যে কেহ উহার তত্ত্ব পান অবিলম্বে তাহাকে তৎসংবাদ জানাইয়া বাধিত করিবেন ইতি।

৬০৫৬৪ নং	...	...	৫০৲
৬০৫৩৭ নং	...	...	৫০৲
৪৪০১৮ নং	...	...	৫০৲
৯১৯৮১ নং	...	...	১০০৲
৫৪৩৯৮ নং	...	...	১০০৲
একুনে ৫ কেতা নোট			মোং ৩৫০৲ টাকা

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা ময়মনসিংহ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ময়মনসিংহ।

নীচের লিখা মহালের ১২৭৪ সনের নাগায়ত ভাদ্রের সরকারি পাওনা বাকি রাজস্ব আদায় জন্য বোর্ডের নিরূপিত ১৮৬৭ সনের ২৮ সেপ্টেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে ১৮৬৭ সনের ২৭ নবেম্বর মোতাবক ১২৭৪ সনের ১২ অগ্রহায়ণ বুধবার নীলামের দিন ধার্য্যে সর্ব্বসাধারণ জনের জ্ঞাতার্থে অত্র ইস্তাহার প্রচার করা যায় যে কেহ মহাল মজকুর খরিদের বাসনা রাখে সে ঐ তারিখে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে, ইতি ১৮৬৭ সন তারিখ ১ অকটোবর।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৩২২ নং পরগনে কাটারমল্ল চর সাটীয়ান মতালকে চর কুরথি মালিক চিরস্থ বন্দবস্ত গ্রহীতা ব্রজেশ্বরী চৌধুরাণী মাদরে বনওয়ারিলাল রায় নাবালগ সদর জমা ৫৪৫॥/০ আনা।

H. J. REYNOLDS,
Collector.

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইস্তাহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের মাং ২৮ সেপ্টেম্বরের বাকি রাজস্ব আদায় নিমিত্তে ১৮৬৭ সালের ২৬ নবেম্বর মোং ১২৭৪ সালের ১১ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭। ৩০ সেপ্টেম্বর মোং ১২৭৪। ১৫ আশ্বিন।

প্রথম শ্রেণী চিরস্থায়ি বন্দবস্তী মহাল।

২১৬ নং পরগনে বৈকুণ্ঠপুর চর নাছিরপুরের মধ্যগত চর জাহানাবাদ নীলাম খরিদ রামনাথ লস্কর ও এবাদুল্লা সদর জমা ১৬২৩৶০

রোড ফণ্ড ১৬।০

১৬৪০৲

A. W. RUSSELL,
Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ৫ নবেম্বর।]

জিলা বাকরগঞ্জ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল সকল সন ১৮৬৭ ইং ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকৃষ্ট অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৭ ইং ১৮ নবেম্বর মোতাবেক সন ১২৭৪ সাল ৩ অগ্রহায়ণ রোজ সোমবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৭ ইং ১ অক্টোবর।

শ্রেণীর নম্বর।	মহালের শ্রেণী।	জেলার তৌজিতে মহালের নম্বর।	মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	বাকী রাজস্ব।	মন্তব্য।
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	১৮৫২	ফতেজঙ্গপুর পরগনা মহাদেব মুনশী তালুক।	মহাদেব মুনশী পদ্মলোচন রায় চৌধুরি।	৫৩৩৷/৪	১৯৷৯	ষোল আনা মহাল নীলাম বিক্রয় হইবেক।
ঐ	ঐ	১৯১৮	হাবেলি শিলিমাবাদ তপ্পা রামদেব সেন তালুক।	গঙ্গাদাস মুখোপাধ্যায় হিং ৫= গোলোকচন্দ্র সেন হিং ১৭৷৷১০ রামদেব সেন হিং ৷৷৶১৮৷ /১০৷৬৩ তিল জগচ্চন্দ্র সেন হিং /৷৷৭০ তিল দুর্গাচরণ সেন।	মোট জমা ১৭৯৭৷৷৵৯৷৷ বাদ পৃথক হিসাবে লিখিত অংশের জমা ২১৩৷৷৵২৷৷ বাকি ১৫৮৪৲৭	১৬/২	এই মহাল মধ্যে যে রাজকমল সেনের হিস্যা ৲৯—১০ ক্রান্ত জমা ১০৮৸/৬ ও রাধানাথ বাচস্পতি হিং ৲১৪— ক্রান্ত জমা ৯৭/২০৷৷ ভগবানচন্দ্র ভট্টাচার্য্যের হিং ৲৪৷৷৲২৭ তিল জমা ২৫৷৷৵১০ সন ১৮৪৯ সনের ১১ আইনমতে হিসাব স্বতন্ত্র হইয়াছে তাহা বাদে বক্রী হিস্যা নীলাম হইবেক।

H. C. SUTHERLAND,
Offg. Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহার নামা কাছারী কালেকটরী জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পুরাণ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৬৭ সালের নাগাইদ ২৮ সেপ্টেম্বর মোতাবক সন ১২৭৪ সালের নাগাদি ভাদ্র কিস্তির সরকারি বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৬৭ সালের ১৯ নবেম্বর মোতাবক সন ১২৭৪ সালের ৪ অগ্রহায়ণ মঙ্গলবার দিবসে। দিবা দুই প্রহরের সময় অত্র জেলার কালেকটরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৭ সাল তারিখ ২৪ আকটোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ১৫৮ নং সমুদ্রগড়ি পং সাত সৈকা মালিক রহিমন নেছা বিবি ও কৈলাসচন্দ্র দে চৌধুরী সদর জমা ২৭১০৷৷১১ টাকা।

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা হুগলি।

এস্তেহার নামা কাছারী কালেকটরী জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা হুগলির নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের মাং ২৮ সেপ্টেম্বরের বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত সন ১৮৬৭ সালের ২১ নবেম্বর মোং ১২৭৪ সালের ৬ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেকটরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। ১৮৬৭। ২৪ অকটোবর।

নম্বর তৌজী	নাম মাহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী।
৬৭ নং	গুড়বাড়ি পং চৌমুহা	রাধাকান্ত চৌধুরী ও ৺মদনমোহন জীউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবী ও মান গোবিন্দ বিশ্বাস ও ঈশ্বর চন্দ্র ঘোষ ...	২৬৯৫৸৶	
		বাদ।		
		মান গোবিন্দ বিশ্বাসের নিজ গুড়বাড়ির রকম ৷৷০ আনার কাত সদর জমা ..	৫৯০৷৵৫	
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা মত পৃথক হিসাব পত্তন হইয়াছে রাধাকান্ত চৌধুরী ও ৺মদনমোহন জীউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবীর সদর জমা ...	১৪১৩৷⁄১০	
			২০০৩৸৩	
		বাকী।		
		ঈশ্বর চন্দ্র ঘোষের নিজ গুড়বাড়ির ১৫৭৫⁄০ বিঘা জমির কাত সদর জমা ...	৬৯২৵৯	১১০৲ এই বাকী ঈশ্বর-চন্দ্র ঘোষের
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামত পৃথক হিসাব পত্তন হইয়াছে ...		
১৯১ নং	হরিপুর পং চৌমুহা	নবচন্দ্র ও পরমাত্মচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও অন্নদা প্রসাদ ও কালিদাস ও দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ও দ্বারিকা-নাথ ঠাকুর ও দুর্গাদাস খাঁ ...	৮৫৬৶২	১১৷⁄৯

E. H. WHINFIELD,
Offg. Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ৫ নবেম্বর।]

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাছারি কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ২৮ সেপ্টেম্বর তকের বাকি মালগুজারির নিমিত্তক ইংরেজী ১৮৬৭ সনের ২৫ নবেম্বর মোং ১২৭৪ সালের ১০ অগ্রহায়ণ এই জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	কৈফিয়ৎ
২৭৮ তাবের ২৮ নং	মৌজে দেবনাথপুর পং দেওড়া	লিখিত মালিক ঈশ্বরচন্দ্র আচার্য্য রামতনু আচার্য্য কৃষ্ণলোচন আচার্য্য রাজচন্দ্র আচার্য্য বামেন্দ্র আচার্য্য রামলোচন আচার্য্য ও শ্রীমতী দেব্যা মাদরে হেমচন্দ্র নাবালগ ও বিশ্বেশ্বর আচার্য্য ও শাশনদয়াল মুস্তফী ও উদমন রায় ওরফে লাল বাবু ও আনন্দচন্দ্র গোস্বামী ও শ্যাম কোঙর ও ছুদকোঙর চৌধুরাণী ও নীলকোঙর দেব্যা মাদরে মোহনলাল রায়।	৩২৭৫॥৶৩৶	১৮৫৯। ১১। ১০ ধারামত আনন্দচন্দ্র গোস্বামির হিস্যা ৩৶ ২ জব যাহার সদর জমা ৪০।৩ হয় তাহাই ১২৭৪ সালের কিস্তি ভাদ্র তকের বাকি ১০॥০ টাকা ২৮ সেপ্টেম্বর তক আদায় না হওয়ায় নীলামে ধরা গেল ইতি।

সন ১৮৬৭। ইং তারিখ ১৮ অকুটোবর।

H. Kean,
Offg. Collector.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম রাজধানীস্থ হাই কোর্টের আপিলাংশের ফুল বেঞ্চের নিষ্পন্ন মোকদ্দামার সার সংগ্রহ মুদ্রিত হইয়াছে। উহাতে হাই কোর্ট সংস্থাপনাবধি বর্ত্তমান বর্ষের জুন মাস পর্য্যন্ত সম্পূর্ণ পাঁচ বৎসরের ফুল বেঞ্চ নিষ্পন্ন মোকদ্দমার সার ভাগ সন্নিবেশিত হইয়াছে। ইহা নজিরের চুম্বক কিম্বা ফল ভাগ মাত্র নহে। ইহাতে সমুদায় মোকদ্দামার অবস্থা ও নিষ্পত্তির প্রকৃত সার ভাগ হাই কোর্টের উকিল শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় কর্ত্তৃক সরল ভাষায় প্রকটিত হইয়াছে। উক্ত পুস্তক যাঁহার প্রয়োজন হইবে তিনি কলিকাতা ১৭৬ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে অনুসন্ধান করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৩॥০ সাড়ে তিন টাকা মাত্র।

শ্রীচণ্ডীচরণ চট্টোপাধ্যায়।
সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ।

[*Government Gazette, 5th November* 1867.]

বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় করসংক্রান্ত আইনঘটিত কার্য্যবিধান।
অর্থাৎ

বঙ্গদেশীয় জমীদার ও প্রজার পরস্পর সম্বন্ধ নিরূপণ আইন সমূহের সংক্ষিপ্ত কার্য্যোপযোগি পুস্তক। ইহা পূর্ব্বতন সদর দেওয়ানী আদালতের ও বর্ত্তমান হাই কোর্টের অতি কার্য্যকর নিষ্পত্তি সকল দ্বারা ব্যাখ্যাকৃত হইয়াছে, এবং লাখেরাজ ভূমি ও করবৃদ্ধি সম্বন্ধীয় হাই কোর্টের ইদানীন্তন নিষ্পত্তি সকল এই পুস্তকের শেষভাগে সংযোজিত হইয়াছে। জমীদার, প্রজা, বিচারক, উকীল, ও মোক্তারদিগের ব্যবহারার্থ কৃষ্ণনগর ও যশোহরের প্রধান ছোট আদালতের পূর্ব্বতন বিচারপতি এবং কলিকাতা হাই কোর্টের অধুনাতন রেজিষ্ট্রার বেঙ্গাল সিবিল সর্ব্বান্ট সি ডি ফিল্ড সাহেব কর্ত্তৃক এই পুস্তক প্রস্তুত হইয়াছে। ইহার দ্বারা মোক্তারগণ পরীক্ষার্থে প্রস্তুত হইবার জন্য বিশেষ উপকার প্রাপ্ত হইবে। ইহার বাঙ্গলা অনুবাদের মূল্য ৩ টাকা। একত্র দশ খণ্ড লইলে তাহা ২৫ টাকা মূল্যে প্রাপ্ত হইবেন। কলিকাতা লোয়ার সরকুলার রোডের ২১ সংখ্যক ভবনে ব্যাপ্‌টিষ্ট মিসন প্রেসের তত্ত্বাবধারকের নিকট পত্র এবং তাঁহার নামে মনি অর্ডর প্রেরণ করিতে হইবে।

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্ট এবং রেবিনিউ বোর্ড গ্রাহ্য করিয়াছে।

সর্ব্বসাধারণ লোককে জ্ঞাত করিতেছি নিম্নলিখিত আইন সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

রেবিনিউ হেণ্ডবুক।

রাজস্ব বিষয়ক সম্পূর্ণ আইন ও আক্ট ১৭৯৩ সাল-হইতে ১৮৬৫ সাল পর্য্যন্ত মূল্য ৮৲ টাকা উত্তম বাঁধাই ৯৲ টাকা ডাক মাস্থল ১৲ টাকা।

রেবিনিউ বোর্ডের বিধিপুস্তক।

১৭৯৩ সালহইতে ১৮৬৬ সাল পর্য্যন্ত রাজস্বসম্পর্কীয় সমুদয় আইনের সংশোধিত এবং আমলাগণের ও জমিদারের কার্য্যপ্রণালী সম্পূর্ণ নিরিখ মূল্য ৯৲ টাকা ডাক মাস্থল ।৵০ আনা।

ইষ্টাম্প আইন।

টীকা ও নজীর সংযুক্ত ১৮৬২ সাল [illegible] সাল পর্য্যন্ত মূল্য ।।০ আনা ডাক মাস্থল ৵০ আনা।

পোলীস এবং ফৌজদারী ম্যানুএল।

১৭৯৩ সালহইতে ১৮৬৭ সাল পর্য্যন্ত ফৌজদারী সম্পর্কীয় রদ ব্যতীত সমুদয় মূল আইন এবং সরকুলার অর্ডর ও নজীর ও টীকা সহিত ১০৫০ পৃষ্ঠা সম্পূর্ণ মূল্য ১০৲ টাকা ডাক মাস্থল ১৲ টাকা।

বেণিমাধব দে এণ্ড কোং।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৬৭। ৫ নবেম্বর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এক জে ব্যার্লো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 12, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১২ নবেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE INDIAN CONTRACT LAW, 1867.

[Continued from page 1178.]

PART VII.

OF AGENCY.

['Agent' 'and principal defined.']

174. An agent is a person employed to do any act for another, or to represent another in dealings with third persons. The person for whom the act is done, or who is so represented, is called the principal.

[Who may be a principal.]

175. Any person who is of the age of majority according to the law to which he is subject, and who is of sound mind, may employ an agent.

[Who may be an agent.]

176. As between the principal and third persons, any person may become an agent; but no

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

১৮৬৭ সালের ভারতবর্ষীয় চুক্তির আইন।

[১১৭৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

সপ্তম খণ্ড।

নিযোগী পদের বিধি।

[নিযোগী ও কর্ত্তা এই২ কথার অর্থ।]

১৭৪ ধারা। যে ব্যক্তি অন্যের নিমিত্তে কর্ম্ম করিতে কিম্বা অপর ব্যক্তিদের সহিত কারবার করিতে অন্যের প্রতিনিধিস্বরূপ নিযুক্ত হন তাঁহাকে নিয়োগী বলা যায়। যাঁহার পক্ষে কর্ম্ম করেন কিম্বা উক্ত প্রকারে যাঁহার প্রতিনিধি হন তাঁহাকে কর্ত্তা বলা যায় ইতি।

[যিনি কর্ত্তা হইতে পারেন তাঁহার কথা।]

১৭৫ ধারা। যে ব্যক্তি যে ব্যবস্থার অধীনে থাকেন তিনি সেই ব্যবস্থামতে বয়ঃপ্রাপ্ত ও প্রকৃতিস্থমনা হইলে নিয়োগিদ্বারা কর্ম্ম করিতে পারিবেন ইতি।

[যে ব্যক্তি নিয়োগী হইতে পারেন তাঁহার কথা।]

১৭৬ ধারা। কর্ত্তা ও তৃতীয় ব্যক্তির মধ্যে কোন ব্যক্তি নিয়োগী হইতে পারিবেন। কিন্তু তিনি এই

person who is not of the age of majority and of sound mind can become an agent, so as to be responsible to his principal according to the provisions in that behalf herein contained.

[Agency created without consideration.]

177. No consideration is necessary to create an agency.

[Agent's authority may be expressed or implied.]

178. The authority of an agent may be expressed or implied.

[Definitions of expressed and implied authority.]

179. An authority is said to be expressed when it is given by words spoken or written. An authority is said to be implied when it is to be inferred from the circumstances of the case; and things spoken or written, or the ordinary course of dealing may be accounted circumstances of the case.

Illustration.

A. owns a shop in Serampore, living himself in Calcutta, and visiting the shop occassionally The shop is manged by B., and he is in the habit of ordering goods from C. in the name of A for the purposes of the shop, and of paying for them out of A's funds with A.'s knowledge. B. has an implied authority from A. to order goods from C. in the name of A. for the purposes of the shop.

[Extent of agent's authority.]

180. An agent having an authority to do any act, has authority to do every lawful thing which is necessary in order to do such act; and an agent having an authority to carry on any business, has authority to do every lawful thing necessary for the purpose of or usually done in the course of conducting such business.

Illustrations.

(a.) A. is employed by B., residing in London, to recover at Bombay a debt due to B. A. may adopt any legal process necessary for the purpose of recovering the debt, and may give a valid discharge for the same.

আইনের লিখিত নিয়মানুসারে কর্ত্তার নিকটে উত্তরদায়ী, এইপ্রযুক্ত যে ব্যক্তি বয়ঃপ্রাপ্ত ও প্রকৃতিস্থমনা না হন তিনি নিয়োগী হইতে পারিবেন না ইতি।

[পারিশ্রমিকের নিয়মভিন্ন নিয়োগী পদ স্থষ্টির কথা।]

১৭৭ ধারা। নিয়োগী পদস্থষ্টির জন্যে পারিশ্রমিকের নিয়ম হইবার আবশ্যক নাই ইতি।

[কর্ত্তার ক্ষমতা স্পষ্টতঃ কি ভাবতঃ ব্যক্ত হইতে পারিবার কথা।]

১৭৮ ধারা। কর্ত্তার ক্ষমতা স্পষ্ট ব্যক্ত হইতে কি ভাবতঃ অনুবোধ হইতে পারিবে ই[illegible]

[স্পষ্ট ও অনুভাবিত ক্ষমতার অর্থ।]

১৭৯ ধারা। যখন বাচনিক কি লিখিত কথাদ্বারা ক্ষমতা দেওয়া যায় তখন তাহা স্পষ্ট বলা যায়। যখন বিষয়ের গতিকক্রমে ক্ষমতা থাকার সম্ভাবনা হয় তখন অনুভাবিত বলা যায়। বাচনিক কিম্বা লিখিত কথা অথবা বিষয় ব্যাপারের সাধারণ রীতি ঐ গতিকের মধ্যে গণ্য ইতি।

উদাহরণ।

আনন্দ কলিকাতায় বাস করেন শ্রীরামপুরে তাঁহার এক দোকান আছে। কখন২ তথায় গিয়া থাকেন। বলরাম সেই দোকানের অধ্যক্ষ, ও সেই দোকানের নিমিত্তে চন্দ্রমোহনের স্থানে আনন্দের নামে দ্রব্য আনাইয়া থাকেন এবং আনন্দের জ্ঞাতসারে তাঁহার টাকাহইতে ঐ দ্রব্যের মূল্য দিয়া থাকেন। বলরাম চন্দ্রমোহনের স্থানে দোকানের প্রয়োজনীয় দ্রব্য আনন্দের নামে আনাইবার অনুভাবিত ক্ষমতা পাইয়াছেন।

[নিয়োগীর শক্তির ব্যাপকতার কথা।]

১৮০ ধারা। নিয়োগির কোন কর্ম্ম করিবার ক্ষমতা থাকিলে সেই কর্ম্ম করিবার জন্যে বৈধ যে ক্রিয়ার আবশ্যক হয় তাহাও তাঁহার করিবার ক্ষমতা আছে। এবং নিয়োগির কোন ব্যবসায় চালাইবার ক্ষমতা থাকিলে, সেই ব্যবসায় চালাইবার জন্যে বৈধ যে কর্ম্মের আবশ্যক হয় কিম্বা ঐ ব্যবসায়ের রীতিমতে যে কর্ম্ম হইয়া থাকে তাহাও তাঁহার করিবার ক্ষমতা আছে ইতি।

উদাহরণ।

(a) বলরাম লণ্ডন নগরে বাস করেন, বোম্বাইয়ে তাঁহার পাওনা টাকা আদায় করিতে আনন্দকে নিযুক্ত করেন। আনন্দ ঐ ঋণ আদায় করিবার জন্যে আদালত সম্পর্কীয় কোন কার্য্য করিতে পারেন এবং ঐ ঋণের মুক্তিপত্র দিলে তাহা সিদ্ধ হইবে।

(*b.*) A. constitutes B. his agent to carry on his business of a ship-builder. B. may purchase timber and other materials, and hire workmen for the purpose of carrying on the business.

(*b*) আনন্দ জাহাজ নির্ম্মাতা হইয়া সেই ব্যবসায় চালাইবার জন্যে বলরামকে নিযুক্ত করেন। বলরাম সেই কার্য্য চালাইবার জন্যে কড়িকাঠ ও অন্য সামগ্রী ক্রয় করিতে ও কর্ম্মচারিদিগকে বেতন দিয়া রাখিতে পারিবেন।

[Agent's authority in an emergency.]

[অত্যাবশ্যক স্থলে নিয়োগীর ক্ষমতার কথা।]

181. An agent has authority in an emergency to do all such acts for the purpose of protecting his principal from loss as would be done by a person of ordinary prudence in his own case under similar circumstances.

১৮১ ধারা। সাধারণ কার্য্যচিন্তক ব্যক্তি অত্যাবশ্যক স্থলে ক্ষতিহইতে রক্ষা পাইবার জন্যে যে কোন কর্ম্ম করিতে পারেন, নিয়োগীও সেই অবস্থায় কর্ত্তার ক্ষতি নিবারণের জন্যে সেই কর্ম্ম করিতে পারিবেন ইতি।

Illustrations.

উদাহরণ।

(*a.*) A. ship is driven on shore. The master has authority to hire men and boats to get her off, and to incur all necessary expense for re-fitting her.

(*a*) কোন জাহাজ বায়ুবেগে চড়ায় ঠেকিয়াছে। এমন স্থলে জাহাজ ভাসাইবার জন্যে লোক ও নৌকা নিযুক্ত করিতে এবং জাহাজ পুনরায় গমন করিবার উপযুক্ত করণার্থ যত খরচ আবশ্যক, অধ্যক্ষ তাহা করিতে সক্ষম আছেন।

(*b.*) A. consigns provisions to B. at Calcutta, with directions to send them immediately to C. at Cuttack. B. may sell the provisions at Calcutta, if they will not bear the journey without spoiling.

(*b*) আনন্দ কলিকাতা নিবাসি বলরামকে দ্রব্য সমর্পণ করিয়া কটকনিবাসি চন্দ্রের নিকট অগৌণে পাঠাইতে আজ্ঞা করেন। কটকে পাঠাইলে পথে দ্রব্য নষ্ট হইবার সম্ভাবনা, এমন স্থলে বলরাম তাহা কলিকাতায় বিক্রয় করিতে পারিবেন।

[Enforcement and consequences of agent's contracts.]

[নিয়োগির চুক্তি প্রবল করণের ও তাহার ফলের কথা।]

182. Contracts entered into through an agent and obligations arising from acts done by an agent, may be enforced in the same manner, and will have the same legal consequences as if the contracts had been entered into and the acts done by the principal in person.

১৮২ ধারা। নিয়োগির দ্বারা যে চুক্তি করা যায় ও তাহার ক্রিয়া দ্বারা যে নিবন্ধ হয়, তাহা কর্ত্তার চুক্তির ও তাঁহার ক্রিয়ার ফলের ন্যায় প্রবল করা যাইতে পারিবে, ও আইনসংক্রান্ত কার্য্যে তাহার তত্তুল্য ফল হইবে ইতি।

Illustrations.

উদাহরণ।

(*a.*) A. buys goods from B., knowing that he is an agent for their sale, but not knowing who is the principal. B.'s principal is the person entitled to claim from A. the price of the goods, and A. cannot set-off against that claim a debt due to himself from B.

(*a*) বলরাম কোন দ্রব্য বিক্রয় করিবার জন্যে নিয়োগী আছেন আনন্দ ইহা জানিয়া তাঁহার স্থানে দ্রব্য ক্রয় করেন কিন্তু কর্ত্তা কে ইহা জানেন না। বলরামের মুখ্য ব্যক্তি আনন্দের স্থানে ঐ দ্রব্যের মূল্য দাওয়া করিতে পারিবেন, এবং বলরামের স্থানে আমার কএক টাকা পাওনা আছে বলিয়া ঐ দ্রব্যের মূল্যের একাংশ বাদ দিতে পারিবেন না।

(*b.*) A. being B.'s agent with authority to receive money on his behalf receives from C. a sum of money due to B. C. is discharged of his obligation to pay the sum in question to A.

(*b*) আনন্দ বলরামের নিয়োগী হইয়া ও তাঁহার নিমিত্তে টাকা আদায় করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়া চন্দ্রমোহনের স্থানে বলরামের পাওনা টাকা আদায় করেন। চন্দ্রমোহন বলরামকে সেই টাকা দিবার দায়হইতে মুক্ত হইলেন।

[Principal how far bound when agent exceeds authority.]

[নিয়োগী ক্ষমতার অতিরিক্ত কর্ম্ম করিলে তদ্দ্বারা কর্ত্তা যে পর্য্যন্ত বদ্ধ হন তাহার কথা।]

183. Where an agent does more than he is authorized to do, what he does within the scope of his authority, if it can be separated from what is beyond that scope, is binding as between the principal and the agent; the rest not.

১৮৩ ধারা। নিয়োগী যাহা করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন যদি তদতিরিক্ত করেন, তবে তাঁহার ক্ষমতার মধ্যে যে কার্য্য তাহা তাঁহার ক্ষমতার অতিরিক্ত কার্য্যহইতে পৃথক হইতে পারিলে, তাহাই কর্ত্তার ও নিয়োগির মধ্যে প্রবল থাকিবে। ক্ষমতার অতিরিক্ত কার্য্য নয় ইতি।

[*Government Gazette*, *12th November* 1867.]

Illustration.

A., being owner of a ship and cargo, authorizes B. to procure an insurance for 4,000 Rupees on the ship. B. procures a policy for 4,000 Rupees on the ship, and another for the like sum on the cargo. A. is bound to pay the premium for the policy on the ship, but not the premium for the policy on the cargo.

[When excess of agent's authority is not separable.]

184. Where an agent does more than he is authorized to do, and what he does beyond the scope of his authority cannot be separated from what is within it, the whole is void as against the principal.

Illustration.

A. authorizes B. to buy 500 sheep for him. B buys 500 sheep and 200 lambs for one sum of 6,000 Rupees. The whole transaction is void as against A.

[' Sub-agent' defined.]

185. A sub-agent is a person employed by and acting under the control of the original agent in the business of the agency.

[When agent cannot delegate.]

186. An agent cannot lawfully employ another to perform acts which he has expressly or impliedly undertaken to perform personally.

[Representation of principal by sub-agent properly appointed. Agent's responsibility for sub-agent. Sub-agent's responsibility.]

187. Where a sub-agent is properly appointed, the principal is, so far as regards third persons, represented by the sub-agent, and is bound by and responsible for his acts, as if he were an agent originally appointed by the principal. The agent is responsible to the principal for the acts of the sub-agent. The sub-agent is responsible for his acts to the agent but not to the principal, except in cases of fraud or wilful wrong.

[Agent's responsibility for sub-agent appointed without authority.]

188. Where an agent has appointed a person to act as a sub-agent without having authority to do so, the agent stands towards that person in the relation of a principal to an agent, and is responsible for his acts both to the principal and to third persons, and the principal is not represented by or responsible for the acts of the person so employed, nor is that person responsible to the principal.

উদাহরণ।

আনন্দ জাহাজের ও জাহাজে বোঝাই দ্রব্যের স্বামী হইয়া বলরামকে জাহাজের উপর ৪০০০৲ টাকার বিমাপত্র লইতে ক্ষমতা দেন, বলরাম জাহাজের উপর ৪০০০৲ টাকার ও বোঝাই দ্রব্যের উপর ৪০০০৲ টাকার বিমাপত্র লন। এই স্থলে জাহাজের বিমার টাকা আনন্দের দিতে হইবে কিন্তু দ্রব্যের উপর বিমার টাকা দিতে বদ্ধ নহেন।

[নিয়োগির ক্ষমতাতিরিক্ত কার্য্য পৃথক হইতে না পারিলে তাহার কথা।]

১৮৪ ধারা। নিয়োগী যাহা করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন যদি তদতিরিক্ত করেন এবং ক্ষমতার মধ্যে যে কার্য্য তাহা যদি ক্ষমতাতিরিক্ত কার্য্য হইতে পৃথক করা যাইতে না পারে, তবে কর্ত্তার উপলক্ষে সমুদয় অসিদ্ধ ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামকে ৫০০ মেষ ক্রয় করিবার অনুমতি দেন। বলরাম ৬০০০৲ টাকা দিয়া ৫০০ মেষ ও ২০০ মেষশাবক ক্রয় করিলেন। আনন্দের দায়সম্পর্কে সেই ব্যাপার সম্পূর্ণ অসিদ্ধ।

[উপনিয়োগির অর্থ।]

১৮৫ ধারা। যিনি নিয়োগির পদসংক্রান্ত কর্ম্মে প্রথম নিয়োগী হন তৎকর্ত্তৃক নিযুক্ত ও তাঁহার কর্ত্তৃত্বাধীন কর্ম্মকারিকে উপনিয়োগী বলা যায় ইতি।

[নিয়োগী যে স্থলে আপন কর্ত্তব্য কর্ম্ম অন্যের প্রতি অর্পণ করিতে না পারেন তাহার কথা।]

১৮৬ ধারা। যদি নিয়োগী স্পষ্টতঃ কি ভাবতঃ স্বয়ং কোন কর্ম্ম করিতে প্রতিজ্ঞা করিয়া থাকেন তবে সেই কর্ম্ম সম্পাদন করিবার জন্যে তিনি বৈধমতে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন না ইতি।

[উপনিয়োগী উপযুক্তমতে নিযুক্ত হইলে কর্ত্তার প্রতিনিধি হওয়ার কথা। ও উপনিয়োগির পক্ষে নিয়োগির দায়ের ও উপনিয়োগির দায়ের কথা।]

১৮৭ ধারা। যদি উপনিয়োগী উপযুক্তমতে নিযুক্ত হইয়া থাকেন তবে তৃতীয় ব্যক্তিদের নিকট তিনিই কর্ত্তার প্রতিনিধি হন, এবং কর্ত্তার দ্বারা নিযুক্ত প্রথম নিয়োগির ক্রিয়াতে কর্ত্তা যদ্রূপে আবদ্ধ ও দায়ী হন, উপনিয়োগির ক্রিয়ার দ্বারা তিনি তদ্রূপে আবদ্ধ ও দায়ী হইবেন। উপনিয়োগির ক্রিয়ার নিমিত্তে নিয়োগী কর্ত্তার নিকটে দায়ী আছেন। প্রতারণার ও ইচ্ছাপূর্ব্বক অন্যায় ক্রিয়ার স্থলভিন্ন, উপনিয়োগী আপন ক্রিয়ার জন্যে নিয়োগির নিকটে দায়ী, কর্ত্তার নিকটে নয় ইতি।

[নিয়োগী অনুমতি না পাইয়া উপনিয়োগিকে নিযুক্ত করিলে তজ্জন্যে তাহার দায়ের কথা।]

১৮৮ ধারা। যদি নিয়োগী অনুমতি না লইয়া কোন ব্যক্তিকে উপনিয়োগিস্বরূপ নিযুক্ত করেন, তবে সেই নিয়োগী ঐ ব্যক্তির নিকট কর্ত্তার স্থলে হন, এবং তাঁহার ক্রিয়ার জন্যে আপনার কর্ত্তার ও তৃতীয় ব্যক্তিদের নিকটে দায়ী হন। তদ্রূপ নিযুক্ত ব্যক্তি কর্ত্তার প্রতিনিধি নহেন ও কর্ত্তা তাঁহার কার্য্যের নিমিত্তে দায়ী নহেন, ঐ ব্যক্তিও কর্ত্তার নিকটে দায়ী নহেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১২ নবেম্বর।]

[Relation to principal of person named by agent authorized to name another to act for principal.]

189. Where an agent, holding an express or implied authority to name another person to act for the principal in the business of the agency, has named another person accordingly; such person is not a sub-agent, but an agent of the principal for such part of the business of the agency as is entrusted to him.

Illustrations.

(*a*.) A. directs B., his solicitor, to sell his estate by auction, and to employ an auctioneer for the purpose. B. names C., an auctioneer, to conduct the sale. C. is not a sub-agent, but is A.'s agent for the conduct of the sale.

(*b*.) A., a merchant in Calcutta, consigns goods to B., a merchant in London, and directs him to sell the goods. B. appoints C., a broker, to sell the goods for A. C. is not a sub-agent, but is agent for A.

(*c*.) A. appoints B., a merchant in Calcutta, his attorney, for the purpose of recovering the monies due to A. from C. & Co. B. instructs D., a solicitor, to take legal proceedings against C. & Co. for the recovery of the money. D. is not a sub-agent, but is solicitor for A.

[Agent's duty in naming such person.]

190. In selecting such agent for his principal, an agent is bound to exercise the same amount of discretion as a man of ordinary prudence would exercise in his own case, and if he does this he will not be responsible to the principal for the acts or negligence of the agent so selected.

Illustrations.

(*a*.) A. directs B. to buy and ship a cargo of indigo for him, and to have the cargo properly insured. B. employs an insurance broker of good reputation, who effects an insurance on the cargo. The ship, having the cargo on board, is lost; but owing to the omission of some usual stipulations in the policy of assurance, the underwriters refuse to pay the sum insured. B. is not responsible to A. for the loss, but the insurance broker is.

(*b*.) B., the agent of A., employs an auctioneer in good credit to sell goods of A., and allows the auctioneer to receive the proceeds of the sale. The auctioneer afterwards becomes insolvent without having accounted for the proceeds. B. is not responsible to A. for the proceeds.

[Agent's duty in conducting principal's business.

191. An agent is bound to conduct the business of his principal according to the directions given by the principal, or, in the absence of any

[নিয়োগী কর্ত্তার পক্ষে কর্ম্ম করণার্থে অন্য ব্যক্তিকে মনোনীত করিবার অনুমতি পাইলে ঐ কর্ত্তার নিকট মনোনীত ব্যক্তির সম্পর্কের কথা।]

১৮৯ ধারা। যদি নিয়োগী ঐ নিয়োগীপদসংক্রান্ত কর্ম্মেতে কর্ত্তার পক্ষে কর্ম্ম করণার্থে অন্য ব্যক্তিকে মনোনীত করিবার স্পষ্ট কি অনুভাবিত ক্ষমতা পাইয়া অন্য ব্যক্তিকে নিযুক্ত করেন, তবে সেই ব্যক্তি উপনিয়োগী নহেন, বরং তৎপদসংক্রান্ত কার্য্যের যে অংশ তাঁহার প্রতি অর্পিত হয় সেই অংশসম্পর্কে কর্ত্তার নিয়োগী হন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ আপন উকীল বলরামকে নীলামে আপন সম্পত্তি বিক্রয় করিতে ও নীলাম করিবার জন্যে লোককে নিযুক্ত করিতে আদেশ করেন। বলরাম চন্দ্রমোহন নামক এক ব্যক্তিকে নিযুক্ত করেন। ঐ চন্দ্রমোহন উপনিয়োগী নহেন, নীলাম করিবার জন্যে আনন্দের নিয়োগী হন।

(*b*) আনন্দ নামক কলিকাতার বণিক লণ্ডন নগরস্থ বলরাম নামক মহাজনের নামে দ্রব্য চালান দিয়া তাঁহাকে বিক্রয় করিতে আদেশ করেন। বলরাম আনন্দের জন্যে ঐ দ্রব্য বিক্রয় করিতে চন্দ্র নামক দালালকে নিযুক্ত করেন। চন্দ্র উপনিয়োগী নহেন কিন্তু আনন্দের পক্ষে নিয়োগী।

(*c*) চট্টু কোম্পানির স্থানে আনন্দের টাকা পাওনা হওয়াতে তিনি সেই টাকা আদায় করিবার জন্যে কলিকাতার বলরাম নামক এক জন সওদাগরকে আপনার টর্নি করেন। বলরাম ঐ টাকা আদায়ের জন্যে দিননাথ নামক উকীলকে চট্টু কোম্পানির নামে নালিশ করিতে আদেশ করেন। দিননাথ উপনিয়োগী নহেন কিন্তু আনন্দের পক্ষে উকীল।

[ঐ ব্যক্তিকে মনোনীত করণসম্পর্কে নিয়োগির যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৯০ ধারা। নিয়োগী যখন কর্ত্তার নিমিত্তে তদ্রূপ উপনিয়োগিকে নিযুক্ত করিবে তখন সাধারণ কার্য্যচিন্তক আপনার নিমিত্তে লোককে নিযুক্ত করিলে যদ্রূপ সদ্বিবেচনা করিতেন ঐ নিয়োগী তদ্রূপ সদ্বিবেচনামতে কর্ম্ম করিতে আবদ্ধ আছেন। তাহা করিলে পর তিনি স্বমনোনীত নিয়োগির ক্রিয়ার কি ত্রুটির জন্যে কর্ত্তার নিকটে দায়ী হইবেন না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে বলেন যে তুমি আমার জন্যে নীল ক্রয় করিয়া জাহাজ বোঝাই কর ও সেই বোঝাই দ্রব্যের উপযুক্ত বিমাপত্র লও। বলরাম বিমার বিষয়ে সুখ্যাতাপন্ন কোন দালালকে ঐ কর্ম্মদিলে তিনি বোঝাই দ্রব্যের উপর বিমা গ্রহণ করেন। সেই নীল বোঝাই জাহাজ পরে নষ্ট হয় কিন্তু বিমাপত্রে যেং নিয়ম দিতা লেখা গিয়া থাকে ঐ পত্রে এমন কোন একটা নিয়ম না থাকাপ্রযুক্ত বিমাকারকেরা অঙ্গীকৃত টাকা দিতে স্বীকার করেন না। সেই হানির জন্যে আনন্দ বলরামের নিকটদায়ী নহেন কিন্তু বিমাপত্রের যে দালাল তিনিই দায়ী।

(*b*) আনন্দের নিয়োগী বলরাম আনন্দের জন্যে দ্রব্য বিক্রয় করণার্থে সুখ্যাত নিলামকর্ত্তাকে নিযুক্ত করেন এবং তাঁহাকে নিলামের উৎপন্ন টাকা গ্রহণ করিতে অনুমতি দেন তৎপরে সেই ব্যক্তি নীলামের ঐ উৎপন্ন টাকার হিসাব না দিয়া দেউলিয়া হন। এই স্থলে বলরাম ঐ উৎপন্ন টাকার নিমিত্তে আনন্দের নিকট দায়ী নহেন।

[কর্ত্তার কার্য্য চালাইতে নিয়োগির যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১৯১ ধারা। কর্ত্তা যে আদেশ করেন নিয়োগী সেই আদেশানুসারে ঐ কর্ত্তার কার্য্য চালাইতে আবদ্ধ আছেন। যদি তদ্রূপ কোন আদেশ না দেওয়া যায়,

such directions, according to the custom which prevails in doing business of the same kind. When the agent adopts a different course, if any loss be sustained, he must make it good to his principal, and if any profit accrues he must account for it.

Illustrations.

(*a*.) A., an agent engaged in carrying on for B. a business in which it is the custom to invest from time to time at interest the monies which may be in hand, omits to make such investment. A. must make good to the principal the interest usually obtained by such investments.

(*b*.) B., a broker, in whose business it is not the custom to sell on credit, sells goods of A. on credit to C., whose credit at the time was very high. C., before payment, becomes insolvent. B. must make good the loss to A.

[Skill and diligence required from agent.]

192. An agent is bound to conduct the business of the agency with as much skill as is generally possessed by persons engaged in similar business, unless the principal has notice of his want of skill. The agent is always bound to act with diligence, and to use such skill as he possesses; and to make compensation to his principal in respect of the direct consequences of his own neglect, want of skill, or misconduct, but not in respect of loss or damage which are indirectly or remotely caused by such neglect, want of skill, or misconduct.

Illustrations.

(*a*.) A., a merchant in Calcutta, has an agent B. in London, to whom a large sum of money is paid on A.'s account. B. improperly retains the money for a considerable time. A., in consequence of not receiving the money, becomes insolvent. B. is liable for the money and interest from the day on which it ought to have been paid, according to the usual rate, but not further.

(*b*.) A., an agent for the sale of goods, having authority to sell on credit, sells to B., on credit, without making the proper and usual inquiries as to the solvency of B. B., at the time of such sale, is insolvent. A. must make compensation to his principal in respect of any loss thereby sustained.

(*c*.) A., an insurance broker employed by B. to effect an insurance on a ship, omits to see that the usual clauses are inserted in the policy. The ship is afterwards lost. In consequence of the omission of the clauses nothing can be recovered from the underwriters. A. is bound to make good the loss to B.

(*d*.) A., merchant in England, directs B., his agent at Bombay, to send him 100 bales of cotton by a certain ship. B., having it in his power to send the cotton, omits

তবে সেই প্রকারের কার্য্য চালাওনেতে যে রীতি চলিতেছে সেই রীতিমতে তাহা চালাইতে আবদ্ধ আছেন। যদি নিয়োগী অন্য প্রকারে কর্ম্ম করেন তবে ক্ষতি হইলে কর্ত্তার নিকটে তাঁহার সেই ক্ষতি-পূরণ করিতে হইবে। লাভ হইলে তাহার হিসাব দিতে হইবে ইতি।

উদাহরণ।

(*a*) কোন ব্যবসায় চালাওনেতে যে টাকা হাতে থাকে তাহা সময়েং সুদের নিমিত্তে গচ্ছিত করিবার রীতি চলিতেছে। আনন্দ বলরামের নিয়োগী হইয়া সেই প্রকারের কর্ম্মে নিবিষ্ট আছে কিন্তু টাকা সেইরূপে গচ্ছিত করেন না। গচ্ছিত করিলে যত সুদ পাওয়া যাইতে পারিত কর্ত্তাকে আনন্দের তত টাকা দিতে হইবে।

(*b*) বলরাম দালাল আছেন হাওলাতে দ্রব্য বিক্রয় করা তাঁহার ব্যবসায়ের রীতি নয়। কিন্তু চন্দ্র অতি সুখ্যাত্যাপন্ন লোক তাঁহাকে আনন্দের দ্রব্য হাওলাতে দেন। চন্দ্র দ্রব্যের মূল্য না দিয়া দেউলিয়া হইলেন। আনন্দের যে ক্ষতি হইল বলরামের সেই ক্ষতিপূরণ করিতে হইবে।

[নিয়োগির কর্ম্মদক্ষতার ও যত্নের প্রয়োজন থাকার কথা।]

১৯২ ধারা। কর্ত্তা যদি পূর্ব্বে নিয়োগির কর্ম্মদক্ষতার ন্যূনতা অবগত না হইয়া থাকে, তবে যে লোকেরা কোন ব্যবসায় করিয়া থাকেন তাহারদের সাধারণমতে যদ্রূপ কর্ম্মদক্ষতা থাকে, তদ্রূপ কর্ম্মদক্ষতাক্রমে নিয়োগির সেই ব্যবসায় চালাইতে হইবে। নিয়োগী সর্ব্বদা যত্নপূর্ব্বক ও কর্ম্মদক্ষতাক্রমে সাধ্যমতে কার্য্য করিতে আবদ্ধ আছেন, এবং আপনার শৈথিল্য কি অপটুতা কি অসদাচরণ দ্বারা কর্ত্তার হানি হইলে তাঁহার সেই হানিপূরণ করিতে হইবে। কিন্তু যদি ঐ শৈথিল্য কি অপটুতা কি অসদাচরণ দ্বারা অস্পষ্টরূপে কি গৌণে হানি কি ক্ষতি হয়, তবে তাহা পূরণ করিতে আবদ্ধ নহেন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ নামক কলিকাতার বণিক। বলরাম নামক তাঁহার এক নিয়োগী লণ্ডনে আছেন। তাঁহাকে আনন্দের জন্যে অনেক টাকা দেওয়া গিয়াছে। বলরাম সেই টাকা অনেক কাল অনুচিতমতে নিকটে রাখেন। টাকা না পাওয়াতে আনন্দ দেউলিয়া হইলেন। বলরাম সেই টাকার দায়ী আছেন এবং যে দিবসে দেওয়া উচিত ছিল, সেই দিবসাবধি নিয়মিত হারানুসারে ঐ টাকার উপর সুদেরও দায়ী আছেন তদধিক নয়।

(*b*) আনন্দ দ্রব্য বিক্রয়ার্থে নিয়োগী হইয়া হাওলাতে দ্রব্য বিক্রয় করিবার অনুমতি পান। এবং বলরাম দ্রব্যের মূল্য দিতে পারে কি না এই বিষয়ের রীতিমত উপযুক্ত সন্ধান না লইয়া তাঁহার নিকট হাওলাতে দ্রব্য বিক্রয় করেন। ঐ বিক্রয় কালেই বলরাম দেউলিয়া ছিলেন। তদ্দ্বারা কর্ত্তার যে ক্ষতি হইয়াছে আনন্দের অবশ্য সেই ক্ষতিপূরণ করিতে হইবে।

(*c*) আনন্দ বিমাপত্র সংক্রান্ত দালাল। বলরাম তাঁহাকে জাহাজের বিমা গ্রহণ করিবার জন্যে নিযুক্ত করেন। বিমাপত্রেতে যেং দফা নিয়মিতরূপে লেখা গিয়া থাকে তাহা লেখা গেল কি না আনন্দ সেই বিষয়ে মনোযোগ করিলেন না। পরে জাহাজ নষ্ট হইল। ঐ দফা না থাকাতে বিমাকারকদের স্থানে কিছু টাকা আদায় হইতে পারিল না। আনন্দ বলরামের ক্ষতিপূরণ করিতে আবদ্ধ আছেন।

(*d*) ইংলণ্ডে আনন্দ নামক সওদাগর বোম্বাইয়ে বলরাম নামক আপন নিয়োগিকে কোন বিশেষ জাহাজে ১০০ বস্তা তুলা পাঠাইতে আদেশ করিলেন। বলরাম সেই তুলা

to do so. The ship arrives safely in England. Soon after her arrival the price of cotton rises. B. is bound to make good to A. the profit which he might have made by the 100 bales of cotton at the time the ship arrived, but not any profit he might have made by the subsequent rise.

[Agent's accounts.]

193. An agent is bound to render proper accounts to his principal on demand.

[Agent's duty to communicate with principal.]

194. It is the duty of an agent in cases of difficulty to use all reasonable diligence in communicating with his principal, and in seeking to obtain his instructions.

[Agent dealing on his own account in business of agency without principal's consent.]

195. If a person who is an agent deals on his own account in the business of the agency without first obtaining the consent of the principal, and acquainting him with all material circumstances which have come to his own knowledge on the subject, the principal is at liberty, on discovering such circumstances, either to adopt or to repudiate the transaction.

Illustrations.

(a.) A. directs B. to sell A.'s estate. B. buys the estate for himself in the name of C. A., on discovering that B. has bought the estate for himself, may either repudiate or adopt the sale at his option.

(b.) A. directs B. to sell A.'s estate B. on looking at the estate before selling it, finds a mine on the estate which is unknown to A. B. informs A. that he wishes to buy the estate for himself, but conceals the discovery of the mine. A. allows B. to buy, in ignorance of the existence of the mine. A., on discovering that B. knew of the mine at the time he bought the estate, may either repudiate or adopt the sale at his option.

[Agent dealing on his own account with principal in business of agency, is not entitled, to remuneration.]

196. An agent dealing on his own account with his principal in the business of the agency is not entitled to any remuneration as agent, notwithstanding that the principal adopts the transaction.

Illustration.

A. agrees that B. will find a purchaser for his land in Bombay at 2 Rupees a yard, A. will give B. 5 per cent. commission. B. afterwards buys on his own account, and A. adopts the contract. B. is not entitled to any commission.

[*Government Gazette*, 12*th November* 1867.]

পাঠাইতে পারিলেও পাঠাইলেন না। জাহাজ নিরাপদে ইঙ্গলণ্ডে পঁহুছে। তাহার কিঞ্চিৎ পরে তুলার মূল্য বৃদ্ধি হইল। জাহাজ যে সময়ে পঁহুছিল সেই সময়ে ঐ ১০০ বস্তার উপর আনন্দের যে লভ্য হইতে পারিত বলরাম তাঁহাকে সেই লভ্য দিতে বদ্ধ আছেন। কিন্তু পশ্চাৎ মূল্য বৃদ্ধি হওয়াতে যে লভ্য পাইতে পারিতেন তাহা দিতে বদ্ধ নহেন।

[নিয়োগির হিসাবের কথা।]

১৯৩ ধারা। কর্ত্তা হিসাব চাহিবামাত্র নিয়োগী উপযুক্ত হিসাব দিতে আবদ্ধ আছেন ইতি।

[কর্ত্তার সঙ্গে নিয়োগির লিখন পঠনাদি করিবার বর্ত্তব্যতার কথা।]

১৯৪ ধারা। কর্ম্মের কষ্ট হইলে নিয়োগির বর্ত্তব্য যে যত্নপূর্ব্বক কর্ত্তার সঙ্গে লিখনপঠনাদি করিয়া তাঁহার নিকট আদেশ পাইতে চেষ্টা করেন ইতি।

[নিয়োগী কর্ত্তার অনুমতি বিনা আপনার নিমিত্তে ঐ নিয়োগিপদসংক্রান্ত ব্যবসায় করিলে তদ্বিষয়ের কথা।]

১৯৫ ধারা। যদি কোন ব্যক্তি নিয়োগী হইয়া কর্ত্তার অনুমতি গ্রহণ না করিয়া ও তদ্বিষয়ে প্রয়োজনীয় যে সকল ব্যাপার অবগত হইয়াছেন কর্ত্তাকে তাহা না জানাইয়া আপনার নিমিত্তে ঐ নিয়োগীপদ সংক্রান্ত ব্যবসায় করেন, তবে কর্ত্তা তাহা অবগত হইলে আপন ইচ্ছামতে ঐ ব্যাপার স্বীকার কিম্বা অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে আপনার মহাল বিক্রয় করিতে আজ্ঞা করেন। বলরাম চন্দ্রের নাম করিয়া আপনি ঐ মহাল ক্রয় করেন। আনন্দ সেই কথা জানিতে পাইলে আপন ইচ্ছামতে ঐ বিক্রয় অসিদ্ধ কিম্বা স্বীকার করিতে পারিবেন।

(*b*) আনন্দ বলরামকে আপন মহাল বিক্রয় করিতে আজ্ঞা করেন। বলরাম তাহা বিক্রয় করিবার পূর্ব্বে নিরীক্ষণ করিয়া সেই মহালে ধাতুর আকরের সন্ধান পাইলেন। আনন্দ তাহা জানিতেন না। বলরামও সেই আকর থাকার কথা গুপ্ত রাখিয়া আনন্দকে বলেন যে আমিই ঐ মহাল ক্রয় করিতে চাহি। আনন্দ সেই আকর থাকার কথা না জানিয়া বলরামকে তাহা ক্রয় করিতে দিলেন। পরে বলরাম ঐ মহাল ক্রয় করিবার সময়ে আকর থাকার কথা জানিতেন আনন্দ ইহা জানিতে পাইলে ইচ্ছামতে সেই বিক্রয় অসিদ্ধ কিম্বা স্বীকার করিতে পারিবেন।

[নিয়োগী স্বীয় পদসংক্রান্ত ব্যবসায়ে কর্ত্তার সহিত ক্রয় বিক্রয় করিলে পারিতোষিক পাইবার অযোগ্য হওয়ার কথা।]

১৯৬ ধারা। নিয়োগী যে ব্যবসায় সম্পর্কে নিযুক্ত হন, যদি সেই ব্যবসায়ে আপনার নিমিত্তে কর্ত্তার সঙ্গে কারবার করেন, তবে কর্ত্তা ঐ ব্যাপার স্বীকার করিলেও নিয়োগীস্বরূপ সেই নিয়োগির কোন পারিশ্রমিক পাইবার অধিকার নাই ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামকে কহেন বোম্বাই আমার যে ভূমি আছে তাহার গজপ্রতি ২৲ টাকা হিসাবে মূল্য দিয়া ক্রয় করিবার লোক পাইলে আমি তোমাকে শত করা ৫৲ টাকা কমিস্যন দিব। পরে বলরাম আপনি ঐ ভূমি ক্রয় করেন। আনন্দও স্বীকার করিলেন, কিন্তু বলরাম কমিস্যন লইতে পারিবেন না।

[Principal's right to benefit gained by agent dealing on his own account in business of agency.]

197. If an agent without the knowledge of his principal deals in the business of the agency on his own account instead of on account of his principal, the principal is entitled to claim from the agent any benefit which may have resulted to him from the transaction.

Illustration.

A. directs B. to buy a certain house for him. B. tells A. it cannot be brought, and buys the house for himself. A. may, on discovering that B. has bought the house, compel him to sell it to A. at the price he gave for it.

[Agent's right of retainer out of sums received on principal's account.]

198. An agent may retain, out of any sums received on account of the principal in the business of the agency, all monies due to himself in respect of advances made or expenses incurred by him in conducting such business, and also such remuneration as may be payable to him for acting as agent.

[Agent's duty to pay sums received for principal.]

199. Subject to such deductions, the agent is bound to pay to his principal all sums received on his account.

[When agent's remuneration becomes due.]

200. In the absence of any agreement to the contrary, remuneration in respect of the performance of any act is not due to the agent until the completion of such act.

[Misconduct disentitles agent to remuneration.]

201. An agent who is guilty of gross misconduct in the business of the agency, is not entitled to any remuneration in respect of that part of the business which has been so misconducted.

Illustrations.

(a.) A. employs B. to recover 1,00,000 Rupees from C. and lay it out on good security. B. recovers the 1,00,000 Rupees and lays out 90,000 Rupees on good security, but lays out 10,000 Rupees on insufficient security, whereby A. loses 2,000 Rupees. B. is entitled to remuneration for recovering the 1,00,000 Rupees and for investing the 90,000 Rupees. He is not entitled to any remuneration for investing the 10,000 Rupees, and he must make good the 2,000 Rupees to B.

[নিয়োগি যে ব্যবসায় সম্পর্কে নিযুক্ত হইয়াছেন তাহাতে আপনার নিমিত্তে কারবার করিলে কর্ত্তার লভ্য প্রাপণের অধিকারের কথা।]

১৯৭ ধারা। নিয়োগী যে ব্যবসায় সম্পর্কে নিযুক্ত হন যদি কর্ত্তার অজ্ঞাতসারে মুখ্য ব্যক্তির নিমিত্তে কারবার না করিয়া সেই ব্যবসায়ে আপনার নিমিত্তে কারবার করেন, তবে ঐ ব্যাপারদ্বারা নিয়োগী যে লভ্য প্রাপ্ত হইয়াছেন, কর্ত্তার সেই লভ্য তাঁহার স্থানে গ্রহণ করিবার অধিকার আছে ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামকে আপনার নিমিত্তে ঘর ক্রয় করিতে বলেন। বলরাম আনন্দকে বলেন যে তাহা পাওয়া যাইতে পারে না, তথাচ আপনি তাহা ক্রয় করেন। আনন্দ তাহা অবগত হইলে সেই মূল্য দিয়া বলরামের স্থানে বলপূর্ব্বক সেই ঘর লইতে পারিবেন।

[কর্ত্তার নিমিত্তে নিয়োগী যে টাকা পান, তাহা হইতে তাঁহার কিয়দংশ বাদ দিয়া রাখিবার অধিকারের কথা।]

১৯৮ ধারা। যে কর্ম্ম সম্পর্কে নিয়োগীপদ সৃষ্ট হয় সেই কর্ম্মেতে নিয়োগী যে টাকা আদায় করেন, ঐ কর্ম্ম নির্ব্বাহ করণার্থে তাঁহার যত টাকা অগ্রীম দেওয়া ও খরচ হইয়া থাকে এবং আপনি নিয়োগীর কর্ম্ম করিয়া যত পারিশ্রমিক পাইতে পারিবেন তাহা সমুদয় সেই টাকাহইতে বাদ দিয়া রাখিতে পারিবেন ইতি।

[কর্ত্তার নিমিত্তে নিয়োগী যে টাকা পান তাহা সমুদয় তাঁহাকে দিতে হইবার কথা।]

১৯৯ ধারা। নিয়োগী পূর্ব্বোক্ত টাকা বাদ দিলে পর কর্ত্তার নিমিত্তে যত টাকা পান তৎসমুদয় তাঁহাকে দিতে বদ্ধ আছেন ইতি।

[নিয়োগির পারিশ্রমিক যে সময়ে পাওনা হয় তাহার কথা।]

২০০ ধারা। যদি প্রকারান্তরের কোন করার না হইয়া থাকে, তবে নিয়োগী কোন কর্ম্মের নিমিত্তে যে পারিশ্রমিক পাইবেন সেই কর্ম্ম সম্পাদন করিলে পর তাঁহার সেই পারিশ্রমিক পাওনা হইবে ইতি।

[অসদাচরণ হইলে নিয়োগির পারিশ্রমিক পাইবার অধিকার রহিত হইবার কথা।]

২০১ ধারা। যদি নিয়োগী আপন পদসংক্রান্ত কার্য্যে অত্যন্ত অসদাচারের অপরাধী হয়, তবে কর্ম্মের যে অংশ সম্পর্কে অবিহিত আচার হইয়াছে তজ্জন্যে তাঁহার পারিশ্রমিক পাইবার অধিকার নাই ইতি।

উদাহরণ।

(a) আনন্দ বলরামকে নিযুক্ত করিয়া চন্দ্রমোহনের স্থানে ১০০০০০৲ টাকা আদায় করিয়া যেখানে নিষ্কণ্টকে সুদ পাওয়া যায় এমন স্থানে গচ্ছিত করিতে আদেশ করেন। বলরাম ১০০০০০৲ টাকা আদায় করিয়া ৯০০০০৲ টাকা এমন গচ্ছিত করিলেন যে তাহাতে উত্তম সুদ পাওয়া যায় বাকী ১০০০০৲ টাকার উপর তাদৃশ নিশ্চিত সুদ পাইবার স্থলে গচ্ছিত না করিলে আনন্দের ২০০০৲ টাকা ক্ষতি হইয়াছে। এই স্থলে বলরাম সে ১০০০০০৲ টাকা আদায় করিবার ও ৯০০০০৲ টাকা গচ্ছিত করিবার পারিশ্রমিক পাইতে পারেন। বাকী ১০০০০৲ টাকা গচ্ছিত করিবার পারিশ্রমিক পাইবার যোগ্য নয় ও বলরামকে তাঁহার ঐ ২০০০৲ টাকা দিতে হইবে।

(b.) A. employs B. to recover 1,000 Rupees from C. Through B.'s misconduct the money is not received. B. is entitled to no remuneration for his services, and must make good the loss.

[Agent's lien on principal's goods and papers.]

202. In the absence of any agreement to the contrary, an agent is entitled to retain goods, papers, and other property of the principal received by him, until the amount due to himself for commission, disbursements, and services in respect of the same has been paid or accounted for to him.

Ratification.

[Effect of ratification.]

203. Where acts are done by one person on behalf of another, but without his knowledge, he may elect to ratify or to disown such acts. If he ratify them, the same effects will follow as if they had been performed by his authority.

[Ratification may be expressed or implied.]

204. Ratification may be expressed or may be implied in the conduct of the person on whose behalf the acts are done.

Illustration.

A. without authority buys goods for B. Afterwards B. sells them to C. on his own account. B.'s conduct implies a ratification of the purchase made for him by A.

[Knowledge requisite to valid ratification.]

205. No valid ratification can be made by a person whose knowledge of the facts of the case is materially defective.

[Effect of ratifying unauthorized act forming part of a transaction.]

206. A person ratifying any unauthorized act done on his behalf ratifies the whole of the transaction of which such act formed a part.

[Ratification of unauthorized act cannot injure third person.]

207. An act done without authority, which, if done with authority, would have the effect of subjecting a third person to damages or of terminating any right or interest of a third person, cannot by ratification be made to have such effect.

Illustrations.

(a.) A., an unauthorized person, requires on account of B. the owner of a chattel, the delivery of the chattel to B. This demand cannot be ratified by B. so as to make the holder liable for damages for default.

(b) আনন্দ চন্দ্রমোহনের স্থানে ১০০০৲ টাকা আদায় করিবার জন্যে বলরামকে নিযুক্ত করেন, কিন্তু তাঁহার অনাচরণেতে টাকা পাওয়া গেল না। ঐ কর্ম্মের নিমিত্তে বলরামের পারিশ্রমিক পাইবার অধিকার নাই ও তাঁহার ক্ষতিপূরণ করিতে হইবে।

[কর্ত্তার দ্রব্যের ও কাগজপত্রের উপর নিয়োগির ক্ষমতার কথা।]

২০২ ধারা। যদি প্রকারান্তরের নিয়ম না হইয়া থাকে, তবে নিয়োগী যত কমিসান পাইবেন ও যত টাকা খরচ করেন ও তৎসম্পর্কে যে কর্ম্ম করেন এই সকলের জন্যে তাঁহার যত পাওনা হয় তাহা কিম্বা ঐ টাকা না দেওয়ার বিবরণ যত কাল না পান তিনি কর্ত্তার নিমিত্তে যে দ্রব্য ও কাগজপত্র ও অন্য সম্পত্তি প্রাপ্ত হইয়াছেন তাহা ততকাল স্বহস্তে রাখিতে পারিবেন ইতি।

স্থির করণের বিধি।

[স্থিরীকরণের ফলের কথা।]

২০৩ ধারা। যখন কোন ব্যক্তি অন্যের অজ্ঞাতসার তাঁহার নিমিত্তে কোন কর্ম্ম করেন তখন তিনি আপন ইচ্ছামতে তাহা স্থির কি অগ্রাহ্য করিতে পারিবেন। যদি স্থির করেন তবে তাঁহার দত্ত ক্ষমতামতে কৃত ক্রিয়ার তুল্য ফল হইবে ইতি।

[স্থিরীকরণ স্পষ্ট ব্যক্ত কি অনুভাবিত হইতে পারিবার কথা।]

২০৪ ধারা। যাঁহার নিমিত্তে কার্য্য করা যায় তিনি স্পষ্টরূপে তাহা স্থির করিতে পারিবেন কিম্বা আচরণদ্বারা তাহার অনুভব হইতে পারিবে ইতি।

উদাহরণ।

আনন্দ অনুমতি না পাইয়া বলরামের নিমিত্তে কোন দ্রব্য ক্রয় করিলেন, পরে বলরাম আপন লাভার্থে তাহা চন্দ্রের নিকট বিক্রয় করেন। বলরামের এই কর্ম্মদ্বারা জানা গেল যে আনন্দ তাহার জন্যে যে ক্রয় করিলেন তিনি তাহা স্থির করিয়াছেন।

[স্থিরীকরণ কার্য্য সিদ্ধ হইবার জন্যে জ্ঞান থাকা প্রয়োজনের কথা।]

২০৫ ধারা। ব্যাপারের বৃত্তান্ত ঘটিত গুরুতর অংশে যে ব্যক্তির জ্ঞানের ন্যূনতা থাকে, তাঁহার দ্বারা স্থিরীকরণ সিদ্ধ হইবে না ইতি।

[বিনানুমতির ক্রিয়া কোন ব্যাপারের একাংশ হইলে তাহা স্থিরী করণের ফলের কথা।]

২০৬ ধারা। কোন ব্যক্তির অনুমতি বিনা তাঁহার জন্যে যে কার্য্য করা গেল যদি তিনি সেই কার্য্য স্থির করেন, তবে সেই কার্য্য যে ব্যাপারের একাংশ হয় সেই সম্পূর্ণ ব্যাপারও স্থির করেন ইতি।

[বিনানুমতির কার্য্য স্থিরীকরণদ্বারা তৃতীয় ব্যক্তির হানি না হইবার কথা।]

২০৭ ধারা। ক্রিয়া বিশেষ অনুমতিক্রমে করা গেলে যদি তদ্দ্বারা তৃতীয় ব্যক্তির হানি কিম্বা তৃতীয় ব্যক্তির কোন অধিকারের কি সম্পর্কের অবশেষ হইয়া থাকে, তবে অনুমতিভিন্ন সেই ক্রিয়া করা গেলে স্থিরীকরণদ্বারা ঐ ক্রিয়ার উক্ত ফল হইতে পারিবে না ইতি।

উদাহরণ।

(a) বলরামের কোন দ্রব্য থাকে, আনন্দ অনুমতি না পাইয়া বলরামের পক্ষ হইয়া বলরামকে সেই দ্রব্য সমর্পণ করিতে আজ্ঞা করেন। বলরাম সেই দাওয়া স্থির করিলেও, যে ব্যক্তি ঐ দ্রব্যধারী ছিলেন তিনি ত্রুটিপ্রযুক্ত হানিপূরণের দায়ী হইতে পারেন না।

(b.) A. holds a lease from B. terminable on three months' notice. C., an unauthorized person, gives notice of termination to A. The notice cannot be ratified so as to be binding on A.

[Consequences of notice given to agent.]

208. Any notice given to or information obtained by the agent, provided it be given or obtained in the course of the business transacted by him for the principal, shall, as between the principal and third parties, have the same legal consequence as if it had been given to or obtained by the principal,

Illustrations.

(a) A. is employed by B to buy certain goods from C., and buys them accordingly. In the course of the treaty for the sale A. learns that the goods really belonged to D., but B. is ignorant of that fact. B. is not entitled to set off a debt owing to him from C. against the price of the goods.

(b.) A is employed by B to buy goods from C. A was, before he was so employed, a servant of C., and then learnt that the goods really belonged to D., but B is ignorant of that fact. In spite of the knowledge of his agent, B. may set off against the price of the goods a debt owing to him from C.

[Agent cannot personally enforce nor be bound by contracts on behalf of principal. Implication of agreement to contrary.]

209. In the absence of any agreement to the contrary an agent cannot personally enforce contracts entered into by him on behalf of his principal, nor is he pesonally bound by them.

Explanation.—Such an agreement may be implied in the following cases:—

(1.) Where the contract is made by an agent for the sale or purchase of goods for a merchant resident abroad.

(2.) Where the agent does not disclose the name of his principal.

(3.) Where the principal, though disclosed cannot be sued.

[Performance of contract with agent supposed to be principal.]

210. Where one man enters into an engagement by contract with another, having no knowledge or reasonable ground of suspicion that the other is an agent, the principal, if he requires the performance of the engagement, can only obtain it, subject to the rights and obligations subsisting between the agent and the other party to the contract.

Illustration.

A., who owes 500 Rupees to B., sells 1,000 Rupees' worth of rice to B. A. is acting as agent for C. in the

(b) আনন্দ বলরামের স্থানে পাট্টা লইয়াছেন। পাট্টার মধ্যে এই নিয়ম যে, তিন মাসের সম্বাদ না দিলে ঐ পাট্টার মিয়াদ চলিবে। চন্দ্র অনুমতি না পাইয়া আনন্দকে ঐ পাট্টার মিয়াদ শেষ হইবার সম্বাদ দেন। আনন্দ যাহাতে সেই সম্বাদদ্বারা আবদ্ধ হন ঐ সম্বাদ এমন স্থির করা যাইতে পারিবে না।

[নিয়োগিকে জ্ঞাপন দিবার ফলের কথা।]

২০৮ ধারা। নিয়োগী কর্ত্তার কর্ম্ম করিতেছেন, এমন সময়ে যদি তাঁহাকে কোন কথা জ্ঞাত করা যায় কিম্বা তিনি যদি কোন সম্বাদ পান, তবে কর্ত্তাকে ঐ কথা কি সমাচার জ্ঞাত করা গেলে যে ফল হইত ঐ কর্ত্তার ও তৃতীয় ব্যক্তির মধ্যে পরস্পর আইনসিদ্ধ সেই ফল হইবে ইতি।

উদাহরণ।

(a) বলরাম চন্দ্রমোহনের স্থানে কোন দ্রব্য ক্রয় করিবার জন্যে আনন্দকে নিযুক্ত করেন। আনন্দ তদনুসারে ঐ দ্রব্য ক্রয় করেন। ক্রয় করিবার কথাবার্ত্তা হওন কালে আনন্দ জানিতে পাইলেন যে সেই দ্রব্য দীননাথের। কিন্তু বলরাম তাহা জানিলেন না। চন্দ্রের স্থানে বলরামের টাকা পাওনা আছে কিন্তু তিনি ঐ দ্রব্যের মূল্য কাটিয়া ঐ ঋণের পরিশোধে দ্রব্য লইতে পারিবেন না।

(b) বলরাম চন্দ্রমোহনের স্থানে দ্রব্য ক্রয় করিবার জন্যে আনন্দকে নিযুক্ত করেন। সেই কর্ম্মে নিযুক্ত হইবার পূর্ব্বে আনন্দ চন্দ্রের চাকর হইয়া সেই দ্রব্য দীননাথেরই জানিত। বলরাম তাহা জানিলেন না। নিয়োগি তাহা জ্ঞাত হইলেও চন্দ্রের স্থানে বলরামের যে টাকা পাওনা আছে তাহা তিনি ঐ দ্রব্যের মূল্যহইতে কাটিয়া লইতে পারিবেন।

[কর্ত্তার নিমিত্তে নিয়োগিকর্ত্তৃক চুক্তি প্রবল হইতে না পারিবার কথা। প্রকারান্তরের নিয়ম ভাবত অনুবোধ হইবার কথা।]

২০৯ ধারা। যদি প্রকারান্তরের করার না থাকে, তবে নিয়োগী কর্ত্তার নিমিত্তে যে চুক্তি করেন তাহা তিনি স্বয়ং প্রবল করিতে পারিবেন না ও তিনি স্বয়ং তাহাতে বদ্ধ হন না।

অর্থ। নিম্ন লিখিত স্থলে পূর্ব্বোক্ত করার ভাবত অনুবোধ হইতে পারিবে, যথা—

১। ভিন্নদেশ নিবাসি বণিকের নিমিত্তে যদি নিয়োগিকর্ত্তৃক দ্রব্য ক্রয় কি বিক্রয় করিবার চুক্তি করা যায়।

২। যদি নিয়োগী আপন কর্ত্তার নাম জ্ঞাত না করেন।

৩। কর্ত্তার নাম প্রকাশ হইলেও যদি তাঁহার নামে নালিশ হইতে না পারে ইতি।

[নিয়োগিকে কর্ত্তা জানিয়া তাঁহার সহিত চুক্তি করিলে তৎসাধনের কথা।]

২১০ ধারা। যদি এক ব্যক্তি অন্যের সহিত চুক্তি-ক্রমে প্রতিজ্ঞা করেন কিন্তু সেই অন্য ব্যক্তি নিয়োগী ইহা যদি না জানেন কিম্বা তাঁহার এমত বোধ করিবার যুক্তিযুক্ত কারণ না থাকে, তবে কর্ত্তা সেই প্রতিজ্ঞা সাধন করাইতে ইচ্ছুক হইলে, সেই নিয়োগির এবং চুক্তিসংক্রান্ত অপর ব্যক্তির মধ্যে যে অধিকার ও নিবন্ধন থাকে কেবল তাহার অধীনে ঐ প্রতিজ্ঞা সাধন করাইতে পারিবেন ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামের নিকট ৫০০৲ টাকা ঋণী হইয়া তাঁহাকে ১০০০৲ টাকা মূল্যের চাউল বিক্রয় করেন। সেই ব্যাপারে

transaction, but B. has no knowledge nor reasonable ground of suspicion that such is the case. C. cannot compel B. to take the rice without allowing him to set off A.'s debt.

[Principal's liability where agent personally liable.]

211. In cases where the agent is personally liable, a person dealing with him may hold either him or his principal, or both of them, liable.

Illustration.

A. enters into a contract with B. to sell him 100 bales of cotton, and afterwards discovers that B. was acting as agent for C. A. may sue either B. or C., or both, for the price of the cotton.

[Consequence of inducing agent or principal to act on belief that principal or agent will be held exclusively liable.]

212. A person who enters into a contract with an agent, if he afterwards induces the agent to do any act in the belief that the principal will be held exclusively liable on the contract, cannot hold the agent liable; and in like manner if he induces the principal to do any act in the belief that the agent will be held exclusively liable, he cannot hold the principal liable.

Illustration.

A., in Bombay, agrees as agent for B., a merchant in London, to buy 100 bales of cotton from C. C. intimates to B. that he intends to hold A. exclusively liable for the price of the cotton, and B. relying upon this intimation settles his account with A., giving A. credit for the price of the cotton. A. afterwards becomes bankrupt without having paid the price of the cotton to C. C. cannot hold B. liable for the price of the cotton.

[Liability of pretended agents.]

213. A person untruly representing himself to be the authorized agent of another, and thereby inducing a third person to deal with him as such agent, is liable, if his supposed employer does not ratify his acts, to make compensation to the other, according to the rules laid down in the chapter on contracts, Section 50, in respect of any loss or damage which he has incurred by so dealing.

[Person falsely contracting as agents, not entitled to performance.]

214. A person with whom a contract has been entered into in the character of agent is not entitled to require the performance of it, if he was in reality acting not as agent but on his own account.

[*Government Gazette*, 12th *November* 1867.]

আনন্দ চন্দ্রমোহনের নিয়োগী হইয়া কর্ম্ম করিলেন কিন্তু বলরাম তাহা জানিতে না, তাঁহার এমত বোধ করিবার যুক্তিসঙ্গত কোন কারণও ছিল না। চন্দ্রমোহন আনন্দের ঋণের টাকা দাওয়াভিন্ন বলরামকে বলপূর্ব্বক ঐ চাউল গ্রহণ করাইতে পারিবেন না।

[নিয়োগী স্বয়ং দায়ী হইলে কর্ত্তার দায়ের কথা।]

২১১ ধারা। যে স্থলে নিয়োগী স্বয়ং দায়ী হন সেই স্থলে যে ব্যক্তি তাঁহার সঙ্গে কারবার করেন তিনি হয় নিয়োগিকে অথবা কর্ত্তাকে কিম্বা দুই জনকে দায়ী করিতে পারিবেন ইতি।

উদাহরণ

আনন্দ বলরামকে ১০০ বস্তা তুলা বিক্রয় করিতে চুক্তি করেন পরে জানিতে পাইলেন যে বলরাম চন্দ্রমোহনের নিয়োগী হইয়া কর্ম্ম করিতেছেন। আনন্দ সেই তুলার মূল্য পাইবার জন্যে বলরামের কিম্বা চন্দ্রমোহনের অথবা দুই জনের নামে নালিশ করিতে পারিবেন।

[কেবল কর্ত্তা অথবা কেবল নিয়োগি দায়ী হইবেন এই বিশ্বাস জন্মাইয়া নিয়োগিকে কি কর্ত্তাকে কোন কর্ম্ম করাইবার ফলের কথা।]

২১২ ধারা। যদি কোন ব্যক্তি নিয়োগির সহিত চুক্তি করেন ও সেই চুক্তির উপলক্ষে কেবল কর্ত্তাকে দায়ী জ্ঞান করিব যদি নিয়োগির এমত বিশ্বাস জন্মাইয়া পশ্চাৎ তাঁহাকে কোন কর্ম্ম করিতে প্রবৃত্তি দেন, তবে তিনি নিয়োগীকে দায়ী করিতে পারিবেন না। তদ্রূপেও কেবল নিয়োগিকে দায়ী জ্ঞান করা যাইবে কর্ত্তার এমত বিশ্বাস জন্মাইয়া তাঁহাকে কোন কর্ম্ম করিতে প্রবৃত্তি দিলে, তিনি কর্ত্তাকে দায়ী করিতে পারিবেন না ইতি।

উদাহরণ।

বোম্বাই নিবাসি আনন্দ লণ্ডন নগরের বলরাম নামক বণিকের নিয়োগিস্বরূপ চন্দ্রমোহনের স্থানে ১০০ বস্তা তুলা ক্রয় করিতে অঙ্গীকার করেন। চন্দ্রমোহন বলরামকে বলেন যে ঐ তুলার মূল্যের নিমিত্তে আমি কেবল আনন্দকে দায়ী জ্ঞান করিব। বলরাম সেই কথা অনুসারে কর্ম্ম করিয়া আনন্দের সহিত হিসাব নিষ্পত্তি করিয়া আনন্দের নামে তুলার টাকা লিখিলেন। পরে আনন্দ চন্দ্রমোহনকে তুলার মূল্য না দিয়া দেউলিয়া হন। চন্দ্র সেই তুলার মূল্যের নিমিত্তে বলরামকে দায়ী করিতে পারিবেন না।

[কপট নিয়োগির দায়ের কথা।]

২১৩ ধারা। কোন ব্যক্তি আপনাকে মিথ্যা অন্যের নিকট ক্ষমতাপ্রাপ্ত নিয়োগী কহিয়া সেই নিয়োগীস্বরূপ আপনার সহিত কারবার করিতে তৃতীয় ব্যক্তিকে প্রবৃত্তি দিলে, যদি তাঁহার কল্পিত নিয়োক্তা তাঁহার কার্য্য দৃঢ় না করেন, তবে সেই কারবারেতে ঐ তৃতীয় ব্যক্তির কোন ক্ষতি কি হানি হইলে, চুক্তির অধ্যায়ের ৫০ ধারাতে যে বিধি হইয়াছে, ঐ কপট নিয়োগির সেই বিধিমতে ঐ তৃতীয় ব্যক্তির ক্ষতিপূরণ করিতে হইবে ইতি।

[কোন ব্যক্তি মিথ্যা করিয়া নিয়োগীস্বরূপ চুক্তি লইলে তাঁহার ঐ চুক্তি সম্পাদন করাইবার অধিকার না থাকার কথা।]

২১৪ ধারা। যদি কোন ব্যক্তি আপনাকে নিয়োগী বলিয়া চুক্তি গ্রহণ করেন, কিন্তু বাস্তব নিয়োগিস্বরূপ না হইয়া আপনারই পক্ষে কর্ম্ম করিয়া থাকেন, তবে তাঁহার সেই চুক্তি সম্পাদন করাইবার অধিকার নাই ইতি।

[Liability of principal inducing belief that agent's unauthorized acts were authorized.]

215. When an agent has without authority done acts or incurred obligations to third persons on behalf of his principal, the principal is bound by such acts or obligations if he had by his words or conduct induced such persons to believe that such acts and obligations were within the scope of the agent's authority.

Illustrations.

(*a*) A consigns goods to B. for sale, and gives him verbal instructions not to sell under a fixed price. C. being ignorant of B.'s intructions enters into an agreement with B. to buy the goods at price lower than the reserved price. A. is bound by the agreement.

(*b*.) A. knows that B is an agent of C., and acting under written instructions from C., but makes an agreement with B. as C's agent without asking to see the instructions. The terms of the agreement are contrary to the instructions. C. is not bound by the agreement.

[Ship-master's authority to sign bill of lading.]

216. The master of a ship has not, as such, any authority to sign bills of lading without receiving the goods to which they refer.

[Master's liability for injuries caused by his servant.]

217. A master is bound to make compensation to third persons for injuries caused by the negligence or unskilfulness of his servant acting as such, but not for his wilful misconduct.

Illustrations.

(*a*) A's coachman, driving A.'s carriage on A's business, strikes B.'s horses, not wantonly, but in order to extricate himself from a difficulty, and causes the horses to run away, in consequence of which B's carriage is overturned and broken. A is liable to make compensation to B. in respect of the loss or damaged caused to him by the breaking of the carriage.

(*b*) A's coachman, driving A's coach on A.'s business, wantonly strikes B's horses, which run away, in consequence of which B's carriage is overturned and broken. A is not, but his coachman is, liable to make compensation to B in respect of the loss or damaged caused to him by the breaking of the carriage.

(*c*.) The commander of A's ship, navigating the ship on A.'s business, through negligence runs over B's boat. A. is liable to make compensation to B. in respect of loss or damage caused to him thereby.

(*d*) The commander of A's ship, navigating the ship on A's business, intentionally runs over B.'s boat. A is not, but the commander is, liable to make compensation to B. in respect of loss or damaged caused to him thereby.

[নিয়োগির বিনানুমতিক্রমে ক্রিয়া অনুমতি মিত্র এমত বিশ্বাস জন্মাইলে কর্ত্তার দায়ের কথা।]

২১৫ ধারা। যদি নিয়োগী অনুমতি না পাইয়া কর্ত্তার পক্ষে তৃতীয় ব্যক্তিরদের নিকটে কর্ম্ম করিয়া কি নিবন্ধন বর্ত্তাইয়া থাকেন, এবং সেই ক্রিয়া কি নিবন্ধন নিয়োগির ক্ষমতার মধ্যবর্ত্তি ছিল কর্ত্তা যদি কথার কি কর্ম্মের দ্বারা ঐ তৃতীয় ব্যক্তিরদের এমত বিশ্বাস জন্মাইয়া থাকেন, তবে কর্ত্তা সেই ক্রিয়াতে কি নিবন্ধনে বদ্ধ আছেন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে কএক দ্রব্য বিক্রয় করণার্থে সমর্পণ করিয়া তাঁহাকে নির্দ্ধারিত মূল্যের ন্যূন মূল্যে ঐ দ্রব্য বিক্রয় না করিবার বাচনিক আজ্ঞা দেন। বলরাম যে আদেশ প্রাপ্ত হইয়াছেন চন্দ্রমোহন তাহা না জানিয়া বলরামের নিকট ঐ অবধারিত মূল্যের ন্যূন মূল্যে ঐ দ্রব্য ক্রয় করিবার করার করেন। আনন্দ সেই করারে বদ্ধ আছেন।

(*b*) বলরাম চন্দ্রমোহনের নিয়োগী ও তাঁহার লিখিত আদেশানুসারে কর্ম্ম করিতেছেন, আনন্দ ইহা জানিয়া আদেশপত্র দেখিতে না চাহিয়া চন্দ্রমোহনের নিয়োগীস্বরূপ বলরামের সহিত কোন করার করেন। সেই করারের নিয়ম ঐ আদেশপত্রের বিপক্ষ ভাবাপন্ন। চন্দ্র সেই করারে বদ্ধ নহেন।

[বিলঅফলেডিঙ্গে স্বাক্ষর করিতে জাহাজের অধ্যক্ষের ক্ষমতার কথা।]

২১৬ ধারা। বিলঅফলেডিঙ্গ নামক পত্রে যে২ দ্রব্যের উল্লেখ হইয়াছে, জাহাজের অধ্যক্ষ সেই২ দ্রব্য প্রাপ্ত না হইলে, সেই পত্রে জাহাজের অধ্যক্ষ বলিয়া তাঁহার স্বাক্ষর করিবার ক্ষমতা নাই ইতি।

[চাকরের দ্বারা হানি হইলে মুনিবের দায়ের কথা।]

২১৭ ধারা। চাকর যে সময়ে চাকরস্বরূপ কর্ম্ম করিতেছে সেই সময়ে তাঁহার অপটুতা কি অমনোযোগ দ্বারা অন্য ব্যক্তির হানি হইলে মুনিবের সেই হানিপূরণ করিতে হইবে। কিন্তু স্বেচ্ছামতে চাকরের অসদাচরণ দ্বারা যে হানি হয় তিনি তাহা পুরণ করিতে বদ্ধ নহেন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দের কোচমান আনন্দের কোন কর্ম্মবশত আনন্দের গাড়ি চালাইতেছে এমন সময়ে বলরামের গাড়ীর দুই ঘোড়াকে প্রহার করিল। তাহা অকারণে করিল না কিন্তু সঙ্কটাবস্থাহইতে উত্তীর্ণ হইবার জন্যে করিল। বলরামের ঘোড়া প্রহারিত হইয়া পলায়ন করিলে গাড়ি উল্টিয়া পড়িয়া ভাঙ্গিয়া গেল। ঐ গাড়ী ভাঙ্গাতে বলরামের যে ক্ষতি কি হানি হইয়াছে, তিনি আনন্দের স্থানে তাহার প্রতিকার পাইবেন।

(*b*) আনন্দের কোচমান আনন্দের কোন কার্য্যবশত আনন্দের গাড়ী চালাইতেছে এমন সময়ে অকারণে বলরামের গাড়ীর দুই ঘোড়াকে প্রহার করিল তাহাতে ঘোড়া পলাইলে গাড়ি উল্টিয়া পড়িয়া ভাঙ্গিয়া গেল। এই স্থলে গাড়ী ভাঙ্গাতে বলরামের যে ক্ষতি কি হানি হয় সেই হানিপূরণ করিতে আনন্দ দায়ী নহেন তাঁহার কোচমান দায়ী।

(*c*) আনন্দের জাহাজের অধ্যক্ষ আনন্দের কোন কার্য্য বশতঃ জাহাজ চালাইতেছেন এমন সময়ে অমনোযোগে বলরামের নৌকা জলে নিমগ্ন করিলেন। ইহাতে বলরামের যে ক্ষতি কি হানি হইয়াছে আনন্দের সেই হানিপূরণ করিতে হইবে।

(*d*) আনন্দের জাহাজের অধ্যক্ষ আনন্দের কার্য্য বশতঃ তাঁহার জাহাজ চালাইতেছে এমন সময়ে ইচ্ছাপূর্ব্বক বলরামের নৌকা জলে নিমগ্ন করিলেন। তাহাতে বলরামের যে ক্ষতি কি হানি হয় আনন্দ তাহার দায়ী নহেন অধ্যক্ষ দায়ী।

(e.) A.'s coachman driving A.'s coach, but not on A.'s business, through negligence runs over B., who thereby sustains severe bodily injury. A. is not, but the coachman is, liable to make compensation to B. in respect of such injury.

(f.) A. employs B. to act as conductor of his omnibus. C. enters the omnibus, and having behaved improperly there, is removed by B. with unnecessary voilence. In consequence of B.'s voilence C. is seriously injured. A. is not, but B. is, liable to make compensation to C. in respect of the effects of such injury.

(g.) A. was in the habit of buying corn and directing the vendor to deliver it at B.'s wharf, and of paying for the corn on the production of the receipt of B. or his servant. B.'s servant, whose duty it was to receive the corn, and give receipts for it on behalf of B., gave C. a receipt for corn that had never been delivered, and thus enabled C. to obtain money from A. B. is not liable to make compensation to A. in respect of the loss caused to him by the conduct of B.'s servant.

[Employer's responsibility for injuries caused to third person in doing lawful act.]

218. A person who employs another to do a lawful act, otherwise than as a servant, is not responsible for injuries caused to third persons in the doing of that act by the negligence or unskilfulness of the person employed, except in any case where the injuries may have been caused by conduct which the employer had authorized or adopted.

Illustrations.

(a.) A. employs B., a builder, to pull down and rebuild A.'s house. In consequence of the negligence of B.'s workmen in pulling down the house, the front of C.'s house, which adjoins A.'s, falls down. A. is not liable to make good the loss to C., but B. is.

(b.) A. employs B., a builder, to execute certain alterations in a house, including the preparation and fixing of gas fittings. B. makes a sub-contract with C., a gas-fitter, to execute this part of the work. D. is injured by an explosion of gas, caused by C.'s negligence. C. is, but A. and B. are not, liable to make compensation to D. in respect of such injury.

[Responsibility for injuries arising from non-performance of act which a person is bound to do.]

219. A person who is bound to do any act is responsible for all injuries arising from the non-performance of such act, although he may have employed another to do it.

Illustrations.

(a.) A. is bound to repair the wall of his house, which is in a dangerous state. He employs B. to repair it. B.

(e) আনন্দের কোচমান আনন্দের গাড়ী চালাইতেছে কিন্তু আনন্দের কার্য্যের উপলক্ষে নয়, এমন সময়ে অমনোযোগে গাড়ীর চাকা বলরামের গায়ের উপর দিয়া গেল। তাহাতে তাহার শারীর গুরুতর হানি হইল। বলরামের সেই হানির উপলক্ষে আনন্দ দায়ী নহেন তাঁহার কোচমান দায়ী।

(*f*) আনন্দ বলরামকে "অমনিবস" নামে সাধারণ লোকদের যাইবার গাড়ীর রক্ষকস্বরূপ নিযুক্ত করেন। চন্দ্রমোহন ঐ গাড়ীর ভিতর গেল কিন্তু তাহার দুষ্টাচার প্রযুক্ত বলরাম তাহাকে খেদাইয়া দিলেন। এই কর্ম্মে তিনি অনাবশ্যক বল প্রকাশ করিলেন। ও তাহাতে চন্দ্রমোহনের গুরুতর হানি হইল। ইহার যে ফল হয় তজ্জন্যে আনন্দ চন্দ্রমোহনের প্রতিকার করিবার দায়ী নহেন বলরাম দায়ী।

(*g*) আনন্দের এই রীতি আছে। তিনি শস্য ক্রয় করিলে বিক্রেতাকে বলরামের আড়তে শস্য সমর্পণ করিতে আজ্ঞা দিতেন, পরে বলরামের কিম্বা তাহার চাকরের রসীদ পাইলে তিনি শস্যের মূল্য দিতেন। বলরামের চাকর সেই শস্য গ্রহণ করিয়া বলরামের পক্ষে রসীদ দিতেন। একবার শস্য সমর্পণ না হইলেও বলরাম চন্দ্রকে রসীদ দিলেন, তাহাতে চন্দ্র আনন্দের স্থানে টাকা পাইলেন। বলরামের চাকরের কর্ম্মদ্বারা আনন্দের যে ক্ষতি হইয়াছে, বলরাম তাহার প্রতিকারের দায়ী নহেন।

[বৈধ কর্ম্ম করণকালে তৃতীয় ব্যক্তির হানি হইলে মুনিবের দায়ের কথা।]

২১৮ ধারা। কোন ব্যক্তি চাকর ভিন্ন অন্য লোককে কোন বৈধ কর্ম্ম করিতে নিযুক্ত করিলে যদি সেই লোকের অমনোযোগ কি অপটুতাদ্বারা তৃতীয় ব্যক্তির হানি হইয়া থাকে, তবে যে ক্রিয়ার দ্বারা ঐ হানি হইয়াছে মুনিব আপনি সেই ক্রিয়া করিবার অনুমতি না দিলে কিম্বা তাহা স্বীকার না করিলে তিনি তৃতীয় ব্যক্তির নিকটে ঐ হানির দায়ী হইবেন না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ আপন ঘর ভাঙ্গিয়া নূতন ঘর প্রস্তুত করিবার জন্যে বলরাম নামক গৃহ নির্ম্মাতাকে নিযুক্ত করেন। ঘর ভাঙ্গিবার সময়ে বলরামের মজুরদিগের মনোযোগ না থাকাতে আনন্দের ঘরের সন্নিকট চন্দ্রের যে ঘর আছে তাহার অগ্রভাগ পড়িয়া গেল। চন্দ্রের হানিপূরণ করিতে আনন্দ দায়ী নহেন, বলরাম দায়ী।

(*b*) আনন্দ কোন গৃহের কএক অংশ নূতন করিবার ও গ্যাসের আলো জ্বালাইবার উপযুক্ত সকল নলপ্রভৃতি দিবার জন্যে বলরাম নামক গৃহ নির্ম্মাতাকে নিযুক্ত করেন। বলরাম গ্যাস সংক্রান্ত কার্য্য সম্পাদনার্থে চন্দ্র নামক গ্যাসফিটরের সঙ্গে চুক্তি করেন। চন্দ্রের অমনোযোগেতে গ্যাস হঠাৎ জ্বলিয়া উঠিলে দিননাথের হানি হইল। সেই হানির জন্যে আনন্দের ও বলরামের উপর প্রতিকারের দায় থাকে না। চন্দ্র দায়ী আছেন।

[কোন ব্যক্তির যে কর্ম্ম করা আবশ্যক তাহা না করাতে যে ক্ষতি হয় তৎসম্পর্কীয় দায়ের কথা।]

২১৯ ধারা। যে ব্যক্তি কোন কর্ম্ম করিতে আবদ্ধ হন তাঁহার সেই কর্ম্ম না করাতে যে হানি হয় তিনি তাহার দায়ী, যদ্যপি অন্য ব্যক্তিকে সেই কর্ম্ম করিতে নিযুক্ত করিয়া থাকেন, তথাপি দায়ী হন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দের ঘরের দেয়াল জীর্ণাবস্থ হওয়াতে তিনি তাহা সারাইয়া দিতে আবদ্ধ আছেন। তাহা সারাইবার জন্যে

omits to do so. The wall falls down; and in doing so draws with it a part of an adjoining house belonging to C. A. is liable to make good the loss to C.

(b.) A. is bound to cover in a drain in front of his house, and employs B. to do so. B. neglects to cover in the drain; in consequence of B.'s negligence C. falls into the drain, and is hurt. A. must make compensation to C.

[Compensation for injuries caused by act of person employed to do the act.]

220. A person employing another to do any act is bound to make compensation to third persons in respect of injuries caused directly by such act.

[Master's liability for injury to one servant by misconduct, &c., of another.]

Exception.—Where two persons are engaged as agents or servants to the same master for a common object, the master is not bound to make compensation to one servant in respect of loss or damage arising from the misconduct, negligence, or want of skill of the other, unless he neglected to use ordinary care in the selection of the servant who has caused the injuries.

Illustrations

(a.) A. employs B. to build a house according to a particular plan. The house cannot be built without obscuring the lights of a neighbour's house. The house is built accordingly. A. is liable to make good the loss or damage thereby sustained by the neighbour.

(b.) The guard of a train is injured through the neglect of the plate-layers to keep the line in proper order. Ordinary care had been used in the selection of the plate-layers. The Railway Company is not liable to indemnify the guard.

[Compensation to agent for injury caused by principal's neglect.]

221. The master must make compensation to his agent or servant in respect of injury caused to such agent or servant by the master's neglect or want of skill.

Illustration.

A. employs B. as a brick-layer in building a house, and puts up the scaffolding himself. The scaffolding is unskilfully put up, and B. is in consequence hurt. A. must make compensation to B.

[Profit resulting from agent's fraud.]

222. The principal cannot retain any profit resulting from the fraud of his agent, although such fraud have been unathorized by or unknown to the principal.

[Agent's responsibility fot injuries arising from neglect.]

223. An agent is not responsible to third persons for injuries to them arising from his neglect

বলরামকে নিযুক্ত করেন। বলরাম তাহা করেন না, না করাতে দেয়াল পড়িয়া যায়, এ চন্দ্রের ... দেয়ালের সঙ্গে ঐ ঘরের একাংশ পড়িয়া যায়। আনন্দ চন্দ্রের ক্ষতিপূরণের দায়ী।

(b) আনন্দের ঘরের সম্মুখে যে খোলা পয়ঃপ্রণালী আছে তাহা তিনি আবৃত করিতে বদ্ধ হইয়া তাহা করিবার জন্যে বলরামকে নিযুক্ত করেন। বলরাম অমনোযোগে ঐ পয়ঃপ্রণালী আবৃত করিলেন না, না করাতে চন্দ্র পয়ঃপ্রণালীতে পড়িয়া আঘাত পাইলেন। চন্দ্রের ক্ষতিপূরণ করিতে আনন্দের দায়।

[যে ব্যক্তি কোন কর্ম্ম করিতে নিযুক্ত হন তাঁহার সেই কর্ম্ম দ্বারা হানি হইলে ঐ হানি পূরণের কথা।]

২২০ ধারা। যদি কোন ব্যক্তি কোন কর্ম্ম করিবার জন্যে অন্যকে নিযুক্ত করেন, তবে সেই কর্ম্মদ্বারা তৃতীয় ব্যক্তিদের স্পষ্ট হানি হইলে, সেই ব্যক্তির ঐ ক্ষতিপূরণ করিতে হইবে ইতি।

[এক চাকরের অসদাচারাদির নিমিত্ত অন্য চাকরের হানি হইলে মুনিবের দায়ের কথা।]

বর্জ্জনীয় কথা। যদি দুই ব্যক্তি সাধারণ কার্য্যের নিমিত্তে একি মুনিবের নিয়োগী কি চাকর স্বরূপ নিযুক্ত হন, তবে এক জনের অসদাচার কি অমনোযোগ কি অপটুতা হেতুক অন্যের ক্ষতি কি হানি হইলে মুনিব সেই অন্য চাকরের ক্ষতিপূরণ করিতে বদ্ধ নহেন। কিন্তু যে চাকরদ্বারা ক্ষতি হইয়াছে যদি মুনিব সাধারণমতে সতর্ক হইয়া তাহাকে মনোনীত না করিয়া থাকেন, তবে দায়ী হইবেন।

উদাহরণ।

(a) আনন্দ বলরামকে বিশেষ ডৌলের ঘর নির্ম্মাণ করিবার জন্যে নিযুক্ত করেন। ঘর সেই প্রকারে নির্ম্মাণ করিলে প্রতিবাসির ঘরে আলোপ্রবেশের পথ রুদ্ধ হয়। ঘর তদ্রূপে নির্ম্মাণ করা গেল। তদ্দ্বারা প্রতিবাসির যে ক্ষতি কি হানি হয় আনন্দের তাহার প্রতিকার করিতে হইবে।

(b) রেলপথে যাহারা লৌহের পাত বসায় তাহারদের ঐ পথ উপযুক্তমতে রাখিবার অমনোযোগে ট্রেনের গার্ডের হানি হয়। পাত বসাইবার লোকদিগকে সাধারণ সতর্কতা ক্রমে মনোনীত করা গেল। রেলওয়ে কোম্পানি ঐ গার্ডের ক্ষতিপূরণের দায়ী নহেন।

[কর্ত্তার অমনোযোগে নিয়োগির হানি হইলে তাঁহার হানিপূরণের কথা।]

২২১ ধারা। কর্ত্তার অমনোযোগ কি অপটুতাদ্বারা নিয়োগির কি চাকরের হানি হইলে, সেই নিয়োগির কি চাকরের হানিপূরণ কর্ত্তার করিতে হইবে ইতি।

উদাহরণ।

আনন্দ ঘর নির্ম্মাণ করিতে বলরামকে রাজস্বরূপে নিযুক্ত করিয়া আপনি ভারা তুলিয়া দেন। ঐ ভারা অপটুভাবে তোলা গিয়াছিল তাহাতে বলরামের হানি হইল। বলরামের হানিপূরণ আনন্দের করিতে হইবে।

[নিয়োগির প্রতারণাদ্বারা যে লভ্য হয় তাহার কথা।]

২২২ ধারা। নিয়োগির প্রতারণার দ্বারা যে লভ্য হয়, কর্ত্তা যদিও প্রতারণার অনুমতি না দিয়া ও তদ্বিষয় অবগত না হইয়া থাকেন তথাপি তিনি ঐ লভ্য রাখিতে পারিবেন না ইতি।

[নিয়োগির অমনোযোগে যে হানি হয় তজ্জন্যে তাঁহার দায়ের কথা।]

২২৩ ধারা। নিয়োগির কর্ত্তব্য কর্ম্মে অমনোযোগ হইলে তৃতীয় ব্যক্তিদের যে হানি হয় তজ্জন্যে তিনি

of duty, but he is bound to make compensation to his employer in respect of all sums properly paid by him on account of such injuries.

Illustration.

A. is bound to cover in a drain in front of his house, and employs B. to do so. B. neglects to cover in the drain; in consequence of B.'s negligence, C. falls into the drain, and is hurt. B. is not liable to make compensation to C; but B. must make compensation to A. in respect of any compensation which A. has been compelled to make to C.

[Agent's responsibility for wrongful acts.]

224. An agent is in all cases responsible to third persons for wrongful acts done by him, though such acts may have been previously commanded or subsequently ratified by his employer.

[Termination of agency.]

225. An agency is terminated by the principal revoking his authority or by the agent renouncing the business of the agency, or by the business of the agency being completed, or by either the principal or agent dying or becoming of unsound mind: or by the principal being adjudicated an Insolvent under the provisions of any Act for the time being in force for the relief of Insolvent debtors.

[Where agency is coupled with an interest.]

226. Where the agent has himself an interest in the property which forms the subject matter of the agency, the agency cannot be terminated to the prejudice of such interest.

Illustrations.

(*a.*) A. gives authority to B. to sell A.'s land, and to pay himself out of the proceeds the debts due to him from A. A. cannot revoke this authority, nor can it be terminated by his insanity or death.

(*b.*) A. consigns 1,000 bales of cotton to B., who has made advances to him on such cotton, and desires B. to sell the cotton, and to repay out of the price the amount of his own advances. A. cannot revoke this authority, nor is it terminated by his insanity or death.

[Revocation of agent's authority.]

227. The principal may (save as is otherwise provided by the last preceding section) revoke the authority given to his agent at any time before the authority has been exercised so as to bind the principal.

[Revocation where authority has been partly exercised.]

228. The principal cannot revoke the authority given to his agent after the authority has been

[*Government Gazette*, 12*th November* 1867.]

তাঁহারদের নিকট দায়ী নহেন, কিন্তু সেই হানির জন্যে কর্ত্তার যে উপযুক্ত প্রতিকার করিতে হয় তৎসম্পর্কে নিয়োগী তাঁহার ক্ষতিপূরণ করিতে বদ্ধ আছেন ইতি।

উদাহরণ।

আনন্দ আপন ঘরের সম্মুখ নরদমা আবৃত করিতে বদ্ধ হইয়া বলরামকে সেই কর্ম্মে নিযুক্ত করিলেন। বলরাম ঐ নরদমা আবৃত করিলেন না। তাঁহার ত্রুটি প্রযুক্ত চন্দ্র নরদমায় পড়িয়া আঘাতি হন। বলরাম চন্দ্রের হানি পূরণের দায়ী নহেন। কিন্তু চন্দ্রের ক্ষতিপূরণ আনন্দের করিতে হইয়াছে ও তদ্ধেতুক আনন্দের ক্ষতিপূরণ বলরামের করিতে হইবে।

[অন্যায় ক্রিয়ার জন্যে নিয়োগির দায়ের কথা।]

২২৪ ধারা। নিয়োগী কোন অন্যায় ক্রিয়া করিলে যদ্যপি কর্ত্তা পূর্ব্বে তাঁহাকে সেই ক্রিয়া করিবার আজ্ঞা দিয়া থাকেন, কি পশ্চাতে তাহা দৃঢ় করিয়া থাকেন তথাপি সেই নিয়োগী তজ্জন্যে উত্তরদায়ী হইবেন ইতি।

[নিয়োগি পদের অবশেষ হইবার কথা।]

২২৫ ধারা। কর্ত্তা ক্ষমতা নিবর্ত্তন করিলে, কিম্বা নিয়োগী ঐ পদসংক্রান্ত কার্য্য ত্যাগ করিলে, কিম্বা ঐ কার্য্য সম্পূর্ণ হইলে, কিম্বা কর্ত্তা কি নিয়োগী মরিলে কি বিকৃতমনা হইলে, কিম্বা যোত্রহীন ঋণিদের উপকারার্থে যে আইন যে সময়ে প্রচলিত থাকে সেই আইনের বিধানমতে কর্ত্তা আদালতের বিচারে যোত্রহীন হইলে, ইহার মধ্যে কোন কার্য্য দ্বারা নিয়োগী পদ রহিত হইয়া যায় ইতি।

[যে স্থলে নিয়োগি পদের সহিত স্বার্থ সম্পর্ক থাকে সেই স্থলের কথা।]

২২৬ ধারা। যে সম্পত্তি সম্পর্কে নিয়োগি পদ সৃষ্ট হয় যদি সেই সম্পত্তিতে নিয়োগির স্বার্থ থাকে, তবে সেই স্বার্থের হানিজনক ভাবে ঐ নিয়োগিপদ রহিত করা যাইতে পারিবে না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে এই অনুমতি দেন যে আমার নিকট আপনার যে টাকা পাওনা আছে আমার ভূমি বিক্রয় করিয়া ভূমির মূল্যহইতে তাহা কাটিয়া লইবেন। আনন্দ সেই অনুমতি রহিত করিতে পারিবেন না, এবং উন্মত্ত কি মৃত হইলেও তাহার নিবৃত্তি হইতে পারিবে না।

(*b*) বলরাম তুলার নিমিত্তে আনন্দকে অগ্রীম টাকা দিয়াছেন, এবং আনন্দ তাঁহাকে ১০০০ বস্তা তুলা দিয়া তাহা বিক্রয় করিয়া তাহার মূল্যহইতে ঐ অগ্রীম টাকা লইতে আদেশ করেন। আনন্দ ঐ ক্ষমতা রহিত করিতে পারিবেন না এবং তিনি উন্মত্ত হইলে কি মরিলেও তাহা নিবৃত্ত হইতে পারিবে না।

[নিয়োগির ক্ষমতা রহিত করিবার কথা।]

২২৭ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখিত স্থলভিন্ন, নিয়োগী যে ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন সেই ক্ষমতাক্রমে কার্য্য করণ দ্বারা যত কাল কর্ত্তাকে আবদ্ধ না করেন তত কালের মধ্য কোন সময়ে কর্ত্তা নিয়োগির ঐ ক্ষমতা রহিত করিতে পারিবেন ইতি।

[ঐ ক্ষমতাক্রমে অংশতঃ কার্য্য হইলে পর নিবৃত্তির কথা।]

২২৮ ধারা। নিয়োগিকে যে ক্ষমতা দেওয়া গিয়াছে তদনুসারে অংশতঃ কার্য্য হইলে পর, সেই কার্য্য দ্বারা

partly exercised, so far as regards such acts and obligations as arise from acts already done in the agency.

Illustrations.

(*a.*) A. authorizes B. to buy 1,000 bales of cotton on account of A., and to pay for it out of A.'s monies remaining in his hands. B. buys 1,000 bales of cotton in his own name, so as to make himself personally liable for the price. A. cannot revoke his authority so far as regards payment for the cotton.

(*b.*) A. authorizes B. to buy 1,000 bales of cotton on account of A., and to pay for it out of A.'s monies remaining in B.'s hands. B. buys 1,000 bales of cotton in A.'s name, and so as not to render himself personally liable for the price. A. can revoke B.'s authority to pay for the cotton.

[Compensation for revocation or renunciation.]

229. If it has been agreed expressly or by implication that the agency should be continued for any period of time, the principal must make compensation to the agent, or the agent to the principal, as the case may be, for any previous revocation or renunciation of the agency without sufficient cause.

[Notice of revocation or renunciation.]

230. Reasonable notice must be given of such revocation or renunciation or the damage thereby resulting to the principal or the agent, as the case may be, must be made good to him by the other.

[Revocation and renunciation may be expressed or implied.]

231. Revocation and renunciation may be expressed, or may be implied in the conduct of the principal or agent respectively.

Illustration.

A. empowers B. to let A.'s house. Afterwards A. lets it himself. This is an implied revocation of B.'s authority.

[When termination of agent's authority takes effect.]

232. The termination of the authority of an agent does not, so far as regards the agent, take effect before it becomes known to him, or, so far as regards third persons before it becomes known to them.

Illustrations.

(*a.*) A. directs B. to sell goods for him, and agrees to give B. 2 per cent. commission on the price fetched by the goods. A. afterwards by letter revokes his authority. B., after the letter is sent, but before he receives it, sells the goods for 100 Rupees. The sale is binding on A., and B. is entitled to two Rupees as his commission.

(*b.*) A., at Madras, by letter directs B. to sell some cotton lying in a warehouse in Bombay for him, and after-

যে ক্রিয়া ও যে নির্বন্ধ হয় তৎসম্পর্কে কর্ত্তা ঐ ক্ষমতা নিরস্ত করিতে পারিবেন না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে কহেন, তোমার হাতে আমার যে টাকা আছে তাহাহইতে আমার জন্যে ১০০০ বস্তা তুলা ক্রয় কর। বলরাম আপনার নামে ১০০০ বস্তা তুলা এমন ক্রয় করেন যে আপনি তাহার মূল্যের দায়ী হন। তুলার মূল্য দিবার বিষয়ে আনন্দ যে ক্ষমতা দিয়াছেন তাহা নিরস্ত করিতে পারিবেন না।

(*b*) আনন্দ বলরামকে কহেন তোমার হাতে আমার যে টাকা আছে তাহাহইতে আমার জন্যে ১০০০ বস্তা তুলা ক্রয় কর। বলরাম আনন্দের নামে ১০০০ বস্তা এমন ক্রয় করেন যে আপনি তাহার মূল্যের জন্যে দায়ী না হন। আনন্দ বলরামকে তুলার মূল্য দিবার যে ক্ষমতা দিয়াছিলেন তাহা রহিত করিতে পারিবেন।

[নিবৃত্তির কি পরিত্যাগের দ্বারা যে ক্ষতি হয় তৎপূরণের কথা।]

২২৯ ধারা। নিয়োগিপদ নিরূপিত কাল থাকিবে, যদি স্পষ্টতঃ কি ভাবত এমন অঙ্গীকার হইয়া থাকে, তবে সেই কালের পূর্ব্বে বিশেষ কারণ না থাকিলেও কর্ত্তা ঐ পদের কর্ম্ম নিবৃত্ত করিলে তদ্দ্বারা নিয়োগির যে ক্ষতি হয় তৎপূরণ করিবেন, কিম্বা নিয়োগী পদ ত্যাগ করিলে তদ্দ্বারা কর্ত্তার যে ক্ষতি হয় তাহা তিনি পূরণ করিবেন ইতি।

[নিবৃত্তির কি পরিত্যাগের জ্ঞাপনির কথা।]

২৩০ ধারা। উক্ত প্রকারের নিবৃত্তির কি পরিত্যাগের সংবাদ উপযুক্ত সময় থাকিতে দিতে হইবে। নতুবা তদ্দ্বারা কর্ত্তার কিম্বা বিষয় বিশেষে নিয়োগির ক্ষতি হইলে নিয়োগির কি কর্ত্তার সেই ক্ষতি পূরণ করিতে হইবে ইতি।

[নিবৃত্তি ও পরিত্যাগ স্পষ্টরূপে কি ভাবক্রমে ব্যক্ত হইবার কথা।]

২৩১ ধারা। নিবৃত্তি ও পরিত্যাগ স্পষ্টরূপে ব্যক্ত হইতে পারিবে, অথবা কর্ত্তার কি নিয়োগির কর্ম্মের ভাবদ্বারা জানা যাইতে পারিবে ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামকে আপন ঘর ভাড়া দিবার ক্ষমতা দেন। পরে আনন্দ আপনি ঘর ভাড়া দেন। এই কর্ম্মের ভাবেতে বলরামের ক্ষমতার নিবৃত্তি অনুবোধ হয়।

[নিয়োগির ক্ষমতার নিবৃত্তি যে সময়ে সফল হয় তাহার কথা।]

২৩২ ধারা। নিয়োগী যত কাল স্বীয় ক্ষমতার নিবৃত্তির কথা অবগত না হন, তত কাল তাঁহার পক্ষে সেই নিবৃত্তি সফল হয় না, ও তৃতীয় ব্যক্তিরা যত কাল তাহা অবগত না হন তত কাল তাঁহাদের পক্ষে তাহা সফল হয় না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে মাল বিক্রয় করিতে অনুমতি দিয়া তিনি যে মূল্যে বিক্রয় করিতে পারেন তাহার উপর তাঁহাকে শত করা ২ টাকা কমিশ্যন দিতে অঙ্গীকার করেন। পরে আনন্দ পত্রদ্বারা ঐ ক্ষমতা নিরস্ত করেন। সেই পত্র প্রেরণ হইবার পরে কিন্তু বলরামের নিকট পঁহুছিবার পূর্ব্বে বলরাম ১০০৲ টাকাতে ঐ দ্রব্য বিক্রয় করিলেন। আনন্দ সেই বিক্রয়ে বদ্ধ আছেন ও বলরামের সেই কমিশ্যন পাইবার অধিকার আছে।

(*b*) আনন্দ মান্দ্রাজে বাস করেন, বোম্বাইয়ের কোন আড়তে তাঁহার তুলা আছে, তিনি বলরামের নিকট পত্র

wards by letter revokes his authority to sell, and directs B. to send the cotton to Madras. B. after receiving the second letter enters into a contract with C., who knows of the first letter, but not of the second, for the sale to him of the cotton. C. pays B. the money, with which B. absconds. The contract is binding on A.

লিখিয়া তুলা বিক্রয় করিতে বলেন, পরে অন্য পত্র লিখিয়া তাঁহাকে বিক্রয় করিবার যে ক্ষমতা দিয়াছিলেন তাহা রহিত করিয়া তাঁহাকে মান্দ্রাজে তুলা পাঠাইতে বলেন। বলরাম দ্বিতীয় পত্র পাইলে পর চন্দ্রের নিকট ঐ তুলা বিক্রয় করিবার চুক্তি করেন। চন্দ্র প্রথমোক্ত পত্রের কথা জানিতেন, কিন্তু দ্বিতীয় পত্রের কথা না জানিয়া তুলা লইয়া বলরামকে টাকা দেন, বলরাম সেই টাকা লইয়া পলায়ন করেন। এমত স্থলে আমন সেই চুক্তি অবশ্য মানিবে।

[Agent's duty on termination of agency by principal's death or insanity.

[কর্তার মৃত্যু কি উন্মত্ততা দ্বারা নিয়োগিপদ রহিত হইলে নিয়োগির যাহা কর্তব্য তাহার কথা]

233. When an agency is terminated by the principal dying or becoming of unsound mind, the agent is bound to take all reasonable steps for the protection and preservation of the interest entrusted to him.

২৩৩ ধারা। যদি কর্তার মৃত্যু কি মনের বৈকৃত্য-প্রযুক্ত নিয়োগিপদ রহিত হয়, তবে নিয়োগির প্রতি যে স্বার্থ ন্যস্ত হইয়াছে সেই স্বার্থ রক্ষার ও সংরক্ষণের জন্যে তাঁহার যুক্তিমত সমস্ত কর্ম করা আবশ্য কর্তব্য।

Illustrations.

উদাহরণ।

(*a*.) A., in London, consigns to his agent B., at Calcutta, for sale, a cargo of porcelain. A. dies. B.'s duty, under ordinary circumstances, is to warehouse and retain the porcelain.

(*a*) আমন লণ্ডননগরবাসি হইয়া কলিকাতা নিবাসি আপন নিয়োগিকে কাঁচের বাসন বিক্রয় করাতে পাঠাইয়া মরেন। এমত স্থলে সাধারণ মতে বলরামের কর্তব্য যে সেই কাঁচের বাসন আড়তে দিয়া রক্ষা করেন।

(*b*.) A., in New York, consigns to B., in Calcutta, for sale, a cargo of ice. A. dies. It is B.'s duty to sell the ice as soon as possible.

(*b*) নিউইয়র্কনগরবাসি আমন কলিকাতায় বলরামের নিকট বরফ বিক্রয় করিতে পাঠাইয়া মরিলেন। বলরামের কর্তব্য যে সাধ্যমতে ত্বরায় ঐ বরফ বিক্রয় করেন।

[Termination of sub-agent's authority.]

[উপনিয়োগির ক্ষমতা নিবৃত্তির কথা।]

234. The termination of the authority of an agent causes the termination of the authority of all sub-agents appointed by him, subject to the rules herein contained regarding the termination of an agent's authority.

২৩৪ ধারা। এই আইনেতে নিয়োগির ক্ষমতা নিবৃত্তির বিষয়ে যে সকল বিধি বর্তে নিয়োগির ক্ষমতা নিবৃত্ত হইলে তৎকর্তৃক নিযুক্ত সকল উপনিয়োগির ক্ষমতা সেই বিধিমতে রহিত হয় ইতি।

[To be continued.]

[ক্রমশঃ প্রকাশ্য।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

OCTOBER 1867.

No. 1.

The following addition is to be made at page 120 of the Board's Rules :—

4A. "In Appendix C will be found the form of Agreement to be taken from Ministerial Officers depositing Government Promissory Notes, or Cash, as security."

2. The copy of the form as given below should be inserted as *Appendix C* at page 146 of the Board's Rules.

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৬৭ সাল অক্টোবর মাস।

১ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১২০ পৃষ্ঠায় নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে।

৪A। আমলারা প্রতিভূস্বরূপ গবর্ণমেণ্টের প্রমিসরী নোট কি নগদ টাকা আমানত করিলে তাঁহাদের স্থানে যে নিয়মপত্র লইতে হইবে তাহার পাঠ C. চিহ্নিত ক্রোড়পত্রে পাওয়া যাইবে।

২। ঐ পাঠের নিম্ন লিখিত প্রতিলিপি C. চিহ্নিত ক্রোড়পত্র বলিয়া বোর্ডের বিধি পুস্তকের ১৪৬ পৃষ্ঠায় দিতে হইবে।

মহামহিম শ্রী যুত

লিখিতং শ্রী সাকিন

পরগণা জেলা কস্য একরার পত্রমিদং কার্য্যমঞ্চাগে আমি

কর্ম্মে নিযুক্ত হইয়া একরার করিতেছি ও লিখিয়া দিতেছি যে আমি সর্বদা আপন নিয়োজিত কর্ম্ম যথার্থ ও প্রকৃতরূপে নির্ব্বাহ করিব এবং হিসাব ইত্যাদি কাগজাত যখন যাহা আমার নিকট তলব হইবেক তাহা দাখিল করিব যদি আপন জিম্মার টাকা মিছা তছরূপ করি অথবা অন্যকে তছরূপ করিতে দেই এবং হিসাব ও কাগজাত বুঝাইতে ও দাখিল করিতে শৈথিল্যতা করি কিম্বা অন্য কোন প্রকারের কসুর আমার দ্বারা উপস্থিত হবে

যে তন্মারা কোন ক্ষতি সরকার বাহাদুরের অথবা অন্য কোন ব্যক্তির হয় যে তাঁহার কওয়ায় বিভি সরকার বাহাদুরের প্রতি অর্পিতে পারে ও ঘটে তবে বিনা আপত্তিতে ঐ সকল বিষয়ে কত্তাবধি আমার প্রতি ও আমি অবর্ত্তমানে আমার উত্তরাধিকারী ও অছি ও স্থলাভিষিক্তগণের প্রতি বাত্তিবেক আর ঐ সকল খেসারতের তদারক নিশ্চিন্তির জন্য

যাহা অন্যের বিনা সরাকতিতে আমার স্বত্ব ও অধিকার আছে তাহা আমি

আবদ্ধ রাখিলাম এই একরারের নিয়ম সমাপন পর্য্যন্ত ঐ প্রতি আমার

ও আমার উত্তরাধিকারি ও অছি ও স্থলাভিষিক্তের কোন দাবি রহিল না আর আমার দ্বারা কোন তহরূপ কিম্বা খেয়ানত হইলে আমি তৎক্ষণাৎ অমনি তহরূপী ও খেসারতি টাকা আদায় করিব যদি তহরূপী ও খেসারতি টাক আদায় না করি তবে সরকার বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে উক্ত

ঐ খেসারতের টাকা উসুল করিয়া লইবেন যদি দ্বারা খেসারতের টাকা সংকুলন না হয় তবে সরকার বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে অন্য স্থাবরাস্থাবর সম্পত্তি যাহা এইক্ষণে আমার আছে কিম্বা উত্তর কাল আমার হয় আর ঐ সম্পত্তি আমার স্বনামে অথবা বিনাম কিম্বা আমার উত্তরাধিকারী অথবা আমার অছির নামে থাকে তাহা সরকারি বাকি রাজস্ব আদায় কারণ এইক্ষণে যে সকল বিধি প্রচলিত আছে অথবা উক্ত কালে হইবেক তদনুসারে নীলামের দ্বারা বিক্রয় করাইয়া খেসারতি টাকা উসুল করিয়া লইবেন তাহাতে আমার অথবা আমার উত্তরাধিকারি কিম্বা অছির কোন রকমে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবেক না এতদর্থে একরার পত্র দিলাম ইতি সন ১৮৬৭ সাল তারিখ

HOME DEPARTMENT.

Notifications.

Simla, the 14th October 1867.

No. 5471.

His Excellency the Governor General is pleased to accept the resignation of His Highness Nawab Mahomed Kulb Ali Khan, Bahadoor, Nawab of Rampore, of his seat as an additional Member of the Council for making Laws and Regulations.

The 15th October 1867.

No. 5485.

Mr. R. F. Stack, Solicitor to Government, availed himself, on the morning of the 7th instant, of the two months' privilege leave granted to him in Notification No. 4702, dated the 28th ultimo.

The 17th October 1867.

No. 5562.

The Governor General having notified his intention of leaving Simla on the 1st November 1867, His Excellency in Council is pleased to direct that the Council of the Governor General shall, after that date, and until further notice, assemble at Calcutta, in the territories under the Government of the Lieutenant-Governor of Bengal.

The 29th October 1867.

No. 5925.

The following addition to the Rules relating to Emigration from the Port of Calcutta has been made by the Governor General in Council, under

হোম ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন।

সিমলা। ১৮৬৭ সাল ১৪ অক্টোবর।

৫৪৭১ নম্বর।

রামপুরের নবাব শ্রীলশ্রীযুক্ত মহম্মদ কুলব আলি খাঁ বাহাদুর আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভার অতিরিক্ত মেম্বরের পদ ত্যাগ করিবার অনুমতি প্রার্থনা করাতে মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব অনুমতি প্রদান করিয়াছেন।

১৮৬৭ সাল ১৫ অক্টোবর।

৫৪৮৫ নম্বর।

গবর্ণমেণ্টের পক্ষে উকীল শ্রীযুত আর এফ ষ্টাক সাহেব গত মাসের ২৮ তারিখের ৪৭০২ নম্বরের বিজ্ঞাপনমতে দুই মাস অনুগ্রহের যে ছুটী দেওয়া যায়, তাহা বর্ত্তমান মাসের ৭ তারিখের প্রাতঃকালাবধি গ্রহণ করিলেন।

১৮৬৭ সাল ১৭ অক্টোবর।

৫৫৬২ নম্বর।

শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৭ সালের নবেম্বর মাসের ১ তারিখে সিমলা হইতে প্রত্যাগমনের কল্পনা জ্ঞাত করিলেন। অতএব মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত মহিমবর আজ্ঞা করিতেছেন, যে সেই তারিখ অবধি যত কাল অন্য কথা না কহা যায়, ততকাল বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত দেশের অন্তর্গত কালকাতা নগরে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অধিবেশন হইবে।

১৮৬৭ সাল ২৯ অক্টোবর।

৫৯২৫ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৪ সালের ১৩ আইনের ৬৩ ধারার ক্ষমতাক্রমে কলিকাতা বন্দর হইতে মজুরদের দেশান্তর গমনসম্পর্কীয় বিধিতে

the provisions of Section 63 of Act XIII. of 1864, and is published for general information :—

"Rule 48 —Emigrants are strictly prohibited from sleeping under platforms. It is a part of duty of the Surgeon Superintendent to see that this rule is duly attended to."

No 5984.

Under the provisions of Section 63 of Act XIII of 1864, the Governor General in Council is pleased to sanction, and to publish hereby for general information, the following alteration in the Rules relating to the dietary scale of emigrants proceeding from the port of Calcutta to British Guiana and the West Indies :—

Biscuit is to be substituted for two-thirds of the present allowance of gram and of choorah.

Six good knives are to be supplied to each ship.

Sago, arrowroot, and sugar are to be substituted for condensed egg in the following proportions :—

For 350 adult coolies.	*For 450 adult coolies.*
4 maunds of Sago.	5 maunds 6 seers of Sago.
2 maunds of Arrowroot.	2 maunds 22 seers of Arrowroot.
5 maunds of Sugar.	6 maunds 17 seers of Sugar.
For 400 adult coolies	*For 500 adult coolies.*
4 maunds 23 seers of Sago.	5 maunds 28 seers of Sago.
2 maunds 11 seers of Arrowroot	2 maunds 38 seers of Arrowroot.
5 maunds 23 seers of Sugar.	7 maunds 6 seers of Sugar

E. C BAYLEY,
Secy to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.

Simla, the 17th October 1867.

No 3103

Surgeon Major J F. Shekleton, A. B., M. B., Officiating Mint Master, Calcutta, is allowed privilege leave for two months from the date on which he may be relieved by Lieutenant-Colonel H. Hyde.

Surgeon H. W. Graham, who is now officiating as Assay Master of the Calcutta Mint, will continue to officiate in that appointment during Dr. Shekleton's absence.

No. 3170.

The Governor General in Council is pleased to rule that when an Officer holding a substantive

নিম্নলিখিত বিধি যোগ করিলেন, সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে তাহা প্রকাশ করা যাইতেছে।

৪৮ বিধি। মজুরদিগকে মাচা.নর নীচে শয়ন করিতে বিশেষমতে নিষেধ করা গেল। এই বিধি যেন দৃঢ়রূপে পালিত হয় ইহা দেখা সর্জন সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ত্তব্য কর্ম্মের একাংশ জ্ঞান করিতে হইবে।

৫৯৮৪ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৪ সালের ১৩ আইনের ৬৩ ধারার বিধানমতে কলিকাতা বন্দর হইতে বৃটিস গায়না ও ওয়েষ্ট ইণ্ডিসে গমনশীল মজুরদের বিষয়ি আহারীয় দ্রব্যের পরিমাণ সম্পর্কীয় বিধির নিম্নলিখিত পরিবর্ত্তন অনুমোদন করিয়া সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করিতেছেন।

ছোলা ও চিড়ার তিন ভাগের দুই ভাগের পরিবর্ত্তে বিসকেট,

প্রত্যেক জাহাজে ছয় খান ভাল ছুরি।

ডিমের সারাংশের পরিবর্ত্তে নিম্ন লিখিত হারে সাগু, আরারুট ও চিনি লইতে হইবে।

বয়ঃ প্রাপ্ত ৩৫০ জন কুলির নিমিত্তে		বয়ঃ প্রাপ্ত ৪৫০ জন কুলির নিমিত্তে	
সাগু	.. ৪ মণ	সাগু	... ৫/৬ সের
আরারুট	.. ২ ,,	আরারুট	... ২॥২ ,,
চিনি	... ৫ ,,	চিনি	... ৬ ১৭ ,,
বয়ঃপ্রাপ্ত ৪০০ জন কুলির নিমিত্তে		বয়ঃ প্রাপ্ত ৫০০ জন কুলির নিমিত্তে	
সাগু	.. ৪॥৩ সের	সাগু	... ৫।৮ সের
আরারুট	... ২।১ ,,	আরারুট	... ২৩৮ সের
চিনি	... ৫॥৩ ,,	চিনি	... ৭/৬ সের

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

সিমলা। ১৮৬৭ সাল ১৭ অক্টোবর।

৩১০৩ নম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল এচ হাইড সাহেব যে তারিখে কলিকাতার একটিং মিণ্ট মাষ্টরের কর্ম্ম গ্রহণ করিবেন সেই তারিখ অবধি সর্জন মেজর শ্রীযুত জে এফ শেকলটন সাহেব এ, বি, এম, বি, দুই মাস অনুগ্রহের ছুটী লইতে পারিবেন।

সর্জন শ্রীযুত এচ ডবলিউ গ্রেহম সাহেব এইক্ষণে কলিকাতার টাকশালের আসে মাষ্টরের কর্ম্ম করিতেছেন, তিনি শেকলটন সাহেবের অনুপস্থান কালে সেই কর্ম্ম করিতে থাকিবেন।

৩১৭০ নম্বর।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই বিধি করিয়াছেন। রাজকীয় কর্ম্মের এক বিভাগে

appointment in one Department is appointed to officiate in another, his total emoluments shall be debited to the latter, unless the salary of the temporary appointment be a staff salary, and the Officer concerned be a Military Officer not of a Staff Corps, in which case, his net military pay, will, as heretofore, be drawn in and charged to the Military Department.

The 29th October 1867.

No 3161

In modification of the orders of 15th April 1862, the Governor General in Council is pleased to increase the number of Hindoo holidays to be observed in all Public Offices (except the Courts of Law and the Department of Public Works), from 20 to 23, according to the following list:—

Sri Punchomee	2	days.
Dole Jattra	1	day.
Choit Sunkranthi	1	„
Dushunera	1	„
Junmo Ostomee	1	„
Mohulaya	1	„
Dooga and Luckhee Poojah ..	12	days.
Kallee Poojah	2	„
Juggoodatree Poojah	2	„
Total number of Hindoo Holidays in the year.	23	days.

From E. H. LUSHINGTON, ESQ., Secretary to the Government of India Financial Department, to the Chief Secretary to the Government of Bombay,—(No. 3173, dated Simla, the 1st November 1867.)

WITH reference to your letters noted below,* regarding the regulation, by precise rules of refunds of License Tax in favor of Government servants and of those not in Government employ, I am directed to state that it has been determined to apply the License Tax on the principle of an Income Tax to those only who are in Government employ.

2. For these classes a refund of License Tax for the unexpired part of the License Tax year, will be allowed to any who may leave the country or die in the first half of the year; while others, who, having been absent for the first-half, return from leave to their employment in the second-half

---

* No. 9 ..., 10th August 1867.

„ 1077, 3rd September 1867.

„ 1222, 10th October 1867.

যে কার্য্যকারক অবৈতনিক পদে প্রাপ্ত হইয়াছেন, তিনি যদি অন্য বিভাগে অপর বাক্তির পদে কর্ম্ম করিতে নিযুক্ত হন, তবে শেষোক্ত পদের হিসাবে তাঁহার সম্পূর্ণ বেতন খরচ যাইবে। যদি বিকল্পকাল যোগ্য সেই পদের বেতন ষ্টাফ বেতন হয় ও কার্য্যকারক যদি সেনাপতি হইয়া ষ্টাফ দলে নিযুক্ত না হন, তবে তাঁহার সৈনিক বেতন যেমন মিলিটারী ডিপার্টমেণ্টে আদায় হইয়া সেই কর্ম্ম বিভাগের হিসাবে লেখা হইয়া থাকে তেমনি আদায় হইয়া লেখা যাইবে।

সিমলা ১৮৬৭ সাল ২৯ অক্টোবর।

৩১৬১ নম্বর।

১৮৬২ সালের আপ্রিল মাসের ১৫ তারিখের আজ্ঞা রূপান্তর করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনেরল সাহেব (আদালত ও পবলিক ওয়র্কস ডিপার্টমেণ্ট ভিন্ন) সকল রাজকার্য্যালয় বন্ধ করণার্থ নিম্নলিখিত নির্দ্দিষ্ট মত ২০ অবধি ২৩ পর্য্যন্ত হিন্দু পর্ব্বের দিন বৃদ্ধি করিলেন। যথা

শ্রীপঞ্চমী ...	২ দিন।
দোলযাত্রা ...	১ দিন।
চৈত্র সংক্রান্তি ..	১ দিন।
দশহরা ...	১ দিন।
জন্মাষ্টমী ...	১ দিন।
মহালয়া ..	১ দিন।
দুর্গা ও লক্ষ্মীপূজা ...	১২ দিন।
কালীপূজা ..	২ দিন।
জগদ্ধাত্রীপূজা ...	২ দিন।
বৎসরে হিন্দু পর্ব্বের মোট সংখ্যা ..	২৩ দিন।

বোম্বাই গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটারী সাহেবের নিকটে ফাইনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত ই এচ লসিংটন সাহেবের সিমলা হইতে লিখিত ১৮৬৭ সালের ১ নবেম্বর তারিখের ৩১৭৩ নম্বরের পত্র।

রাজকর্ম্মচারি ও তদন্য কর্ম্মচারিদিগকে লাইসেন্স টেক্স প্রত্যর্পণ করণের মত বিধি বিষয়ে আপনকার নিম্নলিখিত পত্রোপলক্ষে* আমি আজ্ঞাক্রমে জানাইতেছি যে যাঁহারা কেবল রাজকর্ম্মে নিযুক্ত আছেন তাঁহাদেরই প্রতি ইনকম টেক্সের বিধিমতে লাইসেন্স টেক্স বর্ত্তন স্থির করা গিয়াছে।

২। লাইসেন্স টেক্সের বৎসরের প্রথমার্দ্ধে যাঁহারা দেশত্যাগ করিয়া গিয়াছেন, কিম্বা মরিয়াছেন উক্ত শ্রেণীর এমত লোকদিগকে ঐ বৎসরের অনতিবাহিত অংশের লাইসেন্স টেক্স প্রত্যর্পণ করিবার অনুমতি হইবে। যাঁহারা প্রথমার্দ্ধ বৎসরে ছুটী লইয়া শেষার্দ্ধ বৎসরে কর্ম্মে প্রত্যাগমন করিয়াছেন তাঁহাদের

---

* ১৮৬৭ সালের আগষ্ট মাসের ১০ তারিখের ৯০৬ নম্বরের পত্র।

১৮৬৭ সালের সেপ্টেম্বর মাসের ৩ তারিখের ১০৭৭ নম্বরের পত্র।

১৮৬৭ সালের অক্টোবর মাসের ১০ তারিখের ১২২২ নম্বরের পত্র।

of the year, will be required to pay License Tax for only the unexpired part of the year.

3. Persons other than the preceding who are subject to the License Tax, must pay the full tax: no refund being allowed even in case of death or of departure from the country in the first-half of the year.

4. Refunds under the foregoing rules may be made by orders of the Local Government, or of such Officers as that Government may authorise to order refunds.

E. H. LUSHINGTON,
Secy. to the Govt. of India.

স্থানে কেবল বৎসরের অনতিবাহিত অংশের লাইসেন্স টাক্স লওয়া যাইবে।

৩। পূর্ব্বোক্ত ব্যক্তিগণভিন্ন যাঁহারা লাইসেন্স টাক্সের অধীন তাঁহাদের সম্পূর্ণ টাক্স দিতে হইবে, তাঁহারা প্রথমার্দ্ধ বৎসরে মরিলে কিম্বা দেশত্যাগ করিয়া গেলেও তাঁহাদিগকে টাক্স প্রত্যর্পণ করিবার অনুমতি নাই।

৪। স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে কিম্বা সেই গবর্ণমেণ্ট যে কর্ম্মকারকদিগকে ক্ষমতা দেন তাঁহাদের আজ্ঞাক্রমে পূর্ব্বোক্ত বিধিমতে টাক্স প্রত্যর্পণ করা যাইতে পারিবে।

ই এচ লশিংটন,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4010.

APPOINTMENTS.

The 5th October 1867.

Mr. A. C. Brett to be an Assistant to the Magistrate and Collector of Dinagepore, but to continue to officiate as Joint-Magistrate and Deputy Collector of that District, until relieved by Mr. W. R. Larminie, or until further orders.

The 23rd October 1867.

Baboo Rutton Lall Ghose, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Gurbettah, and to exercise the powers of a Magistrate in Midnapore and Bancoorah, during the absence, on leave, of Baboo Hem Chunder Ker, or until further orders.

Mr. T. H. H. Shortt to officiate as Magistrate and Collector of Midnapore, and to be ex-officio Assistant to the Superintendent of the Tributary Mehals of Cuttack, during the absence, on leave, of Mr. W. J. Herschel, or until further orders.

The 25th October 1867.

Mr. W. A. Hay, Officiating Deputy Magistrate and Deputy Collector of Burdwan, to be a Deputy Magistrate and Deputy Collector of the Sixth Grade.

Mr. J. C. Geddes to officiate as Magistrate and Collector of Chittagong.

Mr. A. C. Bolst to officiate as District Superintendent of Police, Durrung, during the absence, on leave, of Mr. T. Weldon, or until further orders.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪০১০ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ৫ অক্টোবর।

শ্রীযুত এ সি ব্রেট সাহেব দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টান্ট হইবেন। কিন্তু শ্রীযুত ডবলিউ আর লারমিনি সাহেব যত কাল ঐ জিলার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম গ্রহণ না করেন তত কাল অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তিনি ঐ কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৭ সাল ২৩ অক্টোবর।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রত্নলাল ঘোষ গরবেটা শাখাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন। ও শ্রীযুত বাবু হেমচন্দ্র করের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি মেদিনীপুরে ও বাঁকুড়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি এচ এচ শর্ট সাহেব মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন। ও শ্রীযুত ডবলিউ জে হর্শেল সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত আপন পদোপলক্ষে কটকের পেসকশি মহলের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৬৭ সাল ২৫ অক্টোবর।

বর্দ্ধমানের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এ হে সাহেব ষষ্ঠ শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত জে সি গেডেস সাহেব চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি ওয়েল্ডন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ সি বোলষ্ট সাহেব দরঙ্গে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

Mr. W. B. Savi to officiate as District Superintendent of Police, Dinagepore, during the absence, on leave, of Captain C. T. Hitchins, or until further orders.

The 26th October 1867.

Baboo Goloke Chunder Banerjee, Assessor of License Tax, Chumparun, is transferred to Shahabad, and vested with the powers of a Collector in the latter District, for the purposes of Act XXI. of 1867.

The following Officers are appointed to be ex-officio Assessors under Act XXI. of 1867, and vested with the powers a Collector for the purposes of that Act in the places mentioned, *viz.*:—

Major J. Emerson in the Cantonment of Dinapore.

Moulvie Feda Ali .. }
" Mahomed Izharooddeen Khan ... } In the Town of Patna.

The 28th October 1867.

Mr. E. B. Godfrey, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Raneegunge, during the temporary absence of Mr. J. A. Hopkins to attend the Examination, and to exercise the powers of a Magistrate in the Districts of Burdwan and Bancoorah.

The 29th October 1867.

Mr. A. G. Wilson to be an Assistant Commissioner of the First Grade.

Mr. W. Napier Campbell to be an Extra Assistant Commissioner of the Fourth Grade in Lohardugga, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Baboo Gunganund Mookerjee to be an Extra Assistant Commissioner of the Fourth Grade, in the Chota Nagpore Division, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in any or all of the Districts of that Division.

The following Officiating Assistant Commissioners in Assam, to be Assistant Commissioners of the Third Grade, *viz.*:—

Lieutenant J. Butler, Kamroop.

" W. G. Maitland, Seebsaugor.

" E. N. D. LaTouche, Nowgong.

Mr. A. C. Campbell to be an Assistant Commissioner of the Third Grade, in Assam.

Mr. P. T. Carnegy to be an Assistant Commissioner of the Third Grade, in Assam.

Mr. J. Stewart to be an Assistant to the Magistrate and Collector of Rajshahye, and to

কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেবের ছুটীপ্রযুক্ত, অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ডবলিউ বি সাবি সাহেব দিনাজপুরে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২৬ অক্টোবর।

চাম্পারণের লাইসেন্স-টাক্স আসেসর শ্রীযুত বাবু গোলোকচন্দ্র বন্দ্যোপাধ্যায় শাহাবাদে নিযুক্ত হইয়া ১৮৬৭ সালের ২১ আইনের বিধান সফল করণার্থে ঐ জিলাতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা আপনং পদোপলক্ষে ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন ও নিম্নলিখিত স্থানে উক্ত আইনের বিধান সফল করণার্থে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন, যথা—

দানাপুর সৈন্যাবাসে মেজর শ্রীযুত জে এমর্সন সাহেব।

পাটনা নগরে শ্রীযুত মৌলবী ফেদা আলী ও মৌলবী মহম্মদ ইজহারুদ্দীন খাঁ।

১৮৬৭ সাল ২৮ অক্টোবর।

শ্রীযুত জে এ হপকিন্স সাহেবের পরীক্ষা দেওনার্থে কিয়ৎকাল অনুপস্থান কালে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই বি গডফ্রে সাহেব রাণীগঞ্জ শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন ও বর্দ্ধমান ও বাঁকুড়া জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২৯ অক্টোবর।

শ্রীযুত এ জি উইলসন সাহেব প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট কমিস্যনর হইবেন।

শ্রীযুত ডবলিউ নেপিয়র কাম্বেল সাহেব লোহারডগাতে চতুর্থ শ্রেণীর অতিরিক্ত আসিস্টাণ্ট কমিস্যনর হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু গঙ্গানন্দ মুখোপাধ্যায় ছোট নাগপুর খণ্ডে চতুর্থ শ্রেণীর অতিরিক্ত আসিস্টাণ্ট কমিস্যনর হইবেন ও ঐ খণ্ডের সকল কি কোন জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

আসামপ্রদেশের নিম্নলিখিত একটিং আসিস্টাণ্ট কমিস্যনর সাহেবেরা তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিস্যনর হইবেন, যথা—

কামরূপে লেপ্টেনেণ্ট শ্রীযুত জে বটলর সাহেব।

শিবসাগরে ঐ ঐ ডবলিউ জি মেট্লাণ্ড সাহেব।

নওগাঁয়ে ঐ ঐ ই, এন, ডি, লাটুচ সাহেব।

শ্রীযুত এ, সি কাম্বেল সাহেব আসামে তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিস্যনর হইবেন।

শ্রীযুত পি, টি, কারনেগি সাহেব আসামে তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিস্যনর হইবেন।

শ্রীযুত জে ষ্টুয়ার্ট সাহেব রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন ও ঐ

exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

Mr. G. Herklotts, Officiating Deputy Magistrate and Deputy Collector, Midnapore, to be a Deputy Magistrate and Deputy Collector of the Sixth Grade.

Mr. P. Hurley to officiate as Joint-Magistrate and Deputy Collector of Chittagong.

Mr. F. W. R. Cowley to officiate temporarily as Joint-Magistrate and Deputy Collector of Tirhoot.

Mr. J. G. Charles, Assistant Magistrate and Deputy Collector, Tirhoot, to have temporary charge of the Sub-Division of Hajeepore, and to exercise, in addition to the powers of a Subordinate Magistrate of the First Class and Deputy Collector, with which he is already vested in the District of Tirhoot, the power, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. L. B. B. King to be Superintendent of Survey for the demarcation of the Dearahs in the Rajshahye Division.

Baboo Bhugwan Chunder Sen, Deputy Collector of Survey, Lower Assam, is transferred to the Rajshahye Division, and is vested with the powers of a Collector, under Regulations VII. of 1822 and IX. of 1825, in all the Districts of that Division.

Third Grade Sub-Assistant Surgeon Tariney Churn Bhadoory, to have charge of the Dispensary at Culna, during the absence of Sub-Assistant Surgeon Nobin Chunder Mitter on another duty.

Leave of Absence.

The 5th October 1867.

নীচের লিখা মহালের ১২৭৪ সনের নাগায়ত ভাদ্রের সরকারি পাওনা বাকি রাজস্ব আদায় জন্য বোর্ডের নিরূপিত ১৮৬৭ সনের ২৮ সেপ্টেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে ১৮৬৭ সনের ২৭ নবেম্বর মোতাবক ১২৭৪ সনের ১২ অগ্রহায়ণ বুধবার নীলামের দিন ধার্য্যে সর্ব্বসাধারণ জনের জ্ঞাতার্থে অত্র ইস্তাহার প্রচার করা যায় যে কেহ মহাল মজকুর খরিদের বাসনা রাখে সে ঐ তারিখে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতমত ক্রয় করে, ইতি ১৮৬৭ সন তারিখ ১ অকটোবর।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৩২২ নং পরগনে কাটারমল্ল চর সাটিরাল মতালকে চর কুরথি মালিক চিরস্থ বন্দবস্ত গ্রহীতা ব্রজেশ্বরী চৌধুরাণী নাবালগ সদর জমা ৫৪৫৷৴০ আনা।

H. J. Reynolds,
Collector.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১২ নবেম্বর।]

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বাকরগঞ্জ।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ ইং ১১ আইনের ৬ ধারানুসারে জেলা বাকরগঞ্জের মধ্যবর্ত্তী নিম্নের লিখিত মহাল সকল সন ১৮৬৭ ইং ২৮ সেপ্টেম্বর তারিখের প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুট অনুসারে বাকি রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্তে সন ১৮৬৭ ইং ১৮ নবেম্বর মোতাবেক সন ১২৭৪ সাল ৩ অগ্রহায়ণ রোজ সোমবার অত্র জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৬৭ ইং ১ অক্টোবর।

শ্রেণীর নম্বর।	মহালের শ্রেণী।	জেলার তৌজিতে মহালের নম্বর।	মহালের নাম।	নাম মালিক।	সদর জমা।	বাকী রাজস্ব।	মন্তব্য।
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	১৮৫২	ফতেজঙ্গপুর পরগনা মহাদেব মুনশী তালুক।	মহাদেব মুনশী পদ্মলোচন রায় চৌধুরি।	৫৩১।/৪	১৯।৯	ষোল আনা মহাল নিলাম বিক্রয় হইবেক।
ঐ	ঐ	১৯১৮	হাবেলি শিলিমাবাদ তপ্পা রামদেব সেন তালুক।	গঙ্গাদাস মুখোপাধ্যায় হিং ৫= গোলোকচন্দ্র সেন হিং ১৭।১০ রামদেব সেন হিং ।।৶১৮।।/১০।১১ তিল ভগচন্দ্র সেন হিং /।।৭০ তিল দুর্গাচরণ সেন।	মোট জমা ১৭৯৭।।৵৯।। বাদ পৃথক হিসাবে লিখিত অংশের জমা ২১৩।।৵২।। বাকি ১৫৮৪৩	১৬/২	এই মহাল মধ্যে যে রামকমল সেনের হিস্যা ৫৯-১০ ক্রান্ত জমা ১০৮৶৬ ও রাধানাথ বাচস্পতি হিং ৫৪- ক্রান্ত জমা ৯৭/১০।। ভগবানচন্দ্র ভট্টাচার্য্যের হিং ৫৪।।৫৭ তিল জমা ২৫।।৵১০ সন ১৮৫৯ সনের ১১ আইনমতে হিসাব সতন্ত্র হইয়াছে তাহা বাদে বক্রী হিস্যা নীলাম হইবেক।

H. C. SUTHERLAND,
Offg. Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহার নামা কাছারী কালেক্টরী জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৬৭ সালের নাগাইদি ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৪ সালের নাগাদি ভাদ্র তলবের সরকারি বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৬৭ সালের ১৯ নবেম্বর মোতাবক সন ১২৭৪ সালের ৪ অগ্রহায়ণ মঙ্গলবার দিবসে। দিবা দুই প্রহরের সময় অত্র জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৭ সাল তারিখ ২৪ আক্টোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ১৫৮ নং সমুদ্রগড়ি পং সাত সৈকা মালিক রহিমন নেছা বিবি ও কৈলাসচন্দ্র দে চৌধুরী সদর জমা ২৭৩০।।১১ টাকা।

A. J. R. Bainbridge,
Collector.

জিলা হুগলি।

এস্তেহার নামা কাছারী কালেক্টরী জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা হুগলির নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের নাং ২৮ সেপ্টেম্বরের বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত সন ১৮৬৭ সালের ২১ নবেম্বর মোং ১২৭৪ সালের ৬ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। ১৮৬৭। ২৪ অক্টোবর।

নম্বর তৌজী	নাম মাহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী।
৬৭ নং	গুড়বাড়ি পং চৌমুহা	রাধাকান্ত চৌধুরী ও ৺ মদনমোহন জীউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবী ও মানগোবিন্দ বিশ্বাস ও ঈশ্বর চন্দ্র ঘোষ ...	২৬৯৭৸৶	
		বাদ।		
		মানগোবিন্দ বিশ্বাসের নিজ গুড়বাড়ির রকম ।।০ আনার কাত সদর জমা ..	৫৯০।৵৫	
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা মত পৃথক হিসাব পত্তন হইয়াছে রাধাকান্ত চৌধুরী ও ৺ মদনমোহন জীউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবীর সদর জমা ...	১৪১৩।/১০	
			২০০১৸১	
		বাকী।		
		ঈশ্বর চন্দ্র ঘোষের নিজ গুড়বাড়ির ১৫৭৫/০ বিঘা জমির কাত সদর জমা ...	৬৯২৵৯	১১০৲ এই বাকী ঈশ্বচন্দ্র ঘোষের
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামত পৃথক হিসাব পত্তন হইয়াছে ...		
১৯১ নং	হরিপুর পং চৌমুহা	নবচন্দ্র ও পরমাত্মচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও অন্নদাপ্রসাদ ও কালীদাস ও দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ও দ্বারিকানাথ ঠাকুর ও দুর্গাদাস খাঁ ...	৮৫১৶২	১১।/৯

E. H. Whinfield,
Offg. Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ১২ নবেম্বর।]

জিলা দিনাজপুর।

এস্তাহারনামা কাছারি কালেকুটরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারামুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ২৮ সেপ্টেম্বর তকের বাকি মালগুজারির নিমিত্তক ইংরেজী ১৮৬৭ সনের ২৫ নবেম্বর মোং ১২৭৪ সালের ১০ অগ্রহায়ণ এই জেলার কালেকুটরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	কৈফিয়ৎ
২৭৮ তাবের ২৮ নং	মৌজে দেবনাথপুর পং দেওড়া	লিখিত মালিক ঈশ্বরচন্দ্র আচার্য্য রামতনু আচার্য্য কৃষ্ণলোচন আচার্য্য রাজচন্দ্র আচার্য্য বামেন্দ্র আচার্য্য রামলোচন আচার্য্য ও শ্রীমর্তী দেব্যা মাদরে হেমচন্দ্র নাবালগ ও বিশ্বেশ্বর আচার্য্য ও শীশনদয়াল মুস্তফী ও উদমন রায় ওরফে লাল বাবু ও আনন্দচন্দ্র গোস্বামী ও শ্যাম কোঙর ও ফুদকোঙর চৌধুরাণী ও নীলকোঙর দেব্যা মাদরে মোহনলাল রায়।	৩২৭৫৷৶৩৵	১৮৭৯। ১১। ১০ ধারামত আনন্দচন্দ্র গোস্বামির হিস্যা ৩৵ ২ জব যাহার সদর জমা ৪০৷৩= হয় তাহাই ১২৭৪ সালের কিস্তি ভাদ্র তকের বাকি ১০৷৷০ টাকা ২৮ সেপ্টেম্বর তক আদায় না হওয়ায় নীলামে ধরা গেল ইতি।

সন ১৮৬৭। ইং তারিখ ১৮ অক্টোবর।

H. KEAN,
Offg. Collector.

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেকুটরি জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের মাং ২৮ সেপ্টেম্বরের বাকি রাজস্ব আদায় নিমিত্তে ১৮৬৭ সালের ২৬ নবেম্বর মোং ১২৭৪ সালের ১১ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেকুটরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭। ৩০ সেপ্টেম্বর মোং ১২৭৪। ১৫ আশ্বিন।

প্রথম শ্রেণী চিরস্থায়ি বন্দবস্তী মহাল।

২১৬ নং পরগনে বৈকুণ্ঠপুর চর নাছিরপুরের মধ্যগত চর জাহানাবাদ নীলাম খরিদ রামনাথ লস্কর ও এবারৎউল্লা সদর জমা ১৬২৩৵০
রোড শেস ১৬।০
১৬৪০৲

A. W. RUSSELL,
Collector.

[*Government Gazette, 12th November* 1867.]

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

গবর্ণমেন্ট এবং রেবিনিউ বোর্ড গ্রাহ্য করিয়াছে।

সর্ব্বসাধারণ লোককে জ্ঞাত করিতেছি নিম্নলিখিত আইন সকল বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

রেবিনিউ হেণ্ডবুক।

রাজস্ব বিষয়ক সম্পূর্ণ আইন ও আক্ট ১৭৯৩ সাল-হইতে ১৮৬৫ সাল পর্য্যন্ত মূল্য ৮৲ টাকা উত্তম বাঁধাই ৯৲ টাকা ডাক মাস্‌ুল ১৲ টাকা।

রেবিনিউ বোর্ডের বিধিপুস্তক।

১৭৯৩ সালহইতে ১৮৬৬ সাল পর্য্যন্ত রাজস্বসম্পার্কীয় সমুদয় আইনের সংশোধিত এবং আমলাগণের ও জমিদারের কার্য্যপ্রণালী সম্পূর্ণ বিধি মূল্য ৮৲ টাকা ডাক মাস্‌ুল ।।৵০ আনা।

ইষ্টাম্প আইন।

টীকা ও নজীর সংযুক্ত ১৮৬২ সাল নাগাইত ১৮৬৭ সাল পর্য্যন্ত মূল্য ।।০ আনা ডাক মাস্‌ুল ৵০ আনা।

পোলীস এবং ফৌজদারী ম্যানুএল।

১৭৯৩ সালহইতে ১৮৬৭ সাল পর্য্যন্ত ফৌজদারী সম্পার্কীয় রদ ব্যতীত সমুদয় মূল আইন এবং সরকুলার অর্ডর ও নজীর ও টীকা সহিত ১০৫০ পৃষ্ঠা সম্পূর্ণ মূল্য ১০৲ টাকা ডাক মাস্‌ুল ১৲ টাকা।

বেণীমাধব দে এণ্ড কোং।

[গবর্ণমেন্ট গেজেট ১৮৬৭। ১২ নবেম্বর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুক্ত এক জে বার্সো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 19, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ১৯ নবেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE INDIAN CONTRACT LAW, 1867.

[Continued from page 1201.]

PART VIII.

OF PARTNERSHIP.

['Partnership' defined.]

235. Partnership is the relation which subsists between persons who have agreed to combine their property, labour, or skill in some business, and to share the profits thereof between them.

['Firm' defined.]

Persons who have entered into partnership with one another are called collectively a firm.

Illustrations.

(*a*.) A. and B. buy 100 bales of cotton which they agree to sell for their joint profit; A. and B. are partners in respect of such cotton.

(*b*.) A. and B. buy 100 bales of cotton, agreeing to share it between them. A. and B. are not partners.

(*c*.) A. agrees with B., a goldsmith, to buy and furnish gold to B., to be worked up by him and sold, and that they shall share in the profits. A. and B. are partners.

(*d*.) A. and B. agree to work together as carpenters, but that A. shall receive all profits, and shall pay wages to B. A. and B. are not partners.

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

১৮৬৭ সালের ভারতবর্ষীয় চুক্তির আইন।

[১২০১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

অষ্টম অধ্যায়।

সংভূয়সমুত্থানের বিধি।

[সংভূয়সমুত্থানের অর্থ নির্ণয়।]

২৩৫ ধারা। ব্যক্তিগণ আপনারদের ধন ও পরিশ্রম ও কর্ম্মকৌশল সংযোগে কোন ব্যবসায় করিতে ও আপনারদের মধ্যে তদুৎপন্ন লভ্য বণ্টন করিতে অঙ্গীকার করিলে, তাঁহারদের মধ্যে পরস্পর যে সম্বন্ধ তাহাকে সংভূয়সমুত্থান বলা যায় ইতি।

[কুঠী শব্দের অর্থ।]

যে ব্যক্তিরা সংভূয়সমুত্থান করিয়াছেন তাঁহারদিগকে একত্রে এক কুঠী বলা যায় ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ ও বলরাম ১০০ বস্তা তুলা ক্রয় করিয়া আপনারদের সাধারণ লাভার্থে বিক্রয় করিতে অঙ্গীকার করেন। আনন্দ ও বলরাম সেই তুলা বিষয়ে সংভূয় বণিক।

(*b*) আনন্দ ও বলরাম ১০০ বস্তা তুলা ক্রয় করিয়া আপনারদের মধ্যে ভাগ করিয়া লইতে অঙ্গীকার করেন, তাঁহারা সংভূয় বণিক নহেন।

(*c*) বলরাম স্বর্ণকার, আনন্দ তাঁহাকে স্বর্ণ ক্রয় করিয়া দিলে তিনি তাহাতে দ্রব্য নির্ম্মাণ করিয়া বিক্রয় করিলে দুই জন তাহার লভ্যের অংশী হইবেন। আনন্দ ও বলরাম সংভূয় বণিক।

(*d*) আনন্দ ও বলরাম একত্রে সূত্রধরের কর্ম্ম করিয়া আনন্দ লভ্য গ্রহণ পূর্ব্বক বলরামকে বেতন দিবেন এমত অঙ্গীকার করেন। আনন্দ ও বলরাম সংভূয়কারী নহেন।

(*e*.) A. and B. are joint owners of a ship. This circumstance does not make them partners.

[Lender not a partner by advancing money for share of profits.]

236. A loan to a person engaged or about to engage in any trade or undertaking upon a contract with such person that the lender shall receive interest at a rate varying with the profits, or that he shall receive a share of the profits, does not, of itself, constitute the lender a partner or render him responsible as such.

[Property left in business by retiring partner or deceased partner's representative.]

237. In the absence of any agreement to the contrary, property left by a retiring partner or the representative of a deceased partner to be used in the business, is to be considered a loan within the meaning of the last preceding section.

[Contract for servant's remuneration by share of profits.]

238. No contract for the remuneration of a servant or agent of any person engaged in any trade or undertaking by a share of the profits of such trade or undertaking shall, of itself, render such servant or agent responsible as a partner therein nor give him the rights of a partner.

[Annuity out of profits to widow or child of deceased partner.]

239. No person being a widow or child of a deceased partner of a trader, and receiving by way of annuity a portion of the profits made by such trader in his business, shall, by reason only of such receipt, be deemed to be a partner of such trader, or be subject to any liabilities incurred by him.

[Portion of profits received for sale of good-will.]

240. No person receiving by way of annuity or otherwise a portion of the profits of any business, in consideration of the sale by him of the good-will of such business, shall, by reason only of such receipt, be deemed to be a partner of the person carrying on such business, or be subject to his liabilities.

[Responsibility of person leading another to believe him a partner.]

241. A person who has, by words spoken or written, or by his conduct, led another to believe that he is a partner in a particular firm is responsible to him as a partner in such firm.

[Liability of person permitting himself to be represented as a partner.]

242. Any one permitting himself to be represented as a partner is liable as such to third

(*e*) আনন্দ ও বলরাম কোন জাহাজের সাধারণ স্বামী। তাঁহারা তৎপ্রযুক্ত সংভূয়কারী নহেন।

[লভ্যের অংশ পাইবার নিয়মে কোন ব্যক্তি অগ্রিম টাকা দিলেও সংভূয়কারী না হইবার কথা।]

২৩৬ ধারা। কোন ব্যক্তি বাণিজ্য কি ব্যবসায় করিলে কিম্বা করিতে উদ্যত হইলে, যদি অন্য ব্যক্তি তাঁহাকে ঋণ দিয়া লভ্যের ন্যূনাধিক্যানুসারে ন্যূনাধিক সুদ কি লভ্যের একাংশ পাইবার চুক্তি করেন, তবে ঋণদাতা কেবল সেই কারণে সংভূয়কারী হন না ও সংভূয়কারির ন্যায় তিনি উত্তর দায়ী হন না ইতি।

[সংভূয়কারী কিম্বা মৃত সংভূয়কারির স্থলাভিষিক্ত কর্ম্ম ত্যাগ কালে যে ধন রাখিয়া যান তাহার কথা।]

২৩৭ ধারা। যদি প্রকারান্তরের নিয়ম না হইয়া থাকে তবে সংভূয়কারী কিম্বা মৃত সংভূয়কারির স্থলাভিষিক্ত কর্ম্ম ত্যাগ করণ কালে ব্যবসায়ে ব্যয় করণার্থে যে ধন রাখিয়া যান, তাহা ইহার পূর্ব্ব ধারার অর্থগত ঋণ জ্ঞান হইবে ইতি।

[লভ্যহইতে কর্ম্মকারকপ্রভৃতির পারিতোষিক পাইবার নিয়মের কথা।]

২৩৮ ধারা। কোন ব্যক্তি কোন বাণিজ্যে কি ব্যবসায়ে প্রবর্ত্ত হইয়া কোন ভৃত্যের কি কর্ম্মকারকের সঙ্গে সেই বাণিজ্য কি ব্যবসায়ের লভ্যের অংশ পারিতোষিকস্বরূপ দিবার চুক্তি করিলেও সেই ভৃত্য কি কর্ম্মকারক তৎপ্রযুক্ত সেই কর্ম্মের অংশিস্বরূপ দায়ী হইবেন না ও অংশির স্বত্বে স্বত্ববান হইবেন না ইতি।

[লভ্যহইতে মৃত অংশির বিধবার কি সন্তানাদির বৃত্তির কথা।[

২৩৯ ধারা। সংভূয় বণিকদের এক জনের মরণে তদীয় স্ত্রী কি সন্তান সেই বাণিজ্যকারির ব্যবসায়োৎপন্ন লভ্যের একাংশ বার্ষিক বৃত্তিস্বরূপ প্রাপ্ত হইলে, সেই স্ত্রী কি সন্তান ঐ বৃত্তি প্রাপণপ্রযুক্ত ঐ বণিকের অংশী কিম্বা তাঁহার কোন দায়ের ভাগী জ্ঞান হইবেন না ইতি।

[অনুগ্রহ কার্য্য বিক্রয় হেতুক লভ্যের অংশ পাইবার কথা।]

২৪০ ধারা। কোন ব্যক্তি ব্যবসায় সহকারে ক্রেতা বিক্রেতাদের অনুগ্রহকার্য্য বিক্রয় করণপ্রযুক্ত বার্ষিক বৃত্তিস্বরূপ কি প্রকারান্তরে সেই ব্যবসায়ের লভ্যের একাংশ প্রাপ্ত হইলেও, কেবল তৎপ্রাপণপ্রযুক্ত ঐ ব্যবসায়ির অংশী কি দায়ের ভাগী জ্ঞান হইবেন না ইতি।

[কোন ব্যক্তি অংশী আছেন অন্যের মনে এমত বিশ্বাস জন্মাইলে তাহার দায়ের কথা।]

২৪১ ধারা। কোন ব্যক্তি বিশেষ কুঠীর অংশী আছেন যদি বাচনিক কি লিখিত কথা দ্বারা কি কর্ম্ম দ্বারা অন্যের মনে এমত বিশ্বাস জন্মান, তবে তিনি তাঁহার নিকটে ঐ কুঠীর অংশির ন্যায় উত্তরদায়ী আছেন ইতি।

[কোন ব্যক্তি আপনাকে অংশি প্রকাশ হইতে দিলে তাঁহার দায়ের কথা।]

২৪২ ধারা। কোন ব্যক্তি আপনাকে অংশিস্বরূপ প্রকাশ হইতে দিলে, যদি সেই আস্থায় তৃতীয় ব্যক্তিরা

persons who, on the faith thereof, give credit to the partnership.

[Minor partner.]

243. A person who is under the age of majority, according to the laws to which he is subject, may be admitted to the benefits of partnership, but cannot be made personally liable for any obligation of the firm; but the share of such minor in the property of the firm is liable for the obligations of the firm.

[Liability of minor partner on attaining majority.]

244. A person who has been admitted to the benefits of partnership under the age of majority, becomes, on attaining that age, liable for all obligations incurred by the partnership since he was so admitted, unless he gives public notice within a reasonable time of his repudiation of the partnership.

[Partner's liability for debts of partnership.]

245. Every partner is liable for all debts and obligations incurred by or on behalf of the partnership.

[Partner's liability to third person for neglect or fraud of co-partner.]

246. Every partner is liable to make compensation to third persons in respect of loss or damage arising from the neglect or fraud of any partner in the management of the business of the firm.

[Partner's power to bind co-partners.]

247. Each partner who does any act necessary for or usually done in carrying on the buisness of such a partnership as that of which he is a member, binds his co-partners to the same extent as if he were their agent duly appointed for that purpose.

Exception.—If it has been agreed between the partners that any restriction shall be placed upon the power of any one of them, no act done in contravention of such agreement shall bind the firm with respect to persons having notice of such agreement.

Illustrations.

(*a*.) A. and B. trade in partnership. A. residing in England and B. in India. A. draws a bill of exchange in the name of the firm. B. has no notice of the bill, nor is he at all interested in the transaction. The firm is liable on the bill, provided the holder did not know of the fraud.

(*b*.) A., being one of a firm of solicitors and attorneys, draws a bill of exchange in the name of the firm without authority. The other partners are not liable on the bills.

[*Government Gazette*, 19*th November* 1867.]

ঐ যৌতকর্ম্মে বিশ্বাস করিয়া দ্রব্য সামগ্রী দেন, তবে সেই তৃতীয় ব্যক্তিদের নিকটে ঐ ব্যক্তি অংশির ন্যায় দায়ী ইতি।

[অপ্রাপ্ত ব্যবহার অংশির কথা।]

২৪৩ ধারা। যে ব্যক্তি যে ব্যবস্থার আয়ত্তে থাকেন তিনি সেই ব্যবস্থা মতে প্রাপ্তবয়স্ক না হইলেও যৌতকর্ম্মের লভ্যের অংশী হইতে পারেন, কিন্তু তিনি স্বয়ং ঐ কুঠীর কোন প্রতিজ্ঞার উপলক্ষে দায়ী নহেন। তথাপি কুঠীর সম্পদে ঐ অপ্রাপ্ত ব্যবহারের যে অংশ থাকে তাহার প্রতি ঐ কুঠীর প্রতিজ্ঞার উপলক্ষে দায় বর্ত্তে ইতি।

[অপ্রাপ্ত ব্যবহার অংশী বয়োপ্রাপ্ত হইলে তাহার দায়ের কথা।]

২৪৪ ধারা। যে ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইয়া যৌতকর্ম্মের লভ্যের অংশী হন, তিনি বয়োপ্রাপ্ত হইলে ঐ লভ্যের অংশীস্বরূপ স্বীকৃত হওনের কালাবধি যৌতকর্ম্মের যে সকল প্রতিজ্ঞা হইয়াছে তাহাতে তাঁহারো দায় বর্ত্তে। কিন্তু যদি উপযুক্ত সময় থাকিতে নিরংশী হইবার প্রকাশ্য সম্বাদ দেন তবে দায়ী হইবেন না ইতি।

[যৌতকর্ম্মের ঋণের জন্যে অংশির দায়ের কথা।]

২৪৫ ধারা। যৌতকর্ম্মের দ্বারা কি তৎপক্ষে যে সকল ঋণ ও প্রতিজ্ঞা হয়, তজ্জন্যে প্রত্যেক জন অংশী দায়ী আছেন ইতি।

[সহাংশির ত্রুটির কি প্রতারণার জন্যে তৃতীয় ব্যক্তির নিকটে অংশির দায়ের কথা।]

২৪৬ ধারা। কুঠীর ব্যবসাসম্পর্কীয় কর্ম্মসম্পাদনের কোন অংশির ত্রুটি কি প্রতারণা হেতুক যদি তৃতীয় ব্যক্তিদের হানি কি ক্ষতি হয়, তবে প্রত্যেক জন অংশী তাঁহাদের সেই হানি পূরণের দায়ী ইতি।

[সহাংশিদিগকে আবদ্ধ করিতে অংশির ক্ষমতার কথা।]

২৪৭ ধারা। কোন ব্যক্তি যে সংভূয়সমুত্থানের অংশী হন তৎসংক্রান্ত ব্যবসায়ে যে কর্ম্ম করা আবশ্যক কিম্বা রীতিমতে যাহা করা গিয়া থাকে যে অংশী সেই কর্ম্ম করেন, তিনি তদর্থে সহাংশিরদের নিয়োগীস্বরূপে নিয়মিতরূপে নিযুক্ত হইলে তাঁহারা যদ্রূপে বদ্ধ হইতেন তদ্রূপে সেই কর্ম্ম দ্বারা বদ্ধ হইবেন ইতি।

বর্জ্জনীয় স্থল। অংশিদের কোন এক জনের ক্ষমতা সংক্ষিপ্ত হইবে যদি তাঁহাদের মধ্যে এই প্রকারের নিয়ম থাকে, তবে সেই নিয়মের বিপক্ষ যে ক্রিয়া করা যায়, যাঁহারা সেই নিয়মের কথা জানিতে পাইয়াছেন তাঁহারদের পক্ষে ঐ নিয়মের বিপরীত কার্য্য দ্বারা ঐ কুঠী বদ্ধ হইবে না।

উদাহরণ।

(*a*) আনন্দ ইঙ্গলণ্ডে ও বলরাম ভারতবর্ষে সংভূয়সমুত্থানে কর্ম্ম করেন, আনন্দ কুঠীর নামে হুণ্ডী লিখিয়া দেন বলরাম পূর্ব্বে সেই হুণ্ডীর কোন সম্বাদ পান নাই এবং তৎসংক্রান্ত ব্যাপারে তাঁহার কোন সম্পর্ক নাই। যে ব্যক্তি হুণ্ডী পাইয়াছেন তিনি যদি প্রতারণার কথা না জানিয়া থাকেন, তবে কুঠী সেই হুণ্ডীর টাকার দায়ী আছেন।

(*b*) সলিসিটর ও আটর্ণির (অর্থাৎ উকীলেরদের) কুঠীর আনন্দ নামক এক ব্যক্তি অনুমতি না পাইয়া এক খান হুণ্ডী দিয়া কুঠীর নাম সহী করিয়া দেন। ঐ হুণ্ডীর জন্যে অন্য অংশিদের দায় নাই।

(c.) A. and B. carry on business in partnership as bankers; a sum of money is received by A. on behalf of the firm. A does not inform B. of such payment, and afterwards A. appropriates the money to his own use The partnership is liable to make good the money.

(d.) A., a partner, takes upon him to agree that his firm shall submit to an arbitration. His undertaking is void.

(e.) A. and B. are partners. A. with the intention of cheating B., goes to a shop and purchases articles such as might be used in the partnership business, which he converts to his own separate use, there being no collusion between him and the seller. The firm is liable for the price of the goods.

(c) আনন্দ ও বলরাম বণিক স্বরূপ যৌত কর্ম্ম করেন। আনন্দ কুঠীর নিমিত্তে টাকা পান। কিন্তু বলরামকে তাহা পাইবার কথা না জানাইয়া আপনি নিজ কর্ম্মে ব্যয় করেন। কুঠীই সেই টাকা পরিশোধ করিতে বদ্ধ আছেন।

(d) আনন্দ নামে এক জন অংশী আপন ইচ্ছাতে প্রতিজ্ঞা করেন যে আমার কুঠী মধ্যস্থদের বিচারে সম্মত হইবেন। সেই প্রতিজ্ঞা ব্যর্থ।

(e) আনন্দ ও বলরাম সংভূয়কারী আছেন। আনন্দ বলরামকে বঞ্চনা করিবার অভিপ্রায়ে, আপনারদের সমবেত কার্য্যেতে যেং দ্রব্যের ব্যবহার সম্ভাবনা এমত দ্রব্য কোন দোকানে ক্রয় করিয়া লইয়া নিজ কর্ম্মে ব্যবহার করেন কিন্তু বিক্রেতার সঙ্গে তাহার কোন যোগ নাই। ঐ দ্রব্যের মূল্যের জন্যে কুঠী দায়ী।

[Annulment of agreement defining partners' rights and obligations.]

248. Where partners have by agreement regulated and defined as between themselves their rights and obligations; such agreement can be annulled or altered only by consent of all of them, which consent must either be expressed or be implied from a uniform course of dealing.

[সংভূয়কারিদের অধিকার ও নিবন্ধনের নিরূপণপত্র ব্যর্থ করিবার কথা।]

২৪৮ ধারা। যদি সংভূয়কারিরা নিয়ম করণদ্বারা আপনারদের মধ্যে প্রত্যেক জনের অধিকার ও দায় নিরূপণ ও নির্দ্দিষ্ট করিয়া থাকেন, তবে তাঁহারদের সকলের সম্মতি না হইলে ঐ নিয়মপত্র নিবৃত্ত কি পরিবৃত্ত হইতে পারিবে না। সেই সম্মতি স্পষ্ট প্রকাশ হইবে অথবা ব্যাপারের চিরাগত রীত্যনুসারে অনুভূত হইবে ইতি।

Illustration.

A., B., and C. intending to enter into partnership, execute written articles of agreement, by which it is stipulated that the net profits arising from the partnership business shall be equally divided between them. Afterwards they carry on the partnership business for many years, A. receiving one-half of the net profits, and the other half being divided equally between B. and C. without any remonstrance on their part. This course of dealing supersedes the provision in the articles as to the division of profits.

উদাহরণ।

আনন্দ ও বলরাম ও চন্দ্র যৌতায় কর্ম্ম করিবার মানসে নিয়মপত্র লিখিয়া সম্পাদন করেন। সেই পত্রের বিধান এই, ঐ যৌত কর্ম্মদ্বারা যে লাভ হয় ব্যয় বাদে তাহা আমাদের মধ্যে সমানরূপে বিভক্ত হইবে। পরে তাঁহারা অনেক বৎসর যৌতায় কর্ম্ম চালাইলেন কিন্তু আনন্দ প্রতিবৎসর ঐ লভ্যের অর্দ্ধেক পাইতেন বলরাম ও চন্দ্র একত্রে অন্য অর্দ্ধেক পাইয়া বিতণ্ডা করিতেন না। নিয়মপত্রে লভ্য বিভাগের যে বিধি হইয়াছে ঐ কর্ম্মের ধারা তদপেক্ষা বলবৎ।

[General rule determining partner's mutual relations.]

249. In the absence of any agreement to the contrary, the relations of the partners to each other are determined by the following rules:—

[অংশিদিগের পরস্পর সম্বন্ধ নিরূপণের সাধারণ বিধি।]

২৪৯ ধারা। যদি ভাবান্তরের নিয়ম না থাকে তবে অংশিদের পরস্পর সম্বন্ধ নিম্ন লিখিত বিধিক্রমে নির্ণীত হইবে।

(1.) All partners are joint owners of all property originally brought into the partnership stock, or bought with money belonging to the partnership, or acquired for purposes of the partnership business. All such property is called partnership property. The share of each partner in the partnership property is the value of his original contribution, increased or diminished by his share of profit or loss.

(2.) All partners are entitled to share equally in the profits of the partnership business, and must contribute equally towards the losses sustained by the partnership.

(3.) Each partner has a right to take part in the management of the partnership business.

(১) যৌত কর্ম্মে আদৌ যে স্থিতি আনা যায় কিম্বা যৌত কর্ম্ম ভুক্ত ধনেতে যাহা ক্রয় করা যায় কিম্বা যৌত কর্ম্মের নিমিত্তে যাহা প্রাপ্ত হওয়া যায়, সকল অংশী তাহার সাধারণ স্বামী। ঐ সকল স্থিতি যৌত কর্ম্মের স্থিতি বলা যায়। প্রত্যেক জন অংশী প্রথমে সেই কর্ম্মের নিমিত্তে যত টাকা দিয়াছিলেন লাভের কি ক্ষতিরদ্বারা তাহার যে বৃদ্ধি কি হানি হইয়া থাকে তদনুসারে সেই স্থিতিতে তাহার অংশের মূল্য হয়,

(২) যৌত কর্ম্মদ্বারা যে লাভ হয় সকল অংশির সমানরূপে তাহার ভাগ পাইবার অধিকার আছে। এবং ঐ কর্ম্মে যে ক্ষতি হয়, তাহার পরিশোধে সকলের সমান দিতে হইবে।

(৩) যৌত কর্ম্মের অধ্যক্ষতা কার্য্যে প্রত্যেক অংশির অধিকার থাকে।

(4.) Each partner is bound to attend diligently to the business of the partnership, and is not entitled to any remuneration for acting in such business.

(5.) All ordinary matters of partnership business may be done with the consent of the majority of the partners; but no change in the nature of the business of the partnership can be made, except with the consent of all the partners.

(6.) No person can introduce a new partner into a firm without the consent of all the partners.

(7.) If from any cause whatsoever, any member of a partnership ceases to be so, the partnership is dissolved as between all the other members.

(8.) Unless the partnership has been entered into for a fixed term, any partner may retire from it at any time.

(9.) Where a partnership has been entered into for a fixed term, no partner can during such term retire, except with the consent of all the partners, nor can he be expelled by his partners for any cause whatever.

(10.) Partnerships, whether entered into for a fixed term or not, are dissolved by the death of any partner.

[When Court may dissolve partnenship.]

250. At the suit of a partner the Court may dissolve the partnership in the following cases :—

(1.) When a partner becomes of unsound mind.

(2.) When a partner other than the person suing has been adjudicated an insolvent under any law relating to insolvent debtors.

(3.) When a partner other than the person suing has done any act by which the whole interest of such partner is legally transferred to a third person.

(4.) When any partner becomes incapable of performing his part of the partnership contract.

(5.) When a partner other than the person suing is guilty of gross misconduct in the affairs of the partnership or towards his partners.

(6.) When the business can only be carried on at a loss.

[Dissolution of partnership by prohibition of business.]

251. A partnership is in all cases dissolved by its business being prohibited by law.

(৪) যৌথ কর্ম্মে প্রত্যেক অংশীকে যত্নপূর্ব্বক অবশ্য মনোযোগ করিতে হইবে। ঐ যৌথ কর্ম্ম সম্পাদনের জন্যে তাঁহার বেতন পাইবার অধিকার নাই।

(৫) যৌতকর্ম্ম সংক্রান্ত সাধারণ কার্য্য অংশিদের অধিকাংশ ব্যক্তির সম্মতিতে করা যাইতে পারে। কিন্তু সকল অংশী সম্মত না হইলে যৌত ব্যবসায়ের পরিবর্ত্তন করা যাইতে পারে না।

(৬) সকল অংশী সম্মত না হইলে কোন ব্যক্তি নূতন অংশিকে আনাইতে পারিবেন না।

(৭) যদি কোন কারণে সংভূয় বণিকের অন্তর্গত কোন ব্যক্তির অংশিত্ব রহিত হয়, তবে অন্য সকল অংশির পক্ষে ঐ অংশিত্বের লোপ হইয়া যায়।

(৮) যদি যৌতায কর্ম্ম চালাইবার সময় নিরূপণ না হইয়া থাকে তবে কোন অংশী ইচ্ছা করিলেই অবসর হইতে পারিবেন।

(৯) যদি যৌতায কর্ম্ম চালাইবার সময় নিরূপণ হইয়া থাকে, তবে সেই সময়ের মধ্যে সকল অংশী সম্মত না হইলে, কোন এক জন অবসর হইতে পারিবেন না, এবং অন্য অংশিরা কোন কারণে কোন এক জনকে বহিষ্কৃত করিতে পারিবেন না।

(১০) যৌতায় কর্ম্ম চালাইবার সময় নিরূপণ হউক কি না হউক, কোন অংশির মৃত্যু হইলে, সংভূয় সমুত্থান বিলুপ্ত হয়।

[যে স্থলে আদালত সংভূয়সমুত্থান বিলোপ করিতে পারেন তাহার কথা।]

২৫০ ধারা। আদালত এক জন অংশির প্রার্থনামতে নিম্নলিখিত গতিকে যৌত কর্ম্ম রহিত করিতে পারিবেন।

(১) যদি এক জন অংশির মনের বৈকৃত্য হয়তবে।

(২) যিনি প্রার্থনা করেন তদ্ভিন্ন যদি অংশিদের মধ্যে কেহ যোত্রহীন ঋণী বিষয়ক কোন আইনমতে বিচারিত হইয়া যোত্রহীন হইয়া থাকেন তবে।

(৩) যে ক্রিয়াদ্বারা আইনমতে কোন অংশির সম্পূর্ণ স্বার্থ তৃতীয় ব্যক্তির প্রতি হস্তান্তরিত হয়, যিনি প্রার্থনা করেন তদ্ভিন্ন যদি কোন অংশী এমত ক্রিয়া করেন, তবে।

(৪) যৌত কর্ম্মের চুক্তিমতে অংশির যাহা কর্ত্তব্য, যদি কোন অংশী আপনার সেই কর্ত্তব্য কর্ম্ম করিতে অক্ষম হন তবে।

(৫) যিনি প্রার্থনা করেন তদ্ভিন্ন কোন অংশী যদি যৌত কর্ম্ম সংক্রান্ত ব্যাপারে কিম্বা সহ অংশিদের পক্ষে গুরুতরভাবে অসদাচার করেন তবে।

(৬) যদি কার্য্য চলিলে ক্ষতি ভিন্ন লাভ হইতে না পারে তবে।

[ব্যবসায় নিষিদ্ধ হইলে যৌত কর্ম্ম রহিত হওয়ার কথা।]

২৫১ ধারা। যৌত কর্ম্ম সংক্রান্ত ব্যবসা আইনদ্বারা নিষিদ্ধ হইলে সেই কর্ম্মের অংশিত্ব রহিত হয় ইতি।

[Application of original terms to partnership continued under them.]

252. If a partnership entered into for a fixed term be continued after such term has expired, the rights and obligations of the partners will, in the absence of any agreement to the contrary, remain the same as they were at the expiration of the term, so far as such rights and obligations can be applied to a partnership dissolvable at the will of any partner.

[General duties of partners.]

253. Partners are bound to carry on the business of the partnership for the greatest common advantage, to be just and faithful to each other, and to render true accounts and full information of all things affecting the partnership to any partner or his legal representatives.

[Benefit derived from transaction affecting partnership.]

254. A partner must account to the firm for any benefit derived from a transaction affecting the partnership.

Illustrations.

(*a.*) A and B are partners for the sale of a mineral of a certain description. A. keeps a shop near a mine where this mineral is found, and buys it from the miners, giving them goods in which he deals in exchange. A must account to B for the profit which he obtains by selling his own goods, as well as for that which he derives from the sale of the mineral.

(*b.*) A., B., and C. are partners in trade. C., without the knowledge of A. and B., obtains for his own sole benefit a lease of the house in which the partnership business is carried on. A and B are entitled to participate, if they please, in the benefit of the lease.

(*c.*) A., B., and C. carry on business together in partnership as merchants, trading between Bombay and London. D., a merchant in London, to whom they make their consignments, secretly allows C. a share of the commission which he receives upon such consignments, in consideration of C.'s using his influence to obtain the consignments for him. C. is liable to account to the firm for the money so received by him.

[Profits made in competing business.]

255. If a partner, without the knowledge and consent of the other partners, carries on any business competing or interfering with that of the firm, he must account to the firm for all profits made in such business, and must make compensation to the firm for any loss occasioned thereby.

[Liability of incoming partner.]

256. Every person introduced as a partner into pre-existing firm, is subject to all the obligations incurred by the firm before he was introduced.

[আদ্য নিয়মানুসারে যৌত কর্ম্ম প্রচলিত থাকিলে তৎপ্রতি সেই নিয়ম বর্ত্তিবার কথা।]

২৫২ ধারা। নিরূপিত কালের নিমিত্তে যে যৌত কর্ম্ম স্থাপিত হইয়াছে, যদি সেই কাল গত হইলেও তাহা চলিতে থাকে, তবে প্রকারান্তরের কোন নিয়ম না থাকিলে ঐ সময় অতীত হওনকালে অংশিদের যে অধিকার ও দায় হয়, কোন অংশির স্বেচ্ছাধীনে বিলোপনীয় যৌত কর্ম্মের প্রতি ঐ অধিকার ও দায় যে পর্য্যন্ত বর্ত্তান যাইতে পারে সেই পর্য্যন্ত পূর্ব্ববৎ থাকিবে ইতি।

[অংশিদের সাধারণ কর্ত্তব্য কর্ম্মের কথা।]

২৫৩ ধারা। অংশিদের এইং কর্ম্ম অবশ্য কর্ত্তব্য। তাঁহারা সাধারণের যথোধিক লাভার্থে যৌত ব্যবসায় চালাইবেন। পরস্পর ন্যায়কারি ও বিশ্বস্ত হইবেন। কোন অংশিকে কিম্বা তাহার আইনসিদ্ধ স্থলাভিষিক্তকে যৌত কর্ম্ম সংক্রান্ত সকল বিষয়ের যথার্থ হিসাব ও সম্পূর্ণ বৃত্তান্ত জানাইবেন ইতি।

[যে কার্য্যদ্বারা যৌত কর্ম্মের কোন লাভ হয় সেই কার্য্যদ্বারা লব্ধির কথা।]

২৫৪ ধারা। যৌত কর্ম্মসংক্রান্ত যে কার্য্যদ্বারা কোন লভ্য উৎপন্ন হয় অংশির সেই কর্ম্মের বিবরণ কুঠীতে জানাইতে হইবে ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ ও বলরাম কোন প্রকারের ধাতু বিক্রয়ার্থে অংশী আছেন। ঐ ধাতুর আকরের নিকট আনন্দের দোকান। তিনি খনকারিদের স্থানে তাহা লইয়া আপনি যে দ্রব্যের ব্যবসায় করিয়া থাকেন ঐ ধাতুর বিনিময়ে সেই দ্রব্য দেন। আনন্দ ঐ ধাতু বিক্রয় করণদ্বারা যে লাভ পান বলরামকে তাহার হিসাব যেমন দিবেন, তেমনি আপনার দ্রব্য বিক্রয় করিয়া যে লাভ পান তাহারও হিসাব তাঁহার দিতে হইবে।

(*b*) আনন্দ ও বলরাম ও চন্দ্র ব্যবসায়ের অংশী আছেন। যৌত কর্ম্ম সংক্রান্ত কার্য্য যে ঘরে চলিতেছে চন্দ্র আনন্দকে ও বলরামকে না কহিয়া আপনার লভ্যার্থে সেই ঘরের পাট্টা লন। আনন্দ ও বলরাম যদি ইচ্ছা করেন, তবে ঐ পাট্টাদ্বারা যে লাভ হয় তাঁহাদেরও তাহার ভাগ লইবার অধিকার আছে।

(*c*) আনন্দ ও বলরাম ও চন্দ্র বোম্বাই ও লণ্ডন নগরের মধ্যে বণিকস্বরূপ যৌত কর্ম্ম চালান। লণ্ডন নগরে দিননাথ নামে এক জন বণিক আছেন। চন্দ্র আপন প্রতিপত্তিদ্বারা ঐ বাণিজ্য দ্রব্য তাঁহার নামে প্রেরণ করেন, এই জন্যে তিনি বাণিজ্য দ্রব্যের উপর যে কমিসান পান চন্দ্রকে সেই কমিসানের এক অংশ দেন। চন্দ্র তদ্রূপে যত টাকা পান কুঠীতে তিনি সেই টাকার হিসাবের দায়ী আছেন।

[প্রতিযোগি ব্যবসায়ে প্রাপ্ত লভ্যের কথা।]

২৫৫ ধারা। অংশিরা যে ব্যবসায় চালাইতেছেন, যদি এক জন অংশী অন্য অংশিদের জ্ঞান ও সম্মতি ভিন্ন ঐ ব্যবসায়ের প্রতিযোগি কি হানিকর অন্য ব্যবসায় করেন, তবে সেই ব্যবসায়দ্বারা তাঁহার যে লাভ হয়, কুঠীতে তাহার হিসাব দিতে হইবে ও সেই ব্যবসায়দ্বারা কুঠীর যে হানি হয় তাহা পূরণ করিতে হইবে ইতি।

[আগন্তুক অংশির দায়ের কথা।]

২৫৬ ধারা। যে কুঠী আছে, তাহাতে নূতন অংশী আনাত হইলে তাঁহার আগমনের পূর্ব্বে কুঠীর যে অবন্ধন ছিল তিনিও তাহার আয়ত্তে থাকিবেন ইতি।

[Non-revocation of continuing guarantee by change in firm.]

257. A continuing guarantee given either to a firm or to a third person in respect of the transactions of a firm, is not revoked as to future transactions by any change in the firm to which, or in respect of the transactions of which, such guarantee was given.

[কুঠীর পরিবর্ত্তনদ্বারা চিরপ্রাতিভাব্যের নিবৃত্তি না হওয়ার কথা।]

২৫৭ ধারা। কোন কুঠীর কার্য্যব্যাপার সম্পর্কে যদি কুঠীকে কিম্বা তৃতীয় ব্যক্তিকে চিরপ্রাতিভাব্য প্রদান করা যায়, তবে সেই প্রাতিভাব্য যে কুঠীতে দেওয়া গেল তদঘটিত কোন পরিবর্ত্তনদ্বারা ভাবি কার্য্যব্যাপার সম্পর্কে কিম্বা যে ব্যাপার বিষয়ে প্রাতিভাব্য দেওয়া গিয়াছিল তৎসম্পর্কে ঐ প্রাতিভাব্যের নিবৃত্তি হয় না ইতি।

[Non-liability of deceased partner's estate for subsequent obligations.]

258. The estate of a partner who has died is not liable in respect of any obligation incurred by the firm after his death.

[দায় বর্ত্তিবার পূর্ব্বে মৃত অংশির সম্পত্তির প্রতি দায় না বর্ত্তিবার কথা।]

২৫৮ ধারা। অংশী মরিলে তাঁহার মরণের পর কুঠীর প্রতি যে দায় বর্ত্তে তাহা তাঁহার সম্পত্তির উপর বর্ত্তিবে না ইতি।

[Payment of partnership-debts, and of separate debts.]

259. Where there are joint debts due from the partnership, and also separate debts due from any partner, the partnership property must be applied in the first instance in payment of the debts of the firm, and if there is any surplus, then the share of each partner must be paid to him or applied in payment of his separate debts. The separate property of any partner must be applied first in the payment of his separate debts, and the surplus (if any) in the payment of the debts of the firm.

[যৌত কর্ম্মের ঋণ ও স্বতন্ত্র ঋণ শোধ করিবার কথা।]

২৫৯ ধারা। যদি যৌত কর্ম্ম হইতে প্রাপ্য সাধারণ ঋণ ও কোন অংশিহইতে প্রাপ্য স্বতন্ত্র ঋণ থাকে, তবে প্রথমে কুঠীর ঋণ পরিশোধ করিবার জন্যে যৌত সম্পত্তির প্রয়োগ হইবে। যদি কিছু উদ্বৃত্ত থাকে তবে তাহাহইতে প্রত্যেক অংশির অংশ তাঁহাকে দেওয়া যাইবে কিম্বা তাঁহার স্বতন্ত্র ঋণ শোধ হইবে। কোন অংশির স্বতন্ত্র সম্পত্তি প্রথমে তাঁহার স্বতন্ত্র ঋণ পরিশোধে প্রয়োগ হইবে, ও যাহা উদ্বৃত্ত থাকে তাহা কুঠীর ঋণ পরিশোধে প্রয়োগ হইবে ইতি।

[Continuance of partners' rights and obligations after dissolution.]

260. After a dissolution of partnership the rights and obligations of the partners continue in all things necessary for winding up the business of the partnership.

[যৌতকর্ম্ম উঠিয়া গেলেও অংশিদের অধিকার ও দায় চলিবার কথা।]

২৬০ ধারা। যৌতকর্ম্ম উঠিয়া গেলে পর সেই কর্ম্ম বন্দ করিবার জন্যে যে ক্রিয়া আবশ্যক হয় তৎসম্পর্কে অংশিদের অধিকার ও দায় বলবৎ থাকে ইতি।

[Notice of dissolution.]

261. Persons dealing with a firm will not be affected by a dissolution of which no public notice has been given, unless they had themselves notice of such dissolution.

[উঠিয়া যাইবার সম্বাদের কথা।]

২৬১ ধারা। কুঠীর সঙ্গে যে ব্যক্তির ব্যবসায় চলে যদি কর্ম্ম নিবৃত্তির প্রকাশ্য সম্বাদ না দেওয়া যায়, তবে সেই ব্যক্তি নিজে ঐ কর্ম্ম নিবৃত্তির সম্বাদ না পাইলে, সেই নিবৃত্তিদ্বারা তাঁহার কোন ক্ষতি হইবে না ইতি।

[Winding-up by Court after termination of partnership.]

262. In the absence of any agreement to the contrary, after the termination of a partnership, each partner or his representatives may apply to the Court to wind up the business of the firm, to provide for the payment of its debts, and to distribute the surplus according to the shares of the partners respectively.

[যৌতকর্ম্ম নিবৃত্ত হইলে পর আদালত কর্ত্তৃক কর্ম্ম বন্দ হইবার কথা।]

২৬২ ধারা। যদি প্রকারান্তরের কোন নিয়মপত্র না থাকে, তবে যৌতকর্ম্ম নিবৃত্ত হইলে পর প্রত্যেক অংশী কি তাহার স্থলাভিষিক্ত কুঠীর কর্ম্ম বন্দ করিবার ও ঋণ পরিশোধের নিয়ম করিবার, এবং অবশিষ্ট যাহা থাকে তাহা অংশিদের অংশানুসারে বন্টন করিবার জন্যে আদালতে প্রার্থনা করিতে পারিবেন ইতি।

[Limited-liability partnerships, incorporated partnerships, and joint stock companies.]

263. Extraordinary partnerships, such as partnerships with limited liability, incorporated partnerships, and joint stock companies, shall be regulated by the law now in force in India relating thereto until further provision shall be made in that behalf.

[সীমাযুক্ত দায়ের অংশিত্ব ও চার্টরদ্বারা সমাবেত অংশিত্ব ও জাইণ্ট ষ্টাক কোম্পানির কথা।]

২৬৩ ধারা। সীমাযুক্ত দায়বিশিষ্ট ও চার্টর দ্বারা সমবায়িত যৌতকর্ম্ম ও জাইণ্ট ষ্টাক কোম্পানি প্রভৃতি যে সকল অসামান্য প্রকারের নহে, যত কাল তাহার অন্য বিধান না হয়, তত কাল ভারতবর্ষের মধ্যে যে আইন এইক্ষণে প্রচলিত আছে তাহার প্রতি সেই আইন বর্ত্তিবে ইতি।

[Government Gazette, 19th November 1867.]

FIRST SCHEDULE.

Number of Statute or Act.	Title of Act.	Extent of repeal.
Stat 29 Car. 2, Cap 3.	An Act for prevention of Frauds and Perjuries ...	Sections 1, 2, 3, 4 and 17.
Stat 11 & 12 Vic., Cap. 21.	To consolidate and amend the law relating to insolvent debtors in India.	Section 42.
Act XIII of 1840.	An Act for the amendment of the law regarding factors by extending to the territories of the East India Company, in cases governed by the English law, the provisions of the Stat. 4, Geo. iv, c. 83, as altered and amended by the Stat. 6, Geo. iv, c. 94.	The whole.
Act XIV of 1840.	An Act for rendering a written memorandum necessary to the validity of certain promises and engagements by extending to the territories of the East India Company, in cases governed by English law, the provisions of Stat 9, Geo iv, Cap. 14.	The whole, except Section 4.
Act V of 1866	To provide a summary pro cedure on Bills of Exchange, and to amend in certain respects the commercial law of British India.	Section 10
Act XV of 1866.	To amend the law of Partnership in India ..	The whole.

SECOND SCHEDULE.

Number of Statute or Act	Title of Act.	Extent of saving.
Act XI of 1841.	Military Courts of Requests Act	Section 9
Act XXI of 1848.	For avoiding wagers	The whole.
Act VI of 1849	For securing Military and Naval pensions and superannuation allowances	Section 3
Act XIX of 1850.	Concerning the binding of apprentices	Sections 8, 9, 10, 11, 12, 22
Act XVIII of 1853	For regulating the sale of spirituous liquors, &c, in cantonments	So much as is not repealed.
Act XVIII of 1854	An Act relating to Railways in India	Sections 9, 10, and 11
Stat 17 and 18 Vic., Cap 104	The Merchant Shipping Act, 1854	Section 544.
Act I of 1859	For the amendment of the law relating to Merchant Seamen	So much as relates to agreements with Seamen.
Act XIII of 1859.	To provide for the punish- ment of breaches of contract by artificers, work- men, and labourers in certain cases	The whole
Act XV of 1863.	To amend Act I of 1859	Section 3
Act III of 1865	The Carriers' Act, 1865 .	The whole.
Act XIV of 1866.	The Indian Post Office Act, 1866 .	Section 65.
Act VIII of 1867.	To amend the law relating to Horse-racing in India	The whole.

প্রথম তফসীল।

ব্যবস্থার কি আইনের নম্বর	আইনের নাম।	যত দূর রহিত হইল।
২ চার্লস রাজার ২৯ বৎসরের ৩ অধ্যায়ের আইন	প্রতারণা ও মিথ্যাশপথ নিবারণার্থ আইনের ...	১, ২, ৩, ৪ ও ১৭ ধারা।
মহারাণী বিক্টোরিয়ার ১১,১২ বৎসরের ২১ অধ্যায়ের আইন ...	ভারতবর্ষে যোত্রহীনবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইনের ...	৪২ ধারা।
১৮৪০ সা. ১৩ আ. ...	যে মোকদ্দমায় ইঙ্গলণ্ডীয় আইন বলবৎ হয় সেই মোকদ্দমায় ৪ জর্জ রাজার ৬ বৎসরের ৯৪ অধ্যায়ের আইন দ্বারা সংশোধিত ৪ জর্জ রাজার ৪ বৎসরের ৮৩ অধ্যায়ের আইনের বিধান কোম্পানি বাহাদুরের শাসিত দেশে প্রচলিত করিয়া কুঠীওয়ালাদের বিষয়ি আইন সংশোধন করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৪০ সা. ১৪ আ. ...	যে মোকদ্দমায় ইঙ্গলণ্ডীয় আইন বলবৎ হয় সেই মোকদ্দমায় ৪ জর্জ রাজার ৯ বৎসরের ১৪ অধ্যায়ের আইন কোম্পানি বাহাদুরের শাসিত দেশে প্রচলিত করিয়া কোন২ প্রতিজ্ঞা ও নিবন্ধন সিদ্ধ করণার্থে লিখিত দলীল আবশ্যক করণার্থ আইনের ..	৪ ধারা ভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৬১ সা. ৫ আ. ...	হুণ্ডীর উপর সরাসরী কার্য্যপ্রণালীর বিধান করণার্থ এবং ব্রিটনীয় ভারতবর্ষের বাণিজ্য বিষয়ক আইন কোন২ অংশে সংশোধন করণার্থ আইনের ...	১০ ধারা।
১৮৬১ সা. ১৫ আ. ...	ভারতবর্ষের মধ্যে সম্ভ্রমসমূখানের ব্যবস্থা সংশোধনার্থ ...	সম্পূর্ণ আইন।

দ্বিতীয় তফসীল।

ব্যবস্থার কি আইনের নম্বর	আইনের নাম।	যত দূর রহিত হইল।
১৮৪১ সা. ১১ আ. ...	সৈন্য সম্পর্কীয় কোর্ট রিকেস্টের আইনের ...	৯ ধারা।
১৮৪৮ সা. ২১ আ. ...	বাজী রাখা ব্যর্থ করণের ...	সম্পূর্ণ আইন।
১৮৪৯ সা. ৬ আ. ...	সৈন্যসম্পর্কীয় ও জাহাজ সম্পর্কীয় মুৎফেরা ও বার্দ্ধক্য প্রযুক্ত আলুফা রক্ষা করণের আইনের ..	৩ ধারা।
১৮৫০ সা. ১৯ আ. ...	আপ্রেণ্টিসদিগকে বদ্ধ করণের বিষয়ি আইনের ...	৮, ৯, ১০, ১১, ১২, ২২ ধারা।
১৮৫৩ সা. ১৮ আ. ...	সৈন্যদের ছাউনীস্থানে উগ্র শরাব প্রভৃতি বিক্রয় করিবার বিধান করণের আইন ...	যে অংশ রহিত হয় নাই।
১৮৫৪ সা. ১৮ আ. ...	ভারতবর্ষের রেল রোড সম্পর্কীয় আইনের ...	৯, ১০, ১১ ধারা।
বিক, ১৭, ১৮ বৎ, ১০৪ অধ্যায় ...	১৮৫৪ সালের সওদাগরী জাহাজের আইনের ...	৫৪৪ ধারা।
১৮৫৯ সা. ১ আ ...	সওদাগরী জাহাজীলোকদের আইন সংশোধন করিবার আইনের ...	যে অংশে নাবিকদের সহিত করার হইবার সম্পর্ক থাকে।
১৮৫৯ সা. ১৩ আ. ...	কোন২ স্থানে কারিগর কি কর্ম্মকারক কি মজুর চুক্তি ভঙ্গ করিলে তাহারদের দণ্ডের বিধান করিবার ..	সম্পূর্ণ আইন।
১৮৬৩ সা. ১৫ আ. ...	১৮৫৯ সালের ১ আইন সংশোধন করিবার আইনের	৩ ধারা।
১৮৬৫ সা. ৩ আ. ...	১৮৬৫ সালের বাহক বিষয়ক ..	সম্পূর্ণ আইন।
১৮৬৬ সা. ১৪ আ. ...	১৮৬৬ সালের ভারতবর্ষীয় ডাক ঘরের আইনের ...	৬৫ ধারা।
১৮৬৭ সা. ৮ আ. ..	ভারতবর্ষের ঘোড় দৌড় বিষয়ক আইন সংশোধন করিবার ..	সম্পূর্ণ আইন।

STATEMENT OF OBJECTS AND REASONS.

The Bill now submitted to the Council of the Governor General for making Laws and Regulations embodies the draft Law of Contract prepared under the superintendence of the Indian Law Commissioners. A series of sections having reference to one particular subject has been omitted for reasons which will be afterwards assigned; but with this exception no change has been made in the draft of the Commissioners other than the correction of some minor errors, of which a few appear to be either clerical or typographical.

"The Indian Contract Law"—which is the designation proposed for the measure—constitutes the second chapter transmitted to India of the intended Code of Substantive Civil Law. If it becomes law, it will differ in one important particular from the chapter which has already received legislative sanction. The "Indian Succession Act," so far at least as regards Intestate Succession, was never intended to include Hindoos and Mahomedans, and the Indian Legislature further exempted Buddhists from its operation. But the Commissioners recommend, and the present Bill proposes, that the new Indian Contract Law shall be of universal application in India.

The recommendation of the Commissioners appears to be justified, not only by the abstract consideration that Contract is the branch of Law on which men of all times and races have come most nearly to indential conclusions, but also by the actual condition of the Law of Contract in India. The state of that Law is thus described in general terms by the Commissioners:—

"Within the limits of the Presidency Towns, the decision of suits of the nature is practically governed by the Law of England, and everywhere else the Judge is to a great extent without the guidance of any positive Law beyond the rule that his decision shall be such as he deems to be in accordance with "Justice, equity, and good conscience."

This description needs only to be qualified by the remark that the decision assumed to be dictated by 'Justice, equity, and good conscience,' have of late year been much affected, as a fact, by the English Law of Contreat as gathered from the ordinary text books in use among English practitioners.

The largeness of the sphere practically occupied in India by the English Law of Contract, is in truth to the justification of the course which has been followed by the Commissioners. Their draft

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

পূর্ব্বলিখিত যে পাণ্ডুলিপি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় অর্পিত হইয়াছে তন্মধ্যে ভারতবর্ষীয় ব্যবস্থা প্রণেতাদের তত্ত্বাধীনে প্রস্তুত চুক্তির আইন সমাবেত হইয়াছে। কিন্তু একি বিষয়ের ধারাশ্রেণী দেওয়া যায় নাই। তাহার হেতু পশ্চাৎ ব্যক্ত হইবে। তদ্ভিন্ন ব্যবস্থাপ্রণেতাদের পাণ্ডুলিপির পরিবর্ত্তন করা যায় নাই। কেবল অক্ষরের কোন ক্ষুদ্র২ দোষের সংশোধন হইয়াছে।

উক্ত আইনের যে পাণ্ডুলেখ্য প্রকাশ হইয়াছে তাহা ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক আইননামে খ্যাত দেওয়ানী ব্যবস্থার মূল বিধি সূচক যে কল্পিত আইন ভারতবর্ষে প্রেরিত হইয়াছে, ইহাই তাহার দ্বিতীয় অধ্যায়। এই পাণ্ডুলেখ্য যদি আইনস্বরূপ প্রচলিত হয়, তবে উক্ত মূল বিধির যে অধ্যায় ইতিপূর্ব্বে ব্যবস্থাপকগণের সম্মতিক্রমে প্রচলিত হইয়াছে তাহাহইতে গুরুতর এক বিষয়ে ইহার বিশেষ থাকিবে। ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক সেই অধ্যায় বিশেষতঃ যাঁহারা উইল না লিখিয়া মরেন তাঁহাদের সম্পত্তিপ্রাপ্তির কথা ঐ অধ্যায়ের যে অংশে আছে সেই অংশ, হিন্দু ও মুসলমানেরদের প্রতি বর্ত্তিবে এমন কখন কল্পনা ছিল না এবং ভারতবর্ষীয় ব্যবস্থা প্রণেতৃগণ বৌদ্ধ ধর্ম্মাবলম্বিদিগকেও সেই আইনের কার্য্যহইতে মুক্ত করিলেন। কিন্তু ভারতবর্ষীয় চুক্তি বিষয়ক নূতন এই অধ্যায় ভারতবর্ষের সর্ব্বস্থানে ব্যাপ্ত হয়, ব্যবস্থাপক কমিস্যনরগণের এই পরামর্শ ও এই পাণ্ডুলিপিতে সেই কথার প্রস্তাব হইয়াছে।

কমিস্যনরদের উক্ত পরামর্শ দুই কারণে যুক্তিসিদ্ধ বোধ হইতেছে। এক এই, ব্যবহারের যে নানা শাখা আছে তন্মধ্যে চুক্তির বিষয়ে সকল সময়ের ও সকল বংশের লোকের যেমন প্রায় এক্যমত আছে, অন্য কোন বিষয়ে তদ্রূপ হয় না। ভারতবর্ষে চুক্তি বিষয়ক ব্যবস্থার যে অবস্থা আছে অন্যতর কারণ সেই। ঐ আইনের অবস্থা বিষয়ে কমিস্যনরেরা সাধারণমতে এই কথা লিখিয়াছেন।

"নানা রাজধানীর সীমার মধ্যে চুক্তিঘটিত যে মোকদ্দমা উপস্থিত করা যায়, কার্য্যতঃ তাহার নিষ্পত্তি ইঙ্গলণ্ডীয় আইনমতে হইয়া থাকে। অন্যান্য স্থানে বিচারকর্ত্তা যদনুসারে বিচার করিবেন এমত কোন স্পষ্ট আইন নাই, তিনি যাহা যাথার্থ্য ও ন্যায় ও সদজ্ঞান অনুযায়ি বোধ করেন তদ্রূপ নিষ্পত্তি করিবেন, তাঁহার এইমাত্র বিধি।"

উক্ত কথার যৎকিঞ্চিৎ সংশোধন করা উচিত। ফলতঃ যে নিষ্পত্তি যাথার্থ্য ও ন্যায় ও সজ্জ্ঞান অনুযায়ি বোধ হয়, সম্প্রতি ইঙ্গলণ্ডীয় ব্যবহারাজীবেরদের মধ্যে সামান্যতঃ পথপ্রদর্শনের যে২ পুস্তকের ব্যবহার হইয়া থাকে তাহাহইতে চুক্তিঘটিত ইঙ্গলণ্ডীয় আইনদ্বারা সেই নিষ্পত্তির ন্যূনাধিক ফলাফল হইতেছে।

কার্য্যক্রমে ভারতবর্ষের মধ্যে চুক্তিবিষয়ক ইঙ্গলণ্ডীয় আইনের অত্যন্ত ব্যাপকতা, ইহাতেই কমিস্যনরেরদের পূর্ব্বোক্ত প্রস্তাব ন্যায়সিদ্ধ প্রকাশ হইল। তাঁহাদের প্রণীত এই পাণ্ডুলিপি চুক্তিবিষয়ক ইঙ্গলণ্ডীয় আইন-

will be found to consist of the English Law of Contract, much simplified, and altered in some particulars so as to accommodate it to the circumstances of this country. As the sections relating to sale do not apply to the sale of immoveable property, and as the law regarding negotiable instruments forms no part of the present measure, the amount of native law which it will displace will be extremely minute.

The principal changes which it is proposed to introduce into the English Law of Contract, considered as the basis of the present measure, are thus indicated by the Commissioners :

" We have not adopted in framing these rules the provisions of the English Statute of Frauds which requrie certain contracts to be in writing. Those provisions are not of unquestionable expedieney even in England ; and we think that they are not suited to the habits and present condition of the people of India.

" We have considered whether it would be expedient to render binding in law promises made without consideration. By the English law such promises are held to be binding only when expressed in writings under seal. We have not recognized any distinction between writings under seal and writings not under seal ; but we think that, in order to give validity to promises made without consideration, it ought to appear that they were made with due deliberation. In order to attain this object, we propose that such promises shall be binding only when they are given in writing, and are registered with the permissi of the promisor, according to the provisions of the law for the time being in force for the registration of assurances.

" By the English law a promise by a creditor to give time for the payment of an existing debt, or the acceptance by him, in full satisfaction of his demand, of a smaller sum than that which is due to him, is not binding on him unless there has been some new consideration given for it, such as an undertaking to give an additional or different security, or to pay the debt in a manner or at a time more advantageous to the creditor than that originally agreed upon ; or unless the creditor's engagement to take less than is due, or to give time, be contained in a composition, deed, or agreement entered into by the debtor with his creditors generally ; but a slight variation of the terms of the contract will satisfy these conditions. We have provided, that a person who is entitled to claim performance of an engagement, may dispense with or remit such performance wholly or in part, or may accept instead of it any satisfaction which he thinks fit.

[*Government Gazette*, *19th November* 1867.]

মাত্র, কিন্তু অনেকাংশে সরল করা গেল এবং দেশের অবস্থা বিবেচনায় তাহা কোনং স্থলে পরিবর্ত্ত হইয়াছে। বিক্রয়বিষয়ক যে সকল ধারা আছে তাহা স্থাবর সম্পত্তি বিক্রয়ের প্রতি বর্ত্তে না, এবং যেং নিদর্শনপত্রের ক্রয়বিক্রয় হইতে পারে তাহা এই পাণ্ডুলিপির মধ্যে ধরা গেল না, এই প্রযুক্ত এতদ্দেশীয় ব্যবস্থার অত্যল্প অংশমাত্র উঠাইয়া দেওয়া যাইবে।

চুক্তিবিষয়ক ইঙ্গলণ্ডীয় যে আইন এই পাণ্ডুলিপির মূলস্বরূপ জ্ঞান হইল তন্মধ্যে মুখ্য যেং বিষয়ের পরিবর্ত্তন হইয়াছে, কমিস্যনরেরা তাহার এই ব্যাখ্যা করিয়াছেন।

"প্রতারণাবিষয়ক ইঙ্গলণ্ডীয় আইনমতে কোনং চুক্তি লিখিত হওয়া আবশ্যক। এই পাণ্ডুলিপি প্রণয়ন কালে আমরা সেই বিধান গ্রাহ্য করি নাই। ইঙ্গলণ্ডেও সেই বিধান উপযুক্ত কি না ইহা নিঃসন্দিগ্ধ বিষয় নয়, এবং আমাদের বিবেচনায় তাহা ভারতবর্ষীয় লোকেরদের রীতির ও বর্ত্তমান অবস্থার উপযুক্ত নয়।

"বিনিময়ব্যতিরেকে যে প্রতিজ্ঞা করা যায় তাহাতে লোকেরা আইনক্রমে আবদ্ধ হইবেন এমত বিধান করা বিহিত কি না, আমরা এই বিষয় বিবেচনা করিয়াছি। ইঙ্গলণ্ডীয় আইনমতে যদি তদ্রূপ প্রতিজ্ঞা লিখিত ও মোহরাঙ্কিত না হয়, তবে তাহাতে প্রতিজ্ঞাকারী বদ্ধ নহেন। আমরা মোহরযুক্ত কি মোহরভিন্ন লিপির কিছু বিশেষ ধরি নাই। কিন্তু বিনিময়ভিন্ন যে প্রতিজ্ঞা করা যায় তাহা যথোচিত বিবেচনাক্রমে করা গেল এমত দৃষ্ট না হইলে সিদ্ধ হইবে না, আমাদের এই অভিপ্রায়। তাহা সদ্ধ করণার্থে আমাদের এই প্রস্তাব, যদি তদ্রূপ প্রতিজ্ঞা লিখিয়া দেওয়া যায় এবং নিদর্শনপত্র রেজিষ্টর করিবার যে আইন যে সময়ে প্রবল থাকে যদি তাহার বিধানমতে প্রতিজ্ঞাকারির অনুমতিক্রমে রেজিষ্টর করা যায়, তবে প্রতিজ্ঞা বলবৎ হইবে নতুবা নয়।

"ইঙ্গলণ্ডীয় আইনমতে যদি মহাজন ঋণ শোধ করিবার সময় দিতে কিম্বা যত টাকা প্রাপ্য হয় তৎসমুদয়ের পরিশোধে অল্প টাকা লইতে স্বীকার করেন, তবে অধিক কি অন্য প্রতিভূ দেওন, অথবা প্রথমে যে প্রকারে ও যে সময়ে ঋণ শোধ করিবার প্রতিজ্ঞা হইয়াছিল তদ্ভিন্ন মহাজনের অধিক লাভজনকরূপে কি উপযুক্ত সময়ে ঋণ শোধ করণ ইত্যাদি প্রকারের কোন নূতন হেতু দর্শান আবশ্যক, অথবা ঋণী সাধারণমতে সকল মহাজনের সঙ্গে রফানামা কি সন্ধিপত্র করিলে সেই রফানামায় কি সন্ধিপত্রে মহাজনের প্রাপ্যাপেক্ষা ন্যূন টাকা গ্রহণ করিবার কি সময় দিবার প্রতিজ্ঞা লিখিত হওয়া আবশ্যক। নতুবা মহাজন সেই প্রতিজ্ঞাতে বদ্ধ নহেন। কিন্তু চুক্তির নিয়মের কিঞ্চিৎ পরিবর্ত্তন করিলে ঐ বিধিসঙ্গত কার্য্য হইতে পারে। আমরা এই বিধি করিলাম, যে ব্যক্তি প্রতিশ্রুত কর্ম্ম সম্পাদন হইবার দাওয়া করিতে স্বত্ববান তিনি সেই কর্ম্ম সম্পূর্ণরূপে কিম্বা অংশমতে ত্যাগ কি ক্ষমা করিতে পারিবেন, কিম্বা তৎপরিবর্ত্তে যে পারিতোষিক উচিত বোধ করেন গ্রহণ করিতে পারিবেন।

"With regard to goods sold by a person who has no right to sell them, the general rule of English law is that the owner of the goods retains the ownershp notwithstanding his having lost the possession of them and their having been sold to a third person. But from this rule there is an exception in the case of goods sold in open market, an expression which, by the custom of London, applies to every shop within the city.

"It cannot be denied that the susject is difficult. We have to consider, on one hand, the hardship suffered by an innocent person who looses in this way his right to recover what was his undoubted property. But on the other hand, still greater weight appers to us to be due to the hardship which a *bonâ fide* purchaser would suffer were he to be deprived of what he bought. The former is very often justly chargeable with remissness or negligence in the custody of the property. The conduct of the latter has been blameless. The balance of equitable consideration is therefore on the side of a rule favourable to the perchaser; and we think that sound policy with respect to the interests of commerce points to the same conclusion.

"We have, therefore, provided that the ownership of goods may be acquired by buying them from any person who is in possession of them, if the buyer acts in good faith, and under circumstances which are not such as to raise a reasonable presumption that the person in possession has no right to sell them.

"Similar provisions have been inserted—in accordance, we may observe, with the spirit of the Factors' Act—to meet the cases of those who have purchased goods or taken them by way of pledge from persons in possession of any documentary title to the goods, where the circumstances are not such as to raise a reasonable presumption that the person in possession of the documents has no right to sell or to pledge the goods.

"It would seem that by the English law if a buyer, or any person claiming under him, is by reason of the invalidity of the seller's title deprived of the thing sold, he cannot claim compensation from the seller for loss thereby caused. We propose that in such cases the seller shall be responsible, unless a contrary intention appears by the agreement.

"In order to avoid the litigation which arises under the English law on the subject of the distinction between penalty and liquidated damages where the contract contains a stipulation that a

"কোন ব্যক্তির দ্রব্য বিক্রয় করিবার অধিকার না থাকিলেও তিনি তাহা বিক্রয় করিলে যদিও তাহা স্বামির অধিকার বহির্ভূত হইয়া তৃতীয় ব্যক্তির নিকট বিক্রয় হইয়া থাকে, তথাপি সেই দ্রব্যের প্রতি ঐ স্বামির স্বামিত্ব থাকে, ইঙ্গলণ্ডীয় আইনের এই সাধারণ বিধি। কিন্তু হাটে যে দ্রব্য বিক্রয় করা যায় তৎসম্পর্কে ঐ বিধি বর্জ্জিত হয়, এবং লণ্ডন নগরের আচারমতে সেই বর্জ্জিত বিধি নগরের প্রত্যেক দোকানের প্রতি বর্ত্তে।

"বিষয়টি কঠিন ইহার সন্দেহ নাই। যেহেতুক স্বামির দ্রব্যেতে তাঁহার অবশ্য স্বামিত্ব আছে, আর নির্দ্দোষি হইলেও সেই স্বত্ব পুনশ্চ পাইতে না পারিলে অত্যন্ত কষ্ট হয়। পক্ষান্তরে যে ব্যক্তি সরলমনে দ্রব্য ক্রয় করিয়াছেন, তাঁহার নিকটহইতে সেই ক্রীত দ্রব্য হরণ করিলে তাঁহার পক্ষেও কঠিন হয়। এই দুই বিষয় বিবেচনা করিয়া বোধ করিলাম যে শেষোক্ত ব্যক্তিরই অধিক কষ্ট। অনেক বার এমন হইয়া থাকে যে প্রথমে ব্যক্তির দ্রব্য রক্ষা করণের ত্রুটি কি দোষ প্রযুক্ত তাহার সেই ক্ষতি হইল। কিন্তু ক্রেতা নির্দ্দোষী। অতএব ন্যায়ানুযায়ি বিবেচনা করিলে, ক্রেতার সপক্ষে বিধি করা উচিত বোধ হয়। এবং ব্যবসায়িদের স্বার্থ রক্ষা করিবার সুনিয়মপ্রযুক্ত সেই বিধি কর্ত্তব্য।

"এই হেতুক আমরা এই মর্ম্মের বিধান করিলাম। দ্রব্য যাঁহার অধিকারে থাকে, যদি কোন ব্যক্তি তাঁহার স্থানে সরল মনে তাহা ক্রয় করেন, অথচ বিষয় বিবেচনায় ঐ বিক্রেতার তদ্রূপ দ্রব্য বিক্রয় করা যদি যুক্তিমতে অসম্ভব না হয়, তবে ক্রেতা সেই দ্রব্যের স্বামিত্ব পাইবেন।

"যাহারদের নিকটে দ্রব্যের অধিকারপত্র থাকে যদি কেহ এমত ব্যক্তির স্থানে সেই দ্রব্য ক্রয় করেন কিম্বা বন্ধক লন, এবং যাঁহার নিকট ঐ অধিকারপত্র থাকে তাঁহার সেই দ্রব্য বিক্রয় করিবার কি বন্ধক রাখিবার বিষয়ে যদি বিষয় বিবেচনায় যুক্তিসিদ্ধ সন্দেহ না থাকে, তবে প্রতিনিধি বণিকদিগের আইনের মর্ম্মানুসারে ক্রেতারদের বিষয়ে আমরা পূর্ব্বোক্ত প্রকারের বিধি করিয়াছি।

"দৃষ্ট হইতেছে যে ইঙ্গলণ্ডীয় আইনমতে বিক্রেতার অধিকার অসিদ্ধ হওয়াপ্রযুক্ত যদি ক্রেতার কিম্বা তাঁহার অধীন দাওয়াদারের স্থানে বিক্রীত দ্রব্য হরণ করা যায়, তবে তদ্দারা তাঁহার যে ক্ষতি হয় তিনি বিক্রেতার স্থানে তৎপ্রতিকারের দাওয়া করিতে পারিবেন না। এতদ্বিষয়ে আমারদের এই প্রস্তাব যে, করারমতে অন্য অভিপ্রায় দৃষ্ট না হইলে বিক্রেতা দায়ী হইবেন।

"চুক্তিভঙ্গ হইলে অবধারিত কতক টাকা দিতে হইবে চুক্তিতে এই প্রকারের নিয়ম থাকিলে ইঙ্গলণ্ডীয় আইন মতে দণ্ডের ও পরিশোধিত ক্ষতির বিশেষ বিষয়ে বিবাদ হইয়া থাকে, তন্নিবারণের জন্যে আমরা প্রস্তাব করি

specified sum shall be paid in case of its breach, we propose that the rule of law shall have no regard to that distinction, but simply require payment of the specified sum.

"In dealing with the Law of Suretyship, we have not thought it right to recognize a transaction so complicated, and tending so much to the unfair devolution of liability on the surety, as that by which a creditor who makes a composition with or agrees to give time to, or not to sue the principal, may yet reserve his rights and remedies, against the surety. By the rule which we propose, an ageement between the creditor and the principal, by which the creditor makes a composition with, or agrees to give time to the principal, or not to sue him, will discharge the surety, no exception being made in favour of the creditor in the case where he has endeavoured to reserve his rights and remides against the surety. From a wish to avoid subtleties, and the attaching of unforeseen consequence to men's actions, we have provided that where there are co-sureties, a release of one of them by the creditor shall not discharge the others, nor free that one from responsibility to them.

"Adopting a provision of the French and Italian Codes, we propose that the surety shall be discharged by any act or omission of the creditor, only in case the eventual remedy of the surety against the principal is thereby impaired We also propose to enact that where upon the face of an agreement two persons are primarily liable to a third person, that liability shall not be effected so far as regards the third person by an arrangement between the two, that one of them shall be liable only upon the default of the other, even although such arrangement may have been known to the third person, unless he was a party to the arrangement. In this we adhere to the old and simple doctrine of the Common Law, rejecting the qualifications introduced by Courts of Equity.

"In our rules on the subject of Bailment we have discarded the complicated system of gradation which the English law applies to the amount of care which a bailee is to be expected to exercise and the responsibility which is to attach to him; and we have framed our proposed law on the principle that in all cases of bailment the bailee is bound to take as much care of the goods bailed to him as a man of ordinary prudence would take of his own goods, and that more should not be required of him in any case.

"We have endeavoured to improve the law applicable to the case where the bailor's goods

বাদি যে আইনের বিধানেতে উক্ত প্রকারের কোন বর্ণের ধরা যাইবে না, অর্থাৎ নির্দিষ্ট টাকা দিবার বিধান হইবে।

প্রতিভূবিষয়ক আইনেতে মহাজন মুখ্য ঋণির সহিত করার করিলে কিম্বা তাঁহাকে সময় দিতে কি তাঁহার নামে নালিশ না করিতে প্রতিজ্ঞা করিলেও প্রতিভূর উপর তাঁহার স্বত্ব ও প্রতিকার পাইবার ক্ষমতা থাকে, কিন্তু সেই প্রকারের ব্যাপার অত্যন্ত জটিল এবং প্রতিভূর প্রতি যে দায় বর্ত্তে তাহা অন্যায়রূপে প্রকটিত হয় এই হেতুক আমরা ঐ আইনসংক্রান্ত কার্য্য করত তদ্রূপের ব্যাপার স্বীকার না করিয়া এই বিধির প্রস্তাব করিয়াছি, মহাজনের ও মুখ্য ঋণির মধ্যে চুক্তি হইয়া যদি মহাজন তাহার সঙ্গে রফা করেন কিম্বা তাঁহাকে সময় দিতে কি তাঁহার নামে নালিশ না করিতে প্রতিজ্ঞা করেন, তবে প্রতিভূ মুক্ত হইবেন। এবং মহাজন প্রতিভূর বিপক্ষে আপনার স্বত্ব কিম্বা প্রতিকারের উপায় রক্ষা করিতে চেষ্টা করিলেও মহাজনের পক্ষে উক্ত বিধির কোন অংশ বর্জ্জনীয় নহে। এই আইন সম্পর্কে চাতুর্য্য নিবারণ হয়, এবং মনুষ্যেরদের ক্রিয়ার অজ্ঞাতপূর্ব্ব ফল তাহাদের প্রতি বর্ত্তান না যায়, এই নিমিত্তে আমরা এই বিধি করিয়াছি। যদি দুই কি তদধিক জন সহপ্রতিভূ থাকেন, তবে মহাজন তাঁহাদের এক জনকে মুক্ত করিলে অন্যেরা মুক্ত হইবেন না, ও তাঁহাদের নিকট ঐ মুক্ত ব্যক্তির যে দায় তাহাহইতেও তিনি মুক্ত হইবেন না।

"ফ্রান্স ও ইটালীয় আইনের বিধান গ্রহণ করিয়া আমারদের এই প্রস্তাব হইয়াছে, যদি মহাজনের কোন ক্রিয়ার কি ত্রুটির দ্বারা পরিণামে মুখ্য ঋণির স্থানে প্রতিভূর প্রতিকার পাইবার হানি হয় তবে সেই ক্রিয়ার কি সেই ত্রুটির দ্বারা প্রতিভূ মুক্ত হইবেন। আমরা আরো এই প্রস্তাব করিয়াছি, যদি চুক্তিপত্রের প্রকাশ্য নিয়মানুসারে তৃতীয় ব্যক্তির নিকটে দুই ব্যক্তি প্রধানরূপে দায়ী হন, তবে ঐ দুই ব্যক্তির মধ্যে পরস্পর যে কোন নিয়ম করা যায় তৃতীয় ব্যক্তির পক্ষে তাঁহারদের সেই নিয়ম দ্বারা দায়ের কিছু ব্যাঘাত হইবে না। এবং তৃতীয় ব্যক্তি সেই নিয়ম জ্ঞাত হইলেও যদি আপনি তন্মধ্যে এক পক্ষস্বরূপ না থাকেন তবে ঐ দুই জনের মধ্যে এক ব্যক্তির ত্রুটি হইলে অন্য ব্যক্তি দায়ী হইবেন নতুবা নয়। ইহাতে আমরা এক্যুটি আদালতের সঙ্কোচ উক্তি গ্রহণ না করিয়া কামন লা অর্থাৎ সর্ব্বসম্মত ব্যবস্থার পুরাতন ও সরল ভাব গ্রহণ করিয়াছি।

"নিক্ষেপণের বিষয়ে আমরা যে বিধি করিয়াছি তন্মধ্যে নিক্ষেপধারির যত দূর সতর্ক হওয়ার অপেক্ষা থাকে ও তাঁহার প্রতি যত দায় বর্ত্তে এতদ্বিষয়ে ইঙ্গলণ্ডীয় আইনের লিখিত জটিল নিয়ম অগ্রাহ্য করিয়াছি। আমারদের প্রস্তাবিত আইনের মূল নিয়ম এই, দ্রব্যের নিক্ষেপণ হইলে সাধারণ কার্য্যচিন্তক ব্যক্তি যদ্রূপ সতর্কতা করিয়া আপনার দ্রব্য রক্ষা করেন নিক্ষেপধারির তদ্রূপ সতর্ক হইতে হইবে, কোন স্থলে তদধিক সতর্কতার অপেক্ষা নাই।

"নিক্ষেপকের অনুমতি বিনা তাঁহার দ্রব্য নিক্ষেপধারির দ্রব্যের সঙ্গে মিশ্রিত হইয়া পৃথক করা যাইতে

have, without the consent of the bailor, been mixed up with the goods of the bailee, so that they cannot be separated. The remedy which our rule provides is, that the bailor shall be entitled to receive compensation for the loss of his goods; which seems more expedient than the provision of the English law, that the whole shall go indiscriminately to the person whose goods have been mixed without his consent.

"We have provided that a continuing guarantee given by, to, or for a firm, shall not be rendered invalid by a change in the firm.

"In regulating the devolution of rights and liabilities, we propose, in accordance with the rule of English Courts of Equity and of the Indian Code of Civil Procedure, that joint liabilities and rights shall, after the death of one of the persons liable or entitled go to his representative jointly with the survivor, and after the death of the survivor to the representatives of both jointly.

"We propose to lay it down that a person with whom a contract has been entered into in the character of agent, is not entitled to require the performance of it if he was in reality acting not as agent but on his own account.

"In defining the responsibility of a master for the misconduct of his servant, we have stopped a little short of the limits assigned to it by the English law. We think that the responsibility ought to cease as soon as the misconduct assumes the character of intentional wrongdoing.

"According to the English law, when there is any partnership property, the separate property of any partner must be employed first in the payment of his separate debts; and the surplus, if any in the payment of the partnership debts; but when there is no partnership property the separate property of any partner must be applied equally to the payment of all the partnership and separate debts for which such partner is liable. It thus depends upon the existence or non-existence of partnership property, no matter how small in amount, which of the two rules is to govern the division of the separate property of the partners. We have thought it right so to frame the law that the rule first stated, which is more equitable, shall prevail whether there is any partnership property or not. The principle on which we proceed is that of having regard to the views of the creditor in giving the credit. In contracts with a firm partnership property is primarily looked to; in dealings with a partner with which the firm has nothing to do, all that is looked to is his own sufficiency.

"Adopting a rule which is to be found in the German and the Italian Commercial Codes, we

না পারিলে যে আইন বর্ত্তে আমরা সেই আইন অনুসারে কাকুত উত্তর করিতে চেষ্টা করিয়াছি। আমাদের বিধিক্রমে বিক্রেতার এই প্রতিকার, তিনি তাহার হানির প্রতিশোধ লইতে পারিবেন। ইঙ্গলণ্ডীয় আইন-মতে যাহার অনুমতি বিনা দ্রব্য মিশ্রিত হইয়াছে সমুদয় দ্রব্য মোটে তাঁহাকে দেওয়া যাইবে কিন্তু আমাদের বিধি তাহাহইতে শ্রেষ্ঠ বোধ হয়।

"আরো বিধান করিয়াছি যে কুঠীর দ্বারা কি কুঠীকে কি ও নিমিত্তে যে চিরপ্রাতিভাব্য দেওয়া যায়, তাহা কুঠীর কোন পরিবর্ত্তন হেতুক অসিদ্ধ করা যাইবে না।

"স্বত্ব ও দায় প্রবর্ত্তনের বিধি করণে আমরা ইঙ্গলণ্ডীয় একুটি কোর্টের ও ভারতবর্ষীয় দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইন অনুসারে এই প্রস্তাব করিলাম, যদি সাধারণ দায় ও স্বত্ব থাকে তবে দায়ী কি স্বত্ববান ব্যক্তিদের এক জন মরিলে সেই দায় ও স্বত্ব অবশিষ্ট ব্যক্তির সহিত মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের প্রতি বর্ত্তিবে। ও অবশিষ্ট ব্যক্তি মরিলে উভয়ের স্থলাভিষিক্তেরা সাধারণমতে সেই বিষয়ে দায়ী ও স্বত্ববান হইবেন।

"নিয়োগি জানিয়া যে ব্যক্তির সঙ্গে চুক্তি করা যায় তিনি যদি বাস্তব নিয়োগিস্বরূপ না হন কিন্তু আপনার নিমিত্তে ব্যবসা করিয়া থাকেন, তবে তাঁহার সেই চুক্তি সাধন করাইবার স্বত্ব নাই।

"চাকরের কদাচরণের নিমিত্তে মুনিবের দায় নিরূপণ করণে, ইঙ্গলণ্ডীয় আইনেতে যে সীমা ধার্য্য হইয়াছে আমরা তাহার কিঞ্চিৎ ন্যূন ধরিয়াছি। সেই অসদাচরণ ইচ্ছাপূর্ব্বক অন্যায় করণের ভাবাপন্ন হইলেই আমারদের বিবেচনামতে সেই দায় তখনই রহিত হয়।

যখন অংশিত্ব সম্পত্তি থাকে, তখন অংশির স্বতন্ত্র সম্পত্তি প্রথমে তাঁহার স্বতন্ত্র ঋণ পরিশোধে ব্যয় করিতে হইবে। অবশিষ্ট টাকা অংশিদের সাধারণ ঋণ পরিশোধে ব্যয় হইবে। কিন্তু যদি অংশিদের সাধারণ সম্পত্তি না থাকে তবে কোন অংশির স্বতন্ত্র সম্পত্তি অংশিদের সাধারণ সমস্ত ঋণ ও সেই অংশী স্বতন্ত্র যে ঋণের নিমিত্তে দায়ী হন তাহার পরিশোধে ব্যয় হইবে। এই ইঙ্গলণ্ডীয় আইন। কিন্তু ঐ আইনমতে উক্ত দুই বিধির দ্বারা অংশিদের স্বতন্ত্র সম্পত্তির বিভাগ করা যাইবে, যদি অংশিদের স্বতন্ত্র সম্পত্তি থাকে, তাহা অত্যল্প হইলেও পূর্ব্বোক্ত বিধি বর্ত্তে, যদি না থাকে শেষোক্ত বিধি প্রবল হয়। আমরা পূর্ব্বোক্ত বিধি ন্যায্য জ্ঞান করিয়া এই আইন এমত প্রণয়ন করিয়াছি যে অংশিদের সাধারণ সম্পত্তি থাকিলে কি না থাকিলেও সেই বিধি প্রচলিত হয়। ঋণ দানে উত্তমর্ণের যে অভিপ্রায়, তৎপ্রতি দৃষ্টি করিয়া আমারদের উক্ত বিধান হইয়াছে। কুঠীর সঙ্গে চুক্তি হইলে, প্রথমে অংশিদের সাধারণ সম্পত্তির প্রতি লক্ষ হয়। অংশির সহিত যে কারবারেতে কুঠীর কোন সম্পর্ক না থাকে, কেবল সেই অংশির প্রতুলতা বিষয়ের বিবেচনা হয়।

"জর্ম্মাণীর ও ইটালির বাণিজ্য বিষয়ক আইনের বিধি গ্রহণ পূর্ব্বক আমারদের এই প্রস্তাব হইয়াছে

purpose that every person introduced as a partner into a pre existing firm shall be subject to all the obligations incurred by the firm before he was introduced.

"We have adopted, with such verbal alterations as were necessary to bring them into harmony with the language of our rules, the provisions of a law lately passed by the Indian Legislature, Act XV. of 1866, for relieving those who participate in the profits of a partnership without being really partners, from becoming liable for the engagements of the firm."

It may be said of these proposed modifications of English law, that while all, or nearly all of them, have commended themselves to the approval of enlightened lawyers, not a few are being gradually carried out in England without the aid of the legislature, through the direction given of late years to the current of judicial decision.

It has been stated that a certain number of sections contained in the Commissioners' draft have been omitted from the present Bill. These sections, numbered from 51 to 59, will be found in the Appendix, together with the paragraph in the Commissioner's Report which describes their character. They relate to the Specific Performance of Contracts and to Injunctions against breach of Contract; and they would in effect necessitate the repeal of certain portions of the Code of Civil Procedure.

The existing Law of India on the subject of the Specific Performance of Contracts is given by Section 192 of the Code of Civil Procedure. The law on the subject of Injunctions against breach of Contract, which to a very great extent discharge the office of decrees for Specific Performance is contained in Section 93 of the Code. The language of both sections is so wide as to embrace contracts of every description.

It cannot be said that the latitude thus given to Specific Performance and analogus remedies is without precedent. It is not known that in Continental European countries there is any limit to the power of decreeing the Specific Performance of Contracts, except the descretion of the Court. But the Law of India on the subject is considerably wider than the Scottish Law, which, again, is wider than the Law of England. The Law of Specific Performance in England is, in fact, the narrowest in the world—less probably owing to deliberate intention than to the reluctance of Equity Judges to put freely in motion the once cumbrous and costly machinery of the Court of Chancery.

[*Government Gazette*, 19*th November* 1867.]

পূর্ব্বাবধি যে কুঠী আছে তাহাতে যখন কোন অংশী আনীত হন, তখন তাঁহার আগমনের পূর্ব্বে কুঠীর যে সকল নিবন্ধন ছিল, তিনিও সেই সকল নিবন্ধনের অধীন হইবেন।

"যাহারা প্রকৃত অংশী না হইয়া যৌত কর্ম্মের লভ্যোক্ত অংশ প্রাপ্ত হন, কুঠীর প্রতিজ্ঞাহেতুক তাঁহারদের দায়ী না হইবার জন্যে ভারতবর্ষের ব্যবস্থাপকগণ ১৮৬৬ সালের যে ১৫ আইন প্রচলিত করিলেন আমরা সেই আইনের বিধান গ্রহণ করিয়াছি, কেবল কোন২ স্থলে শব্দ পরিবর্ত্তন করিয়া আমারদের এই বিধির ভাষার অনুযায়ী করিয়াছি।"

উক্ত প্রকারে ইঙ্গলণ্ডীয় যেং আইন মতান্তর করিবার প্রস্তাব হইতেছে, তদ্বিষয়ে ইহা বক্তব্য, বিজ্ঞ ব্যবহারাজীবগণ সেই মতান্তরিত সমুদয় কি প্রায় সমুদয় বিধিতে সম্মত হইয়াছেন, এবং গত কএক বৎসরাবধি আদালতের নিষ্পত্তিরূপ স্রোত যেরূপে চলিতেছে তদ্দারা দৃষ্ট হইল যে ঐ২ বিধির অনেকাংশ ব্যবস্থাপকদের সহকারিতাভিন্ন ইঙ্গলণ্ডে প্রচলিত হইতে লাগিয়াছে।

কমিসনরদের পাণ্ডুলিপির কএক ধারা এই পাণ্ডুলিপিতে গৃহীত হয় নাই, এই কথা পূর্ব্বে ব্যক্ত হইয়াছে। ৫১ অবধি ৫৯ পর্য্যন্ত অঙ্কিত সেই সকল ধারা, ও কমিসনরদের রিপোর্টের যে পদেতে সেই২ ধারার তাৎপর্য্য ব্যক্ত হইয়াছে তাহা ক্রোড়পত্রে পাওয়া যাইবে। চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদন এবং চুক্তিভঙ্গ নিষেধ বিষয়ক সেই২ ধারা প্রচলিত হইলে, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কএক অংশ রহিত করা আবশ্যক হয়।

ভারতবর্ষে চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদন বিষয়ে যে আইন আছে তাহা দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ১৯২ ধারাতে প্রকাশ হইয়াছে। চুক্তিভঙ্গ নিষেধ করণার্থ যে আইন আছে তাহা ঐ আইনের ৯৩ ধারাতে ব্যক্ত হইয়াছে তদ্দারা নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদনার্থ ডিক্রীর কার্য্যকারিতা বহুলাংশে রহিত হয়। উক্ত দুই ধারার কথার ব্যাপকতাপ্রযুক্ত তন্মধ্যে প্রত্যেক প্রকারের চুক্তি ধরা যাইতে পারে।

চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদনের আজ্ঞার ও তদ্ঘটিত প্রতিকারের যে ব্যাপকতা প্রকাশ হইয়াছে তাহা অদ্ভুত বলা যায় না। ইউরোপ মহাদ্বীপের নানা দেশে আদালতের বিচারভিন্ন চুক্তির নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদন করিবার আজ্ঞার অন্য সীমা নাই। ইঙ্গলণ্ডীয় আইন অপেক্ষা স্কটলণ্ডীয় আইন বিস্তৃত, স্কটীয় আইন অপেক্ষা ভারতবর্ষীয় আইন বিস্তৃত। ফলতঃ নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদন বিষয়ে ইঙ্গলণ্ডীয় যে আইন তাহা সর্ব্বাপেক্ষা সংকীর্ণ। বিবেচনাপূর্ব্বক সংকীর্ণ করা গিয়াছে এমত বোধ হয় না, কিন্তু চান্সরি কোর্টের যে অতি ভারি ও ব্যয় সাধ্য কর্ম্ম হইত একুটির বিচারকর্ত্তারা তাহা প্রচলিত করিতে ইচ্ছুক না হওয়াই সেই সংকীর্ণতার কারণ হইতে পারে।

There is no doubt that, from an English point of view, the Indian Law of Specific Performance is too little restricted. But, on the other hand, owing to difficulties of procedure, and especially to those arising out of the system of appeal, there are large numbers of contracts to which this class of remedies cannot be effectually applied, and it is believed accordingly that decrees for Specific Performance and Injunctions against breach of Contract are comparatively rare in India.

ইংলণ্ডীয় লোকদের ভাবানুসারে নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনবিষয়ক ভারতবর্ষীয় আইন অল্প সংকীর্ণ। পরন্তু কার্য্য প্রণালী সুকঠিন বিশেষতঃ আপীলের নিয়ম সংক্রান্ত কার্য্য কঠিন হওয়াতে অনেক প্রকারের চুক্তির প্রতি উক্ত প্রকারের প্রতিকার সম্যকরূপে খাটিতে পারে না। বোধ হয় এই কারণে ভারতবর্ষের মধ্যে নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের ডিক্রী ও চুক্তি ভঙ্গের নিষেধ অত্যল্পই হইয়া থাকে।

Under these circumstances, when the time for the first revision of the Code of Civil Procedure approached, a number of sections were prepared, and (with amendments and additions) were inserted in a draft revised Code, having for their object to place the extraordinary civil remedies on what appeared to be a more satisfactory footing. On the one hand, the classes of contracts to which they were applicable were more strictly defined, and various provisions were inserted to prevent the remedies, themselves from operating with undue harshness against defendants. On the other hand, the procedure was so simplified as to make the remedies, thus altered and limited, of considerably easier application.

এতদবস্থায়, যখন দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রথমবার সংশোধন করিবার সময় উপস্থিত হইয়াছিল, তখন অনেক ধারা প্রণীত হইয়া সংশোধিত ও বর্দ্ধিত করণান্তর সংশোধিত আইনের পাণ্ডুলিপিতে লেখা গিয়াছিল। দেওয়ানী মোকদ্দমায় বিশেষ প্রতিকার পাইবার অপেক্ষাকৃত সন্তোষজনক মূল বদ্ধ করা ঐ২ ধারার অভিপ্রায়। ঐ ধারা যে২ শ্রেণীর চুক্তির প্রতি বর্ত্তে তাহ পূর্ব্বাপেক্ষা স্পষ্টরূপে ব্যক্ত হইল এবং প্রতিকারের বিধান দ্বারা প্রতিবাদিদের অনুচিত কষ্ট না হওয়ার জন্যে অনেক বিধান করা গিয়াছে। পক্ষান্তরে কার্য্যকরণের প্রণালী অত্যন্ত সরল হওয়া প্রযুক্ত প্রতিকার পাইবার উক্ত প্রকারে পরিবর্ত্তিত ও সীমাবদ্ধ বিধি অনায়াসে বর্ত্তান যাইতে পারে।

The sections in question, together with the draft of a revised Code of Procedure, were submitted by the Secretary of State to the Indian Law Commissioners. The Commissioners, in dissenting from them, expressed an opinion that no Law of Specific Performance of the kind proposed, however carefully guarded, would be safe from abuse in India.

শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব উক্ত সকল ধারা সঙ্কলিত কার্য্য প্রণালী সংশোধিত আইনের পাণ্ডুলিপি ভারতবর্ষীয় ব্যবস্থা সংক্রান্ত কমিশ্যনরদের প্রতি অর্পণ করিলেন। কমিস্যনরেরা উক্ত ধারা বিষয়ে অসম্মত হইয়া কহিলেন যে নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের জন্যে প্রস্তাবিত প্রকারের যে আইন করা যাউক ও তাহা ন্যায় ফলজনক করণার্থে যত সতর্কতা প্রকাশ হউক ভারতবর্ষের মধ্যে তাহা অপভ্রংশহইতে রক্ষা করা যায় না।

The question thus raised by the Law Commissioners is doubtless one of much difficulty as well of great importance. It may be argued on the one hand that there is no country in which damages afford practically so imperfect a redress for breach of contract as they do in India, and none in which the prospect of having to pay damages operates so slightly to compel the performance of agreements. It may be contended on the other side that under the circumstances of the country and people, all facilities for applying any unusal compulsion are peculiarly liable to be abused.

ব্যবস্থাসম্পর্কীয় কমিশ্যনরেরা উক্ত কথার দ্বারা যে বিবাদ উৎপন্ন করিয়াছেন, তাহা সুকঠিন অথচ গুরুতর, ইহার সন্দেহ নাই। এক পক্ষে ইহা কহা যাইতে পারে যে, চুক্তিভঙ্গদ্বারা ক্ষতিপূরণের বিধি হইলে, তদ্দ্বারা ভারতবর্ষের মধ্যে বস্তুত যত অল্প প্রতিকার হয়, অন্য দেশে প্রায় তত হয় না। এবং ভারতবর্ষের মধ্যে ক্ষতিপূরণের দায়হেতুক চুক্তি পালনের যত অল্প উৎসাহ জন্মায় অন্য কোন দেশে তত হয় না। পক্ষান্তরে ইহাও কহা যাইতে পারে যে, দেশের এবং লোকদের অবস্থা বিবেচনায় বলপূর্ব্বক কর্ম্ম করাইবার যে অসামান্য উপায় করা যাউক তাহার অপভ্রংশ হইবার সম্ভাবনা।

The sections omitted from the present Bill were doubtless framed by the Commissioners under the influence of the feeling just indicated. They in effect propose for India a Law of Specific Performance of Contract and of Injunction against meditated breach of contract, which would be narrower than that of England, which again is narrower, as has been stated, than that of any known community.

এই পাণ্ডুলিপিতে যে সকল ধারা অগ্রাহ্য হইয়াছে কমিশ্যনরেরা পূর্ব্বোক্ত ভাবের বশে সেই২ ধারা লিখিয়াছিলেন সন্দেহ নাই। পূর্ব্বে কহিয়াছি অন্য দেশের আইন অপেক্ষ ইংলণ্ডীয় আইন সঙ্কীর্ণ। কিন্তু তাঁহারা ভারতবর্ষের জন্যে চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের এবং চুক্তি ভঙ্গের কল্পনা নিষেধ করণের যে আইন প্রস্তাব করিয়াছেন, তাহা ইংলণ্ডীয় আইনহইতেও সঙ্কীর্ণ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৯ নবেম্বর।]

It is now proposed to omit these sections on two grounds. The first is that, in the opinion of the Member of Council charged with this Bill—an opinion which apparently coincides with that entertained by the framers of the Code of Civil Procedure—the proper place for defining the extraordinary, as well as the ordinary, civil remedies applicable, in suits on contract is a Code of Procedure, not a Code of Substantive Law. Owing to the historical connection between law and procedure, there is often a close association in men's minds between the two, and sometimes there is practical difficulty in disentangling them. If, however, we could suppose that a Code of Substantive Civil Law and a Code of Civil Procedure were being framed simultaneously, and that the framer of the Codes had the power of placing the Law of Specific Performance in either Code, there cannot be much doubt that he would consider it as cognate to Procedure rather than to Substantive Law.

এইক্ষণে ঐ ধারা অগ্রাহ্য করিবার প্রস্তাব করণের দুই হেতু আছে। প্রথম, চুক্তি বিষয়ক দেওয়ানী মোকদ্দমা করিয়া যে প্রতিকার পাওয়া যাইতে পারে দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীর আইন ইহা নিরূপণ করিবার উপযুক্ত স্থান, মূলবিধি ব্যক্ত করিবার আইন নয়। মন্ত্রিসভাগত যে সাহেবের হস্তে এই আইন অর্পিত হইয়াছিল তাঁহার সেই মত। এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীর আইন প্রণেতারদেরও সেই মত বোধ হয়। মূল বিধি ও কার্য্য প্রণালীর আইনের পরস্পর সম্বন্ধ থাকাতে লোকদের মনেতেও সেই দুইয়ের আসন্ন সম্পর্ক থাকে, এবং কার্য্যক্রমে তাহা পৃথক করণ সুকঠিন। কিন্তু বোধ কর মূল বিধির এক আইন এবং কার্য্যপ্রণালির এক আইন যেন এককালে প্রস্তুত হইতেছে এবং আইন প্রণেতারা স্বেচ্ছামতে চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম সাধনের বিধি এক কি অন্য আইনেতে দিতে পারেন, এমত স্থলে তিনি সেই বিষয়ের বিধান মূলবিধি ঘটিত বোধ না করিয়া কার্য্য প্রণালি ঘটিত বোধ করিতেন ইহার সন্দেহ নাই।

The second reason for omission is of a less technical character. It appears very desireable to leave the new Substantive Law of Contract to its operation for some little time, before that question of remedies in cases of breach of contract, which has been so long and so hotly disputed in India, is brought forward anew for discussion. It may be reasonably suspected that much of the disinclination which has been felt investing the plaintiff in suits on contract with more than a bare claim to pecuniary damages, has arisen from the feeling that the Civil Courts of the Mofussil, in the absence of definite and accessible rules for their guidance, have scarcely been in a position to determine with accuracy the proper legal relations of contracting parties, or to apply to contracts, the proper tests of validity and invalidity. If, however, the Legislature adopts the present Bill, India will be in possession of a Body of Contract-Law which leaves nothing to be desired in point of simplicity and comprehensiveness, in respect of the essential equity of its provisions and in respect of the perspicuity with which those provisions are set forth. It is probable, and indeed certain, that the effect of the new law will be, after a while, to place all questions of contract, and of procedure in suits on contract, in a far clearer light. A distinct advantage will thus be gained by postponing the subject of Specific Performance and other cognate remedies until the Legislature again addresses itself to the revision of the Code of Civil Procedure—a revision which, after it had been

ঐ২ ধারা ত্যাগ করিবার অন্য হেতু তাদৃশ পারিভাষিক নয়। হেতু এই। চুক্তিভঙ্গ হইলে কীদৃক প্রতিকার পাওয়া যাইতে পারে এই কথা লইয়া ভারতবর্ষে অনেককাল তুমুল বিবাদ হইয়াছে। পুনরায় তদ্বিষয়ের বাদানুবাদ উত্থাপন না করিয়া চুক্তিবিষয়ক মূলবিধির আইনের যে ফল প্রকাশ হয় তাহা অগ্রে দৃষ্টি করা বিহিত বোধ হইল। মফঃসলীয় দেওয়ানী আদালতের বিচারকর্ত্তারা যাহা অনায়াসে দৃষ্টি করিতে পারেন চুক্তি সংক্রান্ত পথপ্রদর্শনের এমত নির্দ্ধারিত কোন বিধি না থাকাতে, আইনমতে চুক্তির উভয় পক্ষের পরস্পর যে সম্বন্ধ তাহা যথার্থরূপে নির্দ্ধার্য্য করা তাঁহারদের প্রায় অসাধ্য এবং চুক্তির প্রতি সিদ্ধতার ও অসিদ্ধতার যথোচিত কষ্টি খাটাইতে পারিলেন না, এই কারণে যিনি চুক্তির মোকদ্দমায় বাদী হন তাঁহাকে ক্ষতিপূরণার্থে নগদ পাইবার দাওয়া করণভিন্ন অধিক কাহোর ক্ষমতা না দিবার ইচ্ছা হইয়াছে। এই অনুভব যুক্তি সিদ্ধ। কিন্তু ব্যবস্থাপক মন্ত্রিগণ যদি এই পাণ্ডুলিপি গ্রাহ্য করেন, তবে ভারতবর্ষে চুক্তি বিষয়ক অতিবিস্তৃত ও সরল আইন প্রচলিত হইবে। সেই আইন যেমন সহজ ও বিধানের অত্যাবশ্যক ন্যায়গুণসম্পর্কে যেমন বিস্তারিত ও সেই বিধান সকল যেমন স্পষ্টরূপে ব্যক্ত হইয়াছে, ইহার অপেক্ষা আর সহজ কি স্পষ্ট হয় না। কিঞ্চিৎ কাল পরে ঐ নূতন আইনদ্বারা চুক্তির সকল বিবাদ এবং চুক্তি বিষয়ক মোকদ্দমার কার্য্য প্রণালী পূর্ব্বাপেক্ষা স্পষ্টপ্রকাশ হইবে এমত বোধ হয় বরং নিশ্চিত হয়। ইহাতে ব্যবস্থাপকগণ দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন, সংশোধনের কার্য্যে যত কাল প্রবর্ত্ত না হন তত কাল নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের ও তদনুযায়ি অন্য প্রতিকারের বিবেচনা করা বিলম্ব হইলেও লভ্য সম্ভাবনা। সেই আইন সংশোধনের কার্য্য আরম্ভ হইয়াছিল, কিন্তু শ্রীমতী

proceeded with some way, has been deferred for the present under instructions of Her Majesty's Government.

H. S. MAINE.

SIMLA,
The 9th July 1867.

APPENDIX.

"We propose that the extraordinary remedy of an order for Specific Performance should be restricted to the case of engagements for the creation or transfer of any interest in immoveable property or for the delivery of any specific article of moveable property. We have not, however, thought it right to include in the former category agreements to cultivate land in a particular manner or to grow particular crops; and we have provided that Injunctions shall not be granted to restrain the breach of engagements relating to the cultivation of land or the growing of particular crops.

* * * *

"51. Specific Performance of a contract is the doing or the delivery of the thing contracted for, as the case may be, according to the terms of the contract.

"52. Where an engagement by contract has been made between any persons for the creation or transfer of any interest in immoveable property, or for the delivery of any specific article of moveable property, and the party who has entered into such engagement fails to perform it, the Court may at the suit of any other party to the contract, order Specific Performance of the engagement, with or without compensation in respect of loss or damage caused by his default.

"*Explanation.*—An agreement to cultivate land in a particular manner, or to grow particular crops does not create such an interest in immoveable property as is contempleted by this section.

Illustrations.

"(*a.*) A. agrees with B. to sell him a house for 1,000 Rupees. B. is entitled to a decree directing A. to convey the house to him, he paying the purchase money.

"(*b*) A. agrees with B. to give him a bill of lading of a certain cargo. B. is entitled to have the bill of lading signed by A.

"(*c.*) A. agrees with B. to prepare and sow, and cultivate a field with indigo, and to deliver him the crop; when the crop is cut and ready for delivery B. is entitled to have the crop delivered to him in specie, but he is not entitled to a decree directing A. to prepare, or sow, or cultivate.

"(*d.*) A. agrees with B. that he will paint a picture for him, and the picture is painted. B. is entitled to have it

মহারাণীর গবর্ণমেণ্টের আদেশক্রমে তাহা এক্ষণে স্থগিত আছে।

এচ এ মেইন।

সিমলা
১৮৬৭ সাল ৯ জুলাই।

ক্রোড় পত্র।

চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের আজ্ঞা রূপ যে প্রতিকার তাহা সাধারণ নয়। স্থাবর সম্পত্তির কোন স্বার্থ স্বত্ব কি স্থানান্তর করণের প্রতিজ্ঞা হইলে, কিম্বা অস্থাবর সম্পত্তির কোন বিশেষ দ্রব্য সমর্পণের প্রতিজ্ঞা হইলে, আমরা সেই প্রতিকার বর্ত্তাইবার প্রস্তাব করি, অন্য স্থলে নয়। কিন্তু ভূমিতে বিশেষ প্রকারের চাষ করিবার কিম্বা শস্য বিশেষ উৎপন্ন করিবার যে অঙ্গীকার হয় স্থাবর সম্পত্তিতে সেই স্বত্ব কি স্থানান্তর কার্য্যের মধ্যে আমরা সেই অঙ্গীকার গ্রহণ করি নাই। এবং ভূমিতে চাষ কিম্বা শস্য বিশেষ উৎপন্ন করিবার প্রতিজ্ঞাভঙ্গ নিবারণার্থে নিষেধ না করিবার বিধান করিয়াছি।

* * * * * * *

৫১ ধারা। যে কার্য্য করিবার কিম্বা যে দ্রব্য দিবার চুক্তি হইয়াছে, চুক্তির নিয়ম অনুসারে সেই কার্য্য করণ কিম্বা সেই দ্রব্য দানই, চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদন হয় ইতি।

৫২ ধারা। যদি কোন ব্যক্তিদের মধ্যে চুক্তিক্রমে স্থাবর সম্পত্তিতে কোন স্বার্থ স্বত্ব কি স্থানান্তর করিবার, কিম্বা অস্থাবর সম্পত্তির কোন বিশেষ দ্রব্য সম্প্রদান করিবার প্রতিজ্ঞা থাকে, ও যে ব্যক্তি সেই প্রতিজ্ঞা করিলেন, তিনি যদি তাহা সম্পাদন না করেন, তবে ঐ চুক্তির অন্য কোন পক্ষের প্রার্থনামতে আদালত উক্ত ব্যক্তির ত্রুটি জন্য ক্ষতি কি হানি পূরণ করিবার আজ্ঞা সহিত কি তদ্ভিন্ন প্রতিজ্ঞার নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ব্যাখ্যা। এই ধারাগত স্থাবর সম্পত্তিতে যে স্বার্থ স্বত্বের লক্ষ হইয়াছে ভূমি বিশেষ প্রকারে চাষ করিবার কিম্বা শস্য বিশেষ উৎপন্ন করিবার প্রতিজ্ঞা দ্বারা সেই স্বার্থ স্বত্ব হয় না।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামকে ১০০০৲ টাকাতে ঘর বিক্রয় করিতে অঙ্গীকার করেন। বলরাম সেই টাকা দিলে আনন্দের নামে সেই ঘর হস্তান্তরক্রমে পাইবার ডিক্রী পাইতে স্বত্ববান।

(*b*) আনন্দ বলরামকে জাহাজের বোঝাই কোন দ্রব্যের বিজক দিতে অঙ্গীকার করিলেন। আনন্দ কর্ত্তৃক সেই বিজক স্বাক্ষর করা যায়, বলরামের এই অধিকার আছে।

(*c*) আনন্দ ক্ষেত্র প্রস্তুত করিয়া তাহাতে নীলের বীজ বপন পূর্ব্বক চাষ করিয়া বলরামকে ফসল দিতে অঙ্গীকার করেন। সেই ফসল কাটা গেলেও সমর্পণার্থে প্রস্তুত হইলে বলরামের সেই দ্রব্য পাইবার অধিকার আছে। কিন্তু আনন্দের নামে ভূমি প্রস্তুত করিবার কি বীজ বুনিবার কি চাষ করিবার ডিক্রী পাইতে তাঁহার অধিকার নাই।

(*d*) আনন্দ বলরামের নিমিত্তে ছবি চিত্র করিতে অঙ্গীকার করিলেন। চিত্র কর্ম্ম সম্পাদন হইলে বলরামের সেই

delivered to him, but B. is not entitled to a decree ordering A. to paint or to complete the painting of the picture.

"(e.) A. agrees with B. to edit a periodical work for the remuneration of 1,000 Rupees per month. B. cannot enforce against A. the Specific Performance of this contract; and as the rights and obligations are mutual, A. cannot enforce against B. the Specific Performance of this contract.

"[*N. B.*—In this case either party can obtain compensation for the loss sustained by him by the failure of the other to perform his engagement.]

"(*f.*) A. agrees with B. to deliver to him 40 chests of indigo at 1,000 Rupees per chest. A. fails to perform his engagement. B. cannot obtain Specific Performance of the contract, but can obtain compensation for the loss sustained by him by reason of A.'s failure to complete the contract.

"(*g.*) A. agees with B. to sell him a house for 10,000 Rupees, the price to be paid and possession given on the 1st of January 1865. A. fails to perform his engagement. B. brings his suit for Specific Performance, which is decided in his favour on the 1st January 1866. The decree ought, besides ordering Specific Performance, to award to B. compensation for any loss or damage which he has sustained by A.'s refusal.

"53. Where a party to a contract is unable to perform the whole of the engagement which he has entered into with another party, but the part which must be left unperformed bears only a small proportion to the whole in value, and admits of compensation in money, the Court may, at the suit of either party, direct the Specific Performance of so much of the engagement as can be performed, and award compensation in money for the deficiency. In such case neither party shall be entitled to compensation for loss or damage caused by the neglect or default of the other party to perform the engagement.

Illustration.

"A. agrees to sell B. a piece of land consisting of 100 beegahs. It turns out that 98 beegahs of the land belong to A, and the two remaining beegahs to a stranger, who refuses to part with them. A. may be directed at the suit of B. to convey to B. the 98 beegahs and to make compensation to him for not conveying the two remaining beegahs; or B. may be directed, at the suit of A., to pay to A. on receiving the conveyance and possession of the land, the stipulated purchase money, less a sum awarded as compensation for the deficiency.

"54. Where a party to a contract is unable to perform the whole of the engagement which he has entered into with another party, and the part which must be left unperformed forms a part which must be left unperformed forms a considerable portion of the whole, the party in

ছবি পাইবার অধিকার আছে। কিন্তু আনন্দের নামে সেই ছবি চিত্র করিবার কিম্বা চিত্র করণকার্য্য সম্পাদন করিবার ডিক্রী পাইবার অধিকার নাই।

(e) নিরূপিত সময়েহ যে পুস্তক প্রকাশ করা যাইবে আনন্দ বলরামের নিকটে মাসে ১০০০৲ টাকা পাইয়া সেই পুস্তকের সম্পাদকতা করিতে অঙ্গীকার করেন। বলরাম আনন্দকে বলপূর্ব্বক এই চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদন করাইতে পারিবেন না। এবং পরস্পর স্বত্ব ও নিবন্ধ হওয়াতে আনন্দও বলরামকে বলপূর্ব্বক এই চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদন করাইতে পারিবেন না।

[মন্তব্য। এই স্থলে এক পক্ষের প্রতিজ্ঞা সাধনের ত্রুটি হওয়াতে অন্য পক্ষের যে ক্ষতি হয় তিনি সেই পক্ষহইতে তাহার প্রতিশোধ পাইতে পারিবেন।]

(*f*) আনন্দ বলরামকে ৪০ বাক্স নীল দিতে অঙ্গীকার করেন তাহার মূল্য বাক্সপ্রতি ১০০০৲ টাকা। আনন্দ আপন প্রতিজ্ঞা সাধন করিলেন না। বলরাম সেই চুক্তির নির্দ্দিষ্ট কর্ম্মসম্পাদন প্রাপ্ত হইতে পারিবেন না। কিন্তু আনন্দের সেই চুক্তি সম্পাদন করিবার ত্রুটি হওয়াতে তাহার যে ক্ষতি হয় তাহার পরিশোধ পাইতে পারিবেন।

(*g*) আনন্দ বলরামের নিকট ১০০০৲ টাকাতে ঘর বিক্রী করিতে অঙ্গীকার করেন, ১৮৬৫ সালের ১ তারিখে মূল্য ও ঘরের অধিকার দেওয়া যাইবে। আনন্দ আপন প্রতিজ্ঞামতে কর্ম্ম করেন নাই। বলরাম নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের মোকদ্দমা উপস্থিত করেন, ১৮৬৬ সালের জানুআরি মাসের ১ তারিখে তাঁহার পক্ষে মোকদ্দমার ডিক্রী হয়। ঐ ডিক্রীতে নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের অতিরেকে আনন্দের অস্বীকার করণে বলরামের যে ক্ষতি কি হানি হয় তাহার প্রতিশোধ পাইবারও আজ্ঞা থাকা উচিত।

৫৩ ধারা। চুক্তির এক পক্ষ অন্যের নিকট যে কর্ম্ম করিতে প্রতিজ্ঞা করিয়াছেন, যদি সমুদয় করিতে না পারেন, কিন্তু যে অংশ না করিয়া ছাড়িতে হইয়াছে সম্পূর্ণ কর্ম্মের পক্ষে সেই অংশের তুলনা হইলে যদি অল্প মূল্যের হয়, এবং মুদ্রাদানে সেই ক্ষতির পূরণ হইতে পারে, তবে ঐ প্রতিজ্ঞাত কর্ম্মের যে অংশ সম্পাদন হইতে পারে আদালত কোন পক্ষের প্রার্থনামতে তাহা নির্দ্দিষ্টরূপে সম্পাদন করিবার ও মুদ্রাদানে বাকীর ক্ষতিপূরণ করিবার আজ্ঞা দিতে পারিবেন। এমন স্থলে কোন পক্ষের প্রতিজ্ঞা পালন করিবার অমনোযোগ কি ত্রুটিহেতুক অন্য পক্ষ হানির কি ক্ষতির পরিশোধ পাইবার অধিকারী হইবেন না ইতি।

উদাহরণ।

আনন্দ বলরামকে ১০০/ বিঘা পরিমাণের এক খণ্ড ভূমি বিক্রয় করিতে অঙ্গীকার করিলেন। পরে দেখা গেল যে ঐ ভূমির কেবল ৯৮/ বিঘা আনন্দের, অন্য দুই বিঘা অন্য ব্যক্তির ভূমি, ও তিনি তাহা ত্যাগ করিতে চাহেন না। এমন স্থলে বলরাম প্রার্থনা করিলে আনন্দের স্থানে তাঁহার ৯৮/ বিঘা ভূমি লইবার ও অবশিষ্ট দুই বিঘা হস্তান্তর না করণ হেতুক তাঁহার ক্ষতিপূরণ পাইবার আজ্ঞা হইতে পারিবে। অথবা আনন্দ প্রার্থনা করিলে বলরামকে এই আজ্ঞা হইতে পারিবে যে আনন্দ তাঁহাকে ঐ ভূমির হস্তান্তর করণপত্র ও অধিকার প্রদান করিলে, তিনি নিয়মমত খরীদী টাকাহইতে বাকী ভূমির মূল্য ক্ষতিপূরণস্বরূপ লইয়া তাঁহাকে অবশিষ্ট টাকা দেন।

৫৪ ধারা। চুক্তির এক পক্ষ অন্যের নিকট যে কর্ম্ম করিতে প্রতিজ্ঞা করিয়াছেন, যদি সমুদয় করিতে না পারেন, এবং যে অংশ না করিয়া ছাড়িতে হইয়াছে তাহা যদি সম্পূর্ণ কর্ম্মের বহুলাংশ হয়, তবে যে পক্ষের ত্রুটি হইয়াছে তিনি নির্দ্দিষ্ট কর্ম্ম সম্পাদনের ডিক্রী

default is not entitled to obtain a decree for Specific Performance, but the Court may, at the suit of the other party, direct the party in default to perform specifically so much of the engagement as he can perform, provided that the party seeking Specific Performance relinquishes all claim to further performance, and all right to compensation either for the deficiency or for the loss or damage sustained by him through the default of the other party.

পাইতে পারিবেন না। কিন্তু অন্য পক্ষের প্রার্থনামতে সেই ক্রটিকারি ব্যক্তি ঐ প্রতিজ্ঞার যত দূর সম্পাদন করিতে পারেন আদালত তাহাকে তত দূর তাহা সম্পাদন করিবার আজ্ঞা দিতে পারেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে, যে ব্যক্তি নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদনের প্রার্থনা করেন, তিনি অবশিষ্টের উপলক্ষে কিম্বা অন্য পক্ষের ক্রটিদ্বারা যে ক্ষতিগ্রস্ত হইয়াছেন তদুপলক্ষে অধিক কর্ম্ম সম্পন্ন পাওয়া ও ক্ষতিপুরণ পাইবার অধিকার ত্যাগ করেন।

Illustrations.

"(a.) A. agrees to sell to B. a piece of land consisting of 100 beegahs. It turns out that 50 beegahs of the land belong to A., and the other 50 beegahs to a stranger, who refuses to part with them. A. cannot obtain a decree against B. for the Specific Performance of the contract; but if B. is willing to pay the price agreed upon, and to take the 50 beegahs which belong to A., waiving all right to compensation either for the deficiency or for loss sustained by him through A.'s neglect or default, B. is entitled to a decree, directing A. to convey those 50 beegahs to him on payment of the purchase money.

উদাহরণ।

(a) আনন্দ বলরামকে ১০০/ বিঘা পরিমাণের এক ভূমি বিক্রয় করিতে অঙ্গীকার করেন। পরে দেখা গেল যে ভূমির ৫০/ বিঘা আনন্দের, অন্য ৫০/ বিঘা অন্য ব্যক্তির তিনি তাহা ত্যাগ করিতে চাহেন না। আনন্দ বলরামের নামে চুক্তির নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদনের ডিক্রী পাইতে পারেন না। কিন্তু যদি বলরাম প্রতিজ্ঞাত মূল্য দান [illegible] আনন্দের ৫০/ বিঘা গ্রহণ করিয়া অবশিষ্ট ভূমির উপলক্ষে কিম্বা আনন্দের অমনোযোগ কি ক্রটিহেতুক তাঁহার যে ক্ষতি হইয়াছে তদুপলক্ষে প্রতিশোধ পাইবার অধিকার ত্যাগ করেন তবে বলরাম ক্রয়ের মূল্য দিলে আনন্দের নামে ঐ ৫০/ বিঘা পাইবার ডিক্রী পাইতে পারিবেন।

"(b.) A. agrees to sell to B. an estate with a house and garden for 1,00,000 Rupees. It turns out that A. is unable to convey the garden. A. cannot obtain a decree against B. for the Specific Performance of the contract; but if B. is willing to pay the price agreed upon, and to take the estate and house without the garden, waiving all right to compensation either for the deficiency or for loss sustained by him through A.'s neglect or default, B. is entitled to a decree, directing A. to convey the house to him on payment of the purchase money.

(b) আনন্দ বলরামকে এক লক্ষ টাকা মূল্যে গৃহ ও বাগান সমেত সম্পত্তি বিক্রয় করিতে অঙ্গীকার করিলেন। পরে দেখা গেল যে আনন্দ ঐ বাগান হস্তান্তর করিতে পারেন না। এই স্থলে আনন্দ চুক্তির নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদনার্থে বলরামের নামে ডিক্রী পাইতে পারিবেন না। কিন্তু যদি বলরাম প্রতিজ্ঞাত মূল্য গ্রহণপূর্ব্বক বাগানভিন্ন ঐ সম্পত্তি ও ঘর লইতে সম্মত হইয়া অবশিষ্টের উপলক্ষে কিম্বা আনন্দের অমনোযোগ কি ক্রটিদ্বারা তাঁহার যে ক্ষতি হইয়াছে তদুপলক্ষে প্রতিশোধ পাইবার অধিকার ত্যাগ করেন, তবে বলরাম ক্রয়ের মূল্য দিলে আনন্দের নামে ঐ ঘর হস্তান্তর ক্রমে পাইবার ডিক্রী পাইতে পারিবেন।

"55. Except in cases coming under one or other of the two last preceding sections, it is not competent for the Court to direct the Specific Performance of a part of an engagement by contract.

৫৫ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব একতর ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন অন্য স্থলে আদালত চুক্তির প্রতিজ্ঞাত কর্ম্মের একাংশ নির্দ্ধারিতমতে সম্পাদন করিবার আজ্ঞা করিতে পারিবেন না ইতি।

"56. It shall be competent to the Court to award compensation in cases where Specific Performance is sued for, and the Court does not think fit to order it.

৫৬ ধারা। নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদনের প্রার্থনা হইলে যদি আদালত সেই প্রার্থনাদান উচিত বোধ না করেন, তবে ক্ষতিপুরণের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

"57. In every case the Court shall have power to give compensation in money in lieu of the Specific Performance of the contract, where it shall appear to the Court that Specific Performance would inflict damage or injury on one party to the contract without any corresponding benefit to the party seeking Specific Performance.

৫৭ ধারা। নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদন হইলেও চুক্তির এক পক্ষের ক্ষতি কি হানি হইতে পারে অথচ যিনি নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদন হইবার প্রার্থনা করেন তাহার তাদৃশ লাভও হইবে না, যে স্থলে আদালতের এমত বোধ হয়, সেই প্রত্যেক স্থলে আদালত নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদনের আজ্ঞা না করিয়া মুদ্রাদানদ্বারা ক্ষতিপুরণ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

"58. Where the Specific Performance of an engagement is ordered, and it appears to the Court that such Specific Performance ought to be made by a party by executing a conveyance, or by endorsing a negotiable instrument, and the party ordered to execute or endorse such conveyance

৫৮ ধারা। যদি প্রতিজ্ঞাত কর্ম্ম নির্দ্ধারিতমতে সম্পাদন করিবার আজ্ঞা হইয়া থাকে এবং হস্তান্তরপত্র করণ দ্বারা কিম্বা ক্রেয় বিক্রেয়পত্রের পৃষ্ঠ লিপি দ্বারা নির্দ্ধারিত কর্ম্ম সম্পাদন হওয়া উচিত, আদালত যদি এমত বোধ করেন, তবে যে পক্ষকে সেই হস্তান্তরপত্র করিতে কিম্বা ক্রেয় বিক্রেয় সেই পত্রের

negotiable instrument shall neglect or refuse so to do, any party interested in having the same executed or endorsed, may prepare a conveyance or endorsement of the instrument in accordance with the terms of the decree, and tender the same to the Court for execution upon the proper stamp (if any is required by law), and the signature thereof by the judge, shall have the same effect as the execution or endorsement thereof by the party ordered to execute.

"59. Where a contract contains an engagement, express or implied, by one party, that he will abstain from doing any act, the Court may at the suit of another party issue an Injunction to restrain the breach of such engagement, provided such other party has not failed to perform his own engagement.

"*Exception.*—This section shall not apply to engagements relating to the cultivation of land or the growing particular crops.

Illustrations.

"(*a.*) A. agrees with B. that he will sing at B.'s theatre for a twelve month. B. cannot have an order directing A. to sing, but he is entitled to have an order restraining A. from singing at any other place of entertainment

"(*b.*) B. agrees with A. that he will serve him faithfully or twelve months as a clerk. A. is not entitled to an order directing B. to serve, but he is entitled to an order restraining B. from serving a rival house, or doing any other act to the injury of A. in his business

"(*c.*) A. agrees with B. that in consideration of a sum of money to be paid to him by B. on a day fixed, he will not set up a certain business within a specified distance. B. makes default in payment of the money. A cannot be restrained from carrying on business within the specified distance."

WHITLEY STOKES,
Asst. Secy. to the Govt. of India,
Home Department (Legislative.)

পৃষ্ঠে লিখিতে আজ্ঞা করা যায়, তিনি তাহা না করিলে কি করিতে সম্মত না হইলে, সেই পত্রসম্পাদনে কি তাহার পৃষ্ঠলিপনে অন্য যে কোন ব্যক্তির স্বার্থ থাকে তিনি ডিক্রীর কথানুসারে হস্তান্তরকরণপত্র কিম্বা দলীলের পৃষ্ঠলিপি লিখিয়া দিতে পারিবেন, এবং আইনমতে ইষ্টাম্পের প্রয়োজন হইলে উপযুক্ত ইষ্টাম্প দিয়া স্বাক্ষর করিবার জন্যে আদালতে অর্পণ করিবেন। বিচারকর্ত্তা তাহাতে স্বাক্ষর করিলে, যাঁহার প্রতি সেই পত্র সম্পাদনের আজ্ঞা করা যায় উক্ত বিচারকর্ত্তার স্বাক্ষর তাঁহারই স্বাক্ষর কি পৃষ্ঠলিপির তুল্য ফলদ হইবে ইতি।

৫৯ ধারা। চুক্তির এক পক্ষ কোন এককার্য্য করিতে নিরস্ত হইবেন, যদি চুক্তিপত্রে স্পষ্টতঃ কি ভাবতঃ এমত প্রতিজ্ঞা থাকে তবে অন্য পক্ষ আপনার প্রতিজ্ঞাসাধন করিতে ত্রুটি না করিলে, তাঁহার প্রার্থনামতে আদালত সেই প্রতিজ্ঞাভঙ্গ নিবারণার্থে নিষেধ আজ্ঞা করিতে পারিবেন।

বর্জ্জিত স্থল। ভূমির চাষ কিম্বা বিশেষ ফসল উৎপন্ন করিবার প্রতিজ্ঞা বিষয়ে এই ধারা খাটে না ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ বলরামের নিকট অঙ্গীকার করিলেন, যে আমি দ্বাদশ মাস আপনার নাট্যশালায় গান করিব; বলরাম আনন্দের গান করণার্থে আজ্ঞা পাইতে পারিবেন না, কিন্তু অন্য কোন আমোদের স্থানে আনন্দের গান করিতে নিবারণ করিবার আজ্ঞা পাইতে পারিবেন।

(*b*) বলরাম আনন্দের নিকট এই অঙ্গীকার করিলেন যে আমি আপনবার নিকটে দ্বাদশ মাস বিশ্বস্তমতে লেখকের কর্ম্ম করিব। আনন্দ বলরামের সেই কর্ম্ম করণার্থে আজ্ঞা পাইতে পারিবেন না, কিন্তু তিনি প্রতিযোগি কুঠীতে কর্ম্ম না করেন কিম্বা আনন্দের ব্যবসায়ের হানিজনক কোন কর্ম্ম না করেন, আদালতের স্থানে এমত আজ্ঞা পাইতে পারিবেন।

(*c*) আনন্দ বলরামের নিকটে এই অঙ্গীকার করিলেন যে, তুমি যদি নির্দ্ধারিত দিবসে আমাকে এত টাকা দেও তবে আমি নির্দ্দিষ্ট এতদূর স্থানে বিশেষ অমুক ব্যবসায় করিব না। বলরাম সেই টাকা দিলেন না। সেই নির্দ্দিষ্ট ব্যবসায় করিতে আনন্দকে নিষেধ করা যাইতে পারে না।

হুইটলী ষ্টোকস,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

(*Criminal Side.*)

The enclosed Circular is to be substituted for Circular No. 9, dated 17th August 1867, previously sent.

No. 9.

To Officers in charge of Jails,—(dated Calcutta, the 7th August 1867.)

In consequence of different modes of Procedure being followed in different districts, the Courtare

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

১৮৬৭ সালের আগষ্ট মাসের ৭ তারিখের ৯ নম্বরের যে সরকুলর পূর্ব্বে প্রকাশিত হইয়াছে তৎপরিবর্ত্তে এই সরকুলর প্রকাশ হইল।

৯ নম্বর।

জেল রক্ষাকারি কার্য্যকারক সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ৭ আগষ্ট।

নানা জিলার মধ্যে কর্ম্ম করিবার নানা নিয়ম থাকাতে হাই কোর্টের সাহেবেরা এই সাধারণ বিধি

pleased to lay it down, as a general rule, that petitions of appeal against the sentences of orders of Sessions Judges, presented to Officers in charge of Jails, be forwarded by such Officers direct to the Registrar of the High Court of Judicature, intimation of the fact being at once given in each instance and in the annexed form to the Judge whose sentence or order is appealed against.

2. Petitions of appeal must be presented within the period allowed for appeal, as provided in Section 413 of the Criminal Procedure Code, and must be accompanied by a copy of the sentence or order appealed against, as provided by Section 416.

3. Petitions not presented in time or not accompanied as above, are not to be transmitted to the Registrar, but to be returned to the petitioner, with an endorsement by the Officer in charge of the Jail showing the date of presentation.

By Order, &c.,
(Signed) C. D. FIELD,
Registrar.

To the Sessions Judge of

The undersigned begs to report, for the information of the Sessions Judge, that an appeal by the prisoner
against the Judge's sentence or order, dated
and noted at foot, has this day been presented to the Officer in charge of the Jail, and has been forwarded to the High Court, as required by Section 418 of the Code of Criminal Procedure.

Officer in charge of the Jail.

(*Civil Side.*)

No. 28.

To all Civil Judges,—(dated Calcutta, the 13th September 1867.)

A new Form of Certificate for the refund of Stamp Duty is forwarded herewith for adoption by all Civil Courts in Bengal in passing for payment at the Civil Treasury the Stamp Duty refunded in cases adjusted by compromise or remanded for re-trial. The form will be supplied by the Superintendent of Stationery on Indents.

By order, &c.,
(Signed) C. D. FIELD,
Registrar.

প্রচলন করিয়াছেন সেশন জজ সাহেবদিগের দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল করিবার যে দরখাস্ত জেলের অধ্যক্ষদিগকে দেওয়া যায় তাহা ঐ কার্য্যকারকেরা একেবারে হাই কোর্টের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠাইবেন। এবং যে জজ সাহেবের দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল হয় প্রত্যেক স্থলে তাঁহাকে অবিলম্বে নিম্নলিখিত পাঠে ঐ আপীলের দরখাস্ত প্রেরণ করিবার সম্বাদ দিবেন।

২। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪১৩ ধারাতে আপীলের দরখাস্ত অর্পণ করিবার যে কাল নিরূপণ হইয়াছে সেই কালের মধ্যে ঐ দরখাস্ত অর্পণ করিতে হইবে, এবং যে আজ্ঞা কি দণ্ডাজ্ঞার উপর আপীল হয় ৪১৬ ধারার বিধানমতে তাহার প্রতিলিপি দরখাস্তের সঙ্গে দিতে হইবে।

৩। যদি দরখাস্ত উপযুক্ত সময়ে উপস্থিত না করা যায় কিম্বা যদি উক্ত প্রতিলিপি সঙ্গে না থাকে, তবে তাহা রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠান যাইবে না কিন্তু জেলের অধ্যক্ষ ঐ দরখাস্তের পৃষ্ঠে দরখাস্ত উপস্থিত করিবার তারিখ লিখিয়া দরখাস্তকারিকে ফিরিয়া দিবেন।

সি ডি ফীলড,
রেজিষ্ট্রার।

অমুক জিলার শ্রীযুত সেশন জজ সাহেব সমীপেষু।

জজ সাহেবের অমুক সালের অমুক মাসের অমুক তারিখের দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর অমুক নামা বন্দী অদ্য অমুক স্থানের জেলরক্ষককে নিম্নলিখিত মর্ম্মের আপীল সমর্পণ করিয়াছে। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪১৮ ধারামতে তাহা হাই কোর্টে পাঠান গিয়াছে। এই কথা নিম্নলিখিত কার্য্যকারক সেশন জজ সাহেবের জ্ঞানার্থে রিপোর্ট করিতেছেন।

শ্রীঅমুক।
জেলের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক।

দেওয়ানী পক্ষ।

২৮ নম্বর।

দেওয়ানী সমস্ত বিচারকর্ত্তা সমীপেষু।

কলিকাতা ১৮৬৭ সাল ১৩ সেপ্টেম্বর।

মোকদ্দমার রফা হওনে কিম্বা পুনর্বিচারের নিমিত্তে ফিরিয়া পাঠান গেলে, তাহার ইষ্টাম্পের যে মাশুল ফিরিয়া দিতে হয়, বঙ্গদেশস্থ সকল দেওয়ানী আদালত যখন দেওয়ানী খাজানাখানা হইতে সেই টাকা ফিরিয়া দিবার আদেশ করেন তখন সর্টিফিকটের যে নূতন পাঠ ব্যবহার করিবেন তাহা এই পত্রের সঙ্গে পাঠান যাইতেছে। ষ্টেশনরির সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পত্র পাঠাইলে সেই পাঠ পাওয়া যাইতে পারিবে।

আজ্ঞাক্রমে,
সি ডি ফীলড।
রেজিষ্ট্রার।

No. 30.

To the Civil Authorities in the Lower Provinces, and Judicial Commissioners of Assam and Chota Nagpore,—(dated Calcutta, the 16th September 1867.)

I AM directed to forward herewith, for adoption in the Civil Courts of your District, a revised Form of Register of Stamp Duties levied under Schedule B, Section 6, Act XXVI of 1867.

By order, &c.,

(Signed) C. D. FIELD,

Registrar.

৩০ নম্বর।

শের দেওয়ানী কর্ত্তৃপক্ষ এবং আসাম বঙ্গপ্রভৃতি দে জুডিসিয়ল কমিসনর সাহেব ও ছোটনাগপুরে সমীপেষু।

নকাতা ১৮৬৭ সাল ১৬ সেপ্টেম্বর

১৮৬৭ সালের আইনের ৬ ধারার B চিহ্নিত তপ- যে মাসুল আদায় হয়, তাহার সীলমতে ইষ্টাম্পের পাঠ তোমার জিলার দেও- রেজিষ্টরের সংশোধিত ার জন্যে আজ্ঞাক্রমে য়ানী আদালতে ব্যবহার করিব তোমার নিকট পাঠাইতেছি।

দরখাস্ত

আজ্ঞাক্রমে

No. 31.

To all Civil Judges, Lower Provinces,—(dated Calcutta, the 25th September 1867.)

In modification of [illegible] dam Hossein to [illegible] the 26th Circular Order No. [illegible] 1867, [illegible] the Court are pleased, with the sanction of the Lieutenant-Governor of Bengal,* to issue the following instructions, adopted with slight modification from the Rules issued by the Board of Revenue, as to the mode of levying *Tullubana* for the service and execution of Civil process by peons appointed under Act V. (B. C.) of 1863.

* Vide Government letter No. 4207 T., dated 21st August 1867.

The following fees are to be levied for the service of each process, beside charges for boat-hire, ferries, postage, &c., which are to be paid separately as provided in Section 4 below.

Levy of Fees.

1. If the distance of the place of service or execution from the Court whence the process is issued, calculated, not as the crow flies, but by the road the peon must travel, does not exceed twelve miles—eight annas. If the said distance exceeds twelve miles—one rupee.

2. As many processes as possible are to be entrusted to one peon. For every additional process after the first, *issued at the instance of the same party and in the same case, and carried by* ONE *peon over* ONE *road*, the fee is to be one-fourth of the rates above specified. In such cases the whole fees levied for all the processes so carried for one party are to be charged for the purpose of fixing costs in equal shares, upon all the processes so carried.

3. If a peon is detained at the place of service for more than one day at the request of the person at whose instance the process was issued or of his agent, such person or agent must pay, then and there, demurrage at the rate of five annas a day. Unless this demurrage be paid, the peon must not wait.

Additional Charges.

4. All sums except those referred to in Circular Order of 11th May 1866, No. 18, levied under the preceding Rules, are to be credited to the Government to form the fund prescribed in Section 9 of the Act.

5. In addition to these fees, the actual charge which must be incurred if it be necessary to employ boats or cross ferries, is to be levied from and paid by the person at whose instance the process is [illegible]

বঙ্গপ্রদেশস্থ [illegible] দেওয়ানী সকল [illegible] [illegible]।

কলিকাতা ১৮৬৭ সাল ২৫ সেপ্টেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে হাই কোর্টের জজেরা ১৮৬৪ সালের আপ্রিল মাসের ২৬ তারিখের ১০A নম্বরের সরকুলর অর্ডরের ৩ দফা মতান্তর করিয়া ১৮৬৩ সালের বঙ্গদেশীয়* আইনমতে যে পেয়াদারা দেওয়ানী পরওয়ানা জারী ও সাধন করিতে নিযুক্ত হয়, তাহাদের তলবানা আদায় করিবার নিয়ম বিষয়ে নিম্ন লিখিত উপদেশ দিয়াছেন। রেবিনিউ বোর্ডের প্রচলিত বিধি হইতে তাহা কিঞ্চিৎ মতান্তর করিয়া গৃহীত হইয়াছে।

* গবর্ণমেণ্টের ১৮৬৭ সাল ২১ আগষ্টের [illegible] নম্বরের পত্র।

নিম্নলিখিত ৪ দফামতে নৌকার ভাড়া ও [illegible] পয়সা ও ডাক মাসুল প্রভৃতি স্বতন্ত্র দিতে হইবে। তদ্ভিন্ন প্রত্যেক পরওয়ানা জারী করিবার এই২ ফী আদায় করা যাইবে।

ফী আদায়ের কথা।

১। যে আদালতহইতে পরওয়ানা বাহির হয়, ঐ পরওয়ানা জারী ও সাধন করিবার স্থান যদি সেই আদালতহইতে দ্বাদশ মাইলের অধিক দূর না হয়, তবে আট আনা। যদি দ্বাদশ মাইলের অধিক হয়, এক টাকা। বিহগপথের ন্যায় ঐ দূরত্বের [illegible] করিতে হইবে না, কিন্তু পেয়াদা যে পথে যায় সেই পথ ধরিয়া হিসাব করিতে হইবে।

২। এক জন পেয়াদা যত পরওয়ানা লইয়া যাইতে পারে তাহাকে তত দিতে হইবে। এক পেয়াদা এক পথে যদি এক মোকদ্দমায় এক ব্যক্তির পক্ষে [illegible] অধিক পরওয়ানা লয় তবে, প্রথম পরওয়ানার উক্ত ফী, অন্য প্রত্যেক পরওয়ানার উপর তাহার চতুর্থাংশ লাগিবে। এমত স্থলে এক পক্ষের নিমিত্তে যে সকল পরওয়ানা লওয়া যায় তাহার উপর খরচা [illegible] নিরূপণ করিবার জন্যে, উক্ত সকল পরওয়ানার উপর যত ফী আদায় হয়, তৎসমুদয় ধরিতে হইবে।

৩। যে ব্যক্তির পক্ষে পরওয়ানা বাহির হয়, যদি তাঁহার কিম্বা তদীয় নিয়োগির প্রার্থনামতে, পরওয়ানা জারী করিবার স্থানে পেয়াদার এক দিনের অধিক কাল থাকিতে হয়, তবে সেই ব্যক্তিকে কি তাহার নিয়োগির তৎক্ষণাৎ দিনপ্রতি পাঁচ আনার হিসাবে গছেরী দিতে হইবে। সেই গছেরী না দেওয়া গেলে, পেয়াদার থাকিতে হইবে না।

অধিক খরচ।

৪। ১৮৬৬ সালের মে মাসের ১১ তারিখের ১৮ নম্বরের সরকুলর অর্ডরে যে টাকার কথা লেখা আছে, তদ্ভিন্ন পূর্ব্বলিখিত বিধিমতে যে সকল টাকা আদায় হয় তাহা গবর্ণমেণ্টের নামে জমা হইবে, ও তাহা লইয়া আইনের ৯ ধারার নির্দিষ্ট ফণ্ড করা যাইবে।

৫। উক্ত ফী ভিন্ন যদি পেয়াদার নৌকাযোগে কি খেয়ার পার হইয়া কোন স্থানে যাইতে হয়, তবে যে ব্যক্তির পক্ষে পরওয়ানা বাহির হয়, তাহার স্থানে ঐ পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে [illegible] আদায় হইয়া

issued, before issue of the process, to the peon who carries the process.

By Order, &c.,
(Signed) C. D. FIELD,
Registrar.

যে পেয়াদা পরওয়ানা লইয়া যায় তাঁহাকে দিতে হইবে।

ইং আজ্ঞানুসারে,
সিঃ ডি ফিল্ড,
রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

NOTIFICATION.

Lucknow, the 15th November 1867.

The Viceroy and Governor General will leave Lucknow on the morning of Momday the eighteenth November, and will arrive in Calcutta at 4-30 P. M. on Tuesday, the nineteenth november 1867.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

হোম ডিপার্টমেন্ট।

বিজ্ঞাপন।

লক্ষ্ণৌ, ১৮৬৭ সাল ১৫ নবেম্বর।

শ্রীলশ্রীযুক্ত রাজপ্রতিনিধি ও গবর্ণর জেনরল সাহেব নবেম্বর মাসের ১৮ তারিখে লক্ষ্ণৌহইতে যাত্রা করিয়া ১৮৬৭ সালের নবেম্বর মাসের ১৯ তারিখ অপরাহ্ণ ৪॥০ সাড়েচারি ঘণ্টার সময়ে কলিকাতায় পহুঁছিবেন।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4192.

APPOINTMENTS.

The 5th November 1867.

Baboo Byjonath Sing to be an Assessor, under Act XXI. of 1867, in Gya, and to exercise the powers of a Collector for the purposes of that Act.

Baboo Hurkant Buroosh, Moonsiff of Nowgong, is vested with the powers of a Sudder Ameen in that District.

The 8th November 1867.

Mr. J. Rowe to officiate as Conservator of Port Canning, until further orders.

The 9th November 1867.

Baboo Anund Chunder Sen, Special Deputy Magistrate and Deputy Collector, Cuttack, is transferred to Balasore, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class in the latter District.

Lieutenant-Colonel H. Hopkinson, Commissioner of Assam, to have charge of the current duties of the Judicial Commissioner's Office, in addition to his own duties, during the absence, on leave, of Lieutenant-Colonel W. Agnew, or until further orders.

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪১৯২ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ৫ নবেম্বর।

শ্রীযুত বাবু বৈজনাথ সিংহ গয়াতে ১৮৬৭ সালের ২১ আইনমতে আসেসর হইবেন, ও উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে কালেক্‌টরের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

নৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু হরকান্ত বড়ুয়া ঐ জিলাতে সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ৮ নবেম্বর।

শ্রীযুত জে রো সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত কানিংবন্দরে রক্ষকের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ৯ নবেম্বর।

কটকের বিশেষ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত বাবু আনন্দচন্দ্র সেন বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ আগনিউ সাহেবের ছুটিপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত আসামের কমিস্যনর লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত এচ হপকিন্সন সাহেব আপন কর্ম্মাতিরিক্ত জুডিস্যল কমিস্যনরের কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার পাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৯ নবেম্বর।]

The 11th November 1867.

The following promotions in the Subordinate Executive Service are sanctioned, *viz.* :—

Mr. W. C. Taylor to the First Grade ... Baboo Gour Chunder Roy to the Second Grade ... Moulvy Gholam Hossein to the Third Grade ... Baboo Uma Churn Banerjee to the Fourth Grade ...	*With effect from the 29th October* 1867.
Moulvy Dubeeroddeen Ahmed to the Third Grade ... Baboo Srish Chunder Biddyaratna to the Fourth Grade...	*With effect from the 1st November* 1867.

The 12th November 1867.

Lieutenant C. H. Garbett to be an Assistant Commissioner in Chota Nagpore, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in all the Districts of that Division.

LEAVE OF ABSENCE.

The 5th November 1867.

Captain A. Tulloch, Officiating District Superintendent of Police, Rungpore, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by Mr. A. D. Larymore.

The 6th November 1867.

Mr. T. T. Allen, Officiating Joint-Magistrate and Deputy Collector of Tipperah, for one month, under Financial Resolution No 2749, dated 24th September 1867 from the 20th December next, or any other date on which he may avail himself of the leave.

Captain H. P. W. Wynch, District Superintendent of Police, Hazareebaugh, for three months, on Medical Certificate, under the Financial Resolution dated 22nd February 1856, in extension of the leave granted to him under orders of the 18th February last.

Dr. H. C. Connolly, Medical Officer of Bograh, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave in anticipation of sanction.

The 8th November 1867.

Mr. C. E. S. Innes, Assistant Superintendent of Police, Jajipore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. A. G. Wilson, Assistant Commissioner of Burhee, is allowed an extension of leave up to the 3rd ultimo, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th November 1865.

[*Government Gazette, 19th November* 1867.]

১৮৬৭ সাল ১১ নবেম্বর।

অধঃস্থ বিচারকর্তৃকার্য্যকারকদের নিম্নলিখিত উচ্চপদভুক্ত হওন অনুমোদিত হইয়াছে।

প্রথম শ্রেণীতে শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব দ্বিতীয় শ্রেণীতে শ্রীযুত বাবু গৌরচন্দ্র রায় তৃতীয় শ্রেণীতে শ্রীযুত মৌলবী গোলাম হুসেন চতুর্থ শ্রেণীতে শ্রীযুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায়	ইহা ১৮৬৭ সালের অক্টোবর মাসের ২৯ তারিখ অবধি প্রবল হইবে।
তৃতীয় শ্রেণীতে শ্রীযুত মৌলবী দবীরুদ্দীন আহম্মদ চতুর্থ শ্রেণীতে শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র বিদ্যারত্ন	ইহা ১৮৬৭ সালের নবেম্বর মাসের ১ তারিখঅবধি প্রবল হইবে।

১৮৬৭ সাল ১২ নবেম্বর।

লেপ্টেনেন্ট শ্রীযুত সি এচ গর্ব্বেট সাহেব ছোট নাগপুরে আসিষ্টান্ট কমিশানর হইবেন, এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ৫ নবেম্বর।

রঙ্গপুরের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এ টলক সাহেব যে তারিখে শ্রীযুত এ ডি লারিমোর সাহেবদ্বারা অবকাশ প্রাপ্ত হন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৬ নবেম্বর।

ত্রিপুরার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি টি আলেন সাহেব আগামি ডিসেম্বর মাসের ২০ তারিখ অথবা অন্য যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৭ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের ২৭৪৯ নং নির্দ্ধারণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

হাজারীবাগের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত এচ পি ডবলিউ উইঞ্চ সাহেব গত ফেব্রুআরি মাসের ১৮ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বগুড়ার চিকিৎসক ডাক্তর শ্রীযুত এচ সি কনলী সাহেব অনুমোদনের অপেক্ষায় যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৮ নবেম্বর।

যাজিপুরের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি ই এস ইনিস সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বর্হীর আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এ জি উইলসন সাহেব ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে গত মাসের ৩ তারিখপর্য্যন্ত অতিরিক্ত ছুটী পাইয়াছেন।

issued, before issue ... November 1867.

carries the pre... Churn Ghose, Deputy Magistrate ... Deputy Collector, Balasore, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India, dated 8th No... 1865.

NOTIFICATIONS.

The 5th November 1867.

Baboo Rakhall Das Haldar, Deputy Collector of Survey, Maunbhoom, having resumed charge of his duties on the 24th September last, the unexpired portion of the leave granted to him under orders of the 10th June preceding, and of which he availed himself from the 9th idem, is cancelled.

Lieutenant W. L. Samuells, Assistant Commissioner, Hazareebaugh, having resumed charge of his duties on the 25th October last, the unexpired portion of the leave granted to him, under orders of the 5th idem, and of which he availed himself from the 15th ultimo, is cancelled.

The 6th November 1867.

The leave of absence granted to Baboo Nobin Chunder Ghose, Sudder Ameen of Nuddea, during the late Dusserah vacation, under orders of the 24th September last, is cancelled at his own request.

Mr A. Yardley reported his return from leave per Steam-ship *Mongolia*, which arrived at the Sand-heads on the 29th ultimo.

The 11th November 1867.

Mr. F. J. Alexander, on special duty, Chord Line, and Sub-Registrar of Assurances of the Chord Line Sub District, made over charge of his Offices to Baboo Omoollo Churn Mullick, Deputy Collector, on the afternoon of the 25th September last, and availed himself of the leave which was granted to him under orders of the 17th idem.

NOTIFICATION.

The 9th November 1867.

Under the provisions of Section 17 of Act 22 of 1867, entitled an Act to provide for the Regulation of Public Serais and Puraos, the Lieutenant-Governor is pleased to extend the said Act to all the Districts of the Lower Provinces, from the 1st December next.

H. L. DAMPIER,

Offg. Secy. to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৯ নবেম্বর।]

১৮৬৭ সাল ... নবেম্বর।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু হরিচরণ ঘোষ ... শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৫ নবেম্বর।

মানভূমের জরীপী কার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু রাখালদাস হালদার গত সেপ্টেম্বর মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে তৎপূর্ব্বের জুন মাসের ১০ তারিখের আজ্ঞামতের যে ছুটী ঐ মাসের ৯ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

হাজারীবাগের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এল সামুয়েলস সাহেব গত অক্টোবর মাসের ২৫ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ঐ মাসের ৫ তারিখের আজ্ঞামতের যে ছুটী গত মাসের ১৫ তারিখে গ্রহণ করেন তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

১৮৬৭ সাল ৬ নবেম্বর।

নদীয়ার সদর আমীন শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ গত সেপ্টেম্বর মাসের ২৪ তারিখের আজ্ঞামতে গত দুর্গোৎসবের বন্দকালীন যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেব মঙ্গলিয়ানামক বাষ্পীয় জাহাজে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, সেই জাহাজ গত মাসের ২৯ তারিখে গঙ্গাসাগরে পঁহুছে।

১৮৬৭ সাল ১১ নবেম্বর।

কর্ডলাইনে বিশেষ কার্য্যে নিযুক্ত ও কর্ডলাইন সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার শ্রীযুত এফ জে আলেক্জণ্ডার সাহেব ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অমূল্যচরণ মল্লিকের প্রতি গত সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মের ভারার্পণ করিয়া ঐ মাসের ১৭ তারিখের আজ্ঞামতের ছুটী গ্রহণ করিলেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৯ নবেম্বর।

১৮৬৭ সালের ২২ আইনের (অর্থাৎ সাধারণের উপকারার্থ সরাইয়ের ও পুরাওর বিধান করিবার আইনের) ১৭ ধারার বিধানমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আগামি ডিসেম্বর মাসের ১ তারিখ-অবধি বঙ্গপ্রভৃতি দেশের সকল জিলাতে উক্ত আইন প্রচলিত হইবার আজ্ঞা করিয়াছেন।

এচ এল ডাম্পিয়র,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

Calcutta unicipalty.

NOTICE.

THE Justices of the Peace for the Town of Calcutta having, at the adjourned Quarterly Meeting held on the 11th November 1867, under some misconception of facts, fixed the Police rate leviable under Section 9 of Act XI. of 1867, for the year commencing 1st January 1868, at 2½ per cent., and such rate being altogether insufficient to meet the proposed expenditure entered in the Budget, which was submitted to the Justices and approved of by them at the Meeting held on 1st instant. The Chairman, in accordance with Section 20 of Act VI. of 1863, hereby gives notice that a Special General Meeting of the Justices of the Peace for the Town of Calcutta will be held at the Town Hall, at 11 A. M., on Tuesday, the 26th instant, for the purpose of re-considering the subject in accordance with concluding clause of Section 36 of Act VI. of 1863.

By Order of the Chairman,

ROBT. TURNBULL,

Secy. to the Justices of the Peace.

CALCUTTA,
The 11th November 1867.

বিজ্ঞাপন।

কলিকাতা মিউনিসিপলিটি।

১৮৬৭ সালের নবেম্বর মাসের ১১ তারিখে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের স্থগিত যে ত্রৈমাসিক সভা হয় তাহাতে কোন বৃত্তান্তঘটিত ভ্রমক্রমে ১৮৬৭ সালের ১১ আইনের ৯ ধারামতে আদেয় পোলীস টাকুসের বার্ষিক হার ১৮৬৮ সালের জানুআরি মাসের ১ তারিখে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ২।০ দুই টাকা আট আনা স্থির হইয়াছিল, কিন্তু এই মাসের ১ তারিখে যে সভা হয় সেই সভাতে জষ্টিসদের নিকটে যে বাজেট প্রেরিত ও তাঁহারদের দ্বারা অনুমোদিত হইয়াছিল সেই বজেটের লিখিত প্রস্তাবিত ব্যয় উক্ত হার দ্বারা পূরণ না হওয়াতে সভাপতি সাহেব ১৮৬৩ সালের ৬ আইনের ২০ ধারামতে সংবাদ দিতেছেন যে ১৮৬৩ সালের ৬ আইনের ৩৬ ধারার শেষ ভাগের বিধানমতে উক্ত বিষয় পুনঃবিবেচনা করণার্থে এই মাসের ২৬ তারিখ মঙ্গলবার পূর্ব্বাহ্ণ বেলা ১১ ঘণ্টার সময়ে টৌনহালে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের এক বিশেষ সাধারণ সভা হইবে।

সভাপতির আজ্ঞাক্রমে,

রবার্ট টর্ণবুল,

শান্তিরক্ষার্থ জষ্টিসদিগের সেক্রেটারী।

কলিকাতা,
১৮৬৭ সাল ১১ নবেম্বর।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা ময়মনসিংহ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ময়মনসিংহ।

নীচের লিখা মহালের ১২৭৪ সনের নাগায়ত ভাদ্রের সরকারি পাওনা বাকি রাজস্ব আদায় জন্য বোর্ডের নিরূপিত ১৮৬৭ সনের ২৮ সেপ্টেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে ১৮৬৭ সনের ২৭ নবেম্বর মোতাবক ১২৭৪ সনের ১২ অগ্রহায়ণ বুধবার নীলামের দিন ধার্য্যে সর্ব্বসাধারণ জনের জ্ঞাতার্থে অত্র ইস্তাহার প্রচার করা যায় যে কেহ মহাল মজকুর খরিদের বাসনা রাখে সে ঐ তারিখে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতমত ক্রয় করে, ইতি ১৮৬৭ সন তারিখ ১ অক্টোবর।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৩২২ নং পরগনে কাটারমল্ল চর সাটীয়ান মতালকে চর কুরথি মালিক চিরস্থ বন্দবস্ত গ্রহীতা ব্রজেশ্বরী চৌধুরাণী মাদরে বনওয়ারিলাল রায় নাবালগ সদর জমা ৫৪৫।৶০ আনা।

H. J. REYNOLDS,
Collector.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবৎ ইংরাজি, সন ১৮৬৭ সালের ২৯ নবেম্বর [illegible] মোতাবেক সন ১২৭৪ বাঙ্গালা তারিখ ১৪ অগ্রহায়ণ রোজ শুক্রবার অত্র কালেক্টরি কাছারিতে নি[illegible] নীলামে ধরা যাইবেক, ইতি সন ১৮৬৭ ইংরাজি তারিখ ৯ নবেম্বর।

[illegible] শ্রেণীর [illegible] মহাল।

৫৪। ৩২ নং তরফ আনন্দীরাম [illegible] মালিক শম্ভুরাম ও রামদাস, ও রামকিশোর ও হরলাল ও গোলোকচন্দ্র ও মাগনদাস ও রত্নমণি ও রসিক[illegible] ও শ্রীমতী আনন্দময়ী, ও রাজকিশোর ও অভয়াচরণ ও পীতাম্বর ও ব্রজমোহন ও গৌরহরি ও শ্রীমতী উনমিলা ও নীলকমল ও বিশ্বনাথ প্রকাশ, বৈদ্যনাথ দে ও রামমোহন ও রামসুন্দর সেন ও রামদয়াল দে ও [illegible] রামদয়াল দে ও রামদুলাল দে ও শ্রীমতী রাজেশ্বরী ও শশিকুমার নাবালগ ও হরগোবিন্দ সেন ও রামচন্দ্র সেন ও ব্রজমোহন ও ভৈরবচন্দ্র দহরি ও গোলোকচন্দ্র রায় ও অভয়াচরণ ও পীতাম্বর ও নীলকমল ও রামচন্দ্র ও শ্রীমতী মহেশ্বরী ও মৃত্যুঞ্জয় নাগ প্রকাশ মুক্তাকিশোর নাগ ও দিগম্বর রায় কানুনগোয় ও ভৈরব[illegible] দাস ও সুবলচন্দ্র রায় কানুনগোয় ও সেখ সদর আলী চৌধুরী ও রামদয়াল দে ও রামসুন্দর সেন ও রামজয় ম[illegible] রসিকচন্দ্র রায় ও হরকুমার রায় ও ললিতকুমার রায় ও দিগম্বর রায় ও পীতাম্বর রায় ও রামজয় মহাজন ও ত্রিপুরাসুন্দরী ও রামজয় মহাজন ও কৃষ্ণদাস ঠাকুর ও ভৈরবচন্দ্র দাস ও ভৈরবচন্দ্র দাস ও শিবদাস শর্ম্মা ও আনন্দমণি শর্ম্মা ও শিবদাস ও আনন্দমণি ও করিমদ্দীন ও তস্য পুত্রগণ ফজল রহমান ও আবদুল গফুর ও নন্দকুমার ও তস্য ভ্রাতা নবকুমারের মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে স্বতন্ত্র হওয়া শ্রীমতী আনন্দময়ী ও রাজকিশোর প্রকাশ রাজকুমার রায় ও গোলোকচন্দ্র রায় ও মহেশচন্দ্র রায় ও তস্য ভ্রাতষ্পুত্র কালীকৃপা ও পীতাম্বর ও অভয়াচরণ ও নীলকমল ও রামচন্দ্র ও গৌরহরি কানুনগোয় ও সুবলচন্দ্র রায় ও ভৈরবচন্দ্র দাস ও রসিকচন্দ্র ও হরকুমার ও ললিতকুমার ও রামচন্দ্র সেন ও ব্রজমোহন সেন তস্য ভ্রাতা হরগোবিন্দ সেন ও রামজয় মহাজন ও রামজয় মহাজন ও দিগম্বর কানুনগোয় ও সেখ সদর আলী ও ত্রিপুরাসুন্দরী ও মাগনদাস ও রত্নমণি ও রসিকচন্দ্র সেন ও কৃষ্ণদাস শর্ম্মার ও অবশিষ্ট হিস্যার মং ৭৪৬।।৩ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে রামসুন্দর সেনের হিস্যা নীলাম হইবেক, মোছলম মহালের সদর জমা ৮৪৯।৵৯

৫৯। ৩৭ নং তরফ আবদুল রহমান মালিক মাহাম্মদ দাএমনাজির সদর জমা ৯৪৩৸৮

২২০৩। ৪২৭ নং তরফ নছিম চৌধুরী মালিক জান আলী, ও মহেশচন্দ্র সেন ও নিত্যানন্দ সেন ও ওয়াকেদ আলী ও জগচ্চন্দ্র সেন ও শ্রীমতী আনন্দময়ী ও শ্রীমতী কিশোরী ও প্রাণকৃষ্ণ সেন ও নিত্যানন্দ সেন ও হায়দর আলী ও জান আলীর মধ্যে মহেশচন্দ্র সেন ও নিত্যানন্দ সেন ও ওয়াকেদ আলী ও জগচ্চন্দ্র সেন ও প্রাণকৃষ্ণ সেন ও মিয়াজান ও জান আলীর হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়াএ শ্রীমতী আনন্দময়ী ও শ্রীমতী কিশোরীর হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ৬৫৯।৵৬

মহাল মোছালেহা।

৩৭৩৫। ৩৯৮ নং তরফ রাধামাধব মালিক বালকদাস মহন্ত ও মনোহরদাস মহন্ত ও মাগনদাস দস্তিদার ও শ্রীমতী ললিতাসুন্দরী ও রাসেশ্বরীর মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে ললিতাসুন্দরীর মং ৫৩৯৸৶ আনা জমার আদায় হওয়া হিস্যা ও অবশিষ্ট মহালের মালিকানের মং ৫৮১।।১ পাই জমার হিস্যা বাদে জের বাটওয়ারার মাগনদাস দস্তিদারের হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ১৮১০৲৪

R. H. WILSON,
Offg. Collector.

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহাল ১৮৬৭। ৬৮ সালের কিস্ত আগষ্ট পর্য্যন্তের বাকি মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যে যে দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ৫ দিবস মোতাবেক ১২৭৪ বাঙ্গালার ২০ শা, অগ্রহায়ণ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে নীলাম হইবেক।

১ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

পরগনে মুয়ার বানিয়া চুঙ্গ।

২৭৫০১ নম্বর তালুক আদম রজা জমীদার রেজিষ্টরী হওয়া মালিক সেখ লাখু গএরহ সদর জমা ৬৮৩৸৶২

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়, ভবানীচরণ দাস ও গোলোকচন্দ্র দাস ও গোলোকচন্দ্র শাহা মুরারিচন্দ্র দাস ও জয়গোবিন্দ দাস ও রাজগোবিন্দ দাস ও কৃষ্ণগোবিন্দ দাস ও রাধাগোবিন্দ ও ব্রজগোবিন্দ দাস ও নেভুরাম শাহা ও রাজচন্দ্র দাস ও রূপচন্দ্র দাস ও গৌরচরণ দেব ও জান মাং ও সেখ দিলু ও সবর্পদি ও দাং মুরারিচন্দ্র দাস ও প্রাণকৃষ্ণ দাস ও হরেকৃষ্ণ দাস ও দয়ালকৃষ্ণ দাস ও হরকিশোর দাস ও কমলরাম দাস ও গৌরকিশোর দাস ও কৃষ্ণকিশোর দাস ও কীর্ত্তিনারায়ণ দাস ও কালিকাপ্রসাদ শর্ম্মা ও অম্বিকা দেব্যা নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায়

জমা ১১২।।৵১০

বাকী ৫৭১৷৶৪

T. WALTON,
Collector.

জিলা বর্দ্ধমান।

হুকুম ইস্তাহার নাম কাছারী কালেকটরী জেলা বর্দ্ধমান।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা[illegible] [illegible]র সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা পুরাংশ বর্দ্ধমানের নীচের লিখিত মহাল সন ১৮৬৭ সালের [illegible] ২৮ সেপ্টেম্বর মোতাবক সন ১২৭৪ সালের বাগাদি ভাদ্র তলবের সরকারি বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে [illegible] ১৮৬৭ [illegible] ১৯ নবেম্বর মোতাবক সন ১২৭৪ সালের ৪ অগ্রহায়ণ মঙ্গলবার দিবসে। দিবা দুই প্রহরের সময় [illegible] কালেকটরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮[illegible] সাল তারিখ ২৪ আকুটোবর।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ১৪৮ নং সমুদ্রগড়ি পং সাত সৈকা মালিক রহিমন নেছা বিবি ও কৈলাসচন্দ্র দে চৌধুরী সদর জমা ২৭১০।।১১ টাকা।

A. J. R. BAINBRIDGE,
Collector.

জিলা হুগলি।

এস্তেহার নামা কাছারী কালেকটরী জিলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা হুগলির নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের সাং ২৮ সেপ্টেম্বরের বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত সন ১৮৬৭ সালের ২১ নবেম্বর মোং ১২৭৪ সালের ৬ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেকটরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি। ১৮৬৭। ২৪ অক্টোবর।

নম্বর তৌজী	নাম মাহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী।
৬৭ নং	গুড়বাড়ি পং চৌমুহা	রাধাকান্ত চৌধুরী ও ৺মদনমোহন জীউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবী ও মানগোবিন্দ বিশ্বাস ও ঈশ্বর চন্দ্র ঘোষ ...	২৬৯৫৸৶	
		বাদ।		
		মানগোবিন্দ বিশ্বাসের নিজ গুড়বাড়ির রকম ৷৷০ আনার কাত সদর জমা ..	৫৯০।৵৫	
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা মত পৃথক হিসাব পত্তন হইয়াছে রাধাকান্ত চৌধুরী ও ৺মদনমোহন জীউর সেবাত গোপীকৃষ্ণ বসু ও অন্নপূর্ণা দেবীর সদর জমা ...	১৪১৩।/১০	
			২০০৩৸৩	
		বাকী।		
		ঈশ্বর চন্দ্র ঘোষের নিজ গুড়বাড়ির ১৫৭৫/০ বিঘা জমির কাত সদর জমা ...	৬৯২৵৯	১১০৲ এই বাকী ঈশ্বর-চন্দ্র ঘোষের
		যাহার ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামত পৃথক হিসাব পত্তন হইয়াছে ...		
১৯১ নং	হরিপুর পং চৌমুহা	নবচন্দ্র ও পরমাত্মচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও অন্নদা প্রসাদ ও কালীদাস ও দুর্গাদাস বন্দ্যোপাধ্যায় ও দ্বারিকানাথ ঠাকুর ও দুর্গাদাস খাঁ ...	৮৫১৶/২	১১৷/৯

E. H. WHINFIELD,
Offg. Collector.

[*Government Gazette*, 19*th November* 1867.]

জিলা দিনাজপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইস্তাহারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৭। ২৮ সেপ্টেম্বর তকের বাকি [illegible] নিমিত্তক ইংরেজী ১৮৬৭ সনের ২৫ নবেম্বর মোং ১২৭৪ সালের ১০ অগ্রাহায়ণ এই জেলার কা[illegible]রিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণীর [illegible]রারি জমা ধার্য্য হওয়া মহাল।

নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	কৈফিয়ৎ
২৭৮ তাবের ২৮ নং	মৌজে দেবনাথপুর পং দেওড়া	লিখিত মালিক ঈশ্বরচন্দ্র আচার্য্য রামতনু আচার্য্য কৃষ্ণলোচন আচার্য্য রাজচন্দ্র আচার্য্য বামেন্দ্র আচার্য্য রামলোচন আচার্য্য ও শ্রীমতী দেব্যা মাদরে হেমচন্দ্র নাবালগ ও বিশ্বেশ্বর আচার্য্য ও শীশনদবাল মুস্তফী ও উদন[illegible]রকে লাল বাবু ও আনন্দচন্দ্র গোস্বামী ও শ্যাম কোঙর ও কুন্দকোঙর চৌধুরাণী ও নীলকোঙর দেব্যা মাদরে মোহনলাল রায়।	৩২৭৫॥৶৩৷৲	১৮৫৯। ১১। ১০ ধারামতে আনন্দচন্দ্র গোস্বামির হিস্যা ৩৶২ জব যাহার সদর জমা ৪০।৩= হয় তাহাই ১২৭৪ সালের কিস্তি ভাদ্র তকের বাকি ১৩।০ টাকা ২৮ সেপ্টেম্বর তক আদায় না হওয়ায় নীলামে ধরা গেল ইতি।

সন ১৮৬৭। ইং তারিখ ১৮ অক্টোবর।

H. Kean,
Offg. Collector.

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের বাং ২৮ সেপ্টেম্বরের বাকি রাজস্ব আদায় নিমিত্তে ১৮৬৭ সালের ২৬ নবেম্বর মোং ১২৭৪ সালের ১১ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭। ৩০ সেপ্টেম্বর মোং ১২৭৪। ১৫ আশ্বিন।

প্রথম শ্রেণী চিরস্থায়ি বন্দবস্তী মহাল।

২১৬ নং পরগনে বৈকুণ্ঠপুর চর নাছিরপুরের মধ্যগত চর জাহানাবাদ নীলাম খরিদ রামনাথ লস্কর ও এবারৎউল্লা সদর জমা ১৬২৩৷৷০

রোড ফণ্ড ... ১৬।০

১৬৪০৲

A. W. Russell,
Collector.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম রাজধানীস্থ হাই কোর্টের আপিলাংশের ফুল বেঞ্চের নিষ্পন্ন মোকদ্দামার সার সংগ্রহ মুদ্রিত হইয়াছে। উহাতে হাই কোর্ট সংস্থাপনাবধি বর্ত্তমান বর্ষের জুন মাস পর্য্যন্ত সম্পূর্ণ পাঁচ বৎসরের ফুল বেঞ্চ নিষ্পন্ন মোকদ্দমার সার ভাগ সন্নিবেশিত হইয়াছে। ইহা নজিরের চুম্বক কিম্বা ফল ভাগ মাত্র নহে। ইহাতে সমুদায় মোকদ্দামার অবস্থা ও নিষ্পত্তির প্রকৃত সার ভাগ হাই কোর্টের উকিল শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় কর্ত্তৃক সরল ভাষায় প্রকটিত হইয়াছে। উক্ত পুস্তক যাঁহার প্রয়োজন হইবে তিনি কলিকাতা ১৭৬ নং কর্ণওয়ালিশ ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে অনুসন্ধান করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৩৷৷০ সারে তিন টাকা মাত্র।

শ্রীচণ্ডীচরণ চট্টোপাধ্যায়।
সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১৯ নবেম্বর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এক জে বার্ণো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 26, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ২৬ নবেম্বর।

HOME DEPARTMENT.

Legislative.

Simla, the 18th September 1867.

The following Bill and Statement of Objects and Reasons accompanying it are published for general information, by order of His Excellency the Governor General, under the 19th of the Rules for the Conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purposes of making Laws and Regulations:—

THE INDIAN NEGOTIABLE INSTRUMENTS' BILL.

A Bill to define and amend the Law relating to Promissory Notes, Bills of Exchange, and Cheques.

[Preamble.]

Whereas it is expedient to define and amend the law relating to Promissory Notes, Bills of Exchange, and Cheques; It is hereby enacted as follows:—

I.—Nature and Incidents.

["Promissory Note," defined.]

1. A promissory Note is an instrument whereby the maker engages to pay money to another;

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

সীমলা ১৮৬৭ সাল ১৮ সেপ্টেম্বর।

আইন ও ব্যবস্থা করণার্থে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অধিবেশন কালে কার্য্য করিবার যে বিধি হইয়াছে তাহার ১৯ ধারামতে মহামহিম শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি এবং অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

ভারতবর্ষীয় ক্রেয়বিক্রেয় পত্রবিষয়ক আইনের পাণ্ডুলিপি।

প্রতিজ্ঞাপত্র (অর্থাৎ প্রমিসরি নোট) ও হুণ্ডী ও চ্যাক বিষয়ক আইনের অর্থ নির্ণয় ও সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

প্রতিজ্ঞাপত্র (অর্থাৎ প্রমিসরি নোট) ও হুণ্ডী ও চ্যাক বিষয়ক আইনের অর্থ নির্ণয় ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১।—ভাবের ও তদ্ঘটিত বিষয়ের বিধি।

[প্রতিজ্ঞাপত্রের অর্থ নির্ণয়।]

১ ধারা। যে পত্রেতে কোন ব্যক্তি অন্যকে টাকা দিতে প্রতিজ্ঞা করেন, তাহাই প্রতিজ্ঞাপত্র।

["Bill," defined.]

A Bill of exchange is an instrument whereby a person is ordered to pay money to another;

["Cheque," defined.]

A cheque is an instrument whereby a person is ordered to pay money which he holds at the disposal of the person who gives the order.

[Where amount is stated defferently in figures and in words.]

2. If the amount promised or ordered to be paid is stated differently in figures and in words, the sum stated in words shall be understood to be the amount promised or ordered to be paid.

[Signature and contents of notes, bills, and cheques.]

3. A promissory note, bill of exchange, or cheque—

(1.) Must be signed by the maker, or be signed in his name by his agent authorized in that behalf;

(2.) Must specify the sum of money to be paid, and whether it is to be paid at once or by instalments;

(3.) Must not make the payment depend upon the performance of any reciprocal engagement, or upon the happening of an event which may never happen;

(4.) Must not promise or order the delivery of anything in addition to money.

[Signature by stamp or seal.]

4. The maker may sign by stamp or by a seal when either is commonly used by him for similar purposes.

["Negotiable instrument," defined.]

5. A promissory note, bill of exchange, or cheque which is payable to the bearer of the instrument, or to a person mentioned in the instrument or the bearer thereof, or to a person mentioned in the instrument or his order, or to the order of a person mentioned in the instrument; or to "   or order," is called a negotiable instrument.

["Drawee," "acceptor," and "holder," defined.]

6. Where a person is ordered by a bill of exchange or a cheque to pay a sum of money, he is called the drawee; and if he writes his assent upon the instrument, he is called the acceptor.

The possessor of a promissory note, bill of exchange, or cheque, who has acquired it in accordance with the following rules, is called its holder.

[হুণ্ডীর অর্থ নির্ণয়।]

যে পত্রদ্বারা কোন ব্যক্তির প্রতি অন্য ব্যক্তিকে টাকা দিবার আদেশ হয় তাহাই হুণ্ডী।

[চ্যাকের অর্থ নির্ণয়।]

কোন ব্যক্তির টাকা তাঁহার আজ্ঞামতে দিবার জন্যে অন্যের হাতে থাকিলে তাঁহার প্রতি ঐ টাকা দিবার যে আদেশপত্র দেওয়া যায় সেই পত্রকে চ্যাক বলা যায় ইতি।

[যে স্থলে অঙ্কেতে ও অক্ষরে টাকার ভিন্ন২ সংখ্যা লেখা যায় সেই স্থলের কথা।]

২ ধারা। যে টাকা দিবার প্রতিজ্ঞা কি আদেশ হয়, যদি ঐ টাকার এক সংখ্যা অঙ্কেতে ও অন্য সংখ্যা অক্ষরে লেখা যায়, তবে অক্ষরে যে সংখ্যা লেখা থাকে তাহাই দিবার প্রতিজ্ঞা কি আদেশ হইল জ্ঞান হইবে ইতি।

[প্রতিজ্ঞাপত্র ও হুণ্ডী ও চ্যাকেতে স্বাক্ষর করিবার ও তাহার মর্ম্মের কথা।]

৩ ধারা। প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক—

(১) যে ব্যক্তি করেন তাঁহার স্বাক্ষর করিতে হইবে, কিম্বা তাঁহার পক্ষে স্বাক্ষর করিবার ক্ষমতাপ্রাপ্ত নিয়োগী তাঁহার নামে স্বাক্ষর করিবেন।

(২) যত টাকা দিতে হইবে, ও সেই টাকা একবারে কি কিস্তী করিয়া দিতে হইবে, এই কথা লিখিত হওয়া আবশ্যক।

(৩) পরস্পর কোন করারের প্রতি কিম্বা যে ব্যাপার না ঘটিতে পারে এমন ব্যাপার ঘটিবার প্রতি ঐ টাকা দেওয়ার কি না দেওয়ার নির্ভর হইবে না।

(৪) টাকা ভিন্ন অন্য দ্রব্য দিবার প্রতিজ্ঞা কি আদেশ থাকিবে না ইতি।

[ইস্টাম্পের কি মোহরের দ্বারা স্বাক্ষর হইবার কথা।]

৪ ধারা। যে ব্যক্তি প্রতিজ্ঞাপত্রাদি করেন তিনি যদি রীতিমতে নাম স্বাক্ষর করণে ইষ্টাম্প কি মোহর ব্যবহার করিয়া থাকেন, তবে তদ্দ্বারা স্বাক্ষর করিতে পারিবেন ইতি।

[ক্রয়বিক্রয় পত্রের অর্থ নির্ণয়।]

৫ ধারা। এই পত্রের টাকা পত্রবাহককে দিতে হইবে, কিম্বা পত্র লিখিত ব্যক্তিকে অথবা পত্র বাহককে দিতে হইবে, কিম্বা পত্র লিখিত ব্যক্তিকে অথবা তাঁহার আজ্ঞামতে দিতে হইবে, কিম্বা পত্র লিখিত ব্যক্তির আজ্ঞামতে দিতে হইবে, কিম্বা অমুককে অথবা তাঁহার আজ্ঞামতে দিতে হইবে, প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে কি চ্যাকে যদি এই মর্ম্মের কথা থাকে, তবে তাহা ক্রয়-বিক্রয় পত্র বলা যায় ইতি।

[টাকা দাতা ও স্বীকারকারী ও পত্রধারী এই২ শব্দের অর্থ নির্ণয়।]

৬ ধারা। হুণ্ডী কি চ্যাক দ্বারা যাঁহার প্রতি টাকা দিবার আদেশ করা যায় তাঁহাকে টাকা দাতা বলা যায়। তিনি যদি সেই পত্রে স্বীয় সম্মতি লিখেন তবে তাঁহাকে স্বীকারকারী বলা যায়।

প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক যাঁহার হাতে থাকে তিনি যদি নিম্নলিখিত বিধিমতে তাহা প্রাপ্ত হইয়া থাকেন, তবে তাঁহাকে ঐ পত্রধারী বলা যায় ইতি।

[When an instrument is negotiated.]

7. An instrument is negotiated when the holder transfers it to another person with the effect of contituting that other person the holder.

["Payee," defined.]

8. The person to whom or to whose order the money is to be paid, if designated in the instrument otherwise than by the word "bearer," is called the payee.

[Power to supply payee's name left blank.]

9. When a negotiable instrument is made payable to "   or order," the holder of such instrument may fill up the blank with his own name, or that of any other person.

[Subscribing to alternative liability.]

10. Where a promissory note is signed by two persons, and it appears on the face of it that one of them subscribes only to an alternative liability, such one is not liable on the note as maker, but is liable as guaranteeing its payment by the maker.

Illustration.

A promissory note is signed by two persons with the words "or else" between the two signatures, in the following form:—

I., Richard Roe, promise to pay John Smith 1,000 Rupees.

Richard Roe, or else John Styles.

Richard Roe is alone liable as maker, John Styles is liable as guaranteeing the payment of the note by Richard Roe.

[Bills made in sets.]

11. Bills of exchange may be made in sets, and when so made, are subject to the provisions contained in Schedule A., hereto annexed.

[Presumption as to consideration for notes, bills, and cheques.]

12. Unless the contrary appears, every promissory note, bill of exchange, and cheque shall be deemed to have been made for good and lawful consider ation:

["Holder in due course," defined.]

Unless the contrary appears, the holder of a promissory note, bill of exchange, or cheque, shall be deemed to have acquired it for good and lawful consideration, before the amount mentioned in the instrument became payable, and, without knowing of any defect in the title. One who has so acquired it, is called a holder in due course, and his title is not impaired by any defect in the title of the transferrer.

[Minors may own notes, bills, or cheques.]

13. A person who is not of the age of majority according to the law to which he is subject, may be the owner of a promissory note, bill of exchange, or cheque.

[*Government Gazette, 26th November* 1867.]

[যে সময়ে পত্রের ক্রয়বিক্রয় হয় তাহার কথা।]

৭ ধারা। পত্রধারী যদি অন্য ব্যক্তির হস্তে পত্র অর্পণ করিয়া তাঁহাকেই পত্রধারী করেন, তবে সেই পত্রের ক্রয়বিক্রয় হইল ইতি।

[টাকা গ্রহীতার অর্থ নির্ণয়।]

৮ ধারা। যাঁহাকে কি যাঁহার আজ্ঞামতে টাকা দিতে হইবে পত্রেতে যদি তিনি "বাহক" শব্দ ভিন্ন অন্য নামে খ্যাত হন, তবে তাঁহাকে টাকা গ্রহীতা বলা যায় ইতি।

[গ্রহীতার নাম না দেওয়া গেলে তাহা লিখিবার ক্ষমতার কথা।]

৯ ধারা। যদি বিক্রেয় পত্রের টাকা——কে কি তাঁহার আজ্ঞামতে দাতব্য করা যায়, তবে সেই পত্রধারী সেই ফাঁকে আপনার কি অন্য কোন ব্যক্তির নাম লিখিতে পারিবেন ইতি।

[একতর ব্যক্তির দায়ে স্বাক্ষর করিবার কথা।]

১০ ধারা। প্রতিজ্ঞাপত্রে যদি দুই ব্যক্তির স্বাক্ষর থাকে এবং এক ব্যক্তি না দিলে অন্য ব্যক্তি দিবেন পত্রের অভিমুখে যদি এই ভাব দেখা যায়, তবে যে ব্যক্তি অন্যের ত্রুটিপ্রযুক্ত টাকা দিবার প্রতিজ্ঞা করেন, তিনি পত্রকারকস্বরূপ দায়ী নহেন, কিন্তু পত্রকারকের টাকা দিবার প্রতিভূস্বরূপ দায়ী ইতি।

উদাহরণ।

প্রতিজ্ঞাপত্রে দুই জন স্বাক্ষর করিলে দুই জনের স্বাক্ষর মধ্যে "অথবা" শব্দ এই প্রকারে লেখা যায়,

আমি শ্রীনবীনচন্দ্র লাহা, শ্রীরামচন্দ্র সিংহকে ১০০০৲ টাকা দিতে প্রতিজ্ঞা করিলাম।

শ্রীনবীনচন্দ্র লাহা অথবা শ্রীরামচন্দ্র ধর।

এমত স্থলে প্রতিজ্ঞাপত্রকারক বলিয়া কেবল নবীনচন্দ্র লাহার দায়। তাঁহার প্রতিভূস্বরূপ শ্রীরামচন্দ্র ধর দায়ী।

[সেট করিয়া যে হুণ্ডী করা যায় তাহার কথা।]

১১ ধারা। হুণ্ডী সেট করিয়া করা যাইতে পারে। তদ্রূপ করা গেলে তাহার প্রতি পশ্চাল্লিখিত A চিহ্নিত তফসীলের বিধান বর্ত্তিবে ইতি।

[পত্রের ও হুণ্ডীর ও চ্যাকের নিমিত্তে যথোচিত বিনিময় পাইবার অনুভবের কথা।]

১২ ধারা। যে স্থলে ভাবান্তর দৃষ্ট না হয়, সেই স্থলে প্রত্যেক প্রতিজ্ঞাপত্র ও হুণ্ডী ও চ্যাক যথাযোগ্য ও বৈধ দ্রব্যের বিনিময়ে দেওয়া গেল এমত অনুভব হইবে।

["যথোপযুক্ত ক্রমানুযায়ি ধারী" শব্দের অর্থ নির্ণয়।]

যে স্থলে ভাবান্তর দৃষ্ট ন হয়, সেই স্থলে যে ব্যক্তি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক ধারী হন, ঐ পত্র লিখিত টাকা প্রাপ্য হইবার পূর্ব্বে তিনি স্বত্বের কোন ত্রুটি অজ্ঞাত হইয়া যথাযোগ্য ও বৈধ দ্রব্যের বিনিময়ে তাহা পাইয়াছিলেন এমত জ্ঞান হইবে। যে ব্যক্তি তদ্রূপ পত্র পান তাঁহাকে "যথোপযুক্ত ক্রমানুযায়ি ধারী" বলা যায়। হস্তান্তরকারির স্বত্বের কোন দোষ হইলেও তাঁহার স্বত্বের হানি হয় না ইতি।

[প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাকে অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তিদের স্বামিত্বের কথা।]

১৩ ধারা। কোন ব্যক্তি যে ব্যবস্থার অধীন থাকেন তিনি সেই ব্যবস্থামতে বয়োপ্রাপ্ত না হইলেও প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর কি চ্যাকের স্বামী হইতে পারিবেন ইতি।

A Bill of … person is …

II.—*Parties.*

[Liability of signer.]

A signer of a promissory note, bill of exchange, or cheque, is liable thereupon, notwithstanding that some other signer may have been incapable by law of incurring such liability.

[Liability of agent signing.]

15. An agent who signs his name to a promissory note, bill of exchange, or cheque, without indicating thereon that he signs as agent, or that he does not intend thereby to incur personal responsibility, is liable personally on the instrument.

[Non-liability of unnamed principal.]

A principal is not bound by the signature of his agent to a promissory note, bill of exchange, or cheque, unless the principal is named therein as the party bound.

[Liability of person signing without authority.]

16. A person who, without authority, signs the name of another to a promissory note, bill of exchange, or cheque, incurs thereby the same responsibility as the person whose name is so signed would have done if he had authorized the signature.

Illustration.

A., a merchant in Calcutta, directs his agent B. at Benares, to buy for him 50 bales of silk, and promises B. to remit the amount of the purchase-money immediately.

The vendor requires payment by a bill of exchange; B., intending to benefit A., signs A.'s name to a bill of exchange as its acceptor. A. repudiates the transaction. B. is personally liable on the instrument as principal.

[Drawer's warranty.]

17. The drawer of a bill of exchange warrants to the person to whom he transfers it that it shall be accepted and paid according to its tenor, or that the drawer will make such compensation as these rules prescribe.

[Negotiation of instrument payable to bearer.]

18. The holder of a negotiable instrument payable to bearer may negotiate it without any additional writing.

Illustrations.

(*a*.) A., the holder of a negotiable instrument payable to bearer, delivers it to B.'s agent to keep for B. The instrument has been negotiated.

(*b*.) A., the holder of a negotiable instrument payable to bearer which is in the hands of A.'s banker, who is at the same time the banker of B., directs the banker to transfer the instrument to B.'s credit in the banker's account with B.

The banker does so, and accordingly now possesses the instrument as B.'s agent. The instrument has been negotiated, and B. has become the holder of it.

২। দুই পক্ষের বিধি।

[স্বাক্ষরকারির দায়ের কথা।]

১৪ ধারা। যে ব্যক্তি প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে কি চ্যাকে স্বাক্ষরকরেন তিনি তদক্রমে দায়ী। অন্য স্বাক্ষরকারী আইনমতে দায়ী হইতে অক্ষম হইলেও পূর্ব্বোক্ত ব্যক্তি দায়ী ইতি।

[নিয়োগী স্বাক্ষর করিলে তাঁহার দায়ের কথা।]

১৫ ধারা। নিয়োগী প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে কি চ্যাকে স্বাক্ষর করিলে, তিনি নিয়োগিস্বরূপ স্বাক্ষর করিতেছেন, কিম্বা তাঁহার নিজের দায় বর্ত্তাইবার অভিপ্রায় নাই, যদি এই ভাবের কোন কথা না লেখেন, তবে তিনি ঐ পত্রের বিষয়ে স্বয়ং দায়ী।

[কর্ত্তার নাম অব্যক্ত হইলে তাঁহার দায় না থাকার কথা।]

নিয়োগী কোন প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে কি চ্যাকে স্বাক্ষর করিলে, তন্মধ্যে আবদ্ধ ব্যক্তি বলিয়া কর্ত্তার নাম ব্যক্ত না হইলে, কর্ত্তা সেই স্বাক্ষরে বদ্ধ নহেন ইতি।

[যে ব্যক্তি অনুমতিভিন্ন স্বাক্ষর করেন তাঁহার দায়ের কথা।]

১৬ ধারা। যে ব্যক্তি অনুমতি না পাইয়া প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে কি চ্যাকে অন্যের নাম স্বাক্ষর করেন, যাঁহার নাম স্বাক্ষর করেন তিনি স্বাক্ষর করিবার অনুমতি দিলে তাঁহার যে দায় বর্ত্তিত, উক্ত স্বাক্ষরকারির সেই দায় বর্ত্তিবে ইতি।

উদাহরণ।

কলিকাতাস্থিত আনন্দ নামক বণিক বারাণসীস্থিত বলরাম নামা আপন নিয়োগিকে ৫০ বস্তা রেশম কিনিতে আজ্ঞা দিয়া শীঘ্র মূল্য পাঠাইবার প্রতিজ্ঞা করিলেন।

বিক্রেতা হুণ্ডীদ্বারা মূল্য লইতে চাহেন। ও বলরাম আনন্দের সাহায্য করিতে ইচ্ছুক হইয়া ঐ হুণ্ডী স্বীকারকারিস্বরূপ আনন্দের নাম স্বাক্ষর করেন। পরে আনন্দ সেই কার্য্য অগ্রাহ্য করেন। ঐ দলীলের উপর বলরাম কর্ত্তার ন্যায় দায়ী।

[হুণ্ডীকারকের প্রাতিভাব্যের কথা।]

১৭ ধারা। হুণ্ডীকারক কোন ব্যক্তিকে হুণ্ডী দিলেই তাঁহাকে যেন নিশ্চিতমতে জ্ঞাত করেন যে, ঐ হুণ্ডী স্বীকার করা যাইবে ও তাহার মর্ম্মমতে টাকা পাওয়া যাইবে। না পাওয়া গেলে হুণ্ডীকারক এই বিধির নির্দ্দিষ্টমতে শোধ দিবেন ইতি।

[যে পত্রের টাকা বাহককে দাতব্য হয় তাহার ক্রয়-বিক্রয়ের কথা।]

১৮ ধারা। যদি বাহককে ক্রেয়বিক্রেয়পত্রের টাকা দাতব্য হয়, তবে ঐ পত্রধারী অধিক কোন কথা না লিখিয়া তাহা হস্তান্তর করিতে পারিবেন।

উদাহরণ।

(*a*) আনন্দ বাহকের নিকট দাতব্য টাকার ক্রেয়বিক্রেয়-পত্রধারী আছেন, তিনি বলরামের নিমিত্তে রাখিবার জন্যে তাহা তাঁহার নিয়োগির হাতে দেন। সেই পত্র বিক্রয় হইল।

(*b*) আনন্দ বাহকের নিকট দাতব্য টাকার একখান ক্রেয়-বিক্রেয় পত্রধারী আছেন, তাহা আনন্দের মহাজনের হস্তগত, সেই মহাজন বলরামেরও মহাজন। আনন্দ তাঁহাকে বলেন তোমার নিকটে বলরামের যে হিসাব খাতা আছে তাহাতে তুমি বলরামের নামে ঐ পত্র হস্তান্তর করিয়া জমা কর।

মহাজন তাহা করিয়া বলরামের নিয়োগিস্বরূপ ঐ পত্রধারী আছেন। এই স্থলে সেই পত্র বিক্রয় হইয়াছে ও বলরাম সেই পত্রধারী হইলেন।

III—*Indorsement.*

["Instrument payable to Order," defined.]

19. A promissory note, bill of exchange, or cheque payable to the order of a specified person, or to a specified person or order, is called an instrument payable to order, such instrument cannot be negotiated without indorsement.

[Indorsement necessary to negotiation. Effect of delivery without indorsement.]

If the holder of such an instrument delivers it to another person without indorsing it, but with the intent to part with the ownership thereof, that person acquires all the rights which such holder had, except the right of negotiation; but he can only enforce his rights in the name of such holder.

[When a bill, note, or cheque is endorsed.]

20. A promissory note, bill of exchange or cheque is endorsed when the holder signs his name thereon.

["Indorsement in full." "Indorsee."]

When the signature is accompanied by words directing the amount of the instrument to be paid to a specified person, or to be paid to the order of a specified person, or to be paid to a specified person or order, the indorsement is said to be in full, and the person indicated is called the indorsee.

["Indorsement in blank," defined]

When the signature is accompanied by no such words, the indorsement is said to be in blank.

["Indorsement," defined.]

21. When indorsement is spoken of in any of these Rules, indorsement followed by negotiation is to be understood, unless the contrary is expressed.

[Completion of indorsement after holder's death.]

22. When the holder of a negotiable instrument payable to order signs it as if to indorse it, but dies before he has given full effect to such intent, his representative cannot do so by merely delivering the instrument.

["Negotiable engagements," defined.]

The several engagements entered into by the maker, the acceptor, and the indorser of a negotiable instrument are called negotiable engagements.

[Transfer of part of amount.]

23. No writing on a negotiable instrument is valid for the purpose of negotiation, if such

৩। পৃষ্ঠলিপির বিধি।

[যে পত্রের টাকা আজ্ঞামতে দেওয়া যাইবে তাহার অর্থ নির্ণয়।]

১৯ ধারা। প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর কি চ্যাকের টাকা যদি নির্দ্দিষ্ট ব্যক্তির আজ্ঞামতে কিম্বা নির্দ্দিষ্ট ব্যক্তিকে কি তদীয় আজ্ঞামতে দিতে হয়, তবে তাহা আজ্ঞামতে দাতব্য টাকার পত্র বলা যায়। পৃষ্ঠলিপি না হইলে ঐ পত্রের বিক্রয় হইতে পারে না।

[বিক্রয় হইবার জন্যে পৃষ্ঠলিপির আবশ্যকের কথা।] ও পৃষ্ঠলিপি ভিন্ন ঐ পত্রদানের ফলের কথা।]

যদি তদ্রূপ কোন পত্রধারী তৎপৃষ্ঠে না লিখিয়, স্বামিত্ব পরিত্যাগ করিবার অভিপ্রায়ে অন্য ব্যক্তিকে ঐ পত্র প্রদান করেন, তবে বিক্রয় করিবার স্বত্ব ভিন্ন পত্রধারির অন্য যে সকল স্বত্ব ছিল সেই ব্যক্তি সেই সকল স্বত্ব প্রাপ্ত হইবেন, কিন্তু কেবল সেই পত্রধারির নামেই আপনার স্বত্ব প্রবল করিতে পারিবেন ইতি।

[প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক যৎকালে পৃষ্ঠলিখিত বলা যায় তাহার কথা।]

২০ ধারা। প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাকধারী যখন ঐ পত্রের পৃষ্ঠে আপনার নাম লেখেন, তখন তাহা পৃষ্ঠলিখিত হয়।

[সম্পূর্ণ পৃষ্ঠলিপির ও পৃষ্ঠলিখিত গ্রহীতার অর্থ নির্ণয়।]

পত্রের পৃষ্ঠে যদি ঐ নাম লিখনের সঙ্গে নির্দ্দিষ্ট ব্যক্তিকে টাকা দিবার কিম্বা নির্দ্দিষ্ট ব্যক্তির আজ্ঞাক্রমে, কিম্বা নির্দ্দিষ্ট ব্যক্তিকে অথবা তদীয় আজ্ঞাক্রমে দিবার আদেশ লেখা থাকে; তবে সেই পৃষ্ঠলিপি সম্পূর্ণ বলা যায়, ও যে ব্যক্তিকে নির্দ্দেশ করা যায় তাহাকে ইণ্ডার্সী অর্থাৎ পৃষ্ঠলিখিত গ্রহীতা বলা যায়।

[স্বাক্ষর মাত্রের পৃষ্ঠলিপির অর্থ নির্ণয়।]

যদি সেই নাম লিখনের সঙ্গে অন্য কথা লেখা না থাকে, তবে সেই পৃষ্ঠলিপি ব্লাঙ্ক অর্থাৎ স্বাক্ষর মাত্রের পৃষ্ঠলিপি বলা যায়।

[পৃষ্ঠলিপির অর্থনির্ণয়।]

২১ ধারা। এই আইনের লিখিত বিধির মধ্যে যখন পৃষ্ঠলিপির কথা থাকে, তখন বিক্রয় না হওয়ার কথা স্পষ্ট ব্যক্ত না হইলে বিক্রয়ানুগত পৃষ্ঠলিপি বুঝাইবে ইতি।

[পত্রধারির মৃত্যুর পর পৃষ্ঠলিপি সম্পূর্ণ করিবার কথা।]

২২ ধারা। ক্রেয়বিক্রেয় যে পত্রের টাকা আজ্ঞামতে দাতব্য হয়, যদি সেই পত্রধারী পৃষ্ঠলিপি করিবার মতে স্বাক্ষর করেন, কিন্তু ঐ অভিপ্রায় সম্পূর্ণরূপে সফল করিবার পূর্ব্বে মরেন, তবে তাঁহার স্থলাভিষিক্ত কেবল ঐ পত্র প্রদান করণদ্বারা ঐ অভিপ্রায় সফল করিতে পারিবেন না ইতি।

[বিক্রয়সংক্রান্ত প্রতিজ্ঞার অর্থনির্ণয়।]

যে ব্যক্তি ক্রেয়বিক্রেয় পত্র করেন ও যিনি স্বীকার করেন ও যিনি পৃষ্ঠে লেখেন, ইঁহারা যে২ প্রতিজ্ঞা করেন তাহা বিক্রয়সংক্রান্ত প্রতিজ্ঞা বলা যায় ইতি।

[টাকার একাংশ হস্তান্তর করিবার কথা।]

২৩ ধারা। পত্র যত টাকার হয়, যদি সেই পত্র লিখিত কোন কথার দ্বারা ঐ টাকার কেবল এক অংশ হস্তান্তর

writing purports to transfer only a part of the amount of the instrument.

[Negotiable instrument indorsed without words implying power to transfer.]

24. Where an instrument was made negotiable originally, the absence in an indorsement of words implying power to transfer does not limit the negotiable effect of such indorsement.

Illustration.

A bill is drawn payable to A. or order. A. indorses it to B., the indorsement not containing the words "or order," or any equivalent words, B. may negotiate the instrument.

[Effect of indorsement in blank.]

25. An instrument on being indorsed in blank becomes payable to the bearer, even though it was previously payable to order.

[Indorsement of instrument payable to bearer.]

26. A negotiable instrument may also be indorsed, although it was made in the body payable to bearer.

[Indorsement by plurality of holders.]

27. When a negotiable instrument is made payable to two persons or is indorsed to them in full, one of the two cannot make a valid indorsement by signing his own name alone.

[Indorser's liability.]

28. A person who indorses a negotiable instrument binds himself thereby to every subsequent holder, that in case the drawee shall refuse to accept, or the maker or the drawee shall refuse to pay it when duly presented, he, the indorser, will, on receiving due notice thereof, make such compensation to the holder as these rules prescribe.

[Effect of indorsement.]

কোন ব্যক্তি মরিলে কিম্বা ভারতবর্ষহইতে গমন করিলে লাইসেন্স টাকুস ফিরিয়া পাইতে পারিবেন, অর্থাৎ ভারতবর্ষে লাভের নিমিত্তে যত কাল কর্ম্ম করিলেন তত কালের আয়ের উপর তাঁহার যত টাকার লাইসেন্স হইত তদতিরিক্ত সকল টাকা ফিরিয়া পাইবেন; অধিক নয়।

৫ নম্বর।

বোর্ডের বিধিপুস্তকের ৩০৮ পৃষ্ঠায় এই কথা ৬ খণ্ডের ২১ অধ্যায়ের ১০ ধারা বলিয়া পাঠ করিতে হইবে।

১০। ইষ্টাম্প বিক্রয়ের হিসাব ইষ্টাম্পের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে মাসেং পাঠান গেলে প্রত্যেক প্রকারের ইষ্টাম্পের অধিক কি ন্যূন সংখ্যা যে কারণে বিক্রয় হইয়াছে তাহার সম্পূর্ণ বিবরণ তাহাতে লিখিতে হইবে।

৬ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ২৯ পৃষ্ঠায় নিম্নলিখিত কথা দিতে হইবে।

৯ A। পোলীস সংক্রান্ত যে তৈনাতিদের জিম্মায় খাজানা চালান হয়, তাহারা অন্যেরদের প্রতি ভার দিয়া যে স্থানে অবকাশ পাইবেন সেই ডিষ্ট্রিক্টের সুপরিন্টেণ্ডেণ্টের নিকটে তিন দিন থাকিতে ঐ খাজানা চালান হইবার ও তৈনাতিদিগকে প্রস্তুত রাখিবার সম্বাদ দিতে হইবে।

৭ নম্বর।

ইষ্টাম্প সংক্রান্ত রাজস্বের অপরাধিদের যে অর্থদণ্ড ধার্য্য হইয়া আদায় হয়, ১৮৬২ সালের ১০ আইনের ৫৫ ধারামতে গোএন্দাদিগকে তাহার একাংশ দিবার যে বিধি আছে তাহার তাৎপর্য্যানুসারে মাজিষ্ট্রেটী কার্য্যকারকদের প্রতি ঐ অর্থদণ্ডের একাংশ দিবার অনুমতিভিন্ন দৃঢ় আজ্ঞা নাই। অতএব তদ্রূপ মোকদ্দমায় নালিশ হইয়া অপরাধ সপ্রমাণ

half the fines recovered in all cases of successful prosecution.

No. 8.

"Act XXVII of 1860" should be substituted in place of "Act XX of 1841," in Rule 5, at page 268, of the Board's Rules.

No. 9.

The following is to be read as Rule 1B, Chapter XI, Section 12 of the Board's Rules, at page 187:—

"1B. The scale of rewards for the destruction of noxious wild animals in the District of Pubna has been fixed as follows:—

10 Rupees for each Tiger,
5 ,, ,, ,, Leopard,
and the same for cubs as for full-grown animals."

হইলে অর্থদণ্ডের যে টাকা আদায় হয় ফৌজদারী আদালতের প্রতি গোএন্দাদিগকে ঐ টাকার অর্দ্ধেক দিবার আদেশ করিতে রাজস্বের কার্য্যকারকদের মনোযোগ করা উচিত।

৮ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ২৬৮ পৃষ্ঠায় ৫ ধারাতে "১৮৪১ সালের ২০ আইন" এই কথার পরিবর্ত্তে "১৮৬০ সালের ২৭ আইন" দিতে হইবে।

৯ নম্বর।

বোর্ডের বিধি পুস্তকের ১৮৭ পৃষ্ঠায় নিম্নলিখিত কথা ১২ খণ্ডের ১১ অধ্যায়ের ১ B বিধি বলিয়া পাঠ করিতে হইবে।

১ B পাবনা জিলার মধ্যে মারাত্মক পশু নষ্ট করিবার এইং পুরস্কার ধার্য্য হইয়াছে।

প্রত্যেক বাঘের জন্যে ১০৲ টাকা।
চিতা বাঘের জন্যে ৫৲ টাকা।
ধাড়ির নিমিত্ত যে পুরস্কার বাচ্চাদের ও সেই।

JOHN ROBINSON, *Bengalee Translat.*

HOME DEPARTMENT.

NOTIFICATIONS.

Fort William the 20th November 1867.

No. 501.

His Excellency the Governor General, under the authority vested in him by Act 24 and 25 Vic., Cap. 67, Section 10, is pleased to nominate Stewart Gladstone, Esq., to be an Additional Member of the Council of the Governor General for the purpose of making Laws and Regulations only.

The 21st November 1867.

No. 515.

On the nomination of the Government of Bengal, the Governor General in Council is pleased to appoint the following gentlemen to be Members of the Committee for reforming the system of Weights and Measures in use in India:—

Mr. V. H. Schalch, B. C. S.,
Baboo Ramanath Tagore,
Mr. Manickjee Rustomjee,
and
Mr. Chiman Ram Loll.

Mr. V. H. Schalch will officiate as President of the Committee during the absence from Calcutta of the President Colonel R. Strachey, R. E.

The 22nd November 1867.

No. 534.

Mr. R. F. Stack, Solicitor to Government, resumed charge of his office on the 2nd instant.

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ২০ নবেম্বর।

৫০১ নম্বর।

মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ৬৭ অধ্যায়ের ১০ ধারামতে মহামহিম শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতার্পণ হইয়াছে, তৎক্রমে তিনি শ্রীযুত ষ্টুয়ার্ট গ্লাডষ্টন সাহেবকে কেবল আইন ও ব্যবস্থা করণার্থ শ্রীযুত গবণর জেনরল সাহেবের মন্ত্রিসভার অতিরিক্ত মেম্বরপদে নিযুক্ত করিয়াছেন।

১৮৬৭ সাল ২১ নবেম্বর।

৫১৫ নম্বর।

ভারতবর্ষে দ্রব্যাদি তৌল করিবার ও মাপিবার নিয়ম সংশোধন করণার্থ কমিটী হইবার জন্যে বঙ্গদেশের গবর্ণমেণ্ট নিম্নলিখিত সাহেবদিগকে মনোনীত করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাঁহারদিগকে তৎপদে নিযুক্ত করিয়াছেন।

শ্রীযুত বি এচ শক সাহেব বি. সি. এস.
,, বাবু রমানাথ ঠাকুর।
,, মাণিকজী রস্তমজী
ও
,, শ্রীমান রাম লাল।

ঐ কমিটীর সভাপতি শ্রীযুত কর্ণেল আর ষ্ট্রেচি সাহেব যত কাল কলিকাতায় না আইসেন, তত কাল শ্রীযুত বি এচ শক সাহেব ঐ কমিটীর সভাপতির কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ২২ নবেম্বর।

৫৩৪ নম্বর।

গবর্ণমেণ্টের উকীল শ্রীযুক্ত আর এফ ষ্টাক সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে আপনকর্ম্মের ভার পুন

The unexpired portion of the leave of absence granted to him in Notification No. 4702, dated the 20th September last, is accordingly cancelled.

E. C. BAYLEY,
Secy. to the Govt. of India.

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATIONS.

Fort Willaim, the 20th November 1867.

No. 2618.

The following letter is published for general information :—

TO THE CHIEF SECY., GOVT. OF BOMBAY.

SIR,—In reply to your endorsement No. 1249, dated 18th October 1867, I am directed to state that the Governor General in Council is pleased to confirm the decision of the Government of Bombay that a license once issued authorizes the licensee to trade, &c., for the period of the License Tax year, and that it would not be legal to require an additional payment from him for a fresh license on account of a revised assessment during the year.

I am, &c.,
E. H. LUSHINGTON,

The 22nd November 1867.

No. 2668.

Mr. R. C. Tulloh, Examiner of Claims, Bengal, has been allowed by Her Majesty's Secretary of State for India leave of absence on sick certificate for six months, in extension of the leave on private affairs granted to him in Financial Notification dated 18th April 1867, No. 2162.

E. H. LUSHINGTON,
Secy. to the Govt. of India.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4244.

APPOINTMENTS.

The 12th November 1867.

Baboo Tarucknath Ghose is appointed to the duty of adjusting the assessments in the Dearahs, which have been surveyed in the Patna and Bhaugulpore Divisions, and is vested with the powers of a Collector, under Regulations VII. of 1822 and IX. of 1825, in all the Districts of those Divisions.

[*Government Gazette, 26th November* 1867.]

অর্পণ করেন। গত সেপ্টেম্বর মাসের ২০ তারিখের ৪৭০২ নম্বরের জ্ঞাপনিমতে তাঁহাকে যে ছুটী দেওয়া গিয়াছিল তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৬৭ সাল ২০ নবেম্বর।

২৬১৮ নম্বর।

নিম্নলিখিত পত্র সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

বোম্বাইয়ের গবর্ণমেন্টের প্রধান সেক্রেটারী সাহেব সমীপেষু।

আপনকার পত্রের ১৮৬৭ সালের অকুটোবর মাসের ১৮ তারিখের ১২৪৯ নম্বরের পৃষ্ঠলিপির উপলক্ষে, আজ্ঞামতে এই কথা জ্ঞাত করিতেছি। লাইসেন্স (অর্থাৎ অনুমতিপত্র,) যাঁহাকে দেওয়া যায়, তিনি লাইসেন্স টাক্সের পূর্ণবৎসর বাণিজ্যাদি করিবার অনুমতিপ্রাপ্ত হন। সেই বৎসর অবধারিত টাক্সের পরিবর্ত্তন হওয়াপ্রযুক্ত নূতন লাইসেন্স লইতে হইলেও তাঁহার স্থানে তজ্জন্যে অধিক টাকা গ্রহণ করা আইনঅনুযায়ি নহে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বোম্বাই গবর্ণমেন্টের এই নিষ্পত্তি দৃঢ় করিয়াছেন।

১৮৬৭ সাল ২২ নবেম্বর।

২৬৬৮ নম্বর।

বঙ্গদেশের একজামিনর অফ ক্লেমস (অর্থাৎ প্রাপ্য টাকার অনুসন্ধানকর্ত্তা) শ্রীযুত সি টলো সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৭ সালের আপ্রিল মাসের ১৮ তারিখের ২১৬২ নম্বরের জ্ঞাপনিমতে স্বীয় কর্ম্ম হেতুক যে ছুটী পাইয়াছিলেন ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটারী সাহেব তাঁহাকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তদতিরিক্ত ছয় মাসের ছুটী দিয়াছেন।

ই এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪২৪৪ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১২ নবেম্বর।

শ্রীযুত বাবু তারকনাথ ঘোষ পাটনা ও ভাগলপুর খণ্ডের অন্তর্গত জরীপ হওয়া দিয়ারার কর অবধারণ কার্য্যে নিযুক্ত হইয়াছেন। উক্ত খণ্ডের সকল জিলাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Howrah, *viz*:—

Mr. J. Newton.

Baboo Kedarnath Bhuttacharjee.

Mr. H. Leeds to be Conservator of Forests in the Lower Provinces of Bengal.

The 13th November 1867.

Mr. R. J. Richardson to officiate as Civil and Sessions Judge of Patna, during the absence of Mr. W. Ainslie, on special duty, or until further orders.

Mr. E. C. Craster to officiate as Civil and Sessions Judge of Gya, during the deputation of Mr. R. J. Richardson, or until further orders. Mr. Craster will make over charge of his present offices of Civil and Sessions Judge of Bhaugulpore to the Principal Sudder Ameen of that District.

Mr. E. H. Whinfield to officiate as Magistrate and Collector of Noakhally, until further orders.

The 16th November 1867.

Baboo Poorno Chunder Ghose to have charge of the Sub-Division of Satkhira, during the absence, on leave, of Baboo Kalichurn Ghose, or until further orders, and to exercise the powers of a Magistrate in the District of the 24-Pergunnahs.

The 19th November 1867.

Baboo Uma Churn Haldar, Extra Deputy Collector, employed in the collection of water rates for the Irrigation Company, is appointed to be also a Deputy Magistrate, under Act XV. of 1843, in the Cuttack Division, and vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, and powers under Section 1, Act X. of 1854, in all the Districts of that Division. Baboo Uma Churn Haldar is further specially authorized, under Section 19, Act VI. (B. C.) of 1862, to exercise the powers of a Collector under that Act and under Act X. of 1859.

Mr. A. L. Clay to officiate, until further orders, as Joint-Magistrate and Deputy Collector of Chittagong. This cancels his appointment to officiate as Magistrate and Collector of Noakhally, notified in the *Calcutta Gazette* of the 23rd ultimo.

Mr. H. J. S. Cotton to be an Assistant to the Magistrate and Collector of Midnapore, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class in that District.

LEAVE OF ABSENCE.

The 15th November 1867.

Mr. C. W. Hawes Extra Assistant Commissioner, Lohardugga, for three weeks, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২৬ নবেম্বর।]

নিম্নলিখিত মহাশয়েরা হাবড়া নগরের মুনিসিপাল কমিস্যনর হইবেন।

শ্রীযুক্ত জে নিউটন সাহেব।

শ্রীযুত বাবু কেদারনাথ ভট্টাচার্য্য।

শ্রীযুত এচ লীডস সাহেব বঙ্গপ্রভৃতি দেশের বনের রক্ষক হইবেন।

১৮৬৭ সাল ১৩ নবেম্বর।

শ্রীযুত এন্সলী সাহেবের বিশেষ কর্ম্মোপলক্ষে অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব পাটনার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

রাজকীয় কর্ম্মোপলক্ষে শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেবের গমন জন্য অনুপস্থান কালে শ্রীযুত ই সি ক্রাস্টর সাহেব গয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন। তিনি ভাগলপুরের আপনার সিবিল ও সেশন জজের কর্ম্ম ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

শ্রীযুত ই এচ উইন্‌ফিলড সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৬ নবেম্বর।

শ্রীযুত বাবু কালীচরণ ঘোষের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু পুর্ণচন্দ্র ঘোষ সাতক্ষীরা শাখাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও চব্বিশপরগনা জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৭ সাল ১৯ নবেম্বর।

ইরিগেশন কোম্পানির নিমিত্তে জলের কর আদায় করণার্থে নিযুক্ত ,অতিরিক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ হালদার কটক খণ্ডে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটেরও পদে নিযুক্ত হইলেন, এবং উক্ত খণ্ডের সকল জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতা পাইয়াছেন। আরো তিনি ১৮৬২ সালের বঙ্গদেশীয় ৬ আইনের ১৯ ধারামতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়া ঐ আইন ও ১৮৫৯ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

শ্রীযুত এ এল ক্লে সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত চট্টগ্রামের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন। নওয়াখালীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থ তাঁহার যে নিয়োগ গত মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা রহিত হইল।

শ্রীযুত এচ জে এস কটন সাহেব মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং ঐ জিলাতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬৭ সাল ১৫ নবেম্বর।

লোহারডগার অতিরিক্ত আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত সি ডবলিউ হস সাহেব অচুক্তিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

Mr. C. G. Campbell, Assistant Superintendent of Police, Chittagong, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

The 16th November 1867.

Baboo Kali Churn Ghose, Deputy Magistrate and Deputy Collector of Satkhira, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave, under the orders of the Commissioner of the Presidency Division.

Mr. C. Marshall, Protector of Laborers in Cachar and Sylhet, for one year, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in addition to the already expired portion of the leave granted to him on the 25th September last.

The 19th November 1867.

Mr. H. Beveridge Officiating Magistrate and Collector of Noakholly, for one month, under the Financial Resolution No. 2749, dated 24th September 1867, from the 20th December next.

NOTIFICATIONS.

The 14th November 1867.

The name of Chowdry Lolitram Sing, of Kamroop, has been removed from the list of Honorary Magistrates.

The 15th November 1867.

Mr. A. Mackenzie, Under-Secretary to the Government of Bengal, resumed charge of his office on the forenoon of the 14th instant, on his return from privilege leave.

The 16th November 1867.

Captain H. Howe resumed charge, on the 14th instant, of his office of Judge of the Court for the trial of Officers of the Pilot Service, under Act XII. of 1859, from Mr. H. Handley.

Captain J. G. Reddie, Master Attendant, resumed charge of his office from Captain H. Howe on the 14th instant.

The 18th November 1867.

The services of Captain W. Howey, District Superintendent of Police, Maldah, are placed at the disposal of the Government of India, in the Military Department, with effect from the 15th instant.

ERRATUM.

The 8th November 1867.

In the list of Police Pass Stations under Rule XXXVIII. of the Rules for regulating the manufacture, deposit, transport and sale of Salt in the Lower Provinces of Bengal, published in the *Calcutta Gazette* of the 10th July last, page 1169,

চট্টগ্রামের পোলীসের আসিষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি জি কাম্বেল সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ১৬ নবেম্বর।

সাতক্ষীরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীচরণ ঘোষ যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি প্রসীডেন্সী খণ্ডের কমিস্যনর সাহেবের আজ্ঞাক্রমে অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীহট্ট ও কাছাড়ের মজুররক্ষক শ্রীযুত সি মার্শ্যল সাহেব গত সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবসান হইলে অচিহ্নিত কর্ম্মকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে আর এক বৎসরের ছুটী পাইবেন।

১৮৬৭ সাল ১৯ নবেম্বর।

নওয়াখালীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ বেবরিজ সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৭ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের ২৭৪৯ নং নির্দ্ধারণমতে আগামি ডিসেম্বর মাসের ২০ তারিখ অবধি এক মাসের ছুটী পাইবেন।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৪ নবেম্বর।

কামরূপের শ্রীযুত চৌধুরী ললিতরাম সিংহের নাম অনরারি মাজিষ্ট্রেটদের নামের ফর্দ্দহইতে উঠাইয়া দেওয়া গেল।

১৮৬৭ সাল ১৫ নবেম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত এ মাকেঞ্জি সাহেব অনুগ্রহের ছুটীহইতে প্রত্যাগমন করিয়া এই মাসের ১৪ তারিখের পূর্ব্বাহ্ণে আপন পদ পুনর্গ্রহণ করিলেন।

১৮৬৭ সাল ১৬ নবেম্বর।

কাপ্তান শ্রীযুত এচ হো সাহেব শ্রীযুত এচ হাণ্ডলে সাহেবের স্থানে ১৮৫৯ সালের ১২ আইনমতে আড়কাটীর কর্ম্ম সম্পর্কীয় কার্য্যকারকদের বিচারার্থ আদালতের আপন জজের কর্ম্ম এই মাসের ১৪ তারিখে পুনর্গ্রহণ করিলেন।

মাষ্টর আটেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত জে জি রেডি সাহেব এই মাসের ১৪ তারিখে কাপ্তান শ্রীযুত হো সাহেবের স্থানে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

১৮৬৭ সাল ১৮ নবেম্বর।

মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত ডবলিউ হোয়ে সাহেব মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন। উক্ত নিয়োগ এই মাসের ১৫ তারিখ অবধি প্রবল হইবে।

অশুদ্ধশোধন।

১৮৬৭ সাল ৮ নবেম্বর।

বঙ্গপ্রভৃতি দেশে লবণ প্রস্তুত করিবার ও রাখিবার ও চালান ও বিক্রয় করিবার যে বিধি গত জুলাই মাসের ১০ তারিখের বাঙ্গলা গেজেটের ৮৪৬ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে তাহার ৩৮ বিধিমতে হাড়চৌকীর ফর্দ্দে নওয়াখালী জিলার পার্শ্বে লিখিত “মধুপুরায়

against the District of Noakhally, for "Modoopoorah or *South* end of Kakrahchur," *read* "Modoopoorah or *North-West* end of Kakrahchur."

NOTIFICATION.

The 5th October 1867.

The portion of the Notification dated 20th March 1867, which relates to the Sub-Divisions of the Dacca District, is hereby cancelled, and in lieu thereof it is notified that the Sub-Divisions will be constituted as follows:—

Names of Sub-Divisions.	*Names of Thannahs comprised in the Sub-Division.*
1. Dacca or Sudder Sub-Division.	Dacca, Nowabgunge, Sabhar, Roopgunge, Raipore, Kapassea, and the portion of Thannah Naraingunge lying on the right bank of the River Luckya.
2. Manickgunge.	Manickgunge, Jaffurgunge, and Hurriampore.
3. Moonsheegunge.	Rajabaree, Sreenuggur, and the part of Thannah Naraingunge lying on the left bank of the River Luckya.

By another Resolution of this date Thannah Moolfutgunge has been restored to the jurisdiction of the Dacca District and made subject to the jurisdiction of the Sub-Divisional Officer of Madareepore.

The above alterations and arrangements will take effect from 1st January 1868.

NOTIFICATION.

The 5th October 1867.

The portion of the Notification dated 20th March 1867, regarding the Sub-Divisions of the Dacca Division, which relates to the Madareepore Sub-Division, is hereby cancelled.

2. The Madareepore Sub-Division will consist of the following Thannahs:—

Moolfutgunge.
Booreeehaut.
Kotaleeparia.
Gowmuddee.

3. Of these, Moolfutgunge (although under the direct jurisdiction of the Sub-Divisional Officer at Madareepore) will be in the Dacca District; and in the exercise of his jurisdiction within that Thannah the Sub-Divisional Officer of Madareepore will be subject to the appellate authority and control of the Dacca Courts and Authorities.

অর্থাৎ কাকরাচরের দক্ষিণাংশ" এই কথার পরিবর্ত্তে "মধুপুরার অর্থাৎ কাকরাচরের উত্তর পশ্চিমাংশ" পাঠ করিতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৫ অক্টোবর।

ঢাকা জিলার শাখাখণ্ড সংক্রান্ত ১৮৬৭ সালের মার্চ মাসের ২০ তারিখের বিজ্ঞাপনের কিয়দংশ ইহাতে রহিত হইয়া তৎপরিবর্ত্তে নিম্নলিখিত শাখাখণ্ড করা গেল,—

শাখাখণ্ডের নাম।	শাখাখণ্ডের অন্তর্গত থানার নাম।
১। ঢাকা অর্থাৎ সদর শাখাখণ্ড	ঢাকা, নবাবগঞ্জ, সাভার, রূপগঞ্জ, রাইপুর কাপাসিয়া ও লক্ষ্যা নদীর দক্ষিণ তটস্থ নারায়ণ গঞ্জ থানার একাংশ।
২। মাণিকগঞ্জ	মাণিকগঞ্জ, জাফরগঞ্জ ও হরিরামপুর।
৩। মুনশীগঞ্জ	রাজাবাড়ী, শ্রীনগর ও লক্ষ্যা নদীর বাম তটস্থ নারায়ণ গঞ্জ থানার অংশ।

এই তারিখের অন্য নির্দ্ধারণমতে থানা মুলফৎগঞ্জ ঢাকা জিলার বিচারাধিপত্যে পুনর্ভুক্ত হইয়া মাদারীপুর শাখাখণ্ডের কার্য্যকারকের বিচারাধিপত্যের অন্তর্গত করা গেল।

উপরোক্ত পরিবর্ত্তন ও নিয়ম ১৮৬৮ সালের জানুআরি মাসের ১ তারিখঅবধি প্রবল হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ৫ অক্টোবর।

ঢাকাখণ্ডের শাখাখণ্ড সংক্রান্ত ১৮৬৭ সালের মার্চ মাসের ২০ তারিখের যে বিজ্ঞাপন প্রকাশ হইয়াছিল, মাদারীপুর শাখাখণ্ডের সহিত তাহার যে অংশের সম্পর্ক থাকে তাহা ইহাতে রহিত হইল।

২। নিম্নলিখিত কএক থানা লইয়া মাদারীপুর শাখাখণ্ড হইবে,

মুলফৎ গঞ্জ।
বুরির হাট।
কোটালী পাড়া।
গোমুদী।

৩। ইহার মধ্যে মুলফৎগঞ্জ, মাদারীপুর শাখাখণ্ডের কার্য্যকারকের বিচারাধিপত্যের অধীন হইলেও, ঢাকা জিলার অন্তর্গত হইবে, ও মাদারীপুর শাখাখণ্ডের কার্য্যকারক সেই থানায় স্বীয় বিচারাধিপত্যক্রমে যে কার্য্য করেন তাহা আপীল সম্পর্কে ঢাকার আদালতের ও কর্ত্তৃপক্ষেরদের ক্ষমতা ও কর্ত্তৃত্বাধীন থাকিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ নবেম্বর।]

4. The remaining three Thannahs will remain in the Backergunge District.

5. The tract of country lying to the South and East of the Mynakatti Khal and River Areal Khan, which has hitherto been included in Thannah Seebchur of Fureedpore, is hereby transferred to the jurisdiction of Thannah Moolfutgunge in Dacca.

৪। অবশিষ্ট তিন থানা বাকরগঞ্জ জিলার অন্তর্গত থাকিবে।

৫। ময়নাকাটী খালের ও আরিয়াল খাঁ নদীর মধ্যবর্ত্তী যে স্থান অদ্যপর্য্যন্ত ফরীদপুরের অন্তর্গত শিবচর থানার অধীন ছিল তাহা ইহারদ্বারা ঢাকার অন্তর্গত মুলফৎগঞ্জের সামিল করা গেল।

Notification.

The 15*th November* 1867.

Notice is hereby given that it has been reported to the Government that cholera of a virulent type has for some time prevailed, and is now raging in the town and neighbourhood of Pooree in the Cuttack Division; Pilgrims and other persons are warned of the danger to which they will expose themselves by visiting Pooree at present.

বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৫ নবেম্বর।

গবর্ণমেন্ট সংবাদ পাইয়াছেন যে কটক খণ্ডের অন্তর্গত পুরীনগরে ও তন্নিকটস্থ স্থানে অতি মারাত্মক ওলাউঠা রোগ কতক কাল অবধি প্রবল হইয়া অদ্যাপি ভীষণাকার ধারণ করিয়া রহিয়াছে, অতএব যাত্রি ও অন্য ব্যক্তিদিগকে সাবধান করা যাইতেছে যে তথায় এইক্ষণে গমন করিলে তাঁহারা বিপদাপন্ন হইবেন।

Declaration under Section 2, of Act VI. of 1857.

The 16*th November* 1867.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense, for a public purpose, *viz.*, for the erection of a Female Orphanage and play-ground thereto belonging in Mouzah Patpore, City of Cuttack, Pergunnah Cuttack Howalee, on an area of land containing by estimation about 3 acres, 1 rood, 20 poles, more or less, and comprising *Survey* Numbers 6, 7, 8, 9, 10, and 30, and butted and bounded as follows:—that is to say, on the North by the Ryoti land belonging to Government Khas Mehal Bararhai Cuttack Howalee; on the South partly by a lane leading to the Baptist Mission Press and partly by Lakhraj land belonging to one Kadartoollah; on the East partly by the Lakhraj land of the said Kadartoollah, and a plot of Ryoti land belonging to Government Khas Mehal; and on the West by the Baptist Mission House, Garden, and Printing Press: It is hereby declared that it is necessary to take up the aforesaid land for the above purpose.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

H. L. Dampier,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 26th November* 1867.]

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৭ সাল ১৬ নবেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কটক হাবিলি-পরগনার কটক নগরের পাঠপুর মৌজায় পিতৃমাতৃহীন বালিকাগণের আবাস ও ক্রীড়াভূমির নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ন্যূনাধিক ৩ একর ১ রুড ২০ পোল ভূমি গ্রহণ করা প্রয়োজন, উক্ত ভূমির জরীপী নম্বর ৬, ৭, ৮, ৯, ১০ ও ৩০ এবং তাহার চিহ্ন ও সীমা এই২ অর্থাৎ উত্তর সীমা গবর্ণমেন্টের কটক হাবিলীর বড়রাই খাস মহালের রায়তী ভূমি, দক্ষিণ সীমা অংশতঃ বাপ্টিষ্ট মিশন ছাপাখানায় গমনের পথ ও অংশতঃ কেদারতুল্লার লাখেরাজ ভূমি, পূর্ব্ব সীমা অংশতঃ উক্ত কেদারতুল্লার লাখেরাজ ভূমি ও অংশতঃ গবর্ণমেন্টের খাসমহালের এক খণ্ড রায়তী ভূমি, এবং পশ্চিম সীমা বাপ্টিষ্ট মিশন ঘর, বাগান ও ছাপাখানা। উক্ত কার্য্যের নিমিত্তে উক্ত ভূমি গ্রহণ করা আবশ্যক প্রচার করা গেল।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহারদিগকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই কথা জ্ঞাত করা গেল।

এচ এল ডাম্পিয়র;
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

PUBLIC WORKS DEPARTMENT.

COMMUNICATION.

No. 364.

The 18th November 1867.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, namely, for the improvement of a part of the Trunk Road from Cuttack to Ganjam, it is hereby declared that, for the above purpose, a strip of land of the average width of 20 feet on the north of the existing road extending from the house occupied by Illahi Buksh to the building used as a School by Aprithi Sundra Dolai, in the Bazar of Jujarsing, Killah Khordha, in the District of Pooree, is required.

2. This Declaration is made, under the provisions of Sections 2 and 33 of Act VI. of 1857, to all whom it may concern.

F. H. RUNDALL, *Lieut.-Col., R. E,*
Joint-Secy. to Govt. of Bengal,
P. W. D.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

রাজপথ প্রভৃতি।

৩৬৪ নম্বর।

১৮৬৭ সাল ১৮ নবেম্বর।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কটক অবধি গাঞ্জাম পর্য্যন্ত রাজপথ উত্তম করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পুরী জিলার অন্তর্গত খর্দ্দা কিল্লার মধ্যে বর্ত্তমান রাস্তার উত্তর ইলাহী বক্সের বাসগৃহাবধি যজার সিংহ বাজারে অপৃথি সুন্দরা ধোলাইয়ের ইস্কুল বাটী পর্য্যন্ত ও গড়ে ২০ ফুট পরিসর ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ও ৩৩ ধারার বিধানমতে এই সম্বাদ প্রকাশ করা গেল।

এফ এচ রণ্ডেল লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট
বঙ্গদেশের গবর্ণমেণ্টের জাইণ্ট,
সেক্রেটারী।

ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 22nd November 1867.

Baboo Brojendro Coomar Seal, Moonsiff of Busheerhaut, Zillah Twenty-four Pergunnahs, for the late Dusserah vacation, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

Baboo Radhakant Boroonh, Moonsiff of Tejpore, Zillah Assam, for 21 days, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

Moonshee Dubeeroonddeen, Moonsiff of Shazadpore, Zillah Rajshahye, for one month, from the 15th instant, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

C. D. FIELD,
Registrar.

HIGH COURT, &c.,
The 23rd November 1867.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

ছুটী।

১৮৬৭ সাল ২২ নবেম্বর।

চব্বিশপরগনার বশীরহাটের মুনসেফ শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার শীল অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে বিগত দুর্গোৎসবের বন্দকালীন ছুটী পাইয়াছেন।

আসাম জিলার তেজপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু রাধাকান্ত বড়ুয়া অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে একুশ দিনের ছুটী পাইয়াছেন।

রাজশাহী জিলার শাহাজাদপুরের মুনসেফ শ্রীযুক্ত মুনশী দবীরুদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ১৫ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

সি ডি ফিল্ড।
রেজিষ্ট্রার।

হাই কোর্ট।
১৮৬৭ সাল ২৩ নবেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ নবেম্বর।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা নদীয়া এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৭ সালের ২৮ সেপ্টেম্বর পর্য্যন্ত বাকি মালগুজারির নিমিত্ত এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্যং যে দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্ত এবং চলিত আইনমতে সন ১৮৬৭ সালের ২৯ নবেম্বর মোতাবেক সন ১২৭৪ সালের ১৪ অগ্রহায়ণ শুক্রবার দিবসে এই জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬ সাল তারিখ ৫ নবেম্বর।

এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

১৭ নং ডিহি আলফা পং বাগওয়ান মালিক শান্তিরাম রায়দিগর সদর জমা স্বতন্ত্র হিসাব বাদে ৫৭৮০৶৫
মোট জমা ৮৬৭০।/৩
পুলীস ৯৬৶৭ পুলীস ৬৫৵৭

১৬৭ নং ডিহি ভুবরা পং পাঁজনওর মালিক ঈশ্বরচন্দ্র মুস্তফিদিগর স্বতন্ত্র হিসাব বাদে সদর জমা ৪০১০।৬
মোট জমা ১৯৪১৩।৵১
পুলীস ২১৩৲ পুলীস ৪৩৸/৮

২১৪ নং ডিহি গাবুরাডাঙ্গা পং রাজপুর গোলোকচন্দ্র মুখোপাধ্যায়দিগর স্বতন্ত্র হিসাব বাদে
মোট জমা ১৮৫৭৸০ সদর জমা ৮৫৪৵৮।।

২৪৩ নং ডিহি হাতিছালা পং বাগওয়ান মালিক শান্তিরাম রায়দিগর স্বতন্ত্র হিসাব বাদে
মোট জমা ৯৪৮২।৵৩ সদর জমা ৫৩০৮৸৶৫
পুলীস ১১২৶২ পুলীস ৩৯৵৪

২৬৬ নং কিঃ জগদানন্দপুর পং বাগওয়ান মালিক মহেশচন্দ্র ও গৌরাচাঁদ ও ভীমসিংহ রায়-
ওগয়রহ সদর জমা ৯৫৫৸৵১১
পুলীস ৯৵৪

৪৭৭ নং ডঃ শ্যামপুর পং হাওলগালি মালিক কালাচাঁদ চক্রবর্ত্তিদিগর স্বতন্ত্র হিসাব বাদে
মোট জমা ৩৬৫২৲২ সদর জমা ২৫৫৯।১

H. BELL,
Offg. Collector.

জিলা ময়মনসিংহ।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলে ময়মনসিংহ।

নীচের লিখা মহালের ১২৭৪ সনের নাগায়ত ভাদ্রের সরকারি পাওনা বাকি রাজস্ব আদায় জন্য বোর্ডের নিরূপিত ১৮৬৭ সনের ২৮ সেপ্টেম্বর সূর্য্যাস্ত পর্য্যন্ত দাখিল না হওয়ায় ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে ১৮৬৭ সনের ২৭ নবেম্বর মোতাবক ১২৭৪ সনের ১২ অগ্রহায়ণ বুধবার নীলামের দিন ধার্য্য সর্ব্বসাধারণ জনের জ্ঞাতার্থে অত্র ইস্তাহার প্রচার করা যায় যে কেহ মহাল মজকুর খরিদের বাসনা রাখে সে ঐ তারিখে অত্র কাছারিতে হাজির আসিয়া রীতিমত ক্রয় করে, ইতি ১৮৬৭ সন তারিখ ১ অক্টোবর।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৬৩২২ নং পরগনে কাটারমল্ল চর সাটিয়ান মতালকে চর কুরথি মালিক চিরস্থ বন্দবস্ত গ্রহীতা ব্রজেশ্বরী চৌধুরাণী মাদরে বনওয়ারিলাল রায় নাবালগ সদর জমা ৫৪৫।।/০ আনা।

H. J. REYNOLDS,
Collector.

জিলা চট্টগ্রাম।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা চট্টগ্রাম।

ইহার দ্বারায় ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা চট্টগ্রামের নিম্নের লিখিত নিষ্করস্বত্বে বিক্রী হওয়া পতিত ভুমির লাট সমস্তর মুল্যের টাকার লাং ১৮৬৭ সালের ১৫ মেইর বাকি পড়া সুদ গত ২৫ জুন ধার্য্যহওয়া তারিখ পর্য্যন্ত বাকি পড়া সুদ আদায় না হওয়াতে আগামি ইংরেজি ডিসেম্বর মাসের ১১ তারিখ মোং ১২৭৪। বাঙ্গালা অগ্রহায়ণ মাসের ২৬ তারিখ এই জিলার কালেক্টরি কাছারিতে নীলাম হইবে ইতি সন ১৮৬৭ ইং তারিখ ১৫ নবেম্বর।

নীলামক্রমে নম্বর	লাটের নম্বর	মহালের নাম	মালিকের নাম	যে থানায় আছে	একর হিসাবে ভুমির পরিমাণ	বাকি পড়া সুদের সংখ্যা
৩২	৪১	ইচ্ছাছবাটী কোম্পানি ...	খোদ ..	পটীয়া ...	৩০২৬/	৮৮৫/৪
৩৪	৪২এ:	মি: ফুলর এবং ইটন সাহেব ...	খোদ ...	পটীয়া ...	২৭২৩/	৬১২॥৶১০
৩৮	৪৯	চকরিয়া কোম্পানি ..	খোদ ..	চকরিয়া ..	২৭৬৪/	১১৮১৬/৮
৩৯	৫০	ঐ .	খোদ ..	ঐ ...	১৩২১/	৫৬৪॥১০
৪১	৫১	ঐ ...	খোদ ...	ঐ ..	২৭৫৭/	১১৭৩৸/৩
৪০	৫০এ:	ঐ .	খোদ ..	ঐ ..	২৪৯৩/	১০৬৫।৶৮
৪২	৫২	ঐ ..	খোদ ..	ঐ ...	২৫৪৯/	১০৮৯।/৭
৪৩	৫৩	ঐ .	খোদ ..	ঐ ...	৩০০০/	১২৮২/৪
৪৪	৫৩এ:	ঐ ...	খোদ ..	ঐ ...	১৪২৮/	৬১০।৫
৪৭	২৪	মি: মেকে সাহেব ...	খোদ ..	রাউজান ...	২৭৬৫/	১১২৭/২
৫০	৪৫	মি: ফুলর সাহেব ..	খোদ ..	সাতকানিয়া ...	৭১২/	১৬০৶৩
৫১	৫৪	মি: মেকে সাহেব ...	খোদ ...	চকরিয়া ..	৩০৭৫/	১২৫৫৸/০
৫৮	৮৪	মি: রবিন্‌সন সাহেব ...	খোদ ...	পটীয়া ..	১৪২৬/	৬২৩৸/৩
৫৯	৮৫	ঐ ...	খোদ ..	পটীয়া ..	১৩৩১/	৩০২।৩
৬০	৯৯	কাশুপ্রসাদ ...	খোদ ...	রাউজান ...	৭৯৮/	৩৮১।৶৩

R. H. WILSON,
Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবৎ ইংরাজি, সন ১৮৬৭ সালের ২৯ নবেম্বর তারিখে মোতাবেক সন ১২৭৪ বাঙ্গালা তারিখ ১৪ অগ্রহায়ণ রোজ শুক্রবার অত্র কালেক্টরি কাছারিতে বিনা আপত্তে নীলামে ধরা যাইবেক, ইতি সন ১৮৬৭ ইংরাজি তারিখ ৯ নবেম্বর।

প্রথম শ্রেণীর, কাএমি মহাল।

৫৪। ৩২ নং তরফ আনন্দীরাম কানুনগোয়, মালিক তনুরাম ও রামদাস, ও রামকিশোর ও হরদাস ও গোলোকচন্দ্র ও মাগনদাস ও রত্নমণি ও রসিকচন্দ্র ও শ্রীমতী আনন্দময়ী, ও রাজকিশোর ও অভয়াচরণ ও পীতাম্বর ও ব্রজমোহন ও গৌরহরি ও শ্রীমতী উলর্মিলা ও নীলকমল ও বিশ্বনাথ প্রকাশ, বৈদ্যনাথ দে ও রামমোহন ও রামসুন্দর সেন ও রামদয়াল দে ও জান বিবি ও রামদয়াল দে ও রামতুলাল দে ও শ্রীমতী রাজেশ্বর ও শশিকুমার নাবালগ ও হরগোবিন্দ সেন ও রামচন্দ্র সেন ও ব্রজমোহন ও ভৈরবচন্দ্র মহরি ও গোলোকচন্দ্র রায় ও অভয়াচরণ ও পীতাম্বর ও নীলকমল ও রামচন্দ্র ও শ্রীমতী মহেশ্বরী ও মৃত্যুঞ্জয় নাগ প্রকাশ যুগলকিশোর নাগ ও দিগম্বর রায় কানুনগোয় ও ভৈরবচন্দ্র দাস ও সুবলচন্দ্র রায় কানুনগোয় ও সেখ সদর আলী চৌধুরী ও রামদয়াল দে ও রামসুন্দর সেন ও রামজয় মহাজন ও রসিকচন্দ্র রায় ও হরকুমার রায় ও ললিতকুমার রায় ও দিগম্বর রায় ও পীতাম্বর রায় ও রামজয় মহাজন ও ত্রিপুরাসুন্দরী ও রামজয় মহাজন ও কৃষ্ণদাস ঠাকুর ও ভৈরবচন্দ্র দাস ও ভৈরবচন্দ্র দাস ও শিবদাস শর্ম্মা ও আনন্দমণি শর্ম্মা ও শিবদাস ও আনন্দণি ও করিমদ্দীন ও তস্য পুত্রগণ ফজল রহমান ও আবদুল গফর ও নন্দকুমার ও তস্য ভ্রাতা নবকুমারের মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে স্বতন্ত্র হওয়া শ্রীমতী আনন্দময়ী ও রাজকিশোর প্রকাশ রাজকুমার রায় ও গোলোকচন্দ্র রায় ও মহেশচন্দ্র রায় ও তস্য ভ্রাতব্পুত্র কালীকৃপা ও পীতাম্বর ও অভয়াচরণ ও নীলকমল ও রামচন্দ্র ও গৌরহরি কানুনগোয় ও সুবলচন্দ্র রায় ও ভৈরবচন্দ্র দাস ও রসিকচন্দ্র ও হরকুমার ও ললিতকুমার ও রামচন্দ্র সেন ও ব্রজমোহন সেন তস্য ভ্রাতা হরগোবিন্দ সেন ও রামজয় মহাজন ও রামজয় মহাজন ও দিগম্বর কানুনগোয় ও সেখ সদর আলী ও ত্রিপুরাসুন্দরী ও মাগনদাস ও রত্নমণি ও রসিকচন্দ্র সেন ও কৃষ্ণদাস শর্ম্মার ও অবশিষ্ট হিস্যার মং ৭৫৬৷৷৩ পাই জমার আদায় হওয়া হিস্যা বাদে রামসুন্দর সেনের হিস্যা নীলাম হইবেক, মোছলম মহালের সদর জমা ৮৪৯।৵৯

৫৯। ৩৭ নং তরফ আবদুল রহমান মালিক মাহাম্মদ দাএমমাজির সদর জমা ৯৪৶৮

২২০৩। ৪২৭ নং তরফ নছিম চৌধুরী মালিক জান আলী, ও মহেশচন্দ্র সেন ও নিত্যানন্দ সেন ও ওয়াহেদ আলী ও জগচ্চন্দ্র সেন ও শ্রীমতী আনন্দময়ী ও শ্রীমতী কিশোরী ও প্রাণকৃষ্ণ সেন ও নিত্যানন্দ সেন ও হায়দর আলী ও জান আলীর মধ্যে মহেশচন্দ্র সেন ও নিত্যানন্দ সেন ও ওয়াহেদ আলী ও জগচ্চন্দ্র সেন ও প্রাণকৃষ্ণ সেন ও মিয়াজান ও জান আলীর হিস্যা জের বাটওয়ারা সূত্রে আদায় করাতে তাহাদিগের হিস্যা সেওয়াএ শ্রীমতী আনন্দময়ী ও শ্রীমতী কিশোরীর হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ৬৫৯।৶৬

মহাল মোছালেহা।

৩৯৩৫। ৩৯৮ নং তরফ রাধামাধব মালিক বালকদাস মহন্ত ও মনোহরদাস মহন্ত ও মাগনদাস দস্তিদার ও শ্রীমতী ললিতাসুন্দরী ও রাসেশ্বরীর মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে ললিতাসুন্দরীর মং ৫৩৯৷৶৵ আনা জমার আদায় হওয়া হিস্যা ও অবশিষ্ট মহালের মালিকানের মং ৫৮১।।১ পাই জমার হিস্যা বাদে জের বাটওয়ারার মাগনদাস দস্তিদারের হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ১৮১০৲৪

R. H. Wilson,
Offg. Collector.

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহাল ১৮৬৭। ৬৮ সালের কিস্ত আগস্ট পর্য্যন্তের বাকি মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যে যে দাওয়া বাকি মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৭ সালের ডিসেম্বর মাসের ৫ দিবস মোতাবেক ১২৭৪ বাঙ্গালার ২০ শা, অগ্রহায়ণ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে নীলাম হইবেক।

১ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল.।

পরগনে মুয়ার বানিয়া চুঙ্গ।

২৭৫০১ নম্বর তালুক আদম রজা অমীদার রেজিষ্টরী হওয়া মালিক সেখ লাখু গএরহ সদর জমা ৬৮৩৷৶৴২

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারারমর্ম্মানুযায়, ভবানীচরণ দাস ও গোলোকচন্দ্র দাস ও গোলোকচন্দ্র শাহা মুরারিচন্দ্র দাস ও জয়গোবিন্দ দাস ও রাজগোবিন্দ দাস ও কৃষ্ণগোবিন্দ দাস ও রাধাগোবিন্দ ও ব্রজগোবিন্দ দাস ও মেত্তুরাম শাহা ও রাজচন্দ্র দাস ও রূপচন্দ্র দাস ও গৌরচরণ দেব ও জান মাং ও সেখ দিলু ও সবপদি ও দীং মুরারিচন্দ্র দাস ও প্রাণকৃষ্ণ দাস ও হরেকৃষ্ণ দাস ও দয়ালকৃষ্ণ দাস ও হরকিশোর দাস ও কমলরাম দাস ও গৌরকিশোর দাস ও কৃষ্ণকিশোর দাস ও কীর্ত্তিনারায়ণ দাস ও কালিকা প্রসাদ শর্ম্মা ও অম্বিকা দেব্যা নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায়

জমা ১১২৷৷/১০

বাকী ৫৭১৷/৪

T. Walton,
Collector.

[*Government Gazette, 26th November 1867.*]

জিলা ফরিদপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ফরিদপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৬৭ সালের বাং ২৮ সেপ্টেম্বরের বাকি রাজস্ব আদায় নিমিত্তে ১৮৬৭ সালের ২৬ নবেম্বর মোং ১২৭৪ সালের ১১ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের সময় অত্র কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৭। ৩০ সেপ্টেম্বর মোং ১২৭৪। ১৫ আশ্বিন।

প্রথম শ্রেণী চিরস্থায়ি বন্দবস্তী মহাল।

২১৬ নং পরগনে বৈকুণ্ঠপুর চর নাছিরপুরের মধ্যগত চর জাহানাবাদ নীলাম খরিদ রামনাথ লস্কর ও এবারৎউল্লা সদর জমা ১৬২৩৬৵৩

রোড ফণ্ড ১৬৩

১৬৪০৲

A. W. Russell,
Collector.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় করসংক্রান্ত আইনঘটিত কার্য্যবিধান। অর্থাৎ

বঙ্গদেশীয় জমীদার ও প্রজার পরস্পর সম্বন্ধ নিরূপক আইন সমূহের সংক্ষিপ্ত কার্য্যোপযোগি পুস্তক। ইহা পূর্ব্বতন সদর দেওয়ানী আদালতের ও বর্ত্তমান হাই কোর্টের অতি কার্য্যকর নিষ্পত্তি সকল দ্বারা ব্যাখ্যাকৃত হইয়াছে, এবং লাখেরাজ ভূমি ও কররৃদ্ধি সম্বন্ধীয় হাই কোর্টের ইদানীন্তন নিষ্পত্তি সকল এই পুস্তকের শেষভাগে সংযোজিত হইয়াছে। জমীদার, প্রজা, বিচারক, উকীল, ও মোক্তারদিগের ব্যবহারার্থ কৃষ্ণনগর ও যশোহরের প্রধান ছোট আদালতের পূর্ব্বতন বিচারপতি এবং কলিকাতা হাই কোর্টের অধুনাতন রেজিষ্ট্রার বেঙ্গাল সিবিল সর্ব্বাণ্ট সি ডি ফিল্‌ড সাহেব কর্ত্তৃক এই পুস্তক প্রস্তুত হইয়াছে। ইহার দ্বারা মোক্তারগণ পরীক্ষার্থে প্রস্তুত হইবার জন্য বিশেষ উপকার প্রাপ্ত হইবে। ইহার বাঙ্গলা অনুবাদের মূল্য ৩৲ টাকা। একত্র দশ খণ্ড লইলে তাহা ২০৲ টাকা মূল্যে প্রাপ্ত হইবেন। কলিকাতা লোয়ার সরকুলর রোডের ২১ সংখ্যক ভবনে ব্যাপ্‌টিষ্ট মিসন প্রেসের তত্ত্বাবধারকের নিকট পত্র এবং তাঁহার নামে মনি অর্ডর প্রেরণ করিতে হইবে।

বিজ্ঞাপন।

"প্রধানতম বিচারালয়ের আপীলবিভাগ নিষ্পন্ন মোকদ্দমার সাপ্তাহিক রিপোর্ট" নামে হাই কোর্টের বিবিধ নজীর ও সরকুলর প্রভৃতি যে গত জুলাই মাসাবধি শ্রীঅভয়াদাস বসুকর্ত্তৃক কলিকাতার সুকীয়া-ষ্ট্রীটের ১৪ নং ভবনে প্রকাশিত হইতেছে, তাহার ১৪ সংখ্যা পর্য্যন্ত প্রচারিত হইয়াছে, এবং ক্রমশঃপ্রকাশ হইতেছে। বার্ষিক অগ্রিম মূল্য ডাক মাসুল সমেত ২৩৲ টাকা। যাঁহারা প্রথম সংখ্যা অবধি গ্রহণ করিতে চাহেন তাঁহারা এখনও পাইতে পারেন, পরে পাওয়া সুকঠিন হইবে। এবং এখন পর্য্যন্ত পূর্ব্বোক্ত মূল্যেই পাইতে পারিবেন।

নজীর সারসংগ্রহ।

প্রীভি কৌন্সেল ও হাই কোর্ট মায় ফুল বেঞ্চ প্রভৃতি প্রধান২ আদালতের নজীর যাহা মফঃসলে প্রয়োজনীয় মূল্য ২৸০ ডাক মাসুল ৵০ কলিকাতা ১৭। ১ ঝামাপুকুর লেন ত্রৈলোক্যনাথ রায়ের নিকট প্রাপ্য।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ২৬ নবেম্বর।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এক জে বার্ণো সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 3, 1867.

মঙ্গলবার ১৮৬৭ সাল ৩ ডিসেম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE INDIAN NEGOTIABLE INSTRUMENTS' BILL.

A Bill to define and amend the Law relating to Promissory Notes, Bills of Exchange, and Cheques.

[Continued from page 1269.]

IV.—*Consideration.*

[Consideration need not be expressed in writing.]

47. The consideration for any promissory note, bill of exchange, or cheque, or any acceptance or indorsement thereof, need not be expressed in writing.

[When holder of note, bill, or cheque, is a holder for consideration.]

48. The holder of a promissory note, bill of exchange, or cheque, is a holder for consideration, if there has been at any time consideration for it, although the consideration may have proceeded from a person who never signed the instrument, or whose signature has been struck out.

Illustrations.

(*a.*) A. indorses a bill of exchange to B. at the request of C., for C.'s account with B. B. is a holder of

হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

ভারতবর্ষীয় ক্রেয়বিক্রেয় পত্রবিষয়ক আইনের পাণ্ডুলিপি।

প্রতিজ্ঞাপত্র (অর্থাৎ প্রমিসরি নোট) ও হুণ্ডী ও চ্যাক বিষয়ক আইনের অর্থ নির্ণয় ও সংশোধন করিবার আইনের পাণ্ডুলিপি

[১২৬৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৪। বিনিময়ের বিধি।

[বিনিময় লিখনক্রমে ব্যক্ত করিবার অনাবশ্যকের কথা।]

৪৭ ধারা। কোন প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর কি চ্যাকের, কিম্বা তাহা সাকরিয়া দিবার কি তাহার পৃষ্ঠলিপি করিবার বিনিময়ে যাহা দেওয়া যায়, তাহা লিখনক্রমে ব্যক্ত করা আবশ্যক নাই ইতি।

[যে স্থলে প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাকধারী বিনিময়ের উপলক্ষে ধারী হন তাহার কথা।]

৪৮ ধারা। প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর কি চ্যাকের জন্যে কোন সময়ে বিনিময় হইলে এবং যে ব্যক্তি ঐ পত্রে কখন স্বাক্ষর করেন নাই কিম্বা যাঁহার স্বাক্ষর উঠাইয়া দেওয়া গিয়াছে এমত ব্যক্তিহইতে ঐ বিনিময় হইলেও, সেই পত্রধারী বিনিময়ের উপলক্ষে পত্রধারী ইতি।

উদাহরণ।

(*a*) বলরামের সঙ্গে চন্দ্রের লেনাদেনার হিসাব চলিতেছে। চন্দ্রের প্রার্থনামতে আনন্দ হুণ্ডীর পৃষ্ঠলিপি করিয়া

the bill for consideration, and if he indorses it as a present to D., D. is a holder for consideration.

(*b*.) A., the holder of a negotiable instrument, indorses it in full to B., in the belief that B. has done something which he has not done. B., for consideration, indorses the instrument in blank to C., and C. indorses it to D. D. is a holder of the instrument for consideration.

(*c*.) A., the holder of a negotiable instrument, indorses it in full to B., in the belief that B. has done something which he has not done. B., for consideration proceeding from C., indorses the instrument in blank to C. and C. indorses it to D. D. strikes out C.'s indorsement. D. is a holder of the instrument for consideration.

[Holder without consideration deriving title through holder in due course.]

49. The holder, without consideration, of a negotiable instrument who derives his title through a holder in due course, has the rights of a holder in due course against all signers prior to such holder in due course, but not against him.

[Signer when not liable to holder standing in immediate relation with him.]

50. When the holder of a promissory note, bill of exchange, or cheque, stands in immediate relation with any signer thereof, the signer is not liable to the holder if there was no consideration for the signer's liability, or if the consideration has failed.

Explanation.—The drawer of a bill of exchange stands in immediate relation with the acceptor. The maker of every promissory note, bill of exchange, or cheque, stands in immediate relation with the payee, and the indorser with his indorsee. Other signers may by agreement stand in immediate relation with a holder.

[Signer's liability to holder before maturity.]

51. A signer of a promissory note, bill of exchange, or cheque, is liable thereupon to any person who has become the holder of it for a consideration before its maturity, and who does not stand in immediate relation with the signer, although the signer had received no consideration for it, and the holder was aware of that fact when he took the instrument.

Illustration.

A. accepts, for B.'s accommodation, a bill of exchange drawn by B. payable to his own order. Before the maturity

বলরামকে দেন। বলরাম বিনিময়ের উপলক্ষে ঐ হুণ্ডী-ধারী হইলেন। এবং তিনি যদি সেই হুণ্ডীর পৃষ্ঠলিপি করিয়া দীননাথকে দান করেন, তবে দীননাথও বিনিময়ের উপ-লক্ষে ঐ হুণ্ডীধারী হন।

(*b*) বলরাম বিশেষ কোন কর্ম্ম করেন নাই, কিন্তু তিনি করিয়াছেন এই জ্ঞানে ক্রেয়বিক্রেয় পত্রধারী আনন্দ তাঁহার নামে সম্পূর্ণ পৃষ্ঠলিপি করিয়া তাঁহাকে ঐ পত্র দিলেন। বলরাম বিনিময়ের উপলক্ষে ঐ পত্রের পৃষ্ঠে কেবল আপন নাম লিখিয়া তাহা চন্দ্রকে দেন ও চন্দ্র পৃষ্ঠলিপি দ্বারা দীন-নাথকে দেন। দীননাথ বিনিময়ের উপলক্ষে ঐ পত্রধারী হন।

(*c*) বলরাম বিশেষ কোন কর্ম্ম করেন নাই কিন্তু তিনি করিয়াছেন এই জ্ঞানে ক্রেয়বিক্রেয় পত্রধারী আনন্দ সম্পূর্ণ পৃষ্ঠলিপি করিয়া তাঁহাকে ঐ পত্র দিলেন। বলরাম চন্দ্রহইতে কোন বিনিময়ের উপলক্ষে ঐ পত্রের পৃষ্ঠে কেবল নাম লিখিয়া চন্দ্রকে দেন। চন্দ্র পৃষ্ঠলিপিদ্বারা দীন-নাথকে দেন। দীননাথ চন্দ্রের পৃষ্ঠলিপি উঠাইয়া দিলেন। তথাপি দীননাথ বিনিময়ের উপলক্ষে পত্রধারী হন।

[বিনিময়ব্যতিরেকে যিনি পত্রধারী তিনি নিয়মানুযায়ি পত্রধারির দ্বারা অধিকার প্রাপ্ত হইলে তাহার কথা।]

৪৯ ধারা। যে ব্যক্তি বিনিময়ব্যতিরেকে ক্রেয়-বিক্রেয় পত্রধারী, তিনি যদি নিয়মানুযায়ি পত্রধারির দ্বারা অধিকার প্রাপ্ত হন, তবে সেই পত্রধারির পূর্ব্বে যে সকল ব্যক্তি স্বাক্ষর করিলেন, তাঁহাদের বিপক্ষে তাঁহার নিয়মানুযায়ি পত্রধারির অধিকার থাকে, কিন্তু যাঁহাহইতে অধিকার প্রাপ্ত হন তাঁহার বিপক্ষে তাঁহার তদ্রূপ অধিকার নাই ইতি।

[পত্রধারির সঙ্গে স্বাক্ষরকারির আসন্ন সম্বন্ধ থা-কিলে তিনি যে স্থলে পত্রধারির নিকট দায়ী নহেন তাহার কথা।]

৫০ ধারা। প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাকেতে যে ব্যক্তি স্বাক্ষর করেন তাঁহার সঙ্গে যদি ঐ পত্রধারির আসন্ন সম্বন্ধ থাকে, তবে স্বাক্ষরকারির দায়ের নিমিত্তে বিনিময় না থাকিলে, কিম্বা সেই বিনিময় ব্যর্থ হইলে, পত্রধারির নিকট স্বাক্ষরকারী দায়ী হন না ইতি।

ব্যাখ্যা। যে ব্যক্তি হুণ্ডী সাকরিয়া দেন ও যে ব্যক্তি হুণ্ডী করেন, ইহারদের পরস্পর আসন্ন সম্বন্ধ। যে ব্যক্তি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক করেন তাঁহার সঙ্গে টাকা গ্রহীতার, ও যিনি পৃষ্ঠলিপি করেন তাঁহার সঙ্গে পৃষ্ঠলিখিত গ্রহীতার আসন্ন সম্বন্ধ। অঙ্গীকার-ক্রমে পত্রধারির সঙ্গে অন্য স্বাক্ষরকারিদেরও আসন্ন সম্বন্ধ হইতে পারে।

[পত্রের মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে পত্রধারির নিকট স্বাক্ষরকারির দায়ের কথা।]

৫১ ধারা। প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর কি চ্যাকের মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে যে ব্যক্তি বিনিময়ের উপ-লক্ষে ঐ পত্রধারী হইয়া স্বাক্ষরকারির সঙ্গে আসন্ন সম্বন্ধভাবে না থাকেন, স্বাক্ষরকারী স্বাক্ষরোপলক্ষে তাঁহার নিকট দায়ী হন। যদিও স্বাক্ষরকারী তজ্জন্যে কোন বিনিময় না পাইয়া থাকেন ও পত্রধারী সেই পত্র গ্রহণকালে তাহা জানিতেন, তথাপি দায়ী হন ইতি।

উদাহরণ।

বলরাম হুণ্ডী লিখিয়া আপনার আজ্ঞামতে টাকা দাতব্য করিলেন। আনন্দ তাঁহার উপকারের জন্যে সাকরিয়া

of the bill, B. indorses it for value to C., who is aware that it is an accommodation bill. A. is liable to C. on his acceptance.

দিলেন। হুণ্ডীর মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্বে বলরাম মূল্য লইয়া পৃষ্ঠলিপিদ্বারা তাহা চন্দ্রকে দেন। সেই হুণ্ডী কেবল উপকারের জন্যে করা গিয়াছে চন্দ্রও এই কথা জানিতেন। আমন্দ সাকরিয়া দেওনপ্রযুক্ত চন্দ্রের নিকট টাকার দায়ী আছেন।

[Rights of holder of instrument lost, obtained unlawfully or for illegal consideration, or dishonoured.]

[যে নিদর্শনপত্র হারাণ গেল কিম্বা অন্যায়মতে কিম্বা অন্যায় বিনিময়হেতুক প্রাপ্ত হওয়া গেল কিম্বা যাহার অমান্য হইয়াছে এমত পত্রধারির স্বত্বের কথা।]

52. When a negotiable instrument has been lost by the owner, or has been obtained from any party to it by unlawful means, or for a consideration involving a violation of law, or after it has been dishonoured by non-payment, the holder, unless he holds the instrument for good and lawful consideration, or derives his title from a holder in due course, is not entitled to receive the amount thereof from any signer.

৫২ ধারা। যদি ক্রেয়বিক্রেয় পত্রের স্বামী তাহা হারাইয়া থাকেন, কিম্বা টাকা না দেওয়াতে ঐ পত্র অমান্য হইলে পর যদি তৎসংক্রান্ত কোন ব্যক্তির স্থানে ন্যায়মতে কিম্বা আইন লঙ্ঘনঘটিত বিনিময়ের উপলক্ষে তাহা পাওয়া যায়, তবে সেই পত্রধারী উত্তম ও ন্যায্য বিনিময়হেতুক কিম্বা যথানিয়মিক পত্রধারির স্থানে তাহা প্রাপ্ত না হইলে কোন স্বাক্ষরকারির স্থানে ঐ পত্রের টাকা পাইবার অধিকারী নহেন ইতি।

[Rights of holder of note, bill, cheque, obtained unlawfully, or for illegal consideration.]

[প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চাক অন্যায়মতে কিম্বা আইন বিপক্ষ বিনিময়ের উপলক্ষে পাওয়া গেলে সেই পত্রধারির স্বত্বের কথা।]

53. Where a promissory note, bill of exchange, or cheque has been obtained from any party to it by unlawful means, or for a consideration involving a violation of law, a holder, not deriving his title through one who has since such wrongful acquisition become a holder of the instrument in due course, is not entitled to receive the amount thereof from any signer, although he has given value for it; unless at the time when he became its holder he acted in good faith and under circumstances which were not such as to raise a reasonable presumption that the person from whom he obtained the instrument had no right to transfer it.

৫৩ ধারা। যে ব্যক্তি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চাক সংক্রান্ত একপক্ষ হন, তাঁহার স্থানে যদি সেই পত্রাদি অন্যায়মতে কিম্বা আইনের লঙ্ঘনঘটিত বিনিময়ের উপলক্ষে পাওয়া যায়, তবে অন্যায়মতে প্রাপ্ত হওয়ার পরে যে ব্যক্তি যথানিয়মে ঐ পত্রধারী হইয়াছেন অন্য ব্যক্তি তাঁহার দ্বারা অধিকার প্রাপ্ত না হইয়া পত্রধারী হইলে, তিনি যদিও তাহার মূল্য দিয়া থাকেন তথাপি কোন স্বাক্ষরকারির স্থানে তাঁহার ঐ পত্রাদির টাকা পাইবার অধিকার নাই। কিন্তু তিনি যে সময়ে পত্রধারী হইলেন সেই সময়ে যদি সরলমনে কর্ম্ম করিয়া থাকেন এবং যে ব্যক্তির স্থানে ঐ পত্র পাইয়াছিলেন, তাঁহার সেই পত্র হস্তান্তর করিবার কোন ক্ষমতা ছিল না সাধারণবিবেচনায় যদি এমত যুক্তিসিদ্ধ অনুভব না হইয়া থাকে, তবে তাঁহার সেই টাকা পাইবার অধিকার থাকিবে ইতি।

[Partial failure of money, consideration.]

[মুদ্রারূপ বিনিময়ের একাংশের ত্রুটির কথা।]

54. Where the consideration for which a person signed a promissory note, bill of exchange, or cheque, consisted of money, and has failed in part, the sum which a holder standing in immediate relation with such signer is entitled to receive from him is proportionally reduced.

৫৪ ধারা। যদি কোন ব্যক্তি মুদ্রার বিনিময়ে প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে কি চাকে স্বাক্ষর করিয়া থাকেন, ও তাহার একাংশ দেওনের ত্রুটি হইয়া থাকে, তবে ঐ স্বাক্ষরকারির সঙ্গে যে পত্রধারির আসন্ন সম্বন্ধ থাকে, স্বাক্ষরকারির স্থানে সেই পত্রধারির তদনুসারে ন্যূন টাকা পাইবার অধিকার আছে ইতি।

[Partial failure of consideration not consisting of money.]

[মুদ্রাভিন্ন বিনিময়ের একাংশের ত্রুটির কথা।]

55. Where a part of the consideration for which a person signed a promissory note, bill of exchange, or cheque, though not consisting of money, is readily ascertainable in money, and there has been a failure of that part, the sum which a holder standing in immediate relation with such signer is entitled to receive from him is proportionally reduced.

৫৫ ধারা। প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে কি চাকে যে দ্রব্যের বিনিময়ে স্বাক্ষর করা যায়, তাহা সমুদয় মুদ্রা না হইয়াও যদি একাংশের মূল্য মুদ্রাতে অনায়াসে নিরূপণ করা যাইতে পারে, ও সেই অংশ দানের ত্রুটি হইয়া থাকে, তবে স্বাক্ষরকারির সঙ্গে যে পত্রধারির আসন্ন সম্বন্ধ আছে তাঁহার স্থানে পত্রধারির তদনুসারে ন্যূন টাকা পাইবার অধিকার হইবে ইতি।

[*Government Gazette*, 3rd December 1867.]

V.—*Presentment of Bills of Exchange for acceptance.*

[Rules for presentment.]

56. In order that a bill of exchange may be duly presented for acceptance, the following rules must be observed:—

[Where bill payable within specified time after demand. Where bill payable after demand. Other cases.]

(1.) When a bill has been drawn payable within a specified time after demand, and the drawer has fixed therein a limit of time for its presentment for acceptance, it must be presented for acceptance accordingly; but where a bill has been drawn payable after demand, and the drawer has not fixed any such limit, it must be presented for acceptance within a reasonable time after the holder receives it. In all other cases a bill of exchange may be presented to the drawee for acceptance at any time before its maturity.

[Reasonble time.]

First Explanation.—In determining what is reasonable time, regard is to be had to the nature of the bill, and the usual course of dealing with respect to similar bills.

[Unreasonable delay.]

Second Explanation.—The presentment is made without unreasonable delay where it is made during ordinary business hours on the day following that on which the holder has received the bill; or where there is no delay, but that which is rendered necessary by the residence of the parties to the bill in different places.

[Place and hours of presentment.]

(2.) Presentment for acceptance must be made at the place of business or the residence of the drawee, on a business day, during reasonable hours.

Explanation.—Where the presentment is made to a person in business, reasonable hours mean ordinary business hours.

[Retention by drawee.]

(3.) Upon the presentment of a bill of exchange for acceptance, the drawee may retain it for a period not exceeding twenty-four hours, to consider whether he will accept it or not.

Explanation.—In reckoning the twenty-four hours, days which are not days for the despatch of business are to be excluded.

VI.—*Acceptance of Bills of Exchange.*

[When drawee may cancel his sinature.]

57. Although a drawee has signed a bill of exchange as if to accept it, he may yet cancel his signature before he has intimated to the holder

৫। সাকরাইয়া দিবার জন্যে হুণ্ডী উপস্থিত করিবার বিধি।

[উপস্থিত করিবার বিধি।]

৫৬ ধারা। হুণ্ডী সাকরাইয়া লইবার জন্যে উপযুক্তমতে উপস্থিত করিবার নিম্নলিখিত বিধি মান্য।

[হুণ্ডীর টাকা দাওয়া হইবার পর নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ও দাওয়া হইবার পর কোন সময়ে দাতব্য হইলে, সেইং ও অন্যং স্থলের কথা।]

(১) যদি হুণ্ডীর টাকা দাওয়া হইবার পর নির্দ্দিষ্ট সময়ের মধ্যে আদেয় হয় এবং হুণ্ডীকারক সাকরাইয়া লইবার জন্যে তাহা উপস্থিত করিবার সময় নিরূপণ করিয়া থাকেন, তবে সাকরাইয়া লইবার জন্যে তদনুসারে উপস্থিত করিতে হইবে। কিন্তু যদি হুণ্ডীর টাকা দাওয়া হইবার পর আদেয় হয় এবং হুণ্ডীকারক তদ্রূপ কাল নিরূপণ না করিয়া থাকেন, তবে হুণ্ডী পাইলে পর যুক্তিসিদ্ধ কালের মধ্যে সাকরাইয়া লইবার জন্যে পত্রধারির তাহা উপস্থিত করিতে হইবে। অন্য সকল স্থলে হুণ্ডীর মিয়াদ পূর্ণ হইবার পূর্ব্ব কোন সময়ে তাহা সাকরাইয়া লইবার জন্যে টাকাদাতার নিকটে উপস্থিত করা যাইতে পারিবে।

[যুক্তিসিদ্ধ সময়ের কথা।]

প্রথম ব্যাখ্যা। যুক্তিসিদ্ধ সময় কাহাকে বলা যাইবে, ইহা নিরূপণ করিবার জন্যে হুণ্ডীর মর্ম্ম এবং তদ্রূপ হুণ্ডী সম্পর্কে ব্যবসায়ের যে রীতি প্রচলিত থাকে তাহা বিবেচনীয়।

[অযুক্তিমত বিলম্বের কথা।]

cases, charge an indorser or drawer in regress, although the instrument has not been presented for payment, if the provisions of the last preceding section have been complied with in other respects :—

(1.) When, at the maturity of the instrument, the maker or acceptor, or any one authorized to represent him, cannot after reasonable search be found, or where access to him cannot be obtained, or where he intentionally prevents the holder of the bill from presenting it : Provided that in the case where access cannot be obtained, such notice as the circumstances admit of, is given without delay ;

(2.) When after maturity the indorser, knowing that the instrument has not been presented has nevertheless made a part payment on account, or has promised to pay the amount of the instrument in whole or in part, or has waived his right to take advantage of the default in presentment.

[When notice not necessary.]

92. In addition to the case provided for in Schedule B, Sections 125 and 127, as to notice of dishonour, the holder of a promissory note, bill of exchange or cheque, may, without having given any notice of the dishonour, charge an indorser or drawer where he has dispensed with notice ; or where, in the case of a bill of exchange, the indorser charged was himself the drawer, and by his direction the acceptor dishonoured the instrument, or where the indorser charged was bound to supply the acceptor with the means of meeting his liability as such, but failed to do so.

[When ordinary notice dispensed with.]

93. A holder who has given such notice as the circumstances admit of, may charge an indorser or drawer in regress, without having given the ordinary notice, where he was ignorant of the address of the indorser or drawer, and though using reasonable diligence, failed to discover it in time to give the regular notice ; or where access to the drawer or indorser for the purpose of giving notice could not be obtained, or was intentionally prevented by the drawer or indorser : Provided such notice, as the circumstances admit of, has been given without delay.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১০ ডিসেম্বর।]

অন্য বিষয়ে ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কার্য্য হইয়া থাকে, তবে নিম্নলিখিত কোন স্থলে সেই পত্র কি হুণ্ডী কি চ্যাকধারী পরাবর্ত্তনক্রমে পৃষ্ঠলিপিকারকের কি টাকাগ্রহীতার স্থানে টাকার দাওয়া করিতে পারিবেন। বিশেষতঃ

১। পত্রের মিয়াদ পূর্ণ হইলে যদি যুক্তিমত অনুসন্ধান করা গেলেও ঐ পত্রকারকের কি স্বীকারকারির কিম্বা তাঁহার প্রতিনিধি হইবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির উদ্দেশ না পাওয়া যায়, কিম্বা তাঁহার নিকট গমন করা যাইতে না পারে, কিম্বা যদি তিনি ইচ্ছাপূর্ব্বক ঐ পত্রধারির ঐ পত্র উপস্থিত করিবার বাধা করেন। কিন্তু এই স্থলে প্রয়োজন যে তাঁহার নিকট গমন করা যাইতে না পারিলে গতিক বিবেচনায় যে সম্বাদ দেওয়া যাইতে পারে সেই সম্বাদ অবিলম্বে দেওয়া যায়।

২। মিয়াদ পূর্ণ হইলে পর ঐ পত্র উপস্থিত করা গেল না জানিয়াও যদি পৃষ্ঠলিপিকারক ঐ পত্রের উপলক্ষে কএক টাকা দিয়া থাকেন, কিম্বা পত্র লিখিত সমুদয় কি কএক টাকা দিবার প্রতিজ্ঞা করিয়া থাকেন, কিম্বা উপস্থিত করিতে না পারাপ্রযুক্ত তাঁহার যে স্বত্ব জন্মে, যদি সেই স্বত্ব উপেক্ষা করিয়া থাকেন, ইতি।

[যে স্থলে সম্বাদ দেওয়া আবশ্যক নয় সেই স্থলের কথা।]

৯২ ধারা। অমান্য করিবার সম্বাদ বিষয়ে B চিহ্নিত তফসীলের ১২৫ ও ১২৭ ধারাতে যে স্থলের বিধান হইয়াছে, তদতিরিক্ত যদি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাকের পৃষ্ঠলিপিকারক কি টাকাগ্রহীতা সম্বাদ দেওয়া অনাবশ্যক কহিয়া থাকেন, কিম্বা হুণ্ডী হইলে যে পৃষ্ঠলিপিকারকের নিকট টাকার দাওয়া হয় তিনিই যদি হুণ্ডীকারক হন ও স্বীকারকারী তাঁহার আদেশমতে ঐ হুণ্ডী অমান্য করেন, অথবা যে পৃষ্ঠলিপিকারকের নিকট টাকার দাওয়া হয়, তিনি যদি স্বীকারকারির দায়ানুসারে টাকা দিবার উপায় করিতে বদ্ধ হইয়া তাহা না করেন, তবে সেই২ স্থলে ঐ পত্রধারী পত্র অমান্য হইবার রীতিমত সম্বাদ না দিয়া পৃষ্ঠলিপিকারকের কি টাকাগ্রহীতার স্থানে টাকার দাওয়া করিতে পারিবেন ইতি।

[রীতিমত সম্বাদ যে স্থানে অপ্রয়োজন হইতে পারে তাহার কথা।]

৯৩ ধারা। পত্রধারী যদি পৃষ্ঠলিপিকারকের কি টাকাগ্রহীতার বাসস্থান অবগত না থাকেন, এবং যুক্তিমত যত্নসহিত অন্বেষণ করিলেও নিয়মিত সম্বাদ দিবার উপযুক্ত সময়ের মধ্যে তাঁহার উদ্দেশ পাইতে না পারেন অথবা যদি সম্বাদ দিবার জন্যে টাকাগ্রহীতার কি পৃষ্ঠলিপিকারকের নিকট গমন করা যাইতে না পারে কিম্বা টাকাগ্রহীতা কি পৃষ্ঠলিপিকারক ইচ্ছামত তাঁহার বাধা করেন, তাহা হইলে পত্রধারী ভাবগতিক বিবেচনায় যে সম্বাদ দিতে পারেন তাহা দিলে পর, রীতিমত সম্বাদ না দিয়া পরাবর্ত্তনক্রমে পৃষ্ঠলিপিকারকের কি টাকাগ্রহীতার স্থানে টাকা দাওয়া করিতে পারিবেন। কিন্তু এমত স্থলে প্রয়োজন যে ভাবগতিকানুযায়ি উক্ত সম্বাদ অবিলম্বে দেওয়া যায় ইতি।

[Effect of holder's non-compliance with provisions contained or referred to in Section 90.]

94. Non-compliance of the holder of a promissory note, bill of exchange, or cheque, with any of the provisions contained or referred to in Section 90 of this Act, without lawful excuse, has the same effect as to the drawer of a bill of exchange or the indorser of any negotiable instrument, as if the instrument had been paid at its maturity.

Illustrations.

(*a*.) A. makes and delivers to B. a promissory note for 2,000 Rupees. B., in consideration of a similar sum which he owes to C. for the purchase of merchandise, indorses the instrument to C., who duly presents it to A. for payment. A. dishonours the instrument, and C., without lawful excuse, neglects to give notice of the dishonour to B. C. can neither claim the amount of the instrument against B. in regress, nor can he recover from B. the value of the merchandise.

(*b*.) A. being the maker of a promissory note of which B. is the holder, and A. having dishonoured it, A. indorses to B., as a security for its amount, a bill of exchange; this bill is also dishonoured, but B. without lawful excuse neglects to give A. due notice of the dishonour. B. can neither sue A. as indorser of the bill, nor as maker of the promissory note.

(*c*.) B., the holder of a bill of exchange by indorsement from A., indorses it to C. in consideration of services to be rendered by C. The acceptor dishonours the instrument, and C. without lawful excuse omits to give notice thereof to any indorser. B. is discharged from his responsibility as indorser, but C. remains liable to perform the service

(*d*.) A. indorses to B., for Z., a bill of exchange, payable at a future day. B., at Z.'s request, indorses it to C. for a debt that had become due from Z. to C. The acceptor dishonours the bill, and C., without lawful excuse, omits to give any notice. Z is discharged from his debt to C., for by C.'s default, Z. has lost his rights of regress in B.'s name.

[When acceptor for honour may be charged.]

95. An acceptor for honour cannot be charged, unless the bill has, at its maturity, been presented to the drawee for payment, and has been dishonoured by him, and noted or protested for such dishonour.

[*Government Gazette*, 10*th December* 1867.]

[পত্রধারী ৯০ ধারার লিখিত কি উল্লিখিত বিধানমতে কর্ম্ম না করিলে তাহার ফলের কথা।]

৯৪ ধারা। প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাকধারী বৈধ হেতু না থাকিলেও যদি এই আইনের ৯০ ধারার লিখিত কি উল্লিখিত কোন বিধানমতে কর্ম্ম না করেন, তবে ঐ পত্রের মিয়াদ পূর্ণ হইয়া তাহার টাকা দেওয়া গেলে যে ফল হইত, হুণ্ডীর টাকা প্রতীতার ও ক্রেয়-বিক্রেয় কোন পত্রের পৃষ্ঠলিপিকারকের পক্ষে সেই ফল হইবে ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ ২০০০৲ টাকার প্রতিজ্ঞাপত্র করিয়া বলরামকে দেন। বলরাম চন্দ্রের স্থানে বাণিজ্য দ্রব্য ক্রয় করাতে তাঁহার নিকট তত টাকার ঋণী হইয়া তদ্বিনিময়ে ঐ প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠে চন্দ্রের নাম লিখিয়া ঐ পত্র দেন। চন্দ্র টাকা পাইবার জন্যে আনন্দের নিকট পত্র উপস্থিত করেন। আনন্দ সেই পত্র অমান্য করেন, এবং বৈধ হেতু না থাকিলেও চন্দ্র বলরামকে সেই পত্র অমান্য হইবার সম্বাদ দিতে শৈথিল্য করিলেন। এমন স্থলে চন্দ্র পরাবর্ত্তনক্রমে বলরামের স্থানে ঐ পত্রের টাকা পাইতে পারিবেন না, এবং বাণিজ্য দ্রব্যের মূল্যও তাঁহার স্থানে আদায় করিতে পারিবেন না।

(*b*) আনন্দ প্রতিজ্ঞাপত্র করিলেন। বলরাম ঐ পত্রধারী। আনন্দ সেই পত্র অমান্য করিয়া ঐ পত্রের টাকা পাইবার প্রতিভূস্বরূপ একখান হুণ্ডীর পৃষ্ঠলিপি করিয়া বলরামকে দেন। ঐ হুণ্ডীও অমান্য হইল। কিন্তু বৈধ হেতু না থাকিলেও বলরাম আনন্দকে ঐ অমান্য হইবার উপযুক্ত সম্বাদ দিতে শৈথিল্য করেন। হুণ্ডীর পৃষ্ঠলিপিকারক কিম্বা প্রতিজ্ঞাপত্রকারকস্বরূপ আনন্দের নামে বলরাম নালিশ করিতে পারিবেন না।

(*c*) আনন্দ হুণ্ডীর পৃষ্ঠলিপি করিয়া তাহা বলরামকে দেন, চন্দ্র বলরামের নিমিত্তে কিছু কর্ম্ম করিবেন, তাহার বিনিময়ে বলরাম ঐ হুণ্ডীর পিঠে লিখিয়া চন্দ্রকে দেন। যে ব্যক্তি সাকরিয়া দিলেন তিনি ঐ পত্র অমান্য করিলেন, এবং বৈধ হেতু না থাকিলেও চন্দ্র পৃষ্ঠলিপিকারককে সেই বিষয়ের সম্বাদ দিলেন না। পৃষ্ঠলিপিকারকস্বরূপ বলরাম দায়হইতে মুক্ত হইলেন, কিন্তু চন্দ্র সেই কর্ম্ম সম্পাদনের দায়ী থাকিবেন।

(*d*) আনন্দ যদুনাথের নিমিত্তে বলরামের নামে হুণ্ডীর পৃষ্ঠলিপি করিয়া দেন। ঐ হুণ্ডীর টাকা ভাবি কোন দিনে দাতব্য হয়। যদুনাথ চন্দ্রের টাকা ধারেন ও সেই ঋণের টাকা দেনা পড়িলে বলরাম যদুনাথের প্রার্থনামতে চন্দ্রের নামে হুণ্ডীর পৃষ্ঠলিপি করিয়া দেন। যে ব্যক্তি সাকরাইয়া দিলেন তিনি তাহা অমান্য করিলে, চন্দ্র বৈধহেতুভিন্ন সম্বাদ দিতে শৈথিল্য করিলেন। চন্দ্রের সেই ত্রুটিহেতুক বলরামের নামে যদুনাথের পরাবর্ত্তনের স্বত্ব লোপ হইল, এইহেতুক যদুনাথ চন্দ্রের নিকট ঋণহইতে মুক্ত হইলেন।

[যিনি মান রক্ষার জন্যে স্বীকার করেন তাঁহার স্থানে যে স্থলে টাকার দাওয়া হইতে পারে তাহার কথা।]

৯৫ ধারা। যদি কোন ব্যক্তি মান রক্ষার জন্যে হুণ্ডীর টাকা দিতে স্বীকার করেন, তবে হুণ্ডীর মিয়াদ পূর্ণ হইয়া টাকা আদায়ের নিমিত্তে টাকাদাতার নিকটে উপস্থিত না করা গেলে ও তিনি তাহা অমান্য না করিলে, ও অমান্য হওয়াপ্রযুক্ত তাহার নোট কি প্রটেষ্ট না হইলে, মানরক্ষার্থে সেই স্বীকারকারির স্থানে টাকার দাওয়া হইতে পারিবে না ইতি।

XII.—*Payment for Honour.*

[Payment for honour how made.]

96. When a bill of exchange has been protested or noted for non-payment, any person may within twenty-four hours thereafter pay it for the honour of a drawer or an indorser, provided the drawer or indorser then liable thereupon.

[Right of party paying for honour.]

97. A person who has paid for honour has a right to charge in regress the signer for whose honour he has paid, or any parties liable upon the bill of exchange to that signer.

XIII.—*Right of Signer who has paid.*

[Right of signer who has paid.]

98. Where a bill of exchange contains several indorsements in blank, a signer who having been charged in regress has reimbursed the holder and again obtained the instrument, recovers thereby his former right, but acquires no right as against intermediate indorsers.

XIV.—*Discharge of Signer.*

[Agreement between signers as to order of their respective liability.]

99. No agreement between two signers of a promissory note or a bill of exchange shall affect the order of their respective liability so far as regards a holder in due course, unless such agreement appears on the face of the instrument.

[Discharge of indorser's liability.]

100. The indorser of a negotiable instrument is not discharged from his liability thereupon by the holder having merely foreborne to sue a previous signer; but when the holder, without the consent of the indorser, destroys or impairs the indorser's right of regress against a previous signer, the indorser is discharged from liability to the holder to the same extent as if the instrument had been paid at its maturity.

Illustrations.

(*a.*) A. is the holder of a bill of exchange made payable to the order of B., which contains the following indorsements in blank :—

First indorsement, "John Smith."
Second indorsement, "John Doe."
Third indorsement, "John Styles."
Fourth indorsement, "John Nokes."

১২—মান রক্ষার্থ টাকা দেওনের বিধি।

[মান রক্ষার্থে যেরূপে টাকা দেওয়া যাইবে তাহার কথা।]

৯৬ ধারা। হুণ্ডীর টাকা না দেওয়াপ্রযুক্ত যদি তাহার প্রটেষ্ট কি নোট হইয়া থাকে, তবে টাকাগ্রহীতা কি পৃষ্ঠলিপিকারক তৎকালে দায়ী হইলে, কোন ব্যক্তি তৎপরে চব্বিশ ঘন্টার মধ্যে টাকাগ্রহীতার কি পৃষ্ঠলিপিকারকের মান রক্ষার জন্যে টাকা দিতে পারিবেন ইতি।

[যে ব্যক্তি মান রক্ষার্থে টাকা দেন তাঁহার স্বত্বের কথা।]

৯৭ ধারা। যে ব্যক্তি মান রক্ষার জন্যে টাকা দিয়াছেন, তিনি যে স্বাক্ষরকারির মান রক্ষা করিবার জন্যে টাকা দিয়াছেন পরাবর্ত্তনক্রমে তাঁহার স্থানে, অথবা অন্য যে কোন ব্যক্তিরা ঐ হুণ্ডীর উপর ঐ স্বাক্ষরকারির নিকটে দায়ী হন তাঁহারদের স্থানে টাকার দাওয়া করিতে পারিবেন ইতি।

১৩—যে স্বাক্ষরকারী টাকা দেন তাঁহার স্বত্ববিষয়ক বিধি।

[যে স্বাক্ষরকারী টাকা দিয়াছেন তাহার স্বত্বের কথা।]

৯৮ ধারা। যদি হুণ্ডীর পৃষ্ঠে অনেক ব্যক্তির স্বাক্ষরমাত্র থাকে, তবে পরাবর্ত্তনক্রমে কোন স্বাক্ষরকারির নিকট দাওয়া হওয়াপ্রযুক্ত তিনি পত্রধারিকে টাকা দিয়া ঐ হুণ্ডী ফিরিয়া পাইলে, আপনকার পুর্ব্ব স্বত্ব পুনঃ প্রাপ্ত হন। কিন্তু পত্রধারির ও তাঁহার নিজনামের মধ্যে যে ব্যক্তিদের স্বাক্ষর থাকে তাঁহারদের উপর তাঁহার স্বত্ব বর্ত্তে না ইতি।

১৪।—স্বাক্ষরকারির মুক্ত হওনের বিধি।

[স্বাক্ষরকারিদের দায়ের ক্রমবিষয়ে তাঁহারদের মধ্যে নিয়মের কথা।]

৯৯ ধারা। প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর দুই জন স্বাক্ষরকারির মধ্যে কোন বন্দোবস্ত হইলেও যদি সেই পত্রের অভিমুখে ঐ বন্দোবস্ত প্রকাশ না হয়, তবে যিনি যথানিয়মে ঐ পত্রধারী হন তাহার সম্পর্কে তাঁহারদের পরস্পর দায়ের ক্রমের ব্যাঘাত হইবে না ইতি।

[পৃষ্ঠলিপিকারকের দায়হইতে নিষ্কৃতির কথা।]

১০০ ধারা। ক্রেয়বিক্রেয়পত্রধারী যদি কোন পৃষ্ঠলিপিকারকের পূর্ব্ব স্বাক্ষরকারির নামে ইচ্ছাপুর্ব্বক দাওয়া করিতে ক্ষান্ত থাকেন, তবে কেবল সেই কারণে ঐ পৃষ্ঠলিপিকারক দায়হইতে নিষ্কৃতি পান না। কিন্তু যদি পত্রধারী পৃষ্ঠলিপিকারকের অনুমতিভিন্ন পূর্ব্ব স্বাক্ষরকারির বিপক্ষে তাঁহার পরাবর্ত্তনসংক্রান্ত স্বত্ব নষ্ট কি দুর্ব্বল করেন, তবে মিয়াদ পূর্ণ হওনকালে টাকা দেওয়া গেলে ঐ পৃষ্ঠলিপিকারক যত দূর মুক্ত হইতেন পত্রধারির নিকট তিনি তত দূর দায়হইতে নিষ্কৃতি পাইবেন ইতি।

উদাহরণ।

(*a*) আনন্দ এক হুণ্ডীধারী আছেন, তাহার টাকা বলরামের আজ্ঞামতে দাতব্য হয়। তাহার পৃষ্ঠে নিম্নলিখিত স্বাক্ষর মাত্র আছে।

প্রথম পৃষ্ঠলিপি যদুনাথ সিংহ।
দ্বিতীয় পৃষ্ঠলিপি যদুনাথ দে।
তৃতীয় পৃষ্ঠলিপি যদুনাথ সাহা।
চতুর্থ পৃষ্ঠলিপি যদুনাথ দেওগী।

This bill A. puts in suit against John Nokes, and strikes out the indorsements by John Doe and John Styles. A. is not entitled to recover anything from John Nokes.

(*b.*) A. is the first and B. the second indorser of a promissory note, of which C. is the holder. C. agrees with the maker, with the sanction of A. but without the knowledge of B., to give the maker additional time for paying the amount of the instrument. A remains liable as indorser, but B. is discharged from liability to C.

XV.—*Cheques.*

[Discharge of maker when cheque not duly presented.]

101. Where a cheque has not been presented for payment in accordance with these rules, and the maker has thereby sustained a loss, he is to the extent of such loss discharged from liability.

[Crossed cheque.]

102. The maker or the holder of a cheque by writing across it the name of a banker, directs payment to be made only through that banker. By crossing the cheque with two transverse lines with the words "and Company," or any abbreviation thereof, he directs payment to be made only through some banker.

Whenever a cheque shall have been issued uncrossed, or shall be crossed with the words "and Company," or any abbreviation thereof, and without the name of any banker, the holder of such cheque, while the same remains so uncrossed, or crossed with the words "and Company" or any abbreviation thereof, without the name of any abnker, may cross the same with the name of a banker.

The crossing of a cheque forms a substantial part of the cheque, and any alteration of a crossing has the same effect as an alteration in the cheque.

[Payment of cheque whereof the crossing is not plainly apparent.]

103. When a cheque has been so crossed as to render it payable only through a particular banker, or payable only through some banker, but at the time of presentment for payment the instrument does not plainly appear to be or to have been crossed, the banker, if he pays the sum mentioned therein, is discharged from all liability, provided the payment is made in due course.

XVI.—*International Law.*

[Foreign note, bill, and cheque defind.]

104. A promissory note, bill of exchange, or cheque, either not drawn or not payable in British India, is said to be foreign.

আনন্দ ঐ হুণ্ডীর উপর যদুনাথ মেওগীর নামে নালিশ করিয়া যদুনাথ দের ও যদুনাথ শাজার নাম কাটিলেন। এই স্থলে আনন্দ যদুনাথ মেওগীর স্থানে কিছু পাইতে পারিবেন না।

(*b*) চন্দ্র কোন প্রতিজ্ঞাপত্রধারী আছেন। তাহার পৃষ্ঠে প্রথমে আনন্দের, তৎপরে বলরামের স্বাক্ষর হইয়াছে। চন্দ্র বলরামের অজ্ঞাতসারে কিন্তু আনন্দের অনুমতি লইয়া ঐ পত্রকারককে পত্রের টাকা শোধ করিবার অধিক সময় দিতে অঙ্গীকার করিলেন। চন্দ্রের নিকট আনন্দ পৃষ্ঠলিপিকারকস্বরূপ দায়ী থাকেন কিন্তু বলরামের সেই দায় রহিত হয়।

১৫।—চ্যাকের বিধি।

[চ্যাক উপযুক্তমতে উপস্থিত না করা গেলে, তৎকারকের মুক্তির কথা।]

১০১ ধারা। যদি চ্যাক এই বিধিমতে উপস্থিত না করা যায়, এবং যে ব্যক্তি চ্যাক করিয়াছিলেন, তদ্দ্বারা যদি তাঁহার ক্ষতি হইয়া থাকে, তবে তিনি সেই ক্ষতির পরিমাণে দায় হইতে নিষ্কৃতি পান ইতি।

[চ্যাকের আড়ে লিখিবার কথা।]

১০২ ধারা। যে ব্যক্তি চ্যাক করেন কিম্বা যিনি ঐ চ্যাকধারী হন, তিনি যদি তাহার আড়ে কোন বণিকের নাম লেখেন, তবে তাহা কেবল সেই বণিকের দ্বারা টাকা আদায় করিবার আদেশের তুল্য হয়। যদি সেই চ্যাকের আড়ে "ও কোম্পানি" এই কথা কিম্বা সেই কথার কোন সংক্ষেপ লিপি করিয়া তীর্য্যকভাবে দুই রেখা করেন, তবে তাহা কেবল বণিকের দ্বারা টাকা আদায় করিবার আদেশের তুল্য হয়।

যদি আড়ে কোন কথা না লিখিয়া চ্যাক বাহির হয়, কিম্বা "ও কোম্পানি" এই কথা কি তাহার সংক্ষেপ কথা আড়ে লেখা যায়, কিন্তু কোন বণিকের নাম লেখা না থাকে, তবে উক্ত চ্যাক যত কাল আড়ে অলিখিত থাকে কিম্বা কোন বণিকের নাম ভিন্ন "ও কোম্পানি" এই কথা কি তাহার সংক্ষেপ কথামাত্র যত কাল চ্যাকের আড়ে লেখা থাকে তত কাল যে ব্যক্তি সেই চ্যাকধারী হন, তিনি আড়ভাবে কোন বণিকের নাম লিখিতে পারিবেন।

চ্যাকের আড়ে যে লিপি করা যায়, তাহা চ্যাকের গুরুতর অংশ। তাহার কোন প্রকারে পরিবর্ত্তন হইলে চ্যাক পরিবর্ত্তন করিবার তুল্য ফল হয় ইতি।

[আড়ে লিখন স্পষ্ট দেখা না গেলে তাহার টাকা দিবার কথা।]

১০৩ ধারা। কোন চ্যাকের আড়ে উক্ত প্রকারের লিখন থাকাতে যদি কেবল বিশেষ বণিকের দ্বারা কিম্বা কেবল কোন বণিকের দ্বারা টাকা দেওয়া যাইতে পারে কিন্তু আদায়ের জন্যে সেই পত্র উপস্থিত করা গেলে তাহার আড়ে কিছু লেখা আছে কি হইয়াছে, ইহা যদি স্পষ্ট দেখা না যায়, তবে বণিক সেই চ্যাকের লিখিত টাকা দিলে সমস্ত দায়হইতে মুক্ত হন। কিন্তু সেইটাকা নিয়মিত ধারামতে দেওয়া প্রয়োজন ইতি।

১৬।—দেশবিদেশের ব্যবহার সংক্রান্ত ব্যবস্থার বিধি।

[ভিন্নদেশীয় নোট ও হুণ্ডী ও চ্যাকের অর্থ নির্ণয়।]

১০৪ ধারা। যে প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে করা না যায় কি যাহার টাকা সেই দেশে আদেয় না হয়, তাহাকে ভিন্নদেশীয় বলা যায়।

[Law regulating respective liabilities of maker, acceptor and indorser.]

In the absence of an agreement to be bound by another law, the liability of the maker of a promissory note, bill of exchange, or cheque, is regulated in all essential matters by the law of the place where he made the instrument; the liability of the acceptor, by the law of the place where he accepted the instrument; the liability of an indorser, by the law of the place where he indorsed the instrument.

Illustration.

A bill of exchange was drawn by A. in California, where the rate of interest is 25 per cent., and accepted by B., payable in Washington, where the rate of interest is 6 per cent. The bill is indorsed in British India, and is dishonoured. An action on the bill is brought against B., in British India. He is liable to pay interest at the rate of 6 per cent. only; but if A. is charged in regress, A. is liable to pay interest at the rate of 25 per cent

[Law regulating protest and notice of dishonour.]

105. Where a promissory note, bill of exchange, or cheque, is payable in a different place from that in which it is made or indorsed, the law of the place where the instrument is made payable is to determine what constitutes dishonour, and what notice of dishonour is sufficient.

Illustration.

A bill of exchange drawn and indorsed in British India, but accepted payable in France, is dishonoured. The indorsee causes it to be protested for such dishonour, and gives notice thereof in accordance with the law of France, though not in accordance with the rules herein contained in respect of bills which are not foreign. The notice is sufficient.

[Negotiable engagement in accordance with law of British India, but invalid where made.]

106. If a negotiable engagement contained in any negotiable instrument, although not made in British India, is in accordance with the law in force in British India, the circumstance that such engagement is invalid according to the law of the country wherein it was made, does not invalidate any subsequent acceptance or indorsement made in British India upon such instrument.

[Presumption as to foreign law.]

107. In the absence of proof to the contrary, the law of foreign countries regarding promissory notes, bills of exchange, or cheques, is to be taken to be in accordance with the law of British India.

[কারকের ও স্বীকারকারির ও পৃষ্ঠলিপিকারকের দায়বিষয়ক ব্যবস্থার কথা।]

যদি অন্য ব্যবস্থা মানিবার অঙ্গীকার না থাকে, তবে যিনি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক করেন তিনি যে স্থানে ঐ পত্র করিলেন গুরুতর সকল বিষয়ে সেই স্থানের ব্যবস্থামতে তাঁহার দায় অবধারিত হইবে। ঐ পত্র যে স্থানে স্বীকার করা যায়,ঐ পত্রের স্বীকারকারির দায় সেই স্থানের ব্যবস্থামতে অবধারিত হয়। যে স্থানে পত্রের পৃষ্ঠলিপি করা যায়, পৃষ্ঠলিপিকারকের দায় সেই স্থানের ব্যবস্থামতে অবধারিত হয় ইতি।

উদাহরণ।

আনন্দ কালিফর্নিয়াতে হুণ্ডী করিলেন, সেই স্থানে শতকরা ২৫৲ টাকা হারে সুদ পাওয়া যায়। ওয়াশিংটন নগরে ঐ হুণ্ডীর টাকা আদেয় আছে বলিয়া বলরাম তাহা সাকরাইয়া দিলেন। সেই স্থানে শতকরা ৬৲ টাকার হারে সুদ পাওয়া যায়। ব্রিটনীয় ভারতবর্ষে সেই হুণ্ডীর পৃষ্ঠলিপি হইয়া তাহা অমান্য হইয়াছে। ব্রিটনীয় ভারতবর্ষে বলরামের নামে ঐ হুণ্ডীর উপর নালিশ হইল। তাঁহার কেবল শতকরা ৬৲ টাকার হিসাবে সুদ দিতে হইবে। কিন্তু যদি পরাবর্ত্তনক্রমে আনন্দের স্থানে টাকার দাওয়া হয়, তবে আনন্দ শতকরা ২৫৲ টাকার হারে সুদ দিবার যোগ্য হইবেন।

[প্রটেষ্ট এবং অমান্য হইবার সম্বাদ দেওনের ব্যবস্থার কথা।]

১০৫ ধারা। প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক, কি তাহার পৃষ্ঠলিপি যে স্থানে করা যায়, যদি তদ্ভিন্ন অন্য স্থানে তাহার টাকা আদেয় হয়, তবে যাহা হইলে ঐ পত্র অমান্য হয়, এবং অমান্য হইবার যে সম্বাদ প্রচুর, পত্রের টাকা যে স্থানে আদেয় হয় সেই স্থানের ব্যবস্থামতে ঐ কথা নির্ণয় হইবে ইতি।

উদাহরণ।

একখান হুণ্ডী ব্রিটনীয় ভারতবর্ষে করা গেল ও তাহার পৃষ্ঠলিপি করা গেল কিন্তু টাকা ফ্রান্সদেশে আদেয় হইয়া তথায় সাকরিয়া দেওয়া গেল ও পরে অমান্য হইল। অমান্য হওয়াপ্রযুক্ত পৃষ্ঠলিখিত গ্রহীতা তাহার প্রটেষ্ট করাইয়া ফ্রান্সদেশের ব্যবস্থামতে তাহার সম্বাদ দিলেন। যে হুণ্ডী ভিন্নদেশীয় নয় সেই হুণ্ডীবিষয়ক এই আইন লিখিত বিধি ফ্রান্সদেশীয় ব্যবস্থার সঙ্গে মিলে না তথাপি ঐ সম্বাদ পর্য্যাপ্ত।

[ক্রেয়বিক্রেয় প্রতিজ্ঞা ব্রিটনীয় ব্যবস্থামত হইলেও যে স্থানে করা গেল সেই স্থানে অসিদ্ধ হইবার কথা।]

১০৬ ধারা। ক্রেয়বিক্রেয় কোন পত্রেতে ক্রেয়বিক্রেয় যে প্রতিজ্ঞা লেখা থাকে, তাহা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে করা না গেলেও ব্রিটনীয় ভারতবর্ষের প্রচলিত ব্যবস্থামতে করা গেল এমন স্থলে ঐ প্রতিজ্ঞা যে দেশে করা গিয়াছিল সেই দেশের ব্যবস্থামতে অসিদ্ধ হইলেও তৎপশ্চাৎ সেই পত্রের উপর ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে স্বীকার করিবার যে কথা লেখা যায় কি যে পৃষ্ঠলিপি করা যায় তাহা অসিদ্ধ হইবে না ইতি।

[ভিন্ন দেশীয় আইনপ্রভৃতির অনুভূতির কথা।]

১০৭ ধারা। বিপরীত প্রমাণাভাবে প্রতিজ্ঞাপত্র ও হুণ্ডী ও চ্যাক বিষয়ক ভিন্ন দেশীয় ব্যবস্থা ব্রিটনীয় ভারতবর্ষের ব্যবস্থানুযায়ি জ্ঞান হইবে ইতি।

[Protest of instrument entered into in country requiring protest in case of dishonour.]

108. When a promissory note, bill of exchange, or cheque, has been entered into in a foreign country, by the law of which a regresser must in case of dishonour protest the instrument, the right of regress in this country also is conditional upon such protest being made.

XVII.—*Effect of Alterations.*

[Substantial alterations invalidate instruments.]

109. Any substantial alteration of a promissory note, bill of exchange, or cheque, shall (save as provided by this Part and by Sections 25, 31, 34, 38, 39, 69, 102, and 103 of this Act) render the instrument invalid.

[Alteration before negotiation, to correct a mistake or by contract of Parties.]

110. A promissory note, bill of exchange, or cheque, may be altered before it is negotiated, or it may be altered after negotiation or transfer, in order to express the original intention of the parties; or it may be altered at any time and in any manner with the consent of all those who are at the time of the alteration parties to the instrument.

[Alterations by stranger in note, or bill.]

111. Alterations made in a promissory note or bill of exchange by a person not a party to such note or bill, have no effect upon the liabilities of a party who signed the instrument as maker or acceptor before such alterations were made.

[Indorsement of note previously altered.]

112. A person who indorses a promissory note is bound by his indorsement, notwithstanding any previous alteration of the note.

[Indorsement of bill previously altered.]

113. A person who indorses a bill of exchange is bound by his indorsement, notwithstanding any previous alteration of the bill.

[Acceptance of bill previously altered. Substantial alteration, what.]

114. A person who accepts a bill of exchange is bound by his acceptance, notwithstanding any previous alteration of the bill.

Explanation.—An instrument is substantially altered by changing the date, sum, place or time for payment, by the insertion of words authorizing transfer or stating the value to be received on some particular account, by adding a name as that of a maker or a drawer, or a place for payment.

[*Government Gazette*, 10*th December* 1867.]

[যে দেশে পত্র অমান্য হইলে প্রটেষ্ট লেখা আবশ্যক সেই দেশে করা গেলে তাহার কথা।]

১০৮ ধারা। যদি কোন প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক ভিন্নদেশে করা যায় এবং সেই দেশের ব্যবস্থামতে ঐ পত্র অমান্য হইলে যদি পরাবর্ত্তনকারির তাহার প্রটেষ্ট করিতে হয়, তবে প্রটেষ্ট না করা গেলে এতদ্দেশেও পরাবর্ত্তনের স্বত্ব বর্ত্তিবে না ইতি।

১৭।—পরিবর্ত্তনবিষয়ক ফলের কথা।

[গুরুতর অংশে পরিবর্ত্তন হইলে পত্র অসিদ্ধ হইবার কথা।]

১০৯ ধারা। এই খণ্ডেতে এবং এই আইনের ২৫, ৩১, ৩৪, ৩৮, ৩৯, ৬৯, ১০২, ও ১০৩ ধারাতে যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলভিন্ন যদি প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর কি চ্যাকের গুরুতর অংশে পরিবর্ত্তন করা যায় তবে সেই পত্র অসিদ্ধ হয় ইতি।

[অশুদ্ধ সংশোধন করিবার জন্যে কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে ক্রয়বিক্রয়ের পূর্ব্বে যে পরিবর্ত্তন করা যায় তাহার কথা।]

১১০ ধারা। উভয় পক্ষের মূল অভিপ্রায় ব্যক্ত করিবার জন্যে প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক ক্রয়বিক্রয় হইবার পূর্ব্বে পরিবর্ত্তন করা যাইতে পারিবে, কিম্বা ক্রয়বিক্রয় করিবার কি হস্তান্তর করিবার পরেও পরিবর্ত্তন করা যাইতে পারিবে, অথবা পরিবর্ত্তন করিবার সময়ে সেই পত্রে যাঁহাদের সংস্রব থাকে তাঁহাদের সকলের অনুমতিক্রমে তাহার কোন সময়ে ও কোন প্রকারে পরিবর্ত্তন হইতে পারিবে ইতি।

[উদাসীন ব্যক্তিদ্বারা প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর পরিবর্ত্তনের কথা।]

১১১ ধারা। কোন প্রতিজ্ঞাপত্রে কি হুণ্ডীতে যাঁহার সংস্রব না থাকে তিনি তাহার পরিবর্ত্তন করিলে তদ্রূপ পরিবর্ত্তন হইবার পূর্ব্বে যে ব্যক্তি ঐ পত্রকারক কি স্বীকারকারিস্বরূপে তাহাতে স্বাক্ষর করিলেন তাঁহার দায়ের ব্যতিক্রম হইবে না ইতি।

[পরিবর্ত্তনের পর প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠলিপির কথা।]

১১২ ধারা। যে ব্যক্তি প্রতিজ্ঞাপত্রের পৃষ্ঠে লেখেন তৎপূর্ব্বে ঐ পত্রের কোন পরিবর্ত্তন হইলেও তিনি সেই পৃষ্ঠলিপি দ্বারা আবদ্ধ হন ইতি।

[পরিবর্ত্তনের পর হুণ্ডীর পৃষ্ঠলিপির কথা।]

১১৩ ধারা। যে ব্যক্তি হুণ্ডীর পৃষ্ঠে লেখেন তৎপূর্ব্বে ঐ হুণ্ডীর কোন পরিবর্ত্তন হইলেও তিনি সেই পৃষ্ঠলিপিতে আবদ্ধ হন ইতি।

[হুণ্ডী পরিবর্ত্তন হইলে পর তাহা সাকরাইবার কথা।]

১১৪ ধারা। যে ব্যক্তি হুণ্ডী সাকরিয়া দেন তৎপূর্ব্বে হুণ্ডীর পরিবর্ত্তন হইলেও তিনি সেই সাকরাণেতে বদ্ধ হন।

[গুরুতর পরিবর্ত্তন কাহাকে বলা যায় তাহার কথা।]

ব্যাখ্যা। পত্রের তারিখ কি উল্লিখিত টাকা কি টাকা দিবার সময় কি স্থান পরিবর্ত্তন হইলে, অথবা হস্তান্তর করিবার অনুমতি দেওনসূচক কথা লিখিলে, কিম্বা বিশেষ হেতুতে মূল্য গ্রহণ করিতে হইবার কথা লিখিলে কিম্বা নূতন পত্রকারকের কি টাকা গ্রহীতার কিম্বা টাকা দিবার স্থানের নাম বলিয়া অন্য নাম সংযোগ করিলে সেই পত্র গুরুতর অংশে পরিবর্ত্তন হয় ইতি।

[Discharge of maker, acceptor, or drawee, where alteration does not plainly appear.]

115. Where a promissory note, bill of exchange, or cheque has been altered, but does not plainly appear to have been altered, the maker, acceptor, or drawee is discharged by payment in due course.

SCHEDULE A.

Rules as to Sets.

[The whole set, but one bill.]

116. A bill of exchange may be drawn in a set; but the whole set, of how many parts soever it may be composed, constitutes but one bill, and the payment in due course of any one of the parts extinguishes all the other parts of the bill, except as against an indorser who has indorsed different parts of the bill to different persons, and any indorser subsequent to such indorser as last aforesaid, if his indorsement remain uncancelled upon a part not given up.

[Note of address of person to whom part is sent for acceptance.]

117. When one of a set has been sent for acceptance, the sender should, upon the others of the set, make a note of the address of the person in whose hands the part so sent for acceptance is. The omission to make such note does not deprive the holder of his right to negotiate the bill of exchange, but renders the sender responsible for damage resulting to any holder from such omission.

The person in possession of the part sent for acceptance, is bound to deliver the same to the holder of the set to which such part belongs.

[When holder of duplicate may charge indorser in regress.]

118. The holder of a duplicate containing such note of address as is mentioned in the last Section, may charge an indorser in regress where such holder has been unable to obtain the re-delivery of the part sent for acceptance, and where acceptance or payment of his part could not be obtained. But this act must be stated in the protest.

SCHEDULE B.

Rule as to Noting.

[Effect of noting. Contents of note.]

119. Whenever a promissory note, bill of exchange, or cheque, has been dishonoured by non-ac-

[পরিবর্ত্তন স্পষ্টরূপে দৃষ্ট না হইলে পত্রকারকের ও স্বীকারকারির ও টাকা দাতার মুক্তির কথা।]

১১৫ ধারা। যদি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক পরিবর্ত্তন করা গিয়া থাকে কিন্তু তাহার পরিবর্ত্তন করা স্পষ্টরূপে দেখা না যায়, তবে নিয়মিত ধারামতে টাকা দেওয়া গেলে পত্রকারকের ও স্বীকারকারির ও টাকা দাতার নিষ্কৃতি হয় ইতি।

A চিহ্নিত তফসীল।

সেট বিষয়ক বিধি।

[সম্পূর্ণ সেট একি হুণ্ডী হইবার কথা।]

১১৬ ধারা। হুণ্ডী সেট করিয়া লেখা যাইতে পারিবে, কিন্তু সেই সম্পূর্ণ সেট যত ভাগের হউক সেই সমুদয় লইয়া কেবল একই হুণ্ডী হয়, এবং তাহার মধ্যে কোন এক ভাগের টাকা যথা রীতিমতে দেওয়া গেলে ঐ হুণ্ডীর অন্য সকল ভাগ লোপ পায়। কিন্তু যদি কেহ ভিন্ন২ ভাগের পৃষ্ঠলিপি করিয়া ভিন্ন২ ব্যক্তিকে টাকা দাতব্য করিয়া থাকেন, এবং সেই পৃষ্ঠলিপিকারকের পর যদি কেহ পৃষ্ঠলিপি করিয়া থাকেন, তবে এক ভাগ সমর্পণ করণ কালে তাঁহার পৃষ্ঠলিপি ব্যর্থ না হইলে তাঁহার বিপক্ষে অন্য সকল ভাগের লোপ হয় না ইতি।

[এক ভাগ সাকরাইবার জন্যে যাঁহার নিকট পাঠান যায় তাহার নামাদির মর্ম্মলিপির কথা।]

১১৭ ধারা। যখন সেটের এক ভাগ সাকরাইবার জন্যে প্রেরণ করা যায় তখন তদ্রূপ প্রেরিত ভাগ যাহার হস্তে থাকে প্রেরকের কর্ত্তব্য যে ঐ সেটের অন্য সকল ভাগের উপর ঐ ব্যক্তির নাম ও নিবাসাদির মর্ম্মাত্মক লিপি লেখেন। সেই মর্ম্মাত্মক লিপি না করিলে ঐ পত্রধারির সেই হুণ্ডী বিক্রয় করিবার স্বত্ব লোপ হয় না, কিন্তু তাহা না লেখাতে যদি কোন পত্রধারির হানি হয়, তবে প্রেরক তাহার দায়ী হন।

সাকরাইবার জন্যে যে ভাগ পাঠান যায় তাহা যাঁহার হস্তগত থাকে ঐ ভাগ যে সেটের অংশ হয় সেই সেট যাঁহার নিকট থাকে তাঁহার নিকট ঐ ব্যক্তি সেই ভাগ দিতে আবদ্ধ আছেন ইতি।

[দ্বিতীয় ভাগ যাঁহার হাতে থাকে তিনি যে স্থলে পরাবর্ত্তনক্রমে পৃষ্ঠলিপিকারকের নিকট টাকার দাওয়া করিতে পারেন তাহার কথা।]

১১৮ ধারা। ইহার পূর্ব্ব ধারাতে নামাদির যে মর্ম্মাত্মক লিপির কথা আছে তাহা যে দ্বিতীয় ভাগের উপর লেখা থাকে সেই ভাগধারী সাকরাইবার জন্যে যে অংশ পাঠাইয়াছিলেন তাহা যদি ফিরিয়া পাইতে না পারেন এবং যদি তাঁহার হস্তস্থিত অংশ সাকরাইয়া আনিতে কি তাহার টাকা পাইতে না পারেন, তবে তিনি পরাবর্ত্তনক্রমে পৃষ্ঠলিপিকারকের স্থানে টাকার দাওয়া করিতে পারিবেন। কিন্তু সাকরাইয়া আনিতে কি টাকা পাইতে না পারিবার সেই কথা প্রটেস্টে লিখিতে হইবে ইতি।

B চিহ্নিত তফসীল।

নোট করিবার বিধি।

[নোট করিবার ফলের ও নোটের মর্ম্মের কথা।]

১১৯ ধারা। যদি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক স্বীকার না করণ কি তাহার টাকা না দেওনদ্বারা অমান্য

ceptance or by non-payment, the holder may cause a note to be made in testimony of the fact. Such note, when signed by a notary public or other public officer authorized in that behalf, shall, in the absence of proof to the contrary, be deemed evidence of such dishonour: Provided that such note is made within a reasonable time after the dishonour, and is written upon the instrument, or upon a paper attached thereto, or partly upon each; and mentions the month, day, and year of the dishonour, the reason, if any, which was assigned for it; or if there has been no express dishonour of the instrument, the reason why the holder treats it as dishonoured.

Rules as to Protest.

[Protest, what.]

120. When a promissory note, bill of exchange, or cheque, has been dishonoured by non-acceptance or non-payment, the holder may cause a certificate of the fact to be made. Such certificate made by a duly authorized person is called a protest.

[By whom drawn up.]

121. The protest must be drawn up by a notary public or other public officer duly authorized in that behalf.

[Contents of protest.]

122. The protest of a negotiable instrument must contain,—

(1.) Either the instrument itself, or a literal transcript of the instrument, and of everything written thereupon;

(2.) The name of the person for whom and against whom the instrument has been protested;

(3.) A statement that payment or acceptance, as the case may be, has been demanded of such person by the notary public or other officer; of the terms of his answer, if any, or a statement that he gave no answer, or that he could not be found;

(4.) The date of place and the date of time, the latter being expressed as of the day, of the month, and year, when the demand was made, or was ineffectually sought to be made;

(5.) The subscription of the notary or other public officer making the protest;

(6.) In the event of an acceptance for honour, or of a payment for honour, mention must be made of the person by whom, of the person for whom, and of the manner in which such acceptance or payment was offered and effected.

[Time for making protest. Effect of protest.]

123. In the absence of lawful excuse for delay, the protest of a bill of exchange must be at least noted within a reasonable time after

হইয়া থাকে, তবে ঐ পত্রধারী সেই বিষয়ের প্রমাণার্থে তাহার নোট (অর্থাৎ মন্তব্য) লেখাইবেন। নোটেরি পবলিক কি তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত অন্য রাজকীয় কার্য্যকারক সেইমন্তব্য কথায় স্বাক্ষর করিলে সেই নোট বিপরীত প্রমাণাভাবে উক্ত অমান্য হইবার প্রমাণ জ্ঞান হইবে। এমন স্থলে আবশ্যক যে ঐ নোট অমান্য হইবার পর উপযুক্ত সময়ের মধ্যে করা যায় এবং ঐ পত্রের কি তৎসংলগ্ন কাগজের কি অংশ করিয়া উভয়ের উপর লেখা থাকে, এবং অমান্য হইবার মাস ও দিন ও বৎসর, এবং হেতু প্রকাশ হইলে সেই হেতু তাহাতে ব্যক্ত হইবে। কিম্বা যদি সেই পত্র স্পষ্টরূপে অমান্য করা না যায়, তবে পত্রধারী অমান্য পত্রবলিয়া যে কারণে তদ্বিষয়ের ব্যবহার করেন তাহা সেই নোটে ব্যক্ত থাকিবে ইতি।

প্রটেষ্ট বিষয়ক বিধি।

[প্রটেষ্ট কাহাকে বলে, তাহার কথা।]

১২০ ধারা। যদি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক স্বীকার না করণ কি তাহার টাকা না দেওনদ্বারা অমান্য হইয়া থাকে, তবে যে ব্যক্তি ঐ পত্রধারী হন, তিনি সেই বিষয়ের সর্টিফিকট লেখাইতে পারিবেন। ঐ সর্টিফিকট উপযুক্ত ক্ষমতাপন্ন ব্যক্তির দ্বারা করা গেলে তাহা প্রটেষ্ট বলা যায় ইতি।

[ঐ প্রটেষ্ট যাঁহার লিখিতে হইবে তাঁহার কথা।]

১২১ ধারা। নোটেরি পবলিক দ্বারা কিম্বা তৎকর্ম্মার্থে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য রাজকীয় কার্য্যকারক দ্বারা ঐ প্রটেষ্ট লেখা আবশ্যক ইতি।

[প্রটেষ্টের মর্ম্মের কথা।]

১২২ ধারা। ক্রেয়বিক্রেয় পত্রের প্রটেষ্টপত্রে এই২ কথা লিখিতে হইবে। বিশেষতঃ

১। ঐ পত্রই কিম্বা ঐ পত্রের প্রত্যেক কথার ও তাহাতে লিখিত প্রত্যেক বিষয়ের প্রতিলিপি।

২। যাঁহার নিমিত্তে ও যাঁহার বিপক্ষে ঐ পত্রের প্রটেষ্ট করা গেল তাঁহারদের নাম।

৩। নোটেরি পবলিক কি অন্য কার্য্যকারক ঐ ব্যক্তির স্থানে টাকা দাওয়া করিয়াছেন কিম্বা বিষয়বিশেষে পত্র সাকরাইয়া দিতে কহিয়াছেন, এই কথা, এবং তিনি কোন্ উত্তর দিলে সেই উত্তর, কিম্বা তিনি উত্তর দিলেন না, কিম্বা তাহার উদ্দেশ পাওয়া গেল না, এই কথা।

৪। যে স্থানে ও যে সময়ে অর্থাৎ যে বৎসরের যে মাসের যে দিনে ঐ দাওয়া করা যায় কিম্বা করিবার চেষ্টা হইলেও নিষ্ফল হয় সেই স্থান ও সেই তারিখ।

৫। নোটেরির, কিম্বা অন্য যে কার্য্যকারক প্রটেষ্ট করেন তাঁহার স্বাক্ষর।

৬। যদি মান রক্ষার জন্যে পত্র সাকরান গিয়া থাকে কি মান রক্ষার জন্যে পত্রের টাকা দেওয়া গিয়া থাকে, তবে যে ব্যক্তি যাঁহার পক্ষ হইয়া তাহা করিলেন, এবং পত্র সাকরাইবার কি টাকা দিবার প্রস্তাব ও কার্য্য যে প্রকারে করা গেল এই২ কথা ইতি।

[প্রটেষ্ট করিবার সময়ের ও ফলের কথা।]

১২৩ ধারা। যদি বিলম্ব করিবার বৈধ হেতু না থাকে, তবে হুণ্ডী অমান্য হইলে পর অন্ততঃ উপযুক্ত কালের মধ্যে তাহার প্রটেষ্ট হওয়ার কথা লিখিতে হইবে, কিন্তু

the dishonour, but the protest need not be immediately drawn up. A protest shall, in the absence of proof to the contrary, be deemed evidence of dishonour.

[Notice of protest.]

124. Wherever it is necessary to protest a bill of exchange, notice that such protest has been made must be given instead of the ordinary notice of dishonour, and in the same manner.

When the holder and the regressee dwell in the same place, the notice ought to be sent so as to admit of the regressee receiving it in the course of the day following the day of dishonour.

Rules as to Notice of Dishonour.

[To whom notice must be given.]

125. Where a promissory note, bill of exchange, or cheque, has been dishonoured, the holder must, in order to preserve his right of regress, give notice of the dishonour within a reasonable time to every indorser and drawer whom he seeks to make liable, and he loses his right of regress against any indorser or drawer to whom such notice has not been given.

The holder is not entitled to more time for giving notice to a remote, than to an immediate, signer.

Exception.—A notice given by any party to the instrument, or by his agent, may found a right of regress in favour of any eventual holder or regressor.

[Form of notice.]

126. The notice of dishonour may be oral or in writing, and it may be in any form, provided it intimates that the instrument has been dishonoured.

[Giver of notice.]

127. No notice is sufficient to charge an indorser, unless it has been given by the actual holder, or by some party liable to be eventually sued, or by the agent of such holder or party.

[Notice given by post.]

128. The holder may give such notice by posting a letter containing the notice addressed to each indorser whom he charges in regress. The miscarriage of the letter does not render such notice invaild.

[When holder and regressee dwell in different places.]

129. When the holder and the regressee dwell in different places, the notice, if there is a daily post, may be sent by the post duly addressed to

তখনই প্রটেষ্ট লেখা আবশ্যক নাই। বিপরীত প্রমাণাভাবে প্রটেষ্টপত্র অমান্য হইবার প্রমাণ জ্ঞান হইবে ইতি।

[প্রটেষ্টের সম্বাদ দিবার কথা।]

১২৪ ধারা। যখন হুণ্ডীর প্রটেষ্ট করা আবশ্যক হয়, তখন অমান্য করিবার রীতিমত সম্বাদ দিবার পরিবর্ত্তে ঐ সম্বাদ যেরূপে দেওয়া যায় প্রটেষ্ট হইবার সম্বাদ সেইরূপে দেওয়া যাইবে।

যদি পত্রধারী এবং পরাবর্ত্তনক্রমে টাকাদাতা একি স্থানে বাস করেন, তবে ঐ সম্বাদ এমন সময়ে পাঠাইতে হইবে যে অমান্য হইবার দিনের পর দিনে ঐ টাকাদাতা তাহা প্রাপ্ত হন ইতি।

অমান্য করিবার সম্বাদবিষয়ক বিধি।

[সম্বাদ যাঁহাকে দিতে হইবে তাঁহার কথা।]

১২৫ ধারা। যদি প্রতিজ্ঞাপত্র কি হুণ্ডী কি চ্যাক অমান্য হইয়া থাকে, তবে ঐ পত্রধারির পরাবর্ত্তনের স্বত্ব রক্ষা হয় এই জন্যে তাঁহার প্রয়োজন যে, ঐ পত্রের যে পৃষ্ঠলিপিকারককে ও টাকাগ্রহীতাকে দায়ী করিতে চাহেন, উপযুক্ত সময়ের মধ্যে তাঁহারদের প্রত্যেক জনকে ঐ পত্র অমান্য হইবার সম্বাদ দেন। যে পৃষ্ঠলিপিকারকের কি টাকাগ্রহীতার নিকট ঐ সম্বাদ না দেওয়া যায় তাঁহার পক্ষে ঐ ব্যক্তির পরাবর্ত্তনের স্বত্ব লোপ হয়।

অব্যবহিত পূর্ব্বে কি অতিপূর্ব্বে যে জন স্বাক্ষর করিলেন পত্রধারী একের নিকট অন্যকে সম্বাদ দিবার জন্যে অধিক সময় পাইবার অধিকারী নহেন।

বর্জ্জিত স্থল। পত্রের সংশ্রববিশিষ্ট কোন পক্ষ কি তাঁহার নিয়োগী সম্বাদ দিলে, তৎপশ্চাৎ যে কেহ পত্রধারী কি পরাবর্ত্তনকারী হন, তাঁহার পক্ষে পরাবর্ত্তনের স্বত্ব স্থাপন হইতে পারে ইতি।

[সম্বাদের পাঠের কথা।]

১২৬ ধারা। অমান্য হইবার সম্বাদ বাচনিক কি লিখনক্রমে কোন পাঠে দেওয়া যাইতে পারে। কিন্তু পত্র অমান্য করা গিয়াছে এই কথা ব্যক্ত করা আবশ্যক ইতি।

[সম্বাদ দাতার কথা।]

১২৭ ধারা। যে ব্যক্তি যথার্থ পত্রধারী তিনি কিম্বা সংশ্রব বিশিষ্ট যে ব্যক্তির নামে পশ্চাৎ নালিশ হইতে পারে তিনি কিম্বা তাঁহার নিয়োগী ঐ সম্বাদ না দিলে, পৃষ্ঠলিপিকারকের স্থানে টাকা দাওয়া করিবার জন্যে অন্য সম্বাদ প্রচুর নহে ইতি।

[ডাকযোগে সম্বাদ দিতে পারিবার কথা।]

১২৮ ধারা। পত্রধারী পরাবর্ত্তনক্রমে যে পৃষ্ঠলিপিকারকদের নিকটে টাকার দাওয়া করেন, পত্রে উক্ত সম্বাদ লিখিয়া তাঁহারদের নামে ঐ পত্র ডাকযোগে পাঠাইয়া ঐ সম্বাদ দিতে পারিবেন। পত্র না পঁহুছিলে সেই সম্বাদ অসিদ্ধ হয় না ইতি।

[পত্রধারী ও পরাবর্ত্তনক্রমে যাঁহার স্থানে টাকার দাওয়া হয়, এই দুই ব্যক্তি ভিন্ন স্থানে থাকিলে তাহার কথা।]

১২৯ ধারা। পত্রধারী এবং পরাবর্ত্তনক্রমে টাকা যে ব্যক্তির স্থানে দাওয়া হয়, এই দুই ব্যক্তি যদি ভিন্ন স্থানে বাস করেন, এবং ঐ দুই স্থানের মধ্যে যদি

the indorser or drawer on the day of dishonour, or at any time not later than the day following the day of dishonour.

প্রতিদিন ডাক চলে, তবে পত্র অমান্য হইবার দিবসে কিম্বা যে দিনে অমান্য হয় তৎপশ্চাৎ দিনের অতীত কোন সময়ে পৃষ্ঠলিপিকারকের কি টাকাগ্রহীতার নাম উপযুক্তমতে পত্রের শিরনামায় লিখিয়া ঐ সম্বাদ ডাকযোগে পাঠান যাইতে পারিবে ইতি।

[To whom notice may be given.]

[সম্বাদ কাহাকে দিতে হইবে তাহার কথা।]

130. The notice may be given either to the indorser or drawer charged in regress, or to his authorized representative.

১৩০ ধারা। পরাবর্ত্তনক্রমে যে পৃষ্ঠলিপিকারকের কি যে টাকাগ্রহীতার স্থানে টাকার দাওয়া হয়, তাঁহাকে কিম্বা তাঁহার ক্ষমতাবিশিষ্ট স্থলাভিষিক্তকে সম্বাদ দেওয়া যাইতে পারিবে ইতি।

[Notice to deceased indorser.]

[মৃত পৃষ্ঠলিপিকারকের প্রতি সম্বাদ দিবার কথা।]

Where an indorser has died, a notice addressed to him in ignorance of his death, if regular in other respects, is valid to charge his representatives.

যদি পৃষ্ঠলিপিকারকের মৃত্যু হইয়া থাকে, তবে তাঁহার মৃত্যুর অনবগতিতে তাঁহার নামে যে সম্বাদ দেওয়া যায় তাহা অন্য বিষয়ে রীত্যনুযায়ি হইলে তাঁহার স্থলাভিষিক্তের স্থানে টাকা দাওয়া করণের পক্ষে সিদ্ধ হইবে ইতি।

[Notice by indorser.]

[পৃষ্ঠলিপিকারকের দ্বারা সম্বাদ দেওয়া যাইবার কথা।]

131. Each indorser of a negotiable instrument, who has received notice of its dishonour, must, in order to preserve his right of regress, give notice to every previous indorser. He will lose his right of regress against any previous indorser to whom he has not given notice, unless he has lawful excuse for the omission, or unless he is entitled to the benefit of such notice as is mentioned in the exception to Section 125 of this Act. The notice given by the indorser must be in accordance with the rules which regulate the notice to be given by the holder, except that the time is not to be reckoned from the date of the dishonour but from the day when the indorser himself received notice.

১৩১ ধারা। ক্রেয়বিক্রেয়পত্রের প্রত্যেক জন পৃষ্ঠলিপিকারক পরাবর্ত্তনের স্বত্ব রক্ষা করিবার জন্যে ঐ পত্র অমান্য হইবার সম্বাদ প্রাপ্ত হইলে আপনার পূর্ব্ব পৃষ্ঠলিপিকারক প্রত্যেক ব্যক্তিকে সম্বাদ দিবেন। যদি সেই সম্বাদ না দিবার উপযুক্ত হেতু না থাকে কিম্বা এই আইনের ১২৫ ধারার বর্জ্জিত বিধির মধ্যে যে সম্বাদের উল্লেখ হইয়াছে তিনি যদি সেই সম্বাদজন্য উপকার পাইবার অধিকারী না হন, তবে তাঁহার পূর্ব্ব যে পৃষ্ঠলিপিকারককে সম্বাদ দেওয়া না যায় তাঁহার বিপক্ষে তাঁহার পরাবর্ত্তনের স্বত্ব রহিত হয়। পত্রধারির যে বিধিমতে সম্বাদ দিতে হইবে পৃষ্ঠলিপিকারকের সংবাদ সেই বিধ্যনুযায়ি হইবে কিন্তু বিশেষ এই যে অমান্য হইবার তারিখ অবধি মিয়াদ গণ্য না হইয়া পৃষ্ঠলিপিকারক যে দিনে সম্বাদ পাইয়াছিলেন সেই দিন অবধি গণ্য হইবে ইতি।

[Notice by agent.]

[নিয়োগির দ্বারা সম্বাদের কথা।]

132. When a promissory note, bill of exchange, or cheque, at its maturity is in the possession of some agent of the holder, or of some agent of such agent, and when the holder and the possessing agent reside in different places, the possessing agent ought to give notice to his principal as if he were holder, and the principal were his immediate indorser.

১৩২ ধারা। প্রতিজ্ঞাপত্রের কি হুণ্ডীর কি চ্যাকের মিয়াদ পূর্ণ হইবার সময়ে যদি তাহা ঐ পত্রধারির কোন নিয়োগির কিম্বা সেই নিয়োগির কোন নিয়োগির অধিকারে থাকে এবং পত্রধারী ও পত্র যে নিয়োগির অধিকারে থাকে ইঁহারা যদি ভিন্ন২ স্থানে বাস করেন, তবে ঐ নিয়োগির কর্ত্তা পত্রধারী হইলে এবং সেই কর্ত্তা তাঁহার অব্যবহিতপূর্ব্ব পৃষ্ঠলিপিকারক হইলে তিনি যদ্রূপে সম্বাদ দিতেন, কর্ত্তাকে তাঁহার তদ্রূপ সম্বাদ দেওয়া উচিত ইতি।

[To be continued.]

[ক্রমশঃ প্রকাশ্য।]

[*Government Gazette*, 10*th December* 1867.]

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 29th November 1867, and was referred to a Select Committee with instructions to make their report thereon in six weeks :—

No. 34 OF 1867.

A Bill to consolidate and amend the Law relating to Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs, and for other purposes.

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the Law relating to Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs in the territories respectively under the governments of the Lieutenant-Governor of the Lower Provinces and of the Lieutenant-Governor of the North-Western Provinces of the Presidency of Fort William in Bengal; and whereas it is also expedient to provide for the investment of Principal Sadr Amíns in such territories within the jurisdiction of Judges of Courts of Small Causes beyond the local limits of the ordinary original civil jurisdictions of the High Courts of Judicature; and whereas it is also expedient to raise the appellate jurisdiction of the District Judges in such territories to the limit hereinafter mentioned; It is hereby enacted as follows :—

আইনের নিম্ন লিখিত পাণ্ডুলিপি ১৮৬৭ সালের নবেম্বর মাসের ২৯ তারিখে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় উপস্থিত করা গেলে বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইয়া তাঁহারদের প্রতি ছয় সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইয়াছে।

১৮৬৭ সালের ৩৪ নম্বর।

প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ ও অন্যান্য অভিপ্রায়ার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গ প্রভৃতি দেশের এবং উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসিত দেশে প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এবং হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতা যে স্থানে বর্ত্তে তাহার বহির্ভূত স্থানে উক্ত প্রদেশের প্রধান সদর আমীনদিগকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রদান করা বিহিত, এবং উক্ত দেশের মধ্যে জিলার জজ সাহেবের আপীল শুনিবার ক্ষমতা নিম্ন লিখিত সীমা পর্য্যন্ত বৃদ্ধি করা বিহিত, এই২ হেতুতে নিম্ন লিখিত বিধান করা যাইতেছে।

PART I.

Preliminary.

[Repeal of enactments.]

1. The Regulations and Acts mentioned in the Schedule to this Act are hereby repealed to the extent specified in the third column of the same Schedule, but not so far as they repeal any other enactments. All appointment made and proceedings taken under any enactment hereby repealed shall be deemed to have been made and taken under this Act.

[Interpretation clause.]

II. In this Act,—

["Local Government."]

"Local Government" means the Lieutenant-Governor of the Lower Provinces, or the Lieutenant-Governor of the North-Western Provinces of the said Presidency, as the case may be;

["High Court."]

"High Court" means the High Court of Judicature at Fort William, or the High Court of Judicature of the North-Western Provinces of the said Presidency, as the case may be; and

প্রথম খণ্ড।

পরিভাষা।

[যেই বিধান রহিত হইবে তাহার কথা।]

১ ধারা। এই আইনের তফসীলে যেই আইনের উল্লেখ হইয়াছে তাহার যেই অংশ ঐ তফসীলের তৃতীয় ঘরে নির্দ্দিষ্ট হইল সেই২ অংশ রহিত করা গেল। কিন্তু তাহার যে অংশ দ্বারা অন্য আইন রহিত করা যায় সেই অংশ প্রবল থাকিবে। এই আইনমতে যেই আইন রহিত করা গেল তদনুসারে যে সকল নিয়োগ করা গিয়াছে ও যে সকল কার্য্য সম্পাদন হইয়াছে তাহা এই আইনঅনুসারে করা গিয়াছে জ্ঞান হইবে ইতি।

অর্থ নির্ণয়ের ধারা।

২ ধারা। এই আইনেতে—

["স্থানীয় গবর্ণমেন্ট।"]

"স্থানীয় গবর্ণমেন্ট" শব্দে উক্ত প্রসিডেন্সীর অন্তর্গত বঙ্গপ্রভৃতিদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবক কিম্বা বিষয় বিশেষে উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবকে বুঝাইবে।

[হাই কোর্ট।]

"হাই কোর্ট" শব্দেতে বিষয় বিশেষে উক্ত প্রেসিডেন্সীর ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট অথবা উত্তর পশ্চিমদেশের হাই কোর্ট বুঝাইবে।

["District Judge."]

"District Judge" means the Judge of a principal Civil Court of original jurisdiction.

[Extent of Act.]

III. This Act extends only to the territories for the time being respectively under the government of the Lieutenant-Governor of the Lower Provinces and the Lieutenant-Governor of the North-Western Provinces of the said Presidency.

PART II.

Appointment of Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs.

[Appointment of Principal Sadr Amíns, &c.]

IV. The Local Government may appoint such persons as it may think proper to be Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs to hold office during the pleasure of the same Government. And no person shall, by reason of place of birth or by reason of descent, be incapable of being a Principal Sadr Amín, Sadr Amín, or Munsif.

The Local Government shall define the local limits of the jurisdiction of the persons appointed under this Section, and may from time to time vary such limits.

Every person so appointed shall be deemed to be a Civil Court within the meaning of the Code of Civil Procedure.

[Sanad.]

V. Every person hereafter appointed to the office of Principal Sadr Amín, Sadr Amín, or Munsif, shall be furnished with a sanad under the seal of the Local Government and in such form as such Government shall, from time to time, prescribe.

[Declaration.]

VI. Previously to entering on the duties of his office, every person so appointed shall prescribe, before the District Judge to whom he shall be subordinate, solemn declaration to the following effect :—

"I *A. B.*, appointed to the office of Principal Sadr Amín [*or* Sadr Amín *or* Munsif, *as the case may be*] of do solemnly declare that, in the trial and determination of all suits which may come under my cognizance, and in the execution of all other duties of my office, I will act according to the best of my abilities and judgment, without partiality, favor, or effection ; and that I will not directly or indirectly receive, or knowingly allow any other person to receive, any money, effects or property, on account of any suit that may come before me for decision, or on

[জিলার জজ ।]

"জিলার জজ" এই শব্দেতে দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার প্রধান আদালতের জজকে বুঝাইবে ইতি ।

[আইন যতদূর ব্যাপ্ত হইবে তাহার কথা ।]

৩ ধারা । যে সময়ে যে দেশ উক্ত প্রেসিডেন্সীর অন্তর্গত বঙ্গপ্রভৃতিদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ও উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন থাকে, এই আইন কেবল সেই২ দেশে ব্যাপ্ত হইবে ইতি ।

দ্বিতীয় খণ্ড ।

প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফদিগের নিযুক্ত হওনের বিধি ।

[প্রধান সদর আমীন প্রভৃতির নিযুক্ত হওনের কথা ।]

৪ ধারা । স্থানীয় গবর্ণমেণ্ট যে ব্যক্তিদিগকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে প্রধান সদর আমীনের ও সদর আমীনের ও মুনসেফের পদে নিযুক্ত করিতে পারিবেন, ও সেই গবর্ণমেণ্ট যত কাল ইচ্ছা করেন তাঁহারা তত কাল ঐ পদ ধারণ করিবেন । জন্মস্থান কি বংশঘটিত কোন হেতুপ্রযুক্ত কোন ব্যক্তি প্রধান সদর আমীন কি সদর আমীন কি মুনসেফ হইবার অযোগ্য হইবেন না ।

এই ধারামতে যে ব্যক্তিরা নিযুক্ত হন স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাদের বিচারাধিপত্যের স্থানের সীমা নিরূপণ করিবেন এবং সময়ে২ সেই সীমার পরিবর্ত্তন করিতে পারিবেন ।

তদ্রূপে যে প্রত্যেক ব্যক্তি নিযুক্ত হন তিনি দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের অর্থমতে দেওয়ানী আদালত জ্ঞান হইবেন ইতি ।

[সনদের কথা ।]

৫ ধারা । এতৎপরে যে প্রত্যেক ব্যক্তি প্রধান সদর আমীনের কি সদর আমীনের কি মুনসেফের পদে নিযুক্ত হন, তাঁহাকে স্থানীয় গবর্ণমেণ্টের মোহরাঙ্কিত সনদ দেওয়া যাইবে । ঐ গবর্ণমেণ্ট সময়ে২ যে পাঠ নির্দ্ধার্য্য করেন সনদ সেই পাঠে লেখা যাইবে ইতি ।

[প্রতিজ্ঞার কথা ।]

৬ ধারা । তদ্রূপে নিযুক্ত প্রত্যেক ব্যক্তি আপন পদের কর্ম্মে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে, যে জিলার জজ সাহেবের অধীন হইবেন তাঁহার সাক্ষাতে নিম্নলিখিত মর্ম্মের ধর্ম্মতঃ প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিবেন ।

"আমি শ্রী অমুক প্রধান সদর আমীনের (অথবা বিষয় বিশেষে সদর আমীনের কি মুনসেফের) পদে নিযুক্ত হইয়া ধর্ম্মতঃ এই প্রতিজ্ঞা করিতেছি, আমার বিচারার্থে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যাইবে তাহার বিচার ও নির্ণয় করণ কার্য্য এবং আমার পদ সম্পর্কীয় অন্য সকল কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনে আমি পক্ষপাতিত্ব কি অনুগ্রহ কি স্নেহ শূন্য আপনার ক্ষমতার ও বুদ্ধির সাধ্যমতে কর্ম্ম করিব, এবং আমার সম্মুখে যে কোন মোকদ্দমা নিষ্পত্তির নিমিত্তে উপস্থিত করা যায় কিম্বা রাজকীয় যে কোন কর্ম্ম আমার সম্পাদন করিতে হয় তজ্জন্যে আমি স্পষ্টরূপে কি চক্রান্তে কোন মুদ্রা কি দ্রব্য কি সম্পত্তি গ্রহণ

account of any public duty which I may have to execute. I will strictly adhere to all the rules for my guidance, and I will, in all respects, truly and faithfully execute the trust reposed in me."

করিব না, এবং আমার জ্ঞানমতে অন্য কোন ব্যক্তিকে গ্রহণ করিতে দিব না। আমার কর্ম্ম প্রদর্শনার্থ যে সকল বিধি হয় তাহা অতিদৃঢ়মতে মান্য করিব এবং আমার প্রতি বিশ্বাস পূর্ব্বক যে ভারার্পণ হইয়াছে তৎসম্পার্কীয় কর্ম্ম সর্ব্ববিষয়ে প্রকৃতভাবে ও বিশ্বস্তমতে সম্পাদন করিব ইতি।

[Power of Local Government to make acting appointments.]

[প্রতিনিধিরূপে স্থানীয় গবর্ণমেন্টের নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

VII. The Local Government shall have power to appoint any person to act temporarily as Principal Sadr Amín, Sadr Amín, or Munsif, for such time as the Local Government shall in each case direct.

৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট প্রধান সদর আমীনের কি সদর আমীনের কি মুনসেফের কর্ম্ম করণার্থে কোন ব্যক্তিকে কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত করিতে পারিবেন ও প্রত্যেক স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট যত কাল আজ্ঞা করেন সেই ব্যক্তি তত কাল কর্ম্ম করিবেন ইতি।

[District Judge's power to make acting appointment to office of Munsif.]

[মুনসেফদের পদে প্রতিনিধিরূপে নিযুক্ত করিতে জিলার জজ সাহেবদের ক্ষমতার কথা।]

VIII. Subject to the provision contained in the last preceding Section, a District Judge, on the occurrence within his jurisdiction of any vacancy in the office of District Munsif, shall have power to appoint temporarily such person as he shall think fit to act in such office for such time as he shall direct, subject to the approval of the Local Government.

৮ ধারা। জিলার জজ সাহেবের বিচারাধিপত্যের মধ্যে ডিষ্ট্রিক্ট মুনসেফের পদ শূন্য হইলে তিনি ইহার পূর্ব্ব ধারার বিধান প্রবল মানিয়া যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে যতকাল আজ্ঞা করেন তত কাল স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতির অপেক্ষায় ঐ পদের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[Report of qualifications.]

[যোগ্যতার রিপোর্টের কথা।]

The District Judge shall without unnecessary delay, communicate to the Local Government such information as he may have obtained regarding the age, capacity, character, education and past employments of any person whom he may have appointed temporarily as aforesaid, and state at the same time whether or not he recommends him to fill such office permanently; and shall cause all papers in the matters pending before the late Munsif to the delivered over to his successor, or otherwise to be disposed of as circumstances may require.

জিলার জজ সাহেব যখন পূর্ব্বোক্তমতে কোন ব্যক্তিকে কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত করেন তখন তাঁহার বয়স ও কর্ম্মদক্ষতা ও রীতি চরিত্র ও বিদ্যাপ্রাপ্তি ও ভূতপূর্ব্ব কর্ম্ম বিষয়ে যে সম্বাদ পাইয়া থাকেন, অনাবশ্যক বিলম্ব না করিয়া স্থানীয় গবর্ণমেণ্টকে জ্ঞাত করিবেন, এবং সেই ব্যক্তি সেই পদে চিরকাল থাকার বিষয়ে যাহা উচিত জ্ঞান করেন সেই সময়ে ঐ বিষয়ের পরামর্শ জানাইবেন, এবং যাহার পূর্ব্বে যিনি মুনসেফ ছিলেন তাঁহার সম্মুখে উপস্থিত থাকা সকল মোকদ্দমার কাগজপত্র তাঁহার উত্তরাধিকারি ঐ ব্যক্তিকে দিবেন অথবা প্রকারান্তরে যেমন বিহিত বোধ করেন করিবেন ইতি।

[Powers and duties of holders of acting appointments.]

[যাঁহারা প্রতিনিধিরূপে কর্ম্ম করেন তাঁহাদের ক্ষমতার ও কর্ত্তব্যের কথা।]

IX. Every person appointed under Section 7, or Section 8 of this Act, to act temporarily as Principal Sadr Amín, Sadr Amín, or Munsif of any specified place, shall have the powers and perform the duties which he would have had and been liable to perform in case he had been duly appointed a permenant Principal Sadr Amín, Sadr Amín, or Munsif (as the case may be) of the same place.

৯ ধারা। যে প্রত্যেক ব্যক্তি এই আইনের ৭ ধারামতে কিয়ৎকালের নিমিত্তে কোন নির্দ্দিষ্ট স্থানে প্রধান সদর আমীনের কি সদর আমীনের কি মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হন তিনি সেই স্থানের প্রধান সদর আমীনের কি বিষয়বিশেষে সদর আমীনের কি মুনসেফের পদে চিরকালের নিমিত্তে নিয়মিতরূপে নিযুক্ত হইলে তাঁহার যে ক্ষমতা থাকিত ও যে কর্ম্ম কর্ত্তব্য হইত তিনি সেই ক্ষমতাপ্রাপ্ত হইয়া সেই কর্ম্ম নিষ্পাদন করিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট ; ১৮৬৭ । ১০ ডিসেম্বর।]

PART III.

Suspension and Removal of Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs.

[Power to make enquiries into conduct of Principal Sadr Amíns, Sadr Amíns and Musifs.]

X. Whenever the Local Government shall be of opinion that there are good grounds for making a formal and public inquiry into the truth of any charge of misbehaviour by any Principal Sadr Amín, Sadr Amín or Munsif, it shall cause the substance of the charge to be drawn into distinct articles, and shall order a formal and public inquiry to be made into the truth thereof.

[Who may be commissioned to conduct inquiry.]

XI. Such inquiry may be committed either to the District Judge to whom the person accused is subordinate, or to any other person specially appointed by the Local Government a Commissioner in this behalf. Notice of such commission shall be given to the person accused, ten days at least before the beginning of the inquiry.

[Power to nominate person to conduct inquiry.]

XII. When the Local Government shall think fit to conduct the inquiry, it shall nominate some person to conduct the same on its behalf.

[Charge by private person.]

XIII. When the charge shall be brought by a private accuser, the Local Government shall require the charge to be reduced to writing, and verified by the accuser in manner required by law for the verification of plaints. And whoever makes a statement in any such charge which is false, and which he either knows or beleives to be false, or does not beleive to be true, shall be deemed to have intentionally given false evidence in a stage of a judicial proceeding.

[Security from private prosecutor.]

XIV. Where the charge shall have been made by a private accuser, and the Local Government shall think fit to leave to him the conduct of the prosecution, the Local Government, before issuing the commission, shall require him to furnish reasonable security that he will attend and prosecute the charge; and that he will also be forthcoming to answer any countercharge or suit which may afterwards be brought against him in respect of the said charge.

[Abandonment of prosecution by Government.]

XV. At any subsequent stage of the proceeding, the Local Government may, if it think fit, abandon the prosecution; and in such case may,

তৃতীয় খণ্ড।

প্রধান সদর আমীনদের ও সদর আমীনদের ও মুনসেফদের কিঞ্চিৎ কি চিরকাল পদচ্যুতির বিধি।

[প্রধান সদর আমীনদের ও সদর আমীনদের ও মুনসেফদের আচরণ বিষয়ে অনুসন্ধান লইবার ক্ষমতার কথা।]

১০ ধারা। কোন প্রধান সদর আমীনের কি সদর আমীনের কি মুনসেফের অসদাচারের অভিযোগ হওয়াতে যদি স্থানীয় গবর্ণমেণ্ট তাহার সত্যতার নিয়মিত ও প্রকাশ্য অনুসন্ধান করিবার উপযুক্ত হেতু জানিতে পান, তবে সেই অভিযোগের মর্ম্ম পৃথক২ প্রকরণক্রমে লেখাইয়া তাহার সত্যতার নিয়মিত ও প্রকাশ্য অনুসন্ধানের আজ্ঞা করিবেন ইতি।

[যে ব্যক্তি তদ্রূপ অনুসন্ধান লইবার ক্ষমতা পাইতে পারেন তাহার কথা।]

১১ ধারা। অভিযুক্ত ব্যক্তি যে জিলার জজ সাহেবের অধীন থাকেন তাঁহারই প্রতি অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সেই কার্য্যোপলক্ষে অন্য কোন ব্যক্তিকে কমিসনরস্বরূপ বিশেষমতে নিযুক্ত করিলে তাঁহার প্রতি ঐ অনুসন্ধানের ভারার্পণ হইবে। অনুসন্ধানের কার্য্য আরম্ভ হওনের অন্যূন দশ দিন পূর্ব্বে অভিযুক্ত ব্যক্তিকে ঐ কমিসনের সম্বাদ দেওয়া যাইবে ইতি।

[অনুসন্ধান লওনার্থে কোন ব্যক্তিকে মনোনীত করিবার ক্ষমতার কথা।]

১২ ধারা। যদি স্থানীয় গবর্ণমেণ্ট সেই অনুসন্ধান লওয়া উপযুক্ত বোধ করেন, তবে আপন পক্ষে সেই কার্য্য চালাইবার জন্যে কোন ব্যক্তিকে মনোনীত করিবেন ইতি।

[সাধারণ ব্যক্তিদ্বারা অভিযোগের কথা।]

১৩ ধারা। যদি সাধারণ ব্যক্তি ঐ অভিযোগ করিয়া থাকেন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট সেই অভিযোগ লিখিয়া দিতে আজ্ঞা করিবেন এবং আইনমতে নালিশের আরজী যেরূপে সত্য করা যায় সেইরূপে অভিযোক্তাকে স্বাক্ষরক্রমে তাহার সত্যকরণের আজ্ঞা করিবেন। যদি কোন ব্যক্তি তদ্রূপ অভিযোগপত্রে মিথ্যা কহেন কিম্বা আপনি যাহা মিথ্যা জানেন কি মিথ্যা বলিয়া বোধ করেন কিম্বা সত্য বলিয়া বিশ্বাস না করেন এমত কথা লেখেন, তবে মোকদ্দমার বিচারকালে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা শপথ করিলেন জ্ঞান হইবে ইতি।

[সাধারণ অভিযোক্তার স্থানে প্রতিভূর কথা।]

১৪ ধারা। যদি সাধারণ ব্যক্তিদ্বারা অভিযোগ হইয়া থাকে এবং স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে সেই অভিযোগের প্রমাণ করণার্থে যত্ন করিবার অনুমতি দেওয়া বিহিত বোধ করেন, তবে তিনি উপস্থিত হইয়া সেই অভিযোগ সপ্রমাণ করিবেন এবং সেই অভিযোগের উপলক্ষে পশ্চাৎ তাঁহার নামে প্রত্যভিযোগ কি মোকদ্দমা হইলে তিনি উপস্থিত হইয়া তাহার উত্তর করিবেন তাঁহাকে এই বিষয়ের উপযুক্ত প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন ইতি।

[গবর্ণমেণ্টের দ্বারা নালিশ ত্যাগ করিবার কথা।]

১৫ ধারা। পরে মোকদ্দমা চলিবার কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে ঐ নালিশ পরিত্যাগ করিতে পারিবেন, তদ্রূপ স্থলে যদি

if it think fit, on the application of the accuser, allow him to continue the prosecution if he is desirous of so doing, on his furnishing such security as is hereinbefore mentioned.

[Commissioner's power to punish contempts and issue process.]

XVI. The Commissioner shall be deemed to be a public servant within the meaning of Chapter X of the Indian Penal Code, and shall have the same powers for summoning witnesses and compelling the production of documents, and generally for the discharge of his duty under the commission, and shall be entitled to the same protection as a District Judge, except that all summonses to witnesses or other compulsory process, shall be served through, and executed by, the District Judge in whose jurisdiction the witness or other person on whom the process is to be served, resides; and if he resides within the local limits of the ordinary original civil jurisdiction of the High Courts of Judicature at Calcutta, Madras or Bombay, then through such High Court.

When the Commission has been issued to a Court, or any person having power to issue such process in the exercise of its or his ordinary authority, the Court or he may also use all such power for the purposes of the commission.

[Penalties for disobeying process.]

XVII. All persons disobeying any lawful process issued as aforesaid for the purposes of the commission, shall be liable to the same penalties as if the process had issued originally from the Court or other authority through which or through whom it is executed.

[Copy of charge and list of documents and witnesses.]

XVIII. A copy of the articles of charge and a list of the documents and witnesses by which each charge is to be sustained, shall be delivered to the person accused at least three days before the beginning of the inquiry, exclusive of the day of delivery and of the first day of inquiry.

[Charge to be read and accused to plead.]

XIX. At the beginning of the inquiry the prosecutor shall exhibit the articles of charge to the Commissioner.

Such articles shall be openly read, and the person accused shall thereupon be asked whether he is guilty of the offence charged, or claims to be tried.

অভিযোক্তা ঐ মোকদ্দমা চালাইতে ইচ্ছা করেন, তবে গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে ইহার পূর্ব্বধারার লিখিত প্রতিভূ লইয়া তাঁহাকে আপন প্রার্থনামতে ঐ মোকদ্দমা চালাইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[অবজ্ঞার দণ্ড করণ ও পরওয়ানা জারী করণবিষয়ে কমিস্যনরের ক্ষমতার কথা।]

১৬ ধারা। উক্ত কমিস্যনর ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের অর্থমতে রাজকীয় কার্য্যকারক জ্ঞান হইবেন এবং তিনি সেই কমিস্যনের বলে সাক্ষিদিগকে আহ্বান করিবার ও কাগজপত্র বলপূর্ব্বক উপস্থিত করাইবার এবং সাধারণমতে আপনার কর্ত্তব্যকর্ম্ম নিষ্পাদন করিবার জন্যে জিলার জজ সাহেবের তুল্য ক্ষমতাপ্রাপ্ত হইবেন এবং তাঁহার ন্যায় রক্ষা পাইবার অধিকারী হইবেন। কিন্তু সাক্ষী কিম্বা অন্য যে ব্যক্তিকে কোন পরওয়ানা দিতে হইবে তিনি যে জিলার জজ সাহেবের বিচারাধিপত্যের স্থানের মধ্যে বাস করেন সকল আহ্বানপত্র ও বলযুক্ত অন্য পরওয়ানা সেই জজ সাহেবের দ্বারা তাঁহাকে দেওয়া যাইবে ও তাহার উপর প্রবল করা যাইবে। যদি সেই ব্যক্তি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই রাজধানীর হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার সাধারণ ক্ষমতাধীন স্থানীয় সীমার মধ্যে বাস করেন তবে সেই হাই কোর্টের দ্বারা ঐ কার্য্য সম্পাদন হইবে।

যে আদালত কিম্বা যে ব্যক্তি আপনার সাধারণ ক্ষমতানুসারে সেই প্রকারের পরওয়ানা জারী করিতে সমর্থ হন ঐ কমিসান সেই আদালতকে কি সেই ব্যক্তিকে দেওয়া গেলে তিনি কমিসানঘটিত কার্য্য সম্পাদনার্থে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

[পরওয়ানা অমান্য করিবার দণ্ডের কথা।]

১৭ ধারা। কমিসানের অভিপ্রায়ার্থে আইনমত যে সকল পরওয়ানা পূর্ব্বোক্তমতে প্রচার করা যায় যদি কোন ব্যক্তি তাহা অমান্য করেন, তবে যে আদালত কি অন্য কর্তৃপক্ষ দ্বারা ঐ পরওয়ানা জারী করা যায় আদৌ তাঁহারই প্রচারিত পরওয়ানা হইলে ঐ ব্যক্তির যে দণ্ড হইত তাঁহার সেই দণ্ড হইতে পারিবে ইতি।

[অভিযোগের প্রতিলিপি এবং দলীলের ও সাক্ষিদের ফর্দ্দের কথা।]

১৮ ধারা। যাঁহার নামে অভিযোগ হয় অনুসন্ধানের কার্য্যারম্ভের তিন দিন পূর্ব্বে তাঁহাকে অভিযোগপত্রের প্রতিলিপি এবং যে দলীলের ও সাক্ষিদের দ্বারা প্রত্যেক অভিযোগের পোষকতা করা যাইবে তাহার ফর্দ্দ দিতে হইবে। ঐ পত্রাদি দিবার দিন ও অনুসন্ধানের প্রথম দিন ঐ তিন দিনের মধ্যে ধরিতে হইবে না ইতি।

[অভিযোগ পাঠ করিবার ও অভিযুক্ত ব্যক্তির উত্তর করিবার কথা।]

১৯ ধারা। অনুসন্ধান কার্য্যের আরম্ভে অভিযোক্তা কমিস্যনরকে অভিযোগপত্র দেখাইবেন।

সেই পত্র প্রকাশরূপে পাঠ করা যাইবে এবং অভিযুক্ত ব্যক্তি উল্লিখিত অপরাধের অপরাধী হন কি সেই বিষয়ে তাঁহার বিচার হইবার অভিপ্রায় থাকে, এই কথা তাঁহাকে জিজ্ঞাসা করা যাইবে।

If the accused person pleads guilty to each of the articles, or if he refuses, or without reasonable cause neglects to answer the charge either personally or by his counsel, the enquiry shall be deemed to be closed, and he shall be taken to have admitted the truth of the articles of charge.

[Prosecutor's address.]

XX. If the accused person shall claim to be tried, the prosecutor shall then be entitled to address the Commissioner in explanation of the articles of charge and of the evidence by which they are to be proved, but his address shall not be recorded.

[Certain provisions of Code of Criminal Procedure to apply to inquiries.]

XXI. The Commissioner or some person appointed by him, shall take notes in English of all the oral evidence : the provisions of Sections 198, 199, 200, 244, 365, 367, 372, 373, 374, 375, 376 and 377 of the Code of Criminal Procedure shall, *mutatis mutandis*, be applicable to inquiries before Commissioners under this Part ; and every such inquiry shall de deemed to be a judicial proceeding within the meaning of Section 193 of the Indian Penal Code.

[Report to Local Government.]

XXII. After the close of the inquiry the Commissioner shall forthwith report to the Local Government his proceedings under the commission, and shall send, with the record thereof, his opinion of the articles of charge severally with such observations as he thinks fit on the whole case.

[Powers of Local Government on receiving report.]

XXIII. The Local Government, upon consideration of the report of the Commissioner, may order him to take further evidence or give further explanations of his opinion. It may also order additional articles of charge to be framed, in which case the inquiry into the truth of such additional articles shall be made in the same manner as is herein directed with respect to the original charges.

When Special Commissioners shall have been appointed, the Local Government may also, if it think fit, refer the report of the Commissioners to the Court, or other authority to which the person accused is subordinate, for its opinion on the case, and the Local Government will finally pass such orders thereon as may be just and within its powers in such cases.

যদি অভিযুক্ত ব্যক্তি আপনাকে অভিযোগপত্রের প্রত্যেক প্রকরণের অপরাধী স্বীকার করেন কিম্বা যদি আপনি কি উকীলের দ্বারা অভিযোগের উত্তর করিতে অসম্মত হন কিম্বা উপযুক্ত হেতু না থাকিতেও শৈথিল্য করেন, তবে অনুসন্ধানের কার্য্য সমাপ্ত হইল জ্ঞান হইবে এবং তিনি অভিযোগপত্রের সত্যতা স্বীকার করিয়াছেন বোধ হইবে ইতি।

[অভিযোক্তার বক্তৃতার কথা।]

২০ ধারা। যদি অভিযুক্ত ব্যক্তি বিচার হইবার দাওয়া করেন, তবে অভিযোগপত্রের এবং যে সাক্ষ্যদ্বারা ঐ অভিযোগের প্রমাণ করা যাইবে তাহার অর্থ করণার্থে কমিসনরের নিকট অভিযোক্তার বক্তৃতা করিবার অধিকার থাকিবে কিন্তু তাঁহার বক্তৃতা লিখিয়া রাখা যাইবে না ইতি।

[ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোন২ বিধান উক্ত অনুসন্ধানের প্রতি বর্ত্তিবার কথা।]

২১ ধারা। বাচনিক যে সকল সাক্ষ্য দেওয়া যায় কমিসনর কিম্বা তাঁহাকর্ত্তৃক নিযুক্ত কোন ব্যক্তি ইংলণ্ডীয় ভাষায় তাহার মর্ম্ম লিখিবেন। এই খণ্ডক্রমে কমিসনরদের সম্মুখে যে অনুসন্ধান করা যাইবে তৎপ্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৯৮, ১৯৯, ২৪৪, ৩৬৫, ৩৬৭, ৩৭২, ৩৭৩, ৩৭৪, ৩৭৫, ৩৭৬, ও ৩৭৭ ধারার কথা প্রয়োজনমতে পরিবর্ত্তিত হইয়া বর্ত্তিবে, এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৯৩ ধারাতে আদালতের কার্য্য বলিয়া যাহা ব্যক্ত হইয়াছে উক্ত প্রকারের প্রত্যেক অনুসন্ধান সেই কার্য্যের মধ্যে জ্ঞান হইবে ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের নিকট রিপোর্টের কথা।]

২২ ধারা। অনুসন্ধানের কার্য্য সমাপ্ত হইলে পর কমিসনর ক্ষমতাপত্র মতে যে সকল কার্য্য করিয়াছেন তাহা স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে অগৌণে জ্ঞাত করিয়া তদ্বিষয়ক কাগজপত্রের সহিত অভিযোগপত্রের প্রত্যেক প্রকরণের বিষয়ে আপনার যে মত এবং সমুদয় মোকদ্দমার বিষয়ে যাহা লিখিতব্য বোধ করেন তাহা লিখিয়া পাঠাইবেন ইতি।

[রিপোর্ট প্রাপ্ত হইলে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।]

২৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কমিসনরের রিপোর্ট বিবেচনা করিলে পর অধিক প্রমাণ লইবার কিম্বা আপন মতের অধিক ব্যাখ্যা করিবার আজ্ঞা দিতে পারিবেন। আরো অভিযোগের অধিক কএক প্রকরণ লিখিবার আজ্ঞা করিতে পারিবেন তাহা করিলে এই আইনেতে মূল অভিযোগের যে প্রকারে অনুসন্ধান লইবার বিধান হইয়াছে ঐ অতিরিক্ত প্রকরণের সত্যাসত্যতার অনুসন্ধান সেই প্রকারে লওয়া যাইবে ইতি।

যদি বিশেষ কমিসনরেরা নিযুক্ত হইয়া থাকেন, তবে অভিযুক্ত ব্যক্তি যে আদালতের কি যে কর্ত্তৃপক্ষের অধীন ছিলেন স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে তাঁহারই মত জানিবার জন্যে তাঁহার নিকটে কমিসনরদের রিপোর্ট প্রেরণ করিতে পারিবেন এবং তদ্রূপ স্থলে যে আজ্ঞা ন্যায় হয় ও স্বীয় ক্ষমতার মধ্যে থাকে স্থানীয় গবর্ণমেণ্ট শেষে সেই আজ্ঞা করিবেন ইতি।

[Suspension by District Judge.]

XXIV. The Judge of a District Court may, whenever he sees urgent necessity for so doing, suspend any Principal Sadr Amín, Sadr Amín or Munsif within his jurisdiction; but in every such case he shall forthwith report to the Local Government the circumstances of the case.

[In respect of acts done as Principal Sadr Amín, &c., British-born subjects and their descendants to be liable to same jurisdiction as Natives.]

XXV. Every British-born subject of the Queen, or descendant of such British-born subject, who shall be appointed a Principal Sadr Amín, Sadr Amín or Munsif, shall, in respect of all acts done by him as such Principal Sadr Amín, Sadr Amín, or Munsif, be liable to the same procedure as well criminal as civil, and shall be amenable to the jurisdiction of the same tribunal, as if he were not of British birth or descent.

[This Act not to affect power of Government to suspend or remove without inquiry under this Part.]

XXVI. Nothing in this Act shall be construed to affect the provisions contained in Section 167 of the Code of Criminal Procedure, or the authority of the Local Government to suspend or remove any Principal Sadr Amín, Sadr Amín or Munsif, for any cause, without an inquiry under this Part, and to appoint another person in his stead.

Part IV.

Jurisdiction.

(a.)—Principal Sadr Amíns.

[Original jurisdiction of Principal Sadr Amíns.]

XXVII. Principal Sadr Amíns are empowered to try original suits for moveable or immoveable property of any amount or value exceeding rupees three thousand.

[Appellate jurisdiction of Principal Sadr Amíns.]

XXVIII. Whenever it may appear to any District Judge impracticable to dispose, with reasonable despatch, of all the appeals that may be pending before him, he may refer such number of appeals as he may deem necessary to the Principal Sadr Amín subordinate to him; and such Principal Sadr Amín shall hear and dispose of such appeals accordingly.

[জিলার জজ সাহেবের দ্বারা [illegible] কথা।]

২৪ ধারা। জিলার আদালতের জজ সাহেব আপনার আধিপত্যের মধ্যে কোন প্রধান সদর আমীনকে কি সদর আমীনকে কি মুনসেফকে কিয়ৎকালের নিমিত্তে কর্ম্ম হইতে অবসর করা আবশ্যক জ্ঞান করিলে তাহা করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ প্রত্যেক স্থলে তিনি স্থানীয় গবর্ণমেন্টের নিকটে অগোণে সেই বিষয়ের বৃত্তান্ত জ্ঞাত করিবেন ইতি।

[ব্রিটন জাত প্রজা ও তাঁহাদের বংশ প্রধান সদর আমীন প্রভৃতির কর্ম্ম প্রাপ্ত হইলে এদেশীয় লোকদের ন্যায় তাঁহাদের বিচারাদি হইবার কথা।]

২৫ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর ব্রিটন দেশজাত প্রজা কি তাঁহার পুত্র পৌত্রাদি প্রধান সদর আমীনের কি সদর আমীনের কি মুনসেফের পদে নিযুক্ত হইলে, প্রধান সদর আমীন কি সদর আমীন কি মুনসেফস্বরূপ যে সকল কর্ম্ম করেন তদুপলক্ষে তিনি ব্রিটন দেশজাত ব্যক্তি কি তদীয় সন্তান না হইলে ফৌজদারী ও দেওয়ানী বিষয়ে তাঁহার প্রতি যদ্রূপ কার্য্য হইত ও তিনি যে আদালতের বিচারাধীন হইতেন সেইরূপ কার্য্য হইবে ও তিনি সেই আদালতের বিচার্য্য হইবেন ইতি।

[এই খণ্ডমতে অনুসন্ধান ভিন্ন গবর্ণমেন্টের কিঞ্চিৎ কি চিরকাল অবসর করিবার যে ক্ষমতা আছে এই আইনদ্বারা তাহার ব্যাঘাত না হইবার কথা।]

২৬ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ১৬৭ ধারার যে বিধান আছে অথবা কোন কারণে কোন প্রধান সদর আমীনকে কি সদর আমীনকে কি মুনসেফকে কিয়ৎ কি চিরকাল অবসর করিতে স্থানীয় গবর্ণমেন্টের যে ক্ষমতা আছে, এই খণ্ডমতে অনুসন্ধান ভিন্ন তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিয়া ঐ ব্যক্তির পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন না এই আইনের কোন কথার এমত অর্থ হইবে না ইতি।

চতুর্থ খণ্ড।

বিচারাধিপত্যের বিধি।

(ক) প্রধান সদর আমীনদের।

[প্রধান সদর আমীনদের আদৌ বিচারাধিপত্যের কথা।]

২৭ ধারা। প্রধান সদর আমীনেরা তিন সহস্র টাকার অধিক মূল্যের স্থাবর কি অস্থাবর বিষয়ের মোকদ্দমা স্বয়ং গ্রাহ্য করিয়া বিচার করিতে ক্ষমতাপন্ন ইতি।

[প্রধান সদর আমীনদের আপীলী মোকদ্দমার বিচারাধিপত্যের কথা।]

২৮ ধারা। কোন জিলার জজ সাহেবের সম্মুখে যে সকল আপীল উপস্থিত থাকে তিনি যুক্তিমত ত্বরায় তাহা নিষ্পত্তি করিতে পারিবেন না বোধ করিলে তন্মধ্যে যত আপীল আবশ্যক বোধ করেন আপনার অধীন প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিতে পারিবেন তাহা হইলে ঐ প্রধান সদর আমীন ঐ আপীল শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

[Power to invest Principal Sadr Amíns with powers of Small Cause Court Judge.]

XXIX. The Local Government may, whenever it shall seem expedient so to do, invest any Principal Sadr Amín with the powers of a Judge of a Court of Small Causes, within such local limits as it shall from time to time appoint. But save as provided in the former part of this Section, nothing in this Act shall be deemed to affect Courts of Small Causes.

(*b.*)—*Sadr Amíns.*

[Jurisdiction of Sadr Amíns.]

XXX. Sadr Amíns are empowered to try original suits for moveable or immoveable property, the amount or value of which shall exceed rupees one thousand and shall not exceed rupees three thousand.

(*c.*)—*Munsifs.*

[Jurisdiction of Munsifs.]

XXXI. Munsifs are empowered to try original suits for moveable or immoveable property not exceeding in amount or value the sum of rupees one thousand, or such greater sum as the Local Government shall, by notification in the Official *Gazette*, from time to time appoint.

(*d.*)—*District Judges.*

[Appellate jurisdiction of District Judges. Appeals from decisions of Principal Sadr Amíns.]

XXXII. In all suits before the Court of any Principal Sadr Amín or Munsif of which the amount or value of the subject-matter shall be equal to, or less than, the sum of rupees ten thousand, the appeal from the decision of the said Courts shall lie to the District Judge to whom and not to the High Court to which such Court shall be subordinate. In all other suits the appeal from the decision of the said Courts shall be direct to the High Court, and shall be conducted as if it were an appeal from a decision of a District Judge to the High Court.

[Reference of Munsif's case to Sadr Amín or Principal Sadr Amín.]

XXXIII. Whenever a District Judge shall refer for trial to a Sadr Amín, or Principal Sadr

[প্রধান সদর আমীনদিগকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের শক্তি দিবার ক্ষমতার কথা।]

২৯ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট যখন বিহিত বোধ করেন তখন স্থানের সীমা সময়ে২ নিরূপণ করিয়া কোন প্রধান সদর আমীনকে সেই সীমার মধ্যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রদান করিতে পারিবেন। কিন্তু এই ধারার পূর্ব্ব ভাগে যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলভিন্ন এই আইনের কোন কথাতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন ব্যতিক্রম জ্ঞান হইবে না ইতি।

(খ) সদর আমীনদের।

[সদর আমীনদের বিচারাধিপত্যের কথা।]

৩০ ধারা। সদর আমীনেরা এক সহস্র টাকার অধিক ও তিন সহস্র টাকার অনধিক মূল্যের স্থাবরাস্থাবর বিষয়ের মোকদ্দমা স্বয়ং গ্রাহ্য করিয়া বিচার করিতে ক্ষমতাপন্ন ইতি।

(গ) মুনসেফদের।

[মুনসেফদের বিচারাধিপত্যের কথা।]

৩১ ধারা। মুনসেফেরা এক সহস্র টাকার অনধিক কিম্বা স্থানীয় গবর্ণমেন্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া অধিক যে মূল্য সময়ে২ নিরূপণ করেন তাহার অনধিক মূল্যের স্থাবরাস্থাবর বিষয়ের মোকদ্দমা স্বয়ং গ্রাহ্য করিয়া বিচার করিতে ক্ষমতাপন্ন ইতি।

(ঘ) জিলার জজ সাহেবদের।

[জিলার জজ সাহেবদের আপীলী মোকদ্দমার বিচারাধিপত্যের কথা ও প্রধান সদর আমীনদের নিষ্পত্তির উপর আপীলের কথা।]

৩২ ধারা। যে মোকদ্দমার কিম্বা মোকদ্দমাসংক্রান্ত যে বিষয়ের মূল্য দশ সহস্র টাকা কি তাহার ন্যূন হয়, প্রধান সদর আমীন কি সদর আমীন কি মুনসেফের আদালতে উপস্থিত সেই সকল মোকদ্দমায় তাঁহারদের যে নিষ্পত্তি হয় তাহার উপর তাঁহারা যে হাই কোর্টের অধীন থাকেন আপীল সেই হাই কোর্টে না হইয়া যে জিলার জজ সাহেবের অধীন থাকেন তাঁহার নিকট হইবে। অন্য সকল মোকদ্দমায় উক্ত আদালতের নিষ্পত্তির উপর একেবারে হাই কোর্টে আপীল হইবে, এবং জিলার জজ সাহেবের নিষ্পত্তির উপর আপীল হওয়ার ন্যায় হাই কোর্টে সেই আপীলের কার্য্য চলন হইবে ইতি।

[মুনসেফের বিচার্য্য মোকদ্দমা সদর আমীনের কি প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবার কথা।]

৩৩ ধারা। মুনসেফ যে মোকদ্দমা নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন জিলার জজ সাহেব যদি তাহা বিচার

Amín, a suit which a Munsif is competent to decide, the suit shall be subject to the same rules in regard to appeal as it would have been subject to had it been in the first instance received and tried by the Munsif: Provided that, when any such suit shall have been decided by a Principal Sadr Amín, the appeal from such decision shall lie to the District Judge, and his decision thereon shall be final.

[Reference of Sadr Amín's case to Principal Sadr Amín.]

XXXIV. Whenever a District Judge shall refer for trial to a Principal Sadr Amín a suit which a Sadr Amín is competent to decide, the suit shall be subject to the same rules in regard to appeal as it would have been subject to had it been in the first instance referred to and tried by the Sadr Amín.

[High Court may, order District Judge to transfer to a Principal Sadr Amín any miscellaneous or summary suits.]

XXXV. The High Court may from time to time, by order under the hand of its Registrar, authorize the Judge of any District Court subordinate to such High Court to transfer to a Principal Sadr Amín any civil proceedings, whether miscellaneous or summary, which may be pending when such order is issued, or may be thereafter instituted, in the Court of such District Judge. And all proceedings so transferred shall be disposed of by the Principal Sadr Amín according to the rules prescribed for the guidance of District Judges in the like cases: Provided that an appeal from the order of the Principal Sadr Amín in such cases shall lie in the first instance to the District Judge, and specially to the High Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১০ ডিসেম্বর।]

করণার্থে সদর আমীনের কি প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন, তবে মুনসেফ প্রথম স্থলে গ্রাহ্য করিয়া বিচার করিলে আপীলের যে সকল বিধি বর্ত্তে সেই মোকদ্দমার আপীলের বিষয়ে সেই বিধি বর্ত্তিবে। পরন্তু যদি প্রধান সদর আমীনের দ্বারা তদ্রূপ কোন মোকদ্দমার নিষ্পত্তি হইয়া থাকে, তবে সেই নিষ্পত্তির উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইবে ও তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

[সদর আমীনের মোকদ্দমা প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবার কথা।]

৩৪ ধারা। সদর আমীন যে মোকদ্দমা নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন জিলার জজ সাহেব যদি তাহা বিচার করণার্থে প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন, তবে সেই মোকদ্দমা প্রথম স্থলে সদর আমীনের প্রতি অর্পিত হইয়া তাঁহার দ্বারা বিচার হইলে আপীলের যে বিধি বর্ত্তিত ঐ মোকদ্দমার উপর আপীলের সেই বিধি বর্ত্তিবে ইতি।

[প্রধান সদর আমীনের প্রতি বিবিধ বিষয়ের কিম্বা সরাসরী কোন মোকদ্দমা অর্পণ করিতে জিলার জজ সাহেবকে হাই কোর্টের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।]

৩৫ ধারা। হাই কোর্ট আপন রেজিষ্ট্রার সাহেবের স্বাক্ষরিত আজ্ঞাপত্রক্রমে আপনার অধীন কোন জিলার আদালতের জজ সাহেবকে সময়ে২ এই মর্ম্মের অনুমতি দিতে পারিবেন যে ঐ আজ্ঞা প্রচার হইবার সময়ে বিবিধ বিষয়ের কি সরাসরি যে কোন দেওয়ানী মোকদ্দমা ঐ জিলার জজ সাহেবের আদালতে উপস্থিত থাকে কি তৎপরে উপস্থিত করা যায়, সেই মোকদ্দমা প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন এবং তদ্রূপ মোকদ্দমায় জিলার জজ সাহেবের কার্য্য করিবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে প্রধান সদর আমীনও সেই বিধিমতে তদ্রূপে অর্পিত সকল মোকদ্দমার নিষ্পত্তি করিবেন কিন্তু তদ্রূপ মোকদ্দমায় প্রধান সদর আমীন যে আজ্ঞা করেন তাহার উপর প্রথমে জিলার জজ সাহেবের নিকট আপীল হইবে এবং হাই কোর্টে খাস আপীল হইবে ইতি।

SCHEDULE.

Number of Regulation or Act.	Title or Subject.	Extent of Repeal.
Bengal Regulation XXIII of 1814.	A Regulation for reducing into one Regulation, with amendments and modifications, the several rules which have been passed regarding the office of Munsifs or Native Commissioners; and of Sadr Amíns, or Head Commissioners; for modifying or extending their respective powers in the trial and decision of civil suits; and for authorizing them to discharge certain additional duties under the direction of the Zila and City Judges.	So much as is not repealed.
Bengal Regulation XVIII of 1817.	A Regulation to modify the rules in force which prescribed an oath of office to be taken by certain Native officers; and to explain and amend other provisions relative to the Native ministerial officers and law officers of the civil and criminal courts.	So far as relates to Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs.
Bengal Regulation V of 1831.	A Regulation for extending the powers of Munsifs and Sadr Amíns in the trial of civil suits and for authorizing the appointment of Principal Sadr Amíns at Zila and City Stations; for the modifying the powers and duties of the Zila, City, and Provincial Courts in connection with those arrangements; and for enlarging the sphere of selection with regard to the offices of Munsif and Vakil.	So much as is not repealed.
Bengal Regulation VII of 1832.	A Regulation for modifying certain of the provisions of Regulation V of 1831, and for providing supplementary rules to that enactment.	Ditto.
Bengal Regulation II of 1833.	A Regulation for empowering the Governor General in Council to abolish the Provincial Courts of Appeal.	The whole.
Act No. VIII of 1836.	Bengal judiciary system ...	The whole.
Act No. XI of 1836.	Non-exemption from jurisdiction ...	The whole.
Act No. XXV of 1837.	Bengal judiciary system ...	So much as is not repealed.
Act No. III of 1839.	Non-exemption from jurisdiction ...	Section 3.
Act No. XIV of 1845.	To provide for the appointment of Názirs in Munsif's Courts.	The whole.
Act No. XII of 1847.	An Act for repealing the law which authorizes the imposition of fines on Munsifs and Sadr Amíns.	The whole.
Act No. XXXVII of 1850.	For regulating inquiries into the behaviour of public servants.	So far as relates to Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs, in the Presidency of Fort William in Bengal.

তফসীল।

আইনের নম্বর।	নাম কি বিষয়।	যে পর্য্যন্ত রহিত হইল।
বঙ্গদেশীয় ১৮১৪ সা. ২৩ আ.	সদর আমীন ও মুনসেফদিগকে নিযুক্ত করণের বিষয়ি পূর্ব্বের চলিত কএক আইনের কোনং কথা কেরফার করিয়া এক আইনেতে সংগ্রহ করিবার এবং ঐ সদর আমীন ও মুনসেফদিগের নিকটে উপস্থিত হওয়া মোকদ্দমার বিচার ও নিষ্পত্তির বিষয়ে তাহারদিগের যে ক্ষমতা আছে তাহা শুধরিবার ও বাড়াইবার এবং জিলা ও শহরের জজ সাহেবদিগের হুকুমতের তাবেতে অন্যং কর্ম্ম নির্ব্বাহ করিবার ক্ষমতা তাহাদিগেরে দিবার আইনের ...	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
বঙ্গদেশীয় ১৮১৭ সা. ১৮ আ.	এদেশীয় কোনং আমলা লোকের আপনং পাওয়া কর্ম্মে প্রবর্ত্ত হওনের পূর্ব্বে হলফ অর্থাৎ দিব্যকরণের বিষয়ে এইক্ষণে যে সকল হুকুম চলন আছে তাহা শুধরিবার এবং অন্য যেং কথা আদালতের এদেশনিবাসি আমলার ও দেওয়ানী ও ফৌজদারী আদালতের মৌলবী ও পণ্ডিতলোকের সহিত সম্পর্ক রাখে তাহা শুধরিবার ও বিবরিয়া লিখিবার আইনের ...	যে কথা প্রধান সদর আমীনের ও সদর আমীনের ও মুনসেফের সহিত সম্পর্ক রাখে।
বঙ্গদেশীয় ১৮৩১ সা. ৫ আ.	দেওয়ানী মোকদ্দমার বিচারের বিষয়ে মুনসেফ ও সদর আমীনদিগের অধিক ক্ষমতা দিবার এবং জিলা ও শহরে প্রধান সদর আমীনদিগকে নিযুক্ত করিবার এবং জিলা ও শহর ও প্রবিন্স্যাল কোর্টের কর্ম্ম ও ক্ষমতা ঐ বন্দোবস্তের কারণ শুধরিবার এবং মুনসেফ ও উকীলের পদে লোক বাচনি করিয়া লইবার ক্ষমতা বাড়াইবার আইনের ...	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
বঙ্গদেশীয় ১৮৩২ সা. ৭ আ.	ইংরাজী ১৮৩১ সালের ৫ আইনের কোনং হুকুম মতান্তর করিবার এবং ঐ আইনের বিষয়ি অন্য কতক হুকুম নির্দ্দিষ্ট করিবার আইনের ...	ঐ
বঙ্গদেশীয় ১৮৩৩ সা. ২ আ.	প্রবিন্স্যাল আপীল আদালত উঠাইয়া দিবার ক্ষমতা শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে অর্পণ করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩৬ সা. ৮ আ. ...	বঙ্গদেশীয় বিচারসংক্রান্ত নিয়মবিষয়ক ...	সম্পূর্ণ আইন।
১৮৩৬ সা. ১১ আ. ...	বিচারাধিপত্যের বহির্ভূত না হইবার ...	সম্পূর্ণ আইন।
১৮৩৭ সা. ২৫ আ. ...	বঙ্গদেশীয় বিচারসংক্রান্ত নিয়মবিষয়ক আইনের ...	যে অংশ রহিত হয় নাই সেই অংশ।
১৮৩৯ সা. ৩ আ. ...	বিচারাধিপত্যের বহির্ভূত না হইবার আইনের ...	৩ ধারা।
১৮৪৫ সা ১৪ আ. ...	মুনসেফের আদালতে নাজিরদিগকে নিযুক্ত করণের হুকুম করিবার ...	সম্পূর্ণ আইন।
১৮৪৭ সা. ১২ আ. ...	যে আইনের দ্বারা মুনসেফ ও সদর আমীনেনদের জরীমানা করণের ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা রদ করণের ..	সম্পূর্ণ আইন।
১৮৫০ সা. ৩৭ আ. ..	সরকারী কর্ম্মকারকেরদের আচরণের বিষয়ের তদারকের নিয়ম করণের আইনের ..	যে কথা বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফদের সহিত সম্পর্ক রাখে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৭। ১০ ডিসেম্বর।]

Statement of Objects and Reasons.

The primary object of this Bill is to increase in the Presidency of Bengal the jurisdiction of the District Munsifs. That jurisdiction, which in Madras extends to Rupees 1,000 and in Bombay to Rupees 3,000, has, since 1831, been limited in the Lower and the North-Western Provinces to Rupees 300. Both the local High Courts are of opinion that the judicial ability of the Bengal Munsifs is now such that they may be safely entrusted at once with a jurisdiction extending to Rupees 1,000, power being reserved to the Local Government to raise the jurisdiction from time to time as may seem expedient. It is proposed that the Munsifs shall be appointed by the Local Government.

The Bill raises the jurisdiction of Sadr Amíns to Rupees 3,000.

The opportunity has been taken of consolidating the twelve Regulations and Acts in which the law relating to Principal Sadr Amíns, Sadr Amíns and Munsifs in Bengal is now contained.

Provision is also made for investing Principal Sadr Amíns with the jurisdiction of Judges of Courts of Small Causes. The converse provision,—for investing Small Cause Court Judges with the jurisdiction of Principal Sadr Amíns—has already been made by Act No. XI of 1865.

Lastly, in order to restore to the Civil Judges the jurisdiction of which they have been deprived by the operation of the mode of valuing revenue-paying lands introduced by the new Stamp Act, the Bill proposes to raise their appellate jurisdiction to Rupees 10,000.

C. P. Hobhouse.

The 22nd November 1867.

Whitley Stokes,
Asst. Secy. to the Govt. of India,
Home Department, (Legislative.)

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

বঙ্গ প্রেসিডেন্সীর মধ্যে জিলার মুনসেফদের বিচারাধিপত্য বৃদ্ধি করা এই পাণ্ডুলিপির মুখ্য অভিপ্রায়। মাল্রাজে মুনসেফদের হাজার টাকা পর্য্যন্ত এবং বোম্বাইয়ে তিন হাজার টাকা পর্য্যন্ত মোকদ্দমা শুনিবার ক্ষমতা আছে, কিন্তু বঙ্গ প্রভৃতি দেশে ও উত্তর পশ্চিম দেশে ১৮৩১ সাল অবধি তাঁহাদের কেবল তিন শত টাকা পর্য্যন্ত মোকদ্দমা শুনিবার ক্ষমতা নির্দ্ধার্য্য আছে। উক্ত উভয় স্থানের হাই কোর্টের সাহেবেরা বোধ করেন যে বঙ্গদেশীয় মুনসেফদের বিচারশক্তি বিবেচনায় তাঁহাদের প্রতি এক্ষণে হাজার টাকা পর্য্যন্ত মোকদ্দমার বিচারাধিপত্য নিরাপদে প্রদান করা যাইতে পারে। এবং স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে তাঁহাদের সেই ক্ষমতা বৃদ্ধি করিবার ক্ষমতা প্রদান করা গেল। মুনসেফদের স্থানীয় গবর্ণমেন্টকর্ত্তৃক নিযুক্ত হইবার প্রস্তাব হইল।

এই পাণ্ডুলিপির দ্বারা সদর আমীনদের বিচারাধিপত্য তিন হাজার টাকা পর্য্যন্ত বৃদ্ধি হইয়াছে।

বঙ্গদেশীয় প্রধান সদর আমীনদের ও সদর আমীনদের ও মুনসেফদের বিধি এক্ষণে দ্বাদশ আইনেতে ব্যক্ত হইয়াছে, এই সুযোগে সেই সকল আইন সংগ্রহ করা গেল।

আরো প্রধান সদর আমীনদিগকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের বিচারাধিপত্য প্রদান করিবার বিধান হইয়াছে ইহার প্রতিলোম বিধান অর্থাৎ ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজদের প্রতি প্রধান সদর আমীনের ক্ষমতা প্রদানের বিধি ১৮৬৫ সালের ১১ আইনেতে করা গিয়াছে।

শেষতঃ। মালগুজারী ভূমির মূল্য নিরূপণের যে বিধি ইষ্টাম্পের নূতন আইনদ্বারা প্রচলিত করা গিয়াছে তদ্দ্বারা দেওয়ানী জজ সাহেবদের যে বিচারাধিপত্য হরণ হইয়াছে সেই বিচারাধিপত্য পুনঃপ্রদানার্থে এই পাণ্ডুলিপির দ্বারা তাঁহাদের নিকট দশ সহস্র টাকা পর্য্যন্ত মোকদ্দমার আপীল শুনিবার ক্ষমতা প্রদান করা গেল।

সি পি হবহৌস,

১৮৬৭ সাল ২২ নবেম্বর।

উইটলী ষ্টোক্‌স,
দেশীয় ব্যবস্থাপন কর্ম্মবিভাগে ভারতবর্ষের
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
John Robinson, *Bengalee Translator.*

HOME DEPARTMENT.

Notifications.

Fort William the 3rd December 1867.

No. 849.

Leave.

Mr. R. F. Stack, Solicitor to Government, has obtained leave of absence for fifteen months, under paragraph 11 of the Covenanted Absentee Rules, with effect from the 9th instant.

[*Government Gazette*, *10th December* 1867.]

হোম ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। ১৮৬৭ সাল ৩ ডিসেম্বর।

৮৪৯ নম্বর।

ছুটী।

গবর্ণমেণ্টের সলিসিটর শ্রীযুত আর এফ ষ্টাক সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন। উক্ত ছুটী এই মাসের ৯ তারিখঅবধি গণ্য হইবে।

No 851.

Appointment.

Mr. J. W. Mirfield to officiate as Solicitor to Government during the absence of Mr. R. F. Stack, or until further ordes.

E. C. Bayley,
Secy. to the Govt. of India.

FOREIGN DEPARTMENT.

Notification.

Judicial.

Fort William, the 25th November 1867.

No. 217.

With reference to the Notification No. 262, dated the 31st August 1864, it is hereby notified that the Office of the Registrar for the Cantonment of Nowgong is transferred to the Cantonment Magistrate of that Station, who is hereby appointed Sub-Registrar for the said Cantonment under the provisions of Act XX. of 1866.

W. Muir,
Foreign Secretary.

FINANCIAL DEPARTMENT.

Notification.

Fort William, the 5th December 1867.

No. 2858.

The following Resoluton is published in the *Gazette of India* :—

No. 2621, *dated the* 21*st November* 1867.

Read—

- Resolution No. 1987, passed in this Department on the 15th August 1867, deciding, *inter alia*, that "persons living on the rent of their houses ought to be liable to take out licenses" under Act XXI. of 1867.

Resolution.

Since the above-mentioned Resolution was passed, an opinion has been recorded by the Advocate-General in Bengal, in accordance with which the Governor General in Council is pleased to rule that persons living on the rent of their houses are not subject, as owners of houses, to the operation of the License Act, and that all sums therefore which have been levied from them, as owners of houses, under the provisions of the Act, should be refunded.

E. H. Lushington,
Secy. to the Govt. of India.

৮৫১ নম্বর।

নিয়োগ।

শ্রীযুত আর এফ ষ্টাক সাহেবের স্থানীয় অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত জে ডবলিউ মরফিল্ড সাহেব গবর্ণমেণ্টের সলিসিটরের কর্ম্ম করিবেন।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

জুডিসিয়ল।

ফোর্ট উলিয়ম ১৮৬৭ সাল ২৫ নবেম্বর।

২১৭ নম্বর।

১৮৬৪ সালের আগষ্ট মাসের ৩১ তারিখের ২৬২ নম্বরের বিজ্ঞাপন লক্ষ্য করিয়া ইহাতে সংবাদ দেওয়া গেল যে নৌগাঁয়ের সৈন্যাবাসের রেজিষ্ট্রারের কর্ম্ম ঐ স্থানের কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ করা গিয়াছে এতৎক্রমে তিনি ১৮৬৬ সালের ২০ আইনমতে ঐ সৈন্যাবাসের সব-রেজিষ্ট্রার হইবেন।

ডবলিউ ম্যুর।
ফরিন্ সেক্রেটারী।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম, ১৮৬৭ সাল ৫ ডিসেম্বর।

২৮৫৮ নম্বর।

নিম্নলিখিত নির্দ্ধারণ ইণ্ডিয়া গেজেটে মুদ্রিত হইয়াছে।

২৬২১ নম্বর। ১৮৬৭ সাল ২১ নবেম্বর।

যাঁহারদের ঘরের ভাড়াভিন্ন জীবিকা নির্ব্বাহ করণের অন্য উপায় নাই ১৮৬৭ সালের ২১ আইনমতে তাঁহারদের লাইসেন্স লইতে হইবে, অন্যান্য বিষয়ের মধ্যে এই নিষ্পত্তি এই ডিপার্টমেণ্টে ১৮৬৭ সালের আগষ্ট মাসের ১৫ তারিখের ১৯৮৭ নং নির্দ্ধারণে হইয়াছিল, সেই নির্দ্ধারণ পাঠিত হইয়া এই নির্দ্ধারণ হইল।

উপরোক্ত নির্দ্ধারণ প্রচলিত হওনের পর, বঙ্গদেশস্থ আড্‌বোকেট জেনরল সাহেব অন্যমত প্রকাশ করিয়াছেন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই মতে সম্মত হইয়া বিধি করিলেন যে যাঁহাদের ঘরের ভাড়াভিন্ন জীবিকা নির্ব্বাহের অন্য উপায় না থাকে গৃহস্বামিস্বরূপ তাঁহাদের উপর লাইসেন্স টাক্সের আইন বর্ত্তে না। অতএব ঐ আইনের বিধানমতে গৃহস্বামিস্বরূপে তাঁহাদের স্থানে যে সকল টাকা লওয়া গিয়াছে তাহা তাঁহাদিগকে ফিরিয়া দেওয়া যাইবে।

ই এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL.

No. 4423.

APPOINTMENTS.

The 19th November 1867.

The following gentlemen are appointed to form a Commission for enquiring into the prospects and present position of Tea cultivation and matters therewith connected, *viz.:—*

Mr. W. Ainslie, C. S. ... *President.*
" H. S. Reid, C. S. ... } *Members.*
Dr. J. M. Cuningham ... }

The 25th November 1867.

The following gentlemen to form a Committee for the management of the Government Dispensary at Bhowanipore:—

The Hon'ble Dwarkanath Mitter.
The Revd. C. E. Driberg.
The Revd. A. Payne.
Baboo Tarucknath Mullick.
" Kissen Kissore Ghose.
" Jugudanund Mookerjee
" Unnodapersad Banerjea.
" Mohesh Chowdry.
" Radhanath Bose.

The 27th November 1867.

Mr. R. H. Renny, Assistant Commissioner in charge of the Sungoo Sub-Division, Chittagong Hill Tracts, is vested with the powers of an Assistant Superintendent of Police, and with those of a Magistrate under Section 35, Act XXXI. of 1860 for the trial of all offences under the Arms' Act.

The 28th November 1867.

Mr. W. R. Larminie to officiate as Magistrate and Collector of Dinagepore, from the date on which Mr. Kean may avail himself of the leave which has been granted to him.

Lord H. Ulick Browne to officiate as Commissioner of Revenue and Circuit of the Chittagong Division, during the absence, on leave, of Mr. W. Gordon Young, or until further orders.

Mr. F. R. Cockerell to officiate temporarily as Commissioner of Revenue and Circuit of the Chittagong Division, from the afternoon of the 27th instant, until relieved by Lord H. U. Browne.

Mr. J. C. Dodgson to officiate as Additional Judge of Jessore and Nuddea, during the absence, on deputation, of Mr. G. G. Morris, or until further orders.

Mr. J. S. Carstairs, Officiating Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested, under Section 5 of Act IV. (B. C.) of 1867, with

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৪২৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৭ সাল ১৯ নবেম্বর।

নিম্নলিখিত মহাশয়েরা চার আবাদের ভাবি ও বর্ত্তমান অবস্থার এবং তৎসংক্রান্ত বিষয়ের অনুসন্ধান করিবার কমিসানস্বরূপ নিযুক্ত হইয়াছেন। অর্থাৎ—

শ্রীযুত ডবলিউ এন্সলী সাহেব সি এস .. সভাপতি।
" এচ এস রীড সাহেব সি এস } মেম্বর।
ডাক্তর শ্রীযুত জে এম কনিংহাম সাহেব, }

১৮৬৭ সাল ২৫ নবেম্বর।

নিম্নলিখিত মহাশয়েরা ভবানীপুরস্থ গবর্ণমেণ্টের ঔষধালয়ের কর্ম্ম সম্পাদনার্থ কমিটী হইবেন।

মান্যবর শ্রীযুত দ্বারকানাথ মিত্র।
পাদরী শ্রীযুত সি ই ড্রিবর্গ সাহেব।
পাদরী শ্রীযুত এ পেন সাহেব।
শ্রীযুত বাবু তারকনাথ মল্লিক।
" বাবু কৃষ্ণকিশোর ঘোষ।
" বাবু জগদানন্দ মুখোপাধ্যায়।
" বাবু অন্নদাপ্রসাদ বন্দ্যোপাধ্যায়।
" বাবু মহেশ চৌধুরী।
" বাবু রাধানাথ বসু।

১৮৬৭ সাল ২৭ নবেম্বর।

চট্টগ্রামের পার্ব্বতীয় প্রদেশের সঙ্গুশাখাখণ্ডের কর্ম্মে ভারপ্রাপ্ত আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত আর এচ রেণ্ণী সাহেব পোলীসের আসিষ্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতা ও অস্ত্রশস্ত্রের আইনমত সকল অপরাধের বিচার করণার্থে ১৮৬০ সালের ৩১ আইনের ৩৫ ধারামতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৮ নবেম্বর।

শ্রীযুত কীন সাহেব যে ছুটী পাইয়াছেন তাঁহার সেই ছুটী গ্রহণের তারিখঅবধি শ্রীযুত ডবলিউ আর লার্ম্মিনি সাহেব দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত লার্ড এচ ইউলিক ব্রোণ সাহেব চট্টগ্রাম খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

লার্ড শ্রীযুত এচ ইউ ব্রোণ সাহেবের দ্বারা অবকাশ প্রাপ্ত না হওনপর্য্যন্ত শ্রীযুত এফ আর কক্রেল সাহেব এই মাসের ২৭ তারিখের অপরাহ্ণ অবধি কিয়ৎকালের নিমিত্তে চট্টগ্রাম খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

রাজকীয় কার্য্যোপলক্ষে শ্রীযুত জি জি মরিস সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে সি ডজসন সাহেব যশোহরেরও নদীয়ার আডিস্যনল জজের কর্ম্ম করিবেন।

চব্বিশ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এস কার্ষ্টেয়র্স সাহেব উক্ত জিলাতে সালের ১০ আইন ও ১৮৬২ সালের বঙ্গদেশীয়

the powers of a Collector of a District for the purpose of hearing and determining appeals under Act X. of 1859 and Act VI. (B. C.) of 1862 in that District.

Mr. Nathan to be a Member of the Committee for the management of the Charitable Dispensary at Maldah.

The 29th November 1867.

Mr. G. S. Park to be a Municipal Commissioner and Vice-Chairman of the Municipal Commissioners for the Towns of Hooghly and Chinsurah.

The 30th November 1867.

Baboo Sunjeeb Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Jessore, is transferred to Pubna, and vested with the powers of a Subordinate Magistrate of the First Class in the latter District.

The 2nd December 1867.

Dr. H. B. Purves to be Civil Assistant Surgeon of Kamroop, *vice* Dr. W. G. Clark, resigned.

Honorary Assistant Surgeon Thomas Briscoe to be Medical Officer of Gowalparah.

The 3rd December 1867.

Baboo Rakhal Das Haldar, Deputy Collector of Survey, Maunbhoom, is vested with the powers of a Collector, under Regulations VII. of 1822 and IX. of 1825, in the District of Gya.

LEAVE OF ABSENCE.

The 28th November 1867.

Mr. H. F. J. Kean, Officiating Magistrate and Collector of Dinagepore, for two and half months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the 15th proximo, or from any subsequent date within one month on which he may avail himself of the leave.

The 29th November 1867.

Mr. C. Wood, Deputy Magistrate and Deputy Collector of Moorshedabad, for ten days, from the 14th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

The 30th November 1867.

Moulvy Abdool Jubber, Deputy Magistrate and Deputy Collector of Pubna, for two months, under the orders of the Right Hon'ble the Secretary of State for India of the 8th November 1865.

Mr. W. Gordon Young, Commissioner of Chittagong, for one year, under Section 11 of the Covenanted Service Absentee Rules, together with eleven days' preparatory leave from the 28th instant.

The 2nd December 1867.

Mr. J. Birkmyre, Assistant Commissioner of Cachar, for three months, under Section 6 of

৬ আইনমতে আপীল গ্রহণ ও তাহার বিচার করণার্থে ১৮৬৭ সালের বঙ্গদেশীয় ৪ আইনের ৪ ধারামতে জিলার কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত নেথান সাহেব মালদহের দাতব্য ঔষধালয়ের কর্ম্মসম্পাদনার্থ কমিটির এক জন মেম্বর হইবেন।

১৮৬৭ সাল ২৯ নবেম্বর।

শ্রীযুত জি এস পার্ক সাহেব হুগলী ও চুঁচড়া নগরের মুনিসিপল কমিসানরদের এক জন মুনিসিপল কমিসানর ও প্রতিনিধি সভাপতি হইবেন।

১৮৬৭ সাল ৩০ নবেম্বর।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় পাবনায় নিযুক্ত হইয়াছেন এবং শেষোক্ত জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৭ সাল ২ ডিসেম্বর।

ডাক্তর শ্রীযুত ডবলিউ, জি, ক্লার্ক সাহেব পদত্যাগ করাতে ডাক্তর শ্রীযুত এচ বি পর্ব্বিস্ সাহেব কামরূপের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

আনররি আসিস্টাণ্ট সর্জ্জন শ্রীযুত তামস ব্রিস্কো সাহেব গোয়ালপাড়ার চিকিৎসক হইবেন।

১৮৬৭ সাল ৩ ডিসেম্বর।

মানভূমের জরীপী কার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাখালদাস হালদার গয়া জিলাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬৭ সাল ২৮ নবেম্বর।

দিনাজপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ এফ জে কীন্ সাহেব আগামি মাসের ১৫ তারিখ অবধি অথবা তাহার পর এক মাসের মধ্যে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আড়াই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২৯ নবেম্বর।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি উড সাহেব অচিহ্নিত কর্ম্মকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১৪ তারিখঅবধি দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ৩০ নবেম্বর।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল জব্বর ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ১৮৬৫ সালের নবেম্বর মাসের ৮ তারিখের আজ্ঞামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের কমিস্যনর শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক বৎসরের ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে এই মাসের ২৮ তারিখ অবধি এগার দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৭ সাল ২ ডিসেম্বর।

কাছাড়ের আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত জে বার্কমেয়র সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই

the Covenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

Mr. H. M. Reily, District Superintendent of Police, Mymensing, for eighteen months, on Medical Certificate, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

The 22nd November 1867.

The services of Mr. E. D. Lockwood are placed at the disposal of the Public Works Department of this Government, Railway Branch, with a view to his being appointed to the duty of taking up lands for the East India Railway, at and near Serampore.

The 26th November 1867.

